প্রথম প্রকাশ: ১৯৬০

প্রকাশক :

শ্রীমতী কুসুম চতুর্বেদী

সচিব (অবৈতনিক)

আচার্য রামচন্দ্র শুক্ল সাহিত্য শোধ সংস্থান

দুর্গাকুণ্ড, বারানসী

মুদ্রক: প্রজ্ঞা প্রকাশনী

২৬৩ বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট, কলিকাতা-১২

#### প্রকাশকের কথা

আধুনিক জাতীয় মূল্যবোধের সুদৃঢ় পটভূমির সন্ধানে বিভিন্ন ভাষায় লেখা ভাবতীয় সাহিত্যেব আন্ত সম্পর্কের উদ্ঘাটন যত দিন যাচ্ছে, ততই প্রয়োজনীয় হয়ে পড়ছে। বলা বাহুলা আমাদের দেশের বহুজাতিক আত্মগরিমার সম্যক জ্ঞানে জাতীয় সংস্কৃতিব ভিত্তি সুদৃঢ় হয়। সে কারণে বিভিন্ন ভারতীয় ভাষার সাহিত্যের অধ্যয়নের মধ্যে দিয়েই বৈচিত্রপূর্ণ জনজীবনের বিভিন্ন স্তবের মূল্যায়ন সম্ভব। জ্বগৎ ও জীবনের আধার এবং লক্ষ্যের প্রতি যে কোন জাগরুক জনদরদী লেখকের দৃষ্টিকোণের নিরীক্ষণ পুনরুত্থানবদী ও আধুনিকতাবাদী অবধারণার বিনষ্টিকরণে সহায়তা করে। আজ নতুন করে এই সমস্ত অবধারণার উল্মেষ হচ্ছে। শুধু জাতীয়ই নয়, আন্তর্জাতিক নীতিকে স্পষ্টিকরণ করার প্রশ্নেও জনসাধারণের ভাবভূমির ঐক্য জরুরি। কবিগুরু রবীন্দ্রনাথ আধ্যান্মিক চৈতন্যকে বলেন ভাবতীয় মানসেব भून সুর আর হিন্দি লেখক রামচন্দ্র শুক্ল লোকমঞ্চলেব জন্যে সংঘর্ষের সুবকে বলেন ভারতীয় মানসের মূল সুর। এঁদের কালে এই উভয় সুরই একে অন্যেব পরিপূরক এবং তা ভারতীয়তাকে পরিভাষিত করেছে। বাংলা পাঠকদের কাছে এঁব সংকলন ভারতীয় মননের এক বিশেষ পরম্পরার সঙ্গে আমাদের পরিচয় করাতে সাহায্য করবে। এই সংকলন ভারতীয় সাহিত্যের তুলনামূলক অধ্যয়নেও সহায়ক হবে বলে আমবা আশা কবি। তুলনামূলক অধ্যয়নের পথ যাতে আরও অধিক মাত্রায় প্রশন্ত হতে পারে 'আচার্য রামচন্দ্র শুক্র সাহিত্য শোধ সংস্থান<sup>2</sup> সেই লক্ষ্যে প্রয়াসরত।

উপরোক্ত সংস্থার স্থাপনা করেন আচার্য রামচন্দ্র শুক্লর কনিষ্ঠ পুত্র গোকুল চন্দ্র। সে সময়ে ভারতের অন্যান্য প্রদেশেও এই সংস্থার শাখা খোলার পরিকল্পনা ছিল। এ ব্যাপারে তিনি বিভিন্ন রাজ্যে চিঠিপত্র লেখার কাজও শুরু কবে দিযেছিলেন, কিন্তু আমাদেব দুর্ভাগ্য এই চিঠিপত্র লেখাকালীনই তিনি হঠাৎ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এখন এই গুক-দায়িত্ব তাঁর যিনি তুলনামূলক সাহিত্যের ক্ষেত্রকে বিকশিত করতে অর্থ ও শ্রম উভযেরই জোগান দেওয়ার সামর্থ রাখেন। এতে কোন সন্দেহ নেই যে, তুলনামূলক সাহিত্যের কাজের ব্যাপক প্রচার-প্রসারের দ্বারাই সাংস্কৃতিক স্তবে আমরা জাতীয় সংহতিকে আরও সুদৃঢ় করে তুলতে পারব। সুতরাং এই উদ্দেশ্যকে সফল ও সম্পূর্ণ করে তুলতে প্রতিটি রাজ্যে সেখানকার বিভিন্ন সংস্থাকে এগিয়ে আসতে হবে।

'আচার্য রামচন্দ্র শুক্র সাহিত্য শোধ সংস্থান', তার সীমিত আর্থিক ক্ষমতা নিয়ে সাধ্যমত বিভিন্ন কান্ধে হাত দিয়েছে। প্রাদেশিক ও স্থানীয় স্তারে নিয়মিত সাহিত্য সভার আয়োজন ছাড়াও ইতিমধ্যে দুটি অখিল ভারতীয় সাহিত্য সম্মেলন হয়েছে, গবেষণামূলক পত্রিকা 'নয়া মানদণ্ড' প্রকাশিত হচ্ছে। 'আচার্য রামচন্দ্র শুক্র অউর জোসেফ মুগুশেরী কে সমীক্ষা সিদ্ধান্ত' শীর্ষক গ্রন্থটি ১৯৬৪ সালে প্রকাশিত হয়েছে। প্রকাশিত হয়েছে 'আচার্য রামচন্দ্র শুক্র অউর ভারতীয় সমীক্ষা' শীর্ষক একটি গ্রন্থ, এতে ভারতের বিভিন্ন

প্রদেশের বেশ কয়েকজন সমালোচকের তুলনামূলক প্রবন্ধ সংগৃহীত হয়েছে। সম্ভবত হিন্দির সবচেয়ে বেশি অনুবাদ হয়েছে মলয়ালম ভাষায়। সে তুলনায় বাংলা ও তামিল ভাষায় আদানের তুলনায় প্রদানের কাজ তেমন উল্লেখযোগ্য নয়। অনূদিত গ্রন্থের অভাবজনিত কারণে তুলনামূলক আলোচনার সারমর্ম খুব স্বাভাবিক কারণেই ক্ষতিগ্রস্ত হয়। প্রসন্ধত বলা যেতে পারে আচার্য শুক্র নিজে যথাসম্ভব বিশ্ব-সাহিত্য মন্থন করেছেন। ফলত তাঁর সমগ্র রচনা এই মন্থন থেকেই একের পর এক উৎসারিত হয়েছে। তাঁর রচনা এবং সংঘর্ষ নিঃসন্দেহে একটা আলোকস্তম্ভ স্বরূপ।

আমাদের সংস্থা রামচন্দ্র শুক্লর মূল্যবান কিছু প্রবন্ধকে বাংলা ভাষায় উপস্থাপিত করার যে পরিকল্পনা গ্রহণ করেছে, তাকে বাস্তবায়িত করতে ড. শল্পনাথ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাঁরই সম্পাদনায় কাজটি কলকাতাতে সুসম্পন্ন হল। সংকলনটির অনুবাদের কাজে সহযোগী বিশিষ্ট অনুবাদক সর্বপ্রী কমলেশ সেন, সৈকত রক্ষিত, কালীপদদাস, শুকতারা মিত্র, ড. কৃষ্ণপদদভ, সুদীন চট্টোপাধ্যায়, সোমনাথ ব্যানার্জি এবং কাশীনাৎ গাঙ্গুলীর সৃষ্ম অনুধাবন শক্তি ও ব্যাপক তৎপরতা নিঃসন্দেহে অনুকরণীয়। প্রুফ্ত সংশোধনের কাজে সাহায্য করেছেন তপন দে। আগামী প্রজন্ম এজনা তাঁদের কাছে কৃত্তপ্ত হয়ে থাকবে। অনুবাদ সংকলনটি সুচারুরূপে প্রকাশ করতে যথাসাধ্য সাহায্য কবেছেন প্রীমতী আশা সেন এবং সর্বপ্রী মনোজ দে ও তপন দে। বর্তমান কালেব সামন্ততান্ত্রিক ও নয়া-ঔপনিবেশিক ষড়যন্ত্রের সঙ্গে মতাদর্শগত সংগ্রামে এই সংকলন বাংলা পাঠককে সাংস্কৃতিক প্রেক্তায় যদি কিছুমাত্র সাহায্য কবে তাহলে আমাদের এই প্রযাস সার্থক হয়ে উঠবে। আমরা আশা করি হিন্দি সমালোচক আচার্য শুক্তব প্রবন্ধ ভাবাত্ত্বক প্রক্য আনা ছাড়াও প্রগতিশীল ভারতীয় আলোচনার পরম্পবাকে স্পষ্ট করার কাজেও সহায়তা কববে। সেই সঙ্গে আমরা মনে করি এর মধ্যে দিয়ে জীবন এবং সাহিত্যের বিকাশকে অনুধাবন করতে আমাদের পরিপ্রেক্ষিত আরও বেশি সমৃদ্ধ হয়ে উঠতে সাহা্য্য করে।

কুসুম চতুর্বেদী সচিব আচার্য রামচন্দ্র শুক্র সাহিত্য শোধ সংস্থান

# বিষয়সূচী

	পৃষ্ঠা
ভূমিকা	7
ভারতেব করণীয় কী	98
মুক্তবুদ্ধিব <b>স্বপক্ষে</b>	७३
ভেদের মধ্যে অভেদ দৃষ্টি	৫৩
অসহযোগ আন্দোলন ও অব্যবসায়িক শ্ৰেণী	49
উৎসাহ	৬৬
অতীতের স্মৃতি	90
'শশাক্ক'–র ভূমিকা	99
ভক্তির বিকাশ	44
রহস্যবাদ	500
কবিতা কী	>>>
কাব্যে লোকহিত এবং মাধুর্য	১৩৬
কাব্য এবং <b>প্রকৃ</b> তি	>e>
কলাকৈবল্যবাদ	১৬৩
সাধারণীকরণ ও ব্যক্তিবৈচিত্র্যবাদ	<b>७</b> १८
সমালোচনার ভাষা	744
হিন্দি সাহিত্যের ইতিহাস : কিছু অংশ	292
রামচন্দ্র শুক্ল: সংক্ষিপ্ত জীবনপঞ্জী	433

# ভূমিকা

সমালোচকের দায়িত্ব সাহিত্যের ব্যাখ্যা বিশ্লেষণ এবং মন্তব্য প্রকাশেই সীমিত অথবা সমকালীন বাস্তবতার সঙ্গে ব্যাপক সংঘাত এবং সাংষ্কৃতিক পুনগঠন পর্যন্ত বিস্তৃত—এই নিম্নে বিরোধ আছে। পুরনো যুগে কিছু টীকাকার এবং ব্যাখ্যাকার ছিলেন, যাঁরা অর্থ নিম্নে শুধু খেলা করতেন। এই ভাবেই ভরতমুনি, অভিনবগুপু, দন্তী, ভামহের মতো আচার্যরা এসেছিলেন যাঁরা কেবল কাব্যের বৈশিষ্ট উল্লেখ করে ছেড়ে দিয়েছিলেন, কাব্যের দোষগুণ কবিমানসের পরিচয় উল্ঘাটন করার দিকে যাননি। সংস্কৃত কাব্যশাস্ত্র থেকে ভিন্ন, একটি নিজস্ব ভূমিতে সাহিত্য সমালোচনার আধুনিক পরম্পরা শুরু হয়েছিল যখন সমাজের আধুনিক রপান্তবের জন্য মতাদর্শগত ছন্দ্র শুরু হল এবং পরম্পরার মূল্যায়নের সঙ্গে নতুন সাংস্কৃতিক সৃষ্টিকে গতি দেয়ার সমস্যা মাথা তুলে দাঁড়াল। নবজাগবণ যুগেরই মুখ্য নবোন্মেযুলির একটি হচ্ছে আধুনিক সমালোচনা, যার ক্ষেত্র সাহিত্য সমালোচনা থেকে শুরু করে সংস্কৃতি–সমীক্ষা এবং নতুন করে মানব ইতিহাস রচনায় বুদ্ধিদৃপ্ত ভূমিকা পর্যন্ত বিস্তৃত।

সমালোচনার এই বিরাট দায়িত্ব থাকা সত্ত্বেও দীর্ঘ সময় ধরে এই ক্ষেত্রটিতে আত্মসংকোচের ভাব দেখা গেছে। এই আত্মসংকোচের ধারণাটি আরও পুষ্ট হয়েছে এই ভাবনা থেকে যে উৎকৃষ্ট সমালোচনার আগে উৎকৃষ্ট সাহিত্য রচনা জরুবী। সৃষ্টিব সঙ্গে <mark>নিঃসন্দেহে সমালোচনার গভীর সম্বন্ধ আছে। কিম্ব কোনো</mark> ভাল সমালোচনা যে নিজেই **একটি ভাল লেখা বা একটি নতুন জিজ্ঞাসার উৎস হয়ে উঠতে পাবে এবং সাহিত্য তা** থেকে প্রেরণা পেতে পারে — একথা আজও কোথাও কোথাও অকল্পনীয় বলে মনে হয়। রচনা আর সমালোচনার সম্বন্ধ ব্যাখ্যা করে বলা যায় যে, যখন কোনো নতুন স্বাদের লেখার ফলে সেই রচনার স্বরূপ এবং পাঠকের পুরনো রুচিবোধের মাঝে একটা ফাঁক তৈরি হয় তখন সমালোচক ফাঁকটি পূরণ কবেন। সমালোচক এই কাজটি কবেন নতুন স্বাদের রচনাগুলির পক্ষে যুক্তি প্রচার করে। রবীন্দ্রনাথ সত্যেন্দ্রনাথ দত্তকে লেখা একটি পত্রে সমালোচকদের 'সাহিত্য কারবারীদের মুৎসুদ্দি' বলে সম্বোধন করেছিলেন, यिष्ध त्रवीखनाथ এবং অন্যান্য অনেক কবিকে রচনার সঙ্গে সঙ্গের সমালোচনা কর্মেও नित्करम्तरे ताम भएए राष्ट्रिन। अपि अकि विष्यना ए कारना कारना तर्माना সমালোচনাকে একটি ক্ষুদ্র রচনা-নির্ভর পরজীবী কাজ হিসেবে গণ্য করে এবং আশা করে যে সমালোচকের কাজ হল রচনাকে ব্যাখ্যা করা, এবং এর সামাজিক প্রতিষ্ঠা এবং প্রচারের পাঁয়িত্ব গ্রহণ করা। নিজের শিল্পকর্মের প্রতি সমালোচনার উদাসীনতা দেখে বিরক্ত হয়ে অনেক লেখক সমালোচনাকে সাহিত্যের কবরও বলেছেন। একথা বলা সঠিক

যে, একজন সমালোচক কখনোই রচনাকারেব এজেন হতে পারেন না। তিনি তাঁর সমসাময়িক কালের ইতিহাসের এজেন। রচনা এবং অন্যান্য সাংস্কৃতিক সৃষ্টির সঙ্গে সঙ্গে সময় এবং সভ্যতাও তার সামনে বিচারের জন্য বিদ্যমান থাকে।

পিছনে কোনো বলিষ্ঠ পরম্পরা না থাকা সত্ত্বেও রামচন্দ্র শুক্র (১৮৮৪-১৯৪১) এক গভীর সাহিত্য সমালোচনার দায়িত্ববোধ এবং দৃষ্টি নিয়ে এসেছিলেন। তিনি বিমৃত্ত মানব'-এর জায়গায় বাস্তব 'জনসাধারণ'-এর পক্ষ নিয়ে সমালোচনার কাজ করেছেন, যার বিস্তৃতি ধর্ম আব দর্শনের বিবেক সম্মত সমালোচনা ছাড়াও প্রাচীন ভারতীয় পরম্পরা, ভক্তি কাব্য, নবজাগরণ কাল, আধুনিক হিন্দি কাব্য আর গদ্যের ক্ষেত্রেও রয়েছে। সমালোচনার পরম্পরাগত ধারণাব আধুনিকীকরণের উদ্দেশ্যে তিনি রসেব মীমাংসাও করেছেন এবং তা করেছেন সংস্কৃত আচার্যদের জড় ধারণাকে খণ্ডন করে। তিনি হিন্দি সমালোচনা সাহিত্যকে সেভাবেই সমৃদ্ধ করেছেন, যেভাবে হিন্দি কথা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন প্রেমচন্দ আর কবিতাকে নিরালা। তাঁর সমালোচক সুলভ দৃষ্টিভঙ্গীর বিকাশ ঘটেছিল 'হিন্দি সাহিত্য কা ইতিহাস' লেখাটিতে (১৯২৯)। বৈজ্ঞানিক ও বস্তবাদী দৃষ্টিভঙ্গী নিয়ে লেখা এটাই হিন্দির প্রথম গুরুত্বপূর্ণ সাহিত্য ইতিহাস।

আজ উত্তর-আধুনিকতাবদিরা 'ইতিহাসের সমাপ্তি' ঘোষণা করছেন বার বার। নবজাগরণকালীন আধুনিকতার অন্যান্য মহান মূলাগুলিকেও ত্যাজ্য বলে মনে করা হচ্ছে যাতে মানুষ 'গ্লোবাল' অথবা শুধুমাত্র 'স্থানীয়' হয়ে ওঠে। তারা 'বিশ্ব বাজারের সংস্কৃতি'-র অঙ্গ হয়ে উঠুক অথবা সাবল্টন-এ সীমাবদ্ধ থাকুক। আমরা আমাদের সাহিত্যিক পটভূমিতে দেখছি যে, সাহিত্যের ইতিহাস লেখার ইতিমধ্যে কলাটি হারিয়ে গেছে। পশ্চিমী মানদন্তই আমাদের বৌদ্ধিক মানদন্ত হয়ে উঠছে এবং গোটা যুগটিই খুব দ্রুত সাংস্কৃতিক বিপর্যয়ের দিকে এগোছে। ইতিহাস-চেতনা সম্পন্ন সমালোচক গ্রন্থ, গ্রন্থকার এবং সাহিত্য আন্দোলনেব খন্তিত মূল্যায়নেব থেকে বেশি এগুতে পারছেন না, কারণ তাঁদের সমগ্রতার বিকাশশীল জাতীয় পবিপ্রেক্ষিতটিই সংকটে রয়েছে। এই অবস্থায় হিন্দি সমালোচনার শুদ্ধ পিতামহ রামচন্দ্র শুক্রব বাংলায় অনৃদিত প্রবন্ধগুলি শুধু ভারতীয় সমালোচনার ক্ষেত্রে একটি নতুন দিকই উন্মোচিত করবে না, বরং সেখান থেকে এমন অনেক সূত্র পাওয়া যাবে যার দ্বারা আমরা আমাদের সময়ের সমস্যা— উপনিবেশিকতাবাদ এবং পুনরুখানবাদ — দুটিরই মোকাবিলা করতে পারব।

### সমালোচনা ও রবীন্দ্রনাথ-প্রেমচন্দ যুগ

সমালোচনা এবং রবীন্দ্রনাথ-প্রেমচন্দ যুগ একসঙ্গে বলার কারণ এই যে, সেই যুগে নানান দৃষ্টিভঙ্গীব সমাবেশ ঘটেছিল এবং সেই দৃষ্টিভঙ্গীগুলির মধ্যে পরস্পর বিরোধ যেমনছিল তেমনি পারস্পরিক সম্বন্ধও ছিল।

সে যুগে বাংলা সমালোচনা রবীন্দ্র-সমালোচনাতে অনেকটাই সীমাবদ্ধ ছিল। রবীন্দ্রনাথের কাব্যাদর্শই বাংলা সমালোচনার মানদন্ত হয়ে উঠেছিল। রবীন্দ্র প্রতিভার প্রভাব সে যুগে এত প্রবল ছিল যে, বাংলা সমালোচনা অন্য কোনো পথ অবলম্বন করতে পাবেনি। এটি অভীষ্ট ছিল কিনা তা অন্য প্রশ্ন। কিন্তু সমালোচনা সাহিত্যের স্বতন্ত্র ব্যক্তিত্বের দিকে দৃষ্টি রাখলে বুদ্ধদেব বসুব বক্তব্যে কিছু সারকথা অবশাই ছিল — "যে ভাগ্যে আমরা রবীন্দ্রনাথকে পেয়েছি তার মস্ত মাশুল এই দিতে হচ্ছে যে তাঁর বিষয়ে তাঁরই ভাষায কথা বলতে হয।" এব ঠিক বিপরীত ভাবে, রামচন্দ্র গুক্ল ববীন্দ্রনাথ-প্রেমচন্দ-ব যুগেব হয়েও তাঁর সমযের রোমন্টিসিজমেব আন্দোলনেব প্রতি আতন্ধিত ছিলেন না বা তাঁব সমালোচনাকে সে যুগেব সবচেয়ে বড় হিদি লেখক প্রেমচন্দ বা অন্য কোনো বিশিষ্ট লেখকেব মূল্যায়নে কেন্দ্রীভূত করে বাখেননি। তাঁব মূল লক্ষ্য ছিল হিন্দি সাহিত্যের জাতীয বিকাশেব বৌদ্ধিক-সামাজিক সুত্রগুলিকে জানা এবং নিজেব যুগেব ব্যাপক মতাদর্শগত সংগ্রামে অংশ নেযা।

ববীদ্রনাথ-প্রেমচন্দ-ব যুগেব মূল মতাদর্শগত দ্বন্দ কী ছিল ? এই দ্বন্দ কি নৈতিকতা আব সৌন্দর্যের মধ্যে দ্বন্দ ?

ভারতীয় নবজাগবণেব সেই মহান আন্দোলনেব যুগে নৈতিক চেতনা আব সৌন্দর্য চেতনাব মধ্যে বাপ্তবিক কোনো শক্রতা সম্ভব ছিল কি ? বদ্ধিমকে বাংলা সমালোচকবা নীতিবদী বলেছেন অথচ বদ্ধিম নিজেই তাঁব 'উত্তরচরিত' প্রবন্ধে লিখেছিলেন, ''কাব্যেব উদ্দেশ্য নীতিজ্ঞান নহে। কবিবা জগতেব শিক্ষাদাতা — কিন্তু নীতি ব্যাখ্যা দ্বাবা তাঁহাবা শিক্ষা দেন না। তাঁহাবা সৌন্দর্যেব চবমোৎকর্ম সৃজনেব দ্বাবা জগতেব চিত্তপ্তদ্ধি বিধান কবেন।" সাহিত্য সৌন্দর্য বোধেব মাধ্যমেই মানুষকে সংকীর্ণতা আব গোঁড়ামি থেকে মুক্ত কবে, স্থুল নীতিজ্ঞান দ্বাবা নয়। নবজাগবণেব গুকতেই এই ধাবণাটি তৈবি হয়ে গিয়েছিল। সে যুগে ভাবতীয় পরম্পরা আব পশ্চিমী নতুনত্বের মাঝে সামঞ্জস্য খোঁজা হচ্ছিল যাতে সমাজ না পিছিয়ে পড়ে, আবাব আধুনিকীকরণেব চক্রে পড়ে আত্মপবিচয় না হাবিয়ে ফেলে।

তবু ভাবতীয় নবজাগরণেব সেই সময়ে পরম্পবার প্রতি বিবেকসম্পন্ন দৃষ্টির পর্যাপ্ত বিকাশ সম্ভব হ্যনি। সেজনা প্রাচা নীতিবাদেব নঞর্থক গোঁড়ামির দাপটও সে সময়ে ছিল। রবীদ্রনাথের যুগে নৈতিক চেতনা অথবা নীতিবাদেব প্রতি যে আক্রোশ জন্মছিল, সেটি বস্তুত ছিল অতীতের গোঁড়ামির বিরুদ্ধে। রবীদ্রনাথের বিশ্ববাপী সৌন্দর্য বাসনা ছিল ভারতীয় সমাজের সংকীর্ণ গোঁড়ামি আর কৃপমপুকতার বিরুদ্ধেই এক উদান্ত বৌদ্ধিক প্রতিক্রিযা। অবশাই সেই নৈতিকতার সঙ্গে তাঁর কোনো বিরোধ ছিল না, যার মূলে রয়েছে বিজ্ঞান আর মানবতা।

এ ভাবেই বাংলার কিছু নীতিবাদী সমালোচক বা পরবর্তী বস্তবাদী সমালোচক বিভিন্ন স্তব্যে অতি সৌন্দর্যবাদের যে সমালোচনা করেছিলেন তা বিশুদ্ধতাবাদী নৈতিকতা অথবা কৃপমণ্ডুক প্রবণতার পরিণাম নয়। তা ছিল সেই কলাকৈবলাবাদের প্রতি আক্রোশ যা সাহিত্যকে জীবনের যথার্থ স্বরূপ থেকে বিমুখ করে ঔপনিবেশিক প্রভাবেব দিকে নিয়ে যাচ্ছিল।মনে রাখতে হবে যে এই পাশ্চাতা কলাকৈবলাবাদ নীতিশাস্ত্র প্রণয়নকারী মধাযুগীয় সংস্কৃত আচার্যদের মতবাদ থেকেও পুষ্ট হচ্ছিল, অর্থাৎ ভারতীয় নবজাগরণের পথে শুধু পাশ্চাতাই নয়, প্রাচ্যের ধারণার একটি বিশেষ অঙ্গও হয়ে উঠেছিল মস্ত এক বাধা।

এই জড় ধাবণা গুলিব 'ডি-কসট্রাকশন'-ই ছিল ববীন্দ্রনাথ-প্রেমচন্দ মুগেব বিশেষ লক্ষা।
একথা নিঃসন্দেহে বলা যায় যে আজকেব দেবিদা-এব লক্ষ্যেব মতো সেই যুগেব বিশেষ
মতাদর্শগত দ্বন্দ ঔপনিবেশিক আর সামন্ততান্ত্রিক ধারণার 'ডি-কসট্রাকশন'-এ সীমাবদ্ধ
ছিল না, কাবণ অনতিবিলম্বে অন্য একটি লক্ষ্য এসেছিল —— 'বি-কসট্রাকশন'।

ববীন্দ্র-প্রেমচন্দ যুগ 'ডি-কসট্রাকশন' এবং 'বি-কসট্রাকশন'-এব জটিল প্রক্রিযার মধ্য দিয়ে এগোচ্ছিল, অতএব এটা স্বাভাবিক যে সাদ্রাজ্যবাদ-বিবোধী সংগ্রামেব ব্যাপারে জাতীয় স্বার্থ থাকলেও কোনো কোনো লেখকের মধ্যে অতীতের গোঁড়ামি আর নৈতিকতার কিছু তত্ত্ব অবশিষ্ট ছিল। অন্য দিকে এটাও স্বাভাবিক ছিল যে, স্বাধীনতাব জন্য তীব্ৰ আবেগ থাকাব ফলে বিমূর্ত বিশ্ববোধ আব কলাকৈবল্যবাদেব প্রতিও গভীব আকর্ষণ ছিল। ববীন্দ্রনাথের সৌন্দর্যবাদী আধুনিক কাব্যে পুরাতন অধ্যান্মবাদকে এবং 'গোরা' উপন্যাসে বাস্তববাদকে দৃটি ভিন্ন ভিন্ন দিকে ঘটিত ব্যতিক্রম বলে মানা উচিত, নাকি উপবোক্ত 'ডি-কসট্রাকশন' এবং 'রি-কসট্রাকশন'-এব বিকাশশীল প্রক্রিয়ার একটি স্বাভাবিক জটিলতা বলে মানা উচিত ? একথাও স্পষ্ট হওয়া দবকাব যে, ভাবতীয় নবজাগবণ থেকে প্রেবণা প্রাপ্ত সাহিত্যে অন্তর্বিবোধ, অন্তঃক্রিয়া আব বিকাশেব কেবলমাত্র একটি বেখা নেই। তাৰ মূল্যায়ন কবতে গেলে এখন আমাদেব একবৈখিকভাৰাদকে বিদায জানাতে হবে। সে যুগেব সাহিত্যে 'বৌদ্ধিক প্রবাজ'-এব জন্য বৌদ্ধিক উপনিবেশিকতাবাদেব সঙ্গে নিকন্তব সংগ্রাম লক্ষ্য কবা যায়। তাব সঙ্গে সঙ্গে বৃদ্ধিবাদ, জাতীয় স্বাধীনতা এবং উচ্চতর ভারতীয় সৌন্দর্যবোধ ও মূল্যবোধেব প্রতি একটি বহুমাত্রিক ভাবতীয় অভিযানও ছিল, বন্ধিম, ববীন্দ্রনাথ এবং প্রেমচন্দ-এব সাহিত্যকে একসঙ্গে বেখে ভাবতীয় মানসিকতাব অন্তর্বিবোধ, অন্তঃক্রিয়া এবং বিকাশ ভালভাবে বুঞ্জতে পারা যায় — আদর্শবাদী মানবতাবোধ থেকে শুৰু কবে শ্ৰেণী চেতনাব বিকাশ পৰ্যন্ত।

সমালোচনার কাজটি শুধু লেখক মানসেব পরিচয উদহাটন করা এবং একজন লেখকের সঙ্গে অন্য লেখকের পার্থকা নিরূপণ করা নয, গভীর ইতিহাসচেতনা নিয়ে বিকাশশীল জাতীয় মানসিকতাব সমীক্ষা করা এবং একজন লেখকেব সঙ্গে অন্য লেখকের সম্বন্ধ স্পষ্ট করাও তাব কাজ। বিশেষ কবে এই দৃষ্টিকোণ থেকে রামচন্দ্র শুক্রেব আলোচনার দৃষ্টিভদ্মী এবং পদ্ধতিব বিশেষ গুরুত্ব রয়েছে।

রামচন্দ্র শুক্ল নৈতিকতা আর সৌন্দর্য অথবা মঙ্গল আব সৌন্দর্যেব মধ্যে অন্তর্বিরোধ আছে বলে মানেননি, উপরস্থ তিনি লিখেছেন— "শিল্পকলার দিক দিয়ে দেখলে যা সৌন্দর্য, ধর্মেব দিক দিয়ে দেখলে তাই হচ্ছে মঙ্গল। কাবোব সাধারণ ভূমিতে আমাদেব ভাবগুলি একই সঙ্গে সুন্দর তথা মঙ্গলময় হয়ে ওঠে।" বর্তমান উপভোক্তা সমাজে সুখ আর সৌন্দর্যের সঙ্গে মঙ্গলের কোনো সম্বন্ধ নেই, কিছ রামচন্দ্র শুক্লব সময়ে মধ্যবর্তী দুয়ের যে সম্বন্ধ তার ওপর জার দেয়া হতো, বামচন্দ্র গুক্ল ভারতীয় সাহিত্যে উপনিবেশিক সৌন্দর্য শাস্ত্রের অনুপ্রবেশে দুশ্চিন্তা প্রকাশ করেছেন। "শিল্পের জন্য শিল্প'-কে তিনি ভূল বলে মনে করতেন। ব্যক্তিবাদকে আক্রমণ করে তিনি লিখেছেন— "ব্যক্তিবাদ একটি পুরনো রোগ, যার থেকে আরও অনেক বোগের জন্ম হয়। রোমান্টিসিজমের আন্দোলনের

উত্তরকালে এটি খুবই বিকৃত রূপ ধারণ করেছে।" এই কারণেই রামচন্দ্র শুক্র স্বচ্ছন্দতাবাদী সাহিত্যের ওপর ব্যক্তিত্ববাদ ও কলাকৈবল্যবাদেব প্রভাবে চিন্তিত ছিলেন। তিনি রবীন্দ্রনাথের অধ্যাত্মবাদ আর রহস্যবাদের কটু সমালোচনা করে হিন্দি কাব্যের ওপর থেকে তার প্রভাব মুক্ত করার কাজটি করেছিলেন। সমান্তরালভাবে তিনি রবীদ্রনাথেব 'তাজমহল' কবিতার প্রশংসা করেছেন, কারণ এটি জগত এবং জীবনের গভীর বস্তুকে আধার করে রচিত হয়েছিল। তাঁর ধারণা ছিল যে, কাব্যে অধ্যাত্মবাদের ফলে অনুভূতির সততা হ্রাস পায়। এই দিক দিয়ে দেখলে ভারতীয় সমালোচনায় রামচন্দ্র শুক্রের অবস্থান প্রমথ চৌধুরী, অজিত কুমার চক্রবর্তী, মোহিতলাল মজুমদার, অতুলচন্দ্র গুপ্ত ইত্যাদি থেকে স্বতন্ত্র ছিল। এর এরকম অর্থ করা ঠিক নয় যে, রামচন্দ্র আনন্দর্বাদী ছিলেন না, তাঁর মধ্যে বিশ্ববোধ ছিল না এবং তিনি 'কলা' মাত্রেরই বিরোধী ছিলেন। এর অর্থ শুধু এই যে, রামচন্দ্র গুক্ল ভাববাদী, সৌন্দর্য অম্বেষী সমালোচকদের পরম্পরা থেকে ভিন্ন যুক্তিবাদী ছিলেন এবং মঙ্গলের মধ্যেই সৌন্দর্য দেখতেন। উনি ছিলেন ইতিহাস-সচেতন সমালোচকদের একটি অন্য পরম্পরার অস। শুধু 'সবুজ পত্র' গোষ্ঠীর সমালোচকদেব থেকেই তিনি ভিন্ন ছিলেন না, তিনি 'নিউ ক্রিটিসিজম'-এর ধারারও বিরোধী ছিলেন, যার সঙ্গে সুধীন্দ্রনাথ দত্ত যুক্ত ছিলেন। রামচন্দ্র শুক্র প্রভাববাদী সমীক্ষা (ইম্প্রেশনিস্ট ক্রিটিসিজম)-এব বিরোধিতা করেছেন, যার পক্ষপাতী ছিলেন রবীন্দ্রনাথ। শুক্রজী সেই যান্ত্রিক মূল্যায়ন পদ্ধতিরও বিরোধী ছিলেন, যা সমালোচককে শুধুমাত্র 'ইন্টাবপ্রেটাব'-এ পরিণত করে।

বাংলা সমালোচনার মতোই হিন্দি সমালোচনাকেও প্রচলিত ধারণা থেকে উৎপন্ন অবরোধের মুখোমুখি হতে হয়েছিল। রামচন্দ্র শুক্ল 'সমালোচনা কী ভাষা'-তে লিখেছেন, "আলোচনার ক্ষেত্রে ভাষার খেলা কেমন বাধা হয়ে উঠেছে, বাঁধাধরা কিছু বাকা আব শব্দ কিভাবে ভাবনা চিন্তাকে এগোতে দিচ্ছে না, এমন সব কথা যার কোনো সভা নেই তারা কিভাবে ঘন বাক্যজালের ভিতবে ভূত হয়ে উকি মাবছে, তা দেখিযে বিংশ শতাব্দীর এক প্রসিদ্ধ সমালোচক আই.এ.রিচর্ডস খুব দুঃখ প্রকাশ করেছিলেন।" নতুন ভাবনাকে রুদ্ধ করে রাখছে যে সব শব্দাবলী আব ধাবণা, তাব সঙ্গে দীর্ঘ সংগ্রাম চালিয়েছিলেন রামচন্দ্র গুরু এবং তাঁর সময়ের অন্য ভারতীয় সাহিত্য সমালোচকবা। কোনো সমালোচক পুবোহিত নন যে, পাঠেব একটি নির্দিষ্ট অর্থ ঘোষণা কবে দেবেন অথবা অন্য কেউ ঘোষণা করলে সেটা মেনে নেবেন। এমন ব্যাখ্যা অন্তত ভাব আর মতাদর্শের নতুন নতুন জগতে চলে না। বিকাশশীল সমালোচনা কখনও চুড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করে না। সাহিত্য আর সংস্কৃতিকে তা সর্বদা বাঁধাধরা শব্দ, বাক্য আর ধারণা থেকে মুক্ত করে। মুক্ত করে সেই সংকট থেকে, যাকে প্রসিদ্ধ সমাজশাস্ত্রী পুরণচন্দ্র যোশী 'ধারণার সংকট' (ক্রাইসিস অব কনসেপসঙ্গ) বলেছেন। রবীন্দ্রনাথ-প্রেমচন্দ যুগের সমালোচনা সাহিত্য বিভিন্ন দিক দিয়ে ধারণার সেই সংকটের মুখেমুখি হয়েছিল যা অতীতের প্রতি অন্ধভক্তি এবং পশ্চিমের অন্ধ অনুকরণ থেকে সৃষ্টি হয়েছিল।

দুঃখের **নিষয় যে এখন প্রতিবেশী সাহিত্য আর সমালোচনার ততখানি খবর রাখা** হয় না, যা আগে রাখা হতো। পাশ্চাত্যের বিষয় সম্পর্কে আমাদের যত কৌতৃহল আছে কিন্তু পাশের খববা-খবব সম্বন্ধে আমবা তত আগ্রহী নই।

হিন্দি জগতে বাংলা সমালোচনা এবং বাংলা জগতে হিন্দি সমালোচনা সম্বন্ধে জ্ঞান বুব কম। রামচন্দ্র গুক্রের সমালোচনা অতীতের ব্যাপার না হয়ে আজও আমাদের কাছে গুরুত্বপূর্ণ হতে পারে এই জন্য যে, তা পরম্পরা এবং বিদাশ দুযেবই গোঁড়ামি সম্পর্কে অবগত করে আমাদের ক্রিটিক্যাল ভিশনকে গভীব করে তুলেছিল। আজকের সবচেয়ে বড় বিডম্বনা হল এই যে, পুনকত্থানবাদ আর উপভোক্তাবাদ (consumerism) দীর্ঘ মতাদর্শগত সংগ্রাম দ্বাবা অর্জিত আমাদের 'ক্রিটিক্যাল ভিশন'-কে নই করে দিচ্ছে। এই পরিস্থিতিতে ববীন্দ্রনাথ-প্রেমচন্দ-ব যুগের এক বিশিষ্ট সমালোচক রামচন্দ্র শুক্রেব চিন্তা-ভাবনার দিকে একবার দৃষ্টি দেওযাটা অপ্রাসন্ধিক হবে না।

#### ধর্ম এবং সামজিক বিকাশ

ইনি সমালোচক বামচন্দ্র শুক্র তাঁব সমসাময়িক মতাদর্শগত সংগ্রামে অংশ নেওযাব জন্য আনেস্ট হেকেল (১৮৪৩-১৯১৬) এব প্রসিদ্ধ পুস্তক 'বিডল্ অফ দি ইউনিভার্স' অনুবাদ কবেছিলেন এবং একটি দার্প ভূমিকা লিখেছিলেন যাব কিছু অংশ এই সংকলনে 'মুক্তবৃদ্ধিব স্বপক্ষে' শিবোনামযুক্ত প্রবন্ধে বয়েছে। এই ভূমিকা লিখে (১৯২০) তিনি বৌদ্ধিক সাংস্কৃতিক জডতাকে চ্যালেঞ্জ জানিযেছিলেন। সাধাবণ জনগণেব মগজে যে পুবনো মবচে-পড়া মধ্যযুগীয় তালা আটকানো ছিল, জাতীয় ঐক্য, স্বাধীনতা আব প্রগতির স্বার্থে তা খুলে দেওয়াই ছিল তাঁব প্রধান কর্তব্য। কিন্তু সমস্যা ছিল এই যে মধ্যযুগীয় গোঁড়ামি সাধাবণ মানুষেব ধর্মীয় বিশ্বাসেব সমর্থন থেকে শক্তি লাভ করেছিল। অসার তর্ক অথবা গাযের জোবে তা দুব কবা সম্ভব ছিল না। এতখানি কৈঞ্জানিক কাবিগবী প্রগতি সত্ত্বেও ধর্মেব সংবেদনশীলতা আজও তাব নির্মম চেহাবা নিয়ে যেভাবে প্রতিষ্ঠিত তা থেকে আন্দাজ কবা যায়, রামচন্দ্র শুক্রেব সময় তা কতখানি কঠোব ছিল। তথাপি তিনি গোঁড়ামিতে ভবা ধর্মেব সমালোচনা করেছিলেন।

রামচন্দ্র শুক্র ধর্ম আব বিজ্ঞানের দ্বন্দের ইতিহাস জানতেন। তিনি লক্ষ্য করেছিলেন যে যুরোপীয় বিকাশের প্রতিটি পদক্ষেপে বিজ্ঞান ধর্মের দুর্গগুলিকে একে একে পরাজিত ও ধ্বংস করেছে। বিজ্ঞানকে বাদ দিয়ে ভারতের প্রগতিও সম্ভব নয়। বামচন্দ্র শুক্র বিজ্ঞানকে একটি সামাজিক শক্তি বলেও বিশ্বাস করতেন অর্থাৎ তার সাহাযো জীবনের বাইরের কাঠামোই শুধু নয়, পুরাতন ও আভান্তবিণ বিশ্বাসগুলিকেও পাল্টে ফেলতে চাইতেন। এটা ঐতিহাসিক দুর্ভাগ্য যে, আমাদের এখানে বিজ্ঞান শিল্প-উৎপাদন, রাজনীতি আর জীবনশৈলীর পর্যাপ্ত আধুনিকীকবণ করেছে, কিন্তু বুব শিক্ষিত বা বুব উচ্চবিত মানুষকেও ধর্ম-জাতি ইত্যাদি সংস্কার থেকে মুক্ত করতে পারেনি। তার কারণ রাজনৈতিক স্বাধীনতার পর এই স্তারগুলিতে ইচ্ছাকৃত ভাবেই সমাজের সঙ্গে বিজ্ঞানের সম্বন্ধ তৈরি হতে দেওয়া হয়নি। নবজাগরণের দ্বিপ্রহরে এমনটি ছিল না। বিজ্ঞানকে তখন গোটা সমাজের শক্তি বানানোর জন্য চেষ্টা চলছিল। এটা মানবতার সবচেয়ে মহান উপলব্ধি বলেই চারদিকে বিজ্ঞানের বিজয়-দুব্ভি বেজে উঠল। কট্টরপত্নীবাও আতংকিত হয়ে তার

সতাকে স্বীকার ও জোরজার করে দেখাতে লাগল যে বেদ-পুরাণেও অমুক-অমুক বৈজ্ঞানিক সূত্র আছে। এটা বিজ্ঞানের শক্তিরই প্রমাণ।

যেখানে জড়তা ছিল, বিজ্ঞান সেখানে জীবন প্রাণ দিল, নতুন প্রক্রি এনে দিল। এটাই ছিল বিজ্ঞানের মূল বিজয়। কিপ্ত রামচন্দ্র শুক্র এই বিজয়কে কোনো দান্তিক বৃদ্ধিজীবীর দৃষ্টি দিয়ে দেখেননি যা পুরনো বিশ্বাস নিয়ে থাকা মানুষের প্রতি দৃণা প্রদর্শন করে, ধর্ম এবং প্রাচীন ঐতিহাসিক ঐতিহ্যে কাদা ছেটায় এবং পশ্চিমের যে কোনো নতুন জিনিসের পিছনে পাগলের মতো দৌড়ায়। আসলে, যাদের জীবনে বৈজ্ঞানিক অন্তর্দৃষ্টি সঞ্চার করবার ছিল তারা তো এই শত শত বছর ধরে কন্ত সহ্য করে আসা গরীব এবং ধার্মিকরাই। তাদের মূল বিশ্বাসকে নিয়ে তামাসা করার চেয়ে তাকে বৃদ্ধিসম্মত আকার দেওয়াটা ছিল বেশি জরুরী। কিপ্ত এর জন্য শুধু তর্ক নয়, তর্কেব একটি বিশ্বাস উৎপন্মকারী ভঙ্গীও দরকার ছিল। রামচন্দ্র শুক্র তাঁর যুগের ঔপনিবেশিক মন্তিক্ষসম্পন্ন বৃদ্ধিজীবীদের থেকে এ ব্যাপারে আলাদা ছিলেন। তাঁর কাছে শুধু তর্কের ভান্ডারই ছিল না, যুক্তি থেকে বিশ্বাস উৎপন্ন করাব একটি ধরনও তাঁব জানা ছিল। আব এই ধবনটি তিনি অর্জন করেছিলেন ভারতীয় জনতাব দীর্ঘ পরম্পবা, তাদের মনস্তত্ত্ব এবং রাষ্ট্রীয় প্রযোজন অনুধাবনের মধ্য দিয়ে।

বিজ্ঞানের পথ খুলে দেওয়ার উদ্দেশ্যে রামচন্দ্র গুক্র 'বিশ্বপ্রপঞ্চ'-র ভূমিকাতে ধর্মেব সংবেদনশীল প্রশ্নগুলি তুলেছিলেন। সামাজিক বিকাশের ব্যাপাবে তাঁব বিশ্বাসোৎপাদক ভঙ্গীতে তিনি বলেছেন— "সমাজের যেভাবে বিকাশ ঘটে এসেছে, ধর্মের ভাবনাতেও দেশ কাল অনুসারে সেভাবেই পরিবর্তন এসেছে।" তাঁর বক্তব্যে রামচন্দ্র ধর্মকে উপড়ে ফেলার আওয়াজ তোলেননি। কারণ সেই আওয়াজ ওধু তাঁকে কেন, যে কোনো ভাবতীয় সংস্কৃতিকমীকেই ধর্মপ্রাণ জনতার চোখে সন্দেহজনক করে তুলত এবং সেটি যুক্তিবাদী আন্দোলনের পক্ষে ক্ষতিকারক হতো। সামাজিক বিকাশের যে স্তরে তখন ভারত ছিল তাতে ধর্মের ভাবনায় পরিবর্তন আনার কথা উচ্চারণ করাও ছিল একটি বৈপ্লবিক পদক্ষেপ। জাতীয়তাবাদ আর মানবতাবাদের জন্য ধর্মের পরিবর্তন আনা দরকাব ছিল, কারণ তাকে বাদ দিলে মানুষ মধ্যযুগীয় কৃপমণ্ডকতা থেকে বেরোতে পারত না, শুধু রামচন্দ্রই নন, সে যুগের সকল সাংস্কৃতিক কমীই ধর্মের প্রেক্ষাপট পাল্টানোর জন্য সংগ্রাম করে যাচ্ছিলেন যাতে ধর্ম ব্যাপক জাতীয়তা আর মানবতার নির্মাণে কোনো বাধা সৃষ্টি না কবে একটি শক্তি হিসেবে কাজ করে। ধর্মের অন্তত এটুকু র্যাশনালাইজেশন্ ঘটুক যাতে ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধী মুক্তিসংগ্রামে ধর্মের পথ থেকে কোনো বিভেদ না সৃষ্টি হয়, উপরস্থ একতার আন্তরিক উৎসাহ গড়ে ওঠে। আনন্দের কথা এই যে, তখন এই উদ্দেশ্যটি একটা পর্যায় পর্যন্ত সফল হয়েছিল।

সমাজ গড়ে তোলার জন্য মানুষের মন থেকে ধর্মের পূর্ণতাবদী, মধ্যযুগীয় কাঠামোর প্রভাব মুছে ফেলা এবং মিথ্যা ও বিকৃত ধারণাগুলির বিশ্বাসযোগ্য ভাবে মূলোচ্ছেদ করা দরকার, যাতে মানুষ শুধু পার্থিব নয়, আত্মিক স্তরেও একটি উচ্চতর বৈজ্ঞানিক, সংস্কৃতির দিকে এগিয়ে থেতে পারে। এই জন্য 'বিশ্বপ্রপঞ্চ' শীর্ষক লেখায় 'রিডিল অফ দ্য

ইউনিভার্স'-এর দীর্ঘ ভূমিকায় রামচন্দ্র শুক্ল স্পষ্ট করে দিয়েছেন যে "এখানে লোকাচার আর সামাজিক বিকাশের দিকে লক্ষা রেখেই ধর্ম-এর সামাজিক ব্যাখ্যা করা হয়েছে, পরলোক আর অধ্যাত্মর দিকে দৃষ্টি রেখে নয়।" দীর্ঘকাল ধরে চলে আসা মিথ্যা ধর্মীয় বিবাদগুলির আলোচনা করে তিনি নিভীকভাবে বলেছেন— "ঈশ্বর সাকার না নিরাকার, লম্বা দাড়িওলা না চাব হাতওলা, আরবী বলেন না সংস্কৃত, মূর্তি পূজা করে যারা তাদের সঙ্গে বেশি বন্ধুত্ব রাখেন, নাকি যারা আকাশের দিকে হাত তুলে থাকেন তাদের সঙ্গে, এই সব কথা নিয়ে যারা বিবাদ করে তাবা এখন তথু উপহাসের পাত্র। এই ভাবে, সৃষ্টির যে রহ্স্য বিজ্ঞান উন্মোচন করেছে, তাতে এ সম্বন্ধে যে সব পৌরাণিক গল্প আর কল্পনা রয়েছে (৬দিনে সৃষ্টিব উৎপত্তি, আদম-ইভের জুড়ি, চুরাশি লক্ষ যোনি ইত্যাদি) সেগুলি এখন আর ঢাল-তলোয়ারের কাজ করে না।" শুধু দৃষ্টিভঙ্গীই নয়, রামচদ্র শুক্লেব আচাব-আচবণও ছিল বৃদ্ধিভিত্তিক। তাঁব বাড়ির মেযেবা গঙ্গাদাটে গেলে তিনি অহরহ বিদ্রাপ করতেন— "যাও যাও, পাপ ধুয়ে এসো, কি ভণ্ডামি! ওই গন্ধায় কি ভগবান আছে ? তবে হাাঁ, মেলা বসেছে বটে। ঘবে একঘেযে লাগলে অবশ্যই মেলা দেখে এসো।" (চন্দ্রাবতী শুক্লের শ্মৃতি)। রামচন্দ্র শুক্ল প্রায় কবীবের মতো কবেই ধর্মেব মিথ্যা বিশ্বাসের ওপর থেকে পর্দা সরাতে চেয়ে ছিলেন এবং স্পষ্ট কবে দিয়েছিলেন যে এই কাজে নবযুগের বিজ্ঞান কিভাবে সাহা্যা করছে।

#### বিবর্তনবাদ-এর সমালোচনা

পুরনো শাসকবর্গের বিরুদ্ধে সংগ্রামে এবং নিজেদের শক্তিবৃদ্ধির জন্য বুর্জোয়ারা বিজ্ঞানকে প্রয়োগ করলেও বিজ্ঞান ছিল নবজাগরণের একটি অত্যন্ত শক্তিশালী হাতিয়ার। সামগ্রিক ভাবে বিচার করলে দেখা যাবে যে, যে মুক্তি আর গতি বিজ্ঞান মানুষকে দিয়েছে সমগ্র ইতিহাসে অন্য কিছু — এমনকি অধ্যাত্মবাদও তা দেয়নি। নবজাগরণ শুরুই হয়েছিল বিজ্ঞানের শক্তিতে।

বিজ্ঞানের সবচেয়ে বড় কাজ হল এই যে বিজ্ঞান মানুষকে বিবর্তনের দৃষ্টি দিয়েছে। রামচন্দ্র গুরু এই দৃষ্টিভঙ্গীর ঐতিহাসিক গুরুত্ব উপলব্ধি করেছিলেন এবং প্রচলিত দর্শনগুলির অপ্রতুলতা অনুভব করে লিখেছিলেন। দর্শনের ক্ষেত্রে বিবর্তনবাদ বহু প্রচিন কাল থেকেই প্রাচ্য এবং পাশ্চাত্য দু-জায়গাতেই চলে আসছে। এক অব্যক্ত প্রকৃতি থেকে ক্রমশ কিভাবে জগতের বিবর্তন হয়েছে সাংখ্য-তে তা প্রতিপাদন করা হয়েছে। গ্রীক তাত্ত্বিকরাও এভাবেই জগতের বিবর্তন হয়েছে বলে মনে করেন। দার্শনিক অনুমান আর বৈজ্ঞানিক সিদ্ধান্তের মধ্যে একটি বড় পার্থক্য রয়েছে। দার্শনিক শুধু সংকেত দেন কিন্তু বৈজ্ঞানিক সৃদ্ধভাবে অনুসন্ধান করেন। দর্শনকে একেবারে বর্জন না করেও রামচন্দ্র শুরু বিপ্রানের গুরুত্ব বিশ্লেষণ করে বিবর্তনবাদের সিদ্ধান্তের গুরুত্ব অনুধাবন করেছিলেন এবং লিখেছিলেন "এটা যেমন অসিদ্ধ যে মানুষ এমন একটি প্রাণী যে সৃষ্টির আদিতে একবারেই সৃষ্টি হয়েছিল, তেমনি এটাও অসিদ্ধ যে মনুষ্যজাতির মধ্যে ধর্ম, জ্ঞান আর সভ্যতার আদিম কলেও এখনকার মতো অথবা তার চেয়েও বেশি ছিল। আধুনিক মত এই যে

মনুষ্য জাতি অসভা দশা থেকে উমতি করতে করতে সভা দশা প্রাপ্ত হয়েছে।" আচার্য গুক্ল অনুভব করেছিলেন যে, সমাজে সম্মানীয় স্থান অর্জন করার জন্য বিজ্ঞানকে কত লড়াই করতে হয়েছে। গ্যালিলিও (১৫৬৪-১৬৪২)কে পাদ্রীরা ম্রাতিষ্ঠ করেছিলেন। ভারউইনের (১৮০৯-৮২) বিবর্তনবাদ নিযে তাঁরা শুধু পরিহাসই করেননি, চরম বিরোধিতাও করেছিলেন। তবু বিজ্ঞানের গতি মন্থব হয়নি, বরঞ্চ তা সমাজে সৃষ্টিমূলক পরিবর্তন এনে দিয়েছে। সমাজে বিজ্ঞানের বৈপ্লবিক ভূমিকার ঐতিহাসিক গুরুত্ব স্পষ্ট করার জনাই রামচন্দ্র শুক্ল জার্মান বৈজ্ঞানিক হেকেল-এর 'রিডল অফ দি ইউনিভার্স' বিশ্বপ্রপঞ্চ' নামে অনুবাদ করেছিলেন এবং তার দীর্ঘ ভূমিকা লিখেছিলেন।

তাঁর ভূমিকায় তিনি জানিয়েছিলেন— "এতে বিভিন্ন বিজ্ঞান থেকে প্রাপ্ত সেই সব তথ্যের সংগ্রহ রয়েছে যেগুলিকে বস্তবাদী তার স্বপক্ষে প্রমাণ হিসেবে উপস্থিত কবেন। এই বই যখন প্রকাশিত হয়েছিল তখন তা নিয়ে ইউরোপে শোবগোল পড়ে গেছিল। গত শতাব্দীতে ইউরোপে ভৌতবিজ্ঞান, রসায়ন, ভূগর্ভবিদ্যা, প্রাণীবিজ্ঞান, শারীরবিজ্ঞান ইত্যাদির অন্তর্গত নতুন তথা যেমন-যেমন জানা যেতে লাগল, তেমনি-তেমনি সে সব জগৎ সম্বন্ধে মানুষের যে ধারণাগুলি ছিল তা বদলাতে লাগল।" এটি ছিল সেই সময, যখন বিজ্ঞান সমাজকে শুধু নতুন তথ্য আর আবিষ্কারই দেয়নি, মানুষকে বেশি কল্পনাশীলও করে তুলছিল। জার্মানীর তুলনায় ইংল্যাণ্ডের বিজ্ঞান আরও আগে 'গ্লোবিযাস রেভোলিউশন -এর সময় থেকে, এই কাজটি করে আসছিল। সেই সময় বিজ্ঞান এমন সূচনাও দিয়েছিল যে, কোনো কিছুকে সন্দেহেব বাইরে বলে মেনে নিও না এবং প্রতিটি প্রচলিত মতান্ধতার সঙ্গে লড়াই করো। আধুনিক বিজ্ঞান আগের চেয়ে অনেক উন্নত হয়েছে, কিন্তু আজকের সমাজে তার কোন প্রতিফলন নেই। নবজাগবণ যুগের বিস্তান তা পারত, কারণ তার পিছনে দর্শন অথবা মূল্যচেতনার অভাব ছিল না। তার লক্ষ্য ছিল মানুষ। বর্তমান আধুনিক বিজ্ঞানের লক্ষ হচ্ছে 'অধিক উৎপাদন', যেখানে সে মানুষকেও পদার্থ বা মেশিনের অংশ ছাড়া বেশি কিছু মনে করে না। মহাজনী এবং বহুরাষ্ট্রীয় পুঁজিপতি শ্রেণীর কব্জায় থেকে তার বোধ এর থেকে আলাদা কিছু হতেই পারে না।

বিবর্তনবাদের বৈজ্ঞানিক গুরুত্ব নিরূপণ করেও রামচন্দ্র শুক্রের মনে হয়েছিল এটি যথেষ্ট নয়। তাত্ত্বিক শুরেও যখন তিনি পাশ্চাতোর অন্তঃসারশূন্য জীবনযাত্রার দিকে দৃষ্টি দিতেন তখন তাঁর বিশ্বাস আরও দৃঢ় হয়ে উঠত যে, যুক্তিবদীদের বস্তুবদী বিবর্তনের বিজ্ঞান-এর কাছে মানব সমাজের সমস্ত প্রশ্নের উত্তর নেই। তাঁর এই অনুভব তিনি এভাবে ব্যক্ত করেছেন— "বিবর্তনবাদ শুধু গোচর ঘটনাগুলির পূর্বাপর পরম্পরা নির্দেশ করে। এই সব ঘটনা কেন ঘটছে, বস্তু বা সত্তার শুদ্ধ (ইন্দ্রিয় নিরপেক্ষ) স্বরূপ কি, তা বলে না" ('বিশ্ব প্রপঞ্চ'-এর ভূমিকা)। যুক্তিবদীদের বিবর্তনবাদের একটি বড় অভাবের দিকে রামচন্দ্র শুক্র ইঙ্গিত করেছিলেন যে তারা শুধু গোচর ঘটনাগুলির পূর্বাপর পরম্পরা প্রদর্শন করে অথবা তথ্যকে শুধু বর্ণনা করে। এই গোচর ঘটনাগুলিকে নিয়ন্ত্রণ করছে যে নিয়ম তা সাধারণভাবে গোচর ঘটনাগুলির ওপরের শুরে দেখা না গিয়ে, পিছনে লুকিয়ে থাছক। যুক্তবাদীদের বিবর্তনবাদ দ্বারা তা উদ্যাটিত হয় না।

ঐতিহাসিক বস্তুরাদীদের বিবর্তনবাদ— মানব সমাজের বিকাশের ঐতিহাসিক ব্যাখ্যা—যুক্তিবদীদের বিবর্তনবাদ থেকে ভিন্ন। এটি সেই ঐতিহাসিক যুগের প্রাপ্তি, যখন জাতীয় বুর্জোয়াতন্ত্র থেকে ভিন্ন রাজনৈতিক শক্তি হিসেবে সর্বহারা শ্রেণীর অভাদয় হয়েছিল। যে কোনো সময়ে মার্কস হওয়া সম্ভব ছিল না এবং যে কোনো সময়ে ঐতিহাসিক বস্তুবাদের বোধই তৈরী হতো না। যুক্তিবাদীদের বিবর্তনবাদ ছিল পুঁজিবাদের উন্নতিশীল অবস্থার একটি বিশেষ ঐতিহাসিক অবস্থান, যখন তারা ব্রহ্মমীমাংসার সিদ্ধান্তের বিরোধিতা করেছিলেন, জাতীয় বুর্জোয়াতম্ব্রের বিকাশের পথে যতগুলো মধ্যযুগীয ধারণা বাধাস্বরূপ ছিল তার 'ডিমিস্টিফিকেশন' করেছিলেন এবং বৃদ্ধিসম্মত সংস্কৃতির ভিত তৈরি করেছিলেন। ডারউইনের বিবর্তনবাদ সেই যুগেরই গৌরবময় প্রাপ্তি। হেকেলের তত্ত্বও এই সময়েরই পরম্পরাতে রয়েছে। পবে মানব উৎপত্তি সম্বন্ধে ডাবউইনেব তত্ত্বের সীমাবদ্ধতা স্পষ্ট হয়ে গেল, কারণ তা মানুষের আবশ্যকীয় গুণগুলির উৎপত্তি ব্যাখ্যা করতে পারেনি, যেগুলি তাকে পশু থেকে ভিন্ন কবেছিল। জীবনের কঠোব ভৌতিক পবিস্থিতি অনুসারে নিজেকে গড়তে গিয়ে মানুষেব আদিম প্রজন্ম কিভাবে পাথব কেট্রে হাতিয়াব বানিষেছিল এবং পরে ক্রমে ক্রমে নিজের চাহিদা মেটানোর জন্য কিভাবে নতুন নতুন উপায় আবিকাব করেছিল — এই পদ্ধতি থেকে মানব বিকাশের ব্যাখ্যা ডারউইনের পক্ষে সম্ভব ছিল না। এটি সম্ভব হয়েছিল মার্কস দ্বারা (১৮১৮-৮৪), একটি নতুন যুগে যেটি ছিল সর্বহারা শ্রেণীর সংগঠিত সংগ্রামের যুগ। এঙ্গেলস (১৮২০-৯৫) তাঁর কাজ সম্বন্ধে লিবেছেন—''মার্কস মানব ইতিহাসে নিহিত বিকাশের নিয়মগুলি অনুসন্ধান করেছিলেন, তিনি এই সোজা কথাটি খুঁজে বের কবেছিলেন যে মানুষ রাজনীতি, বিজ্ঞান, ধর্ম, শিল্পকলা ইত্যাদি অনুসবণ কবাব চেয়ে মানুষের সবচেয়ে প্রথমে আবশ্যক খাবার, থাকার জন্য আত্রয় আর পরার জন্যে কাপড়। জাতীয় বুর্জোয়াতন্ত্রের পতনশীল অবস্থায় এগুলির গভীর সংকটই শুধু ছিল না, সেই সঙ্গে এই সংকটগুলির চেতনা মুখবও হতে শুক করেছিল। সেই সঙ্গেই যুক্তিবাদীদের অক্ষমতাও প্রকট হয়ে উঠল। তখন বিজ্ঞান ঐতিহাসিক বস্তবাদের পথ বের করল। ঐতিহাসিক বস্তুবাদ সামাজিক কার্যকলাপ থেকে উদ্ভুত ঐতিহাসিক বিকাশের বস্তুগত নিয়মগুলির সঠিক খবর দেয়, বলে দেয় যে প্রকৃতির বিকৃতির কারণ কি, পদার্থ থেকে চেতনের উৎপত্তি কিভাবে হল ইত্যাদি।

রামচন্দ্র শুক্রের যুগটি এক অন্ত্রুত বৌদ্ধিক অন্তর্ম্বন্ধর মধ্য দিয়ে অতিক্রান্ত হচ্ছিল। 
যুগের অন্তর্ম্বন্ধ রামচন্দ্রের মধ্যেও বর্তমান ছিল। তিনি যুক্তিবদীদের বিবর্তনবাদেব দীর্ঘ 
ব্যাখ্যা করার পর যখন তার সীমাবদ্ধতা দেখতে পেলেন — তখন এই তত্ত্বের একটি 
উপযোগিতা অনুমান করা সত্ত্বেও অসম্বন্ধ হয়ে উঠলেন। এই সৃষ্টিশীল অসন্তোমে তিনি 
বিভিন্ন দিকের মতগুলি নিলেন এবং সেগুলিকে কাটাছেঁড়া করে দেখলেন। তিনি কোনো 
'পথ' খুঁজে পেলেন কিনা, তিনি কোনো বিশেষ একটি মতবাদে 'বদ্দি' হয়ে উঠলেন 
কিনা — এই প্রশ্নটি গৌণ হয়ে যায়, যখন আমরা তার আলোচনাত্মক অন্তর্ধন্দের এই 
বুনিয়দি ভাবনার দিকে দৃষ্টি দিই যে, তিনি একটি পরম্পরা, একটি পথ অনুসন্ধান করে 
একটি জায়গায় পৌঁছতে চাইছিলেন। শুধু তিনিই নন, সেই যুগে গোটা সমাজটাই কোন

একটি জায়গায় পৌঁছতে চাইছিল এবং রামচন্দ্র শুক্ল এই কাজে তার সমাজ থেকে পিছিয়ে না থেকে সমাজের সঙ্গে ছিলেন।

ভারতে কৃষক আর শ্রমিকদের সংখ্রামের ইতিহাস খুব পুরনো, তবু আর্থিক ও রাজনৈতিক স্থার্থে একটি সংগঠিত শ্রেণী হিসেবে তার আবির্ভাবের ইতিহাস নতুন। কৃষক আর শ্রমিক শ্রেণীর অঙ্গাঙ্কি সম্পর্কের মধ্যে সামাজিক বিকাশের বন্তুগত ঐতিহাসিক নিয়মগুলির বৈজ্ঞানিক উদ্ঘাটনের পরম্পরাও এই হালের কথা। সূতরাং রামচন্দ্র শুক্রের কাছ থেকে এমন আশা করা ভুল যে, যুক্তিবাদীদের বিবর্তনবাদের সীমাবদ্ধতা জেনে যাওয়ার পর তিনি ঐতিহাসিক বন্তুবদি দৃষ্টি কেন গ্রহণ করেননি। আসলে যে সামাজিক-রাজনৈতিক পরিস্থিতিতে তার সাহিত্য সৃষ্টি হয়েছিল, তাতে ঐতিহাসিক বন্তুবদি দৃষ্টিভঙ্কীর বিকাশের কোনো অবকাশ ছিল না। তার দ্বান্দ্বিকতার জ্ঞানও স্বাভাবিকভাবেই খুব সীমাবদ্ধ ছিল। তবু তার সমালোচনা সেই যুগের হিন্দি জগতে এবং নতুন ভাবী প্রজন্মের কাছে পথ নির্দেশক হয়ে উঠেছিল, কারণ তার মধ্যে সমসাময়িক রাজনৈতিক এবং মতাদর্শগত দ্বন্দের গ্রগতিশীল সারতক্ত্ব ছিল।

রামচন্দ্র শুক্রের চিন্তাধারার সারতত্ত্ব নির্দিষ্ট শব্দে সংজ্ঞায়িত করা কঠিন। তবু একথা দৃঢ়তাপূর্বক বলা যায় যে, তাঁর মতাদর্শ ভারতীয় কৃষক শ্রেণী এবং তার থেকে আসা শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর সঙ্গে এতটাই গভীরভাবে যুক্ত ছিল যে এই শ্রেণীগুলির বৌদ্ধিক-রাজনৈতিক লক্ষ্যই ছিল আচার্য শুক্রের বৌদ্ধিক-সাহিত্যিক লক্ষ্য, তাঁর প্রধান লক্ষ্য ছিল যুক্তিবাদ, পরম্পরার আধুনিকীকরণ, স্বাধীনতা ও নবনির্মাণ এবং সামাজিক প্রগতি বা জনকল্যাণ। এর মধ্যে প্রথম তিনটি লক্ষ্য এমন ছিল, যা সে যুগের মহান ঐতিহাসিক সংঘর্ষে পরিপক্ত হয়ে একটি ব্যাপক আকার ধারণ করেছিল। গোঁড়ামি থেকে পরম্পরাকে মুক্ত করে তাকে যুক্তির আলোকে আধুনিক রূপ দেওয়ার জাতীয় দৃষ্টিভঙ্গীটি একদিকে পূনক্ষথানবাদী অন্যদিকে পশ্চিমমুখী রিফর্মিস্টদের ওপর আধিপত্য বিস্তার করে নিয়েছিল। রাজনৈতিক স্বাধীনতার লক্ষ্যটিও বিভিন্ন দিক দিয়ে মজবুত হয়ে উঠছিল, এই লক্ষ্য সাধনের জন্য সংগ্রামে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর ভূমিকাই ছিল প্রধান। সে যুগে নবনির্মাণ, সামাজিক প্রগতি বা জনকল্যাণের লক্ষ্য ছিল বিমুর্ত। শোষিত-উৎপীড়িতদের প্রতি যথেষ্ট সহানুভূতি থাকা সত্ত্বেও আচার্য শুক্রের দার্শনিক দৃষ্টিভঙ্গীর পিছনে কোনো শ্রেণীসচেতন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী ছিল না, বরঞ্চ তাঁর সমালোচনাকর্মে একটা সীমা পর্যন্ত আদর্শবাদি দৃষ্টিরই প্রাধান্য ছিল।

ছোট ছোট জমিদার এবং নিমু মধ্যবিদ্তের প্রতি সহানুভূতি থাকার জন্য সামাজিক প্রগতি বা জনকল্যাণের দৃষ্টিভঙ্গিটি একটি সীমা পর্যন্ত আদর্শবাদী হওয়াটা বুবই স্বাভাবিক ছিল। শুধু আচার্য শুক্রই নন, সে যুগের সকল মহান সাহিত্যিকই সামন্ততান্ত্রিক-সাম্রাজ্যবাদী ব্যবস্থার সঙ্গে লড়াই করে জাতীয় ঐক্য আর যুক্তিবাদকে গ্রহণ করেছিলেন, কারুরই দৃষ্টিভঙ্গী একমুখী ছিল না। নিজের সময়ের অন্যান্য মহান সাহিত্যিক — প্রেমচন্দ, প্রসাদ, নিরালাজীর মতো আচার্য শুক্রও নিজের চিন্তাধারার একটি গুরুত্বপূর্ণ বিন্দুতে আদর্শবাদী ছিলেন, তবু সে কারণে তাঁর যুক্তিবাদ এবং বস্তবাদের গুরুত্ব কমেনি। অন্যান্য মহান

সাহিত্যিকরা সৃষ্টিমূলক সাহিত্যের স্তরে যে ঐতিহাসিক-সামাজিক দায়িত্ব নির্বাহ করেছেন, আচার্য শুক্রের বৌদ্ধিক বিশ্লেষণ সাহিত্য ইতিহাস এবং সমালোচনার ক্ষেত্রে কোনো, ব্যাপারে কিছুটা এনিয়ে থেকে কোনো ব্যাপারে কিছুটা পিছিয়ে থেকে, সেই ঐতিহাসিক দায়িত্ব নির্বাহ করেছে। কথাসাহিত্যিক প্রেমচন্দ্র আদর্শবাদকে অতিক্রম করে বস্তুবাদে অগ্রহী হয়েছিলেন এবং আলোচক শুক্রজীও বস্তুবাদের প্রতি কখনও বিমুখ হননি। তবু এই সাহিত্যিকদের দার্শনিক বিচারধারায় সেই মতাদর্শের যথেষ্ট ভূমিকা রয়েছে যা, হেগেল-এর দর্শনে ছিল।

হেগেল (১৭৭০-১৮৩১) যে ভাবে প্রাণীশাস্ত্র থেকে তাঁর কর্মক্ষেত্র বিস্তৃত করে ব্রহ্মমীমাংসার ধর্মীয় সাম্রাজ্যবাদ নিয়ে শোরগোল তুলেছিলেন, রামচন্দ্র শুক্রও সাহিত্য সমালোচনার ক্ষেত্র থেকে বেরিয়ে ঈশ্বর, পরলোক, সম্প্রদায়বাদ এবং অন্যান্য ধর্মীয় গোঁড়ামিকে আক্রমণ কবেছিলেন। নিজের সমাজের নানা যন্ত্রণা দেখে তিনি 'বিশ্বপ্রপঞ্চ'-ব ভূমিকায় লিখেছিলেন— "নানা মত আর পন্থার বিশেষ স্থূল কথা গুলি নিয়ে ঝগড়া-ঝাটি করার সময় আর নেই। সব মত আর সম্প্রদায়ের মধ্যে ধর্ম আর ঈশ্বরের যে সাধারণ ভাবনা রয়েছে সেটাই এখনকার শিক্ষিতদের কাছে গ্রহণযোগ্য হয়ে উঠতে পারে।" জাতীয় একতা আর সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য ধর্মীয় গোঁড়ামিকে চ্যালেঞ্জ জানানো এবং একটি বুদ্ধিসম্মত দৃষ্টিভঙ্গীর বিকাশ ঘটানো ছাড়া অন্য কোনো বড় লক্ষ্য 'বিশ্বপ্রপঞ্চ'-র ভূমিকার ছিল না। কারণ একথা স্পষ্ট হয়ে উঠছিল যে, পরম্পরাগত ধর্ম জাতীয়–সামাজিক একতা আনতে পারবে না।

#### বিভিন্ন দর্শনের সমালোচনা

ঝগড়া-বিবাদের উদ্দেশ্য নিয়ে নয়, বরঞ্চ মিত্রতাপূর্ণ আলোচনার উদ্দেশ্য নিয়ে রামচন্দ্র শুক্র কিছু প্রাচীন ভারতীয় গ্রন্থ যেমন উপনিষদ, পুরাণ, মহাভাবত, চরকসংহিতা, ন্যায়, সাংখ্য, গীতা, চার্বাক, লোকায়ত পরম্পরার দার্শনিক এবং কিছু আনুষ্ঠানিক পাশ্চাত্য দার্শনিক থথা হিউম, কান্ট, হেগেল, শেলিং, শোপেনহাওয়ার, নিংসে, ড্যুরিং, ম্পেনসর ইত্যাদিকে আধার করে দেখানোর চেষ্টা করেছেন যে বিজ্ঞানের পরম্পরা কত প্রাচীন। যখন দর্শন, বিশেষ করে পাশ্চাত্য দর্শন নিয়ে ভারতীয় ভাষাগুলিতে কোনো সুসংবদ্ধ তুলনামূলক কাজ সামনে ছিল না, তখন তিনি স্পষ্ট করার চেষ্টা করেছেন যে, পৃথিবীতে ব্রহ্ম, প্রকৃতি আর চৈতন্যকে নিয়ে কিরকম তর্ক বিতর্ক হয়েছে, ব্রহ্মমীমাংসার সাম্রাজ্যবাদকে ছিয়ভিন্ন করার ক্ষেত্রে যুক্তিবদিরা কি ভূমিকা নিয়েছেন এবং বিজ্ঞান তান্ন নতুন আবিষ্কারগুলি দিয়ে কিভাবে তাকে সাহায্য করেছে। যুক্তিবাদের প্রতিক্রয়াতে ভাববাদ আর লজিক্যাল পজিটিভিজম কেমন করে প্রতিষ্ঠিত হয়েছে এবং পরিশেষে যুক্তিবাদের পরম্পরায় হেগেল চৈতন্যবাদকে প্রতিষ্ঠিত করে কিভাবে একটি মহান কাজ সম্পন্ন করেছেন। দার্শনিক স্তরে রামচন্দ্র শুক্র হেগেলকে অতিক্রম করতে পারেননি।

যখনই সমাজের বৌদ্ধিক প্রবৃত্তি — কলা, দর্শন এবং ব্যক্তি স্বাধীনতার চেতনার ইতিহাসকেই ইতিহাস হিসেবে গণ্য করা হয় এবং বৌদ্ধিক চেতনাকেই সমাজের আধার

এবং ইতিহাসের চালকশক্তি রূপে দেখা হয়, তখনই হেগেলের 'আইডিয়ালিজম'-এর মতো ভাববাদী সিদ্ধান্ত অপরিহার্য হয়ে ওঠে। কিম্ব এই রকম 'আইডিয়ালিজম'-এর প্রতিষ্ঠা ছাড়া মেটিরিয়ালিজমের প্রতিষ্ঠা অসম্ভব। যেমন জার্মানী পিছিয়ে ছিল এবং তার মধ্যবিত্ত শ্রেণী অসহায় আর এলোমেলো হয়ে পড়েছিল, ভারত এবং তার মধ্যবিত্ত শ্রেণীও অনগ্রসর আর অসহায় ছিল। আমাদের দেশের ঔপনিবেশিক-সামন্ততান্ত্রিক অবস্থায় গোনাগুনতি কয়েকটি জাতীয় উদ্যোগ ছিল আর তা কোনো রকমে টিকে ছিল। জাতীয় বূর্জোয়াতন্ত্রের অবস্থা ছিল শোচনীয়। অন্যদিকে ইংল্যান্ড অবশ্যই চারপাশ থেকে লুটে-পুটে একটা উন্মাদনা সৃষ্টি করেছিল। সূতরাং ফ্রান্সে যখন গণতান্ত্রিক বিপ্লব হল, তখন জার্মানীতে তার ভাবধারা তৈরি হল। এই ভাবে একটি ভিন্ন কাঠামোয় যখন ভারতীয়দের আধুনিক জ্ঞান বিজ্ঞানের সঙ্গে পরিচয় বাড়ল, তারা আত্মসচেতন হয়ে উঠতে লাগল। তখন ভারতেও স্বাধীনতা আর গণতম্বের চেতনা সৃষ্টি হল। ইউরোপে যা আগেই বাস্তব আকার ধারণ করে নিয়েছিল, ভারতে তা তখন শুধু ভাবমাত্র ছিল। সূতরাং ভারতে যুক্তিবাদ হাড়া আদর্শবাদ বা ভাববাদ-এর অভ্যুদয় স্বাভাবিক ছিল। শিল্প, কলা, দর্শন, সাহিত্য আব স্বাধীনতার চেতনার বিকাশে এবং ধর্মীয় আর আঞ্চলিকতার গোঁড়ামির বিরুদ্ধে মুক্তিসংগ্রামে সে যুগে এই আদর্শবাদ আর ভাববাদ একটি ইতিবাচক ভূমিকা পালন করেছিল। এই আদর্শবাদের সাহায্যে সাহিত্য আর দর্শনের উন্নতি হতে থাকে। যুক্তিবাদের সঙ্গে ঔপনিবেশিকতাবাদের দৃণ্য সন্ধি হয়ে গিয়েছিল এবং শোধনবাদীরা ভণ্ডে পরিণত হয়েছিল। এই প্রক্রিয়াতে শিল্পায়ন-সমৃদ্ধ সভ্যতা এবং সীমাহীন কারিগরী প্রগতিরও বিরোধ সৃষ্টি হয়েছিল, কারণ তখন ভারতীয় সমাজের সবচেয়ে বেশি প্রয়োজন ছিল প্রগতির, কিন্তু তা কংনোই আন্তরিক আনন্দকে বাদ দিয়ে নয়। পরের ঘটনা হল, আদর্শবাদ ভণ্ডামিতে ভরে গেল, এর ফলে মোহভঙ্গ হল এবং ঐতিহাসিক বস্তুবাদী দৃষ্টিভঙ্গী ছড়িয়ে পড়ার জন্য পরিস্থিতি উর্বর হয়ে উঠল।

কিন্তু একথা স্বীকার করতে হবে, যে রবীন্দ্রনাথ, প্রেমচন্দ, রামচন্দ্র শুক্র ইত্যাদির যুগে আদর্শবাদ ভগুমি না হয়ে একটি পজিটিভ এবং প্রেরণাদায়ক জীবন দর্শন হয়ে ওঠে। আদর্শবাদ যুক্তিবৃদ্ধি থেকে শক্তি সংগ্রহ করে, পরম্পরাকে আধুনিক রূপ নিয়ে এবং মানবতাবাদের সঙ্গে সম্পর্ক স্থাপন করে ভারতীয় সমাজকে সামন্ততন্ত্র ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামের জন্য প্রস্তুত করেছিল। ভারতীয় সমাজ জীবনের জাগতিক পরিস্থিতিগুলির মোকাবিলা করার প্রক্রিয়াতে তার প্রতিষ্ঠা হয়েছিল।

কিন্তু একথাও স্থীকার করতে হবে যে জীবনের কঠোর বাস্তবের সামনে আদর্শবাদ বেশি দিন টিকে থাকতে পারে না। 'রহস্যবাদ'-এর চর্চা করতে গিয়ে রামচন্দ্র শুক্র লিখেছেন — "আদর্শবাদীদের বক্তব্য হল এই যে, আদর্শকে সাধারণ জীবন-ভূমির চেয়ে উঁচুতে থাকতে হবে। ঠিক আছে। যত আদর্শ আছে, সব সাধারণ ভূমি থেকে উচ্চে অবস্থান করে। কিন্তু, উপরোক্ত আদর্শের ভিতরেই শুধু সৌন্দর্য আর মঙ্গলের অভিব্যক্তি ঘটে, কাব্যের উৎকর্ষতা শুধু সেখানেই পাওয়া যায়— একথা বলা মানে মঙ্গল, সৌন্দর্য আর কাব্যের ক্ষেত্রকে সীমিত করে দেওয়া। আদর্শ স্বপ্লের ভিতর লীন করে দেওয়াতেই কাব্যের উৎকর্ষতা, শুকথা আমরা স্থীকার করি না। এই স্বপ্ল সুন্দর অবশ্যই, কিন্তু জাগরণ তার

চেয়ে কম সুন্দর নয়। সৌন্দর্যের ভাবনাকে অজ্ঞাত আর অব্যক্ত-ক্ষেত্রে নিয়ে গিয়ে পূর্ণতায় পৌঁছনোর সংকেত কোথা থেকে পাওয়া গেছে, সেটাও একটু দেখা দরকার। এই সংকেত জার্মান দার্শনিকদের আইডিয়ালিজম থেকে পাওয়া, যার প্রবর্তক ছিলেন কান্ট।"

কান্ট (১৭২৪-১৮০৪)— হেগেলও ছিলেন যাঁর ধারায়— মনে করতেন আত্মজগতের আলাদা নিযম আছে আর সেই নিয়ম দৃশ্যমান জগতের নিয়মেব অধীন নয়। কান্ট শুরুতে ইউরোপীয় নবজাগরণ দ্বারা প্রভাবিত হয়েছিলেন, কিন্তু তিনি দ্রুত প্রতিক্রিয়াশীল হয়ে উঠলেন। তিনি হিউম (১৭১১-৭৬)-এর অনুভববাদ-এর সাথে সাথে নবজাগরণের যুক্তিবাদেরও বিরোধিতা করতে শুরুক কবেন। হেগেল কান্টের সমালোচনা কবতে কবতেই তাঁর দ্বন্দ্বাদ আর আদর্শবাদের তত্ত্ব প্রতিষ্ঠা করেছিলেন। রামচন্দ্র শুরুও কান্টের বিরোধিতা করেছিলেন।

রামচন্দ্র শুক্ল বিকাশের দ্বন্ধান্থক প্রক্রিয়াকে স্বীকাব করেছিলেন, যদিও তাকে যথেষ্ট বস্তবদি দৃষ্টিকোণ থেকে দেখেনি। হেগেলের দ্বন্ধান্দ ক তিনি নিজের মতাদর্শেব ভূমিতে এইভাবে রেখেছিলেন— "কোনো না কোনো সীমায গিয়ে কোনো না কোনো বাদ সর্বদা গড়ে উঠতে থাকে এবং এগিয়ে যেতে থাকে। তাব কিছু দিন পবেই তীব্র গতিতে তার কি প্রতিক্রিয়া তৈরি হয় যাব ধাবা অন্য সীমার দিকে এগোতে থাকে, সূত্রাং ইউরোপেব কোনো 'বাদ' এলে বুঝে নিতে হবে যে তার বিপবীত অন্য একটি বাদও পিছনে সঙ্গে অসঙ্গে" (হিন্দি সাহিত্য বা ইতিহাস)। এই বক্তব্যে 'বাদ' (থিসিস)-এর জড়তার বিরোধিতা বৈপরিত্যবাদ (এক্টিথিসিস) এবং 'সংশ্লেষ' (সিন্থীসিস)-এর দ্বারা বিকাশের প্রক্রিয়াটি স্পষ্ট করা হযেছে। তিনি লিখেছেন— "লোকমঙ্গলেব পক্ষে সৌন্দর্য, হাস্যা, বিকাশ, প্রফুল্লতা, রক্ষা এবং মনোরঞ্জন ইত্যাদি আছে। অমঙ্গল পক্ষে বিকপতা, বিলাপ, ক্লেশ এবং ধ্বংস ইত্যাদি। এই দৃটি পক্ষের দ্বন্থের মাঝখন থেকে মঙ্গলেব কলাকে শক্তি সহকারে ফুটে উঠতে দেখা যায়।" রামচন্দ্র শুক্ল দ্বন্থবাদের প্রক্রিয়াতেই লোকমঙ্গলের কলাকে ফুটে উঠতে দেখেছেন। এখন প্রশ্ন থেকে যায় যে তিনি বস্তবাদকে কোন সীমা পর্যন্ত স্বীকাব করেছেন।

রামচন্দ্র শুক্র যাকে বাহ্য-বাস্তববদি বলেছেন সেই ডুরিং কান্টের আলোচনা করেছিলেন, ডুরিং যে ধরনের বস্তবদি ছিলেন, মার্কস্ সেই মতবাদকে শশুন করেছিলেন। মার্কস্ পদার্থ আর চেতনার সম্বন্ধকে সেইভাবে দেখতেন না, যেভাবে দেখতেন ডুরিং। ডুরিং একজন বস্তবদি বৈজ্ঞানিক ছিলেন। তিনি পদার্থকে বিচ্ছিয়ভাবে দেখতেন এবং তার স্বতন্ত্র সত্তার সমর্থক ছিলেন। এটি কান্টের দর্শনের ঠিক উল্টো। তা নিয়েও রামচন্দ্র গুক্র আলোচনা করেছেন এবং যেভাবে কান্টের বিরোধিতা করেছেন, একই ভাবে ডুরিং-এরও বিরোধিতা করেছেন। তার এই উক্তিটি যথেই গুক্তত্বপূর্ণ— "সত্যি কথা বলতে গেলে ভাববদিরা বৈজ্ঞানিক অনুসন্ধানের দরজা বন্ধ করে না। সত্তার পারমার্থিক স্বন্ধপের যা কিছু তারা প্রতিপাদন করেছেন তার সঙ্গে বাহ্য বাস্তবিকতার ক্রমবিধান-এর সমন্বয়ও তারাই ঘটিয়েছেন।" জাগতিক ক্রমবিধানের সক্রে আত্মজগতের সম্পর্ক রয়েছে, এই ধারণা কান্ট, হেগেল এবং ডুরিং-এর মতাদর্শের বিকাশ, যা তৎকালীন ভারত প্রসঙ্গে

একটি বিশেষ অর্থ বহন করত।

রামচন্দ্র শুক্ল আদর্শবাদকে একটি সীমা পর্যন্তই ঠিক বলেছেন এবং তার সীমা বুঝিয়ে দিয়েছেন। শুধু 'বিশ্বপ্রপঞ্চ'র ভূমিকাকে আধার করে রিচার করলে ত্রম হতে পারে যে, রামচন্দ্র শুক্র হেগেলীয় যুক্তিবাদী। কিন্তু তাঁর সাহিত্য সমালোচনার অন্তর্বস্ত দেখলে স্পষ্ট হয়ে যাবে যে হেগেলীয় যুক্তিবাদ আর আদর্শবাদকে, নিজের যুগের হিসেবে একদিক দিয়ে ঠিক বললেও তার প্রতি সমালোচনামূলক দৃষ্টিভঙ্গীও তাঁর ছিল। এর থেকে প্রমাণিত হয় যে, রামচন্দ্র শুক্ল বস্তবাদী না হওয়া সত্ত্বেও তাঁর সাহিত্য আলোচনায় দ্বন্দ্বাদ আর ঐতিহাসিক বস্তুবাদের তত্ত্ব আছে, অন্যথায় তিনি আদর্শবাদের সমালোচনা কি করে করতেন। মার্কস্-ও 'এ ক্রিটিক অব জার্মান আইডিওলজি'-তে প্রায় এই রকমই বলেছিলেন, যা গুক্রজী তা না পড়েই, নিজের বিবেক থেকে বললেন। মার্কস্ সেই সব আদর্শবদীদের সমালোচনা করেছিলেন, "যাঁরা মনে করেন স্বাধীনতাকে বাস্তবের কঠিন ভূমিতে না রেখে কাল্পনিক তারা-ভরা আকাশে রেখে শুধু তাকে সম্মান জানানোই উচিত। এরকম, কিছুটা কল্পনার প্রবর্তক আর সেইসব ভাববাদীদের জন্য ঘটে, যাঁবা বাস্তবের সঙ্গে আদর্শের কোনো প্রকারের সম্পর্ককে খারাপ মনে করে তার থেকে নিজেকে বাঁচিযে চলেন। তাঁরা মনে করেন তাদের জার্মানীদের কাছে, স্বাধীনতা বস্তুত এখন পর্যন্ত একটি কল্পনা আর ভাবপ্রবণতাই হয়ে রয়েছে।" (সংকলিত রচনা, ১ম খণ্ড)। রামচন্দ্র শুক্লও প্রকারান্তরে হেগেলীয় যুক্তিবাদ আর আদর্শবাদের সমালোচনা করেন— বায়বীয় আদর্শবাদ এবং কল্পনার আলোচনা রূপে। অন্য দিকে তিনি ড্যারিং-এর বস্তুবাদকেও সেভাবেই খণ্ডন করেন, যা অনেক বিস্তৃতভাবে মার্কস্ করেছেন। মার্কস্ আর রামচন্দ্র শুক্ল-এর মধ্যে পার্থক্য এই যে 'এ ক্রিটিক অব জার্মান আইডিওলজি' ইত্যাদি বইগুলি লেখার সঙ্গে সঙ্গে মাকর্সেব মতাদর্শে একটি নতুন বিকাশ ঘটেছিল, কিন্তু রামচন্দ্র শুক্ল এবং এই ধবনের অন্যান্য ভারতীয় লেখকদের মতাদর্শ বায়বীয় কল্পনা, আদর্শবাদ এবং বাহ্য যথার্থবাদের আলোচনাতেই সীমিত থেকে গিয়েছিল। তাদের কোনো বিকাশ ঘটেনি। ভারতীয় সমাজ সে সময় ঐতিহাসিক বস্তবাদের অঙ্কুরের পর্যাপ্ত ক্ষমতা ছিল না, সে জনাই সে যুগের উক্ত লেখকরা আদর্শবাদ-বিরোধী হওয়া সত্ত্বেও তাদের মধ্যে মার্কস্বাদী বিকাশ ঘটেনি।

যে ভূমিতে রামচন্দ্র শুক্র আদর্শবাদের সমালেন্ডনা করেছিলেন, সেই ভূমিতেই তিনি ব্যক্তিতাবাদকেও যাচাই করেছিলেন, যা ছিল ইন্ধরাদার পুঁজিবাদের প্রতিফলন। পুঁজিবাদের উন্নতিশীল রূপের এক দার্শনিক পরিণাম— আদর্শবাদে ব্যক্তিবাদের অবকাশ ছিল না, কারণ তার সাথে ছিল লোকমঙ্গলের উদ্দেশ্যে আধারিত নবজাগ্রত বিবেক। ব্যক্তিবাদ জেগে উঠলে সবার আগে মানুষের বিবেক মরে যায়। এজন্য ব্যক্তিবাদি দর্শন আর শিল্পকলাগুলিতে সমাজ আর ইতিহাসের নিষেধগুলির ওপর বেশি জোর দেওয়া হয়েছে। এর থেকে আধুনিকতাবাদ উৎসাহ পেয়েছে। রামচন্দ্র শুক্র তার বিরোধিতা করে অন্যত্র লিখেছেন — "মানুষ সমাজবদ্ধ প্রাণী, তার নিজের সন্তার জ্ঞানও সমাজবদ্ধ। সমাজের মধাই শুধু কবিতা কেন, যে কোনো কিছুরই উদ্দেশ্য সৃষ্টি হন্ধ আর তার বিকাশ ঘটে।" ব্যক্তিবাদের জায়গায় সামাজিক সচেতনতার প্রতিষ্ঠা আচার্য শুক্রের মতাদর্শের সবচেয়ে

বড় দিক।

আধুনিকতাবদি দার্শনিকদের মধ্যে শোপেনহাওয়ারের নাম বহু-আলোচিত, যাঁর বিরোধিতা করে শুক্র লিখেছেন— "শোপেনহাওয়ারের দর্শন দুঃখবাদে ভরা" ('বিশ্বপ্রপঞ্চ'-এর ভূমিকা)। তাঁর সিদ্ধান্ত ছিল কামনার নিবৃত্তি থেকেই দুঃখের নিবৃত্তি ঘটতে পারে। রামচন্দ্র শুক্রের যুগ ছিল যুক্তিবাদ আর জ্ঞাতীয় আকাঞ্চ্ফার যুগ। এই যুগে কামনার নিবৃত্তি অথবা জ্ঞড় ও নিক্রিয় দুঃখবাদকে তিনি কিভাবে সমর্থন করতে পারতেন?

১৯৩৩-এ হিটলার হরমন রোশনিংকে বলেছিলেন, 'আমাদের রণকৌশল হচ্ছে, শক্রকে ভিতর থেকে নক্ট করা, তাদের দিয়েই তাদের জয় করা, মানসিক অন্থিরতা, প্রলাপ, পারস্পরিক সন্দেহ, আতংক —এই হচ্ছে আমাদের হাতিয়ার।' হিটলার নিংসের ভক্ত ছিলেন, অন্য একজন অস্তিত্ববাদী হাইডেগর হিটলারের প্রশংসক ছিলেন। রামচন্দ্র কিংসের দর্শনে সেই ফ্যাসিবাদের বীজ অনুসন্ধান করেছিলেন যা প্রথম এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধে এক বিশাল বিষবৃক্ষে পরিণত হয়েছিল। ফ্যাসিবাদের পাগলামির দৃষ্টান্ত দিয়ে তিনি লিখেছেন যে, "নিংসে শোপেনহাওয়ারের দর্শন থেকে জড় সংকল্প-শক্তিকে বিবর্তনবাদের দিকে নিয়ে গেছেন এবং বলতে শুরু করেছেন যে জীবনের এই কামনাই বিবর্তনের এই নিয়মে দেখা যায়। যে প্রাণী সক্ষম, সে টিকে যায় আর বাকি সব নষ্ট, ধ্বংস হয়ে যায়। প্রকৃতির সাহায্যে জীবিত থাকার অধিকার বলবানরাই পেয়েছে। জাতীয় উন্মাদনায় জার্মানী যে কান্ড করেছে, তা পৃথিবী দেখেছে। যা ফ্যাসিবাদের দিকে নিয়ে যাছিলে।

বৌদ্ধিক জড়তা আর রাজনৈতিক দাসত্ত্বের সঙ্গে ভারতীয় জনতার বিশেষ করে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর সংঘাতই ছিল রামচন্দ্র শুক্রের মতাদর্শের মুখ্য প্রেরণা। এই আত্মসচেতনতা আর সংঘাতের প্রক্রিয়ায় তিনি ধর্মীয় গোঁড়ামি, যুক্তিবাদীদের বিবর্তনবাদ, বায়বীয় আদর্শবাদ, জড় বস্তবাদ, আধুনিকতাবাদ আর পরিশেষে ফ্যাসিবাদের সমালোচনা করেছেন। ভারতীয় জনতার মানবিক-গণতান্ত্রিক আত্মসচেতনতার ঐতিহাসিক বিকাশের সাথে সাথে রামচন্দ্র শুক্রের বিচারধারা আর সমালোচনারও বিকাশ ঘটেছিল। এই বিকাশ নিঃসন্দেহে সেভাবে স্পষ্ট নয় যেমনটি প্রেমচন্দের ক্ষেত্রে স্পষ্ট। তা সত্ত্বেও রামচন্দ্র শুক্র তাঁর সময়ের মতধারা আর সাহিত্যের সঙ্গে গভীর সম্পর্ক রেখে বিজ্ঞান, দর্শন আর সামাজিক সিদ্ধান্তগুলিকে পরম্পরের কাছে আনার ব্যাপক প্রচেষ্টা চালিয়ে ছিলেন। এই প্রচেষ্টা বৃবই গুরুত্বপূর্ণ।

### বৌদ্ধিক উপনিবেশিকভাবাদের বিরূদ্ধে সংগ্রাম

রাম্চন্দ্র শুক্ল প্রেমচন্দের মতো সমাজ আর রাজনীতি নিয়ে বেশি ব্যাখ্যা করেননি, তিনি ভাষা আর সাহিত্যের ঐতিহাসিক বিশ্লেষণ, সম্পাদনা আর শিক্ষার ভিন্ন ক্ষেত্র বেছে নিয়েছিলেন। তা সত্ত্বেও এমন নয় যে, ভাষা আর সাহিত্য সন্থন্ধে তার মতধারা তৎকালীন সমাজ এবং রাজনীতির ঘটনাবলীর সঙ্গে প্রত্যক্ষ কোনো সম্বন্ধ নেই। সেই বিস্তৃত যুগে প্রেমচন্দ, প্রসাদ, নিরালা ইজ্যাদি অন্যান্তঃ হিন্দি সাহিত্যিকদের মতো রামচন্দ্র শুক্লও

বাজারী অর্থব্যবস্থার ঔপনিবেশিক বিস্তার এবং তার প্রভাবে বৌদ্ধিক মূল্যবোধের যে অধঃপতন ঘটেছে, তাকে খুব গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করেছেন---- "আজকাল মানুষের সমস্ত কথা ধাতুর টুকরো টাকাতে পরিণত হয়েছে। সকলের দৃষ্টি শুর্ধু টাকার দিকে। य कथा भातम्भतिक ভानবাসা, न्याय, धर्मत पृष्ठि निरय वना याय, जाउ वना शरू होका পয়সার দৃষ্টি নিয়ে। পয়সার সাহায্যে রাজসম্মান-প্রাপ্তি, বিদ্যাপ্রাপ্তি এমনকি ন্যায় পর্যন্ত পাওয়া যায়" (ক্ষত্রিয় ধর্ম কা সৌন্দর্য, ১৯২১)। নিজের কথার আন্তর্জাতিক পরিপ্রেক্ষিতে এবং পুঁজিবাদের সাম্রাজ্যবাদী বিকাশ প্রসঙ্গে তিনি এইভাবে বলেছেন— "বানিজ্য-নীতি এখন রাজনীতির অঙ্গ হয়ে গেছে। বড় বড় দেশগুলি মাল বিক্রি করার জন্য প্রতিদ্বন্দী সওদাগরে পরিণত হয়েছে। এখন সর্বদা একটি দেশ তাক করে থাকে চুপিসারে অন্য দেশের ধন হরণ করার জন্য। কোনো কোনো দেশ লোভবশতঃ এত অধিক মাল তৈরি करत रफरन रय, रमञ्जला कारना प्रत्मत भनाग्न यूनिराप्न प्रच्यात िष्ठाग्न पिनताण रूटत মরে। যতদিন এই বাণিজ্য উন্মাদনা না কাটবে ততদিন পৃথিবীতে সুখশান্তি আসা সম্ভব নয়" (প্রাগুক্ত)। পশ্চিমী দেশগুলির বাণিজ্যিক পুঁজিবাদ রাজনীতিকে অবলম্বন করে ভারতের মতো দেশকে কিভাবে তাদের আর্থিক বাজার করে তুলেছে এবং পরে বাণিজ্যিক উন্মাদনায় পশ্চিমী দেশগুলি এই দেশগুলিতে কিভাবে কুটিলতাপূৰ্বক উপনিবেশিকতাবাদ স্থাপিত করেছে এবং এদের সমস্ত সুখশাস্তি ছিনিয়ে নিয়েছে, তার পরে কিভাবে নবজাগরণ এসেছে— এসব বিষয় নিয়েও রামচন্দ্র শুক্ল খুব সঠিক বক্তব্য রেখেছেন। এই বক্তব্যগুলির গুরুত্ব তাঁর সাহিত্য আলোচনার চেয়ে কোনো অংশেই কম নয়, বরঞ্চ তাঁর সাহিত্য আলোচনাগুলি ভালোভাবে অনুধাবন করার জন্য এই ভাবনা চিম্বাগুলি মনে রাখা দরকাব। তার কারণ, এগুলি কোনো নিরপেক্ষ আলোচকের ভাবনা নয়। এ হল উপনিবেশিকতাবাদ বিরোধী বৌদ্ধিক সংগ্রামের এক সক্রিয় যোদ্ধার ভাবনা।

উপনিবেশিকতাবাদ রাজনীতি ছাড়িয়ে শিক্ষা, সংস্কৃতি আর সাহিত্যতেও তার প্রভাব বিস্তার করেছিল, মানুষকে বৌদ্ধিক স্তরেও দাস করে তুলেছিল, যাতে ভারত সাম্রাজ্যবাদের একটি স্থায়ী বাজার হয়ে ওঠে। রামচন্দ্র শুক্ত এই শতাব্দীর এক নিষ্ঠাবান যোদ্ধার মতো সাহসের সঙ্গে বৌদ্ধিক উপনিবেশিকতাবাদের মোকাবিলা করেছিলেন এবং হিন্দি সাহিত্যের মহান ঐতিহাসিক পরম্পরা অশ্বেষণ করে সেই সব সূত্রগুলির আধুনিক বিকাশ ঘটিয়েছিলেন, যেগুলি উপনিবেশিকতাবাদ-বিরোধী সংগ্রামের সাংস্কৃতিক স্তরে সহায়ক হয়ে উঠতে পারে। এই কাজটি, তিনি মূলতঃ কোন্ সামাজিক শ্রেণীর দৃষ্টিকোণ থেকে করেছিলেন, তাঁর আলোচনার সামাজিক আধার কি ছিল— প্রথমে তা আলোচনা করা যাক।

রামচন্দ্র শুক্রর মত ছিল যে, ইংরেজরা ভারতে এসে এখানকার অভান্তরীণ ঐক্যের পরম্পরাগত কাঠামোটি ভেঙে দিয়েছে, যার ফলে মূলতঃ কৃষক শ্রেণী বিপর্যস্ত হয়েছে। তিনি বলেছেন, "ইস্ট ইন্ডিয়া কোম্পানিরূপে ইউরোপের ঘৃণ্য বাণিজ্য-উত্মাদীরা ভারতে পা রেখেছে এবং সম্যজ্যের দ্বিস্তরীয় বিভাজন (কৃষক এবং বণিক)-এর যে সাযুজ্য এতদিন ধরে চলে আসছিল তাকে বিশৃদ্ধল করে দিয়েছিল।.... ভূমির সঙ্গে কৃষকের যে স্থায়ী সম্পর্ক ছিল তাঁ চিরদিনের জন্য লুপ্ত হয়ে গেল এবং উত্তরোত্তর তাদের নিঃস্বতে পরিণত

করা হল।" 'অসহযোগ আন্দোলন ও অবাণিজ্যিক শ্রেণী' (১৯২১) লেখাটির উপরোক্ত অংশে তাঁর তিনটি খুব গুরুত্বপূর্ণ বক্তব্য আছে। এক, ইংরেজরা কৃষকদের জমিতে নিজেদের ইজারা কায়েম করে নিয়েছিল। দুই, ভারতীয় বণিকদের ব্যবসায়িক পুঁজিবাদের কৃষকশ্রেণীর স্বার্থের সঙ্গে একটি গভীর সম্বন্ধ ছিল, যা বহু যুগ ধরে চলে আসছিল। তিন, ইংরেজরা কৃষকদের স্বার্থের পক্ষে অনুকূল এই সম্বন্ধটি বিশৃদ্ধল করে দিয়েছিল এবং সাম্রাজ্যবাদী কৌশলের সাহায্যে কৃষকশ্রেণীকৈ ক্রমশ নিঃস্ব করে ফেলেছিল, এতে কৃষকশ্রেণীই সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়ে ছিল। ভারতের বৃহত্তর আর্থিক পটভূমিকায় সাধারণভাবে এটাই ঘটেছিল।

ভারতের সামাজিক শ্রেণী সম্বন্ধে ভাবনা-চিন্তার এই পদ্ধতি থেকে এটা পরিকার ফুটে ওঠে যে, রামচন্দ্র শুক্রের পূর্ণ সহানুভূতি ছিল কৃষকশ্রেণীর প্রতি। তাঁর ভারতীয় সমাজের বিকাশ এবং সাহিত্য আলোচনার মতাদর্শের আধারও ছিল মূলতঃ এই শ্রেণী। তিনি নিজেও বংশ পরম্পরাগতভাবে এই শ্রেণীরই মানুষ ছিলেন, যদিও চাকরির সূত্রে তাঁর পরিবার শহরে এসেছিল। তিনি সেই সব শিক্ষিত বৃদ্ধিজীবীদের দলে ছিলেন না, যারা শহরে চাকরি পাওয়া বা বাড়ি বানিয়ে নেওয়ার পর পাশ্চাত্য কায়দা-কানুনে রপ্ত হয়ে যায় আর কৃষক সমাজের পরম্পরা এবং সততার প্রতি শমস্ত আন্তরিকতা কাটিয়ে ফেলে।

রামচন্দ্র শুক্ল সর্বদা এই পরম্পরা আর সততার সঙ্গে সাযুজা রেখেই তাঁর আধুনিক মতাদর্শের বিকাশ ঘটিয়েছেন। তিনি কখনও ভোলেননি যে, সাম্রাজ্যবাদ উন্নতশীল যে ভারতীয় কৃষকশ্রেণীকে নিঃস্ব হওয়ার পথে নিয়ে গেছে সেই কৃষকশ্রেণীর বৌদ্ধিক-আর্থিক উন্নতির জন্যই রাজনীতি, বিজ্ঞান এবং সাহিত্য।

সেই সময়কার সাহিত্য জগতে যখন সমালোচনা সাহিত্য খুব পিছিয়ে ছিল, দ্বন্দবাদ আর সামাজিক শ্রেণী বিশ্লেষণ ছিল অল্পবিদিত এবং শ্রমিক আন্দোলন ছিল অত্যন্ত সীমাবদ্ধ, তখন রামচন্দ্র শুক্র সমাজের বাস্তবতাকে খুব সৃন্ধভাবে চিনেছিলেন। তিনি জানতেন যে, এই বাস্তবতার ওপর সভ্যতাব বহু আবরণ রয়েছে। সমালোচকের দায়িত্ব এই আবরণগুলি সরিয়ে 'মূলবাস্তব'-এর খোঁজ করা। বাস্তবতাবাদ-এর প্রকৃত জ্ঞান তাঁর ছিল না, তবু তাঁর কাছে বাস্তববাদী আলোচনার অনেক সূত্র বর্তমান রয়েছে। তাঁর কাছে অন্তর্বিরোধেরও অভাব নেই। তা সত্ত্বেও যেমন একথা মানা যায় না যে তিনি পুঁজিপতিদের শোধনবাদী মতধারা গ্রহণ করেছিলেন, তেমনি একথাও মানা যায় না যে তিনি জমিদারদের পুনরুত্থানবাদী মতধারা গ্রহণ করেছিলেন। দুই শ্রেণীর মতধারার মধ্যে সামঞ্জস্য বিধানের চেষ্টা তিনি করেননি। বরঞ্চ তার আলোচনামূলক লড়াই ছিল মূলতঃ উচ্চন্দ্রেণীর মতবাদের বিরুদ্ধেই। স্বাভাবিক কারণেই জমিদার শ্রেণীর মতধারার কিছু তত্ত্ব তাঁর সাহিত্য ভাবনা, বিশেষ করে ভক্ত কবি তুলসীদাস সম্বন্ধে তাঁর ভাবনায় কোথাও কোথাও ঢুকে পড়েছে এবং পাশ্চাত্যের অন্ধ অনুকরণের প্রতিক্রিয়ায় পরম্পরার প্রতি আগ্রহ পরম্পরাবাদের রূপ গ্রহণ করেছে। কিন্তু এর ফলে তাঁর আলোচনার মুখ্য অভিপ্রায় এবং বক্তব্যে কোনো পরিবর্তন ঘটেনি। কারণ, তাঁর সাহিত্য সমালোচনার সমগ্র আধুনিক বিকাশ দেখে এটা বোঝা যায় যে, পরে অধিকাংশ ব্যাপারে তিনি তাঁর সমালোচনাকে পরম্পরাবাদ থেকে মুক্ত করে নেন এবং পরিবর্তনের নতুন পদ্ধতিকে স্বীকার করে পরম্পরার গতিশীলতা

এবং আধুনিকীকরণে জোর দেন। তিনি তাঁর যুগের অন্যান্য মহান সাহিত্যিকদের মতো, এমন একটি পরম্পরা অনুসন্ধান করেন যা ভারতের গ্রামীণ মধ্যবিত্তের জীবন-সারতত্ত্ব নিয়ে বিকশিত হওয়া আধুনিক জীবনের পরম্পরা — জাতীয় আধুনিকতার পরম্পরা।

ব্রিটিশ উপনিবেশিকতাবাদ ভারতে গোঁড়ামি, বিচ্ছিয়তা আর দারিদ্র বাড়িয়েছিল। সাম্রাজ্ঞাবাদী সংস্কৃতি প্রচার করেছিল। সূত্রাং এর বিরুদ্ধে সচেতন ভারতীয়দের মধ্যে আক্রোশ জেগে ওঠা স্বাভাবিক ছিল। শহর-জীবনে আক্রোশের হাওয়া দেখা যেতে লাগল। রামচন্দ্র শুরুও লক্ষ্য করলেন — "অন্য দেশের ধন-সম্পদ লুটে নেওয়ার জন্য ইউরোপের মহাযন্ত্র-প্রবর্তনের যে ক্রম শুরু হল, তাতে পুঁজি বিনিয়োগকারী সামান্য কিছু লোকের কাছে অপার ধনরাশি জমা হতে লাগল। কিন্তু অধিকাংশ শ্রমজীবী জনগণের পক্ষে অয় -বস্ত্রের সংস্থান করাও কঠিন হয়ে পড়ল। সূত্রাং একদিকে তো ইউরোপের যন্ত্রসভাতার বিরুদ্ধে, টলস্টয়ের ধর্মবৃদ্ধি জাগিয়ে তোলার বাণী শোনা গেল, গান্ধিজীর মধ্যে যার ভারতীয় সংস্করণ পাওয়া গেল। অন্যদিকে এই ঘার অর্থনৈতিক বৈষম্যের প্রতিক্রিয়া হিসেবে সাম্যবাদ আর সমাজবাদ নামক তত্ত্ব এল, যা রাশিয়ায় অত্যন্ত উগ্ররূপ ধারণ করে প্রচন্ত পরিবর্তন আনল" (হিন্দি সাহিত্য কা ইতিহাস)। রামচন্দ্র শুক্র তাঁর লেখায় সাম্রাজ্যবাদী আধুনিকীকরণকে শুধু ব্যাখ্যাই করেননি, পরিবর্তনের দিকনির্দেশও দিয়েছিলেন।

সে যুগে পরিবর্তনের দৃটি ঐতিহাসিক দিশা একদম স্পষ্ট ছিল — আদর্শবাদ আর সমাজবাদী বিপ্লব। এর মধ্য থেকে কোনো একটিকে বেছে নেওয়া নির্ভর করছিল সেই সময়ের সামাজিক পরিস্থিতির উর্বরতার ওপর। জাতীয় আফোশের সেই মুহূর্তে ধর্মবৃদ্ধি জাগিয়ে ক্লান্ত হয়ে যাওয়া নিষ্ক্রিয় আধ্যাত্মিক আদর্শবাদ কোনোভাবেই পর্যাপ্ত ছিল না। অনাদিকে ভারতের অবস্থা রাশিয়ার মতো ছিল না। স্বয়ং রামচন্দ্র শুক্রের মধ্যেও, রাশিয়ার সমাজবাদী বিপ্লবকে অনুধাবন করার মতো সঠিক বোধের অভাব ছিল। সর্বহারা চেতনার সামাজিক বিকাশ ঘটতে না পারা এবং ব্রিটিশ উপনিবেশিকতাবাদের কঠোর দমনের পরিস্থিতিতে ভারতীয় সমাজে সোজাসুজি সমাজবাদী বিপ্লবের পথ বেছে নেওয়া সম্ভব ছিল না। তা সত্ত্বেও কঠোর দাসত্ত্ব, দারিদ্র আর বিচ্ছিন্নতা থেকে মুক্তির জন্য কোনো না কোনোভাবে ব্রিটিশ উপনিবেশিকতাবাদকে চ্যালেঞ্জ জানানো, ভারতীয় সমাজকে গতিশীল বানানো এবং তার আর্থিক আর বৌদ্ধিক পুনর্নির্মাণে প্রয়াসী হওয়া দরকার ছিল। সুতরাং, রামচন্দ্র শুক্র ভ্রকল্যানমূলক ধারণা প্রবর্তন করেলন।

সমাজের আধুনিক বিকাশ যেমন সাম্রাজ্ঞাবাদের মতো রাজনৈতিক অমানুষিকতা সৃষ্টি করেছিল, তেমনি কিন্তু পরিবর্তনেরও সূত্রপাত ঘটিয়েছিল। রামচন্দ্র শুক্র 'হিন্দি সাহিত্যের ইতিহাস'-এ আধুনিক যুগের এই রকম সামাজিক আর্থিক পরিবর্তনের উময়নশীল ঘটনাগুলিকে সাধারণভাবে স্থাগতই জানিয়েছেন— "শোষক সাম্রাজ্ঞাবাদের বিরুদ্ধে রাজনৈতিক আন্দোলন ছাড়াও এখানে কৃষক আন্দোলন, শ্রমিক আন্দোলন, অছ্যুৎ আন্দোলন ইত্যাদি বহু আন্দোলন, এক বিশাল পরিবর্তনবাদের নানান ব্যবহারিক অক্ষ হিসেবে চলেছে।" ভারতীয় সমাজের এই ঘটনাগুলিকে ক্ষয়িষ্ণু পুঁজিবাদের বিরুদ্ধে সারা

দুনিয়ায় ছড়িয়ে-থাকা বিক্ষোভের সঙ্গে সংযুক্ত করে তিনি পরে লিখেছেন— "এই আন্দোলনগুলি পৃথিবীর অন্যান্য জায়গার আন্দোলনের সঙ্গে সামঞ্জস্য রেখে ঘটেছে। যার ফলে এগুলিকে পৃথিবী জোড়া বিক্ষোভের অংশ বলে মনে হচ্ছে।"

নবজাগরণ ততদিনে সারা পৃথিবীর মানুষের বিবেক এতখানি জাগ্রত করে তুলেছিল যে, এখন তারা শুধু মধাযুগীয় গোঁড়ামি থেকেই মুক্তি নয়, সংশোধনবাদ আর উপনিবেশিক বিকাশ থেকে আলাদা একটি সম্পূর্ণ সামাজিক-রাজনৈতিক পরিবর্তন চাইছিল। এই কারণেই আনেক দেশে এই সময়ে— বিংশ শতাব্দীর পূর্বার্দ্ধে বিপ্লব ঘটেছিল। পরে সম্পূর্ণ সামাজিক-রাজনৈতিক পরিবর্তনের ধারণার স্থান গ্রহণ করে নিল 'তীব্র আধুনিক বিকাশ' এবং বিপ্লবের ধারাটি বিংশ শতাব্দীর উত্তরার্দ্ধে প্রায় অবরুদ্ধ হয়ে গিয়েছিল। এই সময়ে মধাযুগীয় গোঁড়ামি, উত্তর-আধুনিকতাবাদ এবং বৌদ্ধিক উপনিবেশিকতাবাদের দুদুভি আবার বেজে উঠল।

একটি ইংরেজী পত্রিকা 'হিন্দুস্থান রিভিউ'-এর ফেব্রুয়ারী, ১৯০৭ সংখ্যায় প্রকাশিত রামচন্দ্র শুক্লের 'ভারত কো ক্যা করনা হ্যায়' লেখাটি থেকে এটা স্পষ্ট হয়ে যায় যে, সাহিত্য জগতের একজন মানুষ তাঁর সময়ের সম্পূর্ণ পরিবর্তনের গণ-আকাঞ্চ্ফাগুলিকে কত ভালভাবে অম্বেষণ করেছেন। এটি পড়ে মনে হয় যে. এর গুরুত্ব প্রেমচন্দের 'সোজেওতন' (১৯০৮)-এর মতো, যা ইংরেজ-রাজ বাজেয়াপ্ত করে দিয়েছিল। 'ভারত কো ক্যা করনা হ্যায়' লেখাটির জন্য কলেক্টর উইনধম শুক্লজীর বাবাকে সতর্ক করে দিয়েছিলেন— 'আপনার ছেলে বিপ্লবী হয়ে উঠছে।' সেই সময় মতামত প্রকাশের ব্যাপারে ভীষণ কড়াকড়ি ছিল। তা সত্ত্বেও রামচন্দ্র শুক্ল সাম্রাজাবাদের বিরুদ্ধে নির্দ্বিধায় তাঁর মত ব্যক্ত করেছেন— "ভারতে, ব্রিটিশ শাসনের নীতিগুলি সাম্রাজ্যবাদকে অবলম্বন করে রয়েছে। এটা স্পষ্ট যে ভারতীয় প্রশাসনে ব্রিটেনের কাঠামোর চিহ্নমাত্র নেই, চেহারা অবশ্য অনেকটাই ওখানকার মতো, কিন্তু আসলে উল্টো। আমাদের এখানে পৌরসভা. বিধানসভা, কী নেই? কিন্তু আসলে এগুলি অর্থহীন, শুধু লোক দেখানো ব্যাপার। অফিসে সং-প্রতিদ্বন্দ্বিতা অথবা গুণের কোনো কদর নেই, শিক্ষা এই অফিসগুলিতে তিরস্কৃত হয়, যোগ্যতা বিচার করা হয় না। অফিসগুলি হচ্ছে কপটতা আর ধৃর্ততার কেন্দ্র। এখানে শুধু একটি জিনিস দরকার— অভিজ্ঞতা, যার অন্য নাম হচ্ছে 'হুজুর' আর 'সেলাম' বলে যাওয়ার দক্ষতা। যার এই দক্ষতা নেই সে যতই শিক্ষিত আর সৎ হোক, ভিতরে ঢুকতে পারে না। জেলা অধিকর্তাদের তো বারবার 'হুজুর' শোনার অভ্যেস তৈরি হয়ে গেছে।" এরকম বক্তবো কালেক্টর সতর্ক না করে কি পুরস্কৃত করবেন ?

রামচন্দ্র শুক্রের 'ভারত কো ক্যা করনা হ্যায়' যখন ছাপা হয়েছিল, তখন তাঁর বয়স প্রায় ২৩ বছর। ১৯০৭ সালের দিনগুলিতে রামচন্দ্র শুক্র যে মনে করেছিলেন ভারতে ব্রিটিশ সাম্রাজ্ঞাবাদের টিকে থাকা উচিত নয়, এটা কোনো সাধারণ ব্যাপার নয়। এ একটি যুগের সামগ্রিক পরিবর্তনের পূর্ব সূচনা।

ইংরেজ রাজত্বে ইংরেজিয়ানায় ডুবে যাওয়া ভারতীয়রা কীভাবে তাদের নিজস্বতা হারিয়ে ফেলেছিল, তার প্রতিও রামচন্দ্র শুক্ল ব্যঙ্গভরা ইঙ্গিত করেছেন—— "ভারত সরকারের নিজস্ব কিছু চাহিদা আছে। এই চাহিদা যারা পূরণ করে তারা ভাগাবান এবং স্বর্গের সুখ ভোগ করতে পারে। এমন ভাগাবানরা তাদের সমস্ত নিজস্বতা খুইয়ে ফেলে, এবং ক্ষমতার অঙ্ক হয়ে ওঠে। হিন্দুদের ধারণা অনুযায়ী তারা সত্যি সত্যিই মোক্ষ লাভ করে" (প্রাপ্তক্ত)। আক্রোশ ছাড়াও আচার্য শুক্লের লেখায় 'উইট' প্রথম থেকেই রয়েছে। 'মোক্ষ' শব্দটি থেকে প্রমাণিত হয় যে 'উইট' কতখানি আক্রমণাত্মক।

ব্রিটিশ উপনিবেশিকতাবাদকে রাজনৈতিক-প্রশাসনিক স্তবে নগ্ন করা ছাড়াও রামচন্দ্র শুক্র আর্থিক আধারের দিকেও মনোযোগ দিয়েছিলেন এবং শোষণের গোটা প্রক্রিয়াটি বোঝার জন্য জনগণের মধ্যে শিক্ষা প্রসারের গুরুত্বের কথা বলেছিলেন। কিন্তু কেমন শিক্ষা? অবশাই ঔপনিবেশিক শিক্ষা নয়। তাঁর বক্তব্য ছিল যে 'অন্যান্য ব্যাপারগুলি ছাড়াও শিক্ষা প্রভাবশালী এই কারণে যে তা থেকে একটি উচ্চতর দায়িত্ববোধ জন্মায়। তা সেলাম ঠোকা আর কর-উত্তোলন করার চেয়ে অনেক বড় আকাঙক্ষা সৃষ্টি করে। আনন্দের কথা এই যে বঙ্গদেশে এই বড় অভাবটি দূর করা হচ্ছে। আমি মনে করি শিক্ষার অর্থ এটাও যে, সাধারণ গুরুত্বপূর্ণ ব্যাপারগুলিতে আমাদের নেতাদের চিন্তাধারা সাধারণ নিরক্ষর জনতার কাছে পৌঁছে দেওয়া যাতে দরকার পড়লে, জ্ঞানেব অভাবে জনগণ যেন সহযোগিতা থেকে তাদের বঞ্চিত না করেন। প্রতিটি গ্রামবাসীর জানা দরকার যে, প্রচুর কাজ করা সত্ত্বেও তার উপার্জন এত কম কেন এবং প্রতিটি নাগরিককে জানানো দরকার যে তাদের চাকরির এত অভাব কেন? এবং প্রতিটি ভারতবাসীকে বুঝতে হবে যে তার দেশ দিনে দিনে ক্রমশ গরীব হয়ে কেন যাচ্ছে? চাইলে আপনারা এটাকে রাজনৈতিক শিক্ষা বলতে পারেন" (প্রাগুক্ত)। শিক্ষা সম্বন্ধে এমন বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী সে সময় ভারতে অন্য কারুর ছিল না। যে জাতীয় শিক্ষা রোমাণ্টিক কাঠামো-র দিকে এগোচ্ছিল, রামচন্দ্র শুক্র তাকে 'ক্লাসিকাল- র্যাশন্যাল' কাঠামো দিতে চাইলেন। কিন্তু তিনি তার কোনও ব্যবহারিক রূপ দিতে পারলেন না। ইটালির মার্কসবাদী চিন্তানায়ক আান্টোনিও গ্রাম্শী এই ধারাতেই ভাবনা চিন্তা করেছেন এবং শিক্ষাকে এমন একটি কাঠামো দিতে চেয়েছেন, যা নৃতন রাজনৈতিক প্রয়োজনগুলির অনুকূল। এই রকম কাঠামোর উদ্দেশ্য ছিল—রাজনীতি বোধ, মানবতার বুনিয়াদি মূল্যবোধ সৃষ্টি, বৌদ্ধিক এবং আর্থিক আত্মনির্ভরতা এবং নৈতিক স্বাধীনতা। শিক্ষার সঙ্গে রাজনীতির সম্পর্ক নিয়ে যে বিতর্ক বর্তমানে রয়েছে, তাতে একথা বেশির ভাগ ক্ষেত্রে মনে রাখা হয় না যে, সমাজ এবং রাজনীতি থেকে স্বতম্র কোনো অস্তিত্ব শিক্ষার থাকতেই পারে না। প্রতিষ্ঠিত রাজনৈতিক-আর্থিক সম্পর্কটি জারি রাখার জন্যই শিক্ষাকে রাজনীতি থেকে সরিয়ে রাখার কথা বলা হয়। অথচ আসলে, সামাজিক কাঠামো আর রাজনৈতিক লক্ষ্যে যে সব পরিবর্তন এসেছে, তার সঙ্গে শিক্ষার সামঞ্জস্য দরকার, যাতে শিক্ষার্থী নতুন ব্যবহারিক চ্যালেঞ্জগুলির মোকাবিলা করতে এবং নতুন প্রয়োজনানুসারে নিজস্ব ব্যক্তিত্বের স্বতঃস্ফূর্ত বিকাশ ঘটাতে পারে।

রামচন্দ্র শুক্ত মনে করতেন আর্থিক বিকাশের জন্য শিল্পায়ন একটি গুরুত্বপূর্ণ উপকরণ। এই জন্য নিখেছিলেন— "ভারতের আর্থিক অবস্থা ঠিক করার জন্য অনেক কাজ করতে হবে। শিল্পায়নের বৃদ্ধি আর সংস্কারের প্রয়োজন যা মূলতঃ নির্ভর করে কারিগরী শিক্ষার ওপর" (প্রাগুক্ত)। আচার্য শুক্ত পূঁজিপতিদের স্বার্থপরতার বিরোধিতা করলেও শিল্পায়ন এবং কারিগরী প্রগতিকে সমর্থন করেছেন— "আমাদের এমন অনেক শিল্প এবং বৌদ্ধিক কেন্দ্র দরকার যা মানুষকে কাজ এবং পরিসেবার বিনিময়ে ভাল বেতন দেবে। যে কোনো সংখ্যক লোকের জন্য কাজের প্রচুর অবকাশ থাকা দরকার। এই দৃষ্টিভঙ্গীতে স্বদেশী আন্দোলন একটি প্রয়াস চালিয়েছে" (প্রাগুক্ত)। রামচন্দ্র শুক্ত চাইতেন যে শিল্পায়ন বা কারিগরী প্রগতি ঔপনিবেশিক পথে না ঘটে জাতীয় পথে ঘটুক।

তিনি জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য, রাজনীতি— এই সব বিভিন্ন বিষয়গুলিকে পরস্পর থেকে বিচ্ছিন্ন করে নয়, পরস্পরের সঙ্গে সম্পর্কিত করে দেখতেন এবং প্রতিটি বস্তুর সঙ্গে অন্য বস্তুর সম্পর্ক রয়েছে বলে মানতেন। তিনি বস্তুকে বস্তুনিষ্ঠতার সাথে সাথে সমগ্রতার দৃষ্টি নিয়ে দে≺তেন। প্রতিটি জিনিস এবং বিষয়ে নিজস্ব বৈশিষ্ট্য ভালভাবে বুঝতেন, কিন্তু এটাও মানতেন যে পরম্পরের সঙ্গে সম্পর্কিত হয়েই সমগ্রতার মধ্যে তাদের বিকাশ সম্ভব, অনাথায় নয। রামচন্দ্র শুক্ল তাঁর যুগের সাধারণ মহান উদ্দেশাটি অনুধাবন করেছিলেন এবং এ ব্যাপারে সমস্ত বিষয়গুলিকে সম্পর্কিত করার উদ্দেশ্য নিয়ে বলেছিলেন, "আমাদের সমাজ-সংস্কারক, রাজনৈতিক-আন্দোলনকারী, কবি এবং শিক্ষাবিদদের একই সাথে, একই সময়ে দরকার। আমাদের সবচেয়ে বেশি আবশ্যক সেই সব লোকেদের, যাঁরা নিষ্ঠার সঙ্গে অনুসন্ধান করবেন যে প্রতিট্রি ক্ষেত্রে এমন ব্যক্তি আছে কিনা যিনি সময়ের চাহিদা পূরণ করতে পারেন। আমরা দেখি যে, ব্যক্তি সাধারনতঃ জীবনের কোনো একটি বিষয়কে আঁকড়ে থাকে, অন্যান্য বিষয়ের সঙ্গে তার কোনো সম্পর্ক থাকে না। কোনো মানুষ চাইবে না যে এই উপর্যুক্ত অবস্থা বজায় থাকুক।" তাঁর কাছে স্পষ্ট ছিল যে সেই যুগের সাধারণ মহান উদ্দেশ্য হল— ঔপনিবেশিকতাবাদের ধ্বংস করে জাতীয় পুনর্নির্মাণ। একজন সাহিত্যিক হিসেবে তিনি সাহিত্যের ইতিহাস, সমাজ-বিজ্ঞান, বিজ্ঞান, মনোবিজ্ঞান, দর্শন, রাজনীতি ইত্যাদির সঙ্গে গভীর অন্তর্সহন্ধ স্থাপন করেছিলেন এবং দেশে ছড়িয়ে-পড়া ঔপনিবেশিকতাবাদের সাংস্কৃতিক তত্ত্বগুলির প্রত্যুত্তরে এক অখণ্ড বৌদ্ধিক উন্মেষের জাতীয় পথ প্রশস্ত করেছিলেন।

শোধনবদি এবং পুনরুত্থানবদি— দুইয়ের প্রতিই কটাক্ষ করে তিনি লিখেছেন "এই আন্দোলনে আমরা এমন মানুষ পেয়ে যাব যারা ইউরোপের কোনো নবীনতম পাগলামিকে মানব-প্রগতির চরম বিন্দু বলে স্বীকার করে নেয় এবং সে সব বস্তুকে ঝোঁটিয়ে বিদায় করতে চায় যা অতীত থেকে পাওয়া। সঙ্গে সঙ্গে এমন ব্যক্তিও এখানে জুটেছে, যারা প্রাচীন ভারতের স্বপ্ন-ভাবনায় নিমা এবং প্রাচীন কালের সমস্ত কিছুকেই আবার ফিরিয়ে আনতে চান" (অসহযোগ আন্দোলন তথা অব্যাপারিক প্রেণীয়াঁ)। স্বাধীনতা আন্দোলনে তৃতীয় শক্তির ঐতিহাসিক ভূমিকাটিকেও তিনি অনুধাবন করেছিলেন— "এই আন্দোলনে যুক্ত এমন ব্যক্তিও আছেন, যাঁরা নিজেদের জন্মভূমি আর দেশের প্রতি ভক্তির আধুনিক বোধের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত— তাঁরা এমন ব্যক্তি যাঁরা জাতি, ধর্ম বা মতের ক্ষেত্রে একতার ভাবনাকে দৃঢ়তার সঙ্গে আঁকড়ে রয়েছেন।"

উপনিবেশিকতাবাদের সঙ্গে সংখাতে জাতীয় বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীটিকেই রামচন্দ্র শুক্র 'বিভেদের মধ্যে ঐক্য' বলেছেন— নানা ধর্ম, জাতি, ভাষা আর আঞ্চলিক বৈশিষ্ট্য সম্পন্ন ভারতীয় সমাজে "নানা বিভেদের মধ্যে ঐক্য স্থাপনের দৃষ্টিভঙ্গীই প্রকৃত তত্ত্ব দৃষ্ট" হয়ে উঠতে পারে। জনগণের মুক্তি সংগ্রামের ব্যাপ্তির জন্য ধর্ম, জাতি, ভাষা বা অঞ্চলের মধ্যে বিভাগ না করে, বিভিন্ন শ্রেণীর মধ্যে পৃথকীকরণ করা অনিবার্য। শ্রেণীসংগ্রামের দৃষ্টিভঙ্গী নিঃসন্দেহে রামচন্দ্র শুক্রের ছিল না। কিম্ব 'ভেদের মধ্যে অভেদের প্রকৃত তত্ত্ব দৃষ্ট' দ্বারা তিনি জাতীয় অখণ্ডতার ভাবনা উপস্থাপিত করেছিলেন। বিজ্ঞানের প্রতি গভীর অনুরাগ ব্যতিরেকে এই রকম তত্ত্ব দৃষ্টি উপস্থাপিত করা কঠিন। ঐক্যের, অভেদের এই ভাবনা নবজাগরণের এক অদ্বিতীয় অবদান, যার পিছনে ব্রহ্মমীমাংসার সংস্কৃতি নয়, রয়েছে বিজ্ঞানের সংস্কৃতি। একথা স্মরণে রাখতে হবে যে সাম্রাজ্যবাদের সঙ্গে সংগ্রাম যত দীর্ঘ এবং ব্যাপক হয়ে উঠেছিল, এই সংস্কৃতিও ততই দৃঢ় হয়েছিল।

### আধুনিকীকরণ এবং আত্মপরিচয়

সাহিত্যকে উন্মুক্ত, অনৌপনিবেশিক এবং বিকশিত ভূমিতে প্রতিষ্ঠিত করার উদ্দেশ্যেই রামচন্দ্র শুক্ল পশ্চিমের অন্ধানুকরণের বিরোধিতা করেছিলেন।

এর অর্থ এই নয় যে রামচন্দ্র শুক্ল পশ্চিমের বিরোধী ছিলেন। তিনি পাশ্চাত্য সংস্কৃতি আর বিজ্ঞানের সঙ্গে প্রাচ্যের সম্পর্ককে চিরদিন সমর্থন করেছেন। তাঁর সাহিত্য এই ধরনের অন্তঃক্রিয়ার একটি আদর্শ উদাহরণ। তিনি শুধু অন্ধ পাশ্চাত্য-অনুকরণের বিরোধিতা করেছেন, মানবতার কাছে সমর্পিত পশ্চিমের মহান গণতান্ত্রিক অবদানগুলির বিরোধিতা করেননি। তাঁর ভাবনা-চিন্তা পূর্বকেন্দ্রিক ছিল না, তাই তিনি একদিকে ক্রোচেব বিরোধিতা করেছেন তো অন্যদিকে আই.এ.রিচার্ডস-কে গ্রহণ করেছেন। হেকেলের মতো যুক্তিবাদী, শেলী-বানর্স-এর মতো কবি, হেগেল, স্পেনসরের মতো দার্শনিকদের প্রশংসা করেছেন। তিনি পশ্চিমের অন্তর্বিরোধ জানতেন। তিনি পরিষ্কার নি≺েছেন— "আমাদের উদ্দেশ্য এই নয় যে, ইউরোপের সাহিত্য-ক্ষেত্রে যে সব ব্যাপারগুলি উঠে এসেছে, এখানে তার চর্চা না হয়। যদি আমাদের বর্তমান জগতের মধ্যে থেকে পথ বের করতে হয়. তাহলে সেখানকার অনেক মতবাদ আর প্রবৃত্তি, আচরণ এবং সেগুলি উৎপন্নকারী পরিস্থিতির সম্পূর্ণ পরিচয় জানতে হবে। সেই মতবাদগুলির ভালভাবে চর্চা করে, সেগুলির সম্পূর্ণভাবে বিচার করে এবং তার মধ্যে যেটুকু সত্য লুকিয়ে রয়েছে, আমাদের সহিত্যের বিকাশে তাকে কাজে লাগাতে হবে" (হিন্দি সাহিত্য কা ইতিহাস)। তাঁর লক্ষ্য ছিল সাহিত্য আর সংস্কৃতির নিজম্ব পরম্পরার আধুনিক জাতীয় বিকাশ, অন্ধ পাশ্চাত্য অনুকরণ नग्र ।

রামচন্দ্র শুক্র সাবধান করে দিয়েছিলেন যে "বর্তমান যুগের বিশ্বের অনেকটা রূপই, ইউরোপ বিজ্ঞানসাধনা দ্বারা দাঁড় করিয়েছে। কিন্তু তার অর্থ এই নয় যে এযুগের সমস্ত রূপবিধান ইউরোপই করবে আর আমরা সহজেই, জীবনের প্রতিটি ক্ষেত্রে তারই দেওয়া রূপকে গ্রহণ করে রূপবান হতে থাকব। আমাদের বিকাশের নিজস্ব শক্তি কি চিরদিনের

জন্য শেষ হয়ে গেছে ?" ইউরোপের ঔপনিবেশিক কাঠামোর আধুনিকতাবাদী জ্ঞান-বিজ্ঞান, এশীর দেশগুলির নিজস্ব পরম্পরা এবং ক্ষমতাকে নির্দ্বিধায় ধ্বংস করে দিচ্ছিল, যার ফলে এরকম প্রতিটি সমাজ, ভারতীয় সমাজও তার আত্মপরিচয় হারাতে শুরু করেছিল। আজও যেমন প্রশ্ন ওঠে যে, কারিগরী বিকাশ কতথানি আমদানী করা উচিত, কতথানি নয় অথবা কোন উদ্দেশ্যে তা করা উচিত, তখনও সেই রকম প্রশ্ন উঠত যে সংস্কৃতি আর বিজ্ঞানের পশ্চিমী রূপকে কতথানি গ্রহণ করা হবে, কতথানি নয়, কারণ ভারতে ঔপনিবেশিক লক্ষ্যের সঙ্গে যুক্ত এই রূপ এতথানি ছড়িয়ে পড়েছিল যে স্বাধীনচেতা ভারতীয় বৃদ্ধিজীবীরা আত্মপরিচয়ের সংকট অনুভব করছিলেন।

রামচন্দ্র শুক্ল সেই সমস্ত জীবন্ত জাতীয় পরস্পরা এবং শক্তিকে আহ্বান জানিয়েছিলেন, যা আধুনিক বিকাশের জাতীয় পথে অবরুদ্ধ ছিল। এমন আহ্বান সে যুগে ছিল বলেই ১৯১৮-তে ইংরেজদের 'মন্টেগু-চেমসফোর্ড রিপোর্ট'-এর এই ঘোষণাটি মিথ্যা প্রমাণিত হল যে. ''ভারতের জনগণের যে অংশের মধ্যে রাজনৈতিক চেতনা রয়েছে তারা— বৌদ্ধিক রূপে আমাদের সন্তান।" এমন সোহাগভরা দাবির সৃন্ধ চালাকি ছিল এই যে. আগামী বেশ কয়েক শতাব্দী ধরে ভারতের জনগণ যেন বৌদ্ধিক এবং রাজনৈতিক ব্যাপারে সাম্রাজ্যবাদের ওপর নির্ভরশীল হয়ে পড়ে, তাকে শক্র না মনে করে। আজ যেভাবে বিভিন্ন আন্তর্জাতিক মুদ্রাকোষ, বহুজাতিক কোম্পানি এবং উন্নত কারিগরী পিছিয়ে থাকা বা কম উন্নত সমাজগুলিতে তাদের সৃন্ধ চতুরতার জাল ছড়াচ্ছে, সেই ভাবে বিংশ শতাব্দীর শুরুতে এমন একটা পরিস্থিতি সৃষ্টি করা হয়েছিল, যাতে ভারতের জনগণ ব্রিটিশ সাম্রাজ্যবাদকে তাদের আধুনিক বিকাশের হাতিয়ার মনে করে। জাতীয় মুক্তি আন্দোলনের ফলে সাম্রাজ্যবাদের এই চাল হার মানল, যদিও ১৯৪৭-এর পর বৌদ্ধিক উপনিবেশীকরণ-এর নতুন রূপ ধারণ করে তা রাজনীতি আর সাহিত্য-সংস্কৃতিকে অনেকাংশে আত্মপরিচয়হীন করে তুলতে সফল হয়েছে। সাম্রাজ্যবাদ-বিরোধী ভারতীয় সংগ্রামের মহান অবদান এবং আত্মপরিচয়ের সামান্য চিন্তাও যাদেব মধ্যে অবশিষ্ট আছে. তাদের আর একবার সেইসব মনীষীদের কাজগুলির পর্যালোচনা করতে হবে, যাঁরা স্বাধীন আধুনিক আত্মপরিচয়ের সংগ্রামে নিজেদের জীবন উৎসর্গ করে দিয়েছিলেন। রামচন্দ্র শুক্ল ছিলেন সেই মনীমীদের একজন। যারা পাশ্চাত্য 'বাদ' বক্ষের কাঁচা অথবা ঝরে পড়া পাতাগুলিকে পারিজাত পত্রে-র মতো প্রদর্শিত করে গর্ব অনুভব করে, তাদের সকলের প্রতিই তিনি ক্রদ্ধ ছিলেন। পশ্চিমকে আমাদের জীবনের মানদণ্ড বানানোর তিনি বিরোধী ছিলেন। কারণ, নিজের দেশ আর তার সাংস্কৃতিক ঐত্যিহ নিয়ে তাঁর গর্ব ছিল। এই গর্ব যে অমূলক ছিল না, তা তিনি তাঁর ইতিহাস আর সাহিত্য আলোচনার মাধ্যমে প্রমাণ করে দিয়েছিলেন। তিনি দেখিয়েছিলেন যে আমাদের কাব্যের, আমাদের সাহিত্য-শাস্ত্রের একটি স্বতন্ত্র রূপ আছে যার বিকাশের ক্ষমতা আর পদ্ধতিও স্বতন্ত্র। এটি অন্য দেশের সাহিত্য-পর্যালোচনার প্রতি নিষেধাজ্ঞা নয়, এ হলো নিজের দেশের সাহিত্য-সংস্কৃতি আর আলোচনার অনৌপনিবেশীকরণ (De-colonialization)।

নিজের দেশ এবং তার সাহিত্য-সংস্কৃতির প্রতি অনুরাগ না থাকলে অনৌপনিবেশীকরণ

সম্ভব নয়, আত্মপরিচয়ের ব্যাকুলতাও সৃষ্টি হয় না, এই জন্য উপনিবেশিকতাবাদ বিরোধী সংগ্রামের প্রথম শর্ত হল নিজের দেশ এবং তার সাহিত্য-সংস্কৃতির প্রতি ভালোবাসা। দেশের জনগণের মহান ঐতিহাসিক সংগ্রাম, তার সাহিত্য-সংস্কৃতির ঐতিহ্য এবং তার বর্তমান জীবনের প্রতিটি বিন্দুর সঙ্গে গভীর পরিচয় ব্যতীত এই প্রেম জন্মায় না। দেশের মানুষ এবং প্রকৃতির সঙ্গে পরিচয় যত গভীর হয়, এই প্রেমও ততই বাড়তে থাকে। এই প্রেম হল বৌদ্ধিক প্রেম, কোনো মোহান্ধতা নয়। ঔপনিবেশিক যুক্তিবাদীদের পাশ্চাত্য অনুকরণ আর বিশ্বমানবতাবাদীকরণের ধারণার প্রতিক্রিয়ায় রামচন্দ্র শুক্ত সঠিকভাবেই জাতীয়তার পক্ষ অবলম্বন করেছিলেন এবং এর জন্য দেশপ্রেম আবশ্যিক মনে করেছিলেন। তাঁর দেশপ্রেম বস্তুত দেশের মাটি, প্রকৃতি আর মানুষের প্রতি প্রেমেরই অনা রূপ। এই প্রেম বিমূর্ত নয়। সেই জন্যই তিনি চ্যালেঞ্জে জানিয়ে বলেছেন— "দেশপ্রেমের দোহাই যারা দেয় তাদের মধ্যে ক'জন আছে যাঁরা নিজের কোনো ক্লান্ত-প্রান্ত ভায়ের ছেড়া-ফাটা জামা দেখে খুশিমনে অথবা অন্তত বিরক্ত না হয়ে— মনে কোনো মালিনা না রেখে ঘরের মেঝেটুকুও ময়লা হতে দেবে ? মোটা মোটা মানুষ, তোমরা যদি সামান্যও রোগা হয়ে যেতে, তাহলে কত কংকালসার মানুষের গায়ে মাংস লাগত" (চিন্তামনি-২)।

রামচন্দ্র শুক্ল চেয়েছিলেন আধুনিকীকরণ আর দেশপ্রেমের মধ্যেকার সম্পর্ক নষ্ট না হয়ে বরঞ্চ দেশের গ্রাম, তার মানুষ-জন আর তাদের জীবনের বাস্তবতার সঙ্গে আধুনিকীকরণ সম্পর্কিত হোক। তিনি আধুনিকীকরণের একটি জাতীয় রূপ অনুসন্ধান করছিলেন, যার অপরিহার্য সম্পর্ক থাকবে এই দেশের মাটি, প্রকৃতি এবং মানুষের সঙ্গে। কিন্তু রাজনৈতিক স্বাধীনতার পর কি ঘটল? আধুনিকীকরণ যতই ব্যাপ্ত হল, কারিগরী শিল্পের প্রয়োগ যত বাড়ল, রঙীন টিভি সেট ঘরে ঘরে যত ঢুকে পড়ল, তত্তই মানুষের পৃথিবী আত্ম-সংকৃচিত আর শিকড়হীন হয়ে উঠতে লাগল। সিমেন্ট, ইম্পাত আর ইলেকট্রনিক্স তাকে সমস্ত শ্যামলিমা, রঙ, গন্ধ, নদী, পশু, গ্রাম্য রাখাল আর কৃষক থেকে বিচ্ছিন্ন করে দিল। তারা দেশে থেকেও নিজের দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে গেল। প্রকৃতির একটি অংশ হওয়া সত্ত্বেও আজকের মানুষ তার সমগ্রতা থেকে ক্রমাগত বঞ্চিত হতে থাকল। প্রকৃতির করুণা আর সৌন্দর্য থেকে দূরে সরে গেল। এইভাবে মানুষ নেরাশ্য আর দৃঃখনির্ণতার দ্বীপে আবদ্ধ হতে থাকল। অগণতান্ত্রিক আধুনিকীকরণের অর্থব্যবন্থায় প্রতিদিন নিজের আত্মপরিচয় ক্রমশ হারাল। ভারতে আধুনিকীকরণ বস্তুত এসেছে এখানকার মাটি, প্রকৃতি আর মানুষের সঙ্গে সম্পর্কহীন হয়ে, তা মূলতঃ আমাদের সমাজ, সংস্কৃতি আর সাহিত্যকে নিঃশ্ররিক্ত করে তোলার প্রয়াস চালিয়েছে, যাতে ঔপনিবেশিকতাবাদ নতুন সুযোগ পায়।

ব্যাপক বৌদ্ধিক উপনিবেশীকরণের বিপদ আঁচ করে রামচন্দ্র শুক্র তাঁর মহান জাতির স্বাধীন অখণ্ড পরিচয়ের ওপর জাের দিয়েছিলেন এবং আধুনিক মানবতার একটি সুস্পষ্ট দিশা নির্ধারিত করেছিলেন— "দেশবদ্ধ মনুষ্যত্ত্বের অনুভব থেকেই প্রকৃত দেশভক্তি বা দেশপ্রেম সৃষ্টি হয়। যে হৃদয় পৃথিবীর সমস্ত জাতির মধ্যে নিজের জাতির স্বাধীন সভা অনুভব করতে পারে না, সে দেশপ্রেমের দাবী করতে পারে না।" আচার্য শুক্রের সমস্ত লেখাই হক্তে বিশ্বের সবজাতির মধ্যে নিজের মহান জাতির স্বাধীন আত্মপরিচয়ের অনুসন্ধান।

শুধু অনুসন্ধান নয়, একটি সংগ্রামও। অনুসন্ধান তখনই সংগ্রামে পরিণত হয়, যখন তার মূল উদ্দেশ্য হয় পরিবর্তন। রামচন্দ্র শুকু শুধু চিস্তানের পরম্পরাগত পদ্ধতিতেই নয়, ব্যবস্থাতেও পরিবর্তন চেয়েছিলেন। তিনি সাম্রাজ্যবাদের সঙ্গে লড়াই করে নিজের জাতি আর তার সংস্কৃতির স্বাধীনতা চেয়েছিলেন। তাঁর পূর্ণ বিশ্বাস ছিল যে, "দেশের স্বাধীনতার সাথে সাথে আমাদের সাহিত্যও বিদেশী আধিপত্য থেকে স্বাধীনতা লাভ করবে।"

রামচন্দ্র শুক্রের সাহিত্য সমালোচনা ভারতীয় সমাজ, দর্শন ও ইতিহাসের সঙ্গে এমন ঘনিষ্টভাবে সংযুক্ত যে তাকে নিরপেক্ষভাবে বিবেচনা করা যায় না। যে সব সমস্যার মোকাবিলা আমরা এই শতাব্দীর শেষে কবে চলেছি, প্রায় সেইসব সমস্যার মোকাবিলা রামচন্দ্র শুক্র নিজ পদ্ধতিতে এই শতাব্দীর প্রথমার্দ্ধে করেছিলেন। গুনার বেশ কিছু বিশ্লেষণ এবং সিদ্ধান্তে আমরা সহমত পোষণ করতে না পারলেও, তাঁর এই পুস্তকে প্রকাশিত রচনাবলী থেকে যে পরম্পরা ও বিকাশের ধারণা লাভ করে থাকি তা আমাদের আধুনিক বিকাশের বিষয়গুলির মূল্যায়নে যে পথ দেখায়, সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই।

রামচন্দ্র শুক্রের নির্বাচিত প্রবন্ধগুলিকে অনুবাদকমগুলীর সদসাবৃদ্দ খুব পরিপ্রমের সঙ্গে অনুবাদ করেছেন। এই প্রবন্ধ সংকলনের গুণগত মান যা দাঁড়িয়েছে তা সমস্তই অনুবাদকমগুলীর কৃতিত্বের জন্যই সম্ভব হয়েছে। সাধারণত অনুবাদে মূলের আনন্দ লাভ করা যায় না। এমনকি বস্তুর গভীরতার ক্ষেত্রেও কিছু সংকোচন ঘটে যেতে পারে। তা সত্ত্বেও আমরা সন্মিলিতভাবে হিন্দির বরেণা সমালোচক রামচন্দ্র শুক্রের নির্বাচিত প্রবন্ধাবলীর তত্ত্বগুলি যাতে বাঙালী পাঠকসমাজের কাছে পোঁছে যায়, তার চেষ্টা করেছি। পরিশেষে পাঠকসমাজের নিকট আবেদন এই যে, আমাদের এই কাজটিকে হিন্দি ও বাংলা সাহিত্যের জগতে সাংস্কৃতিক বিনিময় হিসেবে গ্রহণ করবেন এবং ক্রটি ধাকলে মার্জনা করবেন।

## ভারতের করণীয় কী

'ভারতের করণীয় কী'? এই প্রশ্নটি এতই ব্যাপক যে, এই বিষয়ে মনঃসংযোগ করতে হলে একে কয়েকটি অংশে ভাগ করতে হবে। বাস্তবে এই বিষয়ে কতকগুলি উপপ্রশ্ন লুকিয়ে আছে, যেমন— নিজস্ব সমাজ ব্যবস্থায় ভারতের করণীয় কী? রাজনৈতিক পরিস্থিতিতে পরিবর্তন আনতে ভারতের কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত ইত্যাদি। এ-ধরনের প্রশ্নের বিভাজন এজন্যও দরকার যাতে এর ব্যবহারিক মূল্যায়ন করা যায়। আমরা যদি এমন সমস্ত কর্মীবৃন্দ পাই যাঁরা এই প্রশ্নের বিভিন্ন কর্মধারার সমাধানে নিজেদের নিয়োজিত করে শুধুমাত্র নিজের কাজে ব্যস্ত থাকেন তাতে কি কিছু কাজ হবে? কোনো একটি কর্মপদ্ধতির পরিবর্তে অপর একটি কর্মপদ্ধতিকে প্রাথমিকতা দিতে পবিবর্তনশীল সময়ের पित्क **अ**न्त तार्र इत। आमल, आमार्मत ममाज-मःस्नातक, ताजनीजिरिम, আন্দোলনকারী, কবি ও শিক্ষাবিদ--- এঁদের সবাইকে একসঙ্গে একই সময়ে প্রয়োজন। কিম্ব এঁদের চাইতে এমন সমস্ত ব্যক্তিদের সর্বাধিক প্রয়োজন যাঁরা অতি জরুরীভাবে नका करत्व रा, विभिष्ठ कार्यत्कत्व वित्मष कान्य প্রয়োজনীয়তাকে কার্যকরী করার মতো যথেষ্ট সংখ্যক লোক আছে কি নেই। কিন্তু এখন বাস্তব পরিস্থিতি এমন যে, এ-সমস্ত কেউ পছন্দ করবে না। অনেক সময় আমরা এমন বৈশিষ্টাপূর্ণ কোনো কাজে যোগ্যতাসম্পন্ন ব্যক্তির দেখা পাই যিনি ভিন্ন ধরনের কর্মে নিযুক্ত ব্যক্তি সম্পর্কে অবহেলার মনোভাব দেখান, যা কোনও ভাবেই বাঞ্ছনীয় নয়। বরং প্রত্যেক ব্যক্তির উচিত অন্যের কাজে সাফল্য লাভের জন্যে গৃহীত প্রক্রিয়াকে সাধুবাদ জানানো বা তাতে বিশ্বাস স্থাপন করা। বিশেষ করে এসমস্ত সাফল্য পরবর্তীকালে কোনও সাধারণ উদ্দেশ্যসাধনের অনিবার্য অঙ্গ বলে বিবেচিত হতে পারে। কিন্তু যে পথ ধরে আমাদের এগুতে হবে তা যেন আমাদের সৃষ্টির অন্তরালে না যায়। এই পথে গৃহীত কোনো ভুল পদক্ষেপ পরবর্তীকালে অনম্ভ ব্যর্থতার জন্ম দিতে পারে।

গুরুত্বের খাতিরে সর্বপ্রথম যে বিষয়ের ওপর আমাদের মনোনিবেশ করা দরকার, তা হচ্ছে সামাজিক দুর্নীতিগুলিকে দূর করার কাজে হাত দেওয়া; কারণ, সোজাসুজি এর প্রভাব সেই সমস্ত সামাজিক শ্রোতগুলির ওপর পড়ে, যেখান থেকে আমরা প্রত্যেকটি কর্মক্ষেত্রে কাজ করার মতো কর্মীদল পেতে পারি। যদি আপনি এসমস্ত সৃজনীশক্তিকে উপেক্ষা করেন তাহলে সঠিকভাবে কোথা থেকেও কোনো কিছু আশা করতে পারেন না। মোদ্দা কথা হল এই যে, কোনো কাজ সম্পন্ন করতে প্রথমে উপকরণ সামগ্রীর খোঁজ পড়ে তারপর তার ব্যবহার-বিধি জানতে উদগ্রীব হই। যদি আমরা সমাজে পরিব্যাপ্ত কোনও একটি কুসংস্কারের প্রভাবকে লক্ষ্য করি, তাহলেই ব্যাপারটি সহজে বোধগম্য

হবে। উদাহরণস্বরূপ বাল্য বিবাহের ব্যাপারটিই ধরা যাক। এই কুপ্রথা, সমাজের বিভিন্ন ক্ষেত্রে যে ব্যাপক ক্ষতিসাধন করছে তার বর্ণনা দিতে কেউই সক্ষম নন। এর একমাত্র কারণ আমাদের শারীরিক, মানসিক ও নৈতিকতার অধঃপতন। নিজের ছাড়া অন্যান্য ব্যাপারে নজর দেবার জন্য প্রয়োজনীয় শক্তি ও সুযোগ থেকে বঞ্চিত করে এই প্রথা আমাদের স্বার্থপর তৈরি করেছে এবং এভাবেই আমাদের মধ্যে জাতীয় চিন্তা-ভাবনাকে বিকশিত করার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। যদি কোনও সৃষ্থ ও শিক্ষিত সমাজে এই প্রথাকে চালু করে দিয়ে লক্ষ্য রাখেন তাহলেই এর পরিণতি অতি সহজে বুঝতে পারবেন। সেই সমাজে ব্যক্তির গতি প্রকৃতির সীমানা তার অক্ষমতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে নিশ্চিতভাবে সন্ধৃতিত হতে থাকবে এবং সেই অনুপাতে তার গতিবিধি দ্বারা প্রভাবিত ব্যক্তির সংখ্যাও হ্রাস পেতে থাকবে। পরিণামে সমাজ সম্পূর্ণভাবে একটি গোষ্ঠীর রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা ব্যক্তিদের তুলনায় (এই প্রথা প্রবর্তনের পর) পরবর্তী প্রজন্মের এমন সমস্ত ব্যক্তিসমুদয়ের দেখা মিলবে, যাঁরা শুধুমাত্র নিজস্ব পরিবার পরিজনদের দেখাশানাতেই ব্যস্ত থাকবেন। আরও নিচের ধাপে আপনি দেখে মর্মাহত হবেন, কারণ সেখনে অধিকাংশ নিজের ছাড়া অপরের চিস্তা-ভাবনা করবেনই না।

একটি শক্তিশালী সমাজ গঠনের পর তার যে সমস্ত সদস্য বা কমী যে কোনও কাজের জন্য প্রস্তুত থাকলে আমাদের উচিত তাদের প্রশিক্ষণ দেবার ব্যাপাবে চিন্তা-ভাবনা করা। যে শিক্ষা অন্যান্য ব্যাপারের সঙ্গে সঙ্গে উচ্চদায়িত্ব সম্পন্ন হতে প্রেরণা যোগাবে। এবং সে-সমস্ত উচ্চাকাঙ্ক্ষা পালনের ক্ষেত্র প্রস্তুত করে এমন সমস্ত ব্যক্তি, যারা মোসাবেহী করতে বা খাজনা আদায়ের কাজের থেকে বড় হয়। আমরা দেখে খুশি যে বাংলার ভাইয়েরা বহুকালের সঞ্চিত এই সমস্ত অভাব দূর করতে সচেষ্ট। শিক্ষা সম্পর্কে আমার বক্তব্য, সাধারণ গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের নেতৃবৃদের মতামত অশিক্ষিত জনগণের মধ্যেও সম্প্রসারণ করা দরকার, যাতে সুযোগ এলে অশিক্ষিত জনতার সাহচর্য থেকে বঞ্চিত না হতে হয়। প্রতিটি গ্রামবাসীর জানার অধিকার আছে, বেশি কাজ করিয়ে তার পরিবর্তে পারিশ্রমিক কেন কম দেওয়া হয় ? প্রত্যেকটি নাগরিককে তাদের পরিষেবার চাহিদা এত কম কেন এ সম্পর্কে সম্যকরূপে অবহিত করতে হবে। এবং বাস্তবসম্মতভাবে প্রত্যেকটি ভারতীয়কে স্পষ্টত জানতে হবে যে কেন তার স্বদেশ দিনের পর দিন দারিদ্রোর করাল গ্রাস কবলিত হয়ে যাচ্ছে ? যদি আপনাদের মনে এ-ধরনের শিক্ষাকে রাজনৈতিক শিক্ষা বলে মনে হয় তাহলে তা মনে করতে অসুবিধা নেই। এধরনের শিক্ষা দিতে নানা রীতি ও প্রযুক্তি আমাদের গ্রহণ করতে হবে। স্কুল ও কলেজই শিক্ষাদানের একমাত্র স্থান হওয়া উচিত নয়। সুবিধামত স্থানে সার্বজনীক বক্তৃতার আয়োজন করে ও দক্ষ কুশলী ব্যক্তিদের গ্রামে গঞ্জে পার্টিয়ে অশিক্ষিতরা যাতে প্রভাবিত হয় এমন যাবতীয় পরিস্থিতিতে কান্ত করার জন্য তাদের অনুপ্রাণিত করা ইত্যাদি বহু কিছু আমরা করতে পারি। ভারতীয় জনমানসের পটভূমিকে এক সামঞ্জস্যপূর্ণ ধরাতলে এনে প্রতিষ্ঠিত করতে দেশীয় ভাষা ও সাহিত্যের ক্রমবর্দ্ধমান ভূমিকাকে আমরা বোধহয় উপেক্ষা করতে পারি না। এখানে আমি জ্ঞানের বিভিন্ন ক্ষেত্র সম্পর্কিত ব্যাপারে বিস্তৃত ব্যাখ্যায় যেতে চাই না। এতটা

বলাই যথেষ্ট যে এই বিষয়গুলির মধ্যে কোনো একটির ওপর আমরা কতটা মনোনিবেশ করব তা স্থির করতে সময়ের প্রয়োজনীয়তাই আমাদের পক্ষে সর্বাধিক গুরুত্বপূর্ণ হওয়া দরকার। উদাহরণস্বরূপ, ভারতীয় অর্থনৈতিক ব্যবস্থার প্রয়োজনীয়তা হল এই যে, অন্য কোন কাজ করার পূর্বে তার আনুষঙ্গিক শিল্পোদ্যোগগুলির পরিবর্দ্ধন ও পরিমার্জন করা এবং যাকে আমরা যান্ত্রিকীকরণ প্রক্রিয়া বলি তার ওপর সর্বাধিক নির্ভরশীল হওয়া।

এবার আমরা নিজেদের কাজকর্মের সেই অংশের ওপর নজর দিই, যার প্রতি সাধারণ জনগণের সর্বাধিক ভীতি আছে। তাতে এমন কিছু বাড়াবাড়ি না করাই শ্রেয় যার ফলে সরকারকে অনুরোধ করতে হয় যে তাঁরা যেন আমাদের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখেন এবং এমন সমস্ত পদক্ষেপ গ্রহণ করেন যাতে আমাদের প্রগতির পথে বাধা না হয়ে বরং অগ্রগতির পথে যেন সহায়ক হয়। দুঃখের ব্যাপার এই যে, আমাদের ভারত সরকারের নিজস্ব কিছু প্রাক্-মতবাদ ও বিচিত্র মানসিকতা দ্বারা পুষ্ট ভাবধারা আছে। আবার কিছু किছু लाक्ख अपन আছেন याँता সরকারী মতবাদ অনুসরণ করা পছন্দ করেন। এঁরা সেই সব সৌভাগ্যবানদের পর্যায়ভুক্ত যাদের জন্য 'স্বর্গেব সাম্রাজ্যে প্রবেশাধিকার শুধুমাত্র নির্দিষ্ট'। এ সমস্ত সৌভাগ্যবানেরা নিজস্ব বিশিষ্ট সমস্ত রকম পরিচিতি হারিয়ে ফেলেন এবং শেষ পর্যন্ত সেই পরমসভার সঙ্গে একাত্ম হয়ে পড়েন। এই ভাবেই হিন্দু ভাবধারানুসারে মোক্ষ লাভ করেন। সমস্ত কিছুই এভাবে চলতে থাকলে ব্রিটিশ সরকার জনগণের কাছে বদনামের ভাগী হবেন। যদি আমাদের সরকার শান্তি, সম্বৃষ্টি ও সম্প্রীতি কামনা করেন তাহলে তাকে তাঁর পূর্ব চরিত্র হতে সম্পূর্ণ ভিন্ন ধরনের নীতি ও লক্ষ্য প্রবর্তন করতে হবে। ব্রিটিশরা আমাদের চিন্তাধারার বিপক্ষে সাধারণত যে-সমস্ত প্রামাণ্য তথা হাজির করে থাকেন তা হল আমাদের চিন্তাভাবনা, জনগণের চিন্তার প্রতিফলন নয়। ইংরেজরা চালাকি করে আমাদের নেতৃরন্দকে 'লক্ষ কোটি মানুষের স্বঘোষিত প্রতিনিধি' হিসাবে চিহ্নিত করে। সর্বপ্রথমে সার্বজনীন ব্যাপারে কোন ব্যক্তিবর্গের মতামত বর্জনীয় এ সম্পর্কে প্রশ্ন করার অনুমতি আমাদের দেওয়া হোক। এরা কি সেই সমস্ত ব্যক্তি নন, যাঁদের আপনারা নিজের কোনো বিশেষ উদ্দেশ্যে সব ব্যাপারেই অন্ধকারে রেখেছেন? এবং যারা আপনাদের পূর্ব পরিকল্পিত বিষয়গুলির রূপায়ণে গৃহীত পদক্ষেপের সুযোগ নেবার আশায় বসে আছে। প্রথম শ্রেণীর ব্যক্তিদের নিজস্ব কোনও মতামত নেই। অপরপক্ষে দিতীয় পর্যায়ভুক্ত ব্যক্তিদের নিজম্ব মত পরিবেশন করার প্রবণতা আছে, কিন্তু তারা সংখ্যায় ও বৌদ্ধিক দৃষ্টিতে এত নগনা যে আমাদের আন্দোলনের নৈতিক চরিত্রের প্রতিনিধিত্বে কোনো রকম সন্দেহ তাদের মধ্যে জাগে না। যতদূর পর্যন্ত আমরা নজর করেছি তাতে বুঝেছি যে সাম্রাজ্যবাদী নীতিই ব্রিটিশ রাষ্ট্রনীতির অনুপ্রেরণা বলে চিহ্নিত হয়েছে। ব্রিটিশরা এমন অবস্থা করে রেখেছে যে ভারতীয় প্রশাসনে তাদের নিজস্ব ব্রিটিশ পরিকল্পনার লেশমাত্র নজরে পড়ে না। এতে কোনো সন্দেহ নেই যে ব্রিটিশরা বাইরের আকৃতি ও রূপ অক্ষত রেখে অভান্তরীণ সার-তত্ত্ব বিনষ্ট করে দেয়। আমাদের হাতে মিউনিসিপাল বোর্ড (পৌর পর্যদ) আছে, আইন পরিষদ আছে। কী নেই? কিন্তু লোক দেখানো ছাড়া তাদের আর কোনও উদ্দেশ্য আছে কি? আমাদের প্রশাসনিক জগতে

এমন কোনো স্থান আর নেই যেখানে প্রতিযোগিতায় নামা অথবা যোগাতা যাচাইয়ের কোন সুযোগ আছে, যদি বা থেকে থাকে, শিক্ষা এখানে দ্বারপ্রান্তে এসে ধিকৃত হয়। গুণ ও বিশেষত্ব যাচাই না করেই ঘরে বসে নাকচ করে দেওয়া হয়। এটি সম্পূর্ণ কৃত্রিম ও চালাকিব জগৎ রূপে পরিণত। এখানে শুধুমাত্র 'অভিজ্ঞতা'র প্রয়োজন যা তোষামুদির ও 'জো হুজুরি'র পুনরাবৃত্তির নামান্তর মাত্র। যার 'তৈলমর্দনে'র যোগ্যতা নেই, সে যত বড় বিদ্বানই হোক না কেন, এখানে প্রবেশাধিকার পাবেন না। আমাদের দেশীয় উচ্চাধিকারীগণ বিশেষ করে জেলাধিকারীদের বহুসংখ্যক লোকের মুখে 'হুজুর' কথাটি শোনার মানসিকতাপোষণ এমন ভাবে মনে জাঁকিয়ে বসেছে যে কোনও দেশীয় লোকের মুখে হজুর ছাড়া অন্য কোনও কথা সহ্য করতে অক্ষম, যদি না সে অন্ততপক্ষে তাঁকে তোষামোদ ভরা কথা বলে। উপরোক্ত কথাগুলি বলার উদ্দেশ্য এটাই যে রাজকীয় স্বীকৃতি কখনও উচ্চতম উপলব্ধির দ্যোতক হতে পারে না। আমাদের পুরস্কার বা স্বীকৃতি অনাত্র খুঁজতে হবে। হয় এই স্বীকৃতি আমরা সৎ চিত্ত ব্যক্তিরা অন্তবে খুঁজে পাব, নয় তো আমরা যদি অর্থ উপাজর্নের স্বার্থে কাজ করি তা হলে টাকার থলি বা সিন্দুকে বুঁজে পাব। যদি আপনি যোগ্য ব্যক্তি হন, তাহলে আমাদের কবিরা আপনার গুণগান বা যশোগান করবে, আমাদের জীর্ণ-দীর্ণ সাধারণ মানুষ তাদের বাহু প্রসাবিত ও আলিঙ্গনে বদ্ধ করে আপনাকে স্বাগত জানাবে, আমাদের ললনারা আপনাব ওপর পুস্পবৃষ্টি করবে। আপনি চরম বিপদগ্রস্ত হলে আপনার দুঃখে অশ্রু বিসর্জন করবে। আপনি যেখানে যাবেন, আপনাকে অনুসরণ করবে। সৎ ও জাতীয় একনিষ্ঠতাব উচ্ছাসে যা একান্ত ভাবে মিথ্যা ও কৃত্রিমতার বিরুদ্ধেই দাঁড়াবে। আপনাকে এক পলকের জন্য দেখা পেতে লোকে ব্যাকুল হবে। মানবিক অহংবোধের তৃষ্টির জন্য এটাই কি যথেষ্ট নয় ?

এইভাবে যখন আমরা শিক্ষার সীমারেখাকে বিস্তৃত করে অধিকাংশ ব্যক্তিদের সুসংস্কৃত ও সভ্য করে ফেলব, তখন নিজেদেরকে সাফল্যমণ্ডিত করার জন্য আমাদের এমন সমস্ত উপায় উদ্ভাবন করতে হবে যার ফলে ব্যক্তি বা জনসমষ্টি সুষ্ঠু জীবনের পথে এগিয়ে যেতে সক্ষম হতে পাবে। এটা তো নিশ্চিত যে ওই সমস্ত ব্যক্তি সমুদয়কে আমাদের গোষ্ঠী বা সমাজ জীবিকা উপার্জনের সুযোগ করে দিতে পারবে না। এরকম পরিস্থিতিতে তাদের কর্ম-পরিষেবার সদ্বাবহার করতে বা উচিত মূল্য দিতে আমাদের শিল্প ও শিক্ষার বিভিন্ন কেন্দ্র স্থাপন করতে হবে। লোকসংখ্যা যত বেশিই হোক না কেন, তাদের জন্য কাজের সুযোগ যেন যথেষ্ট থাকে।

এই মর্মে স্বদেশী আন্দোলনের মাধ্যমে একটা চেষ্টা চালানো হয়েছে। অনাহার থেকে রক্ষা করতে ও স্থায়ী জীবিকার খোঁজে লক্ষ লক্ষ মানুষকে জীবিকা প্রদানের উদ্দেশ্যে এই আন্দোলন সংগঠিত। এর মূলে কিন্তু কোনো দুর্ভাবনা বা প্রতিশোধের ভাবনা কাজ করছে না। এটি সম্পূর্ণ রূপে বিশুদ্ধ ও ছলনাশূন্য নীতি, অতএব এর সঙ্গে বরিশালের নীতি ব্যবহার করা যায় না। আমরা সহানুভৃতিপূর্ণ ভাবনায় অনুপ্রাণিত। সদাশয়ী খ্রীষ্টান ভাইসকল, আমরা কি আপনাদের কাছেও অনুরূপ প্রত্যাশা করতে পারি? আপনারাও কি মানবতার খাতিরে সাহায্যের হাত প্রসারিত করবেন না? অথবা বলবেন যে 'আমরা

অন্য কোনো বিষয়ের পরোয়া করি না। আমরা শুধুমাত্র নিজস্ব পকেট ভারী করতে আগ্রহী?' 'ভর্ত্তি করতে থাক, নয়তো অনাহারে মর' এইটাই কি আপনার শাসকীয় সিদ্ধান্ত হবে? অদ্যাবধি আমরা নিজ কর্তব্যের প্রতি চোশ বুজে ছিলাম এবার আমরা তার প্রতি সজাগ হয়েছি। এই মুহূর্তে যাঁরা আমাদের সঙ্গে আছেন, তাঁরা আমাদের বন্ধু। যাঁরা নিজেদের নিম্পৃহ করে রেখেছেন তাঁরা উদাসীন এবং যাঁরা আমাদের বিরুদ্ধাচরণ করেন তাঁরা আমাদের শক্র। হে, আমার দেশবাসী, যে চিকিৎসা ব্যবস্থা আপনারা উদ্ভাবন করেছেন, সেটিই একমাত্র নিদান, তাকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরে রাখুন। নিজস্ব মুঠো আলগা হতে দেবেন না। নচেৎ তা সদা সর্বদার জন্য নাগালের বাইরে চলে যাবে। তাহলে আপনাদের বিনাশ অবশাস্তাবী হয়ে উঠবে। নিজের শক্রপক্ষকে কখনও একথা বলার সুযোগ দেবেন না যে, ওদের ভাবনা চিস্তা এক সংক্রামক ব্যাধির মতো।

8066

অনুবাদ: কাশীনাথ গাঙ্গুলী

# মুক্তবৃদ্ধির স্বপক্ষে

গত শতাব্দীতে ইউরোপে যতটুকু পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূবিদ্যা, প্রাণীবিদ্যা, শরীরবিজ্ঞান ইত্যাদির নতুন নতুন আবিস্কারের কথা মানুষ জানতে পারল এবং নতুন নতুন তত্ত্ব নির্ধারিত হতে नाগन, তাতে জগৎ সম্পর্কে মানুষের পূর্বে যে ধারণা ছিল, তা পরিবর্তিত হতে গুরু করন। পূর্বে ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর বিষয়ের কারণ না জানার জন্যে সে-বিষয়কে ঈশ্বরের দান বলে মনে করা হত। কিন্তু বিজ্ঞান সমগ্র বিশ্বপ্রকৃতির কার্যকারণকে এমন विमान मृद्धारन मृद्धानिত करत উপञ्चिত करत रय, जात करन कान विषया निम्हूप इता বসে থাকা অসম্ভব হয়ে যায়। জ্ঞানচক্ষুকে বহুদূর পর্যন্ত প্রসারিত করার জন্যে পথ উল্মোচিত হয়ে যায়। দূরবীক্ষণ, অণুবীক্ষণ, রশ্মি বিশ্লেষক ইত্যাদি যন্ত্রের সাহায্যে আমাদের দৃষ্টিশক্তি বহুদূর পর্যন্ত প্রসারিত এবং সৃক্ষ্ম থেকে সৃক্ষ্মতর বস্তু আমাদের দৃষ্টিগোচর হয়। দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে অন্তরীক্ষে যে অসংখ্য গোলকপিও আছে, তা জানা যায় এবং সে-সব গোলকপিণ্ডের কোথায় কার অবস্থান তা জানা সম্ভব হয়। রশ্মি বিশ্লেষক যন্ত্রের সাহাযো প্রত্যক্ষ হয়েছে যে, যে-সব মৌলিক বস্তু বা উপাদান দ্বারা আমাদের এ-পৃথিবী সৃষ্টি হয়েছে, সে-সব উপাদান দ্বারা সমস্ত গ্রহ নক্ষত্রের সৃষ্টি হয়েছে। এ-সব গ্রহ নক্ষত্রে এর অতিরিক্ত আর কোন উপাদান নেই। প্রথম দিকে পৃথিবী জল বায়ু ইত্যাদি ছাড়া মানুষের চোখের দৃষ্টি আর বেশি দৃর প্রসারিত হয়নি। কিন্তু বর্তমানে রসায়ন শাস্ত্রের বিশ্লেষণে জল এবং বায়ু ইত্যাদি কোন্ মৌলিক উপাদান দ্বারা গঠিত তা আমরা জানতে পেরেছি। পদার্থবিজ্ঞান সমস্ত জড় জগতের পদার্থ এবং গতিশক্তির কার্য প্রমাণিত করেছে। मानीक अनुमान शिरात विकासमान ज्व अतनक श्राष्ठीनकान थिएक श्राष्ठा अवः পাশ্চাত্য— দু'জায়গাতেই আছে। এক অব্যক্ত মূল প্রকৃতি থেকে কীভাবে ক্রমে ক্রমে জ্ঞগতের বিকাশ সাধন হয়েছে, সাংখ্যতে তার প্রতিপাদন আছে। গ্রীক দার্শনিকরাও জগতের ক্রমবিকাশকে সাংখ্যর মতোই মনে করেন। কিম্ব বৈজ্ঞানিক সিদ্ধান্ত ও দার্শনিক অনুমানের মধ্যে অনেক ফারাক আছে। দার্শনিকরা শুধু আভাসই দেন, কিন্তু বৈজ্ঞানিকরা অনুমানকে সন্ধান করেন। যে-সময়ে ডারউইন প্রাণীর উৎপত্তি এবং তার ক্রম বির্বৃতন সম্পর্কে অনেক প্রত্যক্ষ প্রমাণ উপস্থিত করেন, সে-সময়ে অনেক মানুষ, বিশেষত পাদরিরা তাঁর বিরুদ্ধে দাঁড়ান। কিন্তু অনেক বৈজ্ঞানিকই ডারউইনের এই বিবর্তনবাদকে নতুন নতুন প্রমাণ দ্বারা সমৃদ্ধ করতে তংপর হয়ে ওঠেন। জার্মানীর বিশ্ববিখ্যাত প্রাণীবিদ্যা বিশারদ অধ্যাপক হ্যাকলে তাঁদের মধ্যে অগ্রণী ভূমিকা নেন। তিনি ১৮৬৬ সালে, অর্থাৎ ডারউইনের গ্রন্থ প্রকাশের দু'বছর পরে 'প্রাণী দেহের গঠনপ্রণালী' নামে এক সুবৃহৎ গ্রন্থ প্রকাশ করেন। যে-গ্রন্থে তিনি নতুন নতুন অনুসন্ধান দারা অত্যন্ত সুন্দরভাবে প্রমাণ করেন

যে, পৃথিবীতে একই ধরনের গঠনপ্রণালীর জীব অন্য গঠনপ্রণালীতে ক্রমশ রূপান্তরিত হতে লক্ষ লক্ষ বছর লেগেছে, এবং তা নিয়ত ধীর পরিবর্তনের মাধ্যমে অব্যাহত আছে। হ্যাকলে সৃক্ষাতিসৃক্ষ জীব থেকে শুরু করে মানুষ পর্যন্ত উৎপত্তির যে-শৃদ্ধল রচিত হয়েছে, তা দেখিয়েই তিনি সম্ভষ্ট হননি, বরং বিবর্তনের বিশ্বব্যাপী নিয়মকে দেখিয়ে নিজীব সজীব জড় চেতন— সমস্ত কিছুকেই এই নিয়মের অধীন বলেছেন। বর্তমানে তো বিজ্ঞানের প্রতিটি শাখার গবেষকরা তাঁদের নিজস্ব বিষয়ের নিরূপণ বিবর্তনবাদ অনুসারেই করেন।

विवर्जनवाम कि विरश्नत সমস্ত ঘটনাবলীর মূলের সম্যক ব্যাখ্যা করতে পারে ? সত্যি কথা বললে বলতে হয়, তা সম্ভব নয়। দেহের এবং আত্মার বিবর্তনকেই উদাহরণ হিসেবে নিন। শরীরবিদ্যা এবং মনোবিজ্ঞান— এই দুয়ের মধ্যে একই প্রকার নিয়মের চরিতার্পতা, এবং এই দুয়ের একই সঙ্গে উত্তরোত্তর বিবর্তন দেখানো হয়েছে সতা, কিন্তু তা সত্ত্বেও বলা যায় শরীর এবং মন এক নয়। বিবর্তনবাদের নিরূপণ অনুযায়ী মন বা আত্মার উৎপত্তি প্রথম হয়েছে বলে মনে হয়নি। कीভাবে সংবেদন সূত্রের জন্যে বস্তুর স্পন্দন সংবেদনের রূপ হিসেবে পরিণত হয়েছে, সে-রহস্য উন্মোচিত হয়নি। এ ধরনের কোন পরিণতি বস্তু জগতে দেখা যায় না। এই কঠিন সমস্যাকে কিছু মানুষ এ বক্তব্য রেখে সমাধান করতে চায় যে, বস্তর প্রতিটি পরমাণুর অভ্যস্তরে অন্তর-জ্ঞান বা অব্যক্ত সংবেদন থাকে, যা গ্রহণ বা বর্জনের মাধামে উপস্থিত হয়। কিন্তু আমরা চেতনা অর্থাৎ মন তার নিজস্ব সংস্কারের বোধ-বৃত্তি থেকে জন্মায় কিনা জানতে আগ্রহী, যা থেকে এই অন্তর সংজ্ঞা ভিন্ন। হ্যাকলে মস্তিরের অভান্তরে প্রতিবিশ্ব বা সংস্কার গ্রহণ করতে সক্ষম এমন এক গ্রহণধর্মী অবয়বের কথা বলেন, কিন্তু তা দিয়ে চেতনার ঘটনা বুঝতে কোন সাহায্য করে না। শুধু এটুকু বললেই কি যথেষ্ট যে, বস্তুর ওপর প্রতিবিশ্ব পড়ে। এতে বোঝা যায় না, সেই বস্তুর কি এ-অনুভব আছে যে, তার ওপর প্রতিবিম্ব পড়েছে। বা প্রতিবিম্ব এ-রকম।

বিবর্তনবাদ দ্বারা আমরা এ-সব কিছুর সমাধান করতে পারি না। বিবর্তনবাদ শুধুমাত্র দটনাগুলির পূর্বাপর পরম্পরা বা স্ফুরণই দেখায়। এ-সব ঘটনা কেন ঘটছে, বস্ত বা সদ্ভার শুদ্ধ (ইন্দ্রিয় নিরপেক্ষ) স্বরূপ কী, তা বিবর্তনবাদের জ্ঞানা নেই। সে শুধুমাত্র স্থির লক্ষণের (symptom) কথা বলে, স্বরূপ লক্ষণের কথা বলে না। সূতরাং সন্ভার বিশ্লেষণের জন্যে বিজ্ঞানের ক্ষেত্র থেকে বের হয়ে পরাবিদ্যা বা শুদ্ধ দর্শনের দিকে যেতে হয়।

এ বিশ্ব কী? এ বিশ্ব-সতার বাস্তব স্বরূপ কী? এ-বিষয়ে দর্শনের তিনটি দৃষ্টিভঙ্গী আছে— ১. বস্তবাদ বা লোকায়ত মতবাদ, যে-মতবাদ অনুসারে শরীর বা বস্তই হচ্ছে একমাত্র সত্তা। ২. অদ্বৈত আত্মবাদ বা ভাববাদ। অদ্বৈত আত্মবাদীদের (আত্মা) মধ্যে কেউ কেউ আত্মাকে এক বস্তুসতা বলে মনে করেন। আবার কেউ কেউ বৌদ্ধদের মতো ক্ষণিক বিজ্ঞানসমূহ বা চেতন-অবস্থানগুলিকে গ্রহণ করেন। কিন্তু দু'সম্প্রদায়ের মানুষ বস্তুগত শরীর বা ব্রহ্মজগতের স্বতন্ত্ব সত্তাকে অস্বীকার করেন। ৩. বাহ্যার্থবাদ— যে মতবাদ বস্তু এবং আত্মা — দৃটিকেই ভিন্ন সত্তা মনে করে বাহ্য জগতকে যথার্থ বলে।

১. বস্তবাদ অনুযায়ী যা-কিছুর অস্তিত্ব আছে সবই বস্তু এবং যাকে আমরা আত্মা বলি, তা হছে বস্তর ঘটনাসমন্তি বা গুণবিশেষ মাত্র। হ্যাকলে যদিও তার মতবাদের নাম বস্তবাদ রাখেননি, কিন্তু তা বস্তবাদই। জগতের মৌলিক উপাদান বা মুখ্য বস্ততে উপনীত হয়ে তিনি তাকে পরমতত্ব বলেছেন, যা নিতা এবং নিজের নিতা নিয়মে আবদ্ধ। সেই পরমতব্বের অভিব্যক্তি বস্তু এবং গতিশক্তি— এদুটি রূপেই প্রকাশিত হয়। মূল বৃত্তি বা প্রবৃত্তিই হচ্ছে তার সংবেদন (জড় সংবেদন) থানে ব্যাক্তি ব্যাক্তিন জন্যে সে কোন কায়গায় ঘণিভূত হয়ে অনেকত্বের দিকে প্রবৃত্ত হয়েছে। পরমাণুর প্রবৃত্তিতে সে আরও বাপকভাবে ব্যক্ত হয়েছে। শুক্রকীটাণু এবং রক্তকীটাণুকে হ্যাকলে ঘটকাত্মা বলে অভিহিত করেছেন। গর্ভান্তে অঙ্কুরাত্মা, চারাগাছ, তত্মাত্মা, এবং প্রাণীদের মধ্যে সূত্রাত্মা আছে। এভাবে সংবেদনকে বস্তর ব্যাপক গুণ মনে করে তিনি তাঁর সিদ্ধান্তকে বস্তবাদ না রেখে তত্মাকৈতবাদ রেখেছেন। কিন্তু তাঁর এই সংবেদন জড়ই। সূতরাং তাঁর জড়াদৈতবাদ আদতে বস্তবাদই। চেতনার অসংহত নিতা সত্যার স্বীকার এর মধ্যে নেই। তাঁর সংবেদনকে যদি আমরা এক ধরনের আত্মাঘটনা বলে স্বীকার করেও নিই, তাহলেও তা ক্রিয়া বা গুণমাত্র। বস্তু বা সত্যা নয়।

ভারতবর্ষের চার্বাক বা লোকায়ত মতবাদ এ-ধরনেরই ছিল। যে মতবাদ চেতনা-সম্পন্ন দেহ ছাড়াও আত্মার কোন স্বতম্ত্র অস্তিত্ব আছে বলে মনে করত না চার্বাকরা বলত, যেভাবে কিনও বা শমীর থেকে মদশক্তির উদ্ভব হয়, তেমনি দেহাকারপরিণত ভূতচতুইয় থেকে চৈতন্যের উদ্ভব হয়। বস্তুর এই সংযোগ বৈশিষ্ট্য নষ্ট হলে চেতনাও লোপ পায়।

২. ইউরোপে আধ্যাত্মবাদ বা ভাববাদের শুক দেকার্তের এই সূত্র থেকে উপলব্ধি করা যায়, 'আমি অনুভব করি, তাই আমি বর্তমান।' তিনি বলেন, যে-সব অনুভব বা বোধ আত্মার হয়, তা তার ভাবেরই প্রত্যয়। সূতরাং যদি কোন সত্তা সম্পূর্ণভাবে নিশ্চিত হয়, তবে তা আত্মারই। কিন্তু ঈশ্বরের কৃপায় আত্মার প্রত্যয় বা ভাবদ্বারা আমরা দু'ধরনের সতা— দিগন্ব বস্তু এবং জ্ঞাতৃবস্তু বা আত্মাকে অনুমান করতে পারি। সত্যি কথা বলতে হলে বলতে হয়, অদ্বৈত আত্মবাদের আধার কার্ট্টই দাঁড় করিয়েছেন। তিনিই জ্ঞানের মূলকে বিস্তৃতভাবে পরীক্ষা করেছেন। ব্রাহ্ম জগতের জ্ঞান আমরা কীভাবে প্রাপ্ত হই? সংবেদন দ্বারা অর্থাৎ আমাদের অনুকরণ বা মনে বস্তুসভার প্রভাব থেকে একটি ধারণার সৃষ্টি হয় এবং মন তা উপলব্ধি করে। যেমন স্পর্শের জ্ঞান আছে, তা বস্তুত চাপের জ্ঞান নয়। স্পর্শের অনুভব যা করায়, তা হচ্ছে সেই সংস্কার বা সংবেদনের জ্ঞান। বর্ণের যে জ্ঞান, তা বস্তুত বর্ণের জ্ঞান নয়, বর্ণের সেই সংবেদনের জ্ঞান, যা অন্তুকরণ এবং মনের মধ্যেই আছে। অর্থাৎ মনের মধ্যে যে ক্রপের বোধ আছে, এ তারই রূপ, কোন বাইরের বস্তু নয়। প্রাপ্ত সংবেদনগুলি দেশকান্সের ছাঁচে তেলেই মনতা গ্রহণ করে।

মানুষের জ্ঞান পরীক্ষা করে কান্ট নির্দ্ধারিত করেছেন যে, মন কত্যেটুকু অংশ বাইরে থেকে গ্রহণ করে এবং কত্যেটুকু মনের মধ্যে প্রথম থেকে আধার বা মৃলরূপে থাকে। এই আধার বা মৃল হচ্ছে চিত্তের স্বরূপ— তা সর্বতোভাবে প্রমাণিত। মনের বোধ বা

নিশ্চয়ের জন্যে কোন রকমের অনুমান বা যুক্তিতর্কের প্রয়োজন নেই। এভাবেই জ্ঞানের কিছু স্বরূপসিদ্ধ মানদণ্ড স্বীকার করে নিয়ে কান্ট ইন্দ্রিয় সংবেদন, মনন এবং বৃদ্ধির ক্রমবিকাশ দেখিয়েছেন। প্রত্যক্ষ বা ইন্দ্রিয় জ্ঞানে মূলাধার দিক্ এবং কার্য— এবং তার দৃটি মৃদ স্বরূপের অভান্তরে সব ধরনের প্রতাক্ষ (ইন্দ্রিয়) জ্ঞান সম্ভব। মনন বা অনুমানের মধ্যে মূলাধারের কিছু শ্রেণী বা অংশ থাকে, যার মধ্যে প্রাপ্ত সংবেদনগুলি বা বস্তুগুলিকে পৃথকীকরণ করে মন তার অনুমানগুলি প্রসারিত করে। তিন তিনটি সংযোজিত পার্থক্য চারটি শ্রেণীতে রূপ নিয়েছে— পরিমাণ, গুণ, সম্পর্ক এবং প্রকার। এই চারটি রূপ থেকে কোন একটি রূপে পর্যবসিত হলে মন যে কোন বস্তুকে গ্রহণ করতে পারে। যে-কথাগুলি এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারবে না, তা যুক্তিতর্ক বা অনুমান দ্বারা প্রমাণ করা সম্ভব নয়। সুতরাং পরমাণু, শূন্য, ঈশ্বর, দৈব ইত্যাদি অসিদ্ধ। প্রজ্ঞা বৃদ্ধির সাংসিদ্ধিক স্বরূপে তিনটি ভাব আছে— তা হচ্ছে ঈশ্বর, আত্মা এবং জগৎ। বুদ্ধি ঈশ্বর আত্মা এবং জগতকে শুধুমাত্র বিচার প্রক্রিয়ার জন্যে নিজের দিক থেকে প্রদান করে, কিন্তু এ-সমস্ত কিছুর বোধ গ্রহণ করে না। এর মারফতে অনুমানের শ্রেণী বিভাগ পরিমিতির জন্যে খণ্ডিত হয় না। সে প্রত্যক্ষ এবং অনুমান দ্বারা প্রাপ্ত পরিমিতি এবং আবদ্ধ জ্ঞানকে অপরিমিত এবং স্বতন্ত্র (বাহ্য নিরপেক্ষ) জ্ঞানের স্বরূপ প্রদান করে জ্ঞানের পরিপূর্ণতা এবং ঐক্যে উপনীত হয়। যেমন ইন্দ্রিয় জ্ঞান দ্বারা, যা দেশকালের আরোপ হয়, তা নিয়ে দেশকালগত প্রবৃত্তি একত্রিত করে প্রজ্ঞা তার নাম দিয়েছে জগৎ। অনুমানের খণ্ডগুলি একত্রিত করলে আত্মার ভাব সৃষ্টি হয়। কার্যকারণগুলির সবচেয়ে আদি কারণকে আমরা ঈশ্বর বলে অভিহিত করি। কিন্তু অনুমানের শ্রেণীবিভাগ অনুযায়ী শ্রেণীগুলি থেকে যেভাবে আমাদের স্বয়ং থেকে বাহ্যবস্তুর মতো স্বতন্ত্র জ্ঞান হয়, কিন্তু প্রজ্ঞা বা বৃদ্ধি এই আরোপিত ভাবসমূহ থেকে তেমন জ্ঞানের উৎপত্তি হয় না। বৃদ্ধি নিজের দিক থেকে জ্ঞানের আরোপ করে, কিম্ব বিষয় রূপ হিসেবে গ্রহণ করে না। এই ভাবগুলি থেকে শুধুমাত্র এতটুকই হয় যে, অনুমানের যে শ্রেণীগত খণ্ড আছে, তা চরমসীমায় উপনীত হয়— তার বেশি নয়। ঈশ্বর, আত্মা এবং জগৎ কী, তা এই বৃদ্ধি নির্ণয় করতে পারে না। এভাবে কান্ট দেবিয়েছেন, প্রত্যক্ষ, অনুমান এবং প্রজ্ঞার যে সাংসিদ্ধিক স্বরূপ আছে, অর্থাৎ দেশ, কাল, শ্রেণী তথা ঈশ্বর, আত্মা এবং জগৎ তা বাহ্যবস্তর স্বরূপ নয়, মনের স্বরূপ। মনের এই স্বরূপ দিয়ে সে বাহ্যজ্ঞগতকে অবলোকন করে। বুদ্ধি ইত্যাদির মারফত বাহাজগতের যে বোধ উদয় হয়, তা নামরূপাত্মক— বাস্তব নয়। ইন্দ্রিয় এবং মন নিজের মনের রঙে রাঙিয়ে যে-রূপে জগতকে দেখে, তার থেকে স্বতন্ত্র তার বাস্তব সত্তা কীরকম, তা এই জ্ঞান শুদ্ধ-বৃদ্ধি দ্বারা পাওয়া সম্ভব নয়। নিজের শুদ্ধ-বৃদ্ধির পরীক্ষায় কাট ঈশ্বর, জ্বগৎ এবং আত্মার পক্ষ-বিপক্ষের প্রমাণকে খণ্ডন করেছেন।

শুদ্ধ-বৃদ্ধির পরীক্ষা ব্যতীতও কান্ট কর্মসংকল্পরাশিনী ব্যবহারিক বৃদ্ধিকে গ্রহণ করেছেন বে-বৃদ্ধি দ্বারা কর্ম সাধিত হয়। কর্মক্ষেত্রে নেমে আমরা নামরূপাত্মক জ্বগৎ ছাড়াও বস্তুগত জ্বপতে উপস্থিত হই। সংকল্পিত কার্যাবলী আমাদের মনের অভ্যন্তরে উদ্ভব হয়ে বাহ্য জ্বপতের অভিব্যক্তিতে পরিণত হয়। কর্মসংকল্পবৃত্তিই চিত্ত বা মনের বাস্তব-স্বরূপকে সৃচিত করে। মনের এই বাস্তব স্থরূপ বৃদ্ধির দ্বারা আবদ্ধ বা নিয়ন্ত্রিত নয়। এই স্থরূপকে শুধু নিত্য এবং সর্বগত ধর্মনিয়মই (Categorical imperatives) আদেশ করতে সক্ষম। এই ধর্মনিয়ম ব্যবহারিক বৃদ্ধির স্থপ্রবর্তীত নিয়ম। কার্যসংকল্পরৃত্তির এই আত্মশাসন (Autonomy of the will) আমাদের নামরূপাত্রক দৃশ্য জগত থেকে অগোচরে চিন্ময় জগতে নিয়ে যায়, যেখানে আমরা আমাদের ধর্মনিয়ম, স্বতন্ত্র অমর আত্মা এবং ঈশ্বরের অস্তিত্ব প্রাপ্ত ধর্মশাসন দ্বারা কার্ট ঈশ্বরে এবং আত্মার অস্তিত্ব প্রতিপাদন করেছেন। জীবনের চরম মঙ্গল কী? শুধু ধর্মই নয়, শুধু সুখও নয়। ধর্মের সঙ্গে সুখের কোন স্বতঃসিদ্ধ সম্পর্ক নেই। জীবনের পরম মঙ্গলের মধ্যে ধর্ম এবং সুখ— এই দুয়েরই পরাকাষ্ঠা আছে। কিন্তু এই দুয়ের ঐক্য কিভাবে সন্তব ? তার জন্যে ঈশ্বরের অস্তিত্ব গ্রহণ করে নিতে হয়। ইশ্বর পরাকাষ্ঠা এবং সুখের পরাকাষ্ঠা সাধনের জন্যে এই সংক্ষিপ্ত গ্রহণ করে নিতে হয়। ধর্মের পরাকাষ্ঠা এবং সুখের পরাকাষ্ঠা সাধনের জন্যে এই সংক্ষিপ্ত জীবন যথেষ্ট নয়। সুতরাং অনন্ত জীবনকে গ্রহণ করে নিতে হয়।

কেউ কেউ ব্যবহারিক বৃদ্ধি বা প্রজ্ঞা সম্পর্কে এই নির্ণয়কে— কার্টের দর্শনের ভূল ভিডিভূমিকেই বিরোধিতা করেছেন। প্রথমে তাঁরা বলেছেন, প্রতাক্ষানুভবের দ্বারা যে মানস-সংস্কারগুলির উপলব্ধি হয়, তা নিয়ে বৃদ্ধি যা কিছু নির্ণয় করে, সেগুলিও মানস-বস্ত— চিতেরই স্বরূপ। তাঁরা আরও বলেছেন, ধর্ম ব্যবহার জন্যে তা বাস্তব (মন-নিরপেক্ষ) পদার্থকে আরোপ করে। কিন্তু যদি দেখা যায়, তবে দেখব, কান্ট পূর্বেই বলেছেন, বাস্তব সভার অক্তিত্বের জায়গায় মানস-সংস্কার অক্তেয় বস্তসভার প্রভাব থেকে সৃত্তি হয়। এবং খুব সন্তব চিতের এই স্বরূপের গ্রহণে যে বন্তসভা আছে, তা এসব কিছুরই সামান্য ঐক্য। মনে হয়, ভাদের সঙ্গে কান্টের এখানে কোন দ্বন্দ্ব নেই। কান্ট চিত্ত বা প্রমাতা থেকে বাহ্য কোন অজ্ঞেয় বন্তসভাকে অক্তিত্ব মনে করেছেন। তাঁর দর্শনে বাহ্যার্থবাদের কিছুটা গন্ধ লেগে আছে।

### দিক্ কোন বাহ্য বস্তু নয়, মনেরই স্বরূপ

দিকের জ্ঞান বাইরে থেকে আসে না। কারণ যা কিছু আমরা প্রত্যক্ষানুভব করি, দিক্-এর ভাবনা সৃষ্টির পরেই তা করি। প্রশ্ন উঠতে পারে প্রত্যক্ষানুভব কি? মন তার কিছু সংবেদনাকে বাহ্যবস্তু থেকে পায় এবং তা গ্রহণ করে নেয়। এই অন্তর এবং বাহ্য জ্ঞানের মধ্যে দেশের জ্ঞান প্রথম থেকেই অঙ্গীভৃত হয়ে থাকে। এভাবেই বস্তভেদে জ্ঞানের মধ্যে পরত্ব-অপরত্বের দেশ সম্পর্কিত জ্ঞান অঙ্গীভৃত হয়ে আছে।

- ২. বাহ্য জগতের যে চিত্র আমাদের মনে আমরা ধারণ করি, তা থেকে আমরা সবকিছুকেই বিদায় দিতে পারি। কিন্তু দেশকে পৃথক করতে পারি না। জগতে যত পদার্থ আছে, সেসব পদার্থ ব্যতীত জগৎ সম্পর্কে চিন্তা করতে পারি। কিন্তু দেশ বাদ দিয়ে জগতের ভাবনা আমাদের মনের মধ্যে অবস্থান করতেই পারে না।
- ৩. শুদ্ধ দেশ সম্পর্কে যা নিরূপণ হয়, তা অনিবার্য। তার অন্যথা সম্ভব নয়। যেমন কোন বস্তুতে পৌঁছনোর জনো এ আবশাক যে, তার এবং আমাদের মধ্যে যে দেশখণ্ড

আছে, তা স্থির করা যায়। এভাবে কোন স্থান না-থাকা, বা একসঙ্গে দুটি জায়গায় অবস্থান করা অসম্ভব। সামান্য একটু ভাবলেই এ-কথা স্পষ্ট হয়ে যায় যে, কোন প্রকার নিশ্চর থেকে সেই নিশ্চরগুলি সম্পূর্ণভাবে ভিন্ন, যা সর্বক্ষণ প্রভাক্ষ করতে করতে নিরন্তর অভ্যাস দ্বারা পাই। শুধু অনুভব দ্বারা আমরা পাই, এ-কথা বলতে গেলে বলতে হয়, এখন পর্যন্ত এরকম হয়নি। কিন্তু ত্রিকালেও তা হবে না, এমন কথা আমরা নিশ্চর করে বলতে পারি না।

- ৪. জ্যামিতিতে সব কিছু নিরূপণ নিত্য এবং অপরিহার্য সত্যরূপে সিদ্ধ হয়, সুতরাং তা বারবার অনুভব থেকে প্রাপ্ত হয় না। এ-কথা না বললেও চলে য়ে, নিরূপণ শুদ্ধ দেশ সম্পর্কিত হয়।
- ৫. প্রতিটি বাহ্য অনুভব ভিন্ন ভিন্ন সংবেদনগুলির আত্মা বা মনের পৃথক পৃথক অবস্থা বা সংস্কারগুলির যোগ মারফত হয়। যা আমাদের সঙ্গে সম্পর্কযুক্ত অবশাই হয়, কিন্তু পারম্পরিক কোন সম্পর্ক থাকে না। সূতরাং তাদের সংযুক্ত করার সম্পর্কসূত্রগুলি মনের বাইরে থাকে না, মনের অভ্যন্তরেই থাকে। এই সম্পর্কসূত্রগুলি হচ্ছে আমাদের দেশ, যা আমাদের মনেরই ভাব বা স্বরূপ।
- ৬. দিক্ হচ্ছে অনন্ত। এ-ব্যাপারে আমরা সম্পূর্ণভাবে নিশ্চিত। কারণ সমগ্র সৌরজগৎ, সৌরজগতের বাইরে অনেক সৌরজগৎ, যে-সৌরজগৎ আমাদের দ্রবীনে গোচর হয় না, বা আমাদের অনুভবে ধরা পড়ে না। কিন্তু দিক্ তা অতিক্রম করে প্রসারিত হয়েছে। এ অনুভবের জ্ঞান নয়। অনন্তের অনুভব আমরা বাইরে থেকে পাই না।

### কাল কোন বাহ্য বস্তু নয়, মনেরই স্বরূপ

- ১. কাল-ভাবনা জগৎ থেকে পাওয়া যায় না, কারণ প্রতিটি প্রত্যক্ষানুভবে কালের চেতনা প্রথম থেকেই সংযুক্ত হয়ে থাকে। প্রত্যক্ষানুভবে এ-আবশ্যক যে, সংবেদনা একসঙ্গে থাকে— তা সামনেও থাকে না, পিছনেও থাকে না। একসঙ্গে বা সামনে পিছনে থাকার এ-চেতনা হচ্ছে কাল-সম্পর্কিত।
- ২. মনে করুন জগতের সমস্ত গতি, সমস্ত ঘটনা— ঘড়ির গতি থেকে শুরু করে পৃথিবী ইত্যাদি গ্রহের প্রদক্ষিণ, যাকে আমরা সময় বা কাল হিসেবে পরিমাপ করি, তা যদি থেমে যায়, তাহলেও কাল যেমন চলছে, তেমনি চলবে। একটি মুহূর্তের পরে আর একটি মুহূর্ত আসে। সমস্ত রকম প্রত্যক্ষানুভব লুপু হয়ে যাওয়ার পরেও কালের ভাবনা তেমনি থাকবে।
- ৩. কাল সম্পর্কিত নিরূপণ অপরিহার্য। তার অন্যথা হতে পারে না। যেমন কোন ভবিষ্যত কাল পর্যন্ত বেঁচে থাকার জন্যে প্রয়োজন হচ্ছে বর্তমান কাল। এই দুটি কালের মাঝখানে যতগুলি কাল আছে, তা অল্পও নয়, বেশিও নয়। বিগত মুহুর্তগুলি আবার ফিরে আসতে পারে না। এ-ধরনের নিশ্চয় আমরা কোন প্রত্যক্ষানুভব থেকে পাইনি। কেউ কেউ কালিদাসকে খ্রিস্টপূর্বের বলে মনে করেন, কেউ কেউ বা মনে করেন তিনি চতুর্দশ শতাব্দীর মানুষ। যদি কেউ বলেন, দু-ই সম্ভব, তা হলে তা যথার্থ বিবৈচিত

- 8. অন্ধ গণিতের নিরূপণও এরকম অপরিহার্য। এ-শাস্ত্র সময় বা কাল সম্পর্কিত। কারণ গণিত গণনার সংক্ষিপ্ত বিধিমাত্র। গণনার জন্যে আমরা ভিন্ন ভিন্ন সংকেত রেখেছি। গণনার এই সংকেত লিপি কাল পরম্পরার চেতনা। সূতরাং গণিত হচ্ছে কাল সম্পর্কিত শাস্ত্র। এই শাস্ত্রের মারফত অপরিহার্য নিরূপণ কালের বাহ্য নিরূপেক্ষতা সিদ্ধ করে।
- ৫. প্রতিটি প্রত্যক্ষানুভব কিছু সময় ধরে মনকে প্রভাবিত করে থাকে। এ-সময় বা কাল যতই সংক্ষেপিত হোক, তা অজন্র অণুখণ্ডের যোগে সৃষ্টি হয়, এবং যার মাঝখানে অনেক গুলি সৃন্ম অনুভব থাকে। আত্মার এই সৃন্ম অনুভব আমাদের সঙ্গে সম্পর্ক রাখে, কিন্তু পরস্পরের সঙ্গে সম্পর্ক রাখে না। এই সৃত্র, যাতে এগুলি গাখা হয়, তা এক সাময়িক জ্ঞান উৎপত্ম করে— তা হচ্ছে কাল। যা অনুভব দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, মন দ্বারা প্রযুক্ত করা যায়।
- ৬. কাল অনাদি এবং অনন্ত। আমরা সম্পূর্ণভাবে নিশ্চিত যে, কাল আগেও ছিল, পরেও থাকবে। আমরা কোন অনুভব দ্বারা এ-বিশ্বাস লাভ করিনি। এ-বিশ্বাস মনের মধ্যেই সৃষ্টি হয়েছে।

### কার্যকারণ সম্পর্ক বাহ্য বিষয় নয়, মনেরই রহস্য

দিক্ যেমন বস্তুর অবস্থানের চিত্তপ্রযুক্ত ব্যবস্থা এবং কাল পরম্পরা, তেমনি কার্যকারণভাব বস্তুসমূহের ক্রিয়া বা ব্যবহারিক ব্যবস্থাও, যা চিত্ত নিজের দিক থেকে প্রদান করে। প্রতিটি কার্যবিশেষের নির্দ্ধারণ প্রত্যক্ষানুভব দ্বারা হয়। কিম্ব ক্রিয়া বা ঘটনার চেতনা ব্যতীত কার্যকারণভাব সম্ভব নয়। আর তা অন্তরাত্মা থেকেই আসে। প্রমাণ——

- ১. মনের স্বরূপ এমনই যে, যদি কোন ঘটনার চিত্র তাতে প্রতিফলিত হয়, তবে তার সম্পর্ক বাতীত কোন কারণ দর্শিয়ে তা সম্ভব নয়। প্রতিটি প্রতাক্ষানুভবে কার্যকারণভাব সমবেত থাকে। বাইরে থেকে আমরা যা কিছু প্রাপ্ত হই, তা অন্তকরণের সংবেদনগুলির সংস্কার মাত্র। যদি আমাদের মনে কার্যকারণভাবের ছাঁচ না থাকত, তবে সে সংস্কার দ্বারা বাহ্য বস্তু সম্পর্কিত কোন জ্ঞানেরই অস্তিত্ব থাকত না। এই চেতনা দ্বারা আমরা সংস্কারকে কার্যরূপ থেকে গ্রহণ করি। এবং নিজে বাইরের দিক্-এ তার কারণের অবস্থান (স্থুলভূত রূপ) করি। কার্যকারণের চেতনা আমরা বাইরে থেকে পাই না, বৃদ্ধি বা প্রজ্ঞা দ্বারা প্রাপ্ত হই।
- ২. শুদ্ধ কার্যকারণ চেতনার চিত্র আমাদের মনের মধ্যে উপস্থিত হতে পারে না। বিষয়-রূপ হিসেবে তা যখন উপস্থিত হবে, তখন দেশকালের যোগ অর্থাৎ বস্তরূপ উপস্থিত হবে। বস্তু বস্তুত দেশকাল ব্যবস্থিত কার্যকারণ চেতনারই নাম। এই বস্তুচেতনা পরিহার্য এবং অপরিহার্য— দু-ই। এই বস্তু-চেতনাকে আমরা মন থেকে বের করে দিতে পারি। কিন্তু যা বস্তু তার প্রাগ্টেতনা প্রধ্বংসাভাব মন ধারণ করতে পারে না। বস্তুর প্রাগ্ভাব প্রধ্বংসাভাবের (সৃষ্টি এবং বিনাশ) ধারণা অসম্ভব— এ থেকে এ-কথাই সৃচিত করে যে, আমরা উপস্থিত বস্তুর অস্তিত্বকে নিজের মন থেকে কোনভাবে বের করে দিতে

পারি না। তাই, বন্তু আত্মসত্তা থেকে স্বতম্ত্র নয়। অর্থাৎ বস্তও চিত্ত দ্বারা প্রদত্ত ভাবই।

- ৩. কার্যকারণভাব হচ্ছে অপরিহার্য। কোন কার্যের কারণ কী, এর অনিশ্চয় আমাদের হতে পারে। কিন্তু কোন কারণ থাকলে, তার নিশ্চয়ও অবশ্য আছে। যদি কার্যকারণভাব আমরা প্রত্যক্ষানুভব থেকে প্রাপ্ত হতাম, যেমন অন্য যেসব প্রত্যক্ষানুভব প্রাপ্ত নিয়মগুলিও (যেমন, প্রতিদিন ভোরে সূর্য উদিত হয়) আমাদের কাছে অন্য চেতনা হতে। বার বার প্রত্যক্ষ দ্বারা প্রাপ্ত নিয়মগুলির চেতনা অপরিহার্য নয়, কার্যকারণের চেতনা হচ্ছে অপরিহার্য। সূতরাং তা প্রতাক্ষানুভব থেকে প্রাপ্ত নয়।
- ৪. পদার্থবিজ্ঞানের যে-নিয়মগুলি প্রত্যক্ষানুভব থেকে আমরা প্রাপ্ত হয়েছি, সে-সব নিয়মগুলিকে যদি বহিষ্কার করি তবে কোন ক্রিয়া থাকবে না। ক্রিয়ার সম্ভাবনা, অর্থাৎ কার্যকারণভাব শুধুমাত্র থেকে যায়। দিক্ কাল দ্বারা ব্যবস্থিত হওয়ার জন্যে যার প্রতীতি বস্তুরূপে হয়। বস্তুর এই অক্রিয় এবং সক্রিয় ভাবনা অপরিহার্য, সুত্রাং তা চিত্রপ্রদত্ত।
- ৫. যখন ভিন্ন সংস্কারগুলির দ্বারা দিক্ কালের সূত্র প্রাপ্ত হয় না, তখন কার্য এবং কারণের মধ্যের সম্পর্কসূত্র পৃথক পৃথক প্রতাক্ষানুভবগুলির মারফত কীভাবে পাওয়া যাবে? সূতরাং ঘটনার রূপের মধ্যে শক্তির যে অভিব্যক্তিগুলি হয়, মনই তার কার্যকারণভাবের ব্যবস্থা প্রদান করে।
- ৬. কার্যকারণ পরম্পরা অনাদি এবং অনন্ত। কারণ যে-অবস্থাকে আমরা আদি বলে মনে করি, তার পরিণামের জন্যে কোন পূর্ব পরিণাম গ্রহণ করতে হবে। তা না হলে সব অব্যবস্থা হয়ে যাবে। অনাদি এবং অনন্তের ভাব এবং চেতনা কখনও কোন প্রত্যক্ষানুভব দ্বারা প্রাপ্ত হওয়া সম্ভব নয়। তা মনেরই স্বরূপ।

অস্তকরণ এই তিনটি ব্যবস্থা (দিক, কাল এবং কার্যকারণভাব) দ্বারা বাহ্য জগতের চিত্র অন্ধিত করে। অস্তকরণ (মানস) এই সংবেদনাগুলিকে কালবদ্ধ করে পূর্বাপর ক্রম ভাবনা করে। তারপর কার্যকারণভাব দ্বারা বাইরে কারণকে আরোপিত করে। সূতরাং এই কারণকে দিগ্বদ্ধ করে বস্তর স্থুল পদার্থের রূপ হিসাবে তার কথা ভাবে। সারাংশ হচ্ছে এই, যে-জগতকে আমরা দেখি, তা আমাদের মনেরই সৃষ্ট স্বরূপ। অর্থাৎ তত্ত্বগত দিক থেকে মিথ্যা। এই যুক্তিতর্কই ইংরেজি বেদান্তের আধার হয়েছে। মন থেকে ভিম তার ওপর সংস্কাররূপ যে প্রভাব ফেলে, সেই অজ্ঞেয় বাহ্য সভ্যকে কান্ট গ্রহণ করে নিয়েছেন। গুধু বাহ্যবাদের কিছু অংশ তার মধ্যে আছে। এই অজ্ঞেয় বাহ্যসভার ভাবনাকে তিনি শক্তিরূপ মনে করেছেন। এক জায়গায় তিনি বলেছেন, বস্তু বা পদার্থ অন্য কিছু নয়, 'শক্তি-পূরিত দিক্খণ্ড' মাত্র।

কান্টের মধ্যে যত্টুকু বাহ্যার্থবাদের অবশিষ্ট ছিল, ফিক্টে তা বিদায় দেন। তিনি বলেন, চিত্ত ছাড়া তার ওপর প্রভাব ফেলতে পারে এমন আর কোন বস্ত নেই। আত্মা পূর্ণ এবং নিরপেক্ষ। সে স্বয়ং সেই স্বরূপগুলিকে সৃষ্টি করে, যার সমষ্টিকে জগৎ বলা হয়। কোন বাইরের বস্তুর (ভূত, শক্তি, অজ্ঞেয়সতা বা ঈশ্বর ইত্যাদি) প্রভাবে বা প্রেরণায় তা সৃষ্ট হয় না। জগৎ সম্পূর্ণভাবে তারই সৃষ্টি। আত্মা প্রথমে তার অবস্থান করে নেয়, তারপর তার থেকে ভিন্ন অনাত্মার পেছনে এই অনাত্মাকে নিজের মধ্যে অবস্থান করায়।

এই প্রক্রিয়ায় সে জগতকে প্রতীতি করে। সূতরাং সতা বলে যা কিছু আছে, তা চৈতন্যের মধ্যেই নিহিত আছে। চৈতন্যের বাইরে নেই। মাহবশে আত্মার এই স্বঅবস্থানে ক্রিয়ার বিন্মরণ হয়। আত্মা এই বিবর্তন দ্বারা অনাত্মাকেও স্বতন্ত্র সতা হিসেবে আত্মাকে প্রতীত করে। এভাবে আত্মার অবস্থান ভেদ স্বীকার করে নিয়ে ফিক্টে বিষয়-বিষয়ী, জ্ঞাতা-জ্ঞেয়, প্রমাতা-প্রমেয় এর মধ্যে পরমার্থ ভেদ রাখেননি। কান্ট যাকে অজ্ঞেয় বস্তুসতা বলেন, ফিক্টে তাকে বিষয়রূপের মধ্যে আত্মার স্বঅবস্থান চিহ্নিত করে তাকে জ্ঞেয় বলে অভিহিত করেছেন। কারণ তিনি আত্মাকেই স্বপ্রমিতি বলে যখন মনে করেছেন, তখন তা অজ্ঞেয় কীভাবে হতে পারে। তাই ফিক্টের দর্শনে আত্মসতার অতিরিক্ত আর কিছু অবশিষ্ট থাকেনি।

অদ্বৈত আত্মবাদ বা ভাববাদের মধ্যে খুব বিরাট পার্থক্য এই ছিল, বিশ্বসংসারে যেসব নানা বস্তু পরিদৃশ্য হয়, তা মনেরই ভাব। একটি বস্তুর সমতুলা প্রতীতি সমস্ত আত্মার মধ্যে কীভাবে থাকবে! সমস্ত মানুষ একই সূর্যের কথা কীভাবে চিন্তা করতে পারে। কান্টের মতো বাহাসভার কিছু লেশ রাখলে এর সমাধান এভাবে হত যে, বস্তুসভা ভিন্ন আত্মার মধ্যে একই রকম পৃথক পৃথক প্রতীতি সৃষ্টি করে। কিছু এই বাহ্য বস্তুকেও মনের স্বরূপ করে নিলে শুধুমাত্র দুটি পথ থেকে যায়। তিনি একথাও বলেছেন যে, যত আত্মা আছে, ততগুলি সূর্য (বা সূর্যের প্রতীতি) আছে, বা একথা বললেও অত্যক্তি হবে না, আত্মা একটিই, অনেক নয়। ইংলভের ভাববাদী দার্শনিক বার্কলে, প্রথমে এ-পথে অগ্রসর হন। পরে ফিক্টে ভিন্ন ভিন্ন আত্মাকে প্রত্যাখ্যান করে ভারতীয় বেদান্তের মতো আত্মা একটিই বলে মনে করেন। ইউরোপীয় দর্শনে এভাবে একক পূর্ণ এবং ব্যাপক চেতনার প্রতিষ্ঠা হয়।

ফিক্টের পবে শেলিং প্রতিপাদা করেছেন, একান্ত চৈতনা-সত্তাই হচ্ছে ব্রহ্ম। জগৎ-চেতনা ব্রহ্মরই ভাববিধান। ব্রহ্মসতা শাশ্বত সর্বব্যাপিনী বৃদ্ধিস্বরূপা। সম্পূর্ণ জগৎ এই বৃদ্ধি বা প্রজ্ঞারই নিরূপণ, যা প্রথমে জড় পদার্থ হিসেবে, এবং পরে ধীরে ধীরে চেতনাসম্পন্ন মানুষরূপে রূপান্তরিত হতে থাকে, এবং এমন সৃষ্টি করে যে, যার মধ্যে বিষয় এবং বিষয়ী সন্মিলিত হয়ে একক হয়ে ওঠে। দৈতের মধ্যে অদৈত, ভেদের মধ্যে অভেদের এই ক্রমই আকর্ষণ এবং বিকর্ষণের মূল এবং এর উদ্ধরণী জগতের মধ্যে সারাক্ষণ চলে। শেলিং-এর বক্তবা হচ্ছে, বিষয়ী, যা বিষয়ে পরিণত হয়, তা 'ভেদের মধ্যে অভেদ' ভাব হয়ে, আবার তা পরিবর্তিত হয়ে নিজের মধ্যে সমাগত হয়। জগৎ এবং জ্ঞান—দুয়েরই ক্রম হচ্ছে বৃদ্ধিক্রম। বিষয় এবং বিষয়ী, জ্ঞাতা এবং জ্ঞেয়ের ভেদের পরম চৈতনা বা পরিপূর্ণ বৃদ্ধিতে উপস্থিত হয়ে অভেদ হয়ে যায়। অভেদরূপ এই ঐতিহাসিক পরিপূর্ণ চৈতন্যসত্যার বোধ কীভাবে হতে পারে ? আসলে শেলিং বৃদ্ধি বা প্রজ্ঞার কথাই বলেছেন।

শেলিং-এর এই 'ভেদ এবং অভেদ'-এর ওপর হেগেল তাঁর এক আশ্চর্য সৌধ সৃষ্টি করেছেন, যা দেখে বাহ্যার্থবাদীরা খুব ভীত। তিনি শেলিং-এর এই বক্তবাকে অযৌক্তিক বলে মনে করেছেন। তাঁর বক্তবা, পরিপূর্ণ চৈতনাসত্তার বোধ প্রজ্ঞা দ্বারা পাওয়া সম্ভব। সংবেদন বা ইন্দ্রিয় জ্ঞানের চাইতে অগ্রসর যে বোধ জন্মায় তা অনুমান বা যুক্তিতর্ক পদ্ধতিতেই সম্ভব। এর জন্যে তিনি এক নতুন অভ্যন্তরীণ যুক্তিতর্ক দাঁড় করান। বলেন,

যদি দৃটি বস্তু সমান গুণসম্পন্ন হয়, তবে তার ঐক্য সম্ভব। এই তর্কপদ্ধতি দ্বারা তিনি দেবিয়েছেন, কীভাবে অপরিচ্ছন্ন সত্তা পরিচ্ছন্ন হয়েও অপরিচ্ছন্ন থাকতে পারে, কীভাবে চিত্তের ভাব-জ্বগৎ পরিণত হয় এবং পুনরায় আত্মা হয়ে নিজের মধ্যে ফিরে আসে, সৎ কীভাবে অসৎ-এ পরিণত হয় এবং নিজের মধ্যে ফিরে আসে। অর্থাৎ কীভাবে এক পরম চৈতন্য বিষয়-বিষয়ী, জ্ঞাত-জ্ঞেয়, প্রমাতা-অজ্ঞেয় ভেদের দিকে ফিরে যায়, এবং পুনরায় অভেদরূপে অবস্থান করে। এভাবে হেগেল সৎ এবং অসং— এ দুয়ের অন্তর্ভাবকে এক পরমভাব বলে দেবিয়েছেন। হেগেল জার্মানের ভাববাদকে এক চরমসীমায় পৌঁছে দেন।

হেগেলের পরে জার্মানে শোপেনহাওয়ার, হার্টম্যান লোজ, ফেকর, পালসন প্রমুখ ভাববাদী দার্শনিকদের আবির্ভাব হয়। এঁদের মধ্যে শোপেনহাওয়ার বৌদ্ধ ইত্যাদি প্রাচ্যের দর্শনগুলি এবং উপনিষদগুলিকে পরিশীলিত করেন। শোপেনহাওয়ারও কান্টের এই মতবাদকে স্বীকার করেছেন যে, বাহ্য (নামরূপাত্মক দৃশা) হচ্ছে জগৎ চিত্তের ভাব বা প্রত্যয় ভাব। কিন্তু জগতের বাস্তবতা আছে, তা কর্মসংকল্পবৃত্তি বা ইচ্ছাস্বরূপ। এই কর্ম-প্রবৃত্তি বা কৃতিশক্তি উদ্দেশ্য জ্ঞানপূর্বক চেতনা নয়, তা জড়। বৃদ্ধি এবং চেতনা কী এর মধ্যে সংবেদন হিসেবে নেই, এ-কী সর্বতোভাবে জড়প্রবৃত্তি! এভাবে তিনি ফিক্টে, শোলং এবং হেগেলের অনন্তময় চেতনা অর্থাৎ সর্বব্যাপিনী চেতনাসতার প্রতিষেধ করেছেন এবং বলেছেন, অন্ধ জড় প্রবৃত্তি বা ইচ্ছাই পরিণামরূপে আমাদের অভান্তরে চেতনার জন্ম দেয়। এই দুঃখময় সংসার এই রজগুণময়ী প্রবৃত্তি বা শক্তিরই কাজ। শোপেনহাওয়ারের দর্শন দুঃখবাদে ভরপুর। কামনার নিবৃত্তি থেকেই দুঃখের নিবৃত্তি হতে পারে। শোপেনহাওয়ারের মতানুযায়ীই ডিউসন বেদান্ত ইত্যাদি ভারতীয় দর্শনসমূহের আলোচনা করেছেন।

শোপেনহাওয়ার সবচেয়ে জড় এবং দুঃখময়ী প্রবৃতিকেই জগতের মূলে স্থান দিয়েছেন। তাঁর এই দুঃখবাদ জার্মানীর নিৎসে গ্রহণ করেছেন এবং তাঁর অসাধারণ উক্তির দ্বারা নিজের দেশে এক ইন্দ্রজাল বিছিয়ে দেন। তিনি শোপেনহাওয়ারের দর্শন থেকে জড় প্রবৃত্তি এবং সংকল্প শক্তিকে গ্রহণ করে বিকাশবাদের দিকে নিয়ে গিয়েছেন। এবং বলেছেন, জীবনের এই কামনা বিকাশের এই নিয়মে প্রত্যক্ষ করা যায় য়ে, 'য়ে-জীব শক্ত-সামর্থ হয়, সে-ই পৃথিবীতে টিকে থাকে, অন্যান্য সবাই বিনিষ্ট হয়।' প্রকৃতিতে জীবিতের অধিকার বলবানরাই প্রাপ্ত হয়। সে দুর্বলকে এই পৃথিবী থেকে হটিয়ে দিয়ে নিজের জন্য— অর্থাৎ নিজের জ্ঞান, বল বৈভব ইত্যাদির পরিপূর্ণ বিস্তারের স্থান করে নেয় এবং এইভাবে গ্রহণ-পদ্ধতি মারফত মানব সমাজের বিকাশে সাধন করে। এই মানব সমাজের বিকাশের উন্মাদনায় জার্মানরা সম্প্রতি য়ে কাজ করেছে তা সারা বিশ্ব প্রত্যক্ষ করেছে।

যদিও ভারতীয় বেদান্ত পদ্ধতি ইউরোপের জ্ঞান পরীক্ষাবলীর পদ্ধতি থেকে ভিন্ন, কিন্তু শেষ অব্দি এই দুটি দর্শনই কীভাবে একই সিদ্ধান্তে পৌঁছেছে, তা গভীর মনোযোগের দাবী রাখে। বেদান্ত এ-কথা বিশ্বাস করে যে, ক্রিয়ার পরিণাম আছে, কিন্তু চৈতন্যের কোন পুরিণাম নেই। এক ক্রিয়া অন্য ক্রিয়ার রূপে পরিণত হয়, কিন্তু ঐ ক্রিয়াগুলির জ্ঞান সর্বদা সেরকমই থাকে। বৃদ্ধি ইত্যাদি অন্তক্তবণের সমস্ত বৃত্তিগুলিকে জড়-ক্রিয়ার অন্তর্গত করা হয়েছে, শুধু তার জ্ঞান অধিকৃত রূপে স্থিত বলা হয়েছে। শগুজ্ঞান বা বিজ্ঞানের বৃদ্ধি ইত্যাদি ক্রিয়ার বিযুক্তি বা বিকার। ক্রিয়ানুগত জ্ঞাতা জ্ঞেয় রূপে শুধুমাত্র ক্রিয়ার জ্ঞান প্রকাশ করে। নিজের স্বরূপকে— যা অংশু, নির্বিশেষ এবং অপরিণামী, তা প্রকাশ করে না। এতে প্রমাণিত হয় যে, পরিণামবদ্ধ ক্রিয়া বা ক্রিয়া-বীজ-শক্তি স্বতন্ত্র সত্তা হতে পারে না। তার অক্ষর সত্তা চেতনা-সত্তার মধ্যেই নিহিত আছে। শক্তির যে স্ফুরণ তার অবস্থান রয়েছে চেতনার মধ্যে। সূত্রাং চেতনাই হচ্ছে একমাত্র সত্তা। এই স্ফুরণের ঘটনায় ব্রহ্ম বা চৈতনারই আভাস পরিলক্ষিত হয়। 'সর্ব বিশেষ প্রতান্তমিত স্বরূপত্তাত ব্রহ্মণো ব্রাহ্মসত্তাসামান্য বিষেয়ণ সত্য শব্দেন লক্ষ্যতে' — (তৈত্রিরীয় ভাষ্য) শুদ্ধ চেতনাস্বরূপের শুধুমাত্র অপ্রত্যক্ষ ভাবে হতে পারে, সাক্ষাৎ সম্বন্ধ দ্বারা নয়। যংন সমস্ত প্রাকৃতিক ঘটনা চৈতন্যের লক্ষ্মণাভাস এবং আমাদের কেবলমাত্র এই লক্ষ্মণাভাসের জ্ঞান হয়ে ওঠে, তখন তার অনুসন্ধান বেদান্তবাদীরা কেন অনাবশ্যক বলবেন।

এই সংক্ষিপ্ত নিরূপণ থেকে একথা স্পষ্ট হয়ে ওঠে যে, ব্রহ্ম হচ্ছে অনন্তম্বরূপ এবং অনন্তমান্তম্বরূপ— দু-ই। এই শক্তিকে ব্রহ্মর সংকল্পই মনে করা উচিত, যা অব্যক্ত রূপে চৈতন্যে অধিষ্ঠিত থাকে। এ প্রসঙ্গে একথা বলা যায় যে, অভিব্যক্তি স্বর্গাভিমুখী গতি বা ক্রিয়া রূপে হয়। এই অর্থ ধরলে ব্রহ্ম বা চৈতন্যকে ভূতযোনি (কারণ ব্রহ্ম) বলা যায়। জ্ঞাতা-জ্ঞেয় রূপে নিজের অবস্থান সৃষ্টি করে ক্রিয়ারূপে নিজের সংকল্প শক্তিকে ব্যক্ত করে।

### বাহ্যার্থবাদ

বাহ্যার্থবাদীরা সর্ব সাধারণের ধারণাকে সমর্থন করতে গিয়ে বস্তু এবং আত্মাকে দুটি পৃথক সদ্রা হিসেবে গ্রহণ করেছেন। দু'দিক থেকেই তাঁদের অদ্বৈতবাদীদের খণ্ডন করতে হয়েছে। অদ্বৈত আত্মবাদের প্রখর যুক্তিসমূহের খণ্ডনেও তাকে অবতীর্ণ হতে হয়েছে এবং বস্তবাদীদের ক্রুটিগুলি কী তা দেখাতে হয়েছে। জার্মানে ডুরিং প্রমুখ কয়েকজন বাহ্যার্থবাদীরা কান্টের নিরূপণের বিরুদ্ধে প্রয়াস চালিয়েছেন। বাহ্যার্থবাদীরা দু'ধরনের আছেন। কেউ কেউ আছেন, যাঁরা বস্তুজগতকে প্রত্যক্ষ বলে স্বীকার করেন না, শুধু অনুমান মনে করেন। তাঁরা মনে করেন, মনের যে জ্ঞান, তার দুটি স্বরূপের ধারণা আছে। কিন্তু এ-ধারণা দ্বারা, এ-কথা অবশ্যই প্রতীত হয় যে, বস্তু জগৎ বর্তমান। শুদ্ধ বাহ্যার্থবিদ্যারা বলেন, আমাদের বস্তু জগতের দ্বারা প্রত্যক্ষ জ্ঞান পাই সত্য, কিন্তু তার মাঝখানে মানসিক কোন সংস্কার বা ধারণা নেই। ইংলন্ডে রিড, স্টিওয়ার্ট এবং হামিন্টন শুদ্ধ বাহ্যার্থবিদীদের মতো। কিন্তু মার্টিনা, মাইওয়ার্ট এবং মোকাস হচ্ছেন আধুনিক। ইংলন্ডের স্বাভাবিক প্রবৃত্তি এই মতানুযায়ী সমৃদ্ধ যে, ন্যায় এবং বৈশেষিকের সমতুলা হচ্ছে ঈশ্বর। আত্মা এবং বস্তু সম্পর্কে সর্বসাধারণের মনের মধ্যে ভিন্ন ভিন্ন স্থান আছে।

এই মতবাদের সমর্থক ভাববদিরা এই মৌলিক বিশ্বাসকে নাকচ করে বলেন, মনের মধ্যে যে সংবেদন বা জ্ঞান সৃষ্টি হয়, তা বস্তুর নয়, নিজেরই সংবেদন থেকে তা প্রাপ্ত

হয়। তাঁরা বলেন, জ্ঞান বস্তু থেকে উৎপন্ন বস্তুর প্রভাব— মনের স্বরূপ নয়। যদি জগতের ঘটনা-সমূহকে মনের ভাব বা কল্পনা বলে স্বীকার করি, তাহলে নানা ধরনের বিজ্ঞানের যে অম্বেষণ, তা বার্থ হবে। বস্তুসমূহের ঘটনাবলী নিজের নিয়মানুসারে তখন থেকে তেমনি চলে আসছে, বস্তু জ্বগৎকে প্রতীতি করতে পারে যে-মানুষ, সেই মানুষের তখন মনেরই কোন অস্তিত্ব ছিল না। যদি বস্তুসতা স্বতন্ত্র না হত, তাহলে দুটি ভিন্ন ভিন্ন অম্বেষণ কেন একই জায়গায় উপনীত হত। নেপচুন নামক গ্রহের সন্ধান আডমস্ এবং লিভেরিয়র নামক দু'জন জ্যোতির্বিজ্ঞানীই নিজের নিজের স্বতন্ত্র গণনা অনুসারে একই সময়ে পান। এ-ভাবে বাহ্যার্থবাদীরা অনেক যুক্তিতর্কের দ্বারা ইউরোপীয় ভাববাদীদৈর (অদ্বৈত আত্মবাদীদের) নিরূপণকে প্রত্যাখ্যান করেছেন। কিম্ব সত্য কথা যদি জিঞ্জেস করেন, তাহলে বলব, বৈজ্ঞানিকদের অনুসন্ধানের দুয়ার ভাববাদীরা রুদ্ধ করে দিতে পারেননি। সভাব পরমার্থিক স্বরূপের যতটুকু তাঁরা প্রতিপাদন করতে পেরেছেন, তার সঙ্গে বাহ্যার্থ ক্রমবিধানের সম্পর্কও তাঁরা স্থাপিত করেছেন। কান্ট বস্তুসভাকে শক্তিস্বরূপা বলে অভিহিত করেছেন। শোপেনহাওয়ার সেই শক্তিকেই সংকল্প বলেছেন। ফিক্টে তাকে শক্তির 'বিষয়ীর বিষয়রূপের সঙ্গে সহাবস্থান' বলে তাকে চৈতনোই অধিষ্ঠিত করেছেন। প্রথমেই বলা হয়েছে, কীভাবে পদার্থবিজ্ঞান বস্তু বা দ্রব্যের মৌলিক স্বরূপের অনুসন্ধান করতে করতে শেষে শক্তিতে উপনীত হচ্ছে। কোন কোন বৈজ্ঞানিক এখন বলছেন, দ্রব্য বা বস্তুর সবচেয়ে সৃক্ষ্মরূপ<sup>ক্ষ</sup> হচ্ছে শক্তি। সুতরাং বিজ্ঞানের নানা ধরনের অনুসন্ধানকে ভাববাদীরা মনে করেন যে, সংকল্প বা কৃতিশক্তি হচ্ছে স্বরূপের নিরূপণ। অথচ এই সংকল্প বা ক্রিয়াবীজের সভাও চৈতন্য-সভা থেকে স্বভন্ত নয়, বরং এই জ্ঞানেরই এক বিশেষ (জ্বেয়) রূপ অবস্থান করছে, এবং এর নানা বিশেষী বা ক্রিয়াব গভীরে অধিষ্ঠিত হয়ে নির্বিশেষ চৈতনো ব্যাপ্ত, তখন এই জ্ঞেয় দ্বারা জ্ঞান, চৈতনা বা ব্রন্ধেরই আভাস আধ্যাত্মবাদীরা কেন স্বীকার করবেন না ?

প্রকৃতির নানা ঘটনাবলীর অনুসন্ধান দ্বারাই বৈজ্ঞানিকরা 'ভেদের মধ্যে অভেদ'—
এই গৃঢ় তত্ত্ব উপলব্ধি করেছেন, আর যা হচ্ছে সত্তা সম্পর্কিত জ্ঞানের মূল ভিতিভূমি।
বস্তুর বিশেষ ক্রিয়াসমূহের অভ্যাস দ্বারাই ক্রিয়া এক নির্বিশেষ রূপ অক্ষর-শক্তি-তর্ক
বিজ্ঞানে উপস্থিত হয়। নানা ক্রিয়াসমূহের শুধু অভিব্যক্তিই আছে। বিজ্ঞানের যে কোন
ক্ষেত্রে গেলে দেখনেন সেখানে একটি সাধারণ পদার্থ বহুব মধ্যে ওত্যোপ্রোভভাবে জড়িয়ে
আছে। সাধারণ সত্তার এই হচ্ছে স্বরূপের আভাস।

এ-কথা বৃঝতে হবে যে, নানা প্রভেদের মাঝে যে ঐক্য আছে, তা সতার স্বরূপের কাছে নিয়ে যায়। শুদ্ধ বিজ্ঞান তার পর্যবেক্ষণ দ্বারা সর্বভূতের সাধারণ সতা শক্তি পর্যন্ত অগ্রসর হচ্ছে। ইথারের একটি প্রতিবন্ধ রয়ে গিয়েছে। ইথারও হয়তো একদিন শক্তিরূপ হিসেবে প্রমাণিত হবে (অব্যক্তমব্যাকৃতাকাশাদিশব্দ ও বাচামকঠ ভাসা) পূর্বেই বলা হয়েছে, বিজ্ঞান তার নিজের পদ্ধতি থেকে চৈতনাের এই বস্তশক্তিকে অন্তর্গত করতে সক্ষম হয়ন। স্তরাং চৈতনা এবং শক্তির দৈতরূপ এখনও অবশিষ্ট থেকে গিয়েছে। সাংখ্য যেখানে শেষ করেছে। সাংখ্যও পুরুষ প্রকৃতিকে

সদাসর্বদা একসঙ্গে অবস্থান করার রূপ দেখে ফিরে এসেছেন।

এখন এই বৈত রূপ এ দৃ'ধরনের অদ্বৈতবাদের কী রূপ হবে তা দেখা প্রয়োজন। আধিভৌতিক অদ্বৈত অনুযায়ী চৈতন্য শক্তিকে অন্তর্ভুক্ত করে এবং অদ্বৈত আত্মবাদ অনুযায়ী শক্তিকে চৈতন্যে অন্তর্ভুক্ত করে— বা শক্তিকে চৈতন্যের অধিষ্ঠান কিম্বা চৈতন্যকে শক্তি হিসেবে গ্রহণ করে। হ্যাকলের পরম তত্ত্বের বন্ত এবং শক্তি, যাকে তিনি দৃ'টি পক্ষ বলে অভিহিত করেছেন, তার মধ্যে বন্তু তো প্রায় শক্তিরই অন্তর্ভুক্ত হয়েছে। সূতরাং তার পরমসভাও শক্তিম্বরূপে অবস্থান করছে। তিনি চৈতন্যকে এই শক্তিরই এক স্বরূপ বা ক্ষণিক পরিণাম বলেছেন। ইউরোপের ভাববাদী এবং ভারতবর্ষের বেদান্তবাদীরা চৈতনাকে শক্তির অধিষ্ঠান বলেছেন। তারা আগাগোড়া এ-কথাই বলেছেন। আধিভৌতিক বা লোকায়তিকদের বক্তব্য, শরীর বা মন্তিক্ষ বিকৃত বা নম্ভ হলে চেতনাও বিকৃত বা নম্ভ হয়ে যায়। কাবণ তাদের ধারণা মন্তিক্ষ (অন্তকরণ) বিকৃত বা নম্ভ হয়ে, কেবল তা ক্রিয়া-বিশেষ নম্ভ হয়। যার দ্বারা চৈতনোর লক্ষ্মণের আভাস পাওয়া যায়।

হ্যাকলে প্রমুখ কোন কোন বৈজ্ঞানিকরা নিজেদের ক্ষেত্র থেকে বাইরে এসে ঈশ্বর, পরলোক ইত্যাদি খণ্ডন করে খ্রীষ্ট ধর্মের বিরুদ্ধে লড়াই শুরু করেন, তখন অনেকেই তাদের ধর্মের পৌরাণিক এবং মোটা দাগের কথা বাদ দিয়ে হেগেল প্রমুখদের পূর্ণচিদ্বাদ (ফিলসফি অব্ এবসেল্ট) বা ব্রহ্মবাদেরই আশ্রয় নেন। এ নিয়ে আধিভৌতিকরা তাঁদের হোট করে দেখায়। কারণ ভাববাদের মধ্যে তাঁদের স্থূল ঈশ্বর, ফেরেশতা, নরকের আশুন, পিতাপুত্র, ইত্যাদি বিষয়ে একটি কথাও উচ্চারিত হয়নি। ক্যাথলিক সম্প্রদায়ের খ্রিষ্টানরা শুদ্ধ বাহ্যার্থবাদকে গ্রহণ করে। অধিকাংশ বৈজ্ঞানিকরা নিজেদের বিষয়বস্তু থেকে বাইরে না গিয়ে সংশয়বদি হিসেবে থেকে গিয়েছেন। এখনও তেমনি আছেন। তাঁরা চৈতনা এবং তার সত্য ও অসত্য সম্পর্কে কোনরকম বক্তব্য উপস্থিত করতে চাননি। ডারউইন, হাক্সলে বিবর্তনবাদের প্রমুখ প্রবক্তারাও সংশয়বদি ছিলেন। তাঁরা অনীশ্বরবদি ছিলেন না। হার্বাট স্পেলরকেও সংশয়বদি বলা উচিত। কিম্ব লর্ড কেলউইন, স্যার অলিভার লজ-এর মতো সুপ্রসিদ্ধ বৈজ্ঞানিকরা লড়াইয়ে ধর্মাচার্যদের মধ্যে একজন। ঈশ্বর, পরলোক, অমরত্ব ইত্যাদি বিষয়ে সৃষ্টির মধ্যে তিনি নিজেকে সম্পূর্ণভাবে নিয়েজিত করেছিলেন।

#### টীকা:

১. বিজ্ঞান হচ্ছে এমন একটি বিষয়ের জ্ঞান, যা কোন না কোন ভাবে আমাদের ইন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষ হয়। এ-শব্দ আমাদের শাস্ত্রে নানা অর্থ হিসেবে এসেছে। বৌদ্ধরা বিজ্ঞানের অর্থ প্রত্যয়ভাবে নেয়, যা ক্ষণে ক্ষণে সৃষ্টি এবং ধ্বংস হয়। গীতাতে জ্ঞান এবং বিজ্ঞান শব্দ কয়েক ছলে একসঙ্গে আছে। সপ্তম অধ্যায়ে ভগবান বলেন—'জ্ঞানং তে২ং সভিজ্ঞানমিদংওয়াক্ষ্যামাশেষতঃ' অর্থাৎ 'বিজ্ঞান' সমেত একে সম্পূর্ণ জ্ঞান বলা হয়েছে। রামানুজ তাঁর ভাষাতে 'জ্ঞানের' অর্থ কয়েছেন 'মদ্বিয়মিদং জ্ঞানম'

এবং বিজ্ঞানের অর্থ করেছেন, 'ভিবিক্তাকার বিষয়জ্ঞানম'। প্রকৃতির নানা রূপসমূহের যে-জ্ঞান তাই হচ্ছে বিজ্ঞান। পরে ভগবান মন, বৃদ্ধি এবং অহংকারের সঙ্গে পঞ্চভূতকে গণনা করে বলেন এ হচ্ছে আমার অপরা প্রকৃতি। একে ব্যতীত ক্ষগতকে যিনি ধারণ করেন তিনি জীবস্বরূপিনী— আমার পরাপ্রকৃতি। এই অপরা প্রকৃতির ব্যাখ্যা আধুনিক বিজ্ঞানের বিষয়। যার অন্তর্গত হচ্ছে পদার্থবিজ্ঞান, রসায়ন, মনোবিজ্ঞান ইত্যাদি। পরাপ্রকৃতি পরাবিদ্যা বা পরদর্শন (মেটাফিজিক্স) এর অন্তর্ভুক্ত।

- এব বাহ্যার্থবাদমাশ্রিত্য সমুদায়াপ্রাধ্যাদিষু দুযণেষুদ্ভাবিতেষু বিজ্ঞানবাদী বৌদ্ধ ইদানীং প্রত্যবিচিষ্ঠতে— সূত্র ২৮ পর, শঙ্কর ভাষ্য।
- ৩. উপনিষদে একে প্রাণশক্তি বলা হয়েছে, যে প্রাণশক্তি থেকে চৈতন্য ভিন্ন।
- ৪. কৈতন্যবিশিষ্ট দেহ এবাত্মা, দেহাতিরিক্তি আত্মনি প্রমাণাভাবাত— চার্বাক, সর্বদর্শন
  সংগ্রহণ
- ক. নহি আত্মনোন্যত্ অনাত্মভৃত তন তৈতিরীয় ভাষা।
- অক্ষরমব্যাকৃতং নামরূপবীজশক্তিরূপং ভৃতসুক্ষম— শঙ্কর ভাষ্য।

[আর্নেস্ট হেকেলের বই রিড্ল অব দা ইউনিভার্স-এর হিন্দি অনুবাদ (বিশ্ব প্রপঞ্চ)-এর ভূমিকার কিছু অংশ]

2950

অনুবাদ: কমলেশ সেন

## ভেদের মধ্যে অভেদ দৃষ্টি

নানা মত আর ধর্মের স্থুল কথাবার্তা নিয়ে বিবাদ করার সময় এখন নয়। সমস্ত মতে এবং সম্প্রদায়ে ধর্ম এবং ঈশ্বর সম্পর্কে যে সাধারণ ধারণা আছে তার দিকটাই এখন শিক্ষিত পক্ষের অন্তর্গত হতে পারে। ঈশ্বর সাকার না নিরাকার, লফ্ম দাড়িওয়ালা না চার হাতওয়ালা, সে ঈশ্বর উর্দুতে কথা বলেন, না সংস্কৃতে, মূর্তি পূজকদের সঙ্গে তার বেশি বন্ধুত্ব, না আকাশের দিকে হাত প্রসারিতওয়ালাদের সঙ্গে বেশি বন্ধুত্ব, এসব নিয়ে যাঁরা বিবাদ করেন, তারা এখন শুধুই উপহাসের পাত্র। ঠিক সেই রকম যে সৃষ্টিরহসাকে বিজ্ঞান উল্লুক্ত করেছে তার সম্পর্কে প্রাচীন পৌরাণিক গল্প-গাছা আর কল্পনা (যেমন, ছ'দিনে সৃষ্টির উৎপত্তি, আদম-ইভ যুগল, চুরাশি লাখ যোনি ইত্যাদি) আছে সেসব এখন কোনভাবেই তাল-তরোয়ালের কাজ দিতে পারে না। এখন যাঁদের ময়দানে যেতে হবে তাঁদেরকে অবশাই নানা বিজ্ঞান থেকে তথ্য সংগ্রহ করে সোজা সেই প্রান্তে যেতে হবে যেখানে দু'পক্ষ মারমূবি হয়েছে— একদিকে আত্মবাদী অন্য দিকে অনাত্মবাদী, এক দিকে জড়বাদী অন্য দিকে নিতা চৈতন্যবাদী। যদি চৈতন্যের নিত্য সন্ত্ম সর্বমানা হয়ে যায় তাহলে মনে করুন যে সব মতের ভাবনার সমর্থন পাওয়া গেল, তার কারণ চৈতন্য তো সর্বম্বরূপ। নানা ভেদের মধ্যে অভেদ দৃষ্টিই সত্যিকারে তত্ত্ব দৃষ্টি। এর দ্বারাই সত্যের অনুভব হতে পারে এবং মত-মতান্তরের, রাগদেবেরর পরিহার হতে পারে।

ইতিহাস থেকে জানা যায় যে আদিতে সব দেশের মধ্যে প্রকৃতির ভিন্ন ভিন্ন শক্তি ও বিভৃতি বা তাদের ভিন্ন ভিন্ন অধিশ্বরের ভাবনা তৈরি হয়েছে এবং প্রচলিত হয়েছে বহু দেবোপাসনা। কোন কোন দেশে ভেদের মধ্যে অভেদের তত্ত্বদৃষ্টির ক্রমশ বিকাশ হয়েছে এবং সমস্ত দেবের সমষ্টি হিসেবে এক দেব বা এক ঈশ্বরের প্রতিষ্ঠা হয়েছে। যে দুই দেশে সব চেয়ে আগে এই রকম স্বাভাবিক নিয়মেই এক ব্রহ্মের বিকাশ হয়েছে, তা হ'ল ভারত ও কাবুল। ভারতীয় আর্যদের মধ্যে এক ঈশ্বর বা এক ব্রহ্মের ভাবনার বিকাশ হয়েছে ওদ্ধ তত্ত্বদৃষ্টি থেকে। গোড়াতে প্রকৃতির ভিন্ন শক্তি বা বিভৃতির উপাসনা হত, পরে তত্ত্বদৃষ্টির দ্বারা সবকে একের মধ্যে সমাহিত করে ব্রহ্মবাদের স্থাপনা হয়। সংহিতাকালেই অগ্নি, বায়ু, বরুল, ইন্দ্র আদিকে একই ব্রহ্মের নানা রূপ বলে মনে করা হত।

ইন্দ্র, মিত্রং, বরুণামগ্নিমাহরথো দিবাস্স সুপর্ণো গরুত্থান। একং সৃদ্ধিপ্রা বহুধা বদংত্যাগ্নিং যমং মাতরিশ্বানমাহঃ। (খাখেদ সং ১/২/১৬৪/৬৪)

উপনিষদকালে তো এক ব্রন্ধের ভাবনা পূর্ণতা লাভ করেছিল এবং 'সর্ব খবিদং ব্রহ্ম', 'নেহ নানাহন্তি কিঞ্চন', 'তত্ত্বমসি' বেদান্তের এই সব মহাবাক্যের প্রচারও পূর্ণমাত্রায় শুরু হয়ে গিয়েছিন। ঠিক এই রীতিতেই পৃথিবীর অত্যন্ত প্রাচীনতম 'খাদ্দি' জাতির মধ্যে একেশ্বরের ভাবনা জন্ম নিয়েছিন। খ্রিস্টের জন্মের ২০০০ বছর আগের ব্যাবিদানের এক পুঁথিকে সেখানকার ভিন্ন ভিন্ন দেবতা একই প্রধান দেবতা মরদর্কের ভিন্ন ভিন্ন রূপে পরিচিত হতেন বলে উল্লেখ করা হয়েছে।

প্রথম দিকে, যেখানে তত্ত্বদৃষ্টি দ্বারা একেশ্বরবাদের স্বাভাবিক নিয়মে বিকাশ হয়েছে সেখানে তো বহু দেবতাবাদের সঙ্গে তার পূর্ণ সমন্বয় ছিল। কোন রকম দ্বেষ, কলহ, বা কোন উৎপাত শুরু হয়নি, কিন্তু যেখানে যেখানে তার ব্যত্যয় হয়েছে সেখানে সেখানেই ঝামেলা সৃষ্টি হয়েছে। উপদেশ দেওয়ার জন্য প্রবচনকারীদের এই জন্যই ভেদ করা হয়। যতক্ষণ অন্তঃকরণ বিকাশের দ্বারা নির্দিষ্ট জ্ঞানের কেউ অধিকারী হয়ে উঠতে না পারছে ততক্ষণ সে না পারে তাকে পুরোপুরি গ্রহণ করতে, না পারে অর্ধেক গ্রহণ করে তাকে হজম করতে। ব্যাবিদনের এই একেশ্বরবাদের কিছু খবর পায় ইহুদিরা। তারপর আর কি, দর্শন বিজ্ঞান বিহীন প্রাচীন ইশ্বদিদের একটা শাখা নিজেদের কুলদেবতা 'এহোবা'কে অন্য জাতির বা অন্য গোষ্ঠির কুল দেবতার চেয়ে বড় প্রমান করাতে মেতে ওঠে। যেমন করে দুটো বাচ্চা ছেলে অভিমান করে একে অন্যকে বলে 'আমার খেলনাটা তোর চেয়ে অনেক ভাল', ঠিক তেমনি নিজের নিজের দেবতাকে নিয়ে ওরা ঝগড়া শুরু করে। শুরুতে এই 'এহোবা' ছিল সাধারণ কুলদেবতা যার উদ্দেশে ইসরাইলের লোকেরা বলি দিত। তাঁর জ্ঞান এবং শক্তি দুই-ই ছিল খুব পরিমিত। মিশরদেশের রাজা যখন ইসরাইল বাসীদের উপর খুব অত্যাচার শুরু করেছিল তখন তারা এই কুলদেবতাকেই স্মরণ করেছিল। এহোবা বলেছিল আচ্ছা, আজ্ব রাতে আমি মিশরদেরকে নাশ করে ছাড়ব। তবে একটা কাজ কোরো তোমরা বলি দিয়ে চেনার সুবিধার জনা নিজেদের ঘরের সব দরজায় রক্তের দাগ লাগিয়ে দিও যাতে আমার হাতে ওগুলোর কোন ক্ষতি না হয়। মুসার কৃপা এই এহোরাই পরে স্বর্গ-মর্তের সৃষ্টিকর্তা ভগবান হয়ে যান। মুসার ধর্ম থেকেই খ্রিস্ট ধর্ম আসে। ইহদি আর খ্রিস্টানদের এই ভাবেই দ্বেষবশত অন্য জাতিদের নিন্দা করার এবং তাদের পাপী আর ধর্মবিমুখ বলে অভিহিত করার সুযোগ মেলে। জ্ঞানের এই অসংস্কৃত অবস্থায় মানুষ এমন সুযোগকে হাত ছাড়া করতে চাইল না। অন্য জাতির লোকেদের বে আচার ব্যবহার এবং উপাসনা বিধান (যেমন মৃতিপূজা) ছিল পয়গম্বর কর্তৃক প্রেরিত গ্রন্থে সেসব পাপের তালিকাভুক্ত করা হল। এইভাবে অন্তঃকরণের এই প্রবৃত্তি দ্বারা প্রেরিড হয়ে এশিয়ার পশ্চিমী প্রান্তে যে একেশ্বরবাদের স্থাপনা হল তাতে পৃথিবীতে অনেক বড় বড় অঘটন ঘটে গেল। আরবে পৌছে তা যে রূপ ধারণ করে তার সাক্ষী আছে ইতিহাস।

উপরোক্ত তিন অনার্য পয়গম্বরী মতে একেশ্বরের যে প্রতিষ্ঠা হল তা কিন্তু তবু-চিন্তনের ফলপ্রুতি নয়, তাই তাতে সেই ব্যাপকত্বের অভাব থেকেই গিয়েছিল যা উদার দৃষ্টির জন্য অত্যন্ত আবশ্যক। বহুদেব উপাসনার যে উদার ভাব ছিল তা এই একেশ্বর উপাসনাতে অপসৃত হতে থাকে। বহুদেব উপাসকেরা জগতে অনেক দেবতার অস্তিত্বে বিশ্বাস করতেন। তাই অন্য জাতির লোকেদেরকে অন্য কোন দেব-দেবীর উপাসনা করতে দেবে তারা মনে কোন্ধুবিশ্বেষের ভাব পোষণ করতেন না। অন্য জাতির দেবতাদের স্বীকার করতে বা তাঁদের নিজেদের দেবতাদেরই ভিন্ন রূপ ভাবতে কোন আপত্তি ছিল না। কিন্তু যে

সমস্ত জাতি বা জনগোষ্ঠীর মধ্যে এই পয়গম্বরী একেশ্বরবাদের প্রচার চালানো হয়েছিল তাঁরা তাদের একেশ্বরকে সম্পূর্ণ স্বতন্ত্র দেবতা বলে ভাবতে শুরু করে আর তাদের পরিচয় যদি কারও জানার সুযোগ হত তো সে তাদের ঐ পয়গম্বররাই করে দিত। প্রতিটি পয়গম্বরী মতের ঈশ্বরের সঙ্গে এক একজন পয়গম্বর জড়িয়ে আছেন যাঁকে মান্য করা ঐ একেশ্বরকে মান্য করার চেয়ে কিছু কম জরুরী নয়।

এই পরগন্ধরী একেশ্বরবাদের আগে সমাজে এই ধর্মত নিয়ে কোন দ্বন্দ্ ছিল না। ভারতীয় আর্য, পারসি, খালদি, মিশরিয়, প্রিস্টান এবং রোমান ইত্যাদি যে সমস্ত জ্ঞানসমৃদ্ধ ও সভ্য বহু দেবোপাসক জাতি ছিল, কখনও তাঁদের মধ্যে এসব নিয়ে লড়াই বিবাদ হয়নি, কখনও কেউ অন্যকে বলেনি যে আমাদের ঈশ্বর তোমাদের ঈশ্বরের চেয়ে বড় বা শ্রেষ্ঠ, ভোমরা আমাদের দেবতাকে স্বীকার করো। ইউরোপে সাহিত্য, দর্শন, বিজ্ঞান ও শাসনকল্পতে যে এত উন্নতি হয়েছে, তা প্রকৃতপক্ষে বহুদেবোপাসক প্রাচীন ইউনানি এবং রোমানদের প্রসাদে, অনার্য খ্রিস্ট মতের প্রসাদে নয়। খ্রিস্টিয় মতের জন্য সত্যি কথা বলতে কি জ্ঞানের গতিতে বরং অস্তরায়েরই সৃষ্টি করেছিল। সন্ধীর্ণ ভিত্তিমূলের উপর পয়গন্থরী মতের স্থাপনা হওয়ার কারণে তাদের অনুগামীদের মধ্যে ব্যাপক উদারতার অভাব লক্ষ্য করা যেত। তারা মনে করত তাদের বাদ দিয়ে দুনিয়ার সমস্ত লোক তাদের ঈশ্বরের শক্র। ইংরেজ কবি অন্ধ মিন্টন পর্যন্ত সভ্যজাতিদের দেবতাদের শয়তানের সেনাবাহিনীতে ভর্তি করে নিজের কট্টরতার, নিজের সংকীর্ণ মনোবৃত্তির পরিচয় দিয়েছেন। একথা তাঁর একেবারেই মনে হয়নি যে, খ্রিস্ট মতের প্রচারের বহু আগেই সভ্য মনুষ্যজাতির মধ্যে ধর্ম, শীল, এবং আচরণের অত্যন্ত উচ্চতর আদর্শ প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল।

উপনিষদ কালে ভারতীয় আর্যদের মধ্যে ব্রহ্মের ধারণা পূর্ণতার স্তরে গিয়ে পৌছে গিয়েছিল এতে তার স্থুল নিরূপণের দ্বারাও কোন রকমের বিপ্লব হয়নি। কেনোপনিষদে ব্রহ্মের বোধ সম্পর্কে সুন্দর একটা গল্প আছে আর তা সম্ভবত খ্রিস্টান ধর্মযাজকদেরও ভাল লাগবে। একবার এক বিশাল যক্ষের আর্বিভাব হয়। ইন্দ্র তার সম্পর্কে জানার জন্য আগ্লিকে পাঠায়। অগ্লিকে দেখে যক্ষ জিজ্ঞেস করে, কে তুমি? কি তোমার ক্ষমতা? অগ্লি বেশ গর্বের সঙ্গে বলে, আমি অগ্লি, আমি চাইলে বিশ্ব-সংসারকে এক নিমেষে পুড়িয়ে ছাই করে দিতে পারি। যক্ষ তাকে একটা কুটো দিয়ে বলে, পোড়াও দেখি এটাকে। অগ্লি শত চেটা করেও সামান্য সেই কুটোটাকে পোড়াতে অক্ষম হন। যেমনকার কুটো তেমনই থেকে যায়। এবার আসে বায়ুদেবতা। তাকেও যক্ষ জিজ্ঞেস করে, কে তুমি? কি তোমার ক্ষমতা? বায়ু বলে, আমি বায়ু, আমি মনে করলে এক মুহূর্তে বিশ্ব-সংসারের সব কিছুকে উড়িয়ে দিতে পারি। যক্ষ তাকেও একটা কুটো দেখিয়ে বলে, ওড়াও দেখি এটাকে। কেমন দেখি তোমার ক্ষমতা? বায়ু অনেক চেটা করেও মেই খড়টাকে নড়াতে পর্যন্ত পারল না। শেষে স্বয়ং ইন্দ্র এসে হাজির হয়। কিন্ত ইন্দ্র যেতেই যক্ষ অন্তর্ধান করে। ইতিমধ্যে সেখানে 'উমা হৈমবতী'র আবির্ভাব হয়। সে বলে যক্ষ আসলে ছিল ব্রহ্ম।

ব্রহ্ম বা ঈশ্বরের এই স্কুল ভাবনা থেকেও কোন রকম মতভেদ উৎপন্ন হয়নি। বস্তুত আর্যজাতির সম্যক তত্ত্বদৃষ্টি প্রাপ্তির পরই 'এক' ও 'অনেক' নিয়ে বিবাদ করার সম্ভাবনা ক্রমশ শেষ হয়ে যেতে থাকে। অধিকাভেদ থেকে 'এক' ও 'অনেকে'র উপাসনা একই

সঙ্গে হাত ধরাধরি করে চলতে থাকে। এক ব্রন্ধোর জ্ঞান সমৃদ্ধ হয়ে যাওয়ার পরও অনেক দেবতাদের জন্য যজ্ঞাদি হতে থাকে, বন্ধ হয়ে যায় না। অনেকত্ব ও একত্বের মধ্যেকার এই অবিরোধবৃদ্ধি হিন্দুধর্মের ক্ষেত্রকে শুরু থেকেই এমন অপরিমিত করে রাখে যে তা কিছুতেই ব্যক্তিবদ্ধ হয়ে উঠতে পারে না, তাতে সেই সংকীর্ণতার পথরুদ্ধ হয়ে যায়, যা ব্যক্তি বিশেষের আশ্রিত পয়গম্বরী মতের মধ্যে দেখা যায়। কর্ম, জ্ঞান এবং উপাসনা তিন কাণ্ডর মধ্যে পরস্পর সম্পর্ক থাকার জন্য যেমন একের মধ্যে উচ্চ-নিচ শ্রেণী মেনে নেওয়া হয়েছে ঠিক তেমনি অন্যের মধ্যেও। এক সত্য থেকে অন্য সত্যে, সেই সত্য থেকে আবার অন্য সত্যে এই ভাবে ছোট থেকে বড়, তারপর তার থেকেও বড় সত্যের অখণ্ড পরম্পরা স্বীকৃত করা হয়েছে। ইংলভের প্রসিদ্ধ দার্শনিক হার্বার্ট স্পেনসরও একই কথা বলেছেন যে, কোন মত তা যাই হোক, যেমনই হোক তার মধ্যে কোন না কোন সত্যের অংশ থাকেই। ভূত-প্রেতবাদ থেকে শুরু করে বড় দার্শনিকবাদ পর্যন্ত সবের মধ্যে একটা কথা সমান ভাবে দেখা যায়, সকলেই সংসারের মূল কোন অজ্ঞেয় বা অপ্রমেয় রহসা মনে করে, যার বর্ণনা প্রত্যেক মতই করতে চায়, কিন্তু পারে না। এই বিষয়টির উপর দৃষ্টি রেখে হিন্দুদের অন্য জ্ঞাতিসমূহের প্রতি অনাচার বা অস্বচ্ছতা (অশৌচ) ইত্যাদির কারণে কিছু ঘৃণাভাব থাকতে পারে কিন্তু অন্য দেবতার উপাসনার জন্য মনের ভেতরে দ্বেষ পুষে রাখার মতো প্রবৃত্তি কখনও হয়নি। ভগবান প্রীকৃষ্ণের ম্পষ্ট বক্তবা, 'যেওপানা দেবতাভক্তা যজংতে শ্রদ্ধয়াম্বিতাঃ। তে ওপি মামেব, কৌস্তেয়, যজংতাবিধিপূর্বকম্।' কেবল 'অবধিপূর্বকম'-এর জন্য মারামারি, হানাহানির প্রয়োজন আছে বলে কারও মনে হয়নি।

প্রাচীন আর্য ধর্মে (ভারতীয়) ধর্মাধর্ম ঈশ্বরের কোন বিশেষ রূপের ভাবনা বা কোন দেবতা বিশেষের আরাধনার উপর চাপানো হয়নি। বেদবাাস অত্যন্ত উদার ভাবে বলেছেন, ধর্মাত্মা পুরুষ বর্ণাশ্রমধর্মের (আর্য বা হিন্দু ধর্ম) বাইরেও আছে। তিনি, আর্য ধর্মকে জানেননি বা মানেননি এমন সব বিদেশি জ্ঞাতি সমূহকে কখনই ধর্মশৃণ্য বলে অভিহিত করেননি। শ্রীকৃষ্ণ বলেছেন, 'য়ে যখা মাং প্রপদাংতে তাং স্তথেব ভজাভাহম্।' এ কারণেই প্রাচীন আর্যরাও নিজেদের আচার ও নিজেদের বিচারকে অন্যের কাঁধে চাপাবার চেষ্টা করেননি। দেশ কাল অনুসারে যেখানে যেমন ধর্মাবস্থা স্থাপিত ছিল সেখানকার জন্য তাই-ই তারা উপযুক্ত বা সঠিক বলে মনে করেছেন।

উপনিষদকালে এক ঈশ্বর বা ব্রন্ধের ভাবনা পরিপক্ক হয়ে যখন পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়ে সৌভাগ্যক্রমে সেই স্থান ভারতবর্ষ। অন্যত্র তখনও তেমনভাবে প্রতিষ্ঠিত হতে পারেনি। কিন্তু ঐ এক ঈশ্বর বা ব্রহ্মকে নিয়ে প্রাচীন আর্যরা কখনই অন্য সভ্য বা অসভ্য জাতির মানুষদের গলা কাটতে উদ্যত হয়নি। তারা খুব ভাল করেই জানতেন যে, এই 'এক' অনেকেরই সমষ্টি অথবা 'অনেক' এই একেরই আভাস মাত্র।

আগেই বলা হয়েছে ভেদের মধ্যে অভেদ দৃষ্টিই হল সত্যিকারের তত্ত্বদৃষ্টি। এর দ্বারাই সভার আভাস পাওয়া যেতে পারে। এই অভেদই জ্ঞান এবং ধর্ম, উভয়ের লক্ষা। বিজ্ঞানও এই অভেদের সন্ধানে রত, ধর্মও ইঙ্গিত করছে এই দিকে।

অনুবাদ: কার্লিপদ দাস

## অসহযোগ আন্দোলন ও অব্যবসায়িক শ্রেণী

পৃথিবীর কোথাও ব্যবসায়িক ও অব্যবসায়িক এই দুই শ্রেণীতে জনসংখ্যার বিভাজন ততটা ম্পষ্টভাবে পরিলক্ষিত হয় না, যতটা হয় ভারতবর্ষে। জাতি প্রথা মানবতার বংশানুগত বিকাশকে প্রভাবিত করেছে, এবং পরবর্তী সময়ে দুটি সুস্পষ্ট শ্রেণীতে বিভাজিত হয়ে গেছে। ব্রিটিশ শাসন কর্তৃক উদ্ভূত প্রতিকৃষ্ণ পরিস্থিতি সত্ত্বেও রাজনীতিক এবং কৃষক শ্রেণী আধুনিক বাণিজ্যবাদের তোড়জোড়ের মধ্যে নিজেদের বাণিজ্যিক লক্ষ্য থেকে সরিয়ে রাখতে সমর্থ হয়েছে। রাজ্য শাসনের উদ্দেশ্যে ভারতীয় শাসকেরা অব্যবসায়িক-রাজনৈতিক শ্রেণীসমূহকে স্থায়ীভাবে জমির সঙ্গে সংবদ্ধ করে এবং সেই সঙ্গে তাদের রাজকীয় পরিষেবা দিয়ে তাদের জন্য এক পৃথক প্রভাবক্ষেত্রকে সম্পোষিত করেছে। এই ভাবেই সমাজে পুরোপুরি সমতা রাখার চেষ্টা করা হয়েছিল। সে সময়ে বাণিজ্যিক শ্রেণী ধনসংগ্রহে সচেষ্ট ছিল এবং কৃষক শ্রেণী তার সামান্য উপার্জনেই সম্বন্ত ছিল। তুলনামূলকভাবে অধিক প্রতিষ্ঠিতদের পারিবারিক অনুদান দিয়ে বশীভূত করা হয়েছিল অথচ সাধারণ মানুষরা উৎপাদনের জন্য তাদের কাছ থেকে পেতো ভূমিখণ্ড। বাণিজ্যিক শ্রেণীর কাছে পেশা হিসাবে কৃষিকাজ অনেক পূর্ব থেকেই তার আকর্ষণ হারিয়ে বসেছিল এবং রাজনীতিক শ্রেণী অপেক্ষাকৃত দুর্বল শ্রেণীর মানুষদের দিয়ে অন্যান্য কান্ধ সম্পাদন করতো। সাম্রাজ্যবাদী শক্তি যুদ্ধের সময় লোক ও সামগ্রীর জন্য দুর্বলদের উপর নির্ভর করে আসছিল, যেমন এক সময়ে তারা প্রথম বিশ্বযুদ্ধে করেছে।

ইংরেজদের আগমনের পূর্বে এই দুই শ্রেণী আপন আপন ক্ষেত্রে সস্তুষ্ট ছিল। বাণিজ্যিক শ্রেণী যেমন ধনোপার্জনের নিজস্ব ভাবনা চিন্তার মধ্যে পরিপূর্ণভাবে আত্মময় ছিল আর কৃষক শ্রেণী তেমনি তাদের জীবনচর্যাতে রাজ্যের সৈনিক তথা লোক পরিষেবার কাজে যথেষ্ট ভূমিকা পালন করেছিল। উভয়ের ভূমিকা এবং অবস্থান একে অন্যের থেকে সম্পূর্ণ ভিন্ন বলে মনে করা হত। শাসক যেমন ব্যবসায়ী হতে পারত না, ব্যবসায়ীও তেমনি শাসক হতে পারত না। এই যুক্তিসঙ্গত সিদ্ধান্তের উপেক্ষা পুরাতন দেশভক্তির সংকীর্ণ চিন্তাধারার সঙ্গে জুড়ে দিয়েই ইওরোপের প্রায় সমস্ত রাজ্যকে নিষ্ঠুর শোষক গোষ্ঠীতে পরিবর্তিত করেছিল। পরিণামে ইস্ট ইন্ডিয়া কোম্পানি রূপে ইওরোপের গৃণিত বাণিজ্যবাদ ভারতের মাটি স্পর্শ করল এবং ভারতীয় সমাজের দ্বিন্তর বিভাজনের ভিত্তিতে যে সামঞ্জস্য এতদিন পর্যন্ত চলে আসছিল তাকে বিশৃশ্বলিত করে ছিল। কোম্পানি তাদের নিজেদের বাণিজ্যিক প্রচার-প্রসারের জন্য ভারতীয় ব্যবসায়ীদের আপ্রের নিয়েছিল। ফলে স্বভাবতই তারা শুধুমাত্র তাদেরই জন্য অনুকৃল পরিস্থিতি তৈরি করতে লাগল। কোম্পানির গোমস্তা এবং এজেন্টরা তাদের পদাধিকারবলে বৃহত্তর লাভ ওঠানো ছাড়াও নিজে কিনে নেবে

বলেই প্রধানত অন্যদের দিয়ে কৃষকদের খালি করানো জমি দখল করে নিতে লাগল। বড় বড় অঞ্চলগুলোর রাজস্ব আদায়ের দায়িত্বভার তাদের দেওয়া হল, তাদেরই করা रुन দেওয়ান, তাছাড়াও অন্যান্য অনেক উপায়ে তারা গুরুত্ব আদম করে নিল। এই নতুন রাজনৈতিক প্রতিষ্ঠাকে তারা কিভাবে ব্যবহার করল ইতিহাসের ছাত্রদের কাছে তা অজানা নয়। বার্ক তার বিখ্যাত গ্রন্থ 'Impichment of Hestings'-এ অবস্থাটাকে খুব স্পষ্টভাবে বর্ণনা করেছেন। জমি থেকে কৃষক শ্রেণীর সম্পর্কের স্থায়িত্ব চিরদিনের মতো नृषु হয়ে গেল এবং তাদের ক্রমবর্দ্ধমান দৈন্যাবস্থার মধ্যে ফেলে দেওয়া হল। দখলকারীরা লোভী আইনজীবীদের দিয়ে আদালতের মাধ্যমে তাদের সর্বনাশের পথে केटन मिन। आर्टेनी किंग्निजात कार्तां त्याकम्प्रमा अमन व्यवश्राय माँड़ार्ट्या एवं अत्रकाति চাহিদা মেটানোর পর জমিদারদের কাছে আর কিছুই অবশিষ্ট থাকত না। জমির উপর कृषकता ५२न कारग्रम ता २८७ जनमर्थ २८ग्र भएन। यटन याता निरक्रापत जिलिहिन्डि वाए বাড়স্তের জন্য জমির সন্ধান করে বেড়াচ্ছিল সেই শহুরে মহাজনদের হাতে তাদের অধিকাংশ জমি হস্তান্তরিত হয়ে গেল, এবং এখনও হচ্ছে। এক্ষেত্রে সরকারি ভূ-রাজস্ব নীতি অনেকাংশে জমির প্রকৃত আধিকারী এবং কৃষক প্রেণীর শোচনীয় অবস্থার জন্য দায়ী। জমির উপর জনসংখ্যার চাপে উদ্ভূত সমস্যা ছাড়াও জমির মালিক বা কৃষকরা পদে পদে কোন না কোন রাজস্ব-কর্মচারি বা অন্য পদাধিকারীর দ্বারা শোষিত হতে লাগল। বাণিজ্যিক ক্ষেত্রে এ ধরনের কোন ব্যাপক নিয়ম-নীতি নেই। বাণিজ্যিক শ্রেণীর পক্ষে ব্রিটিশ শাসন দৃষ্টি এড়িয়ে যাচ্ছেন। সরকার পুরনো নিয়মের অনুগমন করে এখনও জমিকে তাদের রাজস্ব আদায়ের প্রধান মাধ্যম বলে মনে করে চলেছে।

একদিকে যখন জমি নির্ভর শ্রেণী প্রতিদিন এ-ধরনের সর্বনাশের দিকে এগিয়ে চলেছে অন্যদিকে তখন শহরাঞ্চলের ব্যবসায়ীরা আমদানি রপ্তানির ব্যবসা করে লাভের উপর লাভ করে যাচ্ছে। স্বদেশি ব্যবসার মূলোচ্ছেদ তাদের কাছে যেন অভিনন্দনীয় হয়ে গেল। মারওয়াড়িদের কলকাতা, মুম্বাই এবং অন্যান্য ব্যবসায়িক কেন্দ্রগুলোতে আগমনে এ তথ্যের সমর্থন মেলে। উত্তরোত্তর জমিদারদের কাছ থেকে বলপূর্বক দাবি-দাওয়া আদায় এবং তার পরিণামস্বরূপ কৃষকদের উপর যে-চাপ সৃষ্টি হচ্ছে তার তুলনায় মহাজন বা ব্যবসায়ীদের নিজেদের বিরাট অংশের মুনাফা থেকে কিছুই দিতে হয় না। একটা শ্রেণী যখন সরকার দ্বারা উপর থেকে চাপিয়ে দেওয়া অসুবিধাসমূহের তলে পিষ্ট হচ্ছে অন্য শ্রেণী তখন ব্রিটিশ সংরক্ষণের সমস্ত সুখ-সুবিধার মজা নিতে নিতে তাদের উপহাস করছে। যত শীঘ্র সম্ভব এই অসঙ্গতি দূর করা যায় ততই মঙ্গল। যেহেতু ভারতের জনসংখ্যার একটা বড় অংশ গ্রামে বসবাস করে সেহেতু সরকারের পৃষ্টপোষকতার উপর এদের হিতের অধিকার সবচেয়ে আগে। আশা করা যায় সেই সব সাধারণ মানুষদের প্রতি অপরিহার্য কর্তব্যবোধে সেই সরকার খুব শীঘ্রই সজাগ হবেন, যে সরকারের কাছে তারা জরুরি অবস্থায় খুব স্বাভাবিক কারণেই আশান্বিত হয়ে ধনসামগ্রী এবং লোক-বলের জন্য দরবার করে। কৃষকদের প্রতিষ্ঠার ও পুনর্স্থাপনার জন্য তাদের পক্ষে রাজস্ব করের পুনর্নিধারণ, নিরাপতামূল্যক আইন, জমি সম্পর্কিত নিয়ম কানুনের সরলীকরণ, গ্রামীণ ন্যায় পরিষদের

স্থাপনা এবং এ ধরনেরই অন্য অনেক কিছুর প্রয়োজনীয়তা আছে। তাদের মনোভাব এবং সমবেদনাকেও সম্মান করতে হবে।

এটা বোঝার জন্য খুব বেশি কল্পনার আশ্রয় নেওয়ার প্রয়োজন হয় না যে দেশে অতি সম্প্রতি রাজনৈতিক ক্রিয়াকলাপের যে স্বরূপ আমাদের সামনে এসে উপস্থিত হয়েছে তা বহুলাংশেই ব্যবসায়ী শ্রেণীর হঠাৎ অন্তপ্রবেশ-এর কারণ। বছর চারেক আগে আমার সঙ্গে কলকাতার এক তরুণ মারওয়াড়ির দেখা হয়েছিল, ছেলেটা তখন কলেজের পড়াও শেষ করেনি কিন্তু তাহলেও সে রাজনীতির প্রসঙ্গ তুলে নানা বিষয় নিয়ে অনর্গল কথা বলে যাচ্ছিল। এমনকি মি. গান্ধীর ব্যক্তিত্বের উপরও অম্পষ্টভাবে বিচার বিশ্লেষণ করছিল। নিঃসংশয়ে আমি ছেলেটার মধ্যে এমন মানুষদের টাইপ দেখেছিলাম যা রাজনীতির ক্ষেত্রে দ্রুত একটা স্বতন্ত্র রাস্তা তৈরি করে নিচ্ছিল। মি. গান্ধী ইউরোপীয় আন্দোলনকারীদের সমস্ত ধরনের যুক্তি-কৌশলে প্রশিক্ষিত হয়ে দক্ষিণ আফ্রিকা থেকে ফিরেছেন। আন্দোলনকারী হিসাবে তিনি অতুলনীয়। ভারতের মতো দেশে তার মতো মানুষের ভীষণ প্রয়োজনীয়তা ছিল। কিন্তু একজন আন্দোলনকারী সব ব্যাপারেই একজন ভাল প্রশাসকও হবে তা আমার কাছে তেমন স্পষ্ট নয়। মি. গান্ধী সেই সব বিশেষ বিন্দুগুলো সম্পর্কে সম্যক অবহিত ছিলেন, যেগুলোকে স্পর্ণমাত্র তীব্রতম উত্তেজনা তৈরি করে দিতে পারে। তাঁর অর্ধ-র্ধামিক অর্ধ-রাজনৈতিক প্রবচন কোটি কোটি মানুষের হৃদয়কে নাড়িয়ে দিয়েছে। ব্যবসায়িক শ্রেণীকে তো তিনি প্রায় তাঁর অন্ধভক্ত করে তোলার দিকে চালিত করে দিয়েছেন। আর সম্ভবত তারই পরিণাম স্বরূপ কলকাতার বিশেষ কংগ্রেস অধিবেশনে বয়োবৃদ্ধ এবং সম্মানীয় নেতারা শুধু যে হেয়ই প্রতিপন্ন হলেন তাই নয়, তারা তারই অনুগামীদের দ্বারা প্রকাশ্যে অপমানিতও হলেন। আমি জানি না মি. গান্ধী সব সময় এটা বুঝতে পারেন কি না যে তাঁর রচনাবলীতে কখনও কখনও এমন পরিণামও উদ্ভূত হতে পারে যা তাঁর ভাবনারও বাইরে। বরং আমরা তো এটাই দেখতে গুরু করেছি যে, তাঁর অহিংসা কোন রকম শাস্তি এবং সুব্যবস্থারই দ্যোতক নয়।

মানসিকতায় যে কাঠামো অহিংসার সিদ্ধান্তের সঙ্গে একীভূত হয়েছে, তার সংক্ষিপ্তকরণ আমরা এই ভাবে করতে পারি:

১. পাঞ্জাবের নৃশংস অত্যাচারের বিরুদ্ধে সত্যনিষ্ঠ ও সহজ দেশপ্রেমযুক্ত ক্রোধ এবং সরকারের প্রতি বিশাসের হ্রাস।

পাঞ্জাবে সংঘটিত ক্রুর নৃশংস অত্যাচার এবং সেই অত্যাচারজনিত অপরাধের কর্ণধারদের কোনরকম সাজা ব্যতিরেকে প্রকাশ্যে ঘুরে বেড়ানো প্রতিটি দেশ-ভক্ত ভারতীয়ের বুকের মধ্যে গভীর ক্রোধ ও বিদ্ধেষের ভাবনা জাগ্রত করে দিয়েছে। এই অন্যায়ের বিরুদ্ধে জোরালো জেহাদ ঘোষণা করে পুরো দেশের উগ্রবাদীরা একজোট হয়ে যখন তাদের দাবিসমূহকে 'সুনিশ্চিত রূপ' দিতে যাচ্ছিল ঠিক সেই সময়েই মি. গান্ধী অসহযোগের 'অনিশ্চিত' নীতি শুরু করে দিলেন। এতে যে কোলাহল তৈরি হল তাতে মোহিত হয়ে তাঁর ভারসাম্যহীন চরিত্রকে কোনভাবে বোঝার চেষ্টা না করেই মানুষ তাঁর পিছনে ছুটল। কিন্তু এটা একেবারেই স্পষ্ট যে, শুধুমাত্র কোলাহল তোলা— যাতে অসহযোগীরা

নিশ্চিতভাবে সফলতা অর্জন করেছিল, কোন রকম অন্যায়ের বাস্তবিক নিরাকরণও করতে পারবে না আর ইংরেজদের প্রচার-প্রসারেরও কোন ব্যত্যয় ঘটাতে পারবে না। বিভাজনের বিরুদ্ধে বাংলাদেশে যে ধরনের আন্দোলন সংগঠিত করা হয়েছে ঠিক সৈই রকম অধিক সুনিশ্চিত এবং অধিক লক্ষ্যোত্মুখ সংঘর্ষের প্রয়োজনীয়তা আছে। সত্যাগ্রহ আন্দোলনের নিয়তি দেখে মি. গান্ধীর নীতির প্রতি বিশ্বাস ভেঙে পড়া উচিৎ ছিল কিন্তু ব্যক্তিস্থের প্রতি অতি ভক্তি ভারতীয় জনমানসের চারিত্রিক বৈশিষ্ট্য। লোকমান্য তিলকের মৃত্যু দেশভক্তদের পুরো দলটাকেই মি. গান্ধীর অনুকম্পার উপর ছেড়ে দিয়েছিল।

এদের মধ্যে বহু বিচক্ষণ নেতা, যাদের মধ্যে মহারাষ্ট্রীয়রাও ছিল, নিজেদের পিঠের উপর রাজ্যের সামাজিক এবং আর্থিক বিচারধারার বোঝা চাপিয়ে কংগ্রেসের প্রতিষ্ঠা কায়েম রাখার জনা নিঃশব্দে নীরবে অসহযোগীদের লাইনে গিয়ে সামিল হয়ে গেল। আর একটু স্পষ্ট করে বললে বলতে হয় তাঁরা এমনটি করল এজন্য যাতে তারা অনভিজ্ঞ এবং তরুণ প্রজন্মের ধিক্কার থেকে নিজেদের রক্ষা করতে পারে। দেশের গৌরব সেই সব নিভীক এবং বিবেকবান নেতাদের কারণেই টিকে আছে যাঁরা নিজেদের বিশ্বাসে অটল। তাঁদের মনোবস্থা সেই সব মানুষদের সঙ্গে কিছুতেই নিজেদের অনুকৃলিত করতে পারবে না, যারা বড় বেশি তাৎক্ষণিক পরিণামের লালসার সামনে তাদের প্রত্যেকটি সিদ্ধান্তকে উৎসর্গ করার জন্য তৈরি। সরকারের অনুদার নীতিতে ক্ষুব্ধ ও হতাশ কিছু নেতা এই আন্দোলন দ্বারা উদ্ভূত কোলাহলকে তটস্থ এবং সম্ভবত কিয়দংশ সম্ভব্তির দৃষ্টিতে দেখছেন। যদিও আন্দোলনের ব্যাপারে তাঁদের মনে উপেক্ষার ভাব আছে।

কিন্তু তাঁদের এই তথ্যটাকে সামনে রাখা প্রয়োজন যে, যেখানে এই আন্দোলনে নিঃস্বার্থ এবং সৎ কর্মকর্তাও আছেন যাঁদের ঔদাত ও দেশভক্তি পূর্ণ বলিদান সম্মানের যোগ্য, আবার সেখানে এমন মানুষদের সংখ্যাও কিছু কম নয় যারা দেশবাসী এবং ইংরেজ উভয় পক্ষে থেকেই দ্বিমুখী খেলা খেলতে চাইছে এবং জনসংখ্যার বৃহৎ অংশের বিরুদ্ধে নিজেদের মতো ক্রিয়া-কলাপের ক্ষেত্র সন্ধান করছে। আমাদের নিরীক্ষণ থেকে ক্রিয়াশীল অন্তর্ধারা কখনই বিচ্যুত হওয়া উচিত নয়। অসহযোগ আন্দোলনের এমনতর লক্ষাহীন এবং অসম চরিত্রকে অনাবৃত করতে এবং এর পতাকার নিচে ছয়্মবেশে লুকিয়ে-থাকা দুষ্ট শক্তিদের মুখোশ খুলে দিতে জনতার সামনে স্পষ্ট ও সুনিশ্চিত স্বরাজ প্রচার (হোম রুল)-কে বিকল্প রূপে উপস্থিত করা দরকার। কারণ, নিজের দেশেই যারা দুঃখ ভোগ করছে তাদের দেখে জনগণ অলসের মতো চুপচাপ বসে থাকতে পারে-না। কিছু করার জন্য তারা সচেষ্ট হবে।

### ২. মিথ্যা অহংকার এবং দল্কের মূলে ব্যক্তিবাদী ভূমিকার অতিরঞ্জিত খারণা

পাশ্চাত্য শিক্ষা আমাদের তরুণ সমাজের মস্তিকের ব্যক্তিবাদী স্বাধীনতার চিন্তায় এমন ভরিয়ে দিয়েছে যা অধিকাংশ ক্ষেত্রেই এত অম্পষ্ট ও অসম যে, তা সামাজিক এবং নৈতিক অনুশাসনের সম্পূর্ণ বোধকে নিপ্প্রভ করে দেয়। তাদের কাছে অধিকারের অন্তিত্ব পারিবারিক, সামাজিক বা রাজনৈতিক যে কোন ক্ষেত্রে এবং যে কোন রূপে ঘৃণাম্পদ। প্রশাসনে তারা মেশিনকে অধিকতম এবং ব্যক্তিত্বকে ন্যুনতম হিসাবে দেখতে চায়।

ভার্নাকুলার প্রেসের এক শ্রেণীর বিবেকরহিত লেখালেখি তাদের দেশভক্তির অর্থের সঙ্গে এই মনোবৃত্তিকে মিশিয়ে ফেলতে প্রেরিত করেছে। যথার্থ এবং সৃজনাত্মক দেশভক্তির সুস্থ ও মার্জিত বিকাশের সঙ্গে এই ভাবনা সম্পূর্ণভাবে অসঙ্গত। এটা এমন একটা তথ্য যার কোন ব্যাখ্যার প্রয়োজন হয় না।

৩. ক্ষমতা ও পুঁজির দম্ভ থেকে উৎপন্ন বিষেষ এবং এক ব্যাপক স্তরে অর্থের সঙ্গে শাসনকে জুড়ে দেওয়ার জোরালো প্রচেষ্টা চলছে। তার লক্ষ্য যাতে কৃষকপ্রেণীকে নিজেদের অধীনে টেনে আনা যায়। উল্লেখ্য এই কৃষকরা কিন্তু ইংরেজ আগমনের আগে স্বাধীন ছিল।

মানসিকতার উপরোক্ত তিন কাঠামোর মধ্যে শেষ দুটোর খুব বেশি প্রভাব পড়েছে অসহযোগ আন্দোলনের বহুসংখ্যক অনুগামীর মধ্যে। এরা জাতীয়তাবাদের এক নতুন ধরনের মানসিকতা নির্মাণ করছে। এমন অনুমান করা যেতে পারে যে এই আন্দোলনকে কোন না কোন সাংস্কৃতিক, সামাজিক অথবা রাজনৈতিক শক্তি কুক্ষিগত করে রেখেছে।

এবার আমাদের দেখা দরকার যে, অসহযোগ আন্দোলন ব্যবসায়িক শ্রেণীর এত বেশি সমর্থন পেল কি ভাবে এবং শুধু তাই নয়, এধরনের নজির বিহীন উৎসাহ নিয়ে তাদের বহু লোক বিষয়টার উপর গুরুত্ব দিয়ে অগ্রসর হল কেন? অব্যবসায়িক শ্রেণীর কাছে এখনও যা কিছু সামান্য অবশিষ্ট আছে সে-সব তারা উৎসর্গ করে দেওয়ার কথা বললেও এটা ওদের ত্যাগের বিন্দুমাত্র অপেক্ষা রাখে না। যদিও অসহযোগ কর্মপদ্ধতির মধ্যে 'বহিষ্কার' বলেও একটা কথা আছে। তবুও এটা বোঝার মতো চাতুর্য তাদের আছে যে অব্যবহারিক ঘোষিত হয়ে যাওয়াতে এটা একটা উপেক্ষণীয় হয়ে যায়, যার চাপ তেমন গভীরতার সঙ্গে তাদের উপর পড়ে না। এর ব্যবহারিকতা তো পুরোপুরি অব্যবসায়িক। শ্রেণীর পক্ষেই প্রযোজ্য হয়। বিদ্যালয় ও মহাবিদ্যালয় থেকে প্রত্যাগমন, সরকারি বা রাজকীয় চাকুরি থেকে অব্যাহতি এবং জমিদার ও কৃষক রূপে পরস্পর পরস্পরের সঙ্গে দ্বন্দরত থাকার চেয়ে বেশি ব্যবহারিক তথা বিদেশি ব্যবসায়ীদের সঙ্গে কোন একটা বস্তুর বাণিজ্যিক লেনদেনের মোহ ত্যাগের চেয়ে বড় অব্যবহারিক আর কি হতে পারে? সেই বৈষম্য প্রতিদিন প্রকট রূপ ধারণ করছে। সে কারণে জনসাধারণের দৃষ্টিকোণ নিশ্চিতভাবেই কম সহিষ্ণু হতে থাকৰে। আশা করা যেতে পারে যখনই বস্তশ্বিতিকে নতুন আঙ্গিকে চালনার প্রয়োজন হয়ে পড়বে মি. গান্ধী তার পরিস্থিতি অনুযায়ী জোরদার টক্কর নেবেন, কিন্তু পরিস্থিতিটা এ-সময়ে যেমন দেখছি তাতে তেমন সম্ভাবনা মোটেই নেই।

দালাল, আড়তদার, সাট্টাবাজ, আমদানী-রপ্তানিকারক এবং ডিলারদের তাদের সংশ্লিষ্ট ব্যবসাকে পুরো জাঁকজমকের সঙ্গে চালু রাখতে হবে। এতো শুধু অব্যবসায়িক এবং রাজনৈতিক শ্রেণী, যারা নিজস্ব ক্ষেত্র থেকে বেরিয়ে আসবে এবং সেই ব্যবসায়িক সম্প্রদায় শরণে নতজানু হবে, যাদের পুঁজি এখনও পর্যন্ত তাদের আকর্ষণ করতে সমর্থ হয়নি। আমি আগেই বলেছি যে, জমি-নির্ভর শ্রেণী শুধুমাত্র তাদের অধিকাংশ জমি থেকেই নয়, তাদের সম্পত্তি থেকেও বঞ্চিত হয়ে গেল। এই জমি ও সম্পত্তির একটা বড় অংশ বিদেশী ব্যবসায়ীদের হস্তান্তরিত করার আগে মধ্যসত্ত্বভোগী বেনিয়ারা হস্তগত করে নিল।

এভাবে কুড়িয়ে বাড়িয়ে শুধু যে বিশাল সম্পদই তারা একত্রিত করল তাই নয়, অনেক জায়গার জমিও অধিগ্রহণ করে নিল। পরিণামস্বরূপ সেই সমস্ত অঞ্চলে অভিভাবকের মতো ঘোরার একটা মহতাকাক্ষা তাদের মধ্যে জন্ম নিল। অন্য যে কোনু দেশেই এ-ধরনের মহাতাকাঞ্চনা পূর্তি সরলই শুধু নয় বরং একেবারে স্বাভাবিকই হত। কিন্তু এমন একটা দেশে যেখানে সমাজ সংগঠনে বংশানুগত প্রবৃত্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সেখানে পরিস্থিতি ভিন্ন রাস্তা গ্রহণ করেছে। অব্যবসায়িক এবং রাজনৈতিক শ্রেণীর সদস্যরা জমির উপর ভরসা করে থাকা ভবিষ্যতে নিরাপদ হবে না মনে করে ইংরেজি শিক্ষার সুযোগ নিল। সরকারি চাকুরির দিকে ঝুঁকে পড়ল এবং এভাবেই ব্যবসায়িক শ্রেণীর আক্রমণের বিরুদ্ধে নিজেদের প্রতিষ্ঠা এবং আত্মসম্মানকে রক্ষা করল।

বস্তুত ব্রিটিশ শাসনের প্রবেশ এবং বিকাশই এই শ্রেণীগুলোকে উদ্ভূত নতুন পরিস্থিতির অধীনে তাদের বংশগত পেশাকে সক্রিয় রাখার ব্যাপারে নিজেদের সক্ষম রাখতে উৎসাহিত করেছে। স্পষ্ট কবে বললে বলতে হয় ব্রিটিশ শাসনের তৈরি করা প্রতিকূল অবস্থার মধ্যে থেকে এ ধরনের কোন রকমের ক্ষতিপূরণ আদায় করে নেওয়া ওদের দিক থেকে এটা একটা করুণ প্রয়াস। অধিকাংশ মানুষ যারা সরকারি চাকরিতে এসে ঢুকল তারা প্রধানত ভূমি-নির্ভর শ্রেণীরই বংশধর। শক্তিই তাদের জীবনের মূল মন্ত্র। যতক্ষণ তারা তাকে ধরে রাখতে পারছে, অন্তত ততক্ষণ তারা অর্থের পরোয়া করে না। তাদের কাছে সম্পত্তি কখনও শক্তি নয়। শক্তিই তাদের সম্পত্তি। তারা ধীরে ধীরে সমাজের যে শ্রেণীকে বিকশিত করতে লাগল তাকে বলা যায় শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণী। তাবা নিজেদের সৈনিক এবং নাগরিক শক্তিকে কাজে লাগিয়ে বোঝাতে চাইল যে দেশের সরকারের সঙ্গে সহযোগিতা করা তাদের অধিকারের মধ্যে পড়ে। এই সহযোগের মধ্যেই তাদের অসহযোগের জন্য ক্ষেত্র নিহিত থাকে। এদের মধ্যে অনেকেরই জমি-নির্ভরতা বা জমি-কেন্দ্রিক স্বপ্ন ভঙ্গ হয়েছে। ইতিমধ্যে তারা শহরে আদব-কায়দা রপ্ত করে ফেলেছে। তাদের সম্ভানেবা যদি সরকারি চাকরিতে না ঢোকে তাহলে তাদের সামনে জীবিকার্জনের কোন রাস্তাই তো খোলা থাকবে না। ফলত ধন-সম্পত্তির সামনে তাদের ঠিক তেমন করেই নতমস্তক হতে হবে যেমন করে তাদের বাবা আজ সেই শাসন ব্যবস্থার সামনে অধনত মস্তকে দাঁড়িয়ে রয়েছেন। এই শাসন ব্যবস্থার পরিকাঠামো তৈরি করে পুঁজিবাদ। একথাও সত্যি যে, যতক্ষণ এই জগত সংসারের অস্তিত্ব আছে ততক্ষণ তা এই সাষ্টাঙ্গে প্রণামের ব্যবস্থাকে জিইয়ে রাখবে। তাহলে কি একমাত্র এই নৈতিক সম্ভাবনাই খোলা আছে তাদের সামনে। যদি আমরা এটা ধরেও নিই যে, এই শ্রেণীটা আত্ম-সম্মানের সমস্ত বোধ থেকে সম্পূর্ণভাবে অসচেতন হয়ে আছে, যদিও সেটা খুবই কষ্টকল্প, তাহলেও কি আমরা এটা মেনে নিতে পারব যে, আমাদের বাণিজ্যিক কর্ণধাররা তাঁদের পরিকল্পনাগুলোতে এতটাই দূরদর্শী হতে পারবেন যে, সারাদেশে অফিস এবং নানা সংস্থার জাল বিছিয়ে দেবেন যেমন কিনা সরকার করেছে এবং তা নিয়ে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর অন্তত একটা প্রজ্ঞয়ের হিল্লে হয়ে যাবে।

बावमाञ्चिकता এখন যে শক্তিকে সন্দেহের চোখে দেখছেন, মনে রাখতে হবে যে

ব্রিটিশ শাসনের ক্ষমতার জোরেই তারা এত দীর্ঘ সময় পর্যন্ত সোনা, চাঁদি কুড়িয়ে নিতে এবং সেগুলোকে সমত্বে ধরে রাখতে সমর্থ হয়েছেন। তাঁদের অনেক সুহৃদ এই তথ্যের প্রতি সম্পূর্ণভাবে সচেতন এবং তাঁরা তাঁদের গুরুত্বের মিধ্যা মৃশ্যায়ন দিয়ে নিজেদেরকে বিচলিত হওয়া থেকে বিরত করেছেন।

শিক্ষা ক্ষেত্রে আমাদের তরুণ সমাজকে এটা মনে রাখতে হবে যে, দেশে যে সংবিধানিক ব্যবস্থাই চালু হোক না কেন, কোন রাষ্ট্রের প্রশাসনে প্রত্যেকটি আলাদা-আলাদা নাগরিকের সমানস্তরের অধিকার হতে পারে না। আমি এই সুস্পষ্ট তথ্যের দিকে তাদের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। মনোবেগের অনুশাসনে খুব বেশি উৎসাহিত হয়ে নিজেদেরকে এমন একটা অবস্থার কাছে দায়বদ্ধ করা উচিত নয়, যেখান থেকে যে কোন সময় তাদের পিছু হটতে বাধ্য হতে হয়।

মি. গান্ধীর উক্তিসমূহের মধ্যে বলশেভিজম-এর জনপ্রিয় কল্পনাকে ততক্ষণ পর্যন্ত আকর্ষিত করে যতক্ষণ এর ধরনের বা প্রক্রিয়ার গ্রাহ্যতা থাকে। একটু চিস্তা করলেই তারা এটা বুঝতে সমর্থ হবে যে, এই অসহযোগ আন্দোলন কেবল একটা উপর উপর ব্যাপার বা অগভীর বিদ্রোহ যাতে বহুল পরিমাণে বিরোধী অসম তথ্য নিজেকেই প্রতিষ্ঠিত করতে চেষ্টা করে যাচ্ছে। এই আন্দোলনে আমরা এমন ব্যক্তিকে পেয়ে যাব যিনি ইউরোপের কোন নবীনতম চিম্ভাকে মানব প্রগতির চরম বিন্দু মনে করে স্বীকার করে নিচ্ছে এবং সেই সমস্ত প্রত্যেকটা বস্তকে বাতিল করে দিতে চাচ্ছে যা তারা পেয়েছে অতীত থেকে। সেই সঙ্গে এমন ব্যক্তিও তাতে সম্মিলিত হয়ে আছেন যাঁরা প্রাচীন ভারতের স্বপ্ন চিন্তায় মশগুল এবং প্রাচীন অবশেষাংশের প্রত্যেকটা বস্তুর পুনরুত্মানের বিচার স্থিব করছেন। এই আন্দোলনে এমন ব্যক্তিও জুড়ে আছেন যাঁরা তাঁদের দেশভক্তির আধুনিক বোধের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত। আবার সেই সঙ্গে আছেন কিছু এমন মানুষও যাঁরা ধর্ম বা মতের ভিত্তিতে একতার ভাবনাকে দৃঢ়ভাবে ধরে রেখেছেন। এই রকম সমস্ত ধরনের মানুষরাই এই বিশ্বাসে অনুপ্রাণিত যে, তাঁরা তাঁদের ভিন্নধর্মী আদর্শ এবং উদ্দেশ্যর পূর্তির দিকে ক্রমশ এগিয়ে চলেছেন। এ ধরনের বিরল সংমিগ্রন তাদের বিভিন্ন ঘটকগুলোকে বেশি দিন পর্যন্ত এক সঙ্গে রাখতে পারবে না। সূতরাং মি. গান্ধীর স্বরাজ বিষয়ক চিন্তা-ভাবনা কল্পনা-বিলাস মাত্র। তিনি বা অন্য কোন মহাত্মাই এই ধরনের পরস্পরবিরোধী বিষয়ের মধ্যে সামঞ্জস্য আনার চমৎকারিত্ব দেখাতে পারবেন না।

গ্রামের জনগোষ্ঠীর মধ্যে একই সঙ্গে থাকে জমিদার, কৃষক এবং শ্রমিক— এই তিন শ্রেণীর মধ্যে সবচেয়ে বেশি অনভিজ্ঞ এবং সরলমতি হল শ্রমিক শ্রেণী। ফলে এদের বহুল সংখ্যক জনসংখ্যার মধ্যেই আন্দোলনকারীরা তাদের উত্তেজক ভাষণের মাধ্যমে সবচেয়ে বেশি অশান্তি উদ্ধে দিতে সব সময় ব্যস্ত থেকেছে। বস্তুত তাদের আতদ্ধবাদী এবং বর্বর গতিবিধির ফলে কৃষক এবং জমিদাররা সমানভাবে উৎপীড়িত হয়েছে। এই রকম একটা সঙ্গিন সময়ে শ্রমের অভাব দরিদ্র কৃষকদের মধ্যে অনেক আগের থেকেই একটা বিষম চিন্তার বিষয় হয়ে আছে, এবং কৃষি উৎপাদনে বিরাট ব্যবধান তৈরি করে রেখেছে। সেখানে গিয়ে তাদের কাছে সমস্যাগুলোকে আরও বেশি জটিল করে তোলা

কি মানবাচিত ? আমরা প্রায়শ জমিদার শব্দটির অর্থ করি বড় ভূপতি, এবং সেই সব মাঝারি জমিদার সম্পর্কে আমরা কর্বনই ভাবি না যারা কৌলিন্যের ব্যাপারে জাগরাক থেকেও তাদের স্বন্ধ আয় নিয়ে অত্যন্ত ক্ষের মধ্যে জীবিকা নির্বাহ করে যাচ্ছে। তারাও সেই ভাবে উৎপাদক যেমন তাদের কৃষক প্রজারা। এরা সেই সর্ব মানুষ যারা আমাদের অসহযোগ আন্দোলনকারীদের শিকার হয়েছে। শহরাঞ্চলে মহাজনদের যে-সমস্ত গদি বা ব্যবসাকেন্দ্র আছে তারা শ্রমিক জনসংখ্যার অনেকটাকে টেনে নিল। স্বভাবতই কৃষিজীবী এবং জমিদাররা এতে চিন্তিত হয়ে পড়ল যে কৃষিকাজ তাহলে কীভাবে চালানো যাবে। ওদিকে আবার জাতিবাদের কঠোর নিয়ম সমাজের উচ্চতর শ্রেণীকে লাঙ্গল ধরার অনুমতি দেবে না। অবস্থাটা বুঝে আমার এক বন্ধুপ্রবর গত দশ বছর ধরে বেশ কৃতিত্বের সঙ্গে এই নিয়মের বিরুদ্ধে আমার এক বন্ধুপ্রবর গত দশ বছর ধরে বেশ কৃতিত্বের সঙ্গে এই নিয়মের বিরুদ্ধে আমার এক বন্ধুপ্রবর গত দশ বছর ধরে কেশ করা দুরাহ নয় যে যাদের নেতা হয়ে এই অসহযোগ আন্দোলনকারীরা আন্দোলন কবেছেন, সেই কৃষিজীবীদের জন্য শ্রমের জোগান ব্যবস্থা সম্পূর্ণভাবে ভেঙে ফেলে দেওয়ার প্রচেষ্টা কত না বিধ্বংগী। আমরা কি এধরনের আন্দোলনকারীদের সন্ত্রান্ত নাগরিকদের এজেন্ট বলতে পারি না ? একমাত্র তাদেরই উপভোগের মধ্যে টেনে আনার জন্য গ্রামীণ শক্তিকে গ্রাম থেকে উচ্ছেদ করে তুলতে এরা অস্বীকারবদ্ধ।

এই সব প্রচেষ্টাসমূহ এবং অসহযোগ আন্দোলনের আকর্ষণের মধ্যে একটা সম্পর্ক সুম্পার্ট। আমরা ম্পাইডই সে দিকটার প্রতি দৃষ্টি নিবদ্ধ করতে পারি যে দিকে এ-ধরনের ক্রিয়াকলাপ উন্মুখ হয়ে আছে। এর মধ্যে কেউ কেউ বিশ্ব আন্দোলনের (সম্ভবত লেখকের ইঙ্গিত ছিল সাম্যবাদী আন্দোলনের দিকে— সম্পাদক) প্রতিধ্বনিও শুনে থাকতে পারে। কিন্তু দুংখের বিষয় এর মধ্যে সেসব কিছুই নেই। পশ্চিমের রাষ্ট্রগুলো নিজেদের যা থেকে মুক্ত করতে চেষ্টা করছে সেই পুঁজিবাদের দিকে এগিয়ে যাওয়ার এটা একটা নতুন পদক্ষেপ। এটা হল পুঁজি একত্রিতকরণ এবং সমাজের ব্যক্তিবাদী জীবনমূল্যের ক্ষুদ্র আমেরিকীয় মানদণ্ড প্রতিষ্ঠিত করার একটা প্রচেষ্টা মাত্র।

পুরো পরিস্থিতির সর্বাধিক আতঙ্ককারী দিকটা হল সমস্ত হিন্দি প্রেস ব্যবসায়িক শ্রেণীর শঙ্করে এসে গেল। জাতীয়তাবাদী হিন্দি সংবাদপত্রের মধ্যে অধিকাংশই নিজেদের অস্তিত্ব বজায় রাখতে এদের পুঁজির উপর আশ্রিত অথবা তাদের প্রচার প্রসারের জন্য এই পুঁজির মুখাপেক্ষী। কলকাতার হিন্দি দৈনিকগুলো 'বড়া বাজার'-এর ভাবনাচিন্তার দ্বারা অনেক বেশি প্রভাবিত। এর কারণ হল ভার্নাকুলের প্রেসের উপর পাশ্চাত্য প্রভাব, যা সামাজিক সুবাবস্থা এবং অনুশাসনের সমস্ত রকম নিয়মাদির বিরোধিতা করে। এহেন অবস্থায় অব্যবসায়িক শ্রেণীর প্রয়োজন এমন রাষ্ট্রীয় সংগঠনের, যা ক্রগ্ম ব্যবসায়িক প্রভাব থেকে মুক্ত এবং যা ভারতীয় জীবনধারার প্রত্যেকটা স্তরের সঙ্গে সুসংগত জাতীয়তাবাদের আদর্শ নির্মাণ করতে সক্ষম। কৃষক শ্রেণীর পক্ষে সিদ্ধান্তের প্রতিপাদন এবং মানদণ্ডের নির্ধারণ করতে হবে। যত দিন পর্যন্ত দেশের প্রত্যেকটা জায়গায় এ-ধরনের সংবাদপত্র প্রকাশ করা সম্ভব না হচ্ছে ততদিন পর্যন্ত দায়িত্বহীন উৎসাহীদের অসঙ্গত প্রস্তৃতিকরণে অব্যবসায়্রিক, রাজনৈতিক এবং কৃষক শ্রেণীর হিতের হানি হতেই থাকবে। একটা কথা

বলা দরকার, অসহযোগ আন্দোলনের সিদ্ধান্তের গুণ বা অগুণের উপর আলোচনা করতে যাওয়া, বা তার প্রতিষ্ঠা এবং পরিকল্পনাগুলোর কোনটার উপর প্রশ্নচিহ্ন লাগানো আমার উদ্দেশ্য নয়। আমার লক্ষ্য শুধু ঐ পক্ষপাতদুষ্ট নিয়মের দিকে ইঙ্গিত করা যা দিয়ে এসবের উপদেশ দেওয়া হচ্ছে এবং এ-ধরনের আচরণ করা হচ্ছে। যদি অব্যবসায়িক রাজনৈতিক শ্রেণীকে রাজকীয় পরিষেবা থেকে সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়, তাহলে ব্যবসায়িক শ্রেণীকেও ব্রিটিশ বা কোন বিদেশি কোম্পানির সঙ্গে তাদের সমস্ত ব্যবসা ছেড়ে দেওয়ার জন্য তৈরি থাকতে হবে। অসহযোগ যদি রাজস্ব অনাদায়ের চরমসীমা পর্যন্ত যেতে পারে তো ভূপতি বা কৃষিজীবী মানুষের কাছে কি গ্যারাণ্টি আছে, যেসময়ে তাদের জমি নিলামে তোলা হবে সে সময়ে ব্যবসায়িক শ্রেণীর সদস্য তাদের জমি কিনে নেওয়ার জন্য ব্যস্ত হয়ে ছুটে আসবে না। উভয় শ্রেণী দ্বারা সমান ত্যাগের সিদ্ধান্ত অসহযোগীদের নীতিতে অঙ্গীভূত হওয়া দরকার। যদি তারা সত্যি-সত্যিই সরকারি শাসন ব্যবস্থাকে বন্ধ করে দেওয়ার এবং ব্রিটিশ ব্যবসাকে পঙ্গু করে ফেলার মতো নিজেদের সক্ষম মনে করেন তাহলে তাঁদের অবশাই কর্মের মধ্যে একটা বৃহত্তর দৃষ্টিভঙ্গি নিতে হবে। এ পর্যন্ত যা গর্ব করার মতো আত্মত্যাগ সংগঠিত হয়েছে তা অ-ব্যবসায়িক শ্রেণী পর্যন্তই সীমিত থেকে গেছে। ব্যবসায়িক শ্রেণী উদারতার নাম মাত্র বিক্ষোভ দেখানোর সঙ্গে শুধুমাত্র শোরগোল আর দৌড়ঝাঁপের মধ্যেই সীমিত থেকেছে। এদের কিছু সদস্য এমনও আছে याता অসহযোগ আন্দোলনের মঞ্চে উঠে গলা ফাটিয়ে ফেললেও তাঁদের আন্দোলনে थाकाठाँ अञ्चरयात्र आत्मानरान ठिते ब्राटक राष्ट्र प्रमुख मानुस्यत मृष्टिर्ज अन्धिक करत তুলছে যাঁরা তাদের চেনেন। এমন সন্দিগ্ধ লোকেদের যত শীঘ্র সম্ভব এই আন্দোলনের বাইরে বের করে দেওয়া যায় অসহযোগ আন্দোলনের পক্ষে ততই মঙ্গল।

ンタイイ

অনুবাদ: কালিপদ দাস

### উৎসাহ

দুঃখের পর্যায়ে ভয়ের যে স্থান, আনন্দের পর্যায়ে তেমনি স্থান উৎসাহের। ভয়ের দ্বারা উদ্ধৃত বিষম পরিস্থিতিতে স্বাভাবিক নিয়মেই আমরা বিশেষভাবে দৃথি হয়ে পড়ি, কখনও কখনও সেই পরিস্থিতি থেকে নিজেকে দৃরে সরিয়ে রাখতেও যতুরান হয়ে পড়ি। উৎসাহের ক্ষেত্রে অনাগত বিষম পরিস্থিতির মধ্যে সাহসের সুযোগ থাকে। এই সুযোগের নিশ্চয়তার দ্বারা প্রস্তুত কর্মসুখের আবেগে অবশ্যই যতুরান হই। উৎসাহেব ক্ষেত্রে কন্ত বা ক্ষতি সন্থ্য করার দৃঢ়তার সঙ্গে কর্মে কর্মে প্রবৃত্তি হওয়ার আনন্দের যোগ থাকে। অর্থাৎ সাহসপূর্ণ আনন্দের উচ্ছাসের নামই উৎসাহ।

যে সমস্ত কাজে কোন প্রকার কট্ট বা ক্ষতি সহ্য করার সাহস অপেক্ষিত থাকে, সে সবের প্রতি উৎকণ্ঠার পূর্ণ আনন্দ উৎসাহের অন্তর্গত করে নেওয়া হয়। কট্ট বা क्षिंजित (ज्नानूत्रात उरुत्राद्दर्व (ज्न रहा याम्र। त्रारिज त्रमात्नाठकता এই मृष्टित्वान থেকেই রণবীর, দানবীর, দয়াবীর ইত্যাদি ভেদ করেছেন। এগুলোর মধ্যে সর্বশ্রেষ্ঠ প্রাচীন ও প্রধান হল রণবীরতা, যাতে আঘাত, পীড়া— শুধু পীড়া কেন মৃত্যুরও ভয় থাকে না। এই ধরনের বীরত্বের প্রয়োজনীয়তা বহু প্রাচীন কাল থেকেই চলে আসছে যাতে সাহস ও প্রচেষ্টা উভয়ই চরম উৎকর্ষে পৌঁছয়। কিন্তু শুধুমাত্র কট্ট বা পীড়া সহন করার সাহসেই উৎসাহের স্বরূপ ক্ষুরিত হয় না। তার সঙ্গে চাই আনন্দপূর্ণ প্রয়াস বা তার উৎকণ্ঠার যোগ। অজ্ঞান না করে বড় কোন ফোড়া কাটানোর জন্য মানসিকভাবে তৈরি হওয়াকে সাহস বলা যেতে পারে কিন্তু উৎসাহ নয়। সেইরকমই চুপচাপ পড়ে থেকে, বিন্দুমাত্র হাত-পা না নড়িয়ে প্রচণ্ড প্রহার সহ্য করার জন্য তৈরি হওয়ার সাহস এবং প্রচণ্ড প্রহার সহন করেও সে-জায়গা থেকে একটুও না সরে যাওয়াকে বলা যেতে পারে বীরত্ব। এ-ধরনেব সাহস এবং ধৈর্যকে উৎসাহের অন্তর্গত তখনই করতে পারি যখন সাহসী বা শান্ত সৃষ্থির ব্যক্তি সেইকাজকে আনন্দের সঙ্গে করে যাবে যা করার জনা সে প্রচণ্ড ভাবে প্রহৃত হচ্ছে বা প্রহার সহন করছে। সংক্ষেপে বিষয়টা হল, আনন্দপূর্ণ প্রয়াস বা তার উৎকণ্ঠাতেই উৎসাহের দর্শন আছে, শুধুমাত্র কন্ট বা পীড়া সহন করার নিশ্চেষ্ট সাহসে নয়। ধৃতি এবং সাহস উভয়েই উৎসাহের মধ্যে সঞ্চরণ করে।

দানবীরের মধ্যে অর্থত্যাগের সাহস অর্থাৎ সেই হেতু যে কন্তু হয় তা, এবং কাঠিনাকে সহন করার ক্ষমতা অন্তর্হিত থাকে। দানবীরতা তাকেই বলা যাবে যখন দান হেতু সেই দানীর নিজের জীবন নির্বাহে কোন প্রকারের কন্তু বা সংকট দেখা দেবে। এই কন্তু বা সংকটের মাত্রা অথবা সম্ভাবনা যতই অধিক হবে দানবীরতা ততই উচ্চমার্গের বলে গণ্য করা হবে, কিন্তু এই অর্থে তাদের সাহসের সঙ্গে যক্তে যতক্ষণ পর্যন্ত পূর্ণ তৎপরতা

ও আনন্দের চিহ্ন না দেখা যাবে ততক্ষণ উৎসাহের স্বরূপ তৈরি হবে না।

যুদ্ধ-বিগ্রহ ছাড়াও সংযোগের আরও অনেক ভয়ন্ধর কার্য থাকে যাতে প্রচণ্ড শারীরিক কষ্ট স্বীকার করতে হয়, এমন কি তাতে প্রাণহানির সম্ভাবনা পর্যন্ত থাকে।

যেমন অনুসন্ধান বা গবেষণার কাজে তুষারমণ্ডিত অভ্রভেদী অগম্য পর্বতারোহণ, উত্তরমেরু বা সাহারার মরুভূমিতে সফর, কুর, বর্বর, জাতিদের মধ্যে অজ্ঞাত গভীর ঘন জঙ্গলে প্রবেশ ইত্যাদিও পরিপূর্ণ বীরত্ব ও পরাক্রমের কাজ। এগুলোতে যে-আনন্দপূর্ণ তৎপরতার সঙ্গে মানুষ প্রবৃত্ত হয়, তাও উৎসাহ।

মানুষ শুধু শারীরিক কটের জন্যই পেছনে সরে যাওয়ার মতো প্রাণী নয়। মানসিক ক্লেশের সম্ভবনা থেকেও অনেক কাজের দিকে প্রবৃত্ত হওয়ার সাহস তার থাকে না। যে-সমস্ত ব্যাপার থেকে সমাজে উপহাস, নিন্দা, অপমান ইত্যাদির ভয় থাকে সেগুলোকে ভাল এবং কল্যাণকর মনে করেও বহু মানুষ তার থেকে দূরে থাকে। বড় বড় বোদ্ধারা পর্যন্ত প্রত্যক্ষ হানি দেখেও কিছু কিছু প্রথানুসরণ এজন্য করে চলেছেন যে, এগুলোকে ত্যাগ করলে তারা মন্দ লোক বলে অভিহিত হবেন, সমাজে মানুষের কাছে তাদের আগের মতো আদর-সম্মান থাকবে না। তাদের কাছে মান-সম্মানের গ্লানি শারীরিক কটের চেয়েও বেশি। যে মানুষ মান-সম্মানের বিন্দু মাত্র চিন্তা না করে, নিন্দা বা স্ততিতে কিছু মাত্র পরোয়া না করে কোন প্রচলিত প্রথার বিরুদ্ধে পরিপূর্ণ তৎপরতা ও প্রসম্মতার সঙ্গে কার্য সম্পন্ন করে যায় তাকে এক অর্থে উৎসাহী ও বীর বললেও অন্য দিকে বলে ভীষণ বেহায়া।

কোন শুভ পরিণামের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে নিন্দা-স্তুতি, মান-অপমান ইত্যাদির কোন পরোয়া না করে প্রচলিত প্রথার উল্লেছ্যন যে করে তাকে বীর বা উৎসাহী বলা হচ্ছে দেখে বহু মানুষ শুধু তার বিরুদ্ধচারণের লোভেই তাদের লক্ষ ঝম্প দেখাতে শুরু করে। তারা কেবলমাত্র উৎসাহী বা সাহসী বলা হবে এই ভাবনাতেই প্রচলিত প্রথাকে ভাঙার জন্য হলমূল শুরু করে দেয়। শুভ বা অশুভ পরিণামের সঙ্গে তাদের কোন সম্পর্ক থাকে না। সেগুলোর দিকে লেশমাত্র দৃষ্টিও তাদের থাকে না। যে পক্ষের মধ্যে সুখ্যাতির গুরুত্ব তারা অধিক বলে মনে করে তার পুলকে উদ্ভূত আনন্দের আকাজ্জ্ঞায় অন্য পক্ষের মধ্যের নিন্দা অথবা অপমানের কোন তোয়াক্কা তারা করে না। এই রকম তুচ্ছ লোকেদের সাহস ভাবের দৃষ্টিতে— অনেক বেশি মূল্যবান যা কোন পুরনো প্রথার, তা যদি বাস্তবে হানিকারকও হয়, উপযোগিতার যথার্থ বিশ্বাস থাকা সত্ত্বেও প্রথা লগ্ডবনকারীদের নিন্দা, উপহাস, অপমান ইত্যাদি সহ্য করে যায়।

সমাজ সংস্কারের বর্তমান আন্দোলনের মধ্যে যে ধরনের যথার্থ অনুভূতি-প্রেরিত, উচ্চাশয় এবং গুরুগম্ভীর পুরুষ পাওয়া যায় ঠিক সেই রকম তুচ্ছ মনোবৃত্তিসমূহ দ্বারা অনুপ্রেরিত সাহসী ও দয়াবান মানুষও অনেক পাওয়া যায়। আমি এমন অনেক নীচ এবং লম্পটকে বিধবাদের বৈধব্যদশার প্রতি অনুকম্পা দেখাতে গিয়ে তাদের পাপাচারের লম্বা-চগুড়া ফিরিস্তি অহরহ শুনতে এবং শোনাতে দেখেছি। এসব লোকেরা বাস্তবে কাম-কথার মতো করে এই সব বৃত্তান্তগুলো তত্ময়তার সঙ্গে বিবৃত এবং শ্রবণ করে।

এই প্রকৃতির লোকেদের সংস্কারের কাব্দে কোন সহায়তা করার বদলে বাধা সৃষ্টি করার সম্ভবনাই বেশি থাকে।

উৎসাহের শ্রেণী নির্দ্ধারণ করা হয় শুভ গুণাবলীর মধ্যে। কোন ভাবের ভাল অথবা মন্দ হওয়ার নিশ্চয়তা বেশির ভাগ তার প্রবৃত্তির শুভ বা অশুভ পরিণামের বিচারে হয়ে থাকে। সেই উৎসাহ যা, কর্তবাকর্মের প্রতি অনুরাগী হলে কিন্তু তেমন নিন্দনীয় বলে প্রতীত হয় না। আত্মরক্ষা, পররক্ষা, দেশরক্ষা ইত্যাদির নিমিত্ত সাহসের যে জোয়ার দেখা যায় তার সৌন্দর্য অবিদ পরপীড়ন, ডাকাতি ইত্যাদি কর্মের সাহস কখনও পৌঁছতে পারে না। একথা সত্ত্বেও বিশুদ্ধ উৎসাহ বা সাহসের প্রশংসা পৃথিবীতে কমবেশি হয়েই থাকে। অত্যাচারী বা ডাকাতের শৌর্য ও সাহসের গর্বও লোকেরা ধর্য ধবে শোনে, কখনও কখনও তার প্রশংসাও করে।

এপর্যন্ত উৎসাহের প্রধান রূপই আমাদের সামনে যা উপস্থিত হয়েছে, তাতে সাহসের পূর্ণ যোগ থাকে। কিন্তু কর্মক্ষেত্রের সম্পাদনে, যে তৎপরতাপূর্ণ আনন্দ দেখা যায় তাকে উৎসাহই বলা যেতে পারে। সব কাজেই সাহস উপেক্ষিত থাকে না, কিন্তু কিছু সুখ, বিশ্রাম বা সুবিধাদি ত্যাগ সকলকেই করতে হয়, আর কিছু না হোক অন্তত উঠে বসা, দাঁড়ানো বা পাঁচ-দশ পা হাঁটা-চলা করতেই হয়। যতক্ষণ পর্যন্ত আনন্দের সার্থক কোন ক্রিয়া-কর্ম আচরণ বা তার ভাবনার সঙ্গে দেখা না যায় ততক্ষণ পর্যন্ত তা উৎসাহের সংজ্ঞাপ্রাপ্ত হয় না। প্রয়াস এবং কর্মসংযোগ উৎসাহ নামক আনন্দের নিতা লক্ষণ।

প্রত্যেক কর্মের মধ্যে কম বা বেশি বৃদ্ধির যোগও থাকে। কিছু কিছু কর্মক্ষেত্রে তা বৃদ্ধি এবং শরীরের তৎপরতা একসঙ্গে চলে। উৎসাহের বেগ যেমন করে বাতাস চালনা করে ঠিক সেই রকম বৃদ্ধি দিয়েও কাজ করিয়ে নেয়। এমন উৎসাহী বীরকে কর্মবীর বলা যায় নাকি বৃদ্ধিবীর? এই প্রশ্ন মুদ্রারাক্ষস নাটক বৃব সুন্দরভাবে আমাদের সামনে নিয়ে আসে। চাণক্য এবং রাক্ষসের মধ্যে আক্রমণ-প্রতিআক্রমণ চলছে কিন্তু তা নীতির, অস্ত্রের নয়। অতএব বিচার্য বিষয় হল যে, উৎসাহের অভিব্যক্তি বৃদ্ধি প্রয়োগের সময হয় নাকি বৃদ্ধির দ্বারা নিশ্চিত উদ্যোগে তৎপর অবস্থাতে? আমরা যা দেখছি তাতে তো উদ্যোগের তৎপরতাতেই উৎসাহর অভিব্যক্তি হয়; সুতরাং একে কর্মবীর বলাই অধিকতর সঙ্গত।

বুদ্ধিবীরের দৃষ্টান্ত কখনও কখনও আমাদের পুরনো আঙ্গিকের শাস্ত্রজ্ঞদের মধ্যে দৃষ্ট হয়। যখন কোন বড় শাস্ত্রপশুতের সঙ্গে বাক্যুদ্ধের জন্য কোন ছাত্র ছানীয় যুবক বা শিষ্য সানন্দে সভায় এগিয়ে আসে সে সময়ে তার বৃদ্ধি ও সাহসের অবশাই প্রশংসা করা হয়। সে জিতৃক বা হারুক তাকে বৃদ্ধিবীরই মনে করা হয়। এই যুগে বীরত্তের প্রসঙ্গ তুলে বাকাবীরের উল্লেখদি না হলে তো বিষয়টা অসম্পূর্ণই থেকে যায়। এই সমস্ত বাকাবীর আজকাল বড়-বড় সভা-সমিতির মঞ্চ থেকে শুরুক করে মহিলা উত্থাপিত পারিবারিক ঝগড়াতে পর্যন্ত পাওয়া যায়। আর তা বেশ বহুলাংশে।

আর একটা ব্যাপারেও একটু আলোকপাত করা দরকার যে উৎসাহের ক্ষেত্রে লক্ষ্য কার উপন্ন থাকে, কর্মের উপর, তার ফলের উপর, না কোন ব্যক্তি বা বস্তুর উপর? আমাদের বিচারে উৎসাহী বীরের দৃষ্টি বা লক্ষ্য আদি থেকে অন্ত পর্যন্ত পুরো কর্মশৃঞ্বলা হয়ে তার সফলতা-রূপী সমাপ্তি পর্যন্ত বিস্তৃত থাকে। এই লক্ষ্য আদি রূপী সমাপ্তি পর্যন্ত বিস্তৃত থাকে। এই লক্ষ্য আদি রূপী সমাপ্তি পর্যন্ত বিস্তৃত থাকে। এই লক্ষ্য থেকে যে আনন্দের জোয়ার ওঠে তাই সমস্ত প্রচেষ্টাকে আনন্দময় করে তোলে। যুদ্ধবীরের ক্ষেত্রে বিজেতবাকে আলস্বন বলা হয়েছে, তার অভিপ্রায় হল, বিজেতবা কর্মপ্রেরক রূপে বীরের দৃষ্টিতে দ্বির থাকে, কর্ম স্বরূপের নির্দ্ধারণও সেই করে। কিন্তু আনন্দ ও সাহসের মিশ্রিত ভাবের সরাসরি যোগাযোগ তার সঙ্গে থাকে না, সত্যি কথা বলতে কি, বীরের উৎসাহের বিষয় বিজয়-বিধায়ক কর্ম বা যুদ্ধেই থাকে। দানবীর ও ধর্মবীরের উপর আলোচনা করলে একথা স্পষ্ট হয়ে যায়। দয়াপরবশ হয়ে শ্রদ্ধারশত বা কীর্তিলোভবশত দেওয়া হয়়। যদি শ্রদ্ধারশত দান করা হয় তাহলে দানপাত্র বাস্তবে শ্রদ্ধার এবং যদি দয়াপরবশ হয়ে দেওয়া হয় তাহলে পীড়িতকে যথার্থ অর্থে দয়ার বিষয় অথবা আলম্বন ধরে নেওয়া হয়। অতএব ঐ শ্রদ্ধা অথবা দয়ার প্রেরণা থেকে যে কঠিন বা দুঃসাধ্য কর্মের প্রবৃত্তি হয় তাই দেখে উৎসাহীর সাহসপূর্ণ আনন্দ উত্মুখ হয়ে থাকে বলা যেতে পারে। তাই অন্যান্য রসে আলম্বনের স্বরূপ যেমন নির্দিষ্ট থাকে তেমন বীর রসে থাকে না। কথা হল উৎসাহ একটা যৌগিক ভাব, যাতে সাহস ও আনন্দের মেলবন্ধন থাকে।

যে বস্তু বা ব্যক্তির উপর প্রভাব খাটাবার জন্য বীরত্ব দেখানো হচ্ছে তার দিকে উন্মুখ থাকে কর্ম এবং কর্মের দিকে উন্মুখ উৎসাহ নামক ভাব থাকে। এক কথায় ব্যাপারটা হল, যে-কোন ব্যক্তি বা বস্তুর সঙ্গে উৎসাহেব সরাসরি যোগ হয় না। সমুদ্র লণ্ড্যন করার জন্য যে উৎসাহের সঙ্গে হনুমান উদ্যুত হয়েছিলেন, তার কারণ সমুদ্র নয়, সমুদ্র লণ্ড্যন করার বিশাল কর্ম। কর্ম ভাবনাই উৎসাহ উৎপন্ন করে, বস্তু বা ব্যক্তির ভাবনা নয়। কোন কর্মের বিষয়ে যেখানে আনন্দপূর্ণ, তৎপরতা দেখা গেল আমরা কোন কিছু না ভেবেই তাকে উৎসাহ বলে অভিহিত করি। কর্মের সম্পাদনে যে আনন্দ হয় তার বিধান দৃষ্ট হয় তিন রূপে:

কর্ম ভাবনা থেকে উৎপন্ন, ২. ফল ভাবনা থেকে উৎপন্ন, এবং ৩. আগস্তুক
অর্থাৎ বিষয়ান্তর থেকে প্রাপ্ত।

এই তিনটির মধ্যে কর্ম-ভাবনা প্রসৃত অনেকই যথার্থ বীরের আনন্দ বলে মনে করা উচিৎ, এতে সাহসের যোগ প্রায়শ অধিক মাত্রায় থাকে। সভ্যিকারের বীর বা যোদ্ধা যে সময়ে যুদ্ধার্থে রণাঙ্গনে নেমে আসে ঠিক সেই সময়ে তাতে ততটাই আনন্দ বর্তমান থাকে, যতটা অন্যদের উপর বিজয় বা সাফল্যপ্রাপ্তির পরে সাধারণত হয়ে থাকে। তার সামনে কর্ম ও ফলের মধ্যে হয় কোনও তফাৎ-ই থাকে না, নয়তো ভীষণ সদ্ধৃচিত অবস্থায় থাকে। এর থেকেই কর্মের দিকে তা এমন বেগে ধাবিত হয় যেমন বেগে ফলের আশায় মানুষ ফলের দিকে ধাবিত হয়। এমনই কর্ম-প্রবর্তক আনন্দের মাত্রা-হিসাবে শৌর্য ও সাহসের ক্মুরণ হয়।

ফলের ভাবনা থেকে উদ্ভূত আনন্দও সাধক কর্মের দিকে হর্ষ ও তৎপরতার সঙ্গে প্রবৃত্ত করে। কিন্তু যেখানে ফলের লোভই প্রধান হয়, সেখানে কর্ম-বিধায়ক আনন্দ সেই ফলেরই ভাবনার তীব্রতা এবং মৃদুতার উপর অবলম্বিত থাকে। উদ্যোগের প্রভাবে যখন ফলের ভাবনা মন্দ হয়ে আসে, তার আসা কিয়দংশে অস্পষ্ট হয়ে পড়ে তখন আনন্দের জোয়ারে ভাটা নামে, এবং তারই সঙ্গে উদ্যোগেও শিথিলতা এসে যায়। কিন্তু কর্ম-ভাবনা প্রধান উৎসাহী বরাবর একরকম থাকে। ফলাসক্ত উৎসাহী অসফল হলে ক্ষুম ও দুবি হয় কিন্তু কর্মাসক্ত উৎসাহী কেবল কর্মসম্পাদনের আগের অবস্থা প্রাপ্ত হয়। সুতরাং আমরা বলতে পারি যে কর্ম-ভাবনা প্রধান উৎসাহই সত্যিকারের উৎসাহ। ফল-ভাবনা প্রধান উৎসাহ তো লোভেরই একটা প্রচ্ছা রূপ।

উৎসাহ বাস্তবে কর্ম ও ফলের মিলিত অনুভূতি, যার প্রেরণায় তৎপরতা আসে। যদি ফল দূরবর্তীই দৃষ্ট হয়, তার ভাবনার সঙ্গে সংশ্লিষ্ট থাকে, তার লেশমাত্রও কর্ম বা প্রযন্থের সঙ্গে সম্পর্কযুক্ত মনে না হয় তাহলে আমাদের হাত পা কখনই উঠবে না এবং সেই ফলের সঙ্গে আমাদের সংযোগই হবে না। এর দ্বারা কর্মশৃদ্ধালার প্রথম কড়াটা ধরতেই ফলের আনন্দও অনুভূত হতে থাকে। যদি আমাদের কাছে এটা নিশ্চিত হয়ে যায় যে অমুক জায়গায় গেলে আমাদের কোন প্রিয় ব্যক্তির সঙ্গে সাক্ষাত হতে পারে, তাহলে নিশ্চয়তার প্রভাবে আমাদের যাত্রাও অত্যন্ত সুখকর হয়ে উঠবে। আমরা সেই জায়গার উদ্দেশ্যে রওনা হওয়ার জন্য আতুর হব এবং আমাদের প্রতিটি অঙ্গ সঞ্চালনের প্রফুল্লতা দৃষ্ট হবে। এই প্রফুল্লতা কঠিন থেকে কঠিনতর কর্ম সাধনেও দেখা যায়। সেকর্মও প্রিয় হয়ে যায় এবং তা ভাল লাগতে শুরু করে। যতক্ষণ ফল পর্যন্ত গৌছবার কর্মপথ আমাদের ভাল না লাগবে ততক্ষণ শুধু ফলের ভাল লাগটো তুক্ছ ব্যাপার হয়ে থাকবে। কেবলমাত্র ফলের ইক্ছা মনে রেখে প্রযন্ত কর্রাটাকে আমাদের নিজীব বলে প্রতিয়িমান হবে কারণ সে-ক্ষেত্রে তাতে অভাবময়তা ও নিরানন্দের ভাব থাকে।

কর্মকচি-শূনা প্রচেষ্টায় কখনও কখনও এত অধীরতা এবং আকুলতা থাকে যে, মানুষ সাধনার উত্তরোজর ক্রমের নির্বাহ না করতে পারার জন্য মাঝপথেই বিধ্বস্ত হয়ে যায়। মনে করন একটা উঁচু পাহাড়ের শিখন-দেশে বিচরণরত কোন মানুষের দৃষ্টি গিয়ে পড়ল দূর বিস্তৃত নিচের সিঁড়ির দিকে এবং তাকে বলা হল সিঁড়ি দিয়ে নিচে নামলেই এক তাল সোনা পাওয়া যাবে। খরবটা শোনার পর যদি তার মধ্যে অস্তৃত এতটা প্রাণশক্তি থাকে, যার ঘারা সে ঐ সোনার তালের সঙ্গে এক ধরনের মানসিক সংযোগ অনুভব শুরুক করে এবং তার চিত্ত প্রফুল্লিত হয়ে ওঠে, শরীর অবরোহণের জন্য সচেষ্ট হয়ে ওঠে, তাহলে সিঁড়ির সংখ্যা যতই হোক এক-একটা সিঁড়ি তার কাছে স্বর্ণময় বলে মনে হবে। এবং এই রকম মনে হওয়ার সঙ্গে সঙ্গে প্রত্যেকটা মুহুর্ত রোমাঞ্চিত বোধ করবে। শেষমেম এই রোমাঞ্চ বা এই পূলকই তাকে ঐ স্বর্ণরাশি পর্যন্ত দ্রুত পৌঁছে দিতে সাহায্য করবে। এভাবেই তার প্রযন্ত্রকালকেও ফলপ্রাপ্তির কালের অন্তর্গত বলে মনে করা উচিং। বিপরীত দিকে যদি তার চিত্ত দুর্বল হয় যদি তার মনে ইচ্ছাটুকু মাত্র উৎপন্ন হয়েই রয়ে যায় তাহলে অভাব বোধের জন্য তার মনে হবে চট করে সে এতটা সিঁড়ি ভেঙে নিচে যাবে কি করে। এমন ভাবনার সঙ্গে সঙ্গে প্রতিটি সিঁড়ি ভাঙা তার কাছে বিরক্তকর হয়ে উঠবে। শুধু তাই নয়, সে যদি হত্যশায়, দুর্বলতায় বা অলসতায় পরান্ত হয়ে ওখানে

বসেও পড়ে কিংবা শরীরের ভারসাম্য রাখতে না পেবে মুখ থুবড়ে পড়েও যায় তাহলে আশ্চর্য হওয়ার কিছু নাই।

ফলের বিশেষ আসক্তি থেকে কর্ম-লাঘবের বাসনা জন্মে, তখন মনে হয় কর্ম অনেক সরল ও সহজলভা হয়ে যাক এবং ফল অনেক বেশি পাওয়া যাক। প্রীকৃষ্ণ কর্মমার্গ থেকে ফলাসক্তির প্রবলতা দ্রীকরণের জন্য খুবই স্পষ্ট উপদেশ দিয়েছেন, কিন্তু তার বোঝানো সত্ত্বেও ভারতবাসী এই বাসনায় গ্রস্ত হয়ে কর্ম থেকে একে তো বিমুখ হয়ে বসেছে তার উপর ফলের জন্য লালায়িত হয়ে পড়েছে যে তার ব্রাহ্মণকে একটা চাল কুমড়ো দিয়েই পুত্রের আশা করতে শুরু করে। নিত্যকার পূজানুষ্ঠানকারীরই ব্যবসাতে ভুরি-ভুরি লাভ, নিমেষে শক্রকে জয়, রোগ থেকে বিনা চিকিৎসায় মুক্তি, ব্যবসাতে বাড়-বাড়স্ত, এবং আরও না জানি কত কি আশা করতে শুরু করে। আসক্তি বর্তমান বা উপস্থিত বস্তুতে ঠিক বলা যেতে পারে। কর্ম সামনে উপস্থিত থাকে। এর থেকে আসক্তি তাতেই দরকার, ফল, দূরে থাকে, এর চেয়ে তার প্রতি কর্মের লক্ষ্য অনেক বেশি। যে আনন্দ থেকে কর্মের উত্তেজনা তৈরি হয় এবং যে আনন্দ কর্ম সম্পাদনের কাল পর্যন্ত বরাবর সহযোগী হয় তারই নাম উৎসাহ।

কর্মের পথে আনন্দসূচক সহগামী উৎসাহী মানুষ যদি অন্তিমকাল পর্যন্ত নাও পৌঁছতে পারে তাও তার দশা কর্মবিমুখ মানুষদের অপেক্ষা অধিকতর অবস্থায় ভাল থাকবে, কারণ একে তো কর্মকান্দে তার জীবন ব্যতীত হয়েছে, সে সন্তোম বা আনন্দের সঙ্গে তার সময় ব্যতীত করেছে। তার উপরে ফলের অপ্রাপ্তির জন্যও তার এমন অনুশোচনা নেই যে, আমি চেষ্টা করিনি। ফল কখনই আগের থেকে তৈরি কোন পদার্থ নয়। অনুকূল প্রচেষ্টা হল কর্মানুসারে তার এক-একটা অঙ্গের নিয়োগ। বুদ্ধির দ্বারা পূর্ণরূপে নিশ্চিতকৃত ব্যাপার বা কার্য পরম্পরার নামই হল প্রচেষ্টা। কোন ব্যক্তির বাড়িতে যদি একজন কারোর অসুখ করে তাহলে সে যতক্ষণ ডাক্তারের কাছে গিয়ে রোগীকে ওমুধ সেবন করাতে থাকে এবং এদিক ওদিক দৌড়-ঝাপ করে ততক্ষণ তার চিত্তে যে সম্বন্তী বা আত্মতৃপ্তি থাকে— প্রত্যেকটা নতুন উপাচারের সঙ্গে যে আনন্দ তার মনে উন্মেষিত হতে থাকে তা সে কখনই পেত না যদি সে কর্মবিমুখ হয়ে ক্রন্দনরত অবস্থায় নিশ্চেষ্ট হয়ে বসে পাকত। চেষ্টারত অবস্থায় তার জীবনের যতটা অংশ তুষ্টি, আশা এবং উৎসাহে কেটেছে, নিশ্চেষ্ট অবস্থায় ঠিক ততটাই অংশ শুধুই শোক, দুঃখ ও অনুতাপে কাটত। এছাড়া রোগীর সুস্থ না হয়ে ওঠার অবস্থাতেও সে আত্মগ্লানির সেই কঠোর মনোবেদনা থেকে নিরাপদ দূরত্বে থাকত, যা তার সারা জীবন মনোকষ্টের কারণ হত, আমি পুরোপুরি চেষ্টা করা থেকে বিরত থেকেছি।

কর্ম আনন্দ অনুভবকারীরই নাম কর্মণা। ধর্ম ও উদারতার উচ্চকর্মের বিধানেই এমন একটা দিবাভাব সংশ্লিষ্ট থাকে যে কর্তাকেই তাদের ফলস্বরূপ কর্ম বলে মনে হয়। অত্যাচারের দমন এবং ক্লেশের শমন করা কালীন চিত্তে যে উল্লাস ও তৃষ্টি সৃষ্টি হয়, লোকোপকারী কর্মবীরের কাছে তাই-ই সত্যিকারের সুখ। তার কাছে সুখ ততক্ষণ পর্যন্ত অপ্রাপ্ত হয়ে থাকে, যতক্ষণ পর্যন্ত তার ফল প্রাপ্তি না হয়। বরং সেই সময় থেকেই সে একটু করে সুখ পেতে শুরু করে যখন থেকে কর্মের দিকে তার হাত প্রসারিত হয়।

কখনও কখনও আনন্দের মূল বিষয়টা হয় একটু অন্য রকম। কিন্তু যে আনন্দের ফলে এমন সূখ স্মৃতি উৎপন্ন হয় যে অনেক কাজের দিকে মানুষকে সহূর্য এগিয়ে দেয়। এই প্রসমতা ও তৎপরতা দেখেই লোকে বলে যে কাজটা সে বেশ উৎসাহের সঙ্গে করে যাছেছ। যদি কোন মানুষের প্রচুর লাভ হয় অথবা তার বড় কোন কামনা পূর্ণ হয় তখন তার সামনে যে কাজই আসুক সে তা অত্যন্ত তৎপরতা ও আত্মপ্রসাদের সঙ্গে করে। তার এই খুশি এবং তৎপরাতেকেও লোকে উৎসাহ বলে। ঠিক এই রকমই কোন উত্তম ফল বা সুখপ্রাপ্তির আশা ও নিশ্চয়তা থেকে উৎপন্ন আনন্দ, ফলোলুখ প্রচেষ্টা সমূহের অতিরক্ত এবং অন্যান্য ব্যাপারের সঙ্গে সংলগ্ন হয়ে উৎসাহ রূপে দৃষ্ট হয়। যদি আমরা এমন কোন দ্যোতনা নিই যাতে করে আমাদের প্রচুর লাভ বা সুখের আশা আছে, তখন সে-কাজে আমাদের উৎসাহ অনেক গুণ বেড়ে যায়, শুধু তাই নয়, অন্য কাজেও আমাদের কম-বেশি উৎসাহ দেখা যেতে থাকে।

এ ব্যাপারটা শুধু উৎসাহের ক্ষেত্রেই নয় অন্যান্য মনোবিকার সমূহের মধ্যেও আগাগোড়া দেখা যায়। যদি আমরা কোন ব্যাপারে রুস্ট হই আর সেই সময়ে কেউ এসে আমাদের কোন ভাল কথাও বলে তো আমরা তার উপর ঝাঁঝিয়ে উঠি। এই ঝাঁঝ বা বিরক্তির কোন নির্দিষ্ট কারণও হয় না, উদ্দেশ্যও হয় না। এটা শুধু ক্রোধাবস্থার ব্যাঘাত সৃষ্টির জন্য আমরা করে থাকি। এটা ক্রোধকে রক্ষা করার একটা প্রচেষ্টা মাত্র। এই বিরক্তি দিয়ে আমরা বোঝাতে চাই যে আমি রেগে আছি এবং আমার রাগের মধ্যেই থাকতে চাই। ক্রোধকে জিইয়ে রাখতে আমরা তার ঐ কথার মধ্যেও ক্রোধ সঞ্চয় করি, যা দিয়ে ভিয় অবস্থায় আমরা বিপরীত কিছু প্রাপ্ত করতে পারতাম, এই রকমই যদি আমাদের চিত্র কোন ব্যাপারে উৎসাহিত হয়ে থাকে তাহলে অন্য যে-কোন ব্যাপারেও আমরা উৎসাহ দেখিয়ে থাকি। যদি আমাদের মন উদার হয়ে থাকে তাহলে অনেক কাজই আমরা প্রসয়তাপূর্বক করার জন্য তৈরি হয়ে যাই। এই ব্যাপারটা বিচার করেই কার্য সিদ্ধিকারী ব্যক্তি বিচারকের সঙ্গে দেখা করার আগে আর্দালির কাছে তাঁর মেজাজ কেমন আছে তা জেনে নেন।

2976

অনুবাদ: কালিপদ দাস

# অতীতের স্মৃতি

অতীত রোমন্থনের প্রতি মানুষের স্বাভাবিক একটা আকর্ষণ আছে। যারা প্রতিটি ক্ষেত্রে লাভ লোকসানের ব্যাপারটা গোড়াতেই খতিয়ে দেখে তারা যতেই বলুক না কেন, কবরের লাশ খুঁড়ে লাভ কি, মন কিস্তু মানে না; বার বার সে অতীতের দিকে ফিরে ফিরে চায়। এ অভ্যাস মানুষের জন্মগত অভ্যাস, একে সে ত্যাগ করতে পারে না। এতে রহস্য নিশ্চয় কিছু আছে। মানুষের মনের কাছে অতীত বরাবরই মুক্তিলোক, সেখানে থাকে বন্ধনমুক্তির আনন্দ, মন সেখানে নিতা বিচরণ করে বিশুদ্ধ রূপ। বর্তমান আমাদের প্রায়শ চোখ থাকতেও অন্ধ করে রাখে, অতীত তাকে মাঝে মাঝেই খুলে দিতে সাহায্য করে। আমি তো মনে করি জীবনের নিতাম্বরূপ দেখায় যে দর্পণ, তা থাকে মানুষের পেছনেই, সামনে যা থাকে তা হল ক্রমাগত টেনে নিয়ে যাওয়া দুর্ভেদ্য পর্দা। অতীত বিশ্মরণকারী যদি ভবিষাতের বোধ কায়েম রাখার দাবি করে তো তার পরিণাম অশান্তি ছাড়া কিছু হয় না। বর্তমানের ঢক্কা নিনাদকারীদের সংখ্যা জগতে যত বেশি হচ্ছে, সংঘ শক্তির প্রভাবে জীবনের বিশৃদ্ধলা তত বেশি বাড়ছে। অতীতকে ভোলার অভিপ্রায় হল, জীবনের অখণ্ডতা এবং ব্যাপকতার অনুভূতির বিসর্জন, সহদয়তা ও ভাবুকতার নিশিচহকরণ— আর তা শুধুমাত্র অর্থের নিষ্ঠুর ক্রীড়া।

প্রকৃত সতা হল যার মন ও মস্তিক্ষ যথাযথভাবে ক্রিয়াশীল, যার হদয়-অনুভূতি মৃত হয়ে যায়নি, তার দৃষ্টি অতীতের দিকে যায়। কেন যায়, কি করতে যায় তা বলাই বাহলা। অতীত হল কল্পনার রাজা, বলা যেতে পারে এক ধরনের স্বপ্পলোক, এতে কোন সন্দেহ নেই। সুতরাং যদি কল্পরাজাের সমস্ত কিছুকে সুখদায়ক বলে মনে করে নিই, তাহলে তো প্রশ্নটা আর বক্র থাকে না। চট্ করে এটা বলা সহজ হয়ে য়ায়, সে সুখের লােভে যাছে। কিন্তু তা কি ধরে নেওয়া যায়? আমরা মনে করি অতীতের দিকে ফিরে ফিরে চাওয়ার প্রবৃত্তি সুখ ও দুংখ উভয় ভাবনার সক্রেই সংশ্লিষ্ট থাকে। স্মৃতি আমাদের শুধুমাত্র সুখ-পূর্ণ দিনের ছবি হিসেবেই চােধের সামনে ভেসে ওঠে না। তা আমাদের লীন করে দেয়, অস্তরময় করে দেয়, আমাদের মর্মন্দর্শ করতে সাহায়্য করে, আমরা শুধু একটুকুই বলতে পারি। একই কথা স্মৃত্যাভাস কল্পনা সম্পর্কেও ভাবা যেতে পারে। ইতিহাস দ্বারা জ্ঞাত বক্তব্যসমূহের মৃর্ত ভাবনা কত মার্মিক কত আত্মায় করে দিতে পারে তা সহদয় কান ব্যক্তির কাছে অজ্ঞানা থাকে না, অজ্ঞানা থাকার কথাও নয়, বােধ হয় সন্তবও নয়। মানুষের অন্তঃপ্রকৃতির উপর এর প্রভাব সুম্পষ্ট। যেমন আগে আমি বলেছি, এতে স্মৃতির মতো সজীবতা বিদামান থাকে। এই মার্মিক প্রভাব এবং সজীবতার মৃল হল সতা। সত্য থেকে অনুপ্রাণিত হওয়ার কারণেই কল্পনা স্মৃতি এবং প্রতাভিজ্ঞানের মতো রূপ

ধারণ করে। কল্পনার এই স্বরূপের সত্যাশ্রয়ী সজীবতা এবং মার্মিকতার অনুভব করেই কবিরা তাদের মহাকাব্য এবং নাটক ইতিহাস-পুরাণের কোন বৃত্তাধাবকে উপজীব্য করে সংস্কৃত পুরাণাদি রচনা করতেন।

'সত্য'-র উদ্দেশ্য এখানে বস্তুত ঘটিত বৃদ্ধই শুধু নয়, নিশ্চয়াত্মকতা থেকে প্রতীয়মান বৃদ্ধও বটে। যে সব তথা ইতিহাসে প্রচলিত ও প্রসিদ্ধ হয়ে এসেছে তা যদি সঠিক প্রমাণাদির দ্বারা অনুমোদিত নাও হয়, তাও মানুষের বিশ্বাসের জােরে উক্ত প্রকারের স্মৃতি-স্বরূপতা কল্পনার আধার হয়ে যায়। প্রয়ােজন হয় শুধু এই বহুকালের পুঞ্জিভূত বিশ্বাসের, এধরনের ঘটনা এই জায়গায় একদিন ঘটেছিল। যদি এ ধরনের বিশ্বাস সর্বদা বিরুদ্ধ প্রমাণ উপস্থিত হওয়ার ফলে নড়বড়ে হয়ে পড়ে তাহলে সে-রকম সজীব কল্পনা জাগবে না। সংযােগিতার স্বয়েস্থরের গল্প নিয়ে বেশ কিছু কাব্য ও নাটক লেখা হয়েছে। কিন্তু পরে ঐতিহাসিক গবেষণায় এ গ্রন্থ বা এমন ঘটনার কথা কল্পিত বলে সিদ্ধ হয়েছে। সূত্রাং ইতিহাস জ্ঞাতাদের কাছে এ সমস্ত কাব্য বা নাটকে বর্ণিত ঘটনা শুদ্ধ কল্পনার বস্তু হিসাবে গ্রহণ্যাগ্য হড়ে পারে। স্মৃত্যাভাস কল্পনার বস্তু হিসাবে গ্রহণ্যাগ্য হড়ে পারে।

আগেই বলেছি, মানব জীবনের নিতা এবং প্রকৃত স্বরূপ দেখার জন্য দৃষ্টি যে রকম শুদ্ধ বা স্বচ্ছ হওয়া দরকার, অতীতের ক্ষেত্রের মধ্যেই তা যথার্থভাবে হতে পারে। বর্তমানে তো আমাদের ব্যক্তিগত রাগদেবেদর দ্বারা এমন তা বন্দি হয়ে থাকে যে, অনেক কিছু ব্যাপার আমরা দেখেও দেখি না। প্রসিদ্ধ প্রাচীন শহর রাজপ্রাসাদ বা কেল্লাগুলোর ধ্বংসাবশেষ যেমন তৎকালীন সম্রাটদের ঐশ্বর্য, বিভৃতি, প্রতাপ, আমোদ-প্রমোদ এবং ভোগ-বিলাসের স্মারক হয়ে আছে, ঠিক সেই রকমই তা তাদের অবসাদ, বিষাদ, নৈরাশ্য এবং ঘার পতনের সাক্ষীও বহন করছে। মানুষের ঐশ্বর্য, বিভৃতি, সুখ-সৌন্দর্যের বাসনা অভিব্যক্ত হয়ে জগতের কোন ছোট বা বড় খণ্ডকে তার রঙে রাঙিয়ে মানবীয় সজীবতা প্রদান করে। দেখতে-দেখতে সময় সেই বাসনাপ্রিত মানুষকে সরিয়ে কোণঠাসা করে দেয়। ধীরে ধীরে তার গায়ে লেপে দেওয়া সেই ঐশ্বর্য বিভৃতির রঙও অপসৃত হতে থাকে। যা কিছু অবশিষ্ট রয়ে যায়, অনেক কাল পর্যন্ত তাই ইট পাথরের ভাষায়, কোন এক পুরনো গল্প বলে যেতে থাকে। জগত-সংসারের মানুষ তাকে নিজেদের কাহিনী বলে শোনে। কারণ তার ভেতর উঁকি দেয় জীবনের নিত্য ও প্রকৃত স্বরূপ।

কিছু কিছু মানুষের স্মারকচিহ্ন তো তাদের একেবারে প্রতিনিধি বা প্রতীকের মতো হয়ে যায়, এবং এর ফলে তাঁদের জীবনকালে তাঁরা চারপাশের মানুষের মধ্যে যেমনভাবে বিদামান ছিলেন তেমন ভাবেই আমাদের ঘৃণা বা শ্রন্থা ভালবাসার আলম্বন হয়ে যান। এ ধরনের ব্যক্তিরা তাদের পরবর্তী সময়েও অনেক কাল পর্যন্ত ঘৃণা বা ভালবাসার ভাব জাগিয়ে রাখতে সমর্থ হন। এ ধরনের স্মারক চিহ্নগুলো কে জানে কত কত কথা পেটের মধ্যে নিয়ে হয়ত আজ্ঞও দাঁড়িয়ে আছে, কোথাও বসে আছে কোথাও বা এমনি পড়ে আছে।

অতীত জীবনের এই সব স্মারকগুলো হয় এমনি রয়ে যায় নয়তো জেনেশুনেই টিকিয়ে রেখে দেওয়াশ্হয় সম্ভবত কালের অনুগ্রহের আশায়। এভাবে জেনেশুনে কিছু কিছু স্মারক ফেলে রাখার বাসনাও মনুষ্য প্রকৃতির অন্তর্গত। নিজের সত্তাকে সব সময় অবলোপের ভাবনা মানুষের অসহা। নিজের ভৌতিক সত্তাকে তো সে জিইয়ে রাখতে পারে না, সেটা সন্তবও না, তাই সে চায় ঐ সত্তার শ্বৃতিই মানব সমাজের মধ্যে জাগরক হয়ে থাক। বাহ্য জগতে না হোক অন্তর জগতের কোন অংশে অন্তত সে হাজির থাকতে চায়। একে আমরা বলতে পারি অমরত্বের আকাজক্ষা বা আত্মার নিতাত্বের ইচ্ছাত্মক আভাস। নিজের শ্বৃতিকে বজায় রাখার জন্য কেউ কেউ শিল্প-কলার সাহায্য নেন এবং তার আকর্ষণীয় সৌন্দর্য প্রতিষ্ঠিত করে তাকে বাঁচিয়ে রাখার আপ্রাণ চেষ্টা করেন অনেক দিন, সহস্র বছর ধরে, পাছে তা বিশ্বৃতির অতল গহুরে হারিয়ে না যায়। এই ভাবেই শ্যারকগুলো কালের হাত ধরে মানুষের কয়েক প্রজন্মের চোখের জল ঝরিয়ে চলেছে। মানুষ তার অনাগত প্রজন্মকে তাদের জন্য এভাবে চোখের জল ফেলাতেই চায়।

সম্রাটের অতীত জীবনলীলার বিধ্বস্ত রঙ্গ-মঞ্চ বৈষম্যের এক বিশেষ ভাবনার জন্ম দেয়। তাতে যেমন সেই ভাগ্যের বড় বড় উত্থানের দৃশ্য নিহিত থাকে তেমনই থাকে গভীর থেকে গভীরতর পতনের দৃশ্য। যাকে যতটাই ওপরে আরু দৃষ্ট হয়, পতনের পর তাকে ততটাই নিচে নেমে যেতে দেখা যায়। যারা দেখে তাদের কাছে ওদের উত্থানের উচ্চতা যতটা কৌতৃহলপূর্ণ এবং বিশায়কর হয়, ঠিক ততটাই মর্মস্কদ ও আকর্ষণীয় হয় তাদের পতনের গভীরতা। আর যা অস্বাভাবিক, তার দিকে লোকের দৃষ্টি একটু বেশিই ছোটে, এবং দেখার একাগ্রতাটাও অনেক বেশি হয়। অর্থাৎ যেটা দাঁড়াল তা হচ্ছে, অত্যন্ত উঁচু থেকে পড়ার দৃশ্য কিছু লোকে যেমন কৌতৃহলের সঙ্গে দেখে তেমনি কিছু লোকে সেটাকে দেখে গভীর মনোবেদনার সঙ্গে।

জীবন— জীবনই, তা সে রাজারই হোক আর ফকিরের। তার সুখ এবং দুঃখ হবে দ্বিপাক্ষিকই। এদের মধ্যে কোন পক্ষই স্থির থাকতে পারে না। জগত এবং স্থিরতা? অতীতের লম্বা-চওড়া ময়দানের মধ্যে এই উভয় পক্ষের ঘোর বৈষম্য সামনে রেখে কোন ভাবুক ব্যক্তি যে ভাবধারায় অবগাহন করে অন্যদেরও তারই মধ্যে অবগাহন করাবার জন্য শব্দস্রোত বইয়ে দেয়। এই পুণা ভাবধারাতে অবগাহন করার ফলে বর্তমানের গায়ে লেপটে থাকা ময়লা অপসৃত হয় এবং পরিণামত হৃদয় হয়ে যায় স্বচ্ছ। ঐতিহাসিক মানুষদের ता ताख्ववः नीग्रत्मत कीवत्नत त्य अम्ब तिष्ठात्र पित्क आमात्मत पृष्ठि अवत्रत्य तिन याग्र তা প্রায়শ দু'রকমের হয়— সুখ-দুঃখ সম্বন্ধীয় এবং উত্থান-পতন সম্বন্ধীয়। সুখ-দুঃখের বৈষম্যের দিকে যার ভাবনা প্রবৃত্ত হবে তা এক দিকে ভোগ-পথ— যৌবন-মদ, বিলাসের প্রভৃত সামগ্রী, কলা-সৌন্দর্যের ঔজ্জ্বল্য, রাগ-রঙ্গ এবং আমোদ-প্রমোদের কোলাহল আর অন্যদিকে অবসাদ, নৈরাশ্য, কষ্ট, বেদনা ইত্যাদির দৃশ্যকে মনে চিত্রিত করবে। বড় বড় প্রতাপশালী সম্রাটদের জীবন নিয়েও সে তেমনই করবে। তার তেজ, প্রতাপ, পরাক্রম ইত্যাদির ভাবনা সে ইতিহাস-বেত্তা পাঠকদের সহৃদয়তার উপর ছেড়ে দেবে। বলাবাহুলা, সুখ ও দুঃখের মধ্যবর্তী বৈষম্য যেমন মার্মিক হয়, তেমনই উন্নতি ও অবনতি, প্রতাপ ও পতনের মধ্যবতী বৈষম্যের ক্ষেত্রেও হয়ে থাকে। এই বৈষমা প্রদর্শনের জনা একদিকে যেমন কারও পতনকালের অসামর্থা, দীনতা, অসহায়তা, উদাসীনতা ইত্যাদির

দৃশ্য সামনে রাখা হয় অন্যদিকে তেমনই তার ঐশ্বর্যকালের প্রতাপ, তেজ, পরাক্রম ইত্যাদির ব্যাপারগুলোকেও স্মরণ করা হয়।

এই দুংষময় জগতে সুষের ইচ্ছা এবং প্রচেষ্টা জীবনের লক্ষণ। এই লক্ষণ সবচেয়ে বেশি সংক্রমিত হয়েছে মানুষের মধ্যে। মানুষের শুড়েছ্ছা কত প্রবল কত শক্তিশালী! কে জানে কবে থেকে তা প্রকৃতিকে কেটেছেঁটে, জগতসংসারের কায়া বদল করতে করতে চলে আসছে। হয়ত তা অনন্ত আনন্দের অনন্ত প্রতীক। তা ইহজগতে ঠাই না পাওয়াতে কল্পনাকে আশ্রয় করে বহুদ্রের স্বর্গ রচনা করল। চতুর্বর্গে এই সুষের নামই হল 'কাম'। যদিও আপাতদৃষ্টিতে 'অর্থ' এবং 'কাম' আলাদা আলাদা বলে মনে হয় কিন্ত প্রকৃত প্রস্তাবে 'অর্থ' 'কাম'-এরই একটা সাধন; সাধ্য থাকে কাম বা সুই। অর্থ হল সঞ্চয় আয়োজন এবং প্রস্তুতের ভূমি; কাম ভোগ-ভূমি। মানুষ কখনও থাকে অর্থ-ভূমিতে কখনও কাম-ভূমিতে। 'অর্থ' ও 'কাম'-এর মধ্যে জীবন ভাগ হতে হতে এগিয়ে চলে। উভয়ের সঠিক সামঞ্জস্য হল সকল জীবনের লক্ষণ। যে অনন্য ভাবে অর্থ সাধনাতে লীন থাকবে সে তার হৃদয় হারিয়ে বসবে। যে চোখ বুজে কাম চর্যাতেই লিপ্ত থাকবে তার কোন অর্থেই থাকবে না। আকবরের জীবনে অর্থ ও কামের সামঞ্জস্য ছিল। উরংজেব বরাবর দাঁড়িয়ে ছিল অর্থ-ভূমিতে। মোহম্মদ শাহ সর্বদা কাম-ভূমির উপর প্রতিষ্ঠিত থেকে লীলা করেছেন।

1066

অনুবাদ: কালিপদ দাস

# 'শশাঙ্ক'-র ভূমিকা

উপন্যাসটি শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের বাংলা উপন্যাসের হিন্দি ভাষান্তর। পুরাতত্ত্ব বিভাগের সঙ্গে রাখালবাবুর ঘনিষ্ঠ যোগাযোগ। সেই সঙ্গে ভারতের প্রাচীন ইতিহাসের পূর্ণ অবগতির সঙ্গে সঙ্গে সুদীর্ঘ কালখণ্ডকে ভেদ করে তিনি অতীতের অঙ্গনে ক্রীড়মান কল্পনারও অধিকারী। আমরা আমাদের স্বরূপ ভূলে আছি অনেক কাল হল। রাখালবাবু স্বীয় প্রতিভার দ্বারা আমাদের সামনে হিন্দু জাতির পূর্ব জীবনের মাধুর্যের চিত্র উপস্থাপিত করে অত্যন্ত মূল্যবান কাজ করেছেন। সবচেয়ে বড় কথা হল তিনি তাঁর লেখনীর মাধ্যমে এটা স্পষ্ট করে দিতে পেরেছেন প্রাচীন কালের ঘটনাসমূহকে উপজীব্য করে নাটক বা উপন্যাস লেখার অধিকার কাদের হতে পারে। প্রাচীন কালে কি ধরনের নাম হত, কেমন তাদের বেশভূষা হত, পদানুসারে সম্বোধন কেমন হত, রাজকর্মচারীদের সংজ্ঞা কেমন ছিল, রাজসভাতে কী ধরনের শিষ্টতার প্রচলন ছিল এই সমস্ত বিষয়গুলোকে মাধায় রেখে এই উপন্যাস গড়ে উঠেছে। এটাই এই উপন্যাসের গুরুত্বপূর্ণ দিক। মুসলমানী বা ফারসি শিষ্টাচারে অভ্যস্ত যাঁরা, তাঁরা এখানে অনায়াসে লক্ষ্য করতে পারেন যে আমাদেরও একটা আলাদা শিষ্টতা ছিল, আলাদা সভ্যতা ছিল, কিন্তু তা আব্দ্র বিদেশি প্রভাবে লুপ্তপ্রায়। সে রাজসভাও আজ নেই, হিন্দু রাজারাও মুসলমানী দরবারের নকল করতে শুরু করেন, প্রণামের বদলে সালামের চল হয়। আমাদের পুরনো শিষ্টাচার অন্তর্হিত হয়ে গেল আর আমরা মনে করতে লাগলাম যে আমাদের নিজম্ব কোন শিষ্টাচার আদতে কোন দিন ছिनই ना।

এই উপন্যাসে যে-চিত্র উপস্থাপিত করা হয়েছে তা গুপ্ত সাম্রাজ্যের পতনের সময়কার, যখন প্রীকঠের (থানেশ্বর) পৃষ্পভৃতি বংশের প্রভাব বাড়তে শুরু করেছে। গুপ্তবংশ ছিল প্রতাপী রাজবংশদের মধ্যে অন্যতম যাদের একছত্র রাজ্যের অন্তর্গত ছিল পুরো দেশ। কামরূপ থেকে শুরু করে গান্ধার ও বাষ্ট্রীক পর্যন্ত এবং হিমালয় থেকে শুরু করে মালব, সৌরাষ্ট্র, কলিঙ্গ ও দক্ষিণ কোশল পর্যন্ত পরাক্রান্ত গুপ্ত সম্রাটদের বিজয় পতাকা উড্ডীয়মান ছিল। এই ক্ষত্রিয়বংশের আদি পুরুষের নাম ছিল গুপ্ত। এই গুপ্তেরই পুত্র ঘটোৎকচ, যার প্রতাপী পুত্র প্রথম চন্দ্রগুপ্ত লিচ্ছবি রাজবংশের কন্যা কুমারদেবীকে বিবাহ করে ৩২ খ্রিস্টাব্দে মগ্রের সিংহাসনে বসেন এবং গুপ্তবংশের প্রথম সম্রাট হন। তার পুত্র প্রবল পরাক্রান্ত সমুদ্রগুপ্ত (৩৫০ খ্রিঃ) তার রাজ্যকে সমুদ্র থেকে সমুদ্র পর্যন্ত বিস্তৃত করেন। প্রতিষ্ঠান (ঝুঁসো) ছিল তার প্রধান দুর্গ। সেখানে এখনও তার কীর্তিটিহ্ন পাওয়া যায়। সমুদ্রকূপের নামকরণও তার নামে করা হয়। এলাহাবাদের কেলার মধ্যে অশোকের

যে স্বস্তু আছে, সেটা আমার মনে হয় এই সমুদ্রগুপ্তই কৌশাস্বী থেকে এনে তার প্রতিষ্ঠান পুরের দুর্গে স্থাপিত করেছিলেন। পরে হয়ত মুঘলদের সময়ে সেই অশোক স্বস্তু ঝুঁসোথেকে এলাহাবাদের কেল্লাতে তুলে আনা হয়। এই স্তন্তে হরিষেণ-কৃত সমুদ্রগুপ্তের প্রশক্তি অত্যন্ত সুন্দর শ্লোকে উৎকীর্ণ করা হয়েছে। সমুদ্রগুপ্তের পুত্র হল দ্বিতীয় চন্দ্রগুপ্ত (বিক্রমাদিত্য— ৪০১ খ্রিঃ-৪১৩ খ্রিঃ), যাকে অনেকে ঐতিহাসিক গল্পে খ্যাত বিক্রমাদিত্য বলে মনে করেন। চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের পুত্র প্রথম কুমারগুপ্ত ৪১৫ খ্রিঃ থেকে ৪৫৫ খ্রিঃ পর্যন্ত রাজত্ব করেন। কুমারগুপ্তের পুত্র স্কন্দগুপ্তের সময়ে হুনদের আক্রমণ হয় এবং তাতে গুপ্ত সামাজা বিপর্যন্ত হয়ে পড়ে। স্কন্দগুপ্ত ৪৫৫ খ্রিঃ থেকে ৪৬৩ খ্রিঃ পর্যন্ত রাজত্ব করেন। মনে হয় হুনদের সঙ্গে যুদ্ধ করতে করতেই তার জীবনাবসান হয়, তারও উপাধি ছিল বিক্রমাদিত্য।

স্কন্দগুপ্তের পর সকলেরই ধারণা গুপ্ত সাম্রাজ্য পুরোপুরি ধ্বংস হয়ে যায়। খ্রিস্টিয় ষষ্ঠ ও সপ্তম শতাব্দী পর্যন্ত গুপু সাম্রাজ্য টিকে থাকার প্রমাণ পাওয়া যায়। গুপু সম্বৎ ১৯৯ (৫১৮ খ্রিঃ) এর পরিব্রাজক মহারাজ সংক্ষোভের শিলালেখ থেকে স্পষ্ট পরিলক্ষিত হয়ে যে গুপ্তরাজাদের অধীনতা দভালা পর্যন্ত যার অন্তর্গত ছিল ত্রিপুর বিষয় (জবলপুরেব আশেপাশের রাজ্য) বিস্তৃত ছিল। এই রকমই সংক্ষোভের আরও একটা শিলালেখ থেকে যা নাগৌদ (বধেলখণ্ড)-এ পাওয়া গেছে, জানা যাচ্ছে মধ্যপ্রদেশের পূর্ব দিকেও ৫২৮ খ্রিঃ পর্যন্ত গুপ্তসাম্রাজ্য বিস্তৃত ছিল। শ্রীকণ্ঠের (থানেশ্বর) ক্ষত্রিয়বংশের অভ্যুদয়ের সময়েও মালবে এক গুপ্তরাজা ছিলেন বলে দেখা যায়, যার পুত্র কুমারগুপ্ত ও মাধবগুপ্ত থানেশ্বরের কুমার রাজ্যবর্দ্ধন ও হর্ষবর্দ্ধনের সহচর ছিলেন বলে লিপিবদ্ধ আছে (হর্ষচরিত)। হর্ষবর্দ্ধনের সময়ে অবশ্য গুপ্তসাম্রাজ্যের প্রতাপ স্তিমিত হয়ে এসেছিল কিন্তু হর্ষের মৃত্যুর পরে পরেই মাধবগুপ্তের পুত্র পরম প্রতাপী আদিত্যসেন গুপ্তসাম্রাজ্যকে পুনরায় প্রতিষ্ঠিত করে অশ্বমেধ যজ্ঞ করেন এবং পরমভট্টারক মহারাজাধিরাজ উপাধি ধারণ করেন। গয়ার কাছে আদসড় গ্রামে যে তার শিলালেখ পাওয়া গেছে তাতে কামরূপের রাজা সুস্থিতবর্মাকে তার যে দাদা পরাজিত করেছিল, সেই মহাসেন গুপ্তের সম্পর্কে লেখা আছে, যে তার বিজয়কীর্তি লৌহিত্য (ব্রহ্মপুত্র) নদীর তীর বরাবর গীত হত। এর থেকে বোঝা যায় ৩০০ খ্রিস্টাব্দেও, যখন প্রভাকরবর্দ্ধন (হর্ষবর্দ্ধনের বাবা) থানেশ্বরে রাজত্ব করতেন, গুপ্তদের অধিকার মালব থেকে ব্রহ্মপুত্র নদী তীর পর্যন্ত বিস্তৃত ছিল।

এখানে স্কন্দগুপ্তোত্তর গুপ্তসম্রাটদের বিষয়ে কিছু আলোচনা করা যেতে পারে। স্কন্দগুপ্তের পর তার ছোট ভাই (অনস্তদেবীর গর্ভজাত) পুরগুপ্ত কিছুদিন রাজত্ব করেন। তার উপাধিও ছিল বিক্রমাদিতা। কোন কোন ঐতিহাসিক অনুমান করেন যে, ইনি সেই অযোধাার বিক্রমাদিতা যিনি বৌদ্ধ আচার্য বস্বস্কুর ভক্ত ছিলেন। এর থেকে জানা যাচ্ছে যে গুপ্তদের সাম্রাজ্য মৌখরীবংশের অভ্যুদয়ের সময়ে পশ্চিমে অযোধাা পর্যন্ত ছিল। পুরগুপ্তেরুপুত্র নরসিংহগুপ্ত ছিলেন বালাদিতা, যিনি ৪৭৩ খ্রিঃ পর্যন্ত রাজত্ব করেন। ইনি অবশ্য সেই বালাদিতা নন যিনি ইউরেন সাঙ্গ অনুসারে মিহিরগুল (মিহিরগুল)-কে

পরাস্ত করেন। সেই বালাদিত্য আরও কিছু পরের। নরসিংহগুপ্তের পর তার পুত্র দ্বিতীয় কুমারগুপ্ত (ক্রমাদিত্য) মাত্র বছর তিন চারেক রাজত্ব করেন। তারপর মুদ্রাতে বুধগুপ্তের নাম পাওয়া যাচ্ছে যিনি সম্ভবত কুমারগুপ্তেরই (প্রথম) সর্ব কনিষ্ঠ পুত্র ছিলেন। বুধগুপ্ত কুড়ি বছর পর্যন্ত অর্থাৎ ৪৭৭ খ্রিঃ থেকে ৪৯৬ খ্রিঃ পর্যন্ত রাজত্ব করেন। তৎকালীন প্রাপ্ত শিলালেশ ও তাত্রপত্র থেকে জানা যায় যে বুধগুপ্তের সাম্রাজ্যের অন্তর্গত ছিল পুত্রবর্দ্ধনভূক্তি (উত্তরবঙ্গ) কাশী, অরিকিন বিষয় (সাগর জেলার 'এরণ' নামক স্থান) ইত্যাদি রাজ্য।

হিউয়েন সাঙের বিবরণ অনুযায়ী বুধগুপ্তের পুত্র হলেন তথাগতগুপ্ত যার পুত্র বালাদিত্যের সময়ে হুনদের পুনরায় প্রবল আক্রমণ হয় এবং তাদের রাজা তুরমানশাহ (তোরমান) মধ্যপ্রদেশ অধিকার করে। কিন্তু তোরমানের অধিকার খুব বেশি দিন স্থায়ী হয়নি, কারণ ৫১০-৫১১ খ্রিস্টাব্দে অরিকিনের (এরণ) গোপরাজ্বকে আমরা গুপ্তসম্রাটদের পক্ষ থেকে যুদ্ধ করার কথা উল্লিখিত দেখতে পাচ্ছি। ঠিক সেই রকম দভালার রাজা সংক্ষোভকেও আমরা ৫১৮ এবং ৫২৮ খ্রিস্টাব্দে গুপ্ত সম্রাটের সামন্তরূপে দেখতে পাচ্ছি। এর অর্থ হল ত্রিপুর বিষয় বা মধ্যপ্রদেশের উপর সে সময়ে হূনদের অধিকার ছিল না। ঐ প্রদেশ তখন গুপুদের অধীনতাতেই ছিল। এই প্রমাণ থেকে সিদ্ধ হচ্ছে যে বালাদিত্য তোরমানের পুত্র মিহিরকুলকে সম্পূর্ণভাবে পরাস্ত করেছিলেন। এরপর মন্দসৌরের রাজা যশোধর্মন ৫৩৩ খ্রিস্টাব্দের আগেই তাকে উত্তরের দিকে (কাশ্মীরে) তাড়িয়ে দেন। এভাবে হুনদের উপদ্রব সর্বতোভাবে শান্ত হয়। সংক্ষোভের দুটি লেখা থেকে আমরা দেখতে পাচ্ছি মধ্যপ্রদেশে ৫২৮ খ্রিস্টাব্দ পর্যন্ত গুপ্তদের আধিপতা ছিল। এর পর জানা যাচ্ছে যে যশোধর্মন প্রবল পরাক্রান্ত হয়ে ওঠেন এবং বালাদিত্যের পুত্র বজ্রকে অধিকারচ্যুত করেন। হিউয়েন সাঙও লিখেছেন যে মগধ ও পুণ্ডবর্দ্ধনের মধ্যে বক্তের পর মধ্যপ্রদেশে এক রাজা কিছু দিন রাজত্ব করেন। সে সময়ে পুণ্ডবর্দ্ধনে আমরা গুপুদের সামন্তবংশীদের অধিকারের কথা কোথাও পাচ্ছি না। কিন্তু এটা স্পষ্ট যে যশোধর্মন খুব অল্প সময়ের জনাই রাজত্ব করেন কারণ ৫৩৩ প্রিঃ থেকে ৫৩৪ খ্রিস্টাব্দে (গুপ্ত সম্বত ২১৪) আমরা আবার দেথতে পাচ্ছি পুশুবর্দ্ধনে (উত্তর পূর্ববঙ্গ) রাজত্ব করেছেন কোন 'গুপ্ত পরমভট্টারক মহারাজাধিরাজ পৃথ্বীপতি'র এক সামন্ত।

এর পরবর্তী সময়ে আমরা মাধবগুপ্তের পুত্র পরম প্রতাপশালী আদিতাসেনের পূর্বপুরুষদের নাম পাচ্ছি। আদিতাসেনের সে শিলালেখ অদসড় গ্রামে (গয়া জেলায়) পাওয়া গেছে, তাতে দেখা যাচ্ছে তার পূর্বপুরুষদের নাম ছিল— মহারাজ কৃষ্ণগুপ্ত, তার পুত্র প্রীহর্ষ গুপ্ত, তার পুত্র জীবিতগুপ্ত (প্রথম) এবং তার পুত্র কুমারগুপ্ত (তৃতীয়) যিনি মৌখরিরাজ ঈশানবর্মাকে পরাজিত করেন। কুমারগুপ্তের পুত্র দামোদরগুপ্তও মৌখরী রাজাদের সঙ্গে যুদ্ধ করেন। দামোদরগুপ্তের পুত্র মহাসেনগুপ্ত কামরূপের রাজা সৃষ্থিতবর্মাকে পরাজিত করেন। মহাসেনগুপ্তর পুত্র ছিলেন মাধবগুপ্ত, যিনি প্রীহর্ষদেবের সহচর ছিলেন। এই মাধবসেনের পুত্রই হলেন আদিতাসেন।

উপরোক্ত রাজাদের মধ্যে কুমারগুপ্তের কাল সম্পর্কে ঈশানবর্মার হড়হান্থিত শিলালেখ থেকে নিশ্চিত হওয়া যায়। সেই অনুসারে ঈশানবর্মা রাজত্ব করেছিলেন ৫৫৪ খ্রিস্টান্দে। মাধবগুপ্তের পূর্বপুরুষদের সম্বন্ধে নিশ্চিতভাবে কিছু জানা যায় না যে তারা রাজত্ব করেছিলেন মগধে না মালবে। বান লিখিত হর্ষচরিতে মালবের দুই রাজকুমার— কুমারগুপ্ত ও মাধবগুপ্তের সঙ্গে থানেশ্বরের রাজ্যবর্দ্ধন ও হর্ষবর্দ্ধনের সহচারিতার কথা লিপিবদ্ধ আছে—

'মালবরাজপুত্রৌ স্রাভরৌ ভূজাবি মে শরীরাদব্যতিরিক্টো কুমারগুপ্ত মাধবগুপ্ত নামানাবন্দ্রাভির্তবতোরনুচরত্বার্থমিমৌ নির্দিষ্টো।' (হর্ষচরিত, ৪র্থ উচ্ছাস)

মাধবগুপ্ত হর্ষবর্দ্ধনের অত্যপ্ত প্রিয় সহচর ছিলেন। ভগ্নিপতি কান্যকুদ্ধের রাজা গ্রহ্বর্মার মালবরাজ দ্বারা এবং দাদা রাজ্যবর্দ্ধনের গৌড়াধিপ দ্বারা হত্যা সংঘটিত হওয়ার পর যধন হর্ষবর্দ্ধন তার বোন রাজ্যপ্রীকে বুঁজতে বুঁজতে 'বিস্ধ্যাটবী'তে বৌদ্ধ আচার্য দিবাকরমিত্রর আপ্রমে যান তখন তিনি তার ডান হাত মাধবগুপ্তের কাঁধে রেখে বসেছিলেন—'অবলংব্য.... দক্ষিণেন হস্তেন চ মাধবগুপ্ত মংসে' (৮ম উচ্ছাস)। মাধবগুপ্তের সঙ্গে হর্ষের সখ্যতা থাকার উল্লেখ অদসড় গ্রামে পাওয়া শিলালেখেও পাওয়া যায়—'প্রীহর্ষদেবনিজ্বসংগ্রমবাঞ্ছাা চ।'

অতএব সংক্ষেপে যেটা দাঁড়াল তা হল হর্ষচরিত অনুসারে মাধব গুপ্তের পিতা মহাসেনগুপ্ত মালবে রাজত্ব করতেন। বাণভট্ট ছিলেন হর্ষবর্দ্ধনের সভাপপ্তিত সতরাং তাঁর কথা যে যথার্থ তা মানতেই হবে, হতে পার মহাসেনগুপ্ত নিজে প্রথমে মালবেই থাকতেন এবং মগধে তাঁর কোন পুত্র বা সামস্ত থাকত। আবার এও হতে পারে যে সময়ে বৃধগুপ্ত, ভানুগুপ্ত (বালাদিতা) প্রমুখরা মগধে রাজত্ব করতেন, সে সময়ে গুপ্তবংশের দ্বিতীয় শাখা, মাধবগুপ্তের পূর্বপুরুষরা হয়ত মালবে রাজত্ব করছিলেন, পরে মৌখরীদের সঙ্গে রাজ্যবর্দ্ধনের বোন রাজ্যপ্রীর বৈবাহিক সম্পর্ক স্থাপিত হওয়ার পর মহাসেনগুপ্ত মগধে তার অধিকার প্রতিষ্ঠিত করতে পাটলিপুত্রে বসবাস করতে শুরু করেন এবং মালবকে তিনি দেবগুপ্তের হাতে সঁপে দেন। কিন্তু কিছু ইতিহাসবেতা মাধবগুপ্তের পূর্বপুরুষ কৃষ্ণগুপ্তকে বজ্রগুপ্তের ভাই মনে করে সম্রাটদের সারিতে ঢুকিয়ে ধারাবাহিকতা সম্পূর্ণ করার চেষ্টা করেছেন।

হর্ষচরিতে যে মালবরাজরা রাজ্যবর্দ্ধনের ভমিপতি গ্রহ্বর্মাকে হত্যা করে কান্যকুজ অধিকার করেছিল এবং রাজ্যপ্রীকে বন্দি করেছিল তাদের নাম স্পষ্টভাবে পাওয়া যায় না। তাতে এই ঘটনার কথা নিম্নলিখিত ভাবে উল্লিখিত হয়েছে— 'দেবগ্রহবর্দ্ধা দুরাম্বানা মালবরাজেন জীবলোকমাম্বানঃ সুকৃতেন সহ ত্যাজিতঃ। ভর্তুদারিকাপ রাজ্যপ্রীঃ কালায়সনিগড়যুগলচুম্বিতচরণা চৌরাঙ্গনেব সংযতা কান্যকুজে কারায়াং নিক্ষিপ্তা)।'

অন্যত্র ভণ্ডি বলেছেন, কানাকুজের উপর যারা অধিকার করেছিল তারা গুপ্ত—
'দেব! দেবভূয়: পতে দেবে রাজবর্দ্ধনে গুপ্তনায়া চ পৃথীতে কুশছলে।' হর্ষবর্দ্ধনের
এক নাম্প্রাত্রে দেবগুপ্ত নামক এক রাজাকে রাজ্যবর্দ্ধন কর্তৃক পরাস্ত করার কথা লিপিবদ্ধ
আছে। এর থেকে এই অনুমান সঠিক বলে প্রতীত হয় যে গ্রহবর্মাকে যে রাজা হত্যা

করেছিল তার নাম দেবগুপ্তই। এই ঘটনা মহাসেনগুপ্ত পাটলিপুত্রে চলে আসার পর হয়ে থাকবে কারণ, যে-সময়ে তিনি মালবে ছিলেন সেই সময়ে তার দুই কুমার কুমারগুপ্ত ও মাধবগুপ্ত রাজবর্দ্ধন ও হর্ষবর্দ্ধনের সহচর ছিল। শ্রীযুক্ত হেমচন্দ্র রায়টৌধুরী এম.এ. তাঁর এক লেখায় দেবগুপ্তকে মহাসেনগুপ্তের জোষ্ঠপুত্র বলে স্বীকার করেছেন (J.A.S.B New Series, Vol. XVI, 1920 No.7)। এভাবে তিনি মহাসেনগুপ্তের তিন পুত্র ছিল বলে ধরে নিয়েছেন— দেবগুপ্ত, কুমারগুপ্ত, মাধবগুপ্ত। এই বক্তব্যের সঙ্গে আরগু কয়েকজন ঐতিহাসিকও একমত হয়েছেন।

এবার এই উপন্যাসের নায়ক শশান্ধর দিকে দৃষ্টিপাত করা যাক। হর্ষচরিতে রাজ্যবর্দ্ধনকে প্রতারিত করে গৌড়রাজের হত্যা করার নিম্নরূপ উল্লেখ দেখা যায়— 'তন্মাচ্চ হেলা নির্জিত মালবানীকমণি গৌড়াখিশেন মিখ্যোপচারো পচিত বিখাসং মুক্তশাস্ত্র মেকাকিনং বিক্রন্ধং বভবন এব প্রাতরং ব্যাপাদিত মশ্রৌষীত্।'

এতে গৌরাধিপের নামের কোন উল্লেখ নেই। তাহলে এই শশাঙ্কের নাম কোথা থেকে এল? হর্ষচরিতে একটা টীকা আছে শব্ধর নামের এক পাণ্ডিতের যিনি খ্রিস্টিয় বারো শতাব্দীর আগে ছিলেন। তিনি তাঁর টীকাতে গৌড়াধিপের নাম লিখেছেন শশাঙ্ক। হিউয়েন সাঙের বিবরণেও এই নামের সমর্থন মেলে। তিনি লিখেছেন রাজ্যবর্দ্ধনকে হত্যা করেন শে-শং-কিয় শশাঙ্কের রাজ্ঞধানীর নাম কর্ণসূবর্ণও নেওয়া হয়েছে হিউয়েন-সাঙের কি-এ-লো-ন-শু-ক-ল-ন থেকে। মুর্শিদাবাদ জেলার রাঙ্গামাটি নামক স্থানে যে ভিটে আছে তাকেই পশ্তিতেরা কর্ণসূবর্ণের ভগ্নন্তুপ বলে মনে করেছেন।

এ সব তো ঠিক আছে, কিন্তু শশান্ধ যে গুপ্তবংশে ছিলেন তা কি করে জানা গেল ? বুলর সাহেব হর্ষচরিতের একটা পুরনো পুঁথি পেয়েছিলেন যাতে গৌড়াধিপের নাম নরেন্দ্রগুপ্ত বলে উল্লেখিত আছে। প্রাচীন কর্ণসূবর্ণের (মূর্শিদাবাদ জেলায়) ভগ্নস্থূপে রবিগুপ্ত, নরেন্দ্রাদিতা, প্রকটাদিতা, বিষ্ণুগুপ্ত ইত্যাদি বেশ কিছু গুপ্তবংশীর রাজার মোহর পাওয়া গেছে তার মধ্যে নরেন্দ্রাদিতাের মোহরকে নরেন্দ্রগুপ্ত বা শশাঙ্কর বলে অনুমান করা হয়েছে। এর এক দিকে আছে ধ্বজার উপর শিববাহন যাঁড় এবং রাজার বাঁ হাডের নিচে দুটো অক্ষর। অন্যদিকে লেখা আছে নরেন্দ্রাদিতা। কিন্তু এবিষয়ে একটা জিনিস লক্ষ্য করা দরকার যে, এমন মুদ্রাও পাওয়া গেছে যাতে লিখিত আছে 'শ্রীশশার্ক'। এর এক দিকে আছে যাঁড়ের উপর আরু শিবসূর্তি, যাঁড়ের নিচে 'জয়' এবং ধারে লেখা 'শ্রীল', অন্যদিকে আছে লক্ষীমূর্তি, যাঁর এক হাতে পদ্ম। লক্ষ্মীর দু'ধারে দু'হাত বরাভয় মুদ্রায় উৎকীর্ণ। বাঁ-ধারে লেখা 'শ্রীশশাস্ক'। রোহতাসগড়ের পুরনো কেল্লায় মোহরের একটা ছাঁচ পাওয়া গেছে যাতে দুটো পংক্তি আছে একটাতে দেখা 'গ্রীমহাসামন্ত' ও অন্টোতে লেখা 'লশান্ধদেবসা', রোহতাসগড়ে যশোধবলদেবেরও উল্লেখ পাওয়া যায় यात्क এই উপন্যাসে মহাসেনগুপ্ত এবং শশাঙ্কের সামস্ত মহানায়ক বলে মনে করা হয়েছে। শশাৰু যে গুপ্ত বংশীয় ছিলেন ডিনসেন্ট স্মিথও তার উল্লেখ করেছেন— The King of Central Bengal, who was probably a scion of the Gupta dynasty, was

a worshipper of shiva.

এ ধরনের ঐতিহাসিক অনুমান থেকে তো শশান্ধকে গুপ্তবংশীয় বলে ধরে নিতেই হয়। কিন্তু এই উপন্যাসের বিজ্ঞ ও প্রত্মতব্দশী লেখক শশান্ধকে মহাসেনগুপ্তের জাষ্ঠ পুত্র এবং মাধবগুপ্তের বড় ভাই বলে ধরে নিয়ে অগ্রসর হয়েছেন। অন্য কোন লেখক যদি এরকম একটা ধারণা করে নিয়ে চলতেন তাহলে আমরা তাকে অতি সহজেই নিছক কল্পনা বলে অভিহিত করতাম কিন্তু রাখালবাবু এমন একজন পুরাতত্ত্ববিদ, যে এই ধারণা বা অনুমানকে আমাদের মাথায় রাখতেই হচ্ছে। ভারতের ইতিহাসে সেই কালটাই এমন যে, অনুমান আমাদের বড় ভরসা। দেবগুপ্ত কিভাবে মহাসেনগুপ্তের পুত্র বলে অনুমিত হলেন তার উল্লেখ আমরা আগেই করেছি।

৬০৬ খ্রিস্টাব্দে রাজ্যবর্দ্ধন মারা যান এবং হর্ষবর্দ্ধন থানেশ্বরের রাজসিংহাসনে বসেন। এই সময়ে আমরা শশান্ধকে গৌড় বা কর্ণসূবর্ণের অধিশ্বর দেখতে পাচ্ছি। বানভট্ট তাঁর হর্ষচরিতে বড় ভাই রাজ্যবর্দ্ধনেব হত্যার বদলা নিতে হর্ষের চড়াও হওয়ার কথাই শুধু উল্লেখ করেছেন। এখানেই তার আখ্যায়িকার সমাপ্তি। এব থেকে ধবে নেওয়া যায় তিনি মগধ ও গৌড়ের উপর অধিকার তো নিয়েছিলেন কিন্তু শশাঙ্কের মুখোমুখি হননি। গঞ্জামের কাছে ৬১৯-২০ খ্রিস্টাব্দে একটা দানপত্র পাওয়া গেছে যেটা শশাঙ্কের এক সামন্ত সৈন্যভীতির। এর থেকে জানা যাচ্ছে মাধবগুপ্ত মগধে প্রতিষ্ঠিত হয়ে যাওয়ার পর তিনি मिक्करनत मिर्क ठरन यान এবং कनियः, मिक्कन कामन दैंगामि अक्षरन ताजञ्ज कतरा শুরু করেন। ৬২০ খ্রিস্টাব্দে হর্ষবর্দ্ধন পরম প্রতাপশালী চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর হাতে ভীষণভাবে পরাস্ত হয়ে ফিবে যান। ৬২০-র কত আগে শশাঙ্ক দক্ষিণে গিয়েছিলেন তা নিশ্চিত করে বলা যায় না। এর পরে ৬৩০ খ্রিস্টাব্দে চিন দেশীয় পরিব্রাজক হিউয়েন সাও ভারতে আসেন এবং ১৪ বছর থাকেন। সে সময়ে শশান্ধ কর্ণসূবর্ণে ছিলেন না। শশাঙ্ক কত দিন বেঁচে ছিলেন সেটা জানারও কোন রাস্তা পাওয়া যায় না। তবে শশাঙ্কের অবস্থা হর্ষবর্দ্ধনের থেকে অনেক ভাল ছিল। হর্ষবর্দ্ধনের মৃত্যু হয় ৬৪৭ বা ৬৪৮ খ্রিস্টাব্দে। তার আগেই হয়ত শশাঙ্কের মৃত্যু হয়েছিল কারণ অনেক দেশ জয় করে ৬৪৩ খ্রিস্টাব্দে যখন হর্ষবর্দ্ধন গঞ্জাম আক্রমণ করেছিলেন সেই সময়ের ইতিহাসে শশাঙ্কের কোন উল্লেখ দেখা যায় না। যদি তাঁর প্রমশক্র শশান্ধকে তিনি ওখানে পেতেন তাহলে ইতিহাসে সে কথা অত্যন্ত গর্বের সঙ্গে উল্লিখিত হত। শশান্ধকে হত্যা করা হয়নি এবং তিনি অনেক দিন পর্যম্ভ রাজত্ব করেছিলেন তা সমস্ত ঐতিহাসিকেরাই মেনে নিয়েছেন। ভিনসেন্ট স্মিথ তার ইতিহাসে লিখেছেন:

'The details of the campaign against Sasanka have not been recorded, and it seems clear that he escaped with little loss. He is known to have been still in power as late as the year 619 but his kingdom probably became subject to Harsha at a later date.'

ইতিহাসে শশান্ধ কট্টর শৈব, ঘোর বৌদ্ধ বিদ্বেষী এবং বিশ্বাসঘাতক বলে প্রসিদ্ধ

হয়ে আছেন। কিন্তু তা কি ইতিহাস? হর্ষের সময়ের মৃল আশ্রয় বলতে তো বাণভট্টের আক্ষারিকা এবং আপাতদৃষ্টিতে কট্টর বৌদ্ধ চৈনিক পরিব্রাজক হিউয়েন সাঙের যাত্রাবিবরণ। এই ব্যাপারটার উপর এবং ঐ সময়ের পরিস্থিতির উপর দৃষ্টি নিবদ্ধ রেখে এটাই বলা যেতে পারে যে এই উপন্যাসে শশান্ধকে যেভাবে দেখানো হয়েছে তা অসংগত নয়। একজন উপন্যাসকারের কাজই হল ইতিহাস ঘটিত বিষয়কে স্বীয় কল্পনার দ্বারা আরোপ করে সজীব চিত্র তুলে ধরা। বৌদ্ধধর্ম ছিল বৈরাগাপ্রধান ধর্ম। সারা দেশ জুড়ে বড় বড় সংঘ স্থাপিত হয়েছিল। ছিল বড় বড় মঠ ও বিহার যাতে প্রচুর পরিমাণ ভূসম্পত্তি সংশ্লিষ্ট ছিল এবং উপাসকগৃহীদের ভক্তিতে কখনও ধনের অভাব হত না। এই বিশাল মঠ ও বিহারগুলোতে শয়ে শয়ে হাজারে হাজারে বৌদ্ধ ভিক্ষু কোন কাজকর্ম ছাড়াই দু'বেলা পেট পুরে ভোজন করত এবং আনন্দে বিভোর হয়ে থাকত। বলা বাহ্না এর মধ্যে সত্যিকারের বৈরাগী খুব কমই ছিল বাকিরা ছিল আজকালকার হুন্তপুষ্ট ভোজন বিলাসী সাধুদের মতো। মহাস্থবির ইত্যাদিরা তাদের সুদৃঢ় বিহারগুলোতে সেই রকমই ধনে মনে প্রবল ও সম্পন্ন হয়ে থাকতেন যেমন থাকে হনুমানগঢ়ীর মহাস্তরা। তারা হিন্দু রাজাদের বিরুদ্ধে ষড়যন্তে অবশ্যই যোগ দিয়ে থাকবে। সে সময়ে হিন্দুদের এবকম কোন সন্ম্যাসীদল ছিল না। এ ধরনের সংঘ ব্যবস্থাও ছিল না। এটা দেখেই পরে শংকরাচার্য সন্ম্যাসীদের জন্য সংঘের সূত্রপাত করেন যার ফলশ্রুতিতে আজকাল দেশের সর্বত্র বড় বড় আবড়া এবং আশ্রমাদি আমাদের দৃষ্টিগোচর হয়।

আরও একটা কথা এই প্রসঙ্গে বলা যেতে পারে। বৌদ্ধর্যের প্রচার ও প্রসার ভারতবর্ষের বাইরে শক, তাতার, চিন, ভোট, সিংহল ইত্যাদি দেশে ভীষণ রকম ছিল। কণিক্র প্রমুখ শক রাজাদের মাধ্যমে বৌদ্ধর্য অত্যন্ত পুষ্টি লাভ করেছিল। এ-কারণে যখন বিদেশিদের আক্রমণ এসব দেশে হত তখন ঐ বৌদ্ধভিক্ষুরা তাকে তেমন ভাব নিয়ে দেখত না যেমন ভাব নিয়ে ভারতীয় জনতা দেখত। ধর্মমতবৃদ্ধির স্বার্থে নিজেদের দেশের প্রতি তাদের ততটা দৃষ্টি থাকত না। এ-কারণেই তাদের উপর থেকে ক্রমণ ভারতীয় প্রজাদের বিশ্বাস উঠে যেতে শুরু করেছিল। এ দেশ থেকে বৌদ্ধ ধর্ম একেবারে নিশ্চিহ্ন হয়ে যাওয়ার এটা একটা রাজনৈতিক কারণও হতে পারে বলে মনে হয়। জৈন মতের মতোই বৌদ্ধর্য মতও হিন্দু ধর্মের বিশ্বেষী নয় তাতে হিন্দুদের নিন্দায় ভর্তি শাস্ত্র-পুরাণ নাই, বরং জায়গায় জায়গায় প্রাচীন ঋষি এবং ব্রাহ্মণদের প্রশংসাই আছে। কিস্তু জৈন মতবাদ ভারতে থেকে গেল এবং বৌদ্ধর্যর্ম তাদের সংস্কারমাত্র ফেলে রেখে চির দিনের মতো বিদায় নিল।

আমি এই উপন্যাসের শেষভাগে সামান্য কিছু পরিবর্তন করেছি। মূল লেখক হর্ষবর্দ্ধনের আক্রমণের ফলে শশাঙ্কের মৃত্যু দেখিয়ে উপন্যাসটিকে বিয়োগান্ত করেছেন। কিন্তু, যেহেত্ সৈন্যভীতির শিলালেখে স্পষ্ট দেখা যাছেছ শশাঙ্ককে হত্যা করা হয়নি, তিনি হর্ষের আক্রমণের অনেক বছর পর পর্যন্ত রাজত্ব করেছেন, সেহেত্ আমি শশাঙ্ককে গুপুবংশের গৌরব রক্ষক রূপে দক্ষিণে নিয়ে গিয়ে তার নিঃস্বার্থ রূপের দিগদর্শন করেছি। মূল পুস্তকে করুণরসের পৃষ্টির জন্য শশাঙ্কের প্রতি যশোধবলের কন্যা লতিকার প্রেম দেখিয়ে শশাঙ্কের জীবনের সঙ্গে সঙ্গে বালুকা-বিশ্বৃত ময়দানে তার জীবনেরও সমাপ্তি দেখানো হয়েছে। গল্পের শ্রোত ফেরাবার জন্য আমাকে এই উপন্যাসে দুজন নতুন পাত্র-পাত্রীকে আনতে হয়েছে তারা হল সৈন্যভীতি ও তার' বোন মালতী। সৈন্যভীতির প্রতি লতিকার প্রেম দেখিয়ে তার প্রেমকে আমি সফল করে তুলেছি। শশান্কর নিঃস্বার্থ জীবনের অনুরূপ আমি মালতীর স্বতন্ত্র এবং অলৌকিক প্রেম প্রদর্শিত করেছি। কলিঙ্গ ও দক্ষিণ কোশলে বৌদ্ধ তান্ত্রিকদের অত্যাচারের অনুমান করেছি আমি তৎকালীন পরিস্থিতির প্রেক্ষিতে। বঙ্গ ও কলিঙ্গ বৌদ্ধ ধর্মমতের মহাযান শাখাই প্রবল ছিল। শশাল্কের মুখ থেকে মাধবগুপ্তের পুত্র আদিত্যসেনকে যে আশীবাদ দেওয়ানো হয়েছে তা-ও আদিত্যসেনের ভবী প্রতাপের দ্যোতক।

>>>>

অনুবাদ: কালিপদ দাস

# ভক্তির বিকাশ

বিশ্লেষণ করলে প্রতিটি ধর্মের মধ্যে তিনটি দিক দেখা যায়: ১. আপ্ত বাক্য— যা শাসন কার্য বা সামান্য একটু বৃদ্ধি বায় করলে উপলব্ধ হয়। ২. বৃদ্ধি— যা মার্গ নির্দেশ করে। ৩. হৃদয়— যার উদ্দীপনায় মানুষ সেই পথকে আলোকিত করে স্বয়ং অগ্রসর হয়।

ধার্মিকদের মধ্যে কারও কারও দৃষ্টি শুধুমাত্র শব্দ বা শাসনক্ষেত্র অবধিই অগ্রসর হতে পারে, যার মধ্যে সুখের জন্যে লালসা এবং দুঃখের জন্যে যন্ত্রণা ইত্যাদি আকুলতা আছে। যমরাজের ভয়ে এরা ভীতসন্ত্রশু হলেও, এরা এমনসব দৃষ্কর্ম করে যে, যাকে আইন অপরাধ বলে না। স্বর্গে সুখ ভোগের লালসায় এরা অন্তরে ইচ্ছা না থাকা সত্ত্বেও এমনসব পূণ্য কার্যের অনুষ্ঠান করে, যা না করলে পাতক বা নিন্দনীয় হয়। এরা হচ্ছে নিচুন্তরের ধার্মিক। গরুভ্গপুরাণ এবং বাবা রবুনাথ দাসের বিশ্রামসাগরে যে যমপুরীর বর্ণনা আছে, তা এসব মানুষদের জনোই রচিত। রামচরিতমানস-এর উত্তরকাশুর সেই প্রকরণ, যেখানে 'হরিগুরু- নিন্দক দাদুর হোই'— তা ভাবসিক্ত ভক্তজনদের জন্যে নয়।

যে প্রকরণ পালন করলে ফল লাভ হয় এবং অমান্য করলে দণ্ডের ভয় দেখিয়ে ধর্মের অনুশাসন আজ্ঞা করে 'এমন করা, এমন করো না' ঠিক তেমনি ধর্মের বৃদ্ধি-ক্ষেত্র বিবেককে সম্বোধিত করে বোঝায় 'এমন করা উচিত এবং এমন করা উচিত নয়।' কাটখোটা ধার্মিকদের মধ্যে এমন অনেকে আছে, যারা শাসনক্ষেত্র পর্যন্তই পৌঁছতে পারে। আর এমন কিছু মানুষ আছে, যারা আর একটু অগ্রসর হওয়ার জন্যে বৃদ্ধিকে অবলম্বন করে। এ দৃ'ধরনের ধার্মিকদের চাইতে ভক্ত ধার্মিকরা শ্রেষ্ঠ। এরা ধর্মের রসাত্মক স্বরূপকে উপলব্ধি করে। বাকাসর্বস্থ শাসনে অনুগত দার্শনিক ধার্মিকদের জন্যে ধর্ম হচ্ছে রাজার ন্যায়। তার সামনে দার্শনিক ধার্মিকরা প্রজাদের মতো অত্যন্ত আদব-কায়দা বিধিবদ্ধ নিয়মানুযায়ী বিনীত শিষ্যের মতো শংকা সমাধান করে। কিন্তু ভক্ত ধার্মিকদের কাছে ধর্ম হচ্ছে পরমপ্রিয় পিতৃতৃল্য। ধর্মের সামনে তারা ছোট্ট শিশুর মতো উপস্থিত হয়। কখনোও তার ওপরে শৃটোপৃটি করে, কখনও মাথায় চড়ে বসে, এমন কি কখনোও কখনোও তার দাড়ি ধরেও টানাটানি করে। তারা ধর্মকে ভালোবাসে। ধর্মকে তাদের ভালো লাগে। তাদের আনন্দলোকও রসকসহীন ধার্মিকদের অনেক উর্দ্ধে। তিনি প্রিয় এবং উপাস্য।

ধর্মের এই অন্তিম রসাত্মক শুর অব্দি মানুষের হৃদয় উপাস্য-স্থরণের উন্নত চিন্তায় উপনীত হরেছে। অসংস্কৃত মানুষের মধ্যে দেবতা এমন এক অধিকর্তা ছিলেন, যিনি মানুষের পুজোতে তুই হয়েই মানুষকে রক্ষা এবং কল্যাণ করতেন। এবং পুজো না পেলে রুষ্ট হয়ে অনিষ্ট করতেন। তর এবং শিক্ষার জনোই দেবতার পুজো করা হত। বনদেবতা,

গ্রামদেবতা, কুলদেবতা— এ ধরনেরই উপাস্য দেবতা ছিল। যে-সব প্রাচীন জাতিসমূহ সুসভা হয়ে উঠেছিল, তারা সূর্য, চন্দ্র, অগ্নি, বায়ু প্রভৃতি প্রাকৃতিক শক্তিসমূহকে— যাঁরা চিরদিন মানুষের উপকার করে এসেছেন, তাঁদের উপাস্য করেছিল। আবার রুষ্ট হলে তাঁরা অনিষ্টও করেন। সূতরাং এসব উপকারী শক্তিসমূহকে পুজাের মাধ্যমে কৃতজ্ঞতার ভাব প্রকাশ করা স্বাভাবিক। যা ভয় এবং লিঙ্গা থেকে অবশাই উয়ত চেতনা ছিল। এ-ধরনের দেবতাদের উপাসনায় ধর্মের স্বরূপের আভাস পাওয়া যায়। উপাস্যের এই উপকারী স্বরূপের মধ্যে বিশ্বব্রক্ষাণ্ডের পালক এবং রক্ষকের ব্যাপক স্বরূপ-চেতনার অঙ্কুর লুকায়িত ছিল।

এই ভবসাগরে প্রবাহমান মানুষ সেই আদিম কাল থেকেই কখনও সুখের তরক্তে नायानायि कर्ताः, करने पृः रिरंत पृर्गिभारक ठक्कत रात्छ। ठितिपिनरे एम रिठेश कर्ततः, সুখের তরঙ্গে আনন্দ করে এবং দুঃখের ঘূর্ণিপাক থেকে নিজেকে বাঁচাতে। কিন্তু দৈহিক এবং মানবিক দু'ভাগেই হাজার প্রচেষ্টা চালিয়েও সে দুঃখের আবর্ত থেকে নিজেকে বাঁচাতে পারেনি। আবার কখনও বা অনায়াসে সুখের শিখরে নিজেকে দেখেছে। এরকম একটা অবস্থায় বুদ্ধির উন্মেষ ছিল অনিবার্য। তাই তাঁরা জানত, সুখ প্রাপ্তি এবং দুঃখের নিবৃত্তির সংযোগ সর্বদা নিজের প্রচেষ্টার অধীন নয়। এই সুখ-দুঃখকে উপলব্ধি করার জন্যে তাদের সামনে দু'টি পথ উন্মুক্ত ছিল। হয় এমন এক সংযোগ স্থাপিত করা হত, বা কোন পরোক্ষ শক্তির দ্বারা উপস্থিত করা হত। প্রথমটি আদিম মানুষের মনের মধ্যে রূপ গ্রহণ করে। দ্বিতীয়টি নিয়ে তারা বনদেবতা, গ্রামদেবতা, কুলদেবতা প্রমুখদের উপাসনা তাদেব বাহ্য জীবনের অঙ্গীভূত করে নেয়। যে আদিম জাতিগুলি অসভ্য এবং বন্য অবস্থায় ছিল, তাদের সীমিত চেতনার জন্যে তা স্থানিক বা কুলগত দেবদেবতার মধ্যেই সীমাবদ্ধ ছिল। তারা এর থেকে বড় দেবদেবতার কথা ভাবতে পারত না। সভা জাতিসমূহের মধ্যে যেসব মানুষদের জ্ঞান অত্যন্ত নিচু স্তরে ছিল তারা তাদের গ্রামদেবতা, কুলদেবতা প্রমুখনের যোগ উপাসনার মাধ্যমে অনুকম্পা পেতে চাইত। যে জাতিসমূহ কুলদেবতার মধ্যে সমস্ত ঐশ্বর্য আরোপ করে, তারা পরবতী সময়ে একেশ্বরবাদে উপনীত হয়েছে, ফলে তাদের স্বরূপ কিছুটা দুর্বল।

'ইহোবা' প্রথমে প্রচীন ইহদিদের এক সাধারণ শাখার কুলদেবতা ছিলেন। তাঁর সন্মুখে ইজরাইলের বংশধররা বলিদান করত। তাঁর জ্ঞান এবং শক্তি ছিল পরিমিত। যখন মিশরের সম্রাট ইজরাইলদের বংশধরদের খুব স্থালাতন করল, তখন তারা তাদের কুলদেবতার কাছে অভিযোগ জানাল। 'ইহোবা' দৈববাণী মারফত জানাল, 'আজ রাত্রিকালে আমি অসংখ্য মিশরীয়দের ধ্বংস করব। কিন্তু একটা কাজ করতে হরে। বলিদান দিয়ে সেই বলির রক্তে নিজের নিজের বাড়িতে দরজায় ছাপ দিতে হবে। যাতে আমি তোমাদের বাড়িগুলি চিহ্নিত করতে পারি। এবং তোমাদের বাড়িগুলি বাঁচাতে পারি।' পরবর্তী সময়ে হজরত মুসা এই 'ইহোবা'কে সর্বশক্তিমান এবং সর্বজ্ঞ বলে আখ্যায়িত করেছেন। বলেন, তিনি পৃথিবী এবং আকাশ সৃষ্টিকারী দেবতা। এভাবে প্রাচীনকালে লোহিত সাগরের পার্শ্ববর্তী অঞ্চলে যেঁ সব জাতিসমূহ বসবাস করেছিল, তাদের কুলদেবতা সম্পর্কে চেতনা এভাবে

একেশ্বরবাদে (মনোথিয়েজিম) উপনীত হয়।

প্রচীন আর্য জাতি প্রারম্ভেই পরিপূর্ণ যে শক্তি কাজ করছে, তাঁকে দেবতারূপে গ্রহণ করেছিল। সূতরাং পরবর্তী সময়ে দেবতার একের মধ্যে সমাহার করে 'ব্রহ্মবাদ'-এর (ম্যানইজম) প্রতিষ্ঠা হয়। মন্ত্রযুগে অগ্নি, বায়ু, বরুণ, ইন্দ্র প্রমুখ একই ব্রহ্মের নানা রূপ বলে মনে করা হয়েছে:

ইন্দ্র মিত্র বরুণামগ্নিমাহুরথী দিব্যঙ্গ সুপর্নো গুরুত্থান। একং সদ্বিপ্রা বহুধা বন্দত্যগ্নি, যমং মাতারিশ্বানমাহঃ।

(ঋষেদ ১-২/১৬২-১৬৪)

উপনিষদ কালে এক ব্রহ্মচেতনা পরিপূর্ণতায় পৌঁছয় এবং 'সর্ব খলিন্দ ব্রহ্ম', 'নেহ নানাস্তি কিঞ্চন', 'তত্ত্বমসি' ইত্যাদি মহাকাব্যের সম্পূর্ণ প্রচার হয়। এই রীতি অনুযায়ী ব্যাবিলনের প্রাচীন খাল্দি (চাল্ডিয়ঙ্গ) জাতির মধ্যে এক ঈশ্বরের চেতনার বিকাশ হয়। ব্যাবিলনের ধ্বংসাবশেষে প্রিস্টপূর্ব দু হাজার বছর আগেকার এক শিলালিপিতে সেখানকার বিভিন্ন দেবতাদের এক প্রধান দেবতা মর্দুক-এরই ভিন্ন ভিন্ন কপ বলা হয়েছে।

নর্গল হচ্ছেন যুদ্ধের মর্দুক। বেল হচ্ছেন রাজসতার মর্দুক। শমস হচ্ছেন ধর্মের মর্দুক। অদু হচ্ছেন বর্ষার মর্দুক।

মানবসমাজে দেবচেতনায় এই ছিল যথার্থ প্রাচীন রূপ। আদিম অবস্থা থেকে যে-সব জাতিসমূহ অগ্রসর হতে পারেনি, তারা নিজেদের বৃত্তি থেকে দেবতাদের বৃত্তিকে উচ্চস্তরের মনে করেনি। তাদের বিশ্বাস ছিল, উপাসকদের প্রতি সম্বন্ত হলে দেবতা তাঁদের মঞ্চল করেন। পূজা না পেলে অনিষ্ট করেন। সভ্য জাতিসমূহ সেই সব প্রাকৃতিক শক্তিসমূহকে উপাসনা করত, যাদের উপকারের মনোবৃত্তি থেকে জীবন রক্ষা এবং নির্বাহ হয়। সেই সব প্রাকৃতিক শক্তি হচ্ছে সূর্য, চন্দ্র, ইন্দ্র, অগ্নি, বায়ু, পৃথিবী প্রভৃতি। তারা প্রত্যক্ষভাবে অনুভব করত যে, তারা জ্বগৎকে আলোকিত করছে, পৃথিবীকে শীতল এবং ধনধানো পরিপূর্ণ করে তুলেছে। শীত এবং পশুদ্বারা ভীতিসঞ্চার দূরীভূত করেছে। তারা মনে করত, দৈত্য এবং অসুরদের পরাভবও হয়েছে তাদের পরোক্ষ প্রভাবে। সঙ্গে সঙ্গে অতি বৃষ্টি, অনাবৃষ্টি, গোধন ক্ষয় ইত্যাদির ধ্বংসও তাদের কোপদৃষ্টির জন্যে হয়। তাই অত্যন্ত প্রাচীন কালে মানুষের ভেতরে দেবতা এমন শাসকরূপে বিরাজ্ব করতেন, যাঁর প্রসমতা এবং অপ্রসমতা— এ-দু' কারণের জন্যেই পূজা করা হত। মানুষের শীল বা আচরণের সঙ্গে পূজাপাটের কোন সম্পর্ক ছিল না। তাই পূজার উদ্দেশ্যের মধ্যে তারা সুখ এবং আনন্দ উপভোগ করত। প্রথমে 'সুখ' বা 'অভ্যাদয়' ছিল এই মর্তলোকেরই চেতনা। किञ्च भत्रवर्णी সময়ে यथन भत्रत्नाक हिन्दात बन्म इस, जथन भत्रत्नात्कत 'সুখ' वा 'নিঃশ্রেয়স'-এর কামনারও উদয় হয়। এই নিঃশ্রেয়স-এর ভাবনার সঙ্গেই পূজার বিধানসমূহ বিস্তৃত আকার নিতে থাকে এবং সেই বিধানের মধ্যে লোকহিত-সাধনের কিছু কিছু উপাদান সন্নিবিষ্ট হয়। বিরাট বিরাট যাগ-যজ্ঞ শুরু হয়। যে সব যাগ-যজ্ঞ অসংখ্য গোধন এবং নানা ধরনের উপকরণ ব্রাহ্মণদের দান সামগ্রী হিসেবে দেয়া হত। দানের যোজনা দ্বারা পূজার স্বরূপ বেশ কিছুটা সুস্পষ্ট এবং উন্নত হয়। এবং যজ্ঞ জনকল্যাণের অবয়ব গ্রহণ

এতদ্সব্যেও প্রাচীন দেবপৃজায় দেবতাদেরও এ দৃটি কার্যলক্ষণ ছিল— ১. শুধুমাত্র পূজা পেলেই দেবতারা উপকার করেন, না পেলে অনিষ্ট করেন। ২. দেবতারা চিরদিন উপকার করেন। পূজা পেলে বিশেষ উপকার করেন। এরকম একটা অবস্থায় প্রাচীনকালে মানুষের মধ্যে দেবতাদের সম্পর্কে তিনটি ভাবনা থাকতে পারে— যথা ভয়, লালসা এবং কৃতজ্ঞতা। এই তিনটি ভাবনায় মন সুখের জন্যে উদ্মুখ থাকত। দেবতাদের জন্যে নয়। কৃতজ্ঞতা. হচ্ছে কিছুটা উদাত্ত বৃত্তি। কিস্তু এতেও ধ্যান মুখ্যত 'কৃত' বা যে-উপকার করা হয়েছে তাতেই নিবদ্ধ থাকত। যে উপকার করত তার ওপর নিবদ্ধ থাকত না। কৃতজ্ঞ 'কৃত'-এর স্বরূপে অনুরক্ত থাকত, কর্তার স্বরূপে নয়। লালসা, ভয় এবং কৃতজ্ঞতা— এই তিনটি ভাবের প্রকাশ— বিনীত বচন, স্তুতি এবং উত্তম দ্রব্য ভেদ মারফত সম্পূর্ণ কাজ সম্পাদন হত। এই তিনটি ভাবের প্রেরণা পূজার মধ্যেই সীমাবদ্ধ থাকত। প্রাচীন যাগযজ্ঞে— যাকে 'দ্রব্যক্তে' বলা হত, তা এই পূজারই বিধান। এই বিধানে মানসপক্ষ বা হৃদয়পক্ষের পূজিতের সঙ্গে সামগ্রিকভাবে কোন যোগ ছিল না'। মন্ত্রকালে বা বৈদিককালে সাধারণ প্রবৃত্তি ছিল এই 'দ্রব্যযজ্ঞের' প্রতি। যজ্ঞের যথাযথ সামগ্রী সংগ্রহ করে বিধিসম্মতভাবে পালন করলে এই যজ্ঞ সম্পন্ন হত।

দ্রব্যব্যের সামান্য প্রচার হওয়া সত্ত্বেও, বৈদিককালেই বিশিষ্ট মানুষদের মধ্যে মননশীলতা এবং ভাবুকতা— এই দু' মনোভাবেরই প্রয়োজন ছিল। মনন এবং চিন্তন দারাই মন্ত্রকালে সমস্ত দেবতাদের সেই একেশ্বর চেতনার জন্ম হয়। যে-চেতনা উপনিষদকালে পূর্ণতায় পৌঁছয়। যে দেবতাদের জন্যে বিরাট বিরাট কাম্য এবং নৈমিন্ডিক যজ্ঞ করা হত। যারা যন্তে অংশ নিত তাঁদের স্তুতি ছাড়াও মন্ত্রে নদী উষা ইত্যাদি সম্পর্কে সৌন্দর্য চেতনা এবং পরিশুদ্ধ অনুরাগ দ্বারা উৎসারিত রমণীয় উক্তিগুলিও আছে, যে-সব উক্তিগুলি তাদের ভাবুকতাকেই চিহ্নিত করে। ঋষেদের পুরুষ সৃক্তগুলিতে ঈশ্বর চেতনায় পুরুষ-রূপ আছে। নরাকার চেতনার (এনখ্রোপোমরফিক কনসেপসন) এই উদয়গীত মারফত এই সৃক্তগুলির পাঠ বৈষ্ণব মন্দিরে প্রায়শই হত।' শতপথ ব্রাহ্মণে সহদয়তা এবং ভাবুকতার কিছু বিশেষ আভাস উপাস্যের স্বরূপের সঙ্গে ধর্মের স্বরূপের মধ্যেও উপলব্ধ হয়। এতে এক জায়গায় (১২/৩-৪) বলা হয়েছে, 'পুরুষ নারায়ণ যজ্ঞ করে বসু, রুদ্র এবং আদিত্যকে চার দিশায় পাঠান এবং স্বয়ং ঠিক সেখানেই স্থির থাকেন।' এর পরে আর একটি স্থানে পাওয়া যায় (১৩/৬-১), 'পুরুষ নারায়ণ ঐশ্বর্য এবং সর্বস্থ প্রাপ্ত করার জন্যে পাঁচরাত্র সত্রের (পাঁচদিনের যজ্ঞ) বিধি দেন। এতে সুস্পন্ত হয় যে, সগুণ পরমেশ্বরের 'নারায়ণ' (নরসমষ্টির আশ্রয়)-এর নাম ব্রহ্মণকালেই প্রসিদ্ধ হয়। নারায়ণ সগুণ ব্রহ্মর সেই রূপ, যার অভিব্যক্ত জগতে নর বা মনুষ্য রূপে অধিষ্ঠিত হয়।

এই 'নারায়ণ' স্বরূপের উপাসনা কবে শুরু হয়, তা আমাদের একটু দেখা প্রয়োজন। উপনিষদে আমরা ব্রহ্ম উপাসনা পাই। অয়, প্রাণ, মন, জ্ঞান এবং 'আনন্দ'— এ-রূপে তিপাসনা করা উচিত। আমোপাসনা ব্রহ্মর নিজস্ব অন্তর সন্তার বাইরে ব্রহ্ম জগতে দেখার বিধান আছেন ধন, জ্ঞান ইত্যাদি রূপে উপাসনা নিজের অন্তরসন্তার সন্থার মধ্যে দেখার

বিধান আছে। বহিঃ এবং অন্তর— দুঁদিকে দৃষ্টি নিক্ষেপ করলে ব্রন্ধের পরিপূর্ণ উপাসনা হয়। ভারতীয় ভক্তি মার্গে এই পূর্ণোপাসনার পদ্ধতি গৃহীত হয়েছে। এই মার্গে ভক্তজনরা শুধু নিজের অভ্যন্তরেই ব্রহ্মকে দর্শন করে না, বাইরেও ব্রহ্মকে দর্শন করে। শুধুমাত্র নিজের মনের অভ্যন্তরের ব্রহ্মার জন্যে উন্মুখ যোগমার্গীদের দেখাদেখি নির্গুণপদ্মী ভক্তরা সাধারণত এ-কথাই বলে যে, বাইরে ব্রহ্মকে পাওয়া সন্তব নয়, নিজের ভেতরে ব্রহ্মকে দর্শন কর। এ-কথা মনে রেখেই গোস্বামী তুলসীদাস বলেছেন:

অন্তর্জামিহ তে বড়ি বাহরজামী হাাঁয় বাম জো নাম দিয়ে তে। পৈজ পঁরে প্রহ্লাদহ কে প্রকট প্রভু পাহন তে ন হিয়ে তে।

এই অয়োপাসনার পদ্ধতিতে ব্রহ্ম-চেতনা বিষ্ণু-রূপে পরিবর্তীত হয়। অয় বে ভাবে দেহকে পোষণ করে, তেমনি এ-জগতকে বিষ্ণু পালন করেন। প্রথমে বিষ্ণুর প্রতীক ছিল সূর্য। সূর্ব এই লোককে যে পালন করে তা আমরা প্রত্যক্ষ করি। তাছাড়া উপাসা দেবতাকে আরও সামিধ্যে পাওয়ার জন্যে, তাঁকে আরও হৃদয়াকর্ষক রূপে পাওয়ার আকাজকায় বিষ্ণুর 'নরাকার-চেতনা' 'নারায়ণ' (নরসমন্তির আপ্রয়) রূপে প্রতিষ্ঠিত হয়। স্বভাবতই প্রশ্র উঠতে পারে, ঈশ্বরকে পালক এবং রক্ষক রূপে কেন গ্রহণ করা হয়েছে। এ-রূপ শুধু বী ভক্তি প্রকরণের জন্যে আরোপ করা হয়েছে, না, এ হছে তাত্ত্বিক রূপ, শুধুমাত্র আরোপিত নয়। ভগবানের শক্তি কয় এবং নাশও হয়। কয়েয়র পরিণাম নাশ হয়তো কয়নও কোথাও হয়, কিয় রক্ষার পরিণাম পালনের প্রবাহ অখণ্ড এবং নিতা। বিশ্বের অভ্যন্তরে অসংখ্য খণ্ডপ্রলয় অহরহ সাধিত হছেছ। না জানি কত লোক ধ্বংসপ্রাপ্ত হছেছ। কয় সমন্তিরূপে বিশ্ব বা জগৎ থেমে নেই। সূতরাং পালক স্বরূপই সতস্বরূপ। নাশক রূপ হছেছ অসত্, অনিত্য এবং ক্ষণিক। আর একটি কথা হছেছ, উপাস্যার স্বরূপের চেতনার অনুরূপই ভক্তির পরিপূর্ণ অবস্থায় উপাসকের স্বরূপ পরিণত হয়। সূতরাং ভক্তির এই তংস্বরূপের পরিণতি কল্যাণকারিনী হতে পারে। তার নিজের জন্যে এবং অনা বিশ্বসংসারের জন্যেও।

শতপথ ব্রাহ্মণের উদ্ধৃত বাকাসমূহ থেকে এ-কথা সুস্পষ্ট হয় যে, মন্ত্রকালে জগতের মধ্যে বহু রূপের দ্বারা বাক্ত বিভিন্ন শক্তিসমূহের একটি সমষ্টি শক্তির রূপ হিসেবে গ্রহণ হওয়ার পরেই এই সমষ্টিশক্তির স্বরূপের পরিচয় কীভাবে জাগ্রত হয়েছে এবং কীভাবে চিন্তাশীল শ্বিরা সেই হলয়গ্রাহী স্বরূপের দিকে অগ্রসর হয়েছেন। উপাস্যের স্বরূপকে জানার জন্যে আরও প্রজ্ঞা এবং কল্পনার জগতে বিচরণ করতে হবে। উপাস্যের উদাত্ত স্বরূপ-চেতনার অনুরূপই ধর্মকে স্বন্ধ এবং উৎকৃষ্ট করে। শতপথ ব্রাহ্মণের পঞ্চমহাযজ্ঞে এর আভাস পাওয়া যায়। এই পঞ্চমহাযজ্ঞের মধ্যে নৃষজ্ঞ (পথিকদের সেবা) এবং ভৃতযজ্ঞ (ছেটি-বড় প্রাণীদের বংসামান্য খাল্য দিয়ে সন্ধন্ত করা) আছে। যদিও স্মৃতি এ যজ্ঞকে পঞ্চসুনার প্রাশ্বন্তিন্ত রূপ অর্থাৎ নৈমিন্তিক বলে শাসন এবং শাস্ত্রের অন্তর্গত করেছে। কিন্তু এর মধ্যে হৃদয়র্বৃত্তি সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। অন্য প্রাণীদের তৃষ্ট করে মন তৃপ্তি লাভ করে। এই তৃপ্তিকে আমরা অবশ্যই মনের প্রেরণা বলতে পারি। 'ইষ্টপূর্তে'র অর্থ যাই-ই

করা হোক না কেন, তার মধ্যে পড়ে পুকুর-ইঁদারা খনন, পথে বৃক্ষ রোপন ইত্যাদি লোকহিত কর্ম।

প্রচীন ইহদি সম্প্রদায় 'দ্রব্যযজ্ঞের' পরে আর এগুতে পারেনিন শুরু ঢঙে বিধান পালন করাই তাদের পূজার স্বরূপ ছিল। যীশু প্রিস্ট আর একটু এগিয়ে আরাধনাকে হৃদয়ের বা মনের সঙ্গে যুক্ত করেছেন। কিন্তু প্রজ্ঞা এবং জ্ঞানের বিকাশ যীশু প্রিস্টের আনেক পরে প্রেটো প্রমুখ গ্রীক দার্শনিকরা করেন। কিন্তু ভারতবর্ষে, যেমন পূর্বে বলে এসেছি, প্রিস্টের হাজার বছর পূর্বে ব্রাহ্মণ যুগে ভাব সমন্বিত জ্ঞানমার্গের সূত্রপাত হয়। যা উপনিষদের মাধ্যমে পরিপূর্ণতায় পৌঁছয়।

উপনিষদ যুগে জ্ঞান কাপ্তের দুটি মার্গ দেখা যায়। এক হচ্ছে হৃদয়কে অতিক্রান্ত করে শুধুমাত্র প্রজ্ঞা বা বিশুদ্ধ জ্ঞানকে নিয়ে অগ্রসর হওয়া। এবং দ্বিতীয় হচ্ছে, হৃদয়পক্ষ-সমন্বিত জ্ঞান নিয়ে অগ্রসর হওয়া। এই মনোভাব অনুযায়ী বললে বলতে হয়, যেমন বৃহদারণাক, কঠোপনিপষদ ইত্যাদি প্রতিঘাত (Reaction) রূপে যজ্ঞাদি কর্মকে সম্পূর্ণ অবজ্ঞা করেছে। এই মার্গ কর্ম এবং জ্ঞানের মধ্যে যে নিতা দ্বন্দ্ব তা স্বীকার করে নিয়ে সাধনার জন্যে কর্মের সর্বদা ত্যাগ, রাগ বা মনোবিকারকে সম্পূর্ণভাবে দমন করা প্রয়োজন মনে করেছে। অন্যদিকে যীশু খ্রিস্ট প্রমুখরা উপনিষদজ্ঞানের সঙ্গে কর্মকেও নিষ্ঠার সঙ্গে পালনের উপদেশ দেন। এভাবে জ্ঞানমার্গের দুটি শাখা— নিবৃত্তিপরক জ্ঞানমার্গ এবং কর্মপরক জ্ঞানমার্গ কর্মেকর জ্ঞানমার্গ কর্মেকর জ্ঞানমার্গ কর্মেকর জ্ঞানমার্গ কর্মেকর জ্ঞানমার্গ ক্রমিকর জ্ঞানমার্গ কর্মেপরক জ্ঞানমার্গ ক্রমিকর ক্রমান্য ক্রমিকর ক্রমান্য ক্রমের ক্রমিকর ক্রমান্য ক্রমের ক্রমিকর স্থান্য বিশ্ব ক্রমিকর ক্রমান্য কর ক্রমান্য ক্রমান্য কর ক্রমান্য বাস্কান্য বাস্কান্য কর ক্রমান্য ক্রমান্য কর ক্রমান্য বাস্কান্য কর ক্রমান্য বাস্কান্য ক্রমান্য বাস্কান্য বাস্কান্য কর ক্রমান্য কর ক্রমান্য বাস্কান্য বাস্কান্য

এই কর্মপরক জ্ঞানমার্গ— যে জ্ঞানমার্গের সঙ্গে প্রজ্ঞা এবং হৃদয় দুয়েরই যোগকে আবশ্যিক মনে করা হয়েছে। পরে যা ভক্তিতে বিকশিত হয়েছে। ছান্দোগা ইত্যাদি প্রচীন উপনিষদগুলিতে পরম জ্ঞানের জন্যে ব্রহ্ম-চেতনা একান্ত আবশ্যিক বলা হয়েছে। উপযুক্ত দুটি মনোভাবের জন্যে এই ব্রহ্মর দু ধরনের স্বরূপ উপনিষদের কথনে পরিলক্ষিত হয়। কোথাও তা মনোময়, প্রাণশরীর, ভাজপ, সত্যসংকল্প, আকাশাত্মা, সর্বকর্মা, সর্বকাম, সর্বগন্ধ, সর্বরস (ছান্দোগা ৩-১৪ - ২) সর্বজ্ঞ, সর্বশক্তিমান ইত্যাদি বলা হয়েছে। আবার কোথাও বলা হয়েছে অশব্দ, অশ্পর্শ, অরূপ, অরুস, অগন্ধ (কঠ ৩-১৫)। কোথাও অয়, প্রাণ, মন, জ্ঞান এবং আনন্দ— এই রূপসমূহের মধ্যে ব্রহ্মার উপাসনার কথা বলা হয়েছে, এবং কোথাও বলা হয়েছে ব্রহ্ম হছেে সেই 'অদ্রেশ্যং অগ্রাহ্মার' (মুগুক ১-১-৬)। এভাবে ব্রহ্মকে কোথাও সন্তুণ এবং ব্যক্ত বলা হয়েছে, কোথাও নির্প্তণ এবং অব্যক্ত বলা হয়েছে। এ-ছাড়াও বহু জায়গায় ব্রহ্মকে উভয়াত্মক অর্থাৎ বিরুদ্ধ ধর্মযুক্ত বলা হয়েছে। যেমন:

দ্বেবাব ব্রহ্মণো রূপো মূর্ডঅন্টোয়ামূর্ডঅন্ট মর্ড্যঅচামৃতং চ, স্থিতং চ, ইয়চ্চ, সচ্চ, তাচ্চ।

(বৃহদারণ্যক)

তদেজতি তরৈঙ্গতি, তদ্দুরে তদ্দস্তিকে। তদন্তরস্য সর্বস্য তদু সর্বস্যাস্য বাহ্যতঃ।

(ইশাবায়্যোপনিষদ)

### অণোরণীয়ান্ মহতী মহীয়ান্ আত্মা গুহায়াং নিহিতোস্য জন্তোঃ।

(শ্বেতাশ্বতর ৩-২০)

এই উভয়াত্মক চেতনার ব্রহ্ম মূর্ত-অমূর্ত, ব্যক্ত-অব্যক্ত, সচল-অচল, ছোট-বড় সব কিছু। অর্থাৎ ব্রহ্ম সর্বরূপে বিরাজমান।

এখানে এ কথা বলা দরকার যে, ভারতীয় ভক্তিমার্গ ব্রহ্মর এই উভয়াত্মক স্বরূপ গ্রহণ করে নিয়েছে। ভারতীয় ভক্তিমার্গ অনুযায়ী এ কথা বলা যায় না যে, ব্রহ্ম শুধু সগুণ এবং ব্যক্ত। সঙ্গে এ-কথাও বলা যায় না যে, ব্রহ্ম শুধু নিগুণ এবং অব্যক্ত। তাঁর নিত্য এবং সত্য দৃটি রূপই আছে। ব্যক্ত এবং সগুণের চিরন্তন প্রবাহ আছে। অব্যক্ত এবং নিপ্তর্ণ হচ্ছে স্থির। ব্যক্ত এবং অব্যক্ত, সুগুণ এবং নিগুর্ণের ভেদ পরমার্থিক এবং বাস্তব নয়। ব্রহ্ম যত্টুকু আমাদের মন এবং ইন্দ্রিয়সমূহের অনুভবে স্পর্শময় হয়ে উঠতে পারে, ঠিক তত্টুকুই তাকে আমরা সগুণ এবং বাক্ত বলতে পারি। কিন্তু এর মধ্যেই ব্রহ্ম সীমাবদ্ধ নয়। এর পরেও আছে তার অনস্ত সভা। যে সভাকে চিহ্নিত করার জন্যে কোন ব্যবহারযোগ্য শব্দ না পেয়ে, আমরা নিপ্তণ অব্যক্ত ইত্যাদি না-বাচক শব্দের আশ্রয় নিই। তাৎপর্য হচ্ছে এই, হাদয়ের সগুণ এবং বাক্ত রূপে অনুরক্ত রেখে সম্বাণ্দর্শনের জন্যে তার নির্প্তণ এবং অব্যক্ত সভাকে নিতে হবে। এই হচ্ছে ভক্তির সিদ্ধান্ত। এই সিদ্ধান্ত অনুযায়ী, যে সগুণ এবং ব্যক্ত রূপকে ভক্ত উপাসনা করে, তা অসত ভ্রম বা মিখা। নয়।

বৃহদারণাকে (২-১) গার্গা বালাকী অজাতশক্রকে প্রথম প্রথম আদিতা, বিদ্যুৎ, আকাশ, বায়ু, আয়ি, জল বা চতুর্দিকে যে-পুরুষ আছেন, তাঁকে ব্রহ্ম রূপে উপাসনা করতে বলেছেন। কিন্তু পরে অজাতশক্র তাঁকে বলেন যে, ব্রহ্ম তার চেয়ে অনেক দূরে। এই উপনিষদেরই এক জায়গায় পৃথী, জল এবং আয়িকে ব্রহ্মর মূর্ত রূপ এবং আকাশকে অমূর্ত রূপ বলা হয়েছে। শেষে বলা হয়েছে, অমূর্তেরও রঙ পরিবর্তিত হতে থাকে। তাই ব্রহ্মকে মূর্ত এবং অমূর্ত রূপে অভিহিত করা হয়েছে। যাজ্ঞবলকা 'নেতি নেতি'" (এ সবকিছুই তিনি নন) বলে সন্দিশ্বতা প্রকাশ করেছেন। এই 'নেতি নেতি' অব্যক্ত এবং নির্গুণের সূত্রের মতো হয়ে গিয়েছে। নির্গ্রণবাদীরা এর অর্থ এভাবেই করেছেন যে, যা অব্যক্ত এবং গোচর, তা যদি ব্রহ্ম না হয়, তাহলে সব অসত্ এবং মিগ্রা। সগুণ এবং নির্গ্রণ—উভয়বাদীরাই এই তাৎপর্য গ্রহণ করেছেন যে, সব (গোচর এবং ব্যক্ত) সম্পূর্ণ ব্রহ্ম নায়, তা অসমাপ্ত জ্ঞান। নির্গ্রণও তাই।

উপরে যে পরত্বচেতনার উল্লেখ আছে, তা নিয়ে কট্টর জ্ঞানমাগীদের মধ্যে দ্রারাঢ়তার মনোভাব ক্রমশ বৃদ্ধি পেয়েছে। কোথাও কোথাও ব্রহ্মকে সবশেষে চিত-অচিত, সত-অসত্ বলা হয়েছে। কিন্তু ভক্তিমাগাঁরা আগাগোড়া 'নেতি নেতি' বলে সীমাবদ্ধতাকে গ্রহণ করেনি। সত্ বা চিত্ত এর পরে অভিপ্রায়কে ভারা এমনভাবে গ্রহণ করে, যে রূপকে আমরা সত্য বা চিত্ত মনে করি, তা সত্য এবং চিত্ত নয়। এই তত্ত্বগত দৃষ্টির জন্যে বিশুদ্ধ ভারতীয় ভক্তিমার্গে 'তারও পরে,' 'তারও পরে' বলে গন্তব্য লক্ষ্যে পৌঁছানোর জন্যে বে বিলম্ব, তাতে তাদের মনে কোন আকাজ্মা উদয় হয় না। দেশীয় এবং বিদেশীয়—নানা ধরনের ভিন্ন ভিন্ন অবয়বকে অসমাপ্ত এবং অপরিপক্ত তেও নিয়ে'নির্প্তণপন্থী ভক্তদের যে পরস্পরা করীরদাস থেকে চলে আসছে, তার অভ্যন্তরে কট্টরপন্থী জ্ঞানবদিদের উক্ত মনোভাবের হ্বহ্ নকল দেখা যায়। করীরদাস চিত্ত-অচিত্ত থেকে অগ্রসর হয়ে সত্যলোকে পৌঁছান। তাই কোন কোন সম্প্রদায় তাঁকে ব্যক্তিমাৎ করার জনো যে-পথ বেছে নেয়, তাতে না আছে শুদ্ধ তত্ত্ত্জ্ঞান বা চিন্তন, না আছে ভক্তি সাধনের কোন উপায়।

পূর্বে যে কথা বলেছি, তা হচ্ছে সমাগদর্শন বা বোধের জন্যে এবং উপাসনার জন্যেও দেবতাদের সঙ্গে একান্ত্র হওয়ার ভাবনা উপনিষদকালে পরিপূর্ণতায় পৌছয়। প্রথমে ইন্দ্র, বরুণ, রুদ্র, বিষ্ণু প্রমুখ দেবতাগণের এবং অমি, বায়ু, আকাল ইত্যাদি বাক্ত প্রতীকসমূহের পৃথক উপাসনা ছিল। উপনিষদগুলি রুদ্র, বিষ্ণু, অচ্যুৎ, নারায়ণ— সবাইকে ব্রহ্ম (মৈক্রেয়পনিষদ ৭/৭) বলে অভিহিত করে পূর্ণ ব্যাপকরূপে অর্থাৎ ব্রহ্মবৃদ্ধি মারফত উপাসনা করতে বলেছে। যদিও বিশুদ্ধ তত্ত্বজ্ঞানের জন্যে তাঁর স্বগুণ এবং ব্যক্ত রূপকেই সামনে রাখা হয়েছে। বিভূতি, ঐশ্বর্থ ইত্যাদির অভিব্যক্তি ব্যতীত মানুষের মন স্থিতধি হতে পারে না। যেখানে জ্ঞাতা এবং জ্ঞেয়র, উপাস্য এবং উপাসকের প্রভেদ নেই, সেখানে উপাসনা কিভাবে হতে পারে ? সূতরাং তারা সর্ববাদ নিয়ে অগ্রসর হয়। ব্যক্ত-অব্যক্ত সবই ব্রহ্ম। সূতরাং কোন এক ব্যক্তর সেই সবকিছুর প্রতীক (প্রতি= নিজের দিকে+ইক= নত হওয়া) স্বীকার করে নিয়ে, তার ওপর আস্থাকে রাখার বিধি বলে মনে করা হয়েছে। সগুণ রূপ এবং ব্যক্ত রূপ মায়ার দ্বারা স্কৃরিত হয়। কিন্তু মায়া ব্রহ্মরই অন্ত। এ-রূপ ব্রহ্মরই:

মায়াং তু প্রকৃতি বিদ্যাত মায়িনং তু মহেশ্বরম।
(শ্বেতাশ্বতর ৪-১০)

স্বয়ং ব্রহ্ম। প্রকৃতপক্ষে তিনিই দৈত্যদের পরাজিত করেছেন।

উপনিষদকালে উপাস্যের ভাবনা যেমন যেমনটি ব্যাপকতর রূপ নেম্ন, ঠিক তেমন তেমনভাবে উপাসনার পদ্ধতিও সুস্পষ্ট— পরিচ্ছন্ন হয়ে ওঠে। আদি বৈদিককালে ভিন্ন ভিন্ন দেবতাদের শুধুমাত্র 'পূজা' ছিল। যে-'পূজা' 'দ্রব্যযন্তর' দ্বারা সম্পন্ন হত। পূর্বে বলা হয়েছে, দেবতাদের জন্য সবচেয়ে প্রথমে ভয়, লোভ এবং কৃতজ্ঞতার ভাবই ছিল। এই তিনটি বস্তুর উৎস ছিল অনুগ্রহের জন্যে স্তুতি কর, উপভোগের বস্তুকে উৎসর্গ কর— এর ভেতরে। এই 'পূজায়' উপাস্যের স্বরূপ পরিচয় বা দর্শন ছিল না। পরবর্তী সময়ে উপনিষদের জ্ঞানকাণ্ড দ্বারা ব্রহ্মর স্বরূপের বোধ এবং দর্শন এসেছে। এ প্রসঙ্গে ডাগবতে সুন্দর উপমা আছে, यখন ঐাকৃষ্ণের বিরহে গোপীরা ব্যাকুল হয়ে উঠেছিল এবং তাঁর দর্শনে আহ্লাদিত হয়ে ওঠে: 'তদ্দর্শনাহ্লাদবিধৃতহৃদক্ষো মনোরপান্তর শ্রুতয়ো যযুঃ।' উপনিষদগুলি 'পূজা' থেকে অগ্রসর হয়ে 'উপাসনা'র প্রর্বতন করে, যে-উপাসনার মধ্যে অখিল, ব্যাপক পরোক্ষ শক্তির স্বরূপের অধিক পরিচয় ঘটিয়ে মানুষের হৃদয়কে তাঁর আরও সন্নিকটস্থ করেছে। এই বেশি পরিচয়ের অনুরূপ উপাসনার অভিব্যক্ত এবং তার হৃদয় সংযোগেরও কিছুটা বৃদ্ধি ঘটেছে। পূজা-র জনো যেখানে শুধুমাত্র অর্জিত দ্রব্যের— যা ব্যক্তিসন্তার বাইরের বস্তু, তাই বেশি বেশি অর্পিড হত, সেখানে এই উপাসনায় ব্যক্তির অন্তরের মনোভাব, তার জীবনের কিছুটা অংশকে তুলে দেয়া আবশ্যিক মনে করা হয়। ছান্দোগ্য উপনিষদে (৩/১৬/১৭) সুস্পষ্টভাবে বলা হয়েছে, মানুষের জীবনও একধরনের यखाँ । এই यखारक 'खानयखा' वना श्राह ।

'জ্ঞানযজ্ঞে'র অভিন্ধা বৃদ্ধি এবং মন, বোধবৃত্তি এবং প্রেমবিত্তি— এ দু'টিকেই ব্রহ্ম বা পরমান্ধার সঙ্গে যুক্ত করা উচিত। এই জ্ঞানযজ্ঞকে দ্রব্যয়ঞ্জ থেকে শ্রেষ্ঠ বলা হয়েছে। ছান্দোগ্য অনুসারে এই যজ্ঞাবিদ্যা মহা আঙ্গিরস ঋষি দেবকীপুত্র কৃষ্ণকে বলেন। এ-কৃষ্ণ হয়তো বৃষ্ণিবংশীয় যাদব কৃষ্ণ নন, কোন ঋষি বলে তাঁকে ভাবা যেতে পারে। অনেক বিদ্বানরা অন্তত এতটুকুই সত্য বলে মনে করেন যে, এই যজ্ঞাবিদ্যার উদ্ভব উপনিষদকালেই হয়। পরবর্তী সময়ে ভগবান শ্রীকৃষ্ণ জ্ঞানযজ্ঞকে দ্রব্যয়ঞ্জ থেকে শ্রেষ্ঠ বলেছেন:

'শ্রেয়ান্রব্যময়াদ্যজ্ঞাজ্জানয়জ্ঞঃ, পরস্তপ'

(গীতা ৪-৩৩)

এ জ্ঞানযম্ভ সম্পর্কে একথা অনুভব করা দরকার যে, এই জ্ঞানযম্ভে জ্ঞান এবং কর্ম— এ দুয়ের মধ্যে এক ঘনিষ্ঠ সম্পর্ক আছে। ভগবান কৃষ্ণ এই যজের স্বরূপ সুম্পষ্ট করতে গিয়ে বলেন, 'হবন করার ঘটনা এবং হবনের দ্রবা— এই দু'-ই ব্রহ্ম ব্রহ্মামিতে হবন করেন। যাঁর প্রজ্ঞায় কর্ম ব্রহ্মময় হয়ে ব্রহ্মকে প্রাপ্ত করে।

উপনিষদ কালে কর্মের সঙ্গে মনের যে সংযোগ সাধিত করা হয়েছে, তাতে মনের বোধবৃত্তি এবং প্রেমবৃত্তি— দু'-ই সন্মিলিত হয়েছে। অর্থাৎ জ্ঞান এবং উপাসনা, বৃদ্ধি এবং মন— দুয়েরই মেলবক্ষন ঘটেছে। যেখানে কর্মের মধ্যে হুদয়ের স্থান একটু বেশি করে দেয়া হয়েছে, সেখান খেকেই ভক্তিমার্গের শুরু। এ হচ্ছে সে-সময়, যখন ইষ্ট (নিজের সুখের জনো) যজ্ঞের সঙ্গে সঙ্গে পূর্ত (অন্যের উপকারের জনো) যজ্ঞের গুরুত্ব ষীকার করে নিয়েছে এবং মানুষের মঙ্গলের জন্যে পুকুর-ইঁনারা খনন, বৃক্ষ রোপন, অতিথিশালা নির্মাণ ইত্যাদিকে ধর্মের শ্রেষ্ঠ কর্ম বলে মনে করা হয়েছে। ডক্তিমার্গের প্রবর্তনের পরম্পরার উল্লেখ মহাভারতের শান্তিপর্বের অন্তর্গত নারায়ণীয়োপাখ্যানে পাওয়া যায়। যে-উপাখ্যানে বাসুদেবের উপাসনা এবং ভগবত ধর্ম মানুষের মধ্যে কীভাবে প্রচলিত হলো, তা বলা হয়েছে। উক্ত ব্যাখ্যান অনুসারে এই কল্প থেকে পূর্বেই এই ধর্মের উপদেশ ভগবান নারদকে দেন। একবার নারদ বিদ্রকাশ্রমে যান। সেখানে অবতার নর এবং নারায়ণ তপস্যা করছিলেন। নারদ নারায়ণকে জিজ্ঞেস করলেন, 'আপনি তো স্বয়ং পরমেশ্বর, আপনি কার উপাসনা করছেন?' নারায়ণ বললেন, 'আমি আমার প্রকৃতিকে উপাসনা করছি।' নারদ সেখান থেকে মেরু পর্বতে যান। সেখানে তিনি বিচিত্র আকৃতির শ্বেতকায় মানুষদের দেখেন। যারা ভগবান ভক্তিতে লীন হয়ে ছিল।

এসব মানুষদের সঙ্গে পরিচয় করাতে গিয়ে মহাভারতেব রচয়িতা পুনরায় ভীশ্বকে দিয়ে বলান যে, ভাগবত ধর্মের আদি প্রবর্তক ছিলেন চিত্রশিস্ক্রীরা (মবীচি, অত্রি, অঙ্গিরা, পুলসতা, পুলহ, ঋতু এবং বশিষ্ঠ) এবং সয়স্তু মনু। পরে এ বিদ্যা ক্রমশ বৃহস্পতি প্রাপ্ত হন। বৃহস্পতি ভাগবতের উপদেশ বসুউপরিচর নামক এক ধর্মান্থা ভক্ত নৃপতিকে দেন। নৃপতির মধ্যে পূর্ণভক্তির আবির্ভাব হয়। একবার এই নৃপতি আরণাক অনুযায়ী অহিংসাপূর্ণ অশ্বমেধ যজ্ঞ করেন। সেই যজ্ঞে কোন পশু বলিদান হয়নি। এই যজ্ঞে স্বয়ং যজ্ঞপুক্ষ ভগবান বা হরি অংশ গ্রহণ করেন। শুধুমাত্র বসুউপরিচর ছাড়া আর কেউ তাঁকে দেখতে অপারগ হন। এতে বৃহস্পতি খুব অপ্রসন্ধ হন। কিন্তু প্রজ্ঞাপতির পুত্র তাঁকে বোঝান যে, পরিপূর্ণ ভক্তি বাতীত ভগবানের দর্শন লাভ হয় না।

এই আখ্যান ছাড়াও পরে নারদের কথা আছে। তিনি মেরু থেকে শ্বেতদ্বীপে যান। দেখানে ভগবান তাঁকে একান্তী (একান্ত ভক্ত) দেখে দর্শন দেন এবং বাসুদেবোপসনা বা ভাগবত ধর্মের উপদেশ দেন।

এ-কথা খুবই সুম্পষ্ট যে, বর্তমান কল্পনার অনেক পূর্বেই ভক্তিমার্গের অস্তিত্ব সূচনা করার জন্যে আখ্যান রচিত হয়েছে। সুতরাং এই আখ্যানের মারফত আমরা অনেকগুলি তত্ত্বে উপস্থিত হতে পারি। প্রথমে নরনারায়ণ ঋষির দিকে দৃষ্টি আকর্ষিত হয়। যাঁকে পরমান্থার অবতার বলা হয়েছে। নারায়ণকে তো নারদ পরমেশ্বর বলেই অভিহিত করেছেন। ফলে নারায়ণকে নর প্রকৃতিস্থ সপ্তণ ব্রহ্ম বা ঈশ্বর বলে মনে হয়। নরও সেই ব্রহ্মের সপ্তণ রূপ। কিন্তু নিচ্নুন্তরের রূপ। খোদা এবং আদমের কথাই ধরুন। খোদা আদমকে নিজের অনুরূপ নিজের অংশ থেকে সৃষ্টি করেছেন। এই দৃষ্টিভঙ্গি থেকে দেখলে, আদমকেও খোদার এক অবতার বলা যেতে পারে। ইসলামের বক্তব্যানুসারে, আদমকে সিজদা করার জন্যে খোদা ফরিশতাদের শুকুম দিয়েছিলেন। আর একটা কথা উপরিউক্ত আখ্যানে আছে, যা বসুউপরিচরের অশ্বমেধ যক্তে দেখা যায়। অর্থাৎ উপনিষদের উপাসনার চেয়ে হৃদয় বৃত্তিকে ভাগবত ধর্ম অনেক উচ্চে স্থান দিয়েছে। অহিংসা এবং দয়া বাসুদেব উপাসনায় এক বিরাট স্থান অধিকার করে আছে।

বর্তমানকালে নারায়ণীয়োপাখ্যান অনুসারে এই ধর্মের রহস্য বিজ্ঞস্থান (সূর্য) মনুকে

বলেন। মনু মানুষের ভরণপোষণ এবং পালনের জন্যে এই ধর্ম নিজের পুত্র ইক্ষাকুকে বলেন। গীতার চতুর্থ অধ্যায়েও এই পরম্পরার কথা উল্লেখ করে আর একটু বেশি বলা হয়েছে যে, অনেক যুগ অতিবাহিত হওয়ার পরে যখন যোগ এই লোক থেকে লুপ্ত হয়ে যায়, তখন তাঁর ভক্ত অর্জুনকে পুনরায় এই ধর্মের কথা বলেন। এই ধর্মের পরিপূর্ণ স্বরূপ কি ছিল, তা বিচার বিশ্লেষণের জন্যে নারায়ণীয়োপাখ্যানের এই কথা— মনু মানুষের ভরণপোষণের জন্যে এই ধর্মের কথা তার পুত্র ইক্ষাকুকে বলেন, তা আকর্ষণীয়। উক্ত আখ্যানে এক জায়গায় বলা হয়েছে, 'প্রস্তুভিলক্ষণশতৈব ধর্ম নারায়ণত্মক'। এসব কথার সঙ্গে যখন গীতার উপদেশ— নিস্কাম কর্ম তথা কর্ম, জ্ঞান এবং উপাসনার সময়য় গ্রহণ করি, তখন এই তত্ত্বে উপনীত হই।

- ১. সর্বসাধারণের মধ্যে প্রচলিত বৈদিক দেবপূজা কৃতজ্ঞতার ভাবনা পর্যন্ত পৌঁছেছিল। যে পূজার্চায় ধ্যান মুখ্যত ফলের ওপরেই স্থাপিত থাকত। যদিও বৈদিক যজ্ঞকর্মের লক্ষ্যা লোকহিত এবং লোকরঞ্জনই ছিল, কিন্তু পরবর্তী সময়ে মানুষ স্বার্থবৃদ্ধি হেতু নিজের ব্যক্তিগত কল্যাণের জন্যেই প্রবৃত্ত হতে থাকে। প্রচলিত যজ্ঞের সঙ্গে ব্যক্তিগত ফলেচ্ছা যুক্ত হওয়ার জন্যে নৃযজ্ঞ, মৃতযজ্ঞ এবং পূর্তযজ্ঞের প্রেষ্ঠতা প্রতিপাদিত হয়। ভগবান কৃষ্ণ কর্মক্ষেত্রে এ ধরনের ফলাশক্তি থেকে বেরিয়ে আসার গুরুত্ব দেন। নির্মাম কর্মের প্রেষ্ঠতা সম্পর্কে তাঁর অভিপ্রায় এই য়ে, উচ্চপ্রেণীর কর্ম হচ্ছে, সেই কর্ম, নিজের কোন ফললাভ হোক বা না হোক, বরং মানুষের রক্ষা, প্রতিপালন এবং বন্ধনের জন্যে তা যেন অনুষ্ঠিত হয়। এ ধরনের কর্মই ভগবানের জন্যে অর্পিত মনে করা হয়। মৃতরাং এতে কোনরক্ম সন্দেহের অবকাশ নেই য়ে, ভাগবত ধর্মের পথ মানব কল্যাণের জন্যেই প্রণোদিত। গীতার উপদেশ এমন কল্যাণকর কাজ করার জন্যে অর্জুনকে বলা হয়েছে। যার মাধ্যমে মানুষের মধ্যে ধর্মশক্তি প্রতিষ্ঠিত হয়।
- ২. লোক-কল্যাণের মনোভাব নিয়ে চলার এই মার্গে উপাসনার জন্যে ব্রহ্মর অনেক সগুণ নেয়া হয়েছে, যা রক্ষা, পালন এবং বন্ধনের রূপে অভিব্যক্ত হয়। সূতরাং উপাস্যা হচ্ছেন নারায়ণ বা বাসুদেব। উপাস্যের অনুকরণ হওয়া প্রয়োজন। সূতরাং যেভাবে অনন্ত বিশ্বকে রক্ষা পালন এবং রঞ্জন করার জন্যে ভগবান বাস্ত, তেমনি নিজের ক্ষুদ্র সংসারের মধ্যে তার উপাসনাতেও ব্যস্ত থাকতে হবে। প্রদ্ধা এবং আস্থার মাধ্যমে উপাস্য ঈশ্বরের মতো নিজেকে গড়ে তোলার মনোভাব উপাসকের মধ্যে আপনা থেকে আসা উচিত। তাই অহিংসা ভাগবত ধর্মের প্রধান লক্ষণ।
- ৩. যে সর্ববাদকে নিয়ে ব্রহ্মর সেই সগুণ স্বরূপ উপাসনা প্রবর্তিত হয়, সেই সগুণ-নির্প্তণ, ব্যক্ত-অব্যক্ত, মৃর্ত-অমূর্ত— সবিকছুই তাঁর মধ্যে অন্তর্ভুক্ত। সূত্রাং উপাসনার এই অহংকে রোধ করার জন্যে আমি ব্রহ্মর যে জ্বেয় স্বগুণ স্বরূপ গ্রহণ করেছি, তা তাঁর সর্ব এবং পূর্ণ স্বরূপ। এবং আমি ব্রহ্মকে সম্পূর্ণরূপে জেনে নিই। গীতা নির্প্তণ, অব্যক্ত এবং অজ্বেয়র দিকে দৃষ্টি আকর্ষিত করেছে। সেজনো গীতায় ভগবানের সগুণ বিরাট রূপ দেখিয়েও অর্জুনকে বলতে হয়, 'তুই আমাকে যে রূপে দেখছিস, তা আমার সত্য রূপ নয়, তা আমার মায়ার দ্বারা সৃষ্ট।' সঙ্গে একথাও বলা হয়েছে,

'অবুঝ মানুষই এরকম মনে করে যে, আমি পরিপূর্ণ মানুষ। এভাবে ভাগবত ধর্মের উপাসক এবং ভক্তরূপ— যারা সাধারণ মানুষের কাছে বলে, 'আমি ব্রহ্মর রূপ জেনেছি', যেখানে সুর নর মুনিশ্বমিরা কেউই পৌছতে পারেনি, সেখানে আমি পৌছেছি'— এই পাষণ্ড মনোভাবকে ভাগবতধর্ম চিরতরে রুদ্ধ করে দিয়েছে। তাই ভারতীয় ভক্তিমার্গের পরম্পরা নিয়ে এগিয়ে চললেও জ্ঞানমার্গের শোনা কথা নিয়ে আগে থেকে চাল মারা সম্ভব নয়।

- 8. ফল থেকে আছাকে সরিয়ে 'সর্বকম' স্বরূপ ভগবানের কাছে নিয়ে গিয়েছে। শুধু তাই নয়, গীতার বিভূতিযোগে অনন্তদীপ্তি, শক্তি, সৌন্দর্য, ঐশ্বর্য, মাধুর্য ইত্যাদির উদাহরণ দিয়ে মানুষের মনকে তাঁর দিকে আকৃষ্ট করা হছেছে। ঈশ্বরের স্বরূপের প্রতি মানুষের মনকে আকৃষ্ট করা বা লালায়িত করা হচ্ছে মানবপ্রেম। যাকে ভক্তি বলা হয়। সত্যিকার প্রেমের কোন হেতু হয় না। মন চায়, মনের ভালো লাগে, তা প্রেমের কারণ নয়। তাই ভক্তির সত্যিকারের স্বরূপ গীতাতে সুস্পষ্ট করে ভগবান বলেছেন, যে-ভক্তি সহকারে আমার ভক্তন করে, সে অমার মধ্যে অধিষ্ঠিত থাকে, এবং আমি তার মধ্যে অধিষ্ঠিত থাকি।
- ৫. নারায়ণীয়োপাখানের ক্ষীর সমুদ্রের বর্ণনায় বলা হয়েছে, তথাকার নিবাসী বাসুদেব ভগবানের একান্ত উপাসনায় তৎপর একান্তী ছিলেন। এই একান্ত উপাসনার ভার একেশ্বরবাদের সাদৃশ্য কিন্তু পয়গয়য়রবাদের একেশ্বরবাদ থেকে ভিয়। ভাগবত ধর্মে একান্তবাদ এবং অনন্যতাবাদ সিদ্ধান্তরূপে সর্ববাদকে সঙ্গে নিয়ে চলে, যেখানে অনেক সগুণ রূপকে একই ব্রক্ষের নানা রূপ বলা হয়েছে। উপাসনা কীভাবে করা হবে সে উপদেশ উপনিষদগুলিতে দেয়া আছে। এর অনেক সগুণ রূপ থেকে কোন একটি রূপকে পৃথকভাবে নিয়ে ভাতে ব্রক্ষভাব স্থাপিত করে উপাসনা করা যায়। এমতাবস্থায় ব্রক্ষর কোন একটি রূপকে নিয়ে যারা উপাসনা করে, এবং ব্রক্ষর অন্য একটি রূপকে নিয়ে যারা উপাসনা করে, তাদের পারম্পরিক কলহের স্থান এখানে উল্লেখ করা হয়ন। তাই এক সম্পূর্ণ সর্বেশ্বরের নিরাকার রূপের যারা বিশ্বাসী তাদের কোন অধিকার নেই ভগবানের সাকার রূপের যারা বিশ্বাসী তাদের কটুকথা বলা। কারণ মূর্ত এবং অমূর্ত— এই দৃটি রূপকেই ব্রক্ষর রূপ বলা হয়েছে।
- ৬. মহাভারতের কাল পর্যন্ত নারায়ণ বা নরাকৃতি ভগবানের গৃঢ় ভক্তি গুহা বা রহস্যের রূপ<sup>১০</sup> এক বিশেষ সম্প্রদায়ের মধ্যে পরম্পরাগতভাবে চলে আসছে। ভগবানের যে-স্বরূপ নরনারায়ণের রূপে পূর্বকল্পে ব্যক্ত হয়েছে, সেই স্বরূপ অর্জুন এবং বাসুদেব কৃষ্ণের রূপ— এই কল্পে প্রকট হয়েছে। পাঞ্চরাত্র বা নারায়ণীর ধর্মের এই পক্ষের প্রবর্তন সাত্বতোরদের (যাদব-ক্ষত্রিয়দের এক সম্প্রদায়) মধ্যে হয়। তাই একে সাত্বতো ধর্মও বলা হয়। কৃষ্ণ উপাসক বৈষ্ণব সম্প্রদায়ের বিকাশ এভাবেই হয়। প্রাচীন পাঞ্চরাত্র বা নারায়ণীর ধর্মের (যার মূলের উল্লেখ শতপথ ব্রাহ্মণে আছে) আর একটি দিক ছিল, যা নারায়ণ রূপকে উপাসনা করে, কিম্বা অন্য কোন অবতারের (যেমন নৃসিংহ, বামন, দাশরথি রাম) একান্ত উপাসনা করে।

বাসুদেব ভক্তির তাত্ত্বিক বর্ণনার সবচেয়ে প্রাচীন এবং প্রামাণিক গ্রন্থ হচ্ছে ভগবদ্গীতা।

যে ভগবদ্গীতা মহাভারতেরই অঙ্গ। উপরিউক্ত বিবরণ থেকে সুস্পষ্ট হয় যে, মহাভারতের সমসময়ে ভগবানের যে উপাস্য স্বরূপ সম্মুখে ছিল, তা অত্যন্ত ব্যাপক। লোকরক্ষা এবং লোকমঙ্গলের প্রত্যক্ষ সাধনের ধর্মশক্তির স্বরূপ হিসেবে তাতে সমন্বিত ছিল শক্তি, শীল, সৌন্দর্য, ঐশ্বর্য ইত্যাদি। লোকধর্মকে আনন্দময় করার আকর্ষণ ছিল। গীতায় অবতারের উদ্দেশ্যকে মানুষের মধ্যে ধর্ম স্থাপনার কথা বলা হয়েছে। যা স্বয়ং ভগবান এভাবে বলেছেন:

'ইয়দা ইয়দা হি ধর্মস্য প্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সূজাম্যহম্।। পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম। ধর্মসংস্থাপনার্থায় সম্ভওয়ামি যুগে যুগে ॥'

ভগবান কৃষ্ণ ধীরে ধীরে ভক্তিমার্গ থেকে লোক ধর্মের দিকে অগ্রসর হন। উপাসনায় তাঁর লোকরক্ষা এবং লোকমঙ্গল সম্পর্কিত সেই ব্যাপক স্বরূপ তিরোহিত হয়ে যায় এবং শুধুমাত্র এমন স্বরূপের প্রতিষ্ঠার মনোভাব বৃদ্ধি হয়, যা অত্যন্ত গভীর প্রেমের অবলম্বন হতে পারে। শ্রীমদ্ভাগবত এই মনোভাবেরই অত্যন্ত সুমধুর ফল। এই গ্রন্থ থেকে জানা যায় যে, 'সাত্বত ধর্ম বা নারায়ণ ঋষির ধর্মে নৈষ্কর্মা লক্ষণ আছে (১-৩-৮<sup>১১</sup> এবং ১১-৪-৬)<sup>১২</sup>। এ কথা সুম্পষ্টভাবে বলা হয়েছে যে, 'উক্ত নিষ্কর্মা ধর্মে ভক্তির সম্পূর্ণ প্রাধান্য নেই। একেই ভাগবত পুরাণ বলা হয় (১-৫-১২)<sup>১৩</sup>। পরবর্তী সময়ে এই ভাগবত পুরাণই কৃষ্ণভক্তদের কাছে প্রেমলক্ষণ ভক্তিযোগের প্রধান গ্রন্থ হয়। এই গ্রন্থেই প্রীকৃষ্ণকে প্রেম এবং ভক্তি রূপে অঙ্কিত করা হয়েছে।

ভাগবতে ভগবানের মাধুর্য বিভৃতির প্রাধান্য দেয়া হয়েছে। ঐশ্বর্য শক্তি শীল ইত্যাদি লোকরক্ষা দ্বারা ব্যক্ত বিভৃতিসমূহের গৌণ স্থান পেয়েছে। মহাভারতের প্রীকৃষ্ণের শীল এবং সৌন্দর্যে মৃদ্ধ ভক্তরা তাঁর উজ্জ্বল প্রভা এবং ঐশ্বর্যে স্তম্ভিত এবং তাঁর মহত্বে প্রভাবিত হয়ে দূর থেকেই তার ভক্তির দিব্য অনুভৃতিতে লীন হত। ভাগবত কৃষ্ণের এই মধুর মূর্তি সামনে তুলে ধরে যা প্রেম করার মতো। ভক্তরা তাঁকে সেভাবেই নাম ধরে ডাকে, সোহাগ করে এবং ভালোবাসে, যেমন মাতাপিতা তার সম্ভানকে করে। যেভাবে প্রেমিকা প্রেমিককে উত্তেজনায় আলিঙ্গন করে, ভাগবত ভগবানের মধ্যে প্রেমপ্রীতি সঞ্চার করে তাঁকে ভক্তদেরই একজন করে তুলেছে।

গীতা এবং ভাগবত পুরাণই বৈষ্ণব ভক্তি মার্গের দৃটি প্রধান গ্রন্থ। এই দৃটি গ্রন্থের মধ্যে গীতা প্রাচীন। এতে ভক্তির কর্মজ্ঞান সম্পর্কিত ব্যাপক রূপ আছে। পরবর্তী সময়ে ভাগবতে কর্ম এবং জ্ঞানের ক্ষেত্রে পৃথকভাবে ভক্তির এক স্বতন্ত্র ক্ষেত্র সৃষ্টি করা হয়। পরে ভক্তির সিদ্ধান্তকে প্রতিপাদন করার জন্যে বেশ কয়েকটি ক্ষুদ্র গ্রন্থ রচিত হয়। যেমন শান্তিলাসূত্র, নারদস্ত্র, নারদপাঞ্চরাত্র ইত্যাদি গ্রন্থ। এর মধ্যে নারদস্ত্র এবং নারদপাঞ্চরাত্র-গ্রন্থ দৃটি ভাগবতের পরে রচিত হয়েছে। শান্তিলাসূত্র খুব সম্ভব এ দৃটি গ্রন্থের পূর্বে রচিত। এ গ্রন্থ সম্পর্কে বলা হয়েছে, 'সাপরানুরক্তিরীশ্বরে' অর্থাৎ ঈশ্বরের মধ্যে পুরানুরক্তিই হচ্ছে ভক্তি। নিহৈতৃক বা নিক্ষাম অনুরক্তিকে পুরানুরক্তি বলা যেতে পারে। ভক্তির এই স্বরূপ গীতা থেকে শুক্ত করে ভাগবত গীতা পর্যন্ত ধারাবাহিক ভাবে

আছে। ভাগবতে সুস্পষ্টভাবে বলা হয়েছে যে, 'অহেতুকাবহিতা ইয়া ভক্তিঃ পুরুষোত্তমে'। এই নিষ্কামতাই বৈদিক পূজা থেকে ভক্তিকে মানসিক উৎকর্ষতায় সমুজ্জ্বল করেছে। সত্যিকারের প্রেমের কোন বাইরের হেতু নেই।

যদি প্রেমের হেতু সামান্যতমও মনের অভান্তরে থাকে, তাহলে তা ভালো লাগে। নারদপাঞ্চরাত্রে ভক্তির স্বরূপের ওপর সম্পূর্ণ দৃষ্টি না দিয়ে এতে মন্ত্রতন্ত্রও সমাবেশিত করা হয়েছে। ভগবানের এই মন্ত্র জপ করলে হুর নিরসন হয়, এই বিধিতে পূজা করলে ব্যবসায় লাভ হয় ইত্যাদি। কিন্তু এ ধরনের বক্তব্য ভক্তি ক্ষেত্রের মধ্যে আসে না। কখন কাকে ভালো লাগে, আর প্রেমের ভিত স্থাপিত হয়ে গেল।

পূর্বে বলেছি, গীতায় ভক্তিব কর্মজ্ঞান-সম্পর্কিত ব্যাপক রূপ ছিল, কিন্তু ভাগবত ভক্তিকে সবার উপরে প্রাধান্য দিয়ে তার একটা পৃথক ক্ষেত্র তৈরি করেছে। ভক্তির এই প্রাধান্য কীভাবে ধীরে প্রাপ্তিত হয়ে ভাগবতের সময়ে পবিপূর্ণভাবে বিকশিত হয়েছে এর আভাস শান্তিলাসূত্রতে পাওয়া যায়। গীতার কোন কোন শ্লোক থেকে এ বক্তব্য ধ্বনিত হয়ে ওঠে যে, মোক্ষ জ্ঞান থেকেই উৎপন্ন হয়। ভক্তি দ্বারা জ্ঞানের প্রাপ্তি হয়, সূত্রাং ভক্তি জ্ঞানেরই সাধন। উদাহরণ হিসেবে এ-দৃটি শ্লোককে নিন:

'শ্রদ্ধাওয়ান লভতে জ্ঞানং তৎপর সংয়তেন্দ্রিয়ঃ। জ্ঞানং লবদ্ধয়া পরাং শাস্তি অচিরেণাধিগচ্ছতি॥ ভক্তয়া মামভিজানাতি ইয়াভান্পাশ্চাম্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বোনং জ্ঞাত্বা.... সদন্তরম্॥'

দ্বিতীয় শ্লোকটি নিয়ে শাণ্ডিল্যসূত্রে বলা হযেছে যে, ভক্তিরই দ্বারা ভাগবত তত্ত্ব যেভাবে আছে, সেভাবেই জ্ঞাত হওয়া যায়। সূতরাং ভক্তি সাধন নয়, সাধ্য। কিন্তু এ কথা তেমন ভাবে বুঝিয়ে দেয়া হয়নি যে, জানার কাজ প্রেম বা ভক্তির দ্বারা উপলব্ধ হয়।

জ্ঞান এবং ভক্তি, বৃদ্ধি এবং ভাব পক্ষের মধ্যে যে সম্পর্ক আছে, তা নিয়ে পাশ্চাত্য দেশগুলিতেও রহসাবাদী ভক্ত সাধকদের মধ্যে প্রশ্ন উঠেছে। এবং এখনও তা সেখানে আলোচনার স্তরে রযেছে। আমাদের এখানে নিবৃতিমাগী জ্ঞানীদের মতো ইউরোপের বিস্টধর্মীয় গুরুরা মনোবিকারকে সর্বদা দমনের উপদেশ দিয়ে এসেছেন। কিন্তু ইউরোপের রহস্যবাদী কবি উইলিয়াম বেক ভাব বা ভাবাবেগকে (প্যাশন) হৃদয়ের পরম পবিত্র সম্পদ্ধ এবং ভাবনা ও কল্পনাকে ঈশ্বরের সাক্ষাৎকার বা এক ঝলক রূপ বলেছেন। রহস্যবাদী ভক্ত এবং কবিদের বক্তব্য অনুযায়ী ভক্তি হচ্ছে জ্ঞান স্বরূপ। শুদ্ধ ভাব দ্বারা প্রেরিত ভাবনার প্রচণ্ড আবাছক্ষার মধ্যে ভক্তি এবং সাধকদের ঈশ্বরের স্বরূপ বোধ হয়। সূত্রাং ভক্ত ভাবুক এবং কবি এক ধরনের রহস্যদ্রষ্টা (সিয়র) বা পয়গম্বর। তাৎপর্য হচ্ছে এই, ইউরোপের রহস্যবাদীরা জ্ঞানকে— বিশেষত, আধ্যাত্মিক জ্ঞানকে ব্যবহারিক বৃদ্ধির এক স্বতন্ত্র 'স্থানভৃতি' (ইনটিউশন) হিসেবে প্রচার করেছেন। এই 'স্থানভৃতি'কে অনেক বৈজ্ঞানিক এবং দাশনিকরা শশুন করেছেন। শ্ল

কি**শু-উ**নবিংশ শতাব্দীতে গোড়া আধিভৌর্তিক দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে পরে যে আধ্যাত্মিক প্রতিঘাত (Reaction) শুরু হয়, তার প্রভাবে অনেক লেখক ব্যবহারিক জ্ঞানকে অসাধারণ বলে 'স্বানুভৃতিকে' সমর্থন করতে থাকেন। এডওয়ার্ড কার্পেন্টর তার ইংরেজিতে লেখা প্রসিদ্ধ গ্রন্থ— সিবিলাইজেশন: ইউস্ কজেস এয়াণ্ড কিয়োর-এ বর্তমান শতাব্দীর সেইসব বৈজ্ঞানিক মনোভাবের বিরোধিতা করেন, যাকে জ্ঞান প্রক্রিয়া হিসেবে গ্রহণ করা হয়েছে। মানুষের হৃদয়বৃত্তি বা স্বানুভৃতিকে একেবারে নাকচ করা হয়েছে। তিনি 'শন্ধবোধের প্রণালীকে' অজ্ঞানের প্রণালী বলেছেন। দর্শনের ক্ষেত্রে এই স্বানুভৃতিবাদকে কোন না কোন রূপে এখানে সেখানে বিক্ষিপ্তভাবে পাওয়া যায়। সম্প্রতি ইউরোপের একজন সুপ্রসিদ্ধ দার্শনিক বর্গসাঁ-ও সমস্ত জ্ঞান প্রক্রিয়াকে একদেশদশী, ভ্রান্তিমূলক এবং দুর্বল বলে অভিহ্নিত করে 'স্বানুভৃতির' (ইনটিউশন) পক্ষ অবলম্বন করেন। সাম্প্রতিক কালের একজন উর্দু কবি আকবরও 'জ্ঞানযোগ' থেকে মুক্তি পেয়ে উল্লাসিত হয়ে বলেন,— 'আমি বৃদ্ধির রুগী ছিলাম, পাগলামো আমাকে সুস্থ করে দিল।'

আমাদের এখানে— এই ভারতবর্ষে ভক্তিমার্গীরা জ্ঞানক্ষেত্রকে এমনভাবে অবহেলা করেনি। ভক্তি জ্ঞানের কাজকে নিজের কাঁধে তুলে নেয়নি। গীতার উপদেশ হচ্ছে এরকম—জ্ঞান আহরণ করতে থাক, ভক্তি করতে থাক, কর্ম করে যাও। জ্ঞান প্রসারের মধ্যেই থাকে ভক্তি। ঈশ্বরকে জানতে পারলেই আমরা তাকে ভক্তি করতে সক্ষম। উপনিষদগুলি ব্রহ্মকে ব্যাপক স্বরূপের জ্ঞান জ্ঞাত করিয়েই উপাসনার মার্গ খুলে দিয়েছে। বিভিন্ন দেবতাদের এক ব্রহ্মর মধ্যে লীন হয়ে যাওয়া নিশ্চয়ন্ত্রিকা প্রজ্ঞার দ্বারাই হয়েছে, তা হানয় করেনি। জ্ঞানা এক কথা, কিন্তু জেনে হানয়কে প্রবৃত্ত করা আর এক কথা। কিন্তু জানার ফল হানয় দিয়েই অনুভব করা হয়। জ্ঞানের সার্থকতা ভক্তির মধ্যেই নিহিত। শুধু জানলেই মানুষের জীবন, তার সম্পূর্ণ ব্যক্তিত্ব উন্নত হয় না। জানার স্বরূপের প্রতি যখন হানয় আকৃষ্ট হয়, এবং সেই স্বরূপের কাছে পৌঁছনোর জনো যখন ব্যক্তির স্বরূপ তার সঙ্গে বন্ধনে আবদ্ধ হতে থাকে, তখনই জীবনের সাধনা শুক্ত হয়। জ্ঞাত স্বরূপ যেমন হবে, ভক্তও তেমন স্বরূপিট প্রাপ্ত হবে। তাই গীতায় জ্ঞানী ভক্তকে শ্রেষ্ঠ বলা হয়েছে। সেখানে ভক্তি জ্ঞানের পর্যায় নয়।

ভাগবত ধর্ম বা বৈষ্ণব ধর্মের যে ঐতিহ্য ভারতবর্ষে চলে আসছে, সেখানে জ্ঞানের স্থান এবং প্রেম বা ভক্তির স্থান পৃথক। প্রতিটি সম্প্রদায়ে জ্ঞান এবং সিদ্ধান্তের প্রতিপাদন আচার্যরা করতেন, এবং জনসাধারণের মধ্যে যারা প্রেম বা ভক্তির ভাব সঞ্চার করতেন, তাঁরা তা ভজন-কীর্তনের মাধ্যমে করতেন। আচার্য জ্ঞানী এবং ভক্ত দু'-ই হতেন। তর্ক এবং বাদ-প্রতিবাদকে অবলম্বন করে বিদ্বানরা তা শাস্ত্রসম্মত করতেন। প্রীরামানুজ, বল্লভাচার্য, রামানন্দ প্রমুখ আচার্যদের দিথিজয়ের কাহিনী প্রচলিত আছে। শুধু হৃদয়পক্ষ নিয়ে তাঁদের অনুসারী ভক্তরা জ্ঞানী হওয়ার দাবী কখনও করেননি। তুলসী, সুরদাস প্রমুখ ভক্তদের সম্পর্কেও কোথাও একথা বলা হয়নি যে, শঙ্করাচার্যের জ্ঞান যেখানে পৌঁছায়নি, সেখানে তুলসী. সুরদাসের জ্ঞান পোঁছেছে। প্রেম এবং ভক্তির গৃঢ়তার প্রভাবে তাঁরা ভগবানের উপাস্য স্বরূপের সাক্ষাৎ পেয়েছিলেন, এ-কথা বলা যেতে পারে। কিন্তু ব্রহ্ম বা ঈশ্বর এমন কোন নতুন কথা নয়, যা কেউ জ্ঞানে না। ভক্তিমার্গের মধ্যে রহস্যের আবরণ বেশিমাত্রায় থাকার জন্যে ভক্তদের এক ধরনের লোকোতরে চেতনায় নিয়ে যাওয়ার

চেষ্টা চলে। আর একেই পরোক্ষজ্ঞান-সম্পন্ন বলা হয়। সূতরাং এ-তত্ত্ব গ্রহণ করতে গেলে প্রয়োজন হয় দর্শনের এক বিরাট গৃঢ়তত্ত্বের গভীরে প্রবেশ করা। সোজাসৃদ্ধি কর্মের পথ ছাড়াও অবশাই কোন অলৌকিক প্রজ্ঞা আছে, যা ঈশ্বরের সায়িধ্যে আনে।

কিন্তু আমাদের এখানে ভক্তিমার্গে জ্ঞান এবং স্বরূপবোধকে নিয়ে তত্ত্বচেতনার স্বাভাবিক পদ্ধতিই স্বীকৃত। ভাগবতে স্পষ্ট বলা হয়েছে যে, ভগবানের অস্তিত্ব অনুমান দ্বারাই লক্ষিত হয়।

> 'ভগওয়ান সর্বভূতেষু লক্ষিতঃ স্বাস্তনা হরিঃ। দৃশোর্ব্দ্ধইয়াদিভির্দ্রষ্টা লক্ষ্মণোরাশকয়াঃ॥'

এভাবে উক্ত পুরাণে ভগবান ব্রহ্মকে নিজের তাত্ত্বিক স্বরূপ বলতে গিয়ে বলেছেন :
'এতাত্তদেব জিজ্ঞাস্যং তত্ত্বাজিজ্ঞাপুনাত্মনঃ।
অপ্বয়-ব্যাতিরেকাভ্যাং তৎস্যাত্ সর্বত্ব সর্বদা॥'

এখন এ-দেখা দরকার, গীতায় শ্রীকৃষ্ণ ভগবান বলেছেন যে, ভক্তি দ্বারা আমি তত্ত্বকে জানতে পারি, এর অভিপ্রায় কী ? এর অভিপ্রায় হচ্ছে, ভক্ত ভক্তির প্রভাব দ্বারা সেই জ্ঞানমার্গকে পাওয়ার জন্যে উন্মুখ হয়ে ওঠে, যে-জ্ঞানমার্গ ভগবানের স্বরূপ বেশি বেশি প্রত্যক্ষ করে। নিছক জ্ঞানী এবং ভক্ত জ্ঞানীর মধ্যে যে পার্থক্য, তা হচ্ছে, নিছক জ্ঞানী ভগবানের স্বরূপের যে-জ্ঞান আহরণ করে, সে জ্ঞানের জন্যে সে স্থির থাকে; কিন্তু ভক্ত জ্ঞানী সেই স্বরূপকে নিয়ে নিজের অন্তরাত্মায় লীন হয়ে যায়, সেই স্বরূপকে নিষ্পন্ন করে এমন একটি কথায় সে মুগ্ধ হয়ে যায়, যাতে তার জ্ঞান পূর্ণতা লাভ করে 'আস্থায়' পৌঁছ্য়। এই 'আস্থায়' পৌঁছে জ্ঞান— হৃদয়ের সহযোগে সমর্থ এবং বলবান জ্ঞান মারফত সম্পূর্ণ সন্তায় শুভ পরিবর্তন সাধন করে। স্থির, নিক্রিয় এবং অসমর্থ জ্ঞান দ্বারা তা পরিবর্তিত হয় না। জ্ঞানের দ্বারাই ভক্তির শুক্র। যখন আমরা উপাস্যের স্বরূপকে, তার গুণকে সামান্যতমও জানতে পারি, তখনই তার প্রতি শ্রদ্ধা এবং প্রেম উন্মোচিত হয়। প্রেমিক প্রিয়র স্বরূপ যতটুকু জানে, সেই ততটুকুর মধ্যে মগ্ন হয়ে তা আরও জানার জন্যে উৎকষ্ঠিত হয়ে পড়ে। পরিপূর্ণ দর্শনের এই উৎকন্ঠা শ্রেষ্ঠ ভক্তেরই লক্ষণ। প্রথম প্রথম মানুষ সামান্য কিছু জেনেই প্রেম করত, পরে সেই প্রেমের প্রেরণায় আরও কিছু জানার জন্যে অগ্রসর হয়। এইভাবে অগ্রসর হয়েই জ্ঞান দ্বারা ভক্তির পূর্বাপর ক্রম অসংলক্ষ্য হয়ে যায়। এ-কথাও বলা যেতে পারে, জ্ঞান দ্বারা ভক্তি উপলব্ধ হয়, এবং সঙ্গে সঙ্গে এ-কথাও বলা যায়, যখন জ্ঞান বা চেতনার অভাব হয়, তখন তার কাম প্রেমকে উন্মাদ

সংরাধন কালে ভক্তের স্বরূপের দর্শন লাভ হয়। বেদান্ত সূত্রতে এ-কথা বলা হয়েছে যে, 'অপি চ সংরাধনে প্রত্যাক্ষানুমানাভ্যাম'। এই দর্শনকে শঙ্করাচার্য 'জ্ঞানপ্রসাদ' বলে অভিহিত করেছেন। ভক্তিকে যাঁরা রহস্যাবাদের চোখে দেখেন, সেই পাশ্চাত্য লেখকরা এই 'জ্ঞানপ্রসাদকে' রহস্যানুভব (মিস্টিক এক্সপিরিয়েন্স) আখ্যা দেবেন। 'রহস্যানুভব' সম্পর্কেশীধারণত এরকমই ভাবা হয়, তা হচ্ছে কোন অজ্ঞাত তথ্যের অনায়াসলব্ধ জ্ঞান। এই যোগকে এক অলৌকিক সিদ্ধি বা দিব্য দৃষ্টি রূপে গ্রহণ করা হয়, যার দ্বারা কোন

কিছু ব্যতীতই কীংকর্তব্যের মধ্যে ত্রিকাল প্রত্যক্ষ হয়। কিম্ব ভক্তের 'জ্ঞানপ্রসাদ' 'যোগজপ্রত্যক্ষ' থেকে ভিন্ন ধরনের। ভক্তিমার্গ হচ্ছে শুদ্ধ ভাবমার্গ বা প্রেমমার্গ। এ-কথা সর্বদা মনে রাখা দরকার যে, ভক্তিমার্গ খেকে যোগমার্গ সম্পূর্ণ পৃথক। ভক্তি তার ধ্যান এবং ভাবের মন্নতার মধ্যে ভগবান সম্পর্কিত কোন নতুন কথা, তার এমন কোন স্বরূপকে উদ্যাটন করে না, যে-স্বরূপের নিরূপণ কোথাও হয়নি।

জ্ঞানী ব্রহ্ম সে-স্বরূপকে নিজের বৃদ্ধিসভার দ্বারা উদ্ঘাটন করে নিশ্চিম্ত হয়ে যান, সেই স্বরূপকে ভাবপ্রবণ ভক্ত গ্রহণ করে, এবং ধ্যান বা ভাবমগ্নতার সময়ে তাতে নিজের সদ্রা অর্থাৎ হদর, প্রাণ, বৃদ্ধি, কল্পনা, সংকল্প ইত্যাদি সমস্ত বৃত্তিগুলিকে সমাহিত বা দণীভূত করে ভীষণ তীব্রতার সঙ্গে লীন করে দেন। এভাবে নিজের ব্যক্তিগত সভার বোধ সম্পূর্ণভাবে বিসর্জন হওয়ার পরেই শুধু সেই ধ্যেয় স্বরূপের শুধুমাত্র তীব্র অনুভূতিই থেকে যায়। এই একান্ত অনুভূতি প্রতাক্ষ দর্শনেরই তুলা। সংরাধন কালে জ্ঞানের এই হচ্ছে বৈশিষ্ট্য। এই হচ্ছে তার মূলা (value)। এই জ্ঞান দ্বারা কোন নতুন তথাের উন্মোচন হয় না। বা এমন কোন জ্ঞানও উপলব্ধ হয় না, যা কেউ জানে না। ভক্তের 'জ্ঞানপ্রসাদ' বা রহস্যানুভূতির এই স্বরূপ রহস্যবাদের বিশ্লেষক পাশ্চাতা বিদ্বানরাও স্বীকার করে নিয়েছেন।'

নিছক জ্ঞানীর কাছে ভগবানের ব্যক্ত এবং সগুণ স্বরূপ সম্পর্কে কিছু জ্ঞান থাকে। কিন্তু ভক্তের এই সামান্য জানাটুকু বা বিজ্ঞাতের স্বরূপ সম্পর্কে প্রত্যক্ষ এবং রসাত্মক অনুভূতি থাকে। প্রত্যক্ষ-চেতনা বা কল্পনা (ইমাজিনেশন) এবং রসাত্মক অনুভূতি ভাব (ইমোশন) প্রাচীন মুনিঋষিরা 'সাক্ষাৎকৃতধর্মা' বলেছেন। বৌদ্ধরা 'বিজ্ঞাত' এবং 'সাক্ষাৎকৃতের' মধ্যে বিভাজন করেছেন। গোস্বামী তুলসীদাস এই 'বিজ্ঞাতে'র শুধু জানাটুকুকেই 'বাক্যজ্ঞান' বলেছেন:

'বাক্যজ্ঞান অত্যন্ত নিপুণ ভব পার না পায়ে কোই।'

সাক্ষাৎ এবং কল্পনাপূর্ণ বিশ্বন হলেই রসানুভূতি হতে পারে। ভক্তের এই অনুভূতিকেই কাব্যের লীনতা বা 'রসপ্রীতি' বলে। প্রক্রিয়াও তেমনি স্বাভাবিক এবং সহজ। কল্পনা বা ভাবনা— যাতে বিজ্ঞাতের আভান্তরীণ সাক্ষাৎকার থাকে এবং ভাব এবং রসাত্মক বৃত্তি, যার মাধ্যমে আনন্দানুভূতি হয়— এ দুটিই হচ্ছে মানুষের স্বাভাবিক বৃত্তি। এই দুটি স্বাভাবিক বৃত্তির মারফতে ভাবরসের নিষ্পত্তি হয়। এই সহজ্ব বিধানের মধ্যে না আছে ইড়াং-পিক্সলা নাড়িয়া, না আছে সহস্রার-চক্র, না ব্রহ্মরক্ত্র, না আসন, না প্রাণায়াম।

#### পাদটীকা:

- এই ভাবনা নিয়ে ভাগবত বলেছে:
  জগৃহে পৌরুষ রূপং ভগবাত্মহদাদিভিঃ।
  সন্তৃতং য়োড়শকলামদি লোক-সিসুক্রয়া (১-৩)
- অয়য়্রক্ষেতি ব্যজ্ঞানাত্। প্রাণী ব্রক্ষেতি ব্যজ্ঞানাত্।
   মনো ব্রক্ষেতি ব্যজ্ঞানাত্। বিজ্ঞাত ব্রক্ষেতি ব্যজ্ঞানাত্।
   আনন্দো ব্রক্ষেতি ব্যজ্ঞানাত্। (তৈডিরীয়োপনিষদ, ভৃগুবল্পী)

- মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ সত্যসংকল্প আকাশাত্মা সর্বকর্মা-সর্বকামঃ সর্বগন্ধঃ
  সর্বরসঃ সর্বমিদামভ্যাওয়াক্যনাদরঃ।
- অশব্দমস্পর্শমরূপমব্যয়ং তথারসং নিত্যমগন্ধ .....
- यदनद्वनामश्राश्रमरगाज्ञभवर्गभठकः শ্রোত্রং তদপানিপাদম্।
- এ. নেতি নেতি হোওয়াচ যাজ্ঞবলকা।

(মৈত্রায়ণাপনিষত্ ৪/১২/১৩)

- ৮. ব্রহ্মার্পনং বন্ধহনবিব্রংহগ্নী ব্রহ্মণা হুতম্। ব্রহ্মৌব তেন গস্তব্যং ব্রহ্মকর্মসমাধিনা॥ (গীতা ৪-২৪)
- ১০. সাত্বত সংহিতাতে এই ভক্তিতত্ত্বকে 'রহস্যাম্লায়' এবং উপাসনাকে 'ক্রিয়ামার্গ' বলা হয়েছে।
- তৃতীয়মৃষিসর্গ চ দেবর্ষিত্বমূপেতা সঃ।
   তন্ত্রং সাত্বতমাচষ্ট নৌরুর্ম্য কর্মণা যতঃ।।
- ১২. ধর্মস্য দক্ষদৃহিতর্যজনিষ্ঠ মৃত্যা নারায়ণী নবঋষিপ্রবরঃ প্রশান্তঃ। নৌক্রম্যলক্ষণুমুদাচ চচার কর্ম যোদ্যার্শিচান্ত ঋষিংবর্যনিষেবিতাংদ্রিঃ।।
- নৌকর্মামপাচুত ভাববর্জিতং ন শোভতে জ্ঞানমলং নিরজ্জনম্।
   কুতঃ পুনঃ শশবদভপ্রমীশ্বরে ন চার্পিতং কর্ম যদপ্যকারণম্।।
- ১৪. আর. এস. জোন্স লিখেছেন, 'দ্য মিস্টিক্যাল এক্সপিরিয়েন্স হ্যাজ আনডাউটেডলি
  এ পোয়েটিক ভ্যালু বাট ইট কন্সিস্টস্ ইন লীন্স অব্ ইনসাইট গ্রু হাইটেভ লাইফ,
  ইন আ্যান অ্যান্টিসিফাইং অব্ ভিশন গ্রু দ্য পয়জিং অব্ অল দ্য ডিপ লায়িং পাওয়ারস্
  অব্ ইন্টেলেক্ট, ইমোশনস্ অ্যান্ড উইল, আ্যান্ড ইন এ করেসপন্ডিং সর্চ অব্ কানেকশন
  গ্রু দ্য ডায়নামিক ইন্টিগ্রেশন অব্ পার্সোনালিটি, রাদর দ্যান ইন দ্য 'গিফ্ট' অব্
  ন্যু নলেজ ফ্যাক্টস্ ।' (এনসাইক্লোপেডিয়া অব্ রিলিজন অ্যান্ড এথিক্স)

অনুবাদ: কুমলেশ সেন

## রহস্যবাদ

'কবিতা কী?' শিরোনামের নিবন্ধে আমি বলেছি যে, কবিতা মানুষের হৃদয়কে ব্যক্তিগত সম্পর্কের ছাট্ট গণ্ডীর উর্দ্ধে তুলে সাধারণ মানুষের ভাবজগতে নিয়ে যায়, যেখানে জগতের নানাবিধ রূপ ও কর্মের সঙ্গে তার সম্বন্ধের সৌন্দর্য দৃষ্ট হয়। এই সৌন্দর্য আমাদের মনের বিকারগুলোকে দূর করে— জগতের সঙ্গে আমাদের ভালোবাসার সম্পর্কটি রক্ষিত হয়। জগতের যেমন অনেক রূপ আছে, আমাদের মনেরও তেমনি অনেক ভাব রয়েছে। এই সকল ভাবের অনুশীলন ও স্বচ্ছতা তখনই সম্ভব যখন জগতের বিভিন্ন রূপ এবং ঘটনার সঙ্গে তাদের প্রকৃত সামঞ্জস্য ঘটবে। এই সামঞ্জস্য যতক্ষণ না পুরোপুরি ঘটছে ততক্ষণ কোনো মানুষ সম্পর্কে এটা বলা যাবে না যে সে সম্পূর্ণভাবে বেঁচে থাকছে। তখন তার সজীবতার মাত্রা অসম্পূর্ণ এবং প্রকাশ সংকুচিত বলে ধরা হবে। অতএব কাব্যের কাজ হচ্ছে মানুষের সমস্ত ভাব তথা আবেগের জন্য প্রকৃতির সীমাহীন ক্ষেত্র থেকে আলম্বন বা বিষয়কে তুলে আনা। এইভাবে জগৎ ও জীবনের বৈচিত্রের সঙ্গে তার সম্পর্ক রক্ষিত হয়ে সিদ্ধ হয়।

কাব্যের দৃষ্টি দিয়ে যখন আমরা জগৎকে দেখি তখনই জীবনের স্বরূপ ও সৌন্দর্য প্রত্যক্ষ করা যায়। যেখানে ব্যক্তির ভাবসমূহের অন্য কোনো বিষয় থাকে না— মানুষমাত্রেরই रुपग्न जानञ्चतः नीन रुद्रा याग्न, राज्यातः राक्तिजीवन সाधात्रण मानूराव कीवतनत मर्या হারিয়ে যায়, সেটাই পবিত্র ভালজগৎ। সেখানেই বিশ্বহৃদয়ের আভাস পাওয়া যায়। যেখানে জ্গাতের সঙ্গে মনের সম্পূর্ণ সামঞ্জস্য ঘটে সেখানে প্রবৃত্তি-নিবৃত্তিও সর্বদা মঙ্গলাকাঞ্জমী হয়ে পড়ে। যারা নরক, পরজন্ম কিংবা রাজদণ্ডের ভয়ে পাপ বা অপরাধ করে না, যারা স্বর্গের অথবা পরজ্বন্মের সুখের লোভে শুভ কাজ করে তাদের মনের বিকাশ ঘটেনি এবং সৌন্দর্যানুভূতিরও অভাব রয়েছে বুঝতে হবে। জীবনের সৌন্দর্য বৈচিত্রপূর্ণ। তার মধ্যে কেবল একটিই ভাব নেই। তার একদিকে যেমন প্রেম, হাসি, উৎসাহ, বিস্ময় ইত্যাদি আছে, অন্যদিকে তেমনি আছে ক্রোধ, শোক, ঘূণা, ভয় ইত্যাদি। একদিকে আছে আनिञ्चन, प्रधुतानाभ, तका, সুখगान्ति ইত্যাদি, অন্যদিকে আছে তর্জন-গর্জন, তিরস্কার এবং ধ্বংস। এই দুই পক্ষ ছাড়া কোনো সঞ্জীব সৌন্দর্য প্রকাশিত হতে পারে না। যেখানে এই দুপক্ষের মধ্যে সাধ্য-সাধন সম্পর্ক থাকে, যেখানে সঙ্গতি লক্ষ করা যায়, সেখানেও উগ্রতা ও প্রচণ্ডতার মধ্যেও সৌন্দর্যের দর্শন সৌন্দর্য পরিনিক্ষিত হয়। বলা বাহুলা, এই সৌন্দর্যও এক কল্যাণময় অবস্থা। যাঁরা কবিতা বলতে কেবল শান্ত ও অনড় সৌন্দর্যের অলৌকিক শ্বপ্ন মনে করেন, তাঁরা কবিতাকে জীবনের অঙ্গন থেকে বিতাড়িত করতে চান।

ইউরোপের বর্তমান লোকাদর্শবাদ মানুষের অন্তঃপ্রকৃতির একটা পুরো অংশের লোপ হয়ে যাওয়াকে কাব্যের পরম উৎকর্ষ বলে মনে করে। অর্থাৎ কেবল প্রেম ও প্রাতৃত্বভাবের অন্তর্নিহিত শক্তি দিয়ে কুরতা, ক্রোধ, স্বার্থপরতা, হিংসাবৃত্তি ইত্যাদিকে চিরতরে বিলীন করাই হলো কাব্যের চূড়ান্ত উৎকর্ষ। এবং তার ভেতরেই থাকে সৌন্দর্য ও কল্যাণ। এই আদর্শবাদের বক্তব্য খানিকটা এই রকমের—

'সৌন্দর্যের দ্বারা, প্রেমের দ্বারা, মঙ্গলের দ্বারা পাপকে একেবারে সমূলে নষ্ট করে দেওয়াই হলো আমাদের আধ্যান্থিক প্রকৃতির একমাত্র আকাজ্জা। .... শ্রেষ্ঠ সাহিত্য অস্তরান্থার আস্তরিক পথকে অবলম্বন করতে চায়। এই সাহিত্য স্বভাব নিঃসৃত অশ্রুজন দিয়ে কলন্ধকে মোচন করে, আস্তরিক অস্তর্গত ঘৃণা দিয়ে পাপকে দন্ধ করে এবং স্বাভাবিক আনন্দ দিয়ে পুণাকে স্বাগত জানায়।"

রবীন্দ্রনাথ ঠাকুর— 'প্রাচীন সাহিত্য'

এটা পরম ভক্ত খ্রিষ্টান টলস্টয়ের সাহিত্য সম্পর্কিত উপদেশের বাংলা প্রতিধ্বনি। অল্প কথায় এর অর্থ হচ্ছে যে, পৃথিবীতে যদি কূরতা, হিংসা, অত্যাচার, স্বার্থপরতা ইত্যাদি থাকে তাহলে অত্যাচারীকে বিবেকবান, কূরকে সদয়, পাপীকে পুণ্যান্থা, অনিষ্টকারীকে শুভাকাঞ্জনী করে তোলার অবিচল চেষ্টার মধ্যেই সাহিত্যের মহন্তু। অর্থাৎ শুভ ও সাত্ত্বিক ভাবের অশুভ ও অজ্ঞানতাপূর্ণ ভাবের ওপরে আরোহণ এবং তাদের জয় করাই হলো মহৎ সাহিত্যের লক্ষণ। কুরতার প্রতি ক্রোধ, অত্যাচারীদের বিনাশ, পাপীদের জগৎ থেকে অপসারণ এগুলো হলো মধ্যস্তারের কাব্যের লক্ষণ। বর্ণ-ব্যবন্থা থেকে শব্দ গ্রহণ করা হলো ব্রাহ্মণ-কাব্য, অন্যটি হলো ক্ষত্রিয় কাব্য।

এই আদর্শবাদীদের বক্তব্য হচ্ছে যে, আদর্শকে সর্বদা সাধারণের জীবন-ভূমি থেকে উঁচুতে রাখতে হবে। ঠিকই। যত আদর্শ আছে সবই সাধারণের ভূমি থেকে ওপরে উঠে থাকে। তবে এই আদর্শের ভেতরেই সৌন্দর্য আর মঙ্গলের প্রকাশ ঘটে, কাব্যের মহত্ত শুধু সেখানেই পাওয়া যায়--- এটা বললে মঙ্গল-সৌন্দর্য তথা কাব্যের মহত্ত্বের ক্ষেত্রটিকে অত্যম্ভ সংকুচিত করা হয়। কোনো ক্রুর-অত্যাচারী মানুষ যদি কোনো দরিদ্রকে নিরম্ভর পীড়িত করতে থাকে তাহলে সেই দরিদ্র মানুষটি ভালোবাসা দেখিয়ে যাবে এবং সেই অত্যাচারীর উপকার করে যাবে যতদিন না সেই অত্যাচারীর স্বভাব কোমল হয়, সে অনুতপ্ত হয় এবং সংশোধিত হয়। এটা একটা মহৎ উচ্চ আদর্শ তাতে কোনো সন্দেহ নেই। তবে এই আদর্শে দুটি মাত্র পক্ষ রয়েছে— অত্যাচারী এবং অত্যাচারীত। এই কুরতা ও পীড়ন যে দেখছে সেই তৃতীয় ব্যক্তির মনোবৃত্তির মঙ্গলময় সৌন্দর্য কোথায় তার কোনো খোঁজ নেই। বিচার্য বিষয় হলো যে, অন্যের নিরন্তর ক্রমবর্ধমান পীড়া দেখতে দেখতে অত্যাচারীদের শুক্রষা এবং তাদের সঙ্গে প্রেমের ব্যবহার করে যাওয়ার মধ্যেই কি বেশি সৌন্দর্যের প্রকাশ রয়েছে, নাকি করুণায় আর্দ্র ও পরে ক্রোধে প্রজ্ঞানিত হয়ে **भी**फ़िত **७** অত্যাচারী भीफ़नकाরीর মধ্যে উৎসাহের সঙ্গে দাঁড়িয়ে সেই পীড়া-অত্যাচার সহ্য করা এবং প্রাণ দেওয়ার জন্য তৎপর হওয়ার মধ্যেই বেশি সৌন্দর্যের প্রকাশ? আমরা তো করুণা এবং ক্রোধের এই সামঞ্জস্যের মধ্যেই মানুষের কর্মসৌন্দর্যের পূর্ণ

প্রকাশ তথা কাব্যের চরম সফলতা মনে করি।

মানুষের অন্তঃপ্রবৃত্তির একটা পক্ষের অভাবকে চরম লক্ষ্য ধরে তাকে স্থপ্পময় আদর্শে লীন করার মধ্যে কাব্যের শ্রেষ্ঠান্ত এটা আমি মনে করি না। স্থপ্প অবশাই সুন্দর, তবে স্বপ্পের চেয়ে জাগরণ কম সুন্দর নয়। স্থপ্প এবং জাগরণ কাব্যের দুটোই পক্ষ। এই দুটো পক্ষের সামঞ্জস্যই হলো কাব্যের চরম উৎকর্ষ। কাব্যের বাইরে থেকে 'বাদ' আরোপ করাটা আমরা যথার্থ মনে করি না। 'বাদ' শব্দটিকে বাদ দিয়ে যদি কোনো পক্ষকে চেনা সন্তব না হয় তাহলে আমাকে বলতে হবে যে আমার পক্ষ হলো 'অভিব্যক্তিবাদ' আর 'সমন্বয়বাদ'।

আদর্শ ব্যক্তি কোনো সাধনায় সিদ্ধিলাভ করতে পারেন। কিন্তু আদর্শ জগৎ সবসময় সাধনার যোগা। তা কখনো সিদ্ধ হয় হয় না। যেদিন এই সজাগ জগৎ সিদ্ধ হয়ে যাবে সেদিন এই জগৎ আর কর্মজগৎ থাকবে না। তখন এর থাকারও কোনো প্রয়োজন আছে কি না তা বলতে পারি না। প্রয়াস চালিয়ে যাওয়াই হলো জীবনের শোভা, জীবনের সৌন্দর্য— কেবল নিজের উদরপূর্তি করা বা আনন্দে তৃপ্ত হওয়ার প্রচেষ্টা নয়, জগতের প্রতি জগতে এসে লোক জীবনে এসে পড়া প্রতিবন্ধকতা, ক্লেশ, বৈষম্য ইত্যাদির সঙ্গে লড়াইয়ের প্রচেষ্টা। ইংরেজ কবি ব্রাউনিং জীবনের এই প্রয়াস-সৌন্দর্যকে এই দৃষ্টিভঙ্গিতে দেখেছেন—

'মানুষের জীবন যদি কেবলমাত্র আনন্দে তৃপ্ত হওয়ার জন্যই, কেবল খোঁজা, পাওয়া আর আনন্দ লাভের জন্যই হয়ে থাকে, তাহলে জীবনের এতো গর্ব— তার মহন্ত্বের এতো চর্চা সব ব্যর্থ। এই আনন্দ সম্পূর্ণ হলেই বুঝতে হবে যে মানুষের দিনও শেষ। ভরপেট পশুপক্ষীকেও কি সংশয় বা চিস্তায় পরিশ্রান্ত করে তোলে?

তথাপি প্রত্যেকটি বাধাকে আনন্দের সঙ্গে আসতে দাও। যে বাধা পৃথিবীর সমান ও সুগমকে বিষম করে তোলে, তথা দুর্গম করে তোলে। প্রতিটি কষ্টকে আনন্দের সঙ্গে আসতে দাও। যে কষ্ট বসতে দেয় না, দাঁড়াতে দেয় না— অবিরাম চলতেই থাকে। আমাদের আনন্দের যদি বারো আনাই কষ্ট হয়ে থাকে তো তাতে কি? সর্বদা প্রয়াস চালিয়ে যাও আর যখনই যে কোন পরিশ্রম এসে পড়বে তাকে আশীর্বাদ বলে মনে করো। শেখা, কষ্টের জন্য চিন্তা করো না, সাহস করো, কষ্ট থেকে বিমুখ হবে না। শেখা, কষ্টের কথা চিন্তা কোরো না, সাহসী হও, ক্লেশ দেখে মুখ ফিরিয়ে নিও না।'

জগতের বাধা-বিদ্ধ, অত্যাচার, হাহাকারের মধ্যেই জীবনের প্রয়াস-সৌন্দর্যের পূর্ণ অভিব্যক্তি তথা ঈশ্বরের মঙ্গপময় শক্তির দর্শন হয়ে থাকে। সূতরাং যে চোষ বন্ধ করে জগৎ এবং জীবনের বাইরে কাব্য অনুসন্ধান করে, যে কাব্য ভেবে বা কাব্যের অছিলায় অন্য কিছুর সন্ধান করে যায়, যারা এভাবে জ্ঞাত বা অজ্ঞাত কোনো প্রেম, অভিলাম, লালসা বা বিয়োগে বিচ্ছেদের জন্য সরব অথবা নীরব ক্রন্দন কিংবা বীণার তারের ঝংকারের মধ্যেই কাব্য সীমিত বলে মনে করেন, তাঁদের উচিত জগতের বৈচিত্রা এবং হৃদয়ের ভাবুকতার সাহায্যে এই কৃপমপুকতা থেকে বেরিয়ে আসা। বেরিয়ে এলে তাঁরা দেখতে পাবেন যে কাব্যভূমি কতটা বিস্তৃত। জীবন এবং জগতের বিস্তার যতখানি কাব্যের বিস্তারও

ততোখানি। কাবাদৃষ্টিতে এই দৃশ্য জগত হচ্ছে ব্রহ্মার নিতা এবং অনম্ভ কল্পনা, যার সঙ্গে যুক্ত হয়ে রয়েছে নিতা হৃদয়ও।

এই অস্তহীন রূপময় কল্পনা হচ্ছে ব্যক্ত এবং গোচর। আমাদের,চোখের সামনে তা ছড়ানো রয়েছে। সামগ্রিকরূপে তা শাশ্বত এবং অনস্ত। এই রূপভঙ্গির প্রতি নিজের মনের বিভিন্ন ভাবকে নিজস্ব প্রভাব থেকে মুক্ত করে এই রূপভঙ্গির সঙ্গে জড়িত করাই হলো ব্রহ্মার ব্যক্ত সত্তার সঙ্গে নিজের সত্তাকে লীন করে দেওয়া। এই পূণ্য ভাবভূমিতে মানুষ যতদিন থাকবে ততোদিন সে অনস্ত কাব্যে ভাবুক শ্রোতা বা দ্রষ্টারূপে থাকবে। অনেকের ধারণা যে, কাব্যানুভূতি হলো অন্যরক্মের কোনো অনুভূতি। ইন্দ্রিয়গোচর বা প্রকৃত অনুভূতির সঙ্গে তার কোনো সম্পর্কই নেই, হয় এটা কোনো ভাবনাই নয়, অথবা ভূল ভাবনা। কাব্যানুভূতি (Aesthetic mode of state) হচ্ছে একাস্ত এক অনুভূতি— এই মতের কারণে ইউরোপীয় সমালোচনার ক্ষেত্রে নানা ধরনের অর্থহীন বাগবিস্তার দীর্ঘদিন ধরে চলে আসছে। এই মতের অসারতা রিচার্ডস তাঁর 'সাহিত্য সমালোচনার মৌলিক নীতি' (Principles of Literary Criticism) গ্রন্থে ভালোভাবে দেখিয়েছেন।

নিজেকে ভুলে, নিজের শরীরী জীবনের মার্গকে ছেড়ে কোনো মানুষ যখন কোনো ব্যক্তি বা বস্তুর সৌন্দর্যের প্রেমে মুদ্ধ হয়ে পড়ে, এমন কোনো দুঃখে করুণায় ব্যাকুল হয়ে পড়ে যার সঙ্গে নিজের কোনো সম্পর্ক নেই, অনাের ওপরে যে ঘাের অভাাচার করছে তার ওপরে কুদ্ধ হয়ে ওঠে, এমন বস্তুর প্রতি গৃণা বােধ করে যা সকলকে পীড়া দেয়, এমন ঘটনায় ভয় পায় যার দ্বারা অনাের কস্তু বা হানির সম্ভাবনা রয়েছে, এমন কঠিন আর ভয়দ্ধর কাজের প্রতি পুরােপুরি উৎসাহ থাকে যা সকলের কাজিক্ষত, এবং এমন সব বাাপারে হাসে বা আশ্চর্য হয় যা দেখেগুনে সকলের হাসি পায় বা বিশ্বয় প্রকাশ পায়, তাহলে বুঝতে হবে সেই মানুষের হদয় হলাে সাধারণ মানুষের ভাবভূমির অন্তর্গত এবং তার অনুভূতিও কাব্যানুভূতির অন্তর্গত। তাই শব্দ, রঙ বা পাথর থেকে যে অনুভূতি জেগে ওঠে শুধু সেটাই কাব্যানুভূতি— এই ধারণা ঠিক নয়।

যে অনুভৃতির প্রেরণায় একজন কবি লিখতে বসেন সেটিও কাব্যানুভৃতিই। সংকাব্য ও অসং কাব্যের মধ্যে, কাব্য ও কাব্যাভাসের মধ্যে অস্তর্নিইত তথা মর্ম বিষয়ক পার্থকা হচ্ছে যে, প্রকৃত কাব্য জনমানসের ভূমিতে পৌঁছে অনুভৃতির অনুভৃতিকে বর্ণিত করে। কাব্যাভাস এই প্রকৃত অনুভৃতিগুলোকে কেবল নকল করে যায়। কে জানে কত তোষামোদকারী কবি তাদের আপ্রয়দাতা রাজাদের তোষামোদ করতে গিয়ে যত খুশি তাদের মেধায় বীর আর রুদ্র রস কানায় কানায় পরিপূর্ণ করে মস্ত মস্ত গ্রন্থ রচনা করে গেছে। তবে মানুষ তা গ্রহণ করেনি। হয় সেগুলো নম্ভ হয়ে গেছে, নয়তো সেই রাজাদের বংশধরদের বাড়িতে কাপড় জড়ানো অবস্থায় পড়ে রয়েছে। ওইসব গ্রন্থ প্রকৃত কাব্যানুভৃতির প্রেরণা থেকে লেখা হয়নি। তাদের নায়কদের বীর ও রুদ্র মৃর্তি রামকৃষ্ণ- শিবের বীর ও রুদ্রমূর্তি কি করে হতে পারে? তাদের উদ্যম আর ক্রোধ কি করে মানুষ নিজের উদ্যম আর ক্রোধ বলে মনে করে?

অভিস্কৃতি একমাত্র এবং সর্বশক্তিমান হতে পারে না। বিশুদ্ধ ব্রহ্মা তাঁর ব্যক্ত সন্তার

মধ্যে তাঁর 'সং' এবং 'আনন্দ'-এর স্থরূপ প্রকাশের জন্য অসং এবং ক্লেশের স্থান নিজের মঙ্গলময় রূপের জন্য অমঙ্গলের ছায়া ফেলেন। মঙ্গলের পক্ষে সৌন্দর্য, হাস্য-বিলাস, প্রফুল্লতা, রস, আনন্দনান ইত্যাদি রয়েছে। অমঙ্গলের পক্ষে রয়েছে বিরূপতা, বিলাপ, ক্লেশ আর ধ্বংস ইত্যাদি। এই দুটি পক্ষের ছেশ্বের ভেতর থেকেই মঙ্গলের কলা ফুটে উঠেছে দেখানো হয়। অত্যাচার, সম্ভাস, পীড়ন এবং ধ্বংসকে সহ্য করা হচ্ছে জগতের সাধনা বা তপস্যা। এই তপস্যা করা হয় ভগবানের মঙ্গল-কলার দর্শনের জন্য। জীবন হলো কর্ম প্রচেষ্টার রূপ। সূত্রাং মঙ্গল হলো সাধনযোগ্যা, তা সিদ্ধ নয়। যে কবিতা মঙ্গলকে সিদ্ধরূপে দেখার জন্য কোনো অজ্ঞাতলোকের প্রতি অঙ্গুলি নির্দেশ করে, তা আসলে আলস্য, অকর্মণ্যতা আর নৈরাশ্যের বাণী। তা জগৎ ও জীবনের সংঘর্ষ থেকে কল্পনাকে হটিয়ে কেবল মনকল্পনার আয়োজন করে। আবার এমন ভীক কল্পনাও সত্যিকারের কাব্যের কাজে লাগে না, যে-কল্পনা জগৎ ও জীবন থেকে সৌন্দর্য এবং মঙ্গলের কিছু উপাদান নিয়ে পালিয়ে যায় আর আলাদা একটি কোণে জড়ো করে আনন্দে লম্ফবশ্পে করে।

ব্রহ্মার প্রকাশিত সতা সতত ক্রিয়াশীল। অভিব্যক্তির জায়গাতে স্থির সৌন্দর্য এবং স্থির মঙ্গল কোথাও নেই। গতিশীল সৌন্দর্য এবং গতিশীল মঙ্গলই রয়েছে। তবে সৌন্দর্যের গতিও নিতা, অনস্ত এবং মঙ্গলেরও। গতির এই নিতাতা জগতের নিতাতা বাস্তবে সেতো সৌন্দর্য এবং মঙ্গল হলো দৃটি পর্যায়। কলার দৃষ্টিতে যা সৌন্দর্য, সেটাই ধর্মীয় দৃষ্টিতে হলো মঙ্গল। যে সাধারণ কাব্যভূমি থেকে উঠে আসা ভাব যুগপৎ সুন্দর এবং মঙ্গলময় হয়ে ওঠে তার ব্যাখ্যা আগে দেওয়া হয়েছে। কবি মঙ্গলের কথা না বলে সৌন্দর্যেরই কথা বলেন এবং ধর্মীয় সৌন্দর্যের চর্চা ছেড়ে মঙ্গলেরই আলোচনা করেন। টলস্টয় এই প্রবৃত্তি-ভেদকে কাব্য বুঝতে না পেরে কাব্যক্ষেত্রে সর্বসাধারণের মঙ্গলই একান্ত উদ্দেশ্য হলো এটাই মেনে চলেছিলেন। তার ফলে আলোচনাগুলো গীর্জার উপদেশের মতো হয়ে গেছে। মানুষে মানুষে প্রেম এবং ভ্রাতৃত্ববোধের প্রতিষ্ঠাই কাব্যের সরাসরি লক্ষ্য ধরে নেওয়ায় তাঁর দৃষ্টি অনেকাংশে সংকৃচিত হয়ে পড়েছে। এবং এটা তাঁর উল্লেখযোগ্য তালিকার প্রেষ্ঠ গ্রন্থগুলো থেকে বোঝা যায়। যদি টলস্টয়ের ধর্মভাবনাতে ধর্ম বাদ দিয়ে লোকধর্মের সমাবেশ ঘটতো তাহলে তাঁর উক্তিতে হয়তো এতোটা অসঙ্গতি থাকতো না।

এখন এখানেও এই কথাটা আবার স্পষ্ট করে দেওয়া দরকার যে, কবিতার সম্পর্ক হলো ব্রহ্মার ব্যক্ত সত্তার সঙ্গে। চারিদিকে ছড়িয়ে থাকা দৃশ্য জগতের সঙ্গে। অব্যক্ত সত্তার সঙ্গে না। জগৎও হলো অভিব্যক্তি, আর কাব্য অভিব্যক্তিরও অভিব্যক্তি। দেশ ও কালের মধ্যে মানুষের জ্ঞান অভিব্যক্তি পরিমিত। সে নিজের ভাবের জন্য একবারে খুব কম উপাদান হাজির করতে পারে। কোনো ভাবের অনুকৃল এই উপাদান সদা-সর্বত্র পাওয়া যায় না। আরেকটা ব্যাপার হলো যে, সকলের কল্পনাতো এতোটা তৎপর নয় যে জগতের অনাবৃত ভক্ম থেকে যখন খুশি সৌন্দর্য ও ঘটনার হৃদয়গাহী একত্রকরণ সে মনের মধ্যে করতে পারবে, বা সহসা জাগিয়ে দেবে ভাবকে। এইজনাই সৃদ্ধ দৃষ্টি, তীর অনুভূতি

এবং প্রশ্বর কল্পনাশক্তি রয়েছে এমন কিছু মানুষই কবিতা লেখার কাজটি করে থাকেন।
প্রত্যেক দেশে এই জগৎরূপ অভিব্যক্তিকে নিয়ে আবির্ভাব ঘটেছে কাব্যের। এই
অভিব্যক্তির সম্মুখে মানুষ কোথাও প্রেমাকাঞ্চমী হয়েছে, প্রেমে প্রশুক্ক হয়েছে, কোথাও
দুঃবী হয়েছে, কোথাও ক্রুদ্ধ হয়েছে, কোথাও বিস্মিত হয়েছে আবার কোথাও ভক্তিশ্রদ্ধায়
সে মাথা নত করেছে। যখন প্রত্যেকটি মানুষ পরস্পরকে এটা করতে দেখে তখনই
সাধারণ আলম্বনের যাচাই হয়ে যায় এবং তার মাধ্যমে একসঙ্গে অনেক মানুষের মধ্যে
এক ধরনের অনুভৃতি জাগানোর শিল্পের আবির্ভাব ঘটে। যেখানে দশজন মানুষ একব্রিত
হন, যেমন যজ্ঞক্ষেত্র, উৎসব, যুদ্ধাত্রা, শোকার্ত সমাজ ইত্যাদি জায়গায় এর প্রায়শ
প্রয়োজন পড়ে। ধীরে ধীরে এই অনুভৃতি-সংযোগের সাধনা থেকে অন্তর্গৃষ্টি সম্পন্ন কিছু
মহাপুরুষ এই বিশাল জগৎপ্রতিমার ভেতরে 'পরম হৃদয়'-এর ঝলকানি দেখতে পান।
তার ফলে কবিতা আরো উচ্চভৃমিতে স্থান পায়। সেই পরম হৃদয় চরাচরের সঙ্গে
মনুষ্য-হৃদয়ের সম্পর্ক রচনা করতে, সর্বভৃতের সঙ্গে মানুষের সামঞ্জস্যের বোধ জাগাতে
উঠে আসে।

বান্দ্রীকি মুনি গাছপালায় সবুজ হয়ে থাকা তমসার তীরে ঘুরে বেড়াচ্ছিলেন। নানান গাছ আর লতা আনন্দে দোল খাচ্ছিল। হরিণ স্বচ্ছদে বিচরণ করছিল। পাবিরা খুলিতে কলরব করছিল। প্রকৃতির সেই মহোৎসবে মুনির হৃদয়ও আনন্দে উদ্বেলিত ছিল। তাতে মোহিত ছিলেন তিনি। এর মধ্যে দেখতে দেখতে ক্রৌঞ্চ মিথুনের পুরুষ পাবিটি রক্তাক্ত হয়ে মুনির সামনে পড়ে এবং ছটপট করতে থাকে। ক্রী ক্রৌঞ্চ শোকে বিহুল হয়ে তাকিয়েই থাকে। সুখশান্তি ভঙ্গ হয়ে যায়। মুনি সহসা করুণায় বাাকুল হয়ে পড়েন, পরে ক্রোধে উদ্বিম হয়ে ওঠেন। তাঁর মুখ থেকে বেরিয়ে আসে—

'মা নিষাদ প্রতিষ্ঠান্তমগমঃ শাশ্বতীঃ। যৎক্রিঞ্চমিপুনাদেকমবধীঃ কাম-মোহিতম্॥'

ক্রোধের এই বাণীতে লোকরক্ষা তথা লোকরঞ্জনের সাধনা-বিধি আর কাব্যের ভাবময় স্বরূপের অনেক ঘোষণা ছিল। মুনি তমসার তীরের সেই ঘটনায় সম্পূর্ণ জাগতিক ঘটনার নিতা রূপ প্রতাক্ষ করেছিলেন। এতে তিনি হতাশ হননি। ধ্যান করে তার ভেতরেই তিনি মঙ্গলময় জ্যোতির দর্শন পান, যাতে শক্তি, সদাচার এবং সৌন্দর্য এই তিন বিভৃতির দিবা সমন্বয় ছিল। এই সমন্বয় নিয়েই তাঁর মুখ থেকে বেরিয়ে আসে উপরোক্ত পঙক্তিত্বয়। এই সমন্বয় জটিল। সেটা এই রকম যে, একটি কোনো একটিকে বিচ্ছিন্ন করে নিলেও তার সঙ্গে বাকি দুটি বিভৃতিও এদিক-সেদিক যুক্ত হয়ে থাকবে। যেমন কোনো একদিকের শক্তি ধ্বংস বা বিনাশ যদি সংঘটিত হতে থাকে, তাহলে দেখা যাবে অন্য সব দিক থেকে সেই প্রবৃত্ত শক্তি হিত সাধন এবং সৌন্দর্যের বিকাশ ঘটাচ্ছে। ক্ষমা বা অনুগ্রহে প্রত্ত সদাচারের কথা ধরলে দেখা যাবে সেই ক্ষমা এবং অনুগ্রহের সৌন্দর্য বর্ধিত হচ্ছে। যদি সৌন্দর্যকে ধরা যায় তাহলে দেখা যাবে সে কেবল ব্যাধিরূপে প্রেমকে প্রকাশই করছে না, সেই সঙ্গে শক্তি ও সদাচারের সহযোগে ভক্তি আশা এবং উৎসাহের সঞ্চার করছে।

না আমাদের অন্তঃপ্রকৃতিতে একই ধরনের ভাব এবং প্রবৃত্তির প্রবণতা রয়েছে আর না বাইরের প্রকৃতির মধ্যে একই সৌন্দর্য এবং ঘটনা দেখা যায়। ভেতরের এবং বাইরের দূটি ব্যবস্থার মধ্যে প্রচণ্ড জটিলতা রয়েছে। পরস্পর সম্পর্কযুক্ত এই বিবিধ প্রবণতার সামঞ্জস্য হলো কাব্যে পরম উৎকর্ষ এবং তার মূল্যও সর্বাধিক। এই সামঞ্জস্য কাব্য ও জীবনে জীবন দুটোরই সাফল্যের মূল মন্ত্র। কাব্যের যে স্বরূপ মহর্ষি বাদ্মীকি অতান্ত প্রচিন কালে তমসার তীরে প্রতিষ্ঠিত করেছিলেন, আজ ব্রিস্টিয় বিশ শতকে এসে ইংলভের অতান্ত স্বচ্ছ দৃষ্টিসম্পন্ন সমালোচক রিচার্ডস সমালোচনা সাহিত্যের অনেক— জগতের অনেক বহু অর্থহীন শব্দজাল আর আবর্জনা অতিক্রম করে সেই স্বরূপের কাছে পৌছেছেন।

এখন দেখতে হবে যে, কোনো অদৃশ্য অজ্ঞাতের প্রতি প্রেমে স্বর্গের অশ্রুণাঙ্গায় সাঁতার কাটা, হৃদয়ের তারে তারে সেতার বাজানো, তথা প্রিয়তম সীমাহীনতার সঙ্গেন মা প্রলয় নাচন নাচাটা কবিতা, নাকি মুদ্রিত নয়নে পলকে পলকে কোনো রহস্যের সুখময় ছবি দেখাটাই কবিতা? চারিদিক থেকে জমি হারিয়ে অধিকারচ্যুত হয়ে ছোট ছোট কাগজের ঘূড়িতে কবিতা আর কতদিন টিকে থাকতে পারে? অসীম এবং অনস্তের ভাবনার জন্য অজ্ঞাত বা অব্যক্তর প্রতি মিথো ইশারা করার কোনো প্রয়াজন নেই। ব্যক্তর মধ্যেও সেই অসীম আর অনস্ত রয়েছে। ব্যক্ত এবং অব্যক্তর মধ্যে কোনো পারমার্থিক প্রভেদ নেই। এই দুটোই সাপেক্ষ এবং ব্যবহারিক শব্দ। এবং সেই সঙ্গে মানুষের জ্ঞানের পারিমিতির সূচক। শুধু অজ্ঞাতকে জানার জন্য যে 'জিজ্ঞাসা' তারই কিছু অর্থ থাকে, তার লালসা বা প্রেমের নয়। বন্ত জগতের রূপ-কল্পনা নিয়ে যে প্রেম অর্থবহ হয়ে উঠবে, তা ভাবের দৃষ্টিতে ভৌতিক জগতের সেই রূপ-কল্পনাব প্রতি হবে। স্থানে স্থান্স্রামাবাচক শব্দ রেখে তাকে অন্যকিছু বলে ইঙ্গিত করাটা হয় প্রিয় অসত্য অথবা সাম্প্রদায়িক সংস্কার বলেই গণ্য হবে।

আমি মনে করি, এই টুকুতেই এই ধরনের কবিতার সাম্প্রদায়িক চেহারা হয়তো স্পষ্ট হয়ে গেছে। সুতরাং রহস্যবাদের কবিতার সম্পর্কে হিন্দিভাষীদের মধ্যে এই ধরনের বিভ্রান্তি ছড়ানো যে, সমগ্র ইউরোপে এই রকম কবিতাই লেখা হচ্ছে, এটাই বর্তমান যুগের কবিতার স্বরূপ— এটা সাহিত্য সংক্রান্ত ঘোরতর অপরাধ। রহস্যবাদের কবিতা একটি ছোট্ট গোষ্ঠীর ভেতরকার জিনিস। ইংলন্ড, আয়ারল্যান্ডের কথাই ধরা যাক। মেরি স্টার্জন তাঁর 'স্টাঙিজ অফ কনটেমপোরারি পোয়েটস' গ্রন্থে সাম্প্রতিক ইংরেজি কবিদের যে পরিচয় প্রকাশ করেছেন, তাতে সরোজনী নাইডুসহ কুড়ি বাইশজন কবিকে তাঁদের সম্বন্ধে বিস্তারিত আলোচনা সমেত গ্রহণ করা হয়েছে। গ্রন্থের মধ্যে রহস্যবাদী মাত্র দুই কি তিনজন আছেন।

পাশ্চাতা সাহিত্যজগতে রহস্যবাদকে কী ধরনের একটি সাম্প্রদায়িক দলীয় জিনিস বলে মনে করা হয় এবং তার প্রতি অধিকাংশ সাহিত্যিক তথা শিক্ষিত পাঠকের কী রকম ধারণা, তা মেরি স্টার্জনের উপরোক্ত গ্রন্থটি খেকে পাওয়া যায়। তাতে মিস মেকলের কবিতার পরিচয়ের শুরুতে সেগুলোকে রহস্যবাদের কবিতা বলে এটাও বলার দরকার বলতে হয়েছে যে, 'তবে এতে (রহস্যবাদের কবিতা হওয়ায়) কারো এমন ধারণা যেন না হয় যে, এবার নিম্নমানের কবিতার ভণ্ডামীকে উপস্থাপিত করা হবে।' রহস্যবাদের কবিতার মধ্যে দুটো বিরক্তিকর জিনিস থাকে— ভাবের সত্যতার অভাব (ইনসিনসিয়রিটি) এবং বাঞ্জনার কৃত্রিমতা (আটিফিসিয়েলিটি)। তাতে যে-সব ভাব ব্যঞ্জিত হয়েছে তাকে কেউ হৃদয়ের প্রকৃত ভাব বলে স্বীকার করবে না। সেজনা সেইসব কবিতায় ব্যঞ্জনার লাফঝাঁপও একধরনের স্কুল অনুকরণ বলে মনে হয়। ভাবের মিথ্যে অনুকরণ বুব সহজেই ধরা পড়ে যায়। প্রত্যেক পাঠক সহৃদয় যথার্থ কবিতা পড়ার সময় কবি বা কবিতার সঙ্গে অনুভব করেন। যেখানে অধিকাংশ পাঠক এই ধরনের সম্পর্কের অভাব টের পান তখনি সেখানে দেখা গেছে যে কবি কৃত্রিমতার আশ্রয় নিয়েছেন। তবে সেই সঙ্গে এই ব্যাপারটাও আছে যে, যে কোনো ধরনেরই হোক না কেন কিছু লেখা ফাাশানের মতো চালিয়ে দেওয়া হয়। সেই লেখা পড়ে কিছু পাঠক কোনো অনুভৃতি ছাড়াই এমনি এমনি বোঝার ভান করে বাহবা কবে প্রকাশ করে থাকেন। এই ধরনের পাঠক চিরদিনই আছে এবং থাকবেও। এইরকমের লোকেদের জন্যই উর্দুর এক প্রাচীন কবি, সম্ভবত সাসি নাসিখ, কিছু আবোল-তাবোল শের (দু-লাইনের উর্দু কবিতা) লিখে রেখেছিলেন। যে তাঁব কাছে শের শোনার ইচ্ছে নিয়ে যেত, তিনি প্রথমেই সেই শেরগুলোই শোনাতেন। যদি শ্রোতা 'বাহ্, বাহ্' করতেন তাহলে তিনি ধরে ফেলতেন যে এ মূর্খ এবং তিনি উঠে চলে যেতেন।

5828

অনুবাদ : সৈকত রক্ষিত

## কবিতা কী?

মানুষ নিজের ভাব, বিচার, ব্যাপারগুলি অন্যের ভাব, বিচার এবং ব্যাপারের সাথে লেনদেন করতে করতে কর্ধনো মিলন ঘটিয়ে কর্ধনো সংঘাত করে যেভাবে চলতে চলতে শেষ পর্যন্ত পৌঁছায় তাকেই বাঁচা বলে। যে অনন্তরূপাত্মক ক্ষেত্রে এই ঘটনা ঘটে চলে তাকেই জ্বনং বলে। যতক্ষণ কেউ নিজের পৃথক অস্তিত্বকে আলাদা করে রাখে এবং রূপাত্মক জগতের যোগ-সাধনা, লাভক্ষতি, সুর্ব-দুঃবের সাথে সম্বন্ধ যুক্ত করে না ততক্ষণ তার হৃদয় একপ্রকার বন্ধ অবস্থায় থাকে। এই অনন্তরূপ ও ঘটনার সামনে যদি কর্বনও সে তার পৃথক অস্তিত্ব থেকে মুক্ত হয়ে, নিজেকে সম্পূর্ণরূপে ভুলে গিয়ে বিশুদ্ধ অনুভূতিকে লাভ করে তর্বন সে মুক্ত হয়য় হয়ে যায়। যেমন আত্মার মুক্তাবস্থাকে জ্ঞানদশা বলে, তেমনই হদয়ের মুক্তাবস্থাকে রসদশা বলে। হাদয়ের এই মুক্তির জন্য, মানুষের বাণী যে শব্দ রচনা করে আসছে তাকেই কবিতা বলে। এই সাধনাকে আমরা ভাবসাধনা বলি এবং যাকে কর্মসাধনা ও জ্ঞানসাধনার সমকক্ষ বলে মনে করি।

কবিতাই মানুষকে সংকীর্ণ স্বার্থের উদ্ধে নিয়ে গিয়ে তাকে জনসাধারণের ভাবজগতের কাছে নিয়ে যায়, যেখানে জগতের নানা ভাবগতির অন্তর স্বরূপের সাক্ষাৎ পাওয়া যায় এবং হৃদয়ে শুদ্ধানুভূতির সঞ্চার ঘটে। এই ভূমিতে উপস্থিত হওয়া-মানুষের কিছুকালের জন্য অস্তিত্ববোধ থাকে না। সে আপন সভাকে লোকসভার মধ্যে লীন করে ফেলে। তখন তার অনুভৃতি সবার অনুভৃতি হয়ে যায় বা হতে পারে। এই অনুভৃতির মাধ্যমে আমাদের মনের বিকারগুলি পরিষ্কৃত হয় এবং অবশিষ্ট সৃষ্টির সাথে আমাদের সৃজনাত্মক সম্বন্ধ রক্ষিত হয়। যেরকম জগতের অনেক রূপ তেমনি আমাদের হৃদয়েরও অনেক तकम ভाব আছে। **এই অনেক ভাবের অনুশীলন এবং প**রিমার্জন তখনই বোঝা যায় যখন জগতের ভিন্ন ভিন্ন রূপ, তথ্য ও বিষয়ের সাথে এ সবের প্রকৃত সামঞ্জস্য হয়ে যায়। এই ভাবনার সূত্রেই চিরকাল ধরে মানবজাতি বিশ্বের সাথে তার একাত্মতা অনুভব করে আসছে। যে রূপ ও বিষয়ের সাথে মানুষ আদিমকাল থেকে পরিচিত, যে রূপ ও ব্যাপারকে সামনে পেয়ে মানুষ নরজীবনের শুরু থেকে লুব্ধ ও ক্ষুব্ধ হয়ে আসছে, সেই রূপ ও ব্যাপারের সাথে আমাদের ভাবের মূল এবং সরাসরি সম্পর্ক আছে। অতএব কাব্যের প্রয়োজনে আমরা তাকে মূলরূপ এবং মূলব্যাপার বলতে পারি। এই বিশাল বিশ্বের প্রত্যক্ষ থেকে প্রত্যক্ষতর, গভীর থেকে গভীরতর তথ্যকে ভাবের বিষয় বানানোর জন্য এই মূলরূপ এবং মূলব্যাপারে পরিণত করতে হয়। যতক্ষণ না তাকে মূল অন্তর রূপে আনা যায় ততক্ষণ তার উপর কাব্যদৃষ্টি পড়ে না।

वन-পर्वछ, निन-नाना, निर्यंत, निनेछि, निना, वृक्षनछा, त्यापयाछ, गाया-श्रगाया,

পশু-পাখি, আকাশ, মেঘ, নক্ষত্র, সমুদ্র এ-সবই প্রকৃতির চিরসহচর রূপ। খেত, হাল, কুটীর, চতুম্পদ প্রাণী ইত্যাদিও কিছু কম পুরানো নয়। এই রকম জল বয়ে যাওয়া, মেঘ ঘিরে আসা, বিদ্যুৎ চমকানো, মেঘের বারিষণ, কুয়াশা ব্যাপ্ত হওয়া, ভয়ে পালানো, লোভে লালায়িত হওয়া, চুরি করা, ঝগড়া করা, নদী বা পাঁকের থেকে হাত ধরে উঠে আসা, হাত দিয়ে খাওয়ানো, আগুনে ঝাঁপ দেওয়া, গলা কাটা ইত্যাদি বিষয়গুলিও মনুষ্যজ্ঞাতির ভাবের সাথে অত্যন্ত প্রাচীন সাহচর্য। এই ধরনের আদি রূপ ও ব্যাপারের মধ্যে বংশানুগত বাসনার দীর্ঘ পরম্পরাগত প্রভাবে ভাবোন্মেষের গভীর শক্তি সঞ্চিত হয়েছে। সুতরাং এর দ্বারা যেমন রসাত্মন্থ করা সন্তব তেমনটি কলকারখানা, গুদাম, স্টেশন, রেল ইঞ্জিন, উড়োজ্ঞাহাজ প্রভৃতি বস্তু এমন কি অনাথালয়ের জন্য চেক কাটা, সর্বস্থ হরণ করার জাল দলিল তৈরি, মোটরের চাকা ঘোরানো বা ইঞ্জিনে কয়লা নিক্ষেপের মতো ব্যাপারগুলোর দ্বারা সম্ভব নয়।

# সভ্যতার আবরণ এবং কবিতা

সভাতার বিকাশের সাথে সাথে মানুষের কাজকর্ম যেমন যেমন জটিল হচ্ছিল তেমনি তার মূলরূপও কিছুটা আচ্ছন্ন হতে চলেছিল। ভাবের আদিম এবং সরল লক্ষ্য ছাড়াও আরও কিছু কিছু লক্ষ্যের প্রতিষ্ঠা হতে লাগল, মূল বাসনাজনিত ব্যাপারগুলি ছাড়াও বৃদ্ধি-দ্বারা সৃষ্ট বিষয়ের বিধানও বেড়ে চলেছিল। এই রকম এমন অনেক ব্যাপারে মানুষ বেষ্টিত হয়ে যায় যার সঙ্গে তার ভাবের সরাসরি যোগ নেই। যেমন আদিতে ভয় কেবলমাত্র তার নিজের শরীর এবং সন্তানসন্ততিদের রক্ষা করা পর্যন্ত ছিল কিন্তু পরবর্তীকালে গাই, বলদ, খাদ্যদ্রব্য ইত্যাদির রক্ষার আবশ্যকতা হয় এমন কি প্রাপ্ত ধন মান অধিকার প্রভূত্ব ইত্যাদি অনেক বিষয়ের রক্ষার চিন্তা ঘিরে ধরে এবং রক্ষার উপায় ও মূল বাসনাজনিত প্রবৃত্তি থেকে ভিন্ন প্রকার হতে থাকে। এই ভাবে ক্রোধ, ঘৃণা, লোভ প্রভৃতি ভাবের বিষয়ও নিজ্ক মূল রূপ থেকে ভিন্ন রূপ ধারণ করতে থাকে। কিছু ভাবের বিষয় তো অমূর্ত পর্যন্ত হতে থাকে যেমন কীর্তির লালস। এই ভাবেক বৌদ্ধদর্শনে অরূপরাগ বলে।

ভাবের বিষয় এবং তার দ্বারা অনুপ্রাণিত ব্যাপারে জটিলতা আসা সত্ত্বেও পূর্ব সম্বন্ধে মূল বিষয়গুলি এবং মূল ব্যাপারগুলি ভিতরে ভিতরে থাকে এবং চিরকাল থাকবে। কারও কুটিল ভাই তাকে সম্পত্তি থেকে সম্পূর্ণ বিষ্ণত রাখার জন্য উকিলের পরামর্শে একটি নতুন দলিল বানায়। এ খবর পেতেই সে ক্রোধে নেচে ওঠে। প্রত্যক্ষ ব্যবহারিক দৃষ্টিতে তো তার ক্রোধের বিষয় ঐ দলিল বা কাগজের টুকরোখানি। কারণ তার মধ্যে সে নিজের এবং সন্তানদের অন্নবন্ধ্র না মেলার ছবি দেখতে পায়। ক্রোধের প্রকৃত বিষয় ঐ কাগজের টুকরো বা তার মধ্যে লেখা কালো কালো অক্ষরগুলি নয়। এটাতো সভ্যতার আবরণ মাত্র। অতএব তার রাগ এবং কুকুরের রাগ যার সামনে থেকে অন্য একটি কুকুর খাদ্য ছিনিয়ে নেয়, কাব্য দৃষ্টিতে কোনো ভেদ নেই। ভেদ কেবল বিষয়টির একটু রূপ বদল করে স্যামনে আসার। এই রূপ বদলের নাম সভ্যতা। এই রূপ বদলানোয় রাগের রূপও কিছু বদলে যায়। সেও কিছু সভ্যতার সাথে ভালো কাণড় চোপড় পরে সমাজে আসে

যার ফলে মারপিট টানা হেঁচড়া ইত্যাদি ব্যাপারগুলি কিছুটা কম ঘটে।

কিন্তু এই প্রচ্ছয়রূপ তেমন মর্মস্পশী হয় না। সেই কারণে প্রচ্ছয়তার আবরণ উন্মোচন কবিকর্মের এক মুখ্য অঙ্গ। যেমন যেমন সভ্যতার অগ্রগতি হবে, তেমন তেমন কবিদের এই কাজও বেড়ে চলবে। মানুস্ম্ব হৃদয় বৃত্তির সঙ্গে সরাসরি সম্বন্ধ-রক্ষাকারী রূপ ও ব্যাপারকে প্রত্যক্ষ করার জন্য তাকে অনেক আবরণ সরাতে হবে। এর থেকে এটা স্পষ্ট যে, আমাদের মনোভাবের উপর যেমন যেমন সভ্যতার নব নব আবরণ পড়তে থাকবে তেমন তেমন একদিকে কবিতার আবশ্যকতা বেড়ে চলবে, অন্যদিকে কবিকর্ম কঠিন হতে থাকবে। উপরে যে ক্রুদ্ধ ব্যক্তির উদাহরণ দেওয়া হয়েছে সে যদি রাগ ভুলে তার ভায়ের মনে দয়ার উদ্রেক করতে চায় তো ক্ষোভের সঙ্গে তাকে বলবে, "ভাই! তুমি এসব এজন্যই তো করছ যে তুমি পাকাবাড়িতে বসে ভাল ভাল খাওয়া দাওয়া করবে আর আমি কুঁড়েগরে বসে শুকনো ছোলা চিবাবো। তোমার সম্ভানরা দিনের বেলায় শাল গায়ে বেরোবে আর আমার শিশুরা বাতের বেলায়ও ঠাণ্ডায় কাঁপতে থাকবে।" এই হল প্রকৃতরূপের প্রত্যক্ষীকরণ। এতে সভ্যতার অনেক আবরণকে সরিয়ে ঐ সকল মূল গোচব রূপ সামনে রাখা হয়েছে যার সঙ্গে আমাদের ভাবেব সরাসবি যোগ রয়েছে এবং যা এই ভাবকে উত্তেজিত করতে অধিক সমর্থ কোনো কথা যখন এই রূপের আকারে আসবে তখনই তার কাব্যের উপযুক্ত রূপপ্রাপ্ত হবে। "তুমি আমার ক্ষতি করার জন্য জাল দলিল বানিয়েছ" এই বাক্যে রসাত্মকতা নেই। এই কথাকে স্মরণে রেখে ধ্বনিকার আনন্দবৰ্দ্ধন বলেছেন— "নহি কবেরিতিবৃত্তমাত্র নির্বাহেনাত্মপদলাভঃ।"

দেশের বর্তমান পরিস্থিতিকে বর্ণনা করতে গিয়ে যদি এরকম বলে চলি যে, "আমরা মুর্ব, দুর্বল, অলস হয়ে পড়েছি, আমাদের সম্পদ বিদেশে চলে যাছে, স্ত্রী শিক্ষার বড়ই অভাব, টাকায় দেড় পো ঘি বিক্রি হছেছ।" তাহলে এ সব কথা ছন্দোবদ্ধ হয়েও কাব্যপদের অধিকারী হবে না। সাবকথা হলো কাব্যের জন্যে আমাদের অনেক ক্ষেত্রে ভাব বিষয়ের মূল এবং আদিম রূপ পর্যন্ত যেতে হবে যা মূর্ত নয়। যতক্ষণ না ভাবের সঙ্গে সরাসরি এবং পুরানো যোগরক্ষাকারী মূর্ত এবং প্রভাক্ষ রূপ পাওয়া যাবে ততক্ষণ কাব্যের বাস্তবিক কাঠামো দাঁড়াতে পারবে না। ভাবের অমূর্ত বিষয়ের ভিতরেও মূর্ত এবং প্রভাক্ষ রূপ গুপ্তাবস্থায় পাওয়া যাবে। নিজের প্রশংসা নিজের কানে শুনলে যেমন আনন্দ জন্মে তেমনি যশোলিক্সার ক্ষেত্রে আনন্দ উপভোগের প্রবৃত্তি গুপ্তাবস্থায় পাওয়া যায়।

কাব্যে শুধু অর্থই থাকে না, বিশ্বও থাকে। এই বিশ্ব নির্দিষ্ট, গোচর এবং মূর্ত বিষয়েরই হতে পারে। 'টাকায় দেড় পো ঘি পাওয়া যায়, এই কথার কল্পনায় যদি কোনো ছায়া বা মূর্তি উপস্থিত হয় তা দাঁড়িপাল্লা হাতে ব্যবসায়ীর ছায়া হবে, যার সঙ্গে আমাদের করুণ ভাবের কোনো সংশ্রব থাকবে না। অনেক কম লোকেরই ঘি খাওয়া জোটে; বেশীর ভাগ লোকই সাধারণ খাদ্য খেয়ে বাঁচে। এই তথ্যের সাহায্যে আমরা অর্থগ্রহণ বিষয়ে এই ধারণায় আসি যে— একটাকায় খুব কম ঘি মেলে, শুধু পয়সাওয়ালারাই ঘি খেতে পারে; কিন্তু পয়সাওয়ালা খুব কমই আছেন। তাই অধিকাংশ জনতা ঘি খেতে পারে না, সাধারণ খাদ্য খেয়ে থাকে।

# কবিতা এবং সৃষ্টিপ্রসার

হৃদয়ের উপর নিতা প্রভাব রাখা রূপগুলি ও ব্যাপারগুলিকে ভাবনার সামনে এনে কবিতা বাহা প্রকৃতির সাথে মানুষের অন্তঃপ্রকৃতির সামঞ্জসা ঘটিয়ে তার ভাবাত্মক সন্তার প্রসারের প্রয়াস করে। যদি নিজের ভাবগুলিকে গুটিয়ে নিয়ে মানুষ তার হৃদয়কে বাকি সৃষ্টির থেকে পৃথক করে নেয় বা পশুরুত্তির মতো স্বার্থের মধ্যেই নিজেকে লিপ্ত রাখে তবে তার মনুষাত্ব কোথায় থাকবে? যদি সে ফসলভরা খেত, জঙ্গল, সবুজ ঘাসের মধ্যে একেবেকৈ চলা নালা, কালো পাহাড়ের বুকে রূপার মতো ঝরে-পড়া ঝবণা, মঞ্জরীভারে নুয়ে পড়া আমগাছ, পথের পাশে ঘন ঝোপকে দেখে ক্ষণিকেব জন্য ভাবাপ্লুত না হয়, যদি কলগানে মুখরিত পাখিদের আনদোৎসবে যোগ না দেয়, যদি প্রস্ফুতিত ফুলকে দেখে খুশি না হয়, যদি সৌন্দর্যের মুখোমুবি হয়েও নিজেব ভিতবেব কুপ্রবৃত্তিকে বিসর্জন না দেয়, যদি দিনদুঃখীর আর্তনাদেও তার চিত্র বিকল না হয়, যদি অনাথ ও অবলার উপর অত্যাচার দেখেও সে ক্রোধে ফেটে না পড়ে, যদি কোনো বেমানান হাস্যুকর দৃশ্য বা কথায় তার মুখে হাসি না ফোটে তো তার জীবনে কী-ই বা রইল ? বিশ্বকাব্যের রসধারায় যদি কিছুক্ষণ তার চিত্র নিবিষ্ট না হয় তাহলে তার জীবনকে মরুভূমিতে পরিক্রমারত বৃথতে হবে।

কাব্যদৃষ্টি কখনো ১. নব ক্ষেত্রেব ভিতর, ২. মনুষ্যেতর বাহ্যসৃষ্টির, ৩. আবার কখনো সমস্ত চরাচরে ব্যাপৃত।

১. প্রথমে নরক্ষেত্রকেই নেওয়া যাক। সংসারে বেশিরভাগ কাব্যসৃষ্টি এই ক্ষেত্রেব ভিতরই হয়েছে। নরত্বের বাহ্যপ্রকৃতি এবং অন্তর্প্রকৃতিব নানা সম্বন্ধ এবং পারম্পরিক বিধানেব সন্ধলন বা উদ্ভাবনাই কাব্যগুলির মধ্যে মুক্তক বা প্রবন্ধ আকারে পাওয়া যায়।

প্রচীন মহাকাব্য এবং খণ্ডকাব্যগুলির মার্গের মধ্যে যদিও শেষ দুটি ক্ষেত্র মাঝে মাঝে পিছনে পড়ে যায় কিন্তু মুখ্য যাত্রা নরক্ষেত্রের ভিতরই হয়। বাল্মিকী রামায়ণে যদিও মাঝে মাঝে এমন বিশদ বর্ণনা অনেক পাওয়া যায়; যার মধ্যে কবির মুগ্ধ দৃষ্টি প্রধানত মনুষোত্রব বাহাপ্রকৃতির রূপজালে বন্দি অবস্থায়ই পাওয়া যায় কিন্তু তার প্রধান বিষয় লোকচরিত্র-ই। এবং প্রবন্ধ কাব্য গুলির সম্বন্ধেও এই কথা বলা যেতে পারে। রইল মুক্তক বা লঘু পদা— সেগুলিরও বেশীর ভাগই মানুষের অন্তর এবং বাহিব বৃত্তির সঙ্গে সম্বন্ধযুক্ত। সাহিত্য শাস্ত্রের রস পদ্ধতি নিরূপণ পদ্ধতিতে আলম্বনগুলির পশ্চাতে বাহ্য প্রকৃতির স্থানই মেলেনি। এটিকে উদ্দীপনমাত্র বলে ধরা হয়েছে। শৃঙ্গারের উদ্দীপন রূপে যে প্রাকৃতিক দৃশ্য আনা হয় তার সঙ্গে রতি ভাব থাকে না; নায়ক নায়িকার সঙ্গে থাকে। এগুলি অপরের সঙ্গে যুক্ত প্রীতিকে উদিপ্ত করে নিজে প্রীতির পাত্র বা আলম্বন হয় না। মিলনে তা সুখ বাড়ায়, বিরহে দংশন করে থাকে। যে ভাবোদ্রেক ও যে বিবরণের মাধ্যমে নায়ক বা নায়িকার রূপের বর্ণনা করা হয় সেই ভাবোদ্রেক এবং বিবরণের সাথে তার বর্ণনা করা হয় না। কখনও তার নামগুণেই কাজ চালিয়ে নেওয়া হয়।

মানুৰের রূপ, বিষয় ও মনোবৃত্তির সাদৃশ্য সাধর্মের দৃষ্টিতে যে প্রাকৃতিক বস্তু ব্যাপার প্রভৃতি আনা হয় তার স্থান গৌণই বোঝা উচিত। তা মনুষ্যসম্বন্ধীয় ভাবনাকে জোরদার

#### করার জন্যই রাখা হয়।

২. মনুষোত্রর বাহ্যপ্রকৃতিকে আলম্বনরূপে গ্রহণ আমাদের সংস্কৃত্তের প্রাচীন প্রবন্ধ কাব্যের মধ্যেই পাওয়া যায়। এখানে প্রকৃতিকে গ্রহণ আলম্বন রূপেই হয়েছে। বর্ণনা প্রণালীতে এর সন্ধান পাওয়া যায়। প্রথমে বলে এসেছি কোনো বর্ণনায় এসে পড়া বস্তুকে মনে গ্রহণ দু-প্রকারে হতে পারে। বিশ্বগ্রহণ এক অর্থগ্রহণ। কেউ বলল 'কমল'। এখন এই কমল পদের গ্রহণ কেউ এভাবে করতে পারে— রক্তিমাভা যুক্ত শ্বেত পাপড়ি এবং ঝুঁকে পড়া বৃস্ত ইত্যাদির সহিত একটি ফুলের মূর্তি যা মনে কিছুক্ষণের জন্য এসে যায় বা কিছুক্ষণ বিদামান থাকে। আবার এভাবেও করতে পারে যে, কোনো ছবি উপস্থিত না করে কেবল পদটির অর্থ বুঝেই কাজ চালিয়ে নেওয়া যায়। কাব্যের দৃশাচিত্রণে প্রথম প্রকারের সংকেত গ্রহণের আবশ্যকতা থাকে এবং ব্যবহার তথা শাস্ত্রচর্চার ক্ষেত্রে দ্বিতীয় প্রকাবের হয়ে থাকে। সেখানেই বিশ্বগ্রহণ হয় যেখানে কবি নিজের সুন্ম নিরীক্ষণ সাহাযো বস্তুর অঙ্গ প্রতাঙ্গ, বর্ণ, আকৃতি তথা তার আশপাশেব পবিস্থিতির সঙ্গে সংশ্লিষ্ট বিববণ দেন। অনুরাগ ছাড়া এমন সৃন্ম বিবরণের উপর না দৃষ্টি যেতে পারে, না তা আপ্রত করতে পারে। সুতরাং যেখানে এরকম পূর্ণ এবং সংশ্লিষ্টচিত্রণ পাওয়া যায় সেখানে বোঝা উচিত কবি বাহ্যপ্রকৃতিকে আলম্বন রূপেই গ্রহণ কবেছেন। উদাহরণস্বরূপ বাল্মিকীর এই হেমন্ত বর্ণনাকে দেখুন।

বিনভূমি যার কচি সবুজ ঘাসে শিশির পড়ে কিঞ্চিত সিক্ত হয়ে গেছে, নবিবিংগ পতিত হওয়ার ফলে যার শোভা পাচ্ছে। অত্যন্ত ভূঞার্ত বুনো হাতি অতি শীতল জলের স্পর্শে নিজেব ওঁড় গুটিযে নিচ্ছে। পুপ্পরহিত বনসমূহ কুয়াশার অন্ধকারে সুপ্ত মনে হচ্ছে। নদীগুলি যাব জল কুয়াশায় ঢাকা এবং যাতে সারস পাবিব উপগ্রিতি কেবল তার শব্দেই বোঝা যাচ্ছে, হিম দ্বারা আদ্র বালুটটকে দেখেই বোঝা যাচ্ছে। পদ্মফুল যার দলগুলি জীর্ণ হয়ে ঝরে গেছে, যার কেশব কণিকাগুলি শৈত্যপ্রবাহে বিধ্বস্ত হয়ে কেবলমাত্র বৃত্তগুলি দণ্ডায়মান।]

মনুষ্যেতর বাহ্যপ্রকৃতিকে এই রূপে গ্রহণ কুমারসম্ভবের আরম্ভ তথা রদুবংশেব মধ্যে পাওয়া যায়। নাটক যদিও মানুষের ভিতর ও বাহিবের প্রবৃত্তিপ্তলি প্রদর্শনের জন্যই লেখা হয় এবং ভবভূতি তাঁর হদযের তীব্র অন্তর্গৃতির বিধানের জনাই প্রসিদ্ধ তবুও তাঁর উত্তর রামচরিত -এ কোথাও কোথাও বাহ্য প্রকৃতির অনেক রূপক এবং সংশ্লিষ্ট খণ্ডচিত্র পাওয়া যায়। কিন্তু মনুষ্যেতর বাহ্য প্রকৃতির যে প্রাধানা মেঘদূতে প্রাপ্ত হয়েছে তা সংস্কৃতের আর কোনো কাব্যের মধ্যে পাওয়া যায়নি। পূর্বমেদে শুরু থেকে শেষ পর্যন্ত প্রকৃতিরই এক মনোহর দৃশ্য যা ভারতভূমির স্বন্ধপকে চিহ্নিত করে। মধুর ধ্যানের যে এই স্বন্ধপর ধ্যানে নিজেকে ভূলে ময় হতে থাকে, সে ঘুরে বক্তৃতা দিক বা না দিক, চাঁদা জমা করুক বা না করুক, দেশবাসীর আয়ের উপায় নির্ণয় করুক বা না করুক, সে প্রকৃত দেশপ্রেমিক। মেঘদূতে না আছে কল্পনার ক্রীড়া না কলার বিচিত্রতা। তা হল প্রাচীন ভারতের সবচেয়ে ভাবুক হদয়ের স্বীয় প্রেমভূমির রূপমাধুরীর উপর সরল প্রেমদৃষ্টি।

অনন্তরূপে প্রকৃতি আমাদের সামনে আসে— কখনও মধুর সুসজ্জিত বা সুন্দর রূপে,

কখনও নীরস, অসংবৃত বা কর্কশ রূপে, কোথাও আড়ম্বরযুক্ত বিশাল বিচিত্ররূপে, কোথাও উগ্র করাল ভয়ন্ধর রূপে। প্রকৃত কবির হৃদয় এই সব রূপে দীন হয়ে যায় কেননা তার অনুরাগের কারণ নিজের অসাধারণ সুখভোগ নয় বরং চিরুসাহচর্য দ্বারা প্রতিষ্ঠিত বাসনা, যে কেবল প্রফুল্ল কুসুমের সৌরভে সঞ্চার, মধুলোভী মৌমাছির গুঞ্জন, কোকিল কৃজিত নিকুঞ্জ এবং শীতল সুখম্পশী সমীর ইত্যাদির চর্চা করে থাকে এবং যে বিষয়ী বা ভোগলিন্সু নয়। এই রকম যিনি কেবল মুক্তাভ হিমবিন্দু মণ্ডিত মরকতমণির আভাতুলা কচি তৃণজাল, অত্যন্ত বিশাল গিরিশিখর থেকে পতিত জলপ্রপাতের গভীর গহুর থেকে উত্থিত জলকণাবিন্দুব মাঝে বিবিধ বর্ণস্ফুরণের বিশালতার ভব্যতা এবং বিচিত্রতার মাঝে নিজ হৃদয়ের জন্য কিছু পান তিনি কেবল দর্শক, সত্যিকারের ভাবুক বা সহৃদয় নয়। প্রকৃতির সাধাবণ এবং অসাধাবণ সব রূপের মাঝে আপ্লুতকারী বর্ণনা আমাদের বান্মীকি-কালিদাস-ভবভূতি প্রভৃতি সংস্কৃতের প্রাচীন কবিদের মাঝে পাওয়া যায়। পরবর্ত্তীকালের কবিরা মুক্তক রচনায় তো বেশীরভাপ প্রাকৃতিক বস্তুর ভিন্ন ভিন্ন উল্লেখ কেবল উদ্দীপনেব দৃষ্টিতেই কবেছেন। প্রবন্ধ রচনায় যে কমবেশী সংশ্লিষ্ট চিত্রণ করেছেন তা প্রকৃতির বিশেষ রূপ বিভৃতিকে নিয়েই। ইংরেজি ভাষাব পরবর্তীকালেব কবিদেব মধ্যে ওয়ার্ডসওয়ার্থের দৃষ্টি প্রকৃতির সামান্য চিরপরিচিত সরল প্রশান্ত মধুর দৃশ্যের প্রতি ছিল কিন্তু শেলীর দৃষ্টি ছিল প্রকৃতির অসাধারণ সুমধুর বিশালের প্রতি।

সাহচর্যসম্ভূত রসেব প্রভাবে সামান্য সরল চিবপরিচিত দুশ্যের কত মাধুবীর অনুভূতি হয়। প্রাচীন কবি কালিদাস বর্ষার প্রথম বর্ষণে সিক্ত কর্ষিত ভূমি তথা আশপাশের বিক্ষিপ্ত সরল চিত্তময়ী গ্রাম্য বালার মাঝে পরিচ্ছয় গ্রাম— বাকপণ্ডিত গ্রাম্যবৃদ্ধদের মাঝে এই রকমই মাধুর্যের অনুভব করেছিলেন। আজও লোকে একইভাবে এর অনুভব করে। শৈশব বা কৈশোরে যে গাছেব নিচে আমাদের দলবলের সাথে বসতাম, বিটবিটে বুড়ির কুটীবের পাশ দিয়ে আমরা যাতাযাত করতাম, সেই স্মৃতি আমাদের ভাবনাকে বরাবর আপ্লুত কবে। বুড়ির কুটীবের না ছিল কোনো চাকচিকা না ছিল কোনো শিল্পকলার বৈচিত্রা, মাটির দেওয়ালের উপব খড়ো ছাউনি, ভিতের গায়ে বর্ধিত হওয়া মাটির উপর শিয়ালকাটা, যার নীলাভ সবুজ কাঁটাময় ফুটফুটে চারা দপ্তায়মান ছিল এবং যার হলুদ ফুলের গোল মুঠির মাঝে লাল লাল টিপগুলি ঝকমক করত।

সারকথা হল কেবল অসাধারণত্বের প্রতি রুচি সত্যিকারের সহদয়তার পরিচয় নয়।
শোভা এবং সৌন্দর্যের ভাবনার সাথে যার মধ্যে মনুষ্যজাতির সেই সময়কার পুরানো
সহচরদের বংশপরম্পরাগত স্মৃতি বাসনা রূপে গঠিত, এবং যে প্রকৃতির উন্মুক্ত প্রাঙ্গণে
বিচরণ করে তাকেই পূর্ণ সহদয় বা ভাবুক বলা যেতে পারে। বনা এবং গ্রামীণ এই
দুইরকমের জীবনই প্রাচীন। গাছপালা পশুপাবি নদীনালা ভূমি পাহাড়ের মধ্যে দুই জীবনই
প্রতীতি হয় অর্থাৎ প্রকৃতি দুই রূপের সাথেই সম্বন্ধে রাখে। আমবা গাছপালা, পশুপাবিদের
সঙ্গের সম্পর্ক ছিন্ন করে নগরে এসে বাস করছি। কিন্তু তবুও ওদের ছেড়ে থাকা যায়
না। আমরা সর্বক্ষণ ওদের পাশে না থেকে একঘরে করে রাবি আর কখনো কখনো
চিত্ত বিনোদনের জন্য ওদের কাছে যাই। ওদের পক্ষেও আমাদের সঙ্গ ত্যাগ করা সন্তব

হয় না। পায়রা আমাদের ঘরের কার্নিশের নিচে সুখে নিদ্রা যায়, চড়াই আমাদের ঘরে এসে বসে, বেড়াল তার ভাগটুকু মাঁাও মাঁাও করে চেযে নেয় বা গোপনে নিয়ে পালায়, কুকুর ঘরের পাহারাদারি করে। আর বট বা অশ্বখের চারা দেওয়াল ভেদ করে কখনও বের হয়ে পড়ে। বর্ষার দিনে যখন চূন-সুরকীর পরোয়া না করে সবুজ সবুজ কচি ঘাস পুরানো ছাতে গজায় তখন আমাদের তাব ভালবাসার অনুভব হয়। যেন আমাদের খুঁজতে খুঁজতে কাছে পেয়ে বলে 'কেন আমাদের থেকে দূরে পালিয়ে বেড়াও?'

কেবল নিজের বিলাস বা শারীরিক সুখের সামগ্রীই প্রকৃতির মধ্যে যারা বুঁজে বেড়ান তাদের মধ্যে ঐ রাগাত্মক সত্ত্বের অল্পতা থাকে যে সত্ত্বা একতার অনুভূতিতে লীন হয়ে হাদয়ে ব্যাপকতার আভাস দেয়। সম্পূর্ণ সত্ত্বাগুলি একই পরম সত্ত্বা এবং সম্পূর্ণ ভারগুলিও একই পরম ভাবের অন্তর্ভুক্ত। সূতরাং বুদ্ধির ক্রিয়ায় আমাদের জ্ঞান সেই অদ্বৈত ভূমিতে পৌঁছায় যেখানে আমাদের ভাবাত্মক হৃদয়ও এই সত্ত্ব-রসেব প্রভাবে পৌঁছায়। এইভাবে অন্তিমে দুই পক্ষের বৃত্তিগুলির মিলন হয়। এই সমন্বয় ছাড়া মানুষের সাধনা পূর্ণ হতে পারে না।

## মরমী তথা

মনুষ্যেতর প্রকৃতির ভেতরের রূপ ব্যাপারগুলি, কিছু অন্তর্ভাব বা তথ্যের ব্যঞ্জনা করে। পশুপাখিদের সুখ-দুঃখ, রাগ-দ্বেষ, হর্ষ-বিষাদ, সন্তোষ-ক্ষোভ-দয়া-ক্রোধ ইত্যাদি ভাবের ব্যঞ্জনা তাদের আকার ইঞ্চিত শব্দের ইত্যাদির দ্বারা ব্যঞ্জিত হয় বলেই সহজেই প্রত্যক্ষ করা যায়। তাদের ওপর স্বীয় ভাবের আরোপনের আবশাকতা কবিদের প্রায়ই হয় না। ज्थााताभ वा मखावना जवनारे कथता कथता करतन, ज्व এर धतत्न जाताभन কখনো কখনো বর্ণনাকে কাব্যের ক্ষেত্র থেকে টেনে এনে 'সুক্তি' বা সুভাষিত-র ক্ষেত্রে নিক্ষেপ করে। যেমন সকাল হবার সাথে সাথেই কাকেরা কেন চীৎকার করে? ওরা মনে করে সূর্য অন্ধকার নাশ করতে করতে এগিয়ে আসছে, কভু না ধাঁধায় পড়ে সে আমাদেরই নাশ করে ফেলে। এটা সৃক্তিমাত্র, কাব্য নয়। যেখানে তথ্য কেবল আরোপিত বা সম্ভাবিত থাকে সেখানে তা 'অলঙ্কার' রূপেই থাকে। কিন্তু যে সমস্ত তথ্যের আভাস পশু পক্ষীর রূপ, ব্যাপার বা পরিশ্বিতির মধ্যেই মেলে, বাস্তবে তা আমাদের ভাবের বিষয় হতে পারে। মানুষ সারা পৃথিবীকে অধিকার করে এগিয়ে চলেছে, জঙ্গল কেটে খেত, গ্রাম ও নগর তৈরি করে চলেছে। পশু পাখিদের অংশটুকু লুষ্ঠিত হতে চলেছে। তাদের সব আশ্রয়ের উপর আমাদের নিষ্ঠুর অধিকার হতে চলেছে। তারা কোথায় যায় ? কিছু তো আমাদের দাসবৃত্তি করছে। কিছু আমাদের বাসস্থানের মধ্যে বা তার আশেপাশে থাকে এবং কেড়েকুড়ে তাদের ভাগ নিয়ে যায়। আমরা ওদের সাথে বহুসময় ধরে এরকম ব্যবহার করে অ্সছি যে, যেন ওদের বেঁচে পাকার কোনো অধিকারই নেই। এই তথ্যের সত্যিকার আঁচ ওদের অবস্থা থেকে পাওয়া যায়। অতএব ওদের মধ্যে কারো বিশেষ চেষ্টার মধ্যে এই তথ্যের মরমী ব্যঞ্জনার প্রতীতি কাব্যানুভূতির অন্তর্ভুক্ত হবে। যদি কোনো বাঁদর আমাদের সামনে থেকে কোনো খাদ্যবস্তু তুলে নিয়ে যায় আর কোন গাছের ওপর

বসে বসে আমাদেব সঙ্গে রঙ্গ কবে, তাহলে কাব্যের দৃষ্টিতে আমাদের এমন মনে হতে পারে যে—

তেজেব সাথে প্রাণী বলে, কৌতুকের ছলে
বাঁচার অধিকার মোদেব গেছে কি চলে ?
নিরন্তর সংগ্রামেব মাঝে হে মানবগণ
জেনো এই মোদের কৌতুকময় জীবন সাধন।
আজ তারাও তোমার দাস যাবা ছিলেন কভু দানী
সইতে তুমি পারলে না তাব উদাবতাখানি
প্রকৃতিবে ধ্বংস কবে বড় উপকাব কবলে ভাই
আপ্রয়হীন প্রাণীবা সব বলে এখন কোথায় যাই ?

গাছ লতা পাতা গুলা ইত্যাদিও এই ধরনের কিছু ভাব বা তথ্যেব ব্যঞ্জনা করে যা কখনো কখনো গভীব হয়। সামান্য দৃষ্টিতে বর্ধাধাবাব পেছনে তার হর্ষ উল্লাসকে, গ্রীম্মেব প্রচণ্ড তাপে তাব শৈথিলা এবং স্লানতাকে, হিমেব কঠোব শাসনে তার দীনতাকে, বসস্তে তার রসোন্মাদনা, আশা এবং হাসিকে প্রবল ঝঞ্চায় তার অসহায়তাকে দেখতে পারে। এমনি করে সে ভাবুকদেব সামনে তাব রূপ-চেষ্টার দ্বাবা কিছু মরমী তথ্যের ব্যঞ্জনা কেবে। আমাদের এখানকাব পুরানো 'অন্যোক্তিকাবেবা' কোথাও কোথাও এই বাঞ্জনার প্রতি মনোযোগ দিয়েছেন। কোথাও কোথাও বলার অর্থ অনেক ক্ষেত্রেই তাঁরা তাঁদের রূপ-চেষ্টা বা পবিশ্বিতি থেকে তথাসংগ্রহ্ না কবে, নিজেদেব ভাবনাকেই আরোপ করেছেন। কিন্তু তাদেব বিশেষ বিশেষ পবিশ্বিতিব প্রতি তাদেব ভাবুকতাব সাথে মনোযোগ দিলে অনেক মরমী তথ্য সামনে আসে। ক্রোশের পর ক্রোশ বিস্তৃত, বৌদ্রতপ্ত প্রান্তরের মাঝে একাকী একটি বটবৃক্ষ দৃব পর্যন্ত ছায়া বিস্তার করে দাঁড়িয়ে আছে। হাওয়ার দোলায় তার উচ্চ শাখা ও পাতারা যেন আন্দোলিত হয়ে ডাকছে। আমরা রৌদ্রে ব্যাকুল হয়ে তার দিকে এগিয়ে যাই। দেখি তার গুঁড়ির কাছে একটি গরু বসে চোখ বুজে জাবর কাটছে। আমরাও তার পাশে স্বচ্ছদে গিয়ে বসি। ইতিমধ্যে একটি কুকুর জিভ বের করে হাঁফাতে হাঁফাতে আসে এবং আমাদেব মধ্যে কোনও একজন উঠে তাকে লাঠি নিয়ে তাড়াতে যায়। এই দৃশা দেখে আমাদের মধ্যে কোনও ভাবুক পুরুষ ওই গাছকে এমন ভাবে সম্বোধন করতে পারে।

হে তরু!
নয়কো এ তব কায়ারই কেবল মাত্র ছায়া
এ যে তব অন্তরেই মায়া
পূর্ণ এ যে স্বর্গ-স্বপ্প-ধারা
হয়নি মানব এখন এ রসে হারা।
ধন্য! এ শান্তি সব-পূর্ণ শীতল ছায়া।
প্রীতির মত ছড়িয়ে রাখ, লুকায়ে আপন কায়া।
হে মানব!

এ মনোহর তরুর শ্বরূপ দেখরে তৃলি নয়ন কি করাল রূপে, তৃমি আজ করেছো অর্জন পাখির গুঞ্জনে সরোবর খুশি ভারি স্বার্থের সখা তারা দুর্দিনে যায় ছাড়ি। যখন তোমার বুকে জলরাশি রবে না দূর থেকে দেখবে জেনো কোন কথা কবে না।

ওপরে মনুষ্য এবং মনুষ্যোতর সজীব সৃষ্টির উল্লেখ করা হয়েছে। কাবাদৃষ্টি কখনও এর উপর পৃথক পৃথক ভাবে থাকে; আবার কখনও সমষ্টি রূপে থাকে সমস্ত জীবন ক্ষেত্রের উপর। বলা নিপ্প্রয়োজন যে বিচ্ছিন্নদৃষ্টির চেয়ে সমষ্টিদৃষ্টির মধ্যে বেশী ব্যাপকতা এবং গান্তীর্য থাকে। কাব্যানুশীলনকারী মাত্রই জানেন যে, কাব্যদৃষ্টি কেবল মাত্র সজীবসৃষ্টির মধ্যেই আবদ্ধ থাকে না, তা প্রকৃতির সেই অংশ পর্যন্ত যায় যাকে প্রাণহীন বা জড় বলা হয়ে থাকে। ভূমি, পর্বত, শিলা, নদী, নালা, টীলা, প্রান্তর, সমুদ্র, আকাশ, মেঘ, নক্ষত্র ইত্যাদির রূপের মাঝে আমরা সৌন্দর্য মাধুর্য করালতা সৌম্যতা বিচিত্রতা ঔদ্যাসিন্য উদারতা সম্পন্নতা ইত্যাদি ভাবনার সন্ধানপ্রাপ্ত হই। ঝাঁ ঝাঁ রোদের পিছনে ঘনছোব মেঘের শ্যামলতা স্নিদ্ধতা এবং শীতলতার অনুভব কেবল মানুষই নয় সমস্ত পশুপাৰি গাছ লতাপাতারাও করে থাকে। নিজ তটের দুপাশে সবুজে ভরা লীলাযিত আনন্দের রচনা করতে করতে বয়ে যাওয়া নদীর অবিরাম জীবন স্রোতে আমরা দ্রবীভূত ঔদার্যকে দর্শন করি। পর্বতের উচ্চ শিখরে বিশালত্ব এবং সৌমাতার, ঝঞ্চা বিক্ষুদ্ধ জলস্ফীতির মাঝে ক্ষোভ এবং আকুলতার, বিকীর্ণ মেঘমালা মণ্ডিত রশ্মিবঞ্জিত দিকচক্রবালে অত্যাশ্চর্য সৌন্দর্যের তাপ ক্লিষ্ট ধরার বুকে ধূলা নিক্ষেপরত ঝড়েব প্রচণ্ড বেগে উগ্রতা এবং উচ্ছ্বলতার কাঁপন ধরানো বিদ্যুতের কড় কড় শব্দ এবং আগ্নেয়গিরির অগ্নাৎপাতে ভীষণতার আভাস মেলে। এ সকলই বিশ্বরূপী মহাকাব্যের ভাবনা বা কল্পনা। স্বার্থবােধ রহিত প্রকৃত-অনুভূতিশীল যোগীপুরুষ বা কবিই একমাত্র এর দ্রষ্টা হন।

জড় জগতের মধ্যে পাওয়া যায় এমন রূপ, ব্যাপার বা পরিস্থিতিও অনেক মরমী তথ্যের ব্যঞ্জনা করে। জীবনের তথ্যের সাথে তার সাম্যেব ধুব সুন্দর মরমী প্রকাশ আমাদের এখানকার অন্যোক্তিকারেরা কোথাও কোথাও করেছেন। যেমন একদিকে মানুষের মাঝে দেখি সুখ সমৃদ্ধির সময় রাত দিন ঘিরে থাকে স্ততিপাঠক মধুর কলগুঞ্জনকারীরা, কিন্তু বিপত্তি বা দুর্দিনে পাশে এরা আসে না তেমনি জড় জগতেও জলপূর্ণ সরোবরের তীরে কলতানে মুখর পাখিরা যখন সরোবর শুষ্ক হয়ে যায়, তখন তাকে ছেড়ে যে যার আপন পথ খুঁজে নেয়।

আপনার দুধারে শস্যশ্যামল সজীবতার আনন্দ সৃষ্টি করার জন্য কিয়ৎকাল নদীকে তার সীমিত গণ্ডীর মধ্যে বয়ে যাওয়ার প্রয়োজনীয়তা আছে। বর্ষার ঘনঘোর উচ্চূঙ্খলতায় পরিপুষ্ট শস্যশামল সজীবতার বিনাশ আসম হয়। কিন্তু এই উচ্চূঙ্খলতা বা বিনাশ পুব অল্পসময়ের আর এই ধ্বংসের মাঝেই আগামী দিনের পরিপুষ্টতার নব শক্তি সঞ্জিত হয়। উচ্চুঙ্খলতাই নদীর স্থায়ী প্রকৃতি নয়। নদীর এই রূপের মাঝে সৃক্ষ্ম মর্মসত্য লোকজীবনের

শ্বরূপকে প্রত্যক্ষ করে। লোক জীবনের ধারা যখন একটি বাঁধা পথে কিছুকাল পর্যন্ত অবাধ গতিতে প্রবাহিত হতে থাকে তখনই সভ্যতার কোনো রূপের পূর্ণ বিকাশ এবং তার মধ্যে সুখ শান্তির প্রতিষ্ঠা হয়। যখন জীবনপ্রবাহ ক্ষীণ-দুর্বল হয়ে পড়ে এবং গভীর ভীষণতা আসতে থাকে তখন নবশক্তির প্রবাহ আছড়ে পড়ে, যার দুর্দমনীয় বেগের সামনে অনেক কিছু ধ্বংসও হয়ে যায়। কিন্তু এই দুর্দমনীয় বেগ, জীবন বা জগতের নিত্য শ্বরূপ নয়।

৩. প্রথমে বলা হয়েছে মনুষ্যক্ষেত্রের মধ্যে নিবদ্ধ থাকা দৃষ্টির চেয়ে সম্পূর্ণ জীবনক্ষেত্রে এবং সমস্ত চরাচরক্ষেত্রের মধ্যে মবমী তথ্য চয়নকাবী দৃষ্টিভন্দীকে উত্তরোত্তর ব্যাপক ও গম্ভীর ধরা হয়। যখন আমাদের ভাবনার প্রসার খাটিয়ে অনন্ত ব্যক্তি সতার মাঝে, मानर भेडात ज्ञानरक अनुसर कतरा थाकि उपन आमार्टिन राज्ञान मृशु शरा যায়। তখন আমাদের হৃদয় এমনই উচ্চস্থানে গিয়ে পৌঁছয় যে সেই হৃদয়-বৃত্তি প্রশান্ত এবং গম্ভীর হয়ে যায় এবং তার অনুভূতির বিষয় কিছু বদলে যায়। তথা কিছুটা প্রত্যক্ষ ও কিছুটা গভীর হয তা সে মনুষ্যক্ষেত্রেরই হোক বা তার চেয়ে অধিক ব্যাপক ক্ষেত্রেরই হোক। যে তথ্য আমাদের ভিতর কোনো ভাব উৎপন্ন করে তাকে সেই ভাবেরই আলম্বন বলা উচিত। এমন রসাত্মক তথ্য প্রথমে জ্ঞানেন্দ্রিয়রাই উপস্থিত করে এবং পরে জ্ঞানেন্দ্রিয় দ্বাবা প্রাপ্ত সামগ্রী থেকে ভাবনা তাব সঙ্গে যুক্ত হয়। অতএব বলা যেতে পাবে জ্ঞানের প্রসাবের মাঝেই ভাবপ্রসার হয়। গুরুতে মানবের চেতন-সতা বেশীরভাগই ইন্দ্রিয়জাত জ্ঞানসমষ্টি রূপেই ছিল। পরবর্তীকালে যেমন যেমন অন্তঃকরণের বিকাশ সাধিত হয়েছে তেমন তেমন মানবের জ্ঞানবুদ্ধি ব্যবসায়িক বা বিচারধর্মী হয়ে অনেকটাই প্রসারিত হয়ে গেছে। তাই সেই প্রসারণের সাথে আমাদের হৃদয়কেও প্রসাবিত করতে হবে। বিচার-ক্রিয়ায় বৈজ্ঞানিক বিশ্লেষণ এবং অনুসন্ধানের সাহাযো উদ্ভাবিত তথ্যের মর্মস্পর্নী অংশের মূর্ত ও সজীব চিত্রণও— তার এই রূপের মাঝে প্রত্যক্ষীকরণ ও যা আমাদের ভাবের কোনো আলম্বন হতে পারে— সেটাই কবিদের কাজ বা উচ্চস্তবের কাব্যের লক্ষণ হবে। বলা নিপ্রয়োজন যে, কত না কথার গভীরে এই তথা বা পরিস্থিতির মর্মস্পনীরূপ লুকিয়ে আছে।

#### কাব্য এবং আচার

মানুষ হচ্ছে কার্যে প্রবৃত্তকারী মূলবৃত্তি ভাবাত্মক। কেবল তর্ক-বৃদ্ধি বা বিবেচনা শক্তিতে আমরা কোনো কাজে প্রবৃত্ত হই না। যেখানে জটিল বৃদ্ধি ব্যাপারের অবসরে কোনো কর্মানুষ্ঠান দেখা যায় সেখানে তার গভীরেও কোনো ভাব বা বাসনা লুকিয়ে থাকে। যে সময় চানকাকে তাঁর নীতির সাফল্যের জন্য কোনও নিষ্ঠুর কাজে প্রবৃত্ত হতে দেখি, সেই সময় তাঁর মধ্যে দয়া করুণা ইত্যাদি মনোবিকার বা ভাবগুলি নজরে আসে। কিন্তু একটু গভীর অস্তর্দৃষ্টিতে দেখলে বোঝা যায় যে কৌটিলাকে নাচানোর মূল দড়িটি রাগাত্মক খণ্ড থেকে পাওয়া যাবে। প্রতিজ্ঞাপূর্তির আনন্দ ভাবনা এবং নন্দবংশের প্রতি ক্রোধ বা শক্রতার বীসনা বারে বারেই সেই রশিটিকে আন্দোলিত করার ঘটনা নজরে আসে।

অর্বচিন রাষ্ট্রনীতির আদিগুরু যে সময় নিজের কোনো গভীর চালে কোনো নিরপরাধ দেশের জনতার সর্বনাশ করেন, সে সময় তিনি দয়া ইত্যাদি দুর্বলতায় নির্লিপ্ত কেবল বৃদ্ধির কাষ্ঠপুতুল রূপে প্রতিভাত হন। যদি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে যে কখনো নিজের দেশবাসীর সুখের প্রতি উৎকষ্ঠা, কখনো অন্য জাতির প্রতি ঘোর বিদ্বেষ, কখনো জাতীয় প্রেষ্ঠতার নতুন বা পুরাতন গর্বই তাঁর সেই সব কাজের মধ্যে ইঙ্গিত বহন করছে।

কথা হল, কেবলমাত্র এটুকু জেনেই আমরা কোনো কাজে প্রবৃত্ত হই না যে কাজটা ভালো না মন্দ, লাভদায়ক না হানিকারক, যখন সেই কাজের কোনো পরিণাম চিন্তা আমাদের মনে আহ্লাদ, ক্রোধ, করুলা, ভয়, উৎকণ্ঠা ইত্যাদির সঞ্চার করে তখনই আমরা সেই কাজ করা বা না করার জন্য উদ্যত হই। শুদ্ধ জ্ঞান বা বিবেক থেকে কাজের উত্তেজনা আসে না কর্মে প্রবৃত্ত হওয়ার জন্য মনে কিছুটা তাড়নার আবশ্যক। যদি কোনো জনসমুদ্যের মধ্যে এই কথা বলা হয় যে, অমুক দেশ প্রতি বছব আমাদের দেশ থেকে এত টাকা উঠিয়ে নিয়ে যাচ্ছে, তাহলে সম্ভবত উপস্থিত জনসাধারণেব উপর ঐ কথার কোনো প্রভাব পড়বে না। কিন্তু যদি দারিদ্র বা দুর্ভিক্ষের করুণ চিত্র দর্শানো হয়, জঠর দ্বালায় ক্রিষ্ট কন্ধালসার দেহের কল্পনার মুখোমুখি তাদের করা যায়, ক্ষুধার দ্বালায় কাতর বালকের পাশে বসা জননীর আর্তক্রন্দন শোনানো যায় তাহলে অনেক লোকই ক্রোধ ও করুণায় ব্যাকুল হয়ে উঠবে ও এই অবস্থা দূর করার কোনো উপায় বা সঙ্কল্প অবশাই করবে। প্রথম ধরনের কথা বলা রাজনীতিজ্ঞ বা অর্থশাস্ত্রবিদদের কাজ কিন্তু পরবর্তী স্তরের অবতারণা মানুষের মনে সৃষ্টি করার দায় কবিদের। অতএব কাব্য বাস্তব্রের পরিপত্নী, তার অনুশীলনে অকর্মণ্যতা আসে এ ধারণা ঠিক নয়। কবিতাই তো ভাব বিস্তারের দ্বারা কর্মশীলের কর্মক্ষেত্রকে আরও বিস্তৃত করে তোলে।

উপরোক্ত ধারনার আধার যদি কিছু হতে পারে তবে তা হল যাঁরা ভাবুক বা হদয়শীল অথবা কাব্যানুশীলনে যাঁদের ভাবের প্রসারের জগৎ আরও বিস্তৃত হয় তাদের বৃতিগুলি ততাঁটা স্বার্থবদ্ধ থাকতে পারে না। কখনো কখনো তাঁরা অন্যের হদয় ভেঙে যাওয়ার ভয়ে আত্মগৌরব, জাতিগৌরব বা কুলগৌরবের চিন্তায় অথবা জীবনের কোনো অংশের উৎকর্ষ ভাবনায় মগ্ম হয়ে ব্যক্তিগত লাভের ব্যাপারে নিশ্চেষ্ট বা বিরত আছেন এমনই দেখা যায়।

তাই অর্থাগমে আনন্দিত স্থ-কার্য সাধনশীল, কাশীর জ্যোতিষী, কানপুরের বণিক বা দালাল, কাছারির আমলা বা মোক্তাররা, এমন ধরনের কান্ধে ব্যাঘাত সৃষ্টিকারী লোকদের মূর্য, নিরেট, অলস বা কল্পনা বিলাসী মনে করতে পারেন। যাঁদের ভাবনা কোনো কথার মমস্পশী দিকের চিত্রানুভবটুকু করতে নিরত থাকে, যাঁদের ভাব এই বিশ্বচরাচরের মাঝে যে কোনো কছুকেই অবলম্বনোপযুক্ত রূপে দেখলেই সেই দিকে ধাবিত হয়, তারা সদাই স্বীয় লাভের চিন্তায় বা স্বার্থবৃদ্ধি দ্বারা পরিচালিত হন না। তাঁদের এই বিশেষত্ব, অর্থপরায়ণদের কাছে, নিজের কাজেই বাস্ত মানুষদের কাছে একটা বিরাট ক্রটির মতো মনে হয়। কবি এবং ভাবুকেরা কাজকর্ম করেন না এমন নয়। তবে তাদের অনেক কাজেই

# মনুষাত্বের উচ্চভূমি

মানুষের প্রচেষ্টা এবং কর্মকলাপের সঙ্গে ভাবের মূল সম্বন্ধ নিরূপণ সম্পন্ন হয়েছে এবং এও দেখানো হযেছে যে, কবিতা এই ভাব বা মনোবিকারের ক্ষেত্রকে বিস্তার করতে করতে তার প্রসার ঘটায়। পশুত্বের চেয়ে মনুষ্যত্বের মধ্যে যেমন অনেক বেশীজ্ঞান-প্রসারের বিশেষত্ব আছে তেমনিই ভাব প্রসারেরও। পশুদের ভালোবাসার পবিধি প্রায়শই তার আপন সঙ্গীটি, আপন শাবক বা যারা তাদের খেতে টেতে দেয় তাদেরকে বেষ্টন কবেই গড়ে ওঠে। এইভাবে তাদের ক্রোধও যারা তাদের পীড়ন করে তাদের প্রতিই জন্মায়। নিজের দলের বা পশুমাত্রকেই পীড়ন করে যারা তাদের সবার প্রতি জন্মায় না।

কিন্তু মানুষের জ্ঞানপ্রসারের সাথে সাথে ভাবপ্রসারও বাড়তে থাকে। নিজের পরিজন, আত্মীয়, প্রতিবেশী, দেশবাসী কেন মানুষমাত্রেরই এবং প্রাণিমাত্রেরই পূর্ণ ভালোবাসার স্থান তার হৃদয়ে গঠিত হয়। মানুষের রাগ, মানুষমাত্রকেই বিরক্তকারীর উপর শুধু হয় না, গরু বাছুব এবং কুকুর বেড়ালকেও যারা বিরক্ত করে তাদের ওপরেও হয়। পশুদের বেদনা দেখে তাব চক্ষু সজল হয়। বানরের হয়ত কেবল বানরীর মুখেরই সৌন্দর্য চোখে পড়ে কিন্তু মানুষ পশু, পাবি, ফুল, পাতা, স্রোত্ধারা, প্রস্তরেরও সৌন্দর্য দেখে মুগ্ধ হয়। এই হৃদয় প্রসারের স্মারক স্তম্ভই কাব্য যার উত্তেজনায় আমাদের জীবনে এক নতুন জীবনের আগমন ঘটে। আমরা সৃষ্টির সৌন্দর্য দেখে মুগ্ধ রসমগ্ন হতে থাকি, কোনো নিষ্ঠুর কাজ আমাদের অসহ্য লাগে, মনে হয় আমাদের জীবন যেন কয়েকগুণ বেড়ে গিয়ে সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে।

কবি বাণীর প্রসাদে আমরা সংসারের সুখ-দুঃখ-আনন্দ-ক্রেশ ইত্যাদি শুদ্ধ স্থার্থমুক্ত রূপে অনুভব করি। এই প্রকারের অনুভবের অভ্যাসে হৃদয়ের বন্ধন খুলে যায় এবং মনুষাত্ত্বর উন্নত ভূমিপ্রাপ্তি গটে। কোনো অর্থাপিশাচ কৃপণকে দেখুন যে কেবল অর্থলোভে বশীভূত হয়ে দয়া, প্রদ্ধা, ক্রেম, ভক্তি, আত্মাভিমান ইত্যাদি ভাবকে একেবারে দমন করেছে এবং সংসারের গভীর দিক থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। না সৃষ্টির রূপমাধুর্য দেখে সে কখনও পয়সার হিসেব নিকেষ ভোলে, না কখনও দীনদুঃখীকে দেখে করুণায় দ্রবীভূত হয়, না কোনো অপমানসূচক কথা শুনে ক্ষুদ্ধ বা ক্রুদ্ধ হয়। যদি কোনো লোমহর্ষক অত্যাচাবের কথা তাকে শোনানো যায় তাহলে সে মনুষ্য ধর্মানুযায়ী ক্রোধ বা গুণা প্রকাশ করার পরিবর্তে কক্ষতার সাথে বলবে 'ছাড় তো, আমার কি দরকার? চল নিজের কাজ করি।' এটা মহাভয়ানক মানসিক ব্যাধি। এতে মানুষ অর্থমৃত হয়ে যায়। এরকম কোন মহানিষ্ঠুর পুলিশ কর্মচারীকে দেখুন যার হৃদয় পাথেরের মতো কঠিন এবং কঠোর হয়ে গেছে, যার কাছে অপরের দুঃখ এবং কন্টের চিন্তা স্বশ্বেও আসে না, এই রকম লোকেদের সামনে পেয়ে স্বভাবতই মনে হয় এদেরও কি কোনো ওমুধ আছে? এদের ওমুধ হল কবিত্র।

কবিতাই হৃদয়কে প্রকৃত অবস্থায় আনে এবং জগতের মাঝে ক্রমে ক্রমে প্রসার ঘটিয়ে

১২২/নির্বাচিত প্রবন্ধ সংকলন

তাকে মনুষাত্বের উন্নত স্তারে নিয়ে যায়। ভাবযোগের সর্বাপেক্ষা উচ্চদ্রেশীতে উপস্থিত মানুষের জগতের সাথে পূর্ণ মিলন হয়ে যায়, তার ভিন্ন ভাব সতা থাকে না, তার হৃদয় বিশ্বহৃদয় হয়ে যায়। তার অশ্রুধারায় জগতের অশ্রুধারা, তার হাসি আনন্দে জগতের আনন্দ, তার নৃত্যের তর্জন গর্জনে জগতের তর্জন গর্জনের আভাস মেলে।

#### ভাবনা ও কল্পনা

এই প্রবন্ধের শুরুতেই আমি কাব্যচর্চাকে ভাব্যোগ বলে এসেছি এবং তাকে কর্মযোগ ও জ্ঞানযোগের সমকক্ষ বলেছি। এস্থলে একথা বলার আবশ্যকতা প্রতীত হয় যে উপাসনা ভাব্যোগেরই একটি অঙ্গ। প্রাচীন ধার্মিক লোকেরা উপাসনাকে ধ্যান অর্থেই গ্রহণ করে থাকেন। যে বস্তু আমাদের থেকে পৃথক, দূরে প্রতীত হয়, তার মূর্তি মনে এনে সামীপ্যের অনুভব করাই উপাসনা। সাহিত্যিকরা একে ভাবনা বলেন, এবং আজকালকার মানুষ একে বলেন কল্পনা। যেমন ভক্তির জন্য উপাসনা বা ধ্যানের প্রয়োজন, সেই রকম ভাব প্রবর্তনের জন্য ভাবনা বা কল্পনার আবশ্যকতা থাকে। যার ভাবনা বা কল্পনা শিথিল বা দুর্বল তার কোনো কবিতা বা সরল উক্তি পড়ে বা শুনে হদয়ে মর্মসতা উপলব্ধি হওয়া সত্ত্বেও সেরকম কোনো অনুভৃতি হয় না। কথা হল যে, ভাবনাগুলিকে পরিচালিত করে দেয় এমন কোনো সজীব ও সুষ্ঠ মূর্তি তার অন্তকরণে তৎক্ষণাৎই উপস্থিত হয় না। কিছু কবি কোনো বিষয়ের সকল মর্মসতাগুলির সম্পূর্ণ বিবরণ চিত্রিত করেন, পাঠক বা শ্রোতার কল্পনার জন্য বুব অল্পই অবশিষ্ট রাখেন এবং কিছু কবি কিছু মর্মসত্য রাখেন যাকে পাঠক বা শ্রোতার সচেষ্ট কল্পনা আপনা আপনিই পূর্ণ করে দেয়।

কল্পনা দুই রকমের হয়— বিধায়ক এবং গ্রাহক। কবির মধ্যে বিধায়ক কল্পনার অপেক্ষা থাকে, শ্রোতা বা পাঠকের মধ্যে থাকে অধিকতর গ্রাহক। অধিকতর বলার অভিপ্রায় এই যে কবি যেখানে পূর্ণ চিত্রণ করেন না সেখানে পাঠক বা শ্রোতাকে নিজের দিক থেকে কিছু মূর্তি সৃষ্টি করতে হয়। ইউরোপীয় সাহিত্য মীমাংসায় কল্পনাকে অনেক প্রাধান্য দেওয়া হয়েছে। যদিও এটা কাব্যের অনিবার্য সাধন, তবু সাধনই, সাধ্য নয়। যেমনটি উপরোক্ত আলোচনা থেকে স্পষ্ট। কোনো প্রসঙ্গের অন্তর্গত যেমনই বিচিত্র মূর্ত্তিবিধান হোক না কেন তার মধ্যে উপযুক্ত ভাব সঞ্চারের ক্ষমতা না হলে তা কাব্যের অন্তর্গত হবে না।

## মনোরঞ্জন

প্রায়ই শোনা যায় কবিতার উদ্দেশ্য মনোরঞ্জন। কিন্তু যেমনটি আমি প্রথমে বলে এসেছি যে কবিতার চূড়ান্ত লক্ষ্য হলো জগতের প্রকৃত সত্যগুলির প্রতাক্ষীকরণ করে তার সাথে মনুষ্য হৃদয়ের সামঞ্জস্য স্থাপন করা। এত গভীর উদ্দেশ্যের স্থলে কেবল মাত্র মনোরঞ্জনের হালকা উদ্দেশ্য সামনে রেখে যদি কেউ কবিতার পঠন পাঠন বা বিচার করেন তবে তিনি পথেই থেকে যাওয়া পথিকের সমান। কবিতা পড়ার সময় মনোরঞ্জন

অবশাই হয় কিন্তু তা ছাড়া আরও কিছু লাভ হয় এবং সেটাই সব। মনোরঞ্জন হল সেই শক্তি যার দ্বারা কবিতা নিজের প্রভাব স্থায়ী করার জন্য মানুষের চিত্ত বৃত্তিকে স্থিত করে থাকে। তাকে এধার-ওধার হতে দেয় না। ভালোভালো কথা শুনেও লোঁকে তাকে কানেই রেখে দেয় তার প্রতি মনোযোগ দেয় না। যেমন পরোপকার কর, অপরকে দয়া কর, চুরি করা মহাপাপ, কেবল এই কথা বলে আমরা কখনও এ আশা করতে পারি না যে কোনো অপকারী উপকারী, কোনো নিষ্ঠুর দয়াবান বা কোনো চোর সাধু হয়ে যাবে। এমন কথা হৃদয় পর্যপ্তই পৌঁছয় না, ওপরে ওপরেই থেকে যায়। এমন কথার কোনো অস্তর্নিইত চিত্র না পেয়ে হৃদয় তার অনুভৃতির দিকে প্রবৃত্ত হয় না।

কিন্তু কবিতা তার মনোরঞ্জন শক্তির দ্বারা পাঠক বা শ্রোতার চিত্ত আপ্লৃত করে থাকে। জীবনপটে তার সৌন্দর্য বা বিরূপতা অন্ধিত করে হৃদয়ের মর্মস্থলকে স্পর্শ করে। মানুষের কিছু কাজে যেমন দিব্য সৌন্দর্য বা মাধুর্য থাকে সেরকম কিছু কর্মে ভীষণ কুরূপতা এবং নীচতাও থাকে। এই সৌন্দর্য বা কুরূপতার প্রভাব মানুষের হৃদয়ের ওপর পড়ে এবং এই সৌন্দর্য বা কুরূপতার সমাক প্রত্যক্ষীকরণ কবিতাই করতে পারে।

কবিতার এই আবিষ্টকারী শক্তি দেখে পণ্ডিতরাজ জগন্নাথ রমণীয়তার আঁচল ধরেন এবং তাকে কাব্যের সাধারূপে স্থির করেন, ইউরোপীয় সমীক্ষকেরা আনন্দকে কাব্যের চরম লক্ষ্য স্থির করেছেন। এই ধরনের পথকেই চূড়ান্ত গন্তব্যহল মেনে নেওয়ার কারণ বড়ই গোলমেলে। মনোরঞ্জন বা আনন্দ অনেক বিষয়ের মধ্যেই তো হয়। গল্প কথা শুনলেও তো পূর্ণ মনোরঞ্জন হয়। লোকে রাতের পর রাত জেগে কবিতা শুনতেই থাকে। কিন্তু গল্প শোনা বা কবিতা শোনা কি একই কথা? আমি রসাত্মক কথা বা আখানের কথা বলছি না; কেবল ঘটনা, বৈচিত্রাপূর্ণ কাহিনীগুলির কথা বলছি। কবিতা এবং কাহিনীর পার্থক্য পরিষ্কার, কবিতা শ্রবণকারী কোনোও ভাবে মগ্ন হয় এবং বারবার একই কবিতা শুনতে চায়। কিন্তু গল্পের শ্রোতা পরের ঘটনার জনা ব্যাকুল হয়। কবিতার শ্রোতা বলে, "হ্যা তারপর কি হল ?"

মনকে অনুরঞ্জিত করে তাতে সুখ বা আনন্দ উপস্থিত করাই যদি কবিতার অন্তিম লক্ষ্য ধরা যায় তাহলে কবিতাও বিলাসেরই একটি সামগ্রী হবে। কিন্তু কেউ কি বলতে পারে যে বাশ্মীকির মতো মুনি এবং তুলসীদাসের মতো ভক্ত কেবল এটুকু ভেবেই পরিপ্রম করেছিলেন যে লোকের সময় কাটানোর বেশ একটা উপায় হবে? এর থেকে বেশি কোনো গভীর উদ্দেশ্য কি তাদের ছিল না? খেদের সঙ্গে বলতে হয়, অনেকদিন থেকেই অনেক লোক কবিতাকে বিলাসের সামগ্রী ভেবে আসছেন। হিন্দির রীতি কালের কবিদের তো যেন রাজা মহারাজাদের কামবাসনা উত্তেজিত করার জনাই রাখা হত। একপ্রকার কবিরাজ ধনীদের মুখে মকরধ্বজের রস ঢালতেন অন্য প্রকারের কবিরাজ কানে মকরধ্বজের রসে পিচকারী বর্ষণ করতেন, পরে গ্রীজ্মোপচার প্রভৃতির ব্যবস্থাপত্র কবিরা তৈরী করতে থাকেন।

## সৌন্দর্য

সৌন্দর্য বাইরের কোনো বস্তু নয় মনের ভিতরের বস্তু। ইউরোপীয় কলা সমীক্ষায় একে অনেক উচ্চস্তর বা অনেক দূরের কল্পনা ভাবা হয়েছে। কিন্তু বাস্তবে এটা ভাষার বিশৃত্বালতা ছাড়া আর কিছুই নয়। যেমন বীরকর্ম থেকে পৃথক বীরত্ব কোনো পদার্থই নয়। তেমনি সূন্দর বস্তু থেকে পৃথক সৌন্দর্যের কোনো অর্থ নেই। কিছু রূপ রপ্তের বস্তু এমন হয় যা আমাদের সত্তাকে কিছুক্ষণের জন্য এমনি অধিকার করে নেয় যে তার বোধই লুপ্ত হয়ে যায় এবং আমরা ঐ বস্তুর ভাবনার রূপে পরিণত হয়ে যাই। আমাদের অন্তসত্তার এই কদাকার পরিণতিই সৌন্দর্যের অনুভূতি। বিপরীতে এমন কিছু রূপরঙের বস্তু আছে যার বিশ্বাস বা ভাবনা আমাদের মনে কিছুক্ষণও টিকতে পারে না এবং এক মানসিক আপত্তির মতো মনে হয়। যে বস্তুব প্রতাক্ষ জ্ঞানের ভাবনা তদাকারে পরিণতি যতই অধিক হবে ততটাই সেই বস্তু আমাদের পক্ষে সূন্দর বলা হবে। এই আলোচনায় স্পন্ত যে ভিতর বাহিরের ভেদাভেদ বার্থ। যা ভেতরে আছে তাই-ই বাইরে।

বাইরের এই হাস্য-ক্রীড়ারত, ক্রন্দন বিলাপরত, প্রস্ফুটিত স্লান জগৎ ভিতরেও আছে যাকে আমরা মন বলি। যেমন ঐ জগৎ রূপময় এবং গতিময়, সেরকম মনও। মনও রূপ গতির সগুঘাত। রূপ মন এবং ইন্দ্রিয়াদি দ্বারা সংঘটিত, কিন্তু মনকে ইন্দ্রিয়াদি রূপের দ্বারা সংঘটিত করার প্রয়োজন এখানে নেই। আমাদের তো কেবল এই কথাই বলার যে আমাদের নিজের মন এবং সভার বোধ রূপাত্মকই হয়। কোনো বস্তুর প্রতাক্ষ জ্ঞান বা ভাবনায় আমাদের নিজ সভার ক্রোধের যতটা অধিক তিরোভাব ঘটরে এবং আমাদের মন ঐ বস্তুর রূপে পরিণতি হরে ততটাই আমাদের ঐ বর্দ্ধিত সৌন্দর্যের অনুভূতি লাভ করা যাবে। যে ধরনের রূপরেখা বা বর্ণবিন্যাসে কারও তদাকারে পরিণতি হয় সেধরনের রূপরেখা বা বর্ণবিন্যাস তার পক্ষে সুন্দর। মনুষ্যত্বের সামান্য ভূমিতে পৌঁছানো সংসারের সব সভ্যজাতিদের মধ্যে সৌন্দর্যের এই সামান্য আদর্শ প্রতিষ্ঠিত। ভেদ অধিকতর অনুভূতির মাত্রাতেই পাওয়া যায়। সুন্দরকে কেউ একেবাবেই কুৎসিত বা সম্পূর্ণ কুৎসিতকে কেউ সুন্দর বলে। যেমনটি বলা হয়েছে যে সৌন্দর্যের দর্শন মানুষ মানুষের মধ্যেই কেবল করে না, প্রকৃতরূপে পল্পবযুক্ত ও স্ফ্রীত পুম্পহাস্যে, পাখির পক্ষজালে, সিঁদুরে সান্ধ্যা দিগঞ্চলের মধ্যে, হিরণ্য মেখলা মণ্ডিত মেঘখণ্ড, তুমারাবৃত উচ্চগিরি শিখরে, চন্দ্রকিরণে উদ্ভাসিত ঝরণায় এবং না জানি কতশত বস্তুর মধ্যে সে সৌন্দর্যের ঝলক পায়।

যে সৌন্দর্যের ভাবনায় মন্ন হয়ে মানুষ আপন পৃথক সন্তার প্রতীতিকে বিসর্জন দেয় সে অবশাই এক দিব্য বিভৃতি। ভক্তেরা নিজ উপাসনা বা ধ্যানে এই বিভৃতির অবলম্বন করে। তুলসী এবং সূরদাস এরকমই সগুণোপাসক ভক্ত। রাম এবং কৃষ্ণের সৌন্দর্য ভাবনায় মন্ন হয়ে এমনিই মঙ্গল দশার অনুভব করে গেছেন যার সামনে কৈবলা বা মুক্তি কামনার তুলনা চলে না। কবিতা কেবল বস্তুর রূপ রঙ্গের সৌন্দর্যের ছটাই দেখায় না, সংযুক্ত কর্মের এবং মনোবৃত্তির সৌন্দর্যেরও অত্যন্ত অন্তর দৃশ্য সামনে রাখে। যেমন বিকশিত ক্মল রমণীর মুখমগুল ইত্যাদির সৌন্দর্য মনে আনে, সেরকম উদারতা, বীরত্ব, ত্যাগ, দয়া, প্রেমোৎকর্ম ইত্যাদি কর্ম এবং মনোবৃত্তিগুলির সৌন্দর্যও মনে প্রতিষ্ঠিত করে। যেমন

মৃতদেহকে ছিন্ন বিচ্ছিন্নকারী কুকুর শেয়ালের বীভৎস ব্যাপারের ঝলক দেখা যায় তেমনি নিষ্ঠুরের হিংসাবৃত্তি এবং দুষ্টের ঈর্ষা ইত্যাদির কুরূপতাও ক্ষুব্ধ করে তোলে। এই কুরূপতার অবস্থান সৌন্দর্যের পূর্ণ স্পষ্ট অভিব্যক্তির জন্য বোঝা উচিত। যে মনোবৃত্তির অধিকতর খারাপ দৃশ্য আমরা সংসারে দেখে থাকি তারও সুন্দর রূপ কবিতা খুঁজে খুঁজে আমাদের দেখায়। দশানন নিধনকারী রামচন্দ্রের ক্রোধের সৌন্দর্যে কে না মোহিত হবে ?

যে কবিতা-রমনীর রূপ মাধুর্য আমাদের তৃপ্ত করে সে তার অন্তঃবৃত্তির সুন্দরতারও আভাস দিয়ে আমাদের মুগ্ধ করে। যে বিষমচন্দ্রের লেখনী দূর্গে অবস্থিত তিলোভমার অঙ্গপ্রতাঙ্গের সৌন্দর্য অষ্কিত করেছেন তিনিই নবাবনদিনী আয়েশার অন্তঃস্থলের অপূর্ব স্বাত্তিক জ্যোতির ঝলক দেখিয়ে পাঠককে চমৎকৃত করেছেন। যে রকম বাহ্য প্রকৃতির মধ্যে বন পর্বত নদী নির্মর ইত্যাদির রূপ বিভৃতিতে আমরা সৌন্দর্য মগ্ন হযে যাই, সেই রকম অন্তঃপ্রকৃতির দয়া-দাক্ষিণা, শ্রদ্ধা-ভক্তি ইত্যাদি বৃত্তিগুলির স্লিগ্ধ শীতল আভায় সৌন্দর্যের আলোড়িত রূপ পাই। যদি কোথাও বাহ্য এবং অভান্তর দুই সৌন্দর্যের যোগ চোখে পড়ে তখন আর কিছু বলার থাকে? যদি কোনো অতান্ত সুন্দর পুক্ষের ধীরতা, বীরত্ব সত্যপ্রিয়তা ইত্যাদি অথবা কোনো অতান্ত রূপবতী স্ত্রীব সুশীলতা, কোমলতা এবং প্রেমপরায়নতা ইত্যাদিকেও সামনে রাখা যায় তাহলে সৌন্দর্যের ভাবনা সর্বাঙ্গ পূর্ণ হয়ে যায়।

সুন্দর এবং কুৎসিত কাব্যে কেবল এই দুটি দিকই আছে। খারাপ-ভালো, শুভ-অশুভ, পাপ-পুণা, মঙ্গল-অমঙ্গল, উপযোগী-অনুপ্যোগী এ সমস্ত শব্দ কাব্য ক্ষেত্রের বাইরের বিষয়। এগুলি নীতি অর্থশাস্ত্র ইত্যাদিব শব্দ। শুদ্ধ কাব্য ক্ষেত্রে কোনো কথা না কেবল ভালো, বলা যায়, না খারাপ, না শুভ না অশুভ, না উপযোগী না অনুপ্যোগী সব কথাকেই কেবল দুইরূপে দেখা হয়—— সুন্দর এবং অসুন্দর। যাকে ধার্মিক শুভ বা মঙ্গল বলেন কবি তার সুন্দর দিকের সাহাযো আপনিই মুদ্ধ হন এবং অপরকেও মুদ্ধ করান। যাকে ধর্মজ্ঞ আপনার দৃষ্টি অনুযায়ী শুভ বা মঙ্গল বোঝেন তাকেই কবি আপনার দৃষ্টি অনুযায়ী শুভ বা মঙ্গল বোঝেন তাকেই কবি আপনার দৃষ্টি অনুসারে সুন্দর বলেন। দৃষ্টিভেদ অবশ্যই আছে। ধার্মিকের জীবের কল্যাণ পরলোকে সুখ, ভববদ্ধন থেকে মোক্ষ ইত্যাদির প্রতি দৃষ্টি থাকে কিন্তু কবির দৃষ্টি এই সব বিষয়ের দিকে থাকে না, কবি দেখেন সেদিকেই, যে দিকে সৌন্দর্য দৃষ্ট হয়। এটুকু মনে রাখনেই ঝামেলায় পড়ার আশঙ্কা অনেকাংশেই দূর হয়ে যায়, যে কলার সৎ-অসৎ ধর্ম-অধর্ম প্রভৃতির বিচার হওয়া দরকার কি না, কবিকে উপদেশক হওয়ার প্রয়োজনীয়তা আছে কি নেই।

কবির দৃষ্টি সৌন্দর্যের পানে যায় তা সে যতদুরেই থাকুক— বস্তুত রূপ, রঙে অথবা মানুষের মন, বচন, কর্মের মধ্যে। উৎকর্ষ গঠনের জন্য, প্রভাব বৃদ্ধির জন্য কবিরা অনেক প্রকার সৌন্দর্যের মিলন তো করে থাকেন। রামের রূপমাধুরী এবং রাবণের করালতা ভিতরের প্রতিবিশ্বের মত মনে হয়। মানুষের ভিতর-বাহিরের সৌন্দর্যের সাথে চারপাশের প্রকৃতির ফ্রৌন্দর্যকে এক করে দেওয়ার ফলে বর্ণনার প্রভাব কংনো কংনো অনেক বেড়ে যায়। চিত্রকুটের মতো রমান্থানে, রামচন্দ্র এবং ভরতের মতো এমন রূপবানদের রমণীয়

## চমৎকারিত্ববাদ

কাব্যের সম্বন্ধে 'চমৎকারিত্ব', 'বৈচিত্রা' ইত্যাদি শব্দ অনেক দিন থেকেই আনা হচ্ছে। চমৎকারিত্ব মনোরঞ্জনের সামগ্রী এতে সন্দেহ নেই। এতে যদি কেউ মনোরঞ্জনকেই কাব্যের লক্ষ্য ভেবে কবিতার মধ্যে চমৎকারিতা খোঁজেন তবে তা কোনো আশ্চর্য ব্যাপার হবে না। কিন্তু যারা এর চেয়ে উন্নত এবং গভীর লক্ষ্য বুঝবেন তারা চমৎকারিতামাত্রকেই কাব্য মানতে পারবেন না। আমার চমৎকারিতা কথার অভিপ্রায় এখানে প্রস্তুত বস্তুর আত্মুতত্ত্ব বা বৈলক্ষণ্য নয় যা অভ্যুত রসের আলম্বনে হয়। 'বৈচিত্রা' কথার তাৎপর্য উক্তিব বৈচিত্রোর সঙ্গে জড়িত যার অন্তর্গত বর্ণবিন্যাস (যেমন অনুপ্রাসে), শব্দের খেলা, (যেমন শ্লেম, যমক) বাক্যের বক্রতা বা বাচনভঙ্গি (যেমন কাব্যার্থাপত্তি পরিসংখ্যা, বিরোধভাস, অসঙ্গতি ইত্যাদিতে) তথা অনুপস্থিত বস্তুর অথবা উপস্থিত বস্তুর সাথে তার সাদৃশ্যের অসম্ভব বা দ্রারাড় কল্পনা (যেমন উৎপ্রেক্ষা, অতিশয়োক্তির) ইত্যাদির প্রসঙ্গ আসে।

চমৎকারিতার প্রয়োগ ভাবুক কবিও কবেন কিন্তু তা ভাবের অনুভূতিকে তীব্র করার জন্য। যে রূপ এবং মাত্রায় ভাবের স্থিতি থাকে সেই রূপ এবং মাত্রায় তার প্রকাশের জন্য প্রায়ই কবিদের ব্যঞ্জনার কিছু অসামান্য আকৃতিকে আশ্রয় করার দরকার হয়। কথাবার্তায় দেখা যায় কখনো আমবা কাউকে মূর্খ না বলে বলদ বলি। এর মানে তার মূর্খতার যতখানি গভীর ভাবনা মনে আছে তা মূর্খ শব্দ দিয়ে ঠিক প্রকাশিত হয় না। এটা দেখেই কিছু লোকে এই সিদ্ধান্ত করেছেন যে ভেলকি বা উক্তিবৈচিত্রাই কাব্যের নিত্যলক্ষণ। এই সিদ্ধান্ত অনুসারে কোনো বাক্য যতই মর্মম্পেশী হোক না কেন যদি উক্তি বৈচিত্র্য শূন্য হয় তবে তা কাব্যের অন্তর্গত হবে না আবার কোনো বাক্য যার মধ্যে কোনো ভাব বা মর্মসতা কিছু না থাকলেও যদি শুধু উক্তিবৈচিত্র্য থাকে তবে তাকে খাসা কাব্য বলা যাবে।

কোনো উক্তির গভীরে তার প্রবর্তক রূপে যদি কোনো ভাব বা গভীর অন্তর্বৃত্তি লুকিয়ে থাকে তবে তা যতই বৈচিত্রাপূর্ণ হোক বা না হোক কাব্যের সরলতা তাতে চিরকালই পাওয়া যাবে। কিন্তু কেবল যদি সরল বৈচিত্রা বা চমৎকারিতা আর চমৎকারিতা-ই থাকে তবে কিছুক্ষণের জন্য কিছুটা কৌতৃহল বা মনভরানো হলেও পরে কাব্যের সঙ্গে যুক্ত সরসতাকে পাওয়া যাবে না। কেবল কৌতৃহল তো বালকের আচার। কবিতা শোনা এবং ভেলকি দেখা এক জিনিস নয়। যদি সব রকমের কবিতায় কেবল আশ্চর্য বা কৌতৃহলের সঞ্চার মনে করি তবে তো আলাদা আলাদা স্থায়ীভাবের রসরূপে অনুভূতি এবং ভিন্ন ভাবের আশ্রয়ের সাথে আদাব্যার কোথাও প্রয়োজনই থাকে না।

এ কথা ঠিক যে হৃদয়ের উপর যে প্রভাব পড়ে, তার মর্মের যে স্পর্শ হয় তা উক্তির দ্বারাই হয়। কিন্তু উক্তির জন্য এটা আবশ্যক নয় যে তা সদাই বিচিত্র, অন্তুত বা লোকোতর হোক বা এমন হোক যা খুব একটা শোনা যায় না বা যাতে অনেক দুর্বোধাতা থাকবে। এমন উক্তি যা শুনতেই মন কোনো ভাব বা অন্তর ভাবনায় (যেমন উপস্থিত বস্তর সৌন্দর্য ইত্যাদিতে) লীন না হয়ে একবারেই তার অপূর্ব ঢঙ, বণবিন্যাস বা পদ প্রয়োগের বিশেষাত্ব, দুর্বোধাতা, কবির চাতুরী বা নিপুণতা ইত্যাদির বিচার করতে থাকে তা কাব্য নয় সৃক্তি। অনেক লোক কাব্য এবং সৃক্তিকে একই বোঝেন। কিন্তু এই দুয়ের পার্থক্য সদাই মনে রাখা উচিত। যে উক্তি হৃদয়ে কোনো ভাব জাগরিত করে দেয় বা উপস্থিত বস্তর বা তথ্যের অন্তর ভাবনায় লীন করে দেয় সেটাই হল কাব্য। যে উক্তি কেবল বলার ঢঙের অপূর্বত্ব, রচনা বৈচিত্রা, চমৎকারিতা, কবির পরিশ্রম বা নিপুণতার বিচারে প্রবৃত্ত করে তা হল সৃক্তি।

যদি কোনো উক্তিতে রসাত্মকতা এবং চমৎকারিতা দুইই থাকে তবে প্রাধান্যের বিচার করে সৃক্তি বা কাব্য নির্ণীত হতে পারে। যেখানে উক্তির অপূর্বত্ব অধিক মাত্রায় হওয়া সত্ত্বেও তার গভীরে থাকা ভাব আচ্ছন্ন হয়ে যায় না, তাকেও কাব্যই ধরা হবে।

একটি প্রেমের কবিতার অর্থ হল এই— বিরহে নারীর শরীর গঠনকারী পঞ্চভূত ধীরে ধীরে বেরিয়ে যেতে থাকে। বায়ু দীর্ঘনিঃশ্বাস দ্বারা নির্গত হয়। জলতত্ত্ব সমস্ত অক্রধারাতেই ঝরে যায়। তেজও থাকে না— শরীরের সমস্ত বিভা বা কান্তি যেতে থাকে, পার্থিব তত্ত্ব নির্গত হওয়ার ফলে শরীর ক্ষীণ হয়ে এখন তো তার চারিদিক আকাশ আর আকাশ, চারিদিক শূন্য দৃষ্ট হয়়। যে দিন শ্রীকৃষ্ণ তার দিকে মুখ ফিরিয়ে চেয়েছেন এবং মৃদু মৃদু হেসে তার চিত্তহরণ করেছেন সে দিন থেকেই তার এমন দশা।

এই বর্ণনায় একজন প্রেমের কবি দেব বিরহের ভিন্ন ভিন্ন দশায় চারভূতের নির্গত হওয়ার সুন্দর বর্ণনা যাথার্থ উদ্ভাবনা করেছেন। আকাশের অস্তিত্বও বড় নিপুণতার সাথে চরিতার্থ করেছেন। যমক অনুপ্রাস ইত্যাদিও আছে, সারকথা হল তার উক্তিতে এক পূর্ণ সাবয়ব কল্পনা আছে, আছে বিষয়বস্তর পূর্ণপ্রকাশ, পূর্ণ চমৎকার বা অপূর্বতা। কিম্ব এই চমৎকারিতার মধ্যেও বিরহ বেদনা স্পষ্ট ঝলকিত হয়। যা চোখ ধাধানোয় অদৃশা হয়নি।

এর বিপরীতে কবি বিহারীর ঐ পঙজ্জিগুলি যে কোনো বিরহিনীর শরীরের কাছে
নিয়ে যেতে যেতেই শিশির গোলাপ জল শুকিয়ে যায়, তার বিরহ তাপের দাপটে মাঘ
মাসেও প্রতিবেশীদের বাস করা কঠিন হয়। শ্বাস নেওয়ার জনা বিরহিনী এতই কৃশ
হয়েছেন যে দু-চার হাত পেছিয়ে পড়ে তার শরীর এবং শ্বাস ত্যাগের সময় দু-চার
হাত এগিয়ে উড়ে যায়। এখানে অত্যুক্তির এক বড় কৌতুকই স্থাপিত করা হয়েছে।

এটা বলা হয়েছে যে, উপছে পড়া ভাবের প্রেরণায় প্রায়ই বলার ঢঙে কিছু বক্রতা এসে পড়ে। এরকম বক্রতা কাব্যের প্রক্রিয়ার ভিতরেই থাকে। তার অপূর্বতা ভাব বিধানের বাইরের বস্তু নয়। এ-রকম ভাব প্রেরিত বক্রতা আর এক কবি দ্বিজনেবের মনোহর উক্তির মধ্যেও আছে। প্রেমের ক্ষুরণের বিলক্ষণ অনুভূতি নায়িকার হয়েছে। কখনো চোখে জল আসছে, কখনো নিজের দশায় অবাক লাগে, কখনো হালকা হাসিও এসে যায় ব্লে, কি জ্বালায় পড়লাম। এর মধ্যে অন্তরক্ষ সখীকে সামনে পেয়ে কিঞ্চিত রক্ষ করার প্রবৃত্তিও হয়। এমন চিতর্তির অবকাশ সব সময়ই আসে না। কৃষ্ণের ভক্ত সুরদাসের

ভ্রমরগীত এমনি ভাব প্রেরিত বক্র উক্তিতে পূর্ণ।

উক্তির তত্দূর পর্যন্ত বাচনভঙ্গি বা বক্রতার সম্বন্ধে কুন্তুলর্মশাইয়ের "বক্রোজিঃ কাব্যজীবিতম্" আমাদের পক্ষে মানা তত্দূর সম্ভব যতদূর পর্যন্ত তা ভাবানুমোদিত হয় বা কোনো গভীর অন্তর্গতির সঙ্গে সংবদ্ধ হয়, তার বেশী নয়। কুন্তুলমশায়ের বক্রতা বহু ব্যাপক যার অন্তর্গত বাক্য বৈচিত্র্যের বক্রতা এবং বস্তু বৈচিত্র্যের বক্রতা দুই-কেই তিনি গ্রহণ করেছেন। সালস্কৃত বক্রতার চমৎকারিতার মধ্যেই তিনি কাব্যন্থ মেনেছেন। ইউরোপেও আজকাল ক্রোচের প্রভাবে একপ্রকার বক্রতা খুব জোরের সঙ্গে চালিত। বিলিতি বক্রোক্রিবাদ লক্ষণ প্রধান। লাক্ষণিক চপলতা এবং প্রগল্ভতার মধ্যে, উক্তির অপূর্ব স্বরূপের মধ্যেও অনেক লোক কবিতার সন্ধান পান। উক্তিই যে কাব্য এটা তো সিদ্ধ বিষয়। আমাদের এখানেও বাঞ্জনাযুক্ত বাক্যকে কাব্য ধরা হয়। এখন প্রশ্ন হল কেমন উক্তি, কি ধরনের ব্যঞ্জনাকারী বাক্য ? বক্রোক্তিবাদী বলবেন যে এমন উক্তি যাতে কিছু বৈচিত্র্য বা চমৎকারিতা আছে ব্যঞ্জনী যারই হোক না কেন বা কোনো ঠিক ঠিক কথার না হলেও যেমনটি আগে বলেছি মনোরঞ্জন মাত্র কাব্যের উদ্দেশ্য, যাঁরা না মানেন তাঁরা এ কথার সমর্থন করতে অসমর্থ হবেন। তাঁরা কোনো লক্ষণে অবশ্যই তার প্রয়োজন শুজবেন।

#### কবিতার ভাষা

আমি প্রথমেই বলে এসেছি কবিতায় বলা কথার চিত্ররূপ আমাদের সামনে আসা প্রয়োজন। সূতরাং তার মধ্যে গোচর রূপের বিধান অধিক হয়। তা প্রায় এমন রূপ এবং ব্যাপারকে গ্রহণ করে যা স্বাভাবিক এবং সংসারের মধ্যে সবচেয়ে বেশী মানুষকে সবথেকে বেশী দৃষ্ট হয়।

অগোচর কথাগুলি যতখানি সম্ভব কবিতা স্থূলগোচর রূপে রাখার প্রয়াস করে। এই মূর্তি বিধানের জন্য সে ভাষার লক্ষণ শক্তি দ্বারা কাজ আদায় করে। যেমন সময় গত হয় বলার চেয়ে সময় বয়ে যায় বলা সে বেশী পছন্দ করে। কোনো কাজ থেকে হাত গোটানো, কারও টাকা হজম করা; কোনো কথা গিলে ফেলা, দিন চলে যাওয়া, মনমরা, মন স্পর্শ করা, শোভা বর্ষণ করা, উদাসী ভাবনা ইত্যাদি এমন-ই সব কবি উক্তি যা কথাবার্ত্তায় রুচি হয়ে এসেছে। লক্ষণ দ্বারা স্পষ্ট, এক সজীব আকারের বিধান প্রায় সব দেশের কবি কর্মের মধ্যে পাওয়া যায়। ভাবনাকে মূর্তরূপে রাখার আবশ্যকতা হেতু কবিতার ভাষায় অপর বিশেষত্ব এই থাকে যে তার মধ্যে জাতি সংকেতকারী শব্দের চেয়ে বিশেষ রূপ-ব্যাপার সূচক শব্দ বেশী থাকে। এমন শব্দ আছে যাতে কোনো একটি নয় বরং অনেক রূপ বা ব্যাপারের এক সাথে চলিত অর্থ গৃহীত হয়। এমন শব্দকে আমরা জাতি সংকেত বিল। এগুলি মূর্ত বিধানের প্রয়োজনের জন্য নয়। কেউ বলল, "সেখানে বড় অত্যাচার চলছে" এই অত্যাচার শব্দের অন্তর্গত মার-পিট বকাঝকা লুট-পোট ইত্যাদি অনেক ব্যাপারের সংকেত হতে পারে। অতএব 'অত্যাচার' শব্দকে শুনলে ঐ সব ব্যাপারগুলির একটি সম্মিলিত অস্পষ্ট ভাবনা অল্প কিছুক্ষণের জন্য মনে আসে।

কিছু বিশেষ ব্যাপারের স্পষ্ট চিত্র বা মূর্ত রূপ প্রতিষ্ঠিত হয় না। তাই এই শব্দগুলি কবিতার অত কাজে আসে না। এতগুলি তত্ত্বনিরূপণ শাস্ত্রীয় বিচার ইত্যাদিতেই অধিক উপযোগী। ভিন্ন ভিন্ন শাস্ত্রে অনেক শব্দ তো বিলক্ষণী অর্থ প্রকাশ করে এবং পারিভাষিক কথিত হয়। শাস্ত্র মীমাংসক তত্ত্ব নিরূপণকারীকে কোনো তথা বা তত্ত্ব পর্যন্ত উপস্থিত হওয়ার তাড়া থাকে এর ফলে সে কোনো সামান্য ধর্মের অন্তর্গত আগমনকারী অনেক কথাকে এক জ্ঞান করে নিজের কাজ চালিয়ে নেয়, প্রত্যেকটির ভিন্ন ভিন্ন দৃশ্য দেখা বা দেখানোব সমস্যায় পড়ে না।

কিন্তু কবিতা কিছু বস্তু বা ব্যাপার গুলিকে মনের ভিতর মূর্ত রূপে আনতে এবং তার প্রভাব বিস্তার করার জন্য রাখতে চায়। সূতরাং উক্তপ্রকারের ব্যাপক অর্থ সংকেতেই তার কাজ চলে না। এতে যেখানে তাকে অবস্থাব বর্ণনা কবার থাকে সেখানে সে তার সবচেয়ে বেশী মর্মম্পশী কিছু বস্তু বা ব্যাপার গুলিকে নিয়ে তার চিত্র দাঁড় কবানোর আয়োজন করে। যদি কোনো জায়গায় ঘোর অত্যাচার-এব বর্ণনা কবার দরকার হয় তবে সে অনেক কিছু নিরপবাধ ব্যক্তির হত্যা, ভীষণ যন্ত্রণা, স্ত্রী শিশুব উপর নিষ্ঠুর আঘাতেব দৃশ্য সামনে রাখবে। "সেখানে খুব অত্যাচার হচ্ছে" বাক্যদ্বারা কোনো প্রভাব উৎপন্ন করতে পাববে না। অত্যাচার শব্দের অস্তর্গত না জানি কত ব্যাপার আসতে পাবে সূতরাং তাকে শুনে বা পড়ে খুব সম্ভব ভাবনায় একটি ব্যাপারও স্পষ্ট রূপে আসবে না, এলেও তা এমন, যাতে মর্মক্ষুক্বকারী শক্তি থাকবে না।

উপর্যুক্ত বিচারে কোনো ব্যবহার বা শাস্ত্রের পারিভাষিক শব্দও কাব্যের মধ্যে আনার যোগ্য মানা যায় না। আমাদের এখানে আচার্যরা পারিভাষিক শব্দের প্রয়োগে অপ্রতীত্ব দোষ ধরেন। কিন্তু দোষ স্পষ্ট হলেও তা চমৎকারিত্বপ্রেমীরা কবে তা মেনেছেন? সংস্কৃতের অনেক কবি বেদান্ত, আয়ুর্বেদ, ন্যায়ের পারিভাষিক শব্দকে নিয়ে নিজেকে বহুজ্ঞাত দেখানোর জন্য বড় বড় চমৎকার দেখিয়েছেন। হিন্দীর কোনো মামলাবাজ কবিত্বকারী "প্রেমফৌজদারী" নামের একটি ছোট পুস্তকে শৃসাররসের কথা আদালত-মামলার উপর ঘাটা করে লিখেছেন। "এক তরফা ডিক্রী" 'তনকীহ' এমন শব্দগুলি চারপাশে যা শোভা পাচ্ছে, যাকে শুনে কিছু অশিক্ষিত বা নিমুক্রচি মানুষ বাহবা দিয়ে থাকেন।

শাস্ত্রের ভিতর নিরূপিত তথাকে যখন কোনো কবি আপনার রচনার ভেতর নেন, তখন তা পারিভাষিক তথা অধিক ব্যাপ্তিসম্পন্ন জাতি-সংকেত শব্দগুলি সরিয়ে সেই তথ্যকে প্রকাশকারী কিছু অন্তঃরূপ এবং ব্যাপারের চিত্রণ করেন। কবি মৃর্ত এবং গোচর রূপের দ্বারাই নিজের কথা বলেন। গোস্বামী তুলসীদাসের মায়া সম্পর্কে এমন বর্ণনা আছে যাতে তিনি মায়াবদ্ধ জীবের অজ্ঞানদশা কাব্য-পদ্ধতিতে বর্ণনা করেছেন। প্রাণী সারা জীবন ধরে ক্লেশ নিবারণ এবং সুখপ্রাপ্তির যেমন প্রয়াস করে থাকে এবং যেমন করে সারা জীবনে বাস্তবিক সুখ প্রাপ্তি থেকে বঞ্চিত হয় তাও আমাদের সামনে রেখেছেন, এরকম উদাহরণ তার রচনায় পাওয়া যায়।

ভবিষাট্রতর জ্ঞান অত্যস্ত অস্ত্রুত এবং রহস্যময় যার কারণে আসন্ন বিপদের কিছুমাত্র ভাবনা না করে স্বীয় অবস্থায় মগ্ন হয়। এই কথাকেও গোস্বামী তুলসীদাস বলির পশু হরিৎতৃণ ক্ষেত্রে চারণ করছে এই চিত্র দ্বারা প্রকাশ করেন। ইংবেজ কবি পোপও ভবিষ্যৎ সম্বন্ধে জ্ঞানহীনতার অন্তর হবি গ্রহণ করেছেন, যদিও তিনি এই অজ্ঞানতাকে ঈশ্বরের বড়ই পরম অনুগ্রহ বলেছেন।

কথাবার্তার মধ্যে যখন কাউকে তার বর্ণনা দিয়ে কোনো মর্ম তথ্যের উৎপত্তি করতে হয় তখন সে এই পদ্ধতিরই অবলম্বন করে। যদি নিজের স্ত্রীর ওপর অত্যাচারকারী কোনো ব্যক্তিকে তার বোঝাবার দরকার হয় তবে সে বলবে, 'তুমি আমার স্ত্রীর হাত ধরেছ', এটা বলবে না যে তুমি একে বিবাহ করেছ। বিবাহ শব্দের অন্তর্গত না জানি কত বিধি-বিধান আছে যার সবগুলি একমুর্গৃতে মনে আসতে পারে না। এলেও তা অত বাঞ্জক বা মর্মম্পশী হয় না। সূত্রাং বক্তা তার মধ্যে সবচেয়ে বেশী বাঞ্জক এবং স্বাভাবিক ব্যাপার 'হাত ধরা' যাতে আশ্রয় দেওয়ার চিত্র সামনে আসে তাকেই ভাবনায় আনে।

তৃতীয় বিশেষত্ব কবিতার ভাষাব বর্ণ-বিন্যাসের। 'গুরু কুক্ষ তিষ্ঠতাগ্রে' এবং 'নিরসতরুরিহ বিলসতি পুরতঃ' এব পার্থক্য আমাদের পণ্ডিত মণ্ডলীতে বহুদিন থেকে প্রসিদ্ধ— চলে আসছে। কাব্য একটি বহু ব্যাপক কলা। যেমন কবিতা চিত্রবিদ্যাব প্রণালী অনুসরণ করে তেমন নাদ-সৌষ্ঠাবের জন্য সে সংগীতের কিছু কিছু আগ্রয় নেয। শ্রুতিকট্ট ভেবে কিছু বর্ণের ত্যাগ, বৃত্তিবিধান, লয় অন্ত্যানুপ্রাস ইত্যাদি নাদ-সৌন্দর্য সাধনের জন্যই ব্যবহৃত। নাদ-সৌষ্ঠবের জন্য নিরূপিত বর্ণ বিশিষ্টতাকে আমাদের হিন্দী কবিরা এতদুর टिंप्स निरा (शष्ट्रम रा जाँपात जाराक तहना औदीन এवः ভादगुना द्रा श्राष्ट्र, जात মধ্যে অনুপ্রাসের দীর্ঘ সুর বর্ণ বিশেষের নিরন্তর আবৃত্তি ছাড়া আর কিছুর প্রতি নজর যায় না। যে কথা ভাব বা রসের ধারা মনের ভিতর অধিক প্রসারিত করার জন্য ছিল তা আলাদা চমক বা কৌতুক দ্রষ্টানোর কাজে নেওয়া হয়েছিল। নাদ সৌন্দর্যে কবিতার জীবনকাল বাড়ে। তালপত্র, ভূর্জপত্র, কাগজ প্রভৃতির আগ্রয়ে চলে যাবার পরও তা বহুদিন লোকের জিহ্বার °পরে নৃত্য করতে থাকে। অনেক উক্তিকেই লোকে তার অর্থেব রমণীয়তা ইত্যাদির দিকে মনকে টেনে নিয়ে যাওয়ার ক্লেশ ছাড়া প্রসন্ন চিভাবস্থায় তা গুনগুন করে থাকে। সুতরাং নাদ সৌন্দর্যের যোগ, কবিতার পূর্ণ স্বরূপ নির্মাণের জন্য কিছু না কিছু আবশ্যক। একে আমবা সম্পূর্ণরূপে সরাতে পারি না। যিনি অন্ত্যানুপ্রাসকে নিরর্থক ভাবেন, তিনি ছন্দকে আঁকড়ে ধরে থাকেন। যিনি ছন্দকে নিরর্থক ভাবেন তিনি नरुप्रत भर्या नीन र्खप्रात श्राम करतन। मःश्रुट्जत मार्थ मञ्चन्नतः कारा छनित মধ্যে নাদ সৌন্দর্যের সমাবেশের জন্য অনেক অবকাশ থাকে। সূতরাং ইংরেজি প্রভৃতি অন্য ভাষাগুলির দেখাদেখি যাতে এর জন্য খুব অল্লই স্থান আছে, আমাদের কবিতাকে এর থেকে বঞ্চিত কেমন করে করতে পারি ?

আমাদের কাব্য ভাষার এক চতুর্থাংশ বিশেষত্ব যা সংস্কৃত থেকে এসেছে, তা হল কোথাও কোথাও ব্যক্তির নামের স্থলে তার রূপ-গুণ-কার্য বোধক শব্দের বাবহার। ওপর থেকে দেখলে মনে হয় পদ্যের মাপা চরণের মধাে শব্দ গ্রন্থনা করা হয়েছে। কিন্তু একটু বিচার করে দেখলে তার গুরুতর উদ্দেশ্য প্রকট হয়। সত্যি বলতে গেলে এটা কৃত্রিমতা বাঁচানোর জন্য করা হয়। যথার্থই মানুষের নাম কৃত্রিম সংকেত যাতে কবিতার পূর্ণ পরিপুষ্ট হয় না। অতএব কবি মানুষের নামের পরিবর্তে কখনো কখনো তার এমন রূপ-গুণ বা ব্যাপারের দিকে ইঙ্গিত করেন যা স্বাভাবিক এবং অর্থবহ হওয়ার দক্ষন শ্রোতার ভাবনা প্রস্তুতিতে সাহায্য করে। গিরিধর, মুরারী, চক্রপানি, দীনবন্ধু, মুরলীধর, সব্যসাচী ইত্যাদি শব্দগুলি এইরূপ।

এইরূপ শব্দ শোনার সময় এই কথা স্মরণে রাখা দরকার যে তা যেন প্রকরণ বিরুদ্ধ এবং সময়ের প্রতিকৃল না হয়। যেমন যদি কোনো মানুষ কোনো দুর্ধর্ষ অত্যাচারীর হাত থেকে মুক্তি পেতে চায় তবে তার পক্ষে হে গোপিকারমন! হে বৃন্দাবনবিহারী সম্বোধন করার চেয়ে, হে মুরারী, হে কংসনিকন্দন প্রভৃতি শব্দে সম্বোধন করা অধিক উপযুক্ত। কেননা প্রীকৃষ্ণের কংস প্রভৃতি দুষ্টদের নিধনকারী রূপ দেখে তার নিজেরও রক্ষা পাওয়ার আশা জন্মায়, প্রীকৃষ্ণের বৃন্দাবনে গোপিনীদের সাথে বিহাররত রূপ দেখে নয়। এই ভাবে কোনো বিপদ থেকে উদ্ধার পাওয়ার জন্য কৃষ্ণকে মুরলীধর বলে ডাকার চেয়ে, গিরিধর বলে ডাকা অধিক অর্থসংগত।

#### অলম্বার

কবিতায় ভাষার সব শক্তি থেকে কাজ আদায় করতে হয়। বস্তু বা ব্যাপারের ভাবনাকে চটকদার এবং ভাবকে বেশী উৎকর্ষতায় পৌঁছনোর জন্য কখনো কোনো বস্তুর আকার বা গুণ অনেক বাড়িয়ে দেখানো হয়। কখনও তার রূপ, রঙ বা গুণের ভাবনাকে ঐ রকম আরও রূপ-রঙ মিলিয়ে তীব্র করাব জন্য সমান রূপ এবং ধর্মযুক্ত আরও অনেক বস্তুকে সামনে এনে রাখতে হয়। কখনও কখনও কথাকে গুরিয়ে ফিরিয়ে বলতে হয়। এইভাবে ভিন্ন ভিন্ন বর্ণনা এবং উক্তির ঢংকে অলঙ্কার বলে। এর সাহায্যে কবিতা তার প্রভাব অনেকটা বাড়ায়। কখনও কখনও এর সাহা্য্য বিনা কাজই চলে না। কিন্তু সাধ্যে সাথে এটাও স্পষ্ট যে এগুলি সাধন, সাধ্য নয়। সাধ্যকে ভুলে গিয়ে একেই সাধ্য মেনেনিলে কবিতার রূপ কখনও কখনও এমন বিকৃত হয়ে যায় যে তা তখন কবিতা থাকে না। পুরানো কবিতায় কোখাও কোথাও একথার উদাহরণ মেলে।

অলঙ্কার অপ্রস্তুত বস্তু যোজনার রূপেই হোক (যেমন উপমা, রূপক, উৎপ্রেক্ষা) বাক্য-বক্রতার রূপেই হোক (অপ্রস্তুত প্রশংসা, পরিসংখ্যা, ব্যাজস্তুতি বিরোধ ইত্যাদি), বর্ণ বিন্যাসের রূপেই হোক (যেমন অনুপ্রাস) তাকে আনা হলে তা প্রস্তুত ভাব বা ভাবনার উৎকর্ষ সাধনের জনাই আনা হয়। মুখের বর্ণনায় যে কমল, চন্দ্র, ইত্যাদি সামনে রাখা হয় এই কারণেই যাতে এদের বর্ণরুচিতা, কোমলতা, দীপ্তি ইত্যাদির যোগে সৌন্দর্যের ভাবনা আরও বাড়ে। সাদৃশ্য বা সাধন দেখানো উপমা, উৎপ্রেক্ষা ইত্যাদির প্রকৃত লক্ষ্য নয়। এই কথাকে ভুলে কবি পরম্পরায় এমন অনেক উপমান চালানো হয়েছে যা আলোচ্য ভাবনায় সহায়তা সৃষ্টির বদলে বাধা আরোপ করে। যেমন নায়িকার অঙ্গ বর্ণনা সৌন্দর্য ভাবনা প্রতিষ্ঠিত করার জনাই করা হয়। এইরকম যদি কটিদেশের বর্ণনা প্রসঙ্গ কালে সিংহ বা নেকড়ের কোমরের দৃষ্টাস্ত আনা হয় তাহলে কি সৌন্দর্যের ভাবনা বর্দ্ধিত হবে? প্রভাত সূর্যের ছবি সন্ধন্ধে এইরূপ উক্তি "হে শোণিত কলিতকলাপ এই কিল কাপালিক

কাল" অথবা পাহাড়ের চূড়ায় উত্থিত মেঘখণ্ডের উপর চন্দ্রের ছবি সম্বন্ধে মনে হয় যেন উটের পীঠে গোল ঘন্টা শোভা পাচ্ছে। এর দ্বারা দুর্বোধ্যতা প্রকট হলেও আলোচ্য সৌন্দর্য ভাবনার কিছুমাত্র পৃষ্টি হয় না।

কিন্তু যাঁরা চমৎকারিত্বকেই কাব্যের স্বরূপ মনে করেন তাঁরা অলঙ্কারকে কাব্যের সর্বস্থ বলতে চান। ভরতমুনি রসের প্রধানতার দিকে ইঞ্চিত করেছিলেন; কিন্তু ভামহ, উদ্ভূট প্রভূতি কিছু প্রাচীন আচার্যরা বৈচিত্র্যের আঁচল ধরা অলঙ্কারকে প্রাধান্য দিয়েছিলেন। এনের মধ্যে অনেক আচার্য অলঙ্কার শব্দের প্রয়োগ ব্যাপক অর্থে রস, রীতি, গুণ প্রভূতি কার্যে প্রযুক্ত হয় এমন সারা সামগ্রীর অর্থেই করেছেন। কিন্তু যেমন শাস্ত্রীয় বিচার গভীর এবং সৃদ্ধ হতে চলেছিল তেমনই সাধ্য সাধনাকে পৃথক করে কাব্যের নিতাস্বরূপ বা মর্মশরীরকে পৃথকীকরণ করার প্রয়াস বেড়ে চলেছিল। রুদ্র এবং মন্মটের সময় থেকে কাব্যের প্রকৃত স্বরূপ ব্যাপ্ত হতে হতে বিশ্বনাথ মহাপাত্রের সাহিত্য দর্পণে পরিষ্কার রূপে এসে গিয়েছিল।

প্রাচীন গোলমাল অনেকদিন হল মিটে গেছে। বর্গ-বস্তু এবং বর্গনপ্রণালীকে অনেকদিন পূর্বে পৃথক করা হয়েছিল। প্রস্তুত-অপ্রস্তুতের পার্থক্য বিচার এবং নির্দয়ের সোজা রাস্তা খুলে দিয়েছিল। এখন এটা স্পষ্ট হয়ে গেছে যে অলঙ্কার প্রস্তুত বা বর্গ বস্তু নয় বরং বর্গনার ভিন্ন ভিন্ন প্রণালী, বলার প্রধান প্রধান কৌশল। কিন্তু প্রাচীন অব্যবস্থার ম্মারক স্বরূপ কিছু অলঙ্কার এমন চলে আসছে, যা বর্গন বস্তুর নির্দেশ করে এবং যাকে অলঙ্কার বলা যায় না— যেমন স্বভাবোক্তি, উদাত্ত, অত্যুক্তি। স্বভাবোক্তিকে নিয়ে কিছু অলঙ্কার প্রেমী বলে বসেন, প্রকৃতির বর্গনাও তো স্বভাবোক্তি অলঙ্কার। কিন্তু স্বভাবোক্তি অলঙ্কার পর্যায়ে আসতেই পারে না। অলঙ্কার বর্গন করারই প্রণালী। যে বস্তু বা তথ্যের উক্তিকে চাই, তা আমরা কোনো অলঙ্কার প্রণালীর মধ্যে আনতে পারি। কোনো বস্তু বিশেষের সাথে অলঙ্কার প্রণালীর সম্বন্ধ হতে পারে না। কোনো তথ্য পর্যন্ত তা পরিচিত থাকতে পারে না। বস্তু নির্দেশ অলঙ্কারের কাজ্ব নয়, রস ব্যবস্থার বিষয়। কোনো কোনো বস্তু, চেষ্টা বা ব্যাপারগুলির বর্ণনা কোনো কোনো রসের বিভাব বা অনুভাবের অন্তর্গত হবে তার সূচনা রসনিরূপণের অন্তর্গতই হতে পারে।

অলঙ্কারের মধ্যে স্বভাবোক্তির ঠিক ঠিক লক্ষণ নিরূপণ হতে পারেনি। কাব্য প্রকাশকারিকায় এই লক্ষণ দেওয়া হয়েছে—

"স্বভাবোক্তিন্ত ডিস্তাদেঃ স্বক্রিয়া রূপ-বর্ণমম্"।

অর্থাৎ যাতে "বালকাদিদের নিজ ক্রিয়ার বা রূপের বর্ণনা থাকবে তাই-ই স্বভাবোক্তি"। প্রথম বালকাদি পদের ব্যাপ্তি কতটা তা স্পষ্ট নয়। সূতরাং এটা বোঝা যেতে পারে সৃষ্টি বস্তুর রূপ এবং বর্ণনই স্বভাবোক্তি। যাই হোক, বালকের রূপচেষ্টাকে নিয়েই স্বভাবোক্তি অলঙ্কারের বিচার করুন। বাদ্দকের রূপ প্রভৃতির বর্ণনা আলম্বন বিভাবের বাৎসল্যের অন্তর্গত এবং তার চেষ্টা প্রভৃতির বর্ণনা উদ্দীপন বিভাগের অন্তর্গত হবে। প্রস্তুত বস্তুর রূপ ক্রিয়া প্রভৃতির বর্ণনাকে রঙ্গ ক্ষেক্র থেকে টেনে অলঙ্কার ক্ষেত্রে আমরা কখনও

নিয়ে যেতে পারি না। 'মম্মটের' ঢঙ এবং আচার্যের লক্ষণও আছে। অলম্কার সর্বস্থকার

#### রাজানকরুযাক বলেন---

"সৃষ্মবস্ত- স্বভাব- যথাবদ্বনর্ণং স্বভাবোক্তিঃ।"
আচার্য দন্তী অবস্থার যোজনা করে এই লক্ষণ লিখেছেন—
নানাবস্থং পদার্থানাং রূপং সাক্ষাদ্বিবৃদ্বতী।
স্বভাবোক্তিশ্চ জাতিশ্চেত্যাদ্যা সালঙ্কৃতির্যথা॥"
কথা হল এটাই যে স্বভাবোক্তি অলঙ্কারের ভিতর আসতে

কথা হল এটাই যে স্বভাবোক্তি অলঙ্কারের ভিতর আসতেই পারে না। বক্রোক্তিবাদী কুন্তলও একে অলঙ্কার বলে মানেননি।

যেরকম এক কুরূপা স্ত্রী অলঙ্কারে বিভূষিত হয়েও সুন্দরী হতে পারে না, সেরকম আলোচা বিষয়ের মধ্যে বস্তু বা তথ্যের রমণীয়তার অভাবে অলঙ্কারেব প্রাচুর্য কাব্যের সজীব স্বরূপ দাঁড় করাতে পারে না। কেশবদাসের এমন অনেক পাঁচিশী পদ্য আছে যার মধ্যে আগা গোড়া উপমা এবং উৎপ্রেক্ষায় ভরা শব্দ সাম্যের বড় বড় খেলা-চাতুরী যুক্ত তবুও তার দ্বারা কোনো অন্তর অনুভূতি উৎপন্ন হয় না। একে কোনো সদহাদয় বা ভাবুক কাব্যে বলবে না, আচার্যরাও 'অলঙ্কার'কে 'কাব্য-শোভাকর', 'শোভাতিশায়ী' ইত্যাদি বলেহেন। মহারাজ ভোজও অলঙ্কারকে 'অলমর্থলঙ্কতু'ই বলেছেন। প্রথম থেকে সুন্দর অর্থকেই অলঙ্কার শোভিত করতে পারে। সুন্দব অর্থকে শোভিত করতে যে অলঙ্কার প্রযুক্ত হয় না তা কাব্যালঙ্কারই নয়। তা হলো এমন যেন শরীর থেকে খুলে নিয়ে কোনো আলাদা কোণে বেখে দেওয়া অলঙ্কারের স্থূপ। কোনো ভাব বা মর্ম ভাবনা থেকে অসম্পুক্ত অলঙ্কার চমৎকার বা রপ্তের মতো। চমৎকারের বর্ণনা আগেই করা হয়েছে।

অলদ্ধার তবে কী? সৃদ্ধ দৃষ্টি সম্পন্নবা কাবোর সুন্দর সুন্দর জায়গা বাছাই করেন এবং তার রমণীয়তার কারণ শুঁজতে থাকেন। বর্ণনশৈলী বা বলার পদ্ধতিব মধ্যে এমন লোকেদের যেমন যেমন বিশেষত্ব বোধ হচ্ছিল তার নামকরণ কবে চলেছিলেন। যেমন 'বিকল্প' অলদ্ধারের নির্ধারণ প্রথম প্রথম রাজানকরয়াক করেছিলেন। কে বলতে পারে কাবোর যত রমণীয় স্থল আছে সব খোঁজা হয়েছে, বর্ণনার যত সুন্দর প্রণালী হতে পারে সব নির্মাপত হয়ে গেছে অথবা যে যে জায়গা রমণীয় লেগেছে তার রমণীয়তার কারণ বর্ণনপ্রণালীতেই ছিল? আদি কাবা রামায়ণ থেকে আবস্তু করে এখনকার কাব্য পর্যন্ত না জানি কত বিচিত্র বর্ণনপ্রণালীতে ভরে আছে যা না নির্দিষ্ট করা হয়েছিল, না তার কিছু নাম রাখা হয়েছিল।

## কবিতার উপর অত্যাচার

কবিতার উপর অত্যাচারও কিছু হয়েছে। লোভীরা, স্বার্থাম্বেমীরা, তোমামুদেরা তার গলা টিপে কোথাও অপাত্রদের মাথায় তুলে বন্দনা করিয়েছে, কোথাও দ্রব্য না দানকারীর নিরাধারে নিন্দা করেছে। এমন তুচ্ছ বৃত্তিসম্পদ্মদের হৃদয় কবিতা বাসের যোগ্য নয়। কবিতাদেবীর মন্দির উঁচু, খোলা, বিস্তৃত, পবিত্র হৃদয়ে। সত্যিকারের কবি রাজার বাহন; ঐশ্বর্যের মধ্যে সৌন্দর্য খোঁজেন না। তার তৃণাচ্ছাদিত কুটীরে ধূলা কর্দমাক্ত কৃষকের মধ্যে, শাবকের মুখে অন্ন যোগানরত পাখিদের মধ্যে, ধাবমান সারমেয়, টোর্যবৃত্তিরত মার্জারের

# ১৩৪/নির্বাচিত প্রবন্ধ সংকলন

মধ্যেও কখনো কখনো এমন সৌন্দর্যের দর্শন করেন যার ছায়াও প্রাসাদ এবং দরবারের মধ্যে পৌঁছতে পারে না। শ্রীমানের শুভাগমনে পদা বানানো এবং কথায় কথায় তাকে শুভেচ্ছা দেওয়া কবির কাজ নয়। যার রূপ এবং কর্মকলাপ জগৎ এবং জীবনের মাঝে তার সুন্দর লাগে তারই বর্ণনায় সে 'স্বাস্তঃসুখায়' প্রবৃত্ত হয়।

# কবিতার আবশ্যকতা

মানুষের জন্য কবিতা এতই প্রয়োজনীয় বস্তু যে সংসারের সভা অসভা সব জাতির মধ্যে কোনো না কোনো রূপে পাওয়া যায়। ইতিহাসের না হোক, দর্শনের না হোক, বিজ্ঞানের না হোক কবিতার প্রচার অবশাই থাকবে। কথা হল যে মানুষ নিজেরই ব্যাপারকে এমন সদন ও জটিল মণ্ডলের মধ্যে বেঁধে চলে আসছে যার মধ্যে বন্দী হয়ে সে বাকি সৃষ্টির সাথে নিজ সম্বন্ধ বিশ্বতের মতো থাকে। এই পবিস্থিতিতে মানুষের নিজের মনুষাত্ব হাবাবার ভয় থাকে। এর থেকে অন্তঃপ্রকৃতিব মধ্যে মনুষাত্বকে সময় সময় জাগিয়ে রাখার জন্য কবিতা মানব জাতির সঙ্গে সংলগ্ন হয়ে চলে আসছে এবং ভবিষাতেও চলবে। পশুদের এর প্রয়োজন নেই।

1900

অনুবাদ: সোমনাপ্ব ব্যানাজী বিষ্ণুপদ দত্ত

# কাব্যে লোকহিত এবং মাধুর্য

আত্মবোধ ও বিশ্ববোধের মাঝখানে জ্ঞানীরা একটি গভীর খাদ খনন করেছেন। কিষ্ক মানুষের হৃদয় কখনো তাকে গ্রাহ্য করেনি। দুটি ভাবনাকেই সে অভিন্নরূপে গ্রহণ করে অগ্রসর হতে থাকে। এই দৃশ্য জগতের মাঝে যে আনন্দ-মঙ্গলের বিভৃতির দেখা পাওয়া যায়, তারই স্বরূপের নিত্য এবং চরম ভাবনার দ্বারা ভক্তের হৃদয়ে ভগবানের স্বরূপ প্রতিষ্ঠিত হয়েছে। লোকজগতে এই স্বরূপের প্রকাশকে কেউ 'রামরাজা' বলেছেন, কেউ বলেছেন 'স্বর্গরাজা'। যদিও মুসাপন্থী ও তাঁদের অনুগামী সৃষ্টানদের ধর্ম-পুস্তকে আদমকে খোদার প্রতিমূর্তি বলা হয়েছে। আবার জগতে নরের মধ্যেই নারায়ণের দিব্য কলার সম্যক দর্শন এবং তাঁর প্রতি হৃদয়ের পূর্ণ নিবেদন ভারতীয় ভক্তিমার্গেই দেখা গেছে।

শক্তি, জ্ঞান ও আনন্দ— ব্রহ্মার এই তিনটি স্বরূপের মধ্যে কাব্য এবং ভক্তিমার্গের মধ্যে ফুটে উঠেছে 'আনন্দ' স্বরূপ। ভেবে দেখলে, মানুষের মধ্যে এই আনন্দের অভিব্যক্তিকে আমরা অবস্থানগত দৃষ্টিভঙ্গিতে দুভাবে বিরাজমান দেখি— সাধনাবস্থা ও সিদ্ধাবস্থা। ব্রহ্মার আনন্দ স্বরূপের অভিব্যক্তির সতত আভাস থাকে না, তার আবির্ভাব এবং তিরোভাব ঘটতে থাকে। এই জগতে সদা এবং সর্বত্র না প্রাণচঞ্চল বসন্ত বিকশিত হয়ে থাকে, না থাকে সুখ-সমৃদ্ধিপূর্ণ হাসি-উল্লাস। শিশিরের আতদ্ধে সংকৃচিত এবং ঝড়-ঝঞ্কার আঘাত সহ্য করে দাঁড়িয়ে থাকে যে বনস্থলী, তার বিষমতা ও হীনতার ভেতর থেকেই ক্রমশ অম্পন্ট হয়ে ফুটে উঠতে থাকে আনন্দের অরুণাভা। অবশেষে তাই বসন্তের অখণ্ড প্রফুল্লতা ও প্রাচুর্য নিয়ে ছড়িয়ে পড়ে। ঠিক এইভাবে মানুষের পীড়া, প্রতিবন্ধকতা, অন্যায়-অত্যাচারের চাপে অবদমিত আনন্দ-জ্যোতি ভীষণ শক্তিতে পরিণত হয়ে মুক্তির আপন পথ করে নেয়। অতঃপর সাধারণ মানুষের কল্যাণার্থে নিজের প্রকাশ ঘটায়।

কিছু কবি ও অনুরাগী যেভাবে আনন্দ-মঙ্গলের সিদ্ধ বা আবির্ভূত স্বরূপকে নিয়ে সুখ-সৌন্দর্য, মাধুর্য, সুষমা, বিভূতি, উল্লাস, প্রেম সম্পর্কিত বিষয়াদি উপভোগের দিকে আকৃষ্ট হন, সেইভাবে আনন্দ-মঙ্গলের সাধনাবস্থা বা প্রয়াসের দিকটিকে নিয়ে পীড়া, প্রতিবন্ধকতা, অন্যায়-অত্যাচার ইত্যাদির দমনে তৎপর শক্তির সঞ্চরণেও উৎসাহ, ক্রোধ, করুণা, ভয়, ঘৃণা এইসবের গতিবিধিতেও সম্যক রমণীয়তা লক্ষ করেন। তাঁরা আলো ছড়িয়ে থাকতে দেখে যেভাবে মুদ্ধ হন, আলো ছড়িয়ে পড়ার আগে অন্ধকার অপসৃত হচ্ছে দেখেও তাঁরা সেইরকমই বিশ্ময় বোধ করেন। তাঁরাই আদান্ত কবি, কেননা, জীবনের অনেক পরিস্থিতির ভেতর তাঁরা সৌন্দর্যের সাক্ষাৎ পান। সাধনাবস্থা বা প্রয়াসের দিকটিকে গ্রহণ করেন এমনও কিছু কবি আছেন, যাঁদের সিদ্ধাবস্থা বা উপভোগের প্রতি মানসিক প্রবণতা নেই। যেমন ভূষণ। তেমনি কিছু কবি বা ভাবুক কেবল আনন্দের সিদ্ধস্বরূপ

বা উপভোগের দিকটিরই বশবতী হয়ে পড়েন। তাঁদের মন সর্বদা সুখ-সৌন্দর্যময় মাধুর্য, দীপ্তি, উল্লাস, প্রেম-ক্রীড়া ইত্যাদি প্রাচুর্যের চিস্তায় মগ্ন থাকে। এই ধরনের ভাবনা বা কল্পনাকে তাঁরা শিল্পের ক্ষেত্রে উপলব্ধি করেন।

উপরোক্ত দৃষ্টি থেকে কাব্যকে আমি দুটো ভাগে বিভক্ত করতে পারি—

- ১. যে কাব্য আনন্দের সাধনাবস্থা বা প্রয়াস দিকটি নিয়ে চলে।
- ২. যে কাব্য আনন্দের সিদ্ধাবস্থা বা উপভোগের দিকটি নিয়ে চলে।

ডান্টন (থিয়োডোর ওয়াটস্ ডান্টন) ষাকে শক্তি-কাব্য বলেছেন, আমার প্রথম ভাগের কাব্য সেই পর্যায়ের অর্ন্তগত হয়ে পড়ে, যাতে সাধারণ মানুষের প্রবৃত্তিকে পরিচালিত করার মতো শক্তি থাকে, যা পাঠক বা শ্রোতার মনে ভাবের স্থায়ী প্রেরণার উদ্রেক করতে সক্ষম হয়। আবার ডান্টন শক্তি-কাব্য থেকে স্বতম্ব্র যে-কাব্য তাকে (পোয়েট্রি আজে আান আট) বলেছেন। যদিও, তিনি মনে করেন যে এই শিল্পের উদ্দেশ্য কেবল মনোরঞ্জন করা। বাস্তবে, শিল্পের দৃষ্টি উভয় প্রকার কাব্যেই উপেক্ষিত। সাধনাবস্থা বা প্রয়াসের দিকটি যে কাব্যের উপজীবা, তাতে শৈল্পিক বিষয়টিতে যদি ক্রটি থেকে যায়, তাহলে সাধারণ মানুষের গতি-প্রকৃতিকে পরিচালিত করার মতো স্থায়ী শক্তি উৎপম হতে পারে না। শুধু তাই নয় ব্যঞ্জনাময় ভাবের সঙ্গে পাঠক একাত্মও হতে পারে না, যে-একাত্মতা রসের পূর্ণ অনুভূতির জন্য আবশ্যক। যদি 'কলা'র সেই অর্থকেই গ্রহণ করা যায়, যা কামশান্ত্রের চৌষট্রি কলাতে রয়েছে, অর্থাৎ মনোরঞ্জন বা শুধুমাত্র উপভোগের মনোরঞ্জন প্রদানকারী, তাহলে কাব্যের সঙ্গে সম্পর্কিত এই শব্দটিকে দূর থেকেই নমস্কার করা উচিত। কাব্য আলোচনাতে ফরাসীদের প্রাধান্যের কারণে এই শব্দটিকে এই অর্থে গ্রহণ করাতে ইউরোপের কাব্য-দৃষ্টি এদিকে কতটা সংকুচিত হয়ে পড়েছে, সে-প্রসঙ্গ আমি অন্য কোনো প্রবন্ধে আলোচনান করবো।

আনন্দের সাধনাবন্থা বা প্রয়াসের দিকটি যে-কাব্যের মধ্যে রয়েছে, তার উদাহারণ হলো— রামায়ণ, মহাভারত, রঘুবংশ, শিশুপালবধ, কিরাতার্জুণীয়। হিন্দিতে রামচরিতমানস, পদ্মাবত (উত্তরাধ), হন্মীররাসো, পৃথীরাজরাসো, ছত্রপ্রকাশ ইত্যাদি প্রবন্ধ-কাব্য, ভূষণ প্রভৃতি কবিদের বীর রসাত্মক মুক্তক তথা এবং আল্হা ইত্যাদি বীরগাথাত্মক গীত, উর্দুর বীররসাত্মক এলিজি। ইউরোপীয় ভাষায় ইলিয়াড, ওডিসি, প্যারাডাইস লস্ট, রিভোল্ট অফ ইসলাম ইত্যাদি প্রবন্ধকাব্য তথা পুরনো ব্যালাড।

আনন্দের সিদ্ধাবস্থা বা উপভোগের দিকটি যে কাব্যের উপজীব্য, তার উদাহরণ হলো—
আর্যাসপ্তশতী, গাথা-সপ্তশতী, অমরশতক, গীত-গোবিন্দ এবং শৃঙ্গার রসের নানান পদ্য।
হিন্দিতে সুরসাগর, কৃষ্ণভক্ত কবিদের পদাবলী, বিহারী-সতসই, রীতিকালের কবিদের ছোটছোট শৃঙ্গার রসের পদ্য, রাস পঞ্চাধ্যায়ী এরকম বর্ণনাত্মক কাব্য এবং সাম্প্রতিককালের অধিকাংশ বাস্তবদদি কবিতা। ফার্সি, উর্দুর শের এবং গজল। ইংরেজি লিরিক কবিতা তথা বিভিন্ন বর্ণনামূলক কবিতা।

জগতে ছড়িয়ে থাকা দুঃখের ছায়াকে অপসারিত করতে ব্রহ্মার আনন্দ-কলা যে শক্তিময় রূপ ধারণ করে, তার ভীষণরূপের মধ্যেই অস্তুত সূন্দরতা, কটুতার মধ্যেও অপূর্ব মধুরতা,

প্রচণ্ডতার মধ্যেও গভীর আদ্রতা সংমিশ্রিত হয়ে থাকে। বৈপরীত্যের এই সামঞ্জস্যই হলো কর্মক্ষেত্রের সৌন্দর্য, মানুষের মন যার প্রতি আকৃষ্ট না হয়ে থাকতে পারে না। এই সামঞ্জস্যের আরো অনেকগুলি রূপ দেখা যায়। কোনো কোট-পার্জামা আর টুপি পরা মানুষকে গড়গড় করে সংস্কৃত বলতে অথবা কোনো পণ্ডিত বেশধারী ভদ্রলোককে ইংরাজি ভাষায় প্রগলভ বক্তৃতা দিতে গুনলে তার ব্যক্তিত্বের মধ্যে যে একটা চমংকৃত হওয়ার মতো ব্যাপার লক্ষ করা যায়, তার প্রতিটি স্তরের গভীর অন্তর্দেশেও গভীরেও সামঞ্জস্যের এই সৌন্দর্যকে বোঝা উচিত। ভয়ংকরতা ও সরসতা, কোমলতা ও কঠোরতা, কটুতা ও মধুরতা, প্রচণ্ডতা ও মৃদুতা— এই সামঞ্জসাই হলো মনুষাধর্মের সৌন্দর্য। আদি কবি বান্মীকীর বাণী হলো এই সৌন্দর্যের উদ্ঘাটন-মহোৎসবের দিব্য সংগীত। অসৌন্দর্যের আবরণকে অপসারিত করে সৌন্দর্যের এই উদহাটন হয়। অধর্ম আর অমঙ্গলের মেঘকে দীর্ণ করে ফুটে ওঠে ধর্ম আর মঙ্গলের এই জ্যোতি। তাই কবি আমাদের সামনে অসৌন্দর্য, অমঙ্গল, অত্যাচার, ক্লেশ ইত্যাদিও উপস্থাপিত করেন, আবাব ক্রোধ, হাহাকার আর ধ্বংসের দৃশাপট নিয়ে আসেন। দৃশাপটও কিন্তু সমস্ত ভাব, রূপ ও ঘটনার ভেতর দিয়ে আনন্দ-কলার বিকাশের পথটিকেই সুগম করে দেয়। যদি কোনো দিকে উন্মুখ হয়ে থাকে বলম্ভ ক্রোধ, তাহলে করুণার দৃষ্টিও চোখে পড়ে। যদি কোথাও ধ্বংস আব হাহাকার গ্রাস করে তাহলে তার সঙ্গে সঙ্গে সর্বত্র দেখা যায় ত্রাণ এবং কল্যাণ। তবে সমস্ত ভাব, রূপ ও ঘটনাকে ভেতরে ভেতরে সৌন্দর্যময় আনন্দের বিকাশ ঘটায়।

এই শৃঙ্কা বা প্রবৃত্তিই হলো ধর্ম। এর দ্বারা মানব-জগতে কল্যাণসাধন হয়, 'অভ্যুদয়' সফল হয়। কাজেই অধর্মবৃত্তিকে দূর করতে ধর্মবৃত্তির তৎপরতা হলো— তা সে উগ্র ও ভয়ংকর হোক বা কোমল ও মধুর হোক— ভগবানের আনন্দকলাব বিকাশ অভিমুখে ক্রমবর্ধমান গতি। এই গতি যদি সফল হয় তাহলে তাকে 'ধর্মের জয়' বলা যায়। এই গতিতেও সৌন্দর্য আছে, তার সাফলোও সৌন্দর্য আছে। এমন নয় যে যখন এই গতি সফল হয় তখনই তার মধ্যে সৌন্দর্য আসে। গতির মধ্যেই সৌন্দর্য থাকে। সে গতি সামনে এগিয়ে গিয়ে সফল হোক কিংবা বিফল হোক। বিফলতার মধ্যেও একটি অভ্যুত বিষন্ন সৌন্দর্য থাকে। অর্থাৎ গতি আদান্ত হলো সুন্দর— তার অন্ত সফল অথবা বিফল যাই হোক না কেন।

আনন্দকলার বিকাশ অভিমুখে ক্রমবর্ধমান গতির বিফলতার মধ্যে সৌন্দর্যের দর্শন পান এমন অনেক কবি আছেন। ইংরেজ কবি শেলি জগতে ছড়িয়ে থাকা নাস্তিকা, অন্যায় ও অত্যাচারের দমন এবং মানুষে মানুষে সরল প্রেমভাবের সার্বভৌম জগতের স্বশ্নদলী কবি ছিলেন। তাঁর 'দ্য রিভোল্ট অফ ইসলাম' নামক বারোটি সর্গযুক্ত মহাকাব্য মনুষ্য জাতির উদ্ধারের কাজে রত নায়ক-নায়িকা (Loan and Cythna)-র মধ্যে মঙ্গলশক্তির অপূর্ব সঞ্চয়ের ছটা দেখানো হয়েছে। সেই সঙ্গে শক্তির ত্বারা একবার প্রবল অত্যাচারের পরাভবের মনোরম আভাস দিয়ে পরিশেষে সেই শক্তির ব্যর্থতার বিষাদপূর্ণ ছায়াতে ক্লগৎকে পুনরায় আচ্ছয় দেখিয়েছেন।

ওপরে যেমনটি বলা হলো, সেভাবে, মঙ্গল-অমঙ্গলের দ্বন্দে কবিরা শেষে শুভশক্তির

যে সাফল্য দেখান তার মধ্যে নীতিশিক্ষাবাদ (Didacticism) অথবা অস্থাভাবিকতার গন্ধ আছে মনে করে নাক সিঁটকানো ঠিক নয়। অস্থাভাবিকতা তখনই আসবে যখন মধ্যবর্তী বিধান ঠিক থাকবে না। অর্থাৎ যখন প্রতিটি সংলোককে সফল এবং প্রতিটি দৃষ্টলোককে বার্থ দেখানো হবে। কিন্তু প্রকৃত কবি কখনো এরকম করেন না। এই জগতে অধর্ম প্রায়শ দুর্শমনীয় শক্তি প্রাপ্ত হয়। যার কাছে ধর্মের শক্তি বার বার প্রভাব ফেলার জন্য তা করেন। ধর্মশাসকের মতো ভয় দেখানোর জন্য তা করেন না যে, যদি এরকম কাজ করে তাহলে এরকম ফল পাবে। কবি কর্মসৌন্দর্যের প্রভাবের দ্বারাই অস্তঃপ্রকৃতিকে প্রবৃত্তি বা নিবৃত্তি সৃষ্টি করেন। উপদেশ দেওয়ার জন্য নয়।

কবি সৌন্দর্যের দ্বারা প্রভাবিত হন এবং অন্যকেও প্রভাবিত করতে চান। কোনো রহস্যময় প্রেরণার দ্বারা তাঁর কল্পনায় নানাবিধ সৌন্দর্যেব যে মিলন নিজে নিজে দটে যায় তা তিনি সাধারণত পাঠকেব কাছেও উপস্থাপিত করেন। সেটা দেখে কিছু লোক হয়তো বলে যে এমন মিলন কি পৃথিবীতে সর্বদা ঘটে? মঙ্গলশক্তিব অধিষ্ঠান হচ্ছে রাম আর কৃষ্ণের মতো পরাক্রমশালী এবং অচঞ্চল। তার রূপমাধুর্য আর স্বভাবও হচ্ছে অলৌকিক। মানুষের মন একই আধারে রূপ আর গুণ, সৌন্দর্য আব সুশীলতা দেখতে চায়। তাই সামুদ্রিকের 'যাত্রাকৃতিস্তত্র গুণা বসন্তি' এই উক্তিটি প্রবাদ বাক্য রূপে চলে আসছে। নৈষধ-এ নল বলছেন হংসকে:

'ন তুলা-বিষয়ে তবাকৃতির্ন বচো বৎমনি তে সুশীলতা। তুদুদাহরণাআকৃতৌ গুণা ইতি সামুদ্রিক সার-মুদ্রণা॥'

(নৈষধীয় চরিত, দ্বিতীয় সর্গ, ৫)

ভিতর আর বাইরের সৌন্দর্য, রূপসৌন্দর্য আর কর্মসৌন্দর্যের মিলনের এই প্রকৃতি শান্ত না উদাত্ত ইত্যাদি চারিত্র্য নিরুপণের থেকেও প্রাচীন এবং এর থেকে পুবোপুরি মুক্তিও পাওয়া যায় না। এটা হচ্ছে মনের ভেতরকার এক বাসনার তৃপ্তির জনা শিল্পের রহস্যময়ী প্রেরণা। উনিশ শতকের কবি শেলি রাজশাসন, ধর্মশাসন, সমাজশাসন ইত্যাদি সমস্ত রকমের শাসনব্যবস্থার ঘোর বিরোধী ছিলেন। তিনিও এই প্রেরণা থেকে কিছুতে মুক্ত হতে পারেননি। তিনিও তাঁর প্রবন্ধে, কাব্যে রূপসৌন্দর্য আর কর্মসৌন্দর্যের এই রকমই মিলন ঘটিয়েছেন। আজও কোনো কবি রামের শারীরিক সৌন্দর্য কুন্তকর্ণকে আর কুম্ভকর্ণের কুরূপতা রামকে দিতে পারেননি। কোনো সময়ে বিশেষ কোনো হাওয়ার ঝোঁকে প্রাচীন আর্য কাব্যগুলির নির্দিষ্ট স্বরূপসম্পন্ন আদর্শপাত্রগুলিকে একেবারে নতুন তথা কাল্পনিক রূপ আরোপ করা মানে সরস্বতীর প্রাচীন মন্দিরে অনাসৃষ্টি তৈরি করা। বিশুদ্ধ হৃদয়ানুভৃতিসম্পন্ন কবিও প্রাচীন আখ্যানগুলিকে সবসময় গ্রহণ করে এসেছেন। এবং এখনো গ্রহণ করছেন। তাঁরা সেই সব চরিত্রে নিজেদের নতুন নতুন ভাবনা, কল্পনা সবসময়ই আরোপ করেন কিন্তু তা সেই চরিত্রসমূহের চিরপ্রতিষ্ঠিত আদর্শের সঙ্গে সামঞ্জস্য রেখেই ঘটে। শুধু নিজের সময়ের বিশেষ পারিস্থিতিকে নিয়ে যে ভাবনা গড়ে ওঠে, তাকে রূপায়িত করার জন্য যখন নতুন গল্প ও পাত্রপাত্রী স্বচ্ছদে সৃষ্টি করা যায় তখন পুরনো আদর্শকে খণ্ডিত বা বিকৃত করার প্রয়োজন কি ?

কর্মসৌন্দর্যের যে স্বরূপ দেখে মানুষের মুগ্ধ হওয়া স্বাভাবিক এবং কবিরা ঐতিহাগত ভাবে যা চিরদিন মেনে এসেছেন তার প্রতি উপেক্ষা প্রদর্শন এবং কর্মসৌন্দর্যের অন্য একটি দিকেই শুধু প্রেম ও প্রাভভাব দেখানো আর আচরণকেই কাব্যের উৎকর্ষ বলে মান্য করার যে নতুন ফ্যাশান টলস্টয়ের সময়ে চলেছিল তা একদেশীয়। দরিদ্র অসহায় জনগণকে পীড়ন করে আসছে যে নিরন্তর ক্রুর, যে আততায়ী, তাদের উপদেশ দেওয়া, তাদের কাছে দয়া ভিক্ষা করা, ভালোবাসা জানানো এবং তাদের সেবা-শুক্রমা করলেই কর্তব্য শেষ এটা মানা যায় না। মানুষের শরীরে যেমন ডান আর বাম দুটো দিক আছে, তার হৃদয়েও তেমনি কোমল এবং কঠোর, মধুর এবং তীক্ষ দুটো দিক রয়েছে। এবং চিরদিনই তা থাকবে। এই দুটি পক্ষের সমন্বয়ের মাঝে মঙ্গল এবং সৌন্দর্যের বিকাশ ঘটলেই কাব্যকলার পূর্ণ সৌন্দর্য দেখা যায়।

ভাবপ্রক্রিয়ার সমীক্ষা থেকে জানা যায় যে, উদয় থেকে অস্ত পর্যন্ত ভাবমঙ্গলের কিছু অংশ আধারের চেতনা প্রকাশের মধ্যে থাকে আর কিছু অংশ অবচেতনস্তরে লুকিয়ে থাকে। চেতনস্তরে সঞ্চারী ভাবের সঞ্চরণকালে তার স্থায়ীভাব কখনো কখনো কারণরূপে অবচেতনের মধ্যে থেকে যায়। রতিভাবে অস্থায়ী হয়ে আসা অসৃয়া বা ঈর্ষার কথাই ধরা যাক। যে মৃহূর্তে তা তার চরম সীমার পৌঁছয় সেই মৃহূর্তে আধারেরও রতিভাবের কোমলসভার কথা মনে থাকে না। সেই মুহূর্তে ভার ভিতর ঈর্ষার তীক্ষ্ণ উপলব্ধি ঘটে এবং বাইরেও ঈর্ষার লক্ষণ দেখা যায়। কোনো আধারের ভেতর কোনো একটিমাত্র ভাব যেভাবে স্থায়ী হয়ে থাকে আর অনেকগুলি ভাব এবং অন্তর্দশা অসূয়ারূপে আসে, সেভাবেই কোনো প্রবন্ধকাব্যের প্রধান চরিত্রের মধ্যে কোনো একটিমাত্র মূল প্রেরণা বা বীজভাব থাকে। সেই প্রেরণায় ঘটনাচক্র চলতে থাকে এবং বিভিন্ন ভাবের স্ফুরণের জন্য ক্ষেত্র তৈরি হতে থাকে। এই বীজভাবকে সাহিত্যগ্রন্থে নিরুপিত স্থায়িভাব এবং মূল ভাব দুটো থেকে স্বতন্ত্র বলে মনে করা উচিত। বীজভাবের দ্বারা স্ফৃরিত ভাবের মধ্যে কোমল আর মধুর, কঠোর আর তীক্ষ— এই দুই প্রকার ভাবই বীজভাবের দ্বারা স্ফৃরিত থাকে। যদি বীজভাবের প্রকৃতি মঙ্গলবিধায়িনী হয় তাহলে তার ব্যাপকতা ও অভিন্নতা অনুসারে সমস্ত প্রেরিত ভাব তীক্ষ্ণ ও কঠোর হওয়া সত্ত্বেও সুন্দর ভাবের প্রতি পাঠকের সহানুভূতি থাকে। অর্বাৎ পাঠক আর শ্রোতারাও রসরূপে সেই ভাবগুলি অনুভব করে যে ভাবগুলি সে অর্থবহ করে তোলে। এই রকম পাত্রের গতিতে বাধা সৃষ্টিকারী পাত্রদের উগ্র অথবা তীক্ষ্ণ ভাবের সঙ্গে বাস্তবে পাঠকরা পরিচিত হতে পারেন না। এমনকি তার ব্যঞ্জনায় तत्रत्रिष्कि चंটाराज भारत **এमन जिनिए উপকরণ থাকলেও না। রাম य**দি রাবণের প্রতি ক্রোধ বা ঘৃণা প্রকাশ করে তাহলে পাঠক বা শ্রোতার মনও সেই ঘৃণা ও ক্রোধের অনুভৃতিতে যোগ দেয়। এই ক্রোধ বা ঘৃণাতেও কাব্যের পূর্ণ সৌন্দর্য থাকে। কিন্তু রাবণ যদি রামের প্রতি ক্রোধ বা ঘৃণা প্রদর্শন করে তাহলে রসের তিনটি উপকরণের দরুন 'শাস্ত্র-স্থিতি-সম্পাদন' হলেও তার ভাবের সঙ্গে পাঠকের ভাব কখনো সামঞ্জস্যপূর্ণ হবে না। পাঠক 🖦 বু চরিত্রদ্রস্তী হিসেবে থাকবে। তার কেবল মনোরঞ্জন ঘটবে, ভাবে লীন হয়ে যাওয়ার মতো উৎকৃষ্ট রসানুভৃতি সে পাবে না।

ওপরে বলা হয়েছে যে, কোনো শুভ বীজভাবের প্রেরণার দ্বারা প্রবর্তিত ও উগ্র ভাবের সৌন্দর্যের মাত্রা সেই বীজভাবের অভিন্নতা ও ব্যাপকতার ওপরে নির্ভর করে। যেমন কোনো ব্যক্তির বৈশিষ্ট যদি করুণা হয়ে থাকে, তাহলে সে পীড়িত ব্যক্তি আমাদের আত্মীয়-বন্ধু হলেও তার সেই করুণার দ্বারা প্রবর্তিত তীক্ষ্ণ বা উগ্র ভাবের মধ্যে ততোখানি সৌন্দর্য থাকবে না। কিন্তু বীজরূপে অন্তর্দেশে স্থিত করুণা যদি এই প্রকারের হয় যে, তাতে এত এত নগরবাসী, দেশবাসী বা মানুষ কন্তু পাচ্ছে তাহলে তার দ্বারা প্রবর্তিত তীক্ষ্ণ ও উগ্র ভাবের সৌন্দর্য ক্রমশ বাড়বে। যদি কোনো কাব্যে বর্ণিত দুজন পাত্রের মধ্যে একজন নিজের ভাইকে অত্যাচার আর পীড়নের হাত থেকে বাঁচানোর জন্য এগিয়ে যায় এবং দ্বিতীয়জন কোনো বৃহৎ জনগোষ্ঠীর পক্ষ হয়ে যায়, তাহলে বাধা প্রদানকারীদের প্রতি দুজনের প্রদর্শিত ক্রোধের মধ্যে সৌন্দর্যের দিক দিয়ে বিস্তর ফারাক থাকবে।

ভাবগুলিকে বিশ্লেষণ করলে মঙ্গলবিধানকারী দুটি ভাব দেখা যায়— করুণার ও প্রেম। করুণা অভিমুখ রক্ষার দিকে আর প্রেমের অভিমুখ আনন্দের দিকে। জগৎকে প্রথমে রক্ষা করা দরকার। আনন্দের অবকাশ আসে তার পরে। কান্ডেই জ্ঞ্গতের রক্ষার দিকটি নিয়ে যে কাব্য তার বীজভাব হচ্ছে করুণা। সম্ভবত রামচরিত মানসকে নিয়ে ভবভৃতি যে দৃটি নাটক লিখেছেন তাতে করুণাকেই একমাত্র রস বলেছেন। রামায়ণের বীজভাব হচ্ছে করুণা যার আভাস শুরুতেই ক্রৌঞ্চের হত্যাকারী নিষাদের প্রতি বাশ্মিকীর মুখ থেকে নিঃসৃত বাক্য থেকে পাওয়া যায়। তার পরেও আদিকাশ্রের পঞ্চদশ সর্গে এর আভাস দেওয়া হয়েছে, সেখানে দেবতারা রাবণ কর্তৃক পীড়িত লোকেদের নিদারুণ অবস্থার কথা ব্রহ্মাকে নিবেদন করছেন। উক্ত আদিকাব্যের ভেতর জনহিতকর শক্তির উদয়ের আভাস পাওয়া যায় তাড়কা আর মারীচ দমনের প্রসঙ্গে। পঞ্চবটী থেকে সেই শক্তি আরো শক্তিশালী হয়েছে, সীতাহরণের পর তাতে আত্মগৌরব তথা দাম্পত্য প্রেমের প্রেরণাও যুক্ত হয়েছে। লক্ষ করার বিষয় হলো এই যে, আত্মগৌরব আর দাম্পত্য প্রেমের প্রেরণা মাঝখান থেকে উদ্ভূত হয়ে সেই বিশাল মঙ্গলমুখী যাত্রায় মিশে গেছে। রাক্ষসরাজকে আক্রমণের মূল কারণ যদি শুধুমাত্র আত্মগৌরব বা দাম্পত্য প্রেম হতো তাহলে রামের कामाभ्रिमम्म क्रास्थ कारवात এই मारकाउत সৌन्मर्य थाकराज ना। मानुरवत करूना यसन সফল হয়, যখন মানুষ পীড়ন আর বাধাবিদ্ন থেকে মুক্ত হয়, তখন রামরাজ্যে পৌঁছে মানুষ বিধানের অবকাশ পায়।

ওপরে যা বলা হয়েছে তাতে এটা স্পষ্ট যে, প্রেমভাবের কোমল ব্যঞ্জনাতেই যে কেবল কাব্যের উৎকর্ম প্রকাশ পায় তা স্বীকার্য নয়। টলস্টয় বা আরো কিছু শিল্পীর এই অভিমত মানা যায় না। ক্রোধ আর উগ্র ভাবের ভেতরে যদি করুণভাব অব্যক্ত থাকে, তাহলে পূর্ণ সৌন্দর্য ফুটে ওঠে। স্বাধীনতার প্রবল উপাসক, উগ্র পরিবর্তনবদি শেলির মহাকাব্য 'দ্য রিভোল্ট অফ ইসলাম'-এর নায়ক-নায়িকা অত্যাচারীদের কাছে গিয়ে উপদেশ দেওয়া, নিজেদের মহত্ব সহনশীলতা আর শাস্তবৃত্তির চমৎকারীত্ব প্রদর্শন করার পাত্র নয়। তারা সোৎসাহে যুদ্ধক্ষেত্রে এগিয়ে যায়, নিষ্ঠুর পীড়ন আর অত্যচার দেখে পবিত্র ক্রোধের সাত্ত্বিক তেজে রক্তিম হয়ে ওঠে, ভয়ে বা স্বার্থবশে যারা আততায়ীদের সেবা

করে তাদের উপেক্ষা করে। শেলিও প্রেমভাবকৈ কাব্যকলার মূলতত্ত্ব বলে স্বীকার করেছিলেন তবে নিজেকে শুধু সুখ ও সৌন্দর্যময় এবং মাধুর্যপূর্ণ ভাবের মধ্যে বদ্ধ না রেখে প্রবন্ধের জগতেও ভালোভাবে প্রবেশ করে ভাবের বৈচিত্রের বিন্যাস করেছিলেন। স্থির সৌন্দর্য আর গতিশীল সৌন্দর্য, দুটোই তাতে পাওয়া যায়।

টলস্টয়ের মানুষগুলোর মধ্যে ভাতৃপ্রেম সঞ্চারকেই একমাত্র কাব্যতত্ত্ব বলার কারণ অনেকটা ছিল সাম্প্রদায়িক। এই ধরনের শিল্পীরা কেবল কোমলতা ও মাধুর্যের মধ্যে গণ্ডীবদ্ধ থেকে যায় শুধু মনোরঞ্জনের হালকা রুচি আর দৃষ্টির সীমাবদ্ধতার দরুন। টলস্টয়ের অনুগামীরা প্রত্যক্ষকে অবশাই গ্রহণ করেন কিন্তু শুধু পীড়িতদের সেবাশুক্রামার জন্য ছোটাছুটি, আততায়ীদের প্রভাবিত করতে অসাধারণ সততার প্রদর্শন, ত্যাগ, ক্লেশ, সহিষ্ণুতা ইত্যাদির মধ্যে তাব সৌন্দর্য রয়েছে বলে স্বীকার কবেন। সততাব এই কোমল গতিকে তাঁরা আধ্যাত্মিক শক্তি বলেন। কিন্তু ভারতীয় দৃষ্টিতে আমরা তাকেও প্রাকৃতিক শক্তি তথা মানুষের অন্তঃপ্রকৃতিব সাত্মিক সৌন্দর্য বলে মনে করি। বিদেশী অর্থে এই 'আধ্যাত্মিকতা' শব্দটির প্রয়োগ আমাদের দেশীয় ভাষাতেও প্রচারিত হচ্ছে। আমার মতে কার্য বা শিল্পের ক্ষেত্রে 'অধ্যাত্ম' শব্দের কোথাও কোনো প্রয়োজন নেই।

কাব্যের যথার্থ ও পূর্ণ প্রকাশের জন্য আমরাও কাব্যে সত্ত্বগুরের সন্তাকে জরুরি বলে মনে করি। তবে তা দৃটি রূপে— অন্য ভাবের ভেতরে স্থিত অব্যক্ত বীজন্ধপে এবং প্রকাশরূপে। আমরা আগেই বলেছি যে, জগতে মঙ্গলবিধানের দিকে প্রবৃত্ত করানোর দৃটি ভাব আছে— করুণা আর প্রেম। এটাও বলা হয়েছে যে, ক্রোধ, যুদ্ধোৎসাহ ইত্যাদি তীব্র তথা উগ্র বৃত্তিগুলির ভিতরে যদি এই দৃটির মধ্যে কোনো একটি ভাবও বীজরূপে স্থিত থাকে তাহলেই প্রকৃত সাধারণীকরণ ও পূর্ণ সৌন্দর্য প্রকাশিত হবে। শ্রেষ্ঠ প্রেম এবং করুণা দৃটিই সত্ত্বগুণসম্পন্ন। ক্রিগুণের মধ্যে সত্ত্বগুণ হলো সবার প্রেষ্ঠ। এমন কি তা নিত্য পারমার্থিক সত্তার কাছে পর্যন্ত ব্যক্ত আর অব্যক্তর সন্ধি পর্যন্ত গিয়ে পৌঁছন্ন। সম্ভবত এই কারণে বল্লভাচার্য সন্ধিদানন্দের 'সত' স্বরূপকে প্রকাশ কবছে যে শক্তিতাকে 'সন্ধিনী' বলেছেন। ব্যবহারিক অর্থে, 'সত' শব্দটির দৃটি অর্থ ধরা হয়— 'যা বাস্তবে আছে' এবং 'ভাল' বা 'শুভ'।

এই জগৎ হলো অব্যক্ত অবস্থা থেকে মুক্ত হওয়া প্রকৃতির স্বরূপ। এই জগতে যখন আদি থেকে অন্ত পর্যন্ত সত্ত্ব, বজ আব তম গুণ থাকবে তখন সমষ্টিরূপে মানুষের মঙ্গলবিধানকারী ব্রহ্মর আনন্দ প্রকাশের পদ্ধতি এটাই হতে পারে যে, তমো গুণ ও রজো গুণ দুটোই সত্ত্বগুণের অধীনে থেকে তার ইঙ্গিতাভাসে কাজ করবে। এই অবস্থায় কোনো একটি দিকে কাজ করলেও অন্য সমস্ত দিকে এবং সমষ্টিরূপেও সত্ত্বগুণের লক্ষাই পূর্ণতা পাবে। সত্ত্বগুণের এই শাসনে কঠোরতা, উগ্রতা আর প্রচণ্ডতাও সাত্ত্বিক তেজরূপে লক্ষ্যই দুটে উঠবে। এই জন্য আমাদের দেশে অবতাররূপে ভগবানের মৃতিকে একদিকে 'বজ্ঞাদিপ কঠোর' আর অন্যদিকে 'কুসুমাদিপ মৃদু' করা হয়েছে—

'কলিসহ চাহি কঠোর অতি, কোমল কুসুমহ চাহি।'
 সাধনা অথবা প্রয়াসে উদ্যমী করে তোলার জন্য ফলের সৌন্দর্য অথবা সুখের পূর্ণ

ভাবনা জাগিয়ে তোলার প্রয়োজন হয়ে পড়ে। যে আনন্দের জন্য সাধনা করা হচ্ছে তার প্রাচুর্য এবং তার বিষয়ে সৃখ-সৌন্দর্য যতখানি আমাদের মন জুড়ে থাকবে আমরা তত বেশি তন্ময়তা নিয়ে সেই আনন্দে এবং তার সাধনায় প্রবৃত্ত হবো। যে বস্তু আমাদের অতান্ত উচ্চমানের সুখ দেয় তার নাম সৌন্দর্য। মিষ্টান্ন খাওয়া, আতরের গন্ধ নেওয়া, নরম গদিতে শোওয়া, কোমল সংগীত শোনা, সুন্দর রূপ দর্শন করা সবই সুখদ। এর মধ্যে শেষোক্ত দৃটি সুখ প্রথম তিনটি সুখের চেয়ে উচুদরের বলে মনে হয়। এর কারণ বিশ্লেষণ করলে দেখা যায় যে, জ্ঞানের ব্যাপারে চোখ আর কানেব প্রধান সংযোগ রয়েছে। সূতরাং তাদের সুখ বাকি সব ইন্দ্রিয়ের সুখেব চেয়ে উচুদবেব হওয়া বাঞ্ছনীয়। বাস্তবে এই সুখকে যদি শুদ্ধরূপে রাখা সম্ভব হয়, যদি তাকে অন্যান্য ত্বল সুখের সঙ্গে মিশিয়ে না ফেলা হয়, তাহলে অবশাই তাকে উন্নত বলে মনে হয়।

দর্শনবৃত্তির বোধ-দশা হয়, আবার আবেগপূর্ণ দশাও হয়। নতুন জিনিসকে দেখে অভিজ্ঞতা হতে পাবে, আবাব প্রেম-ক্রোধও জেগে উঠতে পাবে। মনেব দর্শনবৃত্তিব আবেগপূর্ণ দশাকেই সৌন্দর্যের অনুভূতি বলা হয়। যা সুদর্শন, যার আকৃতি রুচিসম্পর তাই হলো সুন্দর। যদিও এই শব্দের প্রয়োগ আবো বিস্তৃত অর্থেও কবা যায়। উদাহবণত, 'কর্মসৌন্দর্য' শব্দত্তিক ধবা যাক। অন্যত্র অনেক জায়গায় আমবা এই শব্দত্তিক ব্যবহার করেছি। রূপসৌন্দর্যের পরবর্তী প্রেণীর বস্তু হচ্ছে নাদসৌন্দর্য বা শব্দমাধুর্য। দর্শনবৃত্তির যেমন বোধ-দশা আব আবেগ-দশা এই দু রকম দশা হয়, প্রবণবৃত্তিরও তাই হয়। শব্দ দারা জ্ঞান সঞ্চার আর মাধুর্য সঞ্চার দুই-ই হয়। বার্তালাপ, উপদেশ, বাাখ্যা ইত্যাদিতে শব্দ দ্বারা আমাদের নতুন নতুন অভিজ্ঞতা হয়, সংগীতে শব্দেব দ্বারা আমাদের মাধুর্যের অনুভূতি হয়। বলা বাহুলা, নাদ-এর ব্যাপারেও 'সুন্দব', 'মধুব', 'কোমল' ইত্যাদি শব্দের প্রয়োগও তাৎপর্যপূর্ণ হয়। শাস্ত্রীয় দৃষ্টিতে এই ধবনের লাক্ষণিক প্রযোগ ভাষার ক্রটি সৃচিত করে। প্রবণ বিষয়ে শব্দের সৌন্দর্যের জন্ম ঘদি আলাদা কোনো শব্দ থাকতো তাহলে দর্শনেন্দ্রিয়, রসনেন্দ্রিয় ও স্পর্শেন্তিয়ের অনুভূতি থেকে নেওয়া 'সুন্দর', 'মধুব' ও 'কোমল' শব্দগুলি কবি ও সাহিত্য সমালোচকদেরই বেশি কাজে লাগতো।

কপ ও গতি দুই হচ্ছে দৃষ্টির বিষয়। সুতরাং দর্শনবৃতিকে তুর্ট কবার মতো বিষয় হচ্ছে এই দুটি। প্রয়াসপক্ষে গতির সৌন্দর্য বর্ণনা সাধনাবস্থার অন্তর্গত হয়ে গেছে। উপভোগপক্ষে গতির সৌন্দর্য আমরা নৃত্যকলা ইত্যাদিতে দেখতে পাই। এই ধবনের দর্শন আর প্রবণ দুয়েরই উপভোগকে নিয়ে কত রক্ষের শিল্প সৃষ্টি হয়েছে। যেমন, দর্শনের তৃপ্তির জন্য চিত্রকলা, ভাস্কর্য, নৃত্যকলা। আব প্রবণের তৃপ্তির জন্য সংগীত। কাব্যের বিধান এতো ব্যাপক যে তার মধ্যে এই সবেরই অল্পবিস্তর সংশ্রব থাকে। তবে এর থেকে এটা ধরে নেওয়া ঠিক নয় যে, উপভোগপক্ষের তৃষ্টিই কাব্যের একমাত্র লক্ষ্য। রসতৃষ্টির ক্ষেত্র হচ্ছে উপভোগবৃত্তির চেয়ে বিস্তৃত। গোস্বামী তুলসীদাসের 'রামচরিতমানস' কেবল মনোরঞ্জন করে বা প্রাণে আনন্দ দিয়েই ফুরিয়ে যায় না, তা হদয়ের মূলে সত্ত্বগুণের জ্যোতিকে জাগিয়ে তোলে।

এখানে আমাদের সেই কাবাভূমির বর্ণনা করতে হবে যার মধ্যে 'আনন্দ'কে তার

সিদ্ধাবস্থায় দেখা যায়, যেখানে যাবতীয় প্রয়াসের অশান্তি তিরোহিত হয় এবং উপভোগের শিল্প জেগে থাকে। 'আনন্দ'র ধ্বজা অনড় হয়ে থাকে। এখানে নাকাড়ার আওয়াজ্ঞ, তর্জন-গর্জন আর হংকার নেই। বিপ্লব, ধ্বংস আর হাহাকার নেই। গতি আর তেজের চাঞ্চল্য নেই। এই স্থান দিখ্যি, মাধুর্য আর কোমলতার স্লিদ্ধ ভূমি। বাতাসে আন্দোলিত হতে থাকা সুন্দর পুষ্পশোভিত ও কোকিলের কুহুরবে আচ্ছন্ন ক্ষেত্র। আনন্দোল্লাসে মৃদ্ তরক্সময় সংগীতমুখর মানসলোক। এই ভূমির প্রবর্তক-ভাব হলো প্রেম।

দেশের বিস্তার ও কালের গতির মাঝে এমন ভূমি কোথাও কোথাও মিলে যায়। সিত্যি কথা হলো যে, মানুষ তার জীবনপথে এই লোভেই ছুটে চলে। যার ভেতরে সত্ত্বগুণের জ্যোতি অত্যস্ত ক্ষীণ, ধর্মের সৌন্দর্য যে দেখেনি, যার মন কর্মের ভাবনায় নিবিষ্ট না হয়ে ফলের ভাবনাতেই নিবিষ্ট, সেইসব মানুষ এই স্বর্গীয় ভাবনায় সম্পৃক্ত বহু পুণাকর্ম যথাযথ সম্পন্ন না করে যেমন-তেমনভাবে করে থাকে, ফলে তারা প্রকৃত সুখানুভব থেকে বঞ্চিত হয়।

উপরে বলা হয়েছে যে, সেই কাব্যভূমি যেখানে আনন্দকে তার সিদ্ধাবস্থায় দেখা যায় তার প্রবর্তক হচ্ছে প্রেম। এই ভাবের বিবিধ প্রকার উদ্দীপনার চিত্রণ পাওয়া যায় এই ভাবভূমির সৌন্দর্যপক্ষে। দীপ্তি, মাধুর্য ও কোমলতার নানান রূপ এখানে দেখা যায়। বাইরে নয়নাভিরাম রূপরেখা, বিকশিত বর্ণবৈচিত্রা, দীপ্তি-ঐশ্বর্য-প্রভূত জাঁকজমক, শীতল স্নিদ্ধ ছায়া, কোকিলের কুহরব, স্পন্দিত সুবাতাস, স্মিত আনন, চপল ভ্রবিলাস, হাস্য-পরিহাস, সংগীতসজ্জা, বীণার ঝংকার আর ভিতরে সৌন্দর্যের প্রমত্ত অনুভূতি, প্রেমোল্লাস, স্বপ্ন, স্মৃতি-বিস্মৃতি, ব্রীড়া-ক্রীড়া, দর্শন-পিপাসা, উৎকণ্ঠা, স্লিদ্ধতা ইত্যাদি।

এই ভূমির মানস বা অভান্তর পক্ষের একটি বড় সমস্যাকে আমাদের প্রাচীন আচার্য সমাধান করে গেছেন। যদিও প্রেমদশার মধ্যে সুখ ও দুঃখ দূরকম ভাবই পাওয়া যায় কিন্তু কর্ণগোচর হয় 'প্রেমানন্দ' শব্দটিই, 'প্রেমাপন্ন' শব্দটি আসে না। এর থেকে 'প্রেম হলো আনন্দ স্বরূপ' এই ধারণাটিই প্রমাণিত হয়, যা সাহিত্যিকরাও স্বীকার করেন। বিরহ্কালের সকল অশুধারাও এই আনন্দস্বরূপকে ধুয়ে ফেলতে পারে না। অশুধারার নিচে আনন্দের রেখা দেখা যায়। আসল কথা হলো, বিরহ্কাল যতই নিদারুণ হোক তার মাঝে মাঝে মিলনের আকাঞ্জা জেগে থাকে। মিলনের কল্পনায় সে সুখ অনুভব করতে থাকে— প্রিয়জনের রূপ ইত্যাদির স্মৃতি মনকে আকৃষ্ট করতে থাকে। এই আকাঞ্জা, এই আকর্ষণ আনন্দের বৈশিষ্টা, দুঃখের বৈশিষ্টা নয়। আনন্দের রূপেই প্রেমের প্রকাশ ঘটে এবং তার এই অন্তর্নিহিত রূপ চিরদিন থেকে যায়। কারুর রূপসৌন্দর্য প্রথমবার দেখলে অথবা চারিত্রিক সৌন্দর্যের সঙ্গের প্রথম পরিচয় হলে, প্রথমেই যে অনুভৃতি হয় তা হলো আনন্দের। সবার আগে হলের বিকশিত হয়, লুদ্ধ হয়। সারকথা প্রেমকাল হলোজীবনের আনন্দকাল। তাই ভক্তিমার্গে বল্লভাচার্য ভক্তি বা প্রেমকেই আরাধ্য বলেছেন।

বাস্তবে প্রেম হচ্ছে অনুরাগেরই পূর্ণ বিকশিত রূপ। অনুরাগ এবং দ্বেম এই দুটোই প্রত্যেক প্রাণীর মধ্যে বাসনারূপে অবস্থান করে। এই অবস্থায় দুটি প্রায় একইরকম হয়ে থাকে । সাধারণত সুখ প্রদানকারী বা চিরকাল সব্দে থাকা বস্তুর প্রতি অনুরাগ এবং দুঃ বপ্রদানকারী বস্তুর প্রতি ঘৃণা বা দেষের বীজ্ঞ সকলের মনে লুকিয়ে থাকে। যখন কোনো বিশেষ ব্যক্তির প্রতি প্রথমবার অনুরাগ ব্যক্ত হয় তখন তাকে 'আকৃষ্ট' হওয়া বলে। আর যখন সেই আকর্ষণ সেই ব্যক্তিতে স্থির হয়ে যায় তখন তাকে 'প্রেম' বলা হয়়। অর্থাৎ বাসনাবস্থা থেকে ভাবাবস্থায় আসা রূপই হলো অনুরাগ বা প্রেম। অনুরাগ বাস্তবে ব্যক্তিবদ্ধ নয়। কারো রূপ, গুণ ইত্যাদির উৎকর্ষের কথা শুনে যে পূর্বরাগ তৈরি হয় সেটাও আসলে জেগে ওঠা অনুরাগই। যদিও ব্যক্তি বিশেষের উৎকর্ষের পরিচয় পেয়েই উত্তেজনা হয় কিয়্ব পূর্বরাগের দশায় প্রেমের অনন্যতা ও অখণ্ড একনিষ্ঠতা থাকে না। সেটা পরে হয়। কারু প্রতি পূর্বরাগ উৎপন্ন হওয়ার পর এ সম্ভাবনা থেকেই যায় যে, অন্য সময়ে তার চেয়ে অধিক গুণসম্পন্ন অন্য কারুর পরিচয় পেয়ে তার প্রতি অনুরাগ জয়ে যায়।

অনুরাগ হচ্ছে মিলন সৃষ্টিকারী বাসনা এবং দ্বেষ হচ্ছে পৃথক কবে দেওয়ার বাসনা। প্রধান রাসায়নিক দ্রব্যগুলির সৃষ্টির বিকাশ ঘটে অনুরাগ থেকেই। অনুবাগের অভিব্যক্তি বিশেষ দাম্পত্য ও বাৎসল্য ভাব। এর থেকেই প্রাণেব সজীবতার পরম্পরা চিরকাল ধরে চলে আসছে।

প্রেমে পালনের প্রবৃত্তি লক্ষ করা যায়। মায়ের প্রেম শিশুকে পালন করা। তবে প্রেমের দ্বারা পালনের এই ব্যাপারটি সম্ভব হয় একটি সীমিত ক্ষেত্রের মধ্যে এবং অবাধ ও নির্বিদ্ধ অবস্থাতে। বাধা-বিদ্ধের মধ্যে প্রেমকে তা করতে দেখা যায় না। তখন একদিকে করুণা আর অন্যদিকে ক্রোধের প্রকাশ ঘটতে দেখা যায়। অত্যাচারের ফলে উদ্ভূত ঘার বাধাবিদ্ধের সময় প্রেমের পাত্রকে রক্ষা করার কাজটির যোগ থাকে করুণার সঙ্গে, প্রেমের সঙ্গে নয়।

উপরোক্ত বিশ্লেষণে এটা স্পষ্ট হয়ে উঠেছে যে, 'আনন্দ'-র সিদ্ধাবস্থা অর্থাৎ শান্তিসুখের অবস্থা নিয়ে রয়েছেন যে কবির দল, তাঁদেরই প্রেমকে বীজভাব বলে মানা উচিত। 'আনন্দ'-র সাধনাবস্থা নিয়ে যাঁরা রয়েছেন তাঁদের নয়। কিন্তু আনন্দের সিদ্ধাবস্থা বা এর প্রয়াসপক্ষ নিয়ে রয়েছেন ইউরোপীয় জনহিতবাদীদের যে একটি দল, যাঁদের অনুগামী আমাদের দেশের রবীন্দ্রনাথ ঠাকুরও, তাঁরা মানুষের মধ্যে ভ্রাতৃপ্রেমকেই সর্বপ্রধান ভাব বলে মানেন। এই শ্রেণীর মানুষেরা সাধনাবস্থাতেও মাধুর্য ও কোমলতার বাইরে যেতে চান না। তাঁরা তাঁদের মনের কাব্যভূমির কোমলতা-মধুরতার সঙ্গে তীক্ষতা, কঠোরতা তথা উগ্রতার সামঞ্জস্য ঘটাতে পারেন না। সুতরাং কাব্যের কোমল ও মধুর পক্ষেই লীন হয়ে থাকেন। এই মানুষেরা জনরক্ষার সাধনাবস্থার বিধানে প্রেমকেই বীজভাব করে তুলতে চান। কিন্তু সাধনাবস্থার বর্ণনায় আমরা বলে এসেছি যে, উক্ত বিধানে আমাদের দেশের কবিরা করুণাকে বীজভাব করে রেখেছেন। সন্তির কথা বলতে গেলে, মতগুলিতে তত্বভেদ নেই, আছে দৃষ্টিভেদ। প্রেমকে বীজভাব বলে যাঁরা মানেন তাঁদের দৃষ্টি থাকে প্রেমের মূল বাসনাময় রূপ 'অনুরাগ'-এর দিকে, যা মানুষের অন্তঃপ্রকৃতিতে নিহিত থেকে সম্পূর্ণ সজীব সৃষ্টির সঙ্গে কোনো গৃঢ় সম্বন্ধের অনুভূতি রূপে সময়ে সময়ে জেগে ওঠে। ভালোভাবে লক্ষ করলে দেখা যাবে যে, মানুষের প্রকৃতির ভেতরে এই অনুরাগে সম্বন্ধসূত্র অব্যক্তরূপে

সমস্ত প্রাণীর সঙ্গে যুক্ত হয়ে রয়েছে। তা শুধুমাত্র মানুষের সঙ্গে মানুষের সংযোগই ঘটাচ্ছে না, সেই সঙ্গে তা এত অসীম ও ব্যাপক যে তেমনটি কেবল বাসনাময় অনুরাগই হতে পারে— তার অব্যক্ত ও স্ফ্রিত স্বরূপ 'প্রেম' তা পারে না। প্রেমের আধার হবে সীমিত, পরিচিত এবং নির্দিষ্ট। তা কখনো অনির্দিষ্ট আর অপরিচিত নয়।

অনুরাগের ভাবনা দুটি ভাব প্রবর্তন করে— প্রেমের ভাব ও করুণার ভাব। প্রেমের ব্যাপারটি ঘটে সীমিত, পরিচিত ও নির্দিষ্টের প্রতি। প্রেম মানুষের বৈশিষ্ট্যনির্ভর হয়। প্রেমের সৃষ্ট অনুরাগের মতো তা নির্বিশেষ হয় না, নির্বিশেষ হয় করুণা।

যদি কোনো অপরিচিত পীড়িত মানুষকে দেখে কেউ ব্যাকুল হয়ে সাহায্যের জন্য ছুটে याग्र তাহলে প্রেমকে याँता रीজভাব বলে মনে করেন তাঁরা বলবেন, 'তিনি খুব দয়ালু।' এর মধ্যে প্রথম পক্ষ যাকে প্রেম বলেছেন তা হলো বাস্তবে প্রত্যক্ষ প্রেরণা সৃষ্টিকাবী করুণাভাবের মূলে থাকা 'অনুরাগ' নামক বাসনা। এটা আগেই বলা হয়েছে যে, 'অনুরাগ' নামক বাসনার বিষয় হলো সাধারণ তথা সার্বজনীন কিন্তু 'প্রেম' নামক ভাবের আধার নির্দিষ্ট। বিশেষ। মন আর্দ্র হয়ে যাওয়ায় যিনি সাহায্য করেছেন তাঁর সেই অপরিচিত পীড়িত ব্যক্তির প্রতি ছিল প্রেম— এটা বলা যায় না, বলা সম্ভবও নয়। শুধু এইটুকু বলা যায় যে, তাঁর অন্তঃপ্রকৃতিতে সাধারণভাবে সকল জীবের প্রতি যে 'অনুরাগ'-এর বাসনা নিহিত ছিল তারই প্রভাবে করুণা উৎপন্ন হয়েছে এবং সেই করুণাই তাঁকে ব্যাকুল করেছে সাহায্য করতে। একথা আগেই বলা হয়েছে যে, শুদ্ধ করুণার উদ্রেক পীড়িতের কোনো বৈশিষ্ট্যের অপেক্ষা রাখে না। এমন নয় যে যার প্রতি প্রেম রয়েছে তারই পীড়া দেখে করুণা উৎপন্ন হবে। করুণা বিরোধ বা প্রীতি কিছু দেখে না। যিনি করুণা করছেন তাঁর মনে শুধু এই বোধটুকুই থাকে যে, তাঁরই মতো সুখদুঃখ অনুভব করা কোনো প্রাণী রয়েছে যে দুঃখ বা ক্লেশ পাচ্ছে। এর দ্বারা এটা স্পষ্ট হয যে, করুণা প্রেমের চেয়ে স্বতন্ত্র একটি ভাব। সে রক্ষা করার কাজটি প্রেমের সঞ্চারী হিসেবে করে— একথাও ঠিক নয়। এ কাজ তার নিজস্ব। অন্তর্নিহিত অনুরাগের বাসনায় তার মূল নিহিত থাকলেও কবিতা অব্যক্ত মূলকে নিয়ে থাকে না, ব্যক্ত ও প্রসারিত জ্বগৎকে নিয়েই কবিতা।

কবিতা হলো একটি সুন্দর ব্যাঞ্জনা। অভিব্যক্তি বা বিকাশ নিয়ে তার কাজ। এই দৃষ্টিভঙ্গির জন্য আমাদের দেশের কবিরা জনরক্ষার বিধানে করুণাকে বীজভাব হিসেবে রেখেছেন। করুণা দ্বারা রক্ষাবিধান হয়। প্রেমের দ্বারা হয় পালন ও তুষ্টি। আনন্দ দান। রক্ষা ও পালনের পার্থক্য ভালোভাবে বুঝে নিতে হবে। বিষ্ণু জগৎকে চিরকাল রক্ষা করে আসছেন। কিন্তু তিনি রক্ষা করছেন বিশেষ সময়ে সময়ে। রক্ষা করা হয় বিপদগ্রস্তকে আর পালন করা হয় রক্ষিতকে। লোকমঙ্গলের সাধনাবস্থা বা প্রয়াসকে নিয়ে এগোচ্ছেন যে কবি বা সমালোচকরা তাঁদের 'করুণা'কেই বীজভাব বলে মানা উচিত। সিদ্ধাবস্থার প্রশাস্তভূমিতে কাজ করছেন যে কবিরা তাঁদের পক্ষে 'প্রেমতত্ত্ব'কে বীজভাব বলাটাই ঠিক।

এব্রার আমাদের সিদ্ধাবস্থা নিয়ে আলোচনা করতে হবে, যা কাব্যের প্রশাস্ত ও অবাধ

ক্ষেত্র। এই ক্ষেত্রে পালন আর তৃষ্টিরই পূর্ণ প্রসাদ দেখতে পাওয়া যায়। এই ক্ষেত্রের একমাত্র অধিষ্ঠাতা দেবতা হচ্ছে 'প্রেম'। তার দ্বারা পালন আর তৃষ্টি দুই-ই সম্পন্ন হয়। বাৎসলা ভাব দ্বারা পালন ও দাম্পত্য ভাব দ্বারা তৃষ্টিবিধান ঘটে। এর অর্থ এই নয় যে, এ দুটি ছাড়া অনা ধরনের প্রেম দ্বারা পালন ও তৃষ্টিবিধান হয় না। এই দুটি ভাবকে মুখ্যরূপে গ্রহণ করার কারণ শুধু এই নয় যে, এর মধ্যে পালন ও তৃষ্টি দুই চরম উৎকর্ম লাভ করে। আনন্দের সিদ্ধাবস্থার প্রতি যাদের দৃষ্টি রয়েছে সেইসব কবিদের প্রেমকেই প্রবর্তক তথা বীজভাব বলে মান্য করা উচিত। তবে অবশাই পালন ও তৃষ্টি এই দুটি পক্ষকে সঙ্গে নিয়ে। কিম্ব মহারাজ ভোজ তৃষ্টিবিধানের পক্ষ অবলম্বন করে শৃঙ্গার (দাম্পত্য)-কেই একমাত্র রস বলেছেন। এর দ্বারা প্রমাণিত হয় যে, কাব্য সমালোচনাব ক্ষেত্রে 'সিদ্ধান্ত্র' বা 'বাদ' দাঁড়িয়ে আছে অনেকটাই রুচিবৈচিত্রোর ওপর, সমাক দৃষ্টিব ভূমিকা সেখানে কম। কাব্যের যে ক্ষেত্রের প্রতি যাব বেশি আগ্রহ থাকে তিনি তাকেই কাব্যের সম্পূর্ণ ক্ষেত্র বলতে চান।

গোড়াতেই এটা বলা হয়েছে যে, আনন্দের সিদ্ধাবস্থা বা উপভোগপক্ষ প্রবর্তনকারী কাব্যভূমি হলো দীপ্তি, মাধুর্য ও কোমলতাব ক্ষেত্র। এই ক্ষেত্রের বীজভাব প্রেম। কাব্যের এই ক্ষেত্রের দুঃখময় ভাবগুলির অনায়াসে চলে আসার অধিকার নেই। আসার আগে তাদের প্রেমের আধিপত্য স্বীকার করে নিতে হয় এবং অনেকটা চাপা অবস্থায় আসতে হয়। যে প্রতিবেশীরা হয়রান করে মারে, মাঘ মাসেও যে বিরহতাপ তপ্ত করে তোলে তার চেয়ে মাঝে মাঝে আচ্ছয় করা আশারূপ সুখের শীতলতা বেশি গ্রহণীয়। এখানে ক্রোধ, ঈর্ষা, ত্রাস ইত্যাদি স্বতন্ত্র হয়ে মাথা তুলতে পারে না। হাস্য ও আনন্দময় ভাব অবশাই স্বতন্ত্র হয়ে বিচরণ করতে পারে। অসামান্যের প্রতি বিশ্বয় বোধ জাগতে পারে। স্বতরাং তাঁর আবির্ভাব কাব্যেব কর্মভূমি ও ভোগভূমি— আনন্দের সাধনাবস্থা আর সিদ্ধাবস্থা দুটোতেই দেখা যায়। এখানে আমরা কেবল ভোগভূমির আলোচনা করব। এই ভূমিতে বিশ্বয়ের বিষয় হিসেবে অসামান্য শোভা, সৌন্দর্য, দীপ্তি, বিরহবেদনা ইত্যাদি পাওয়া যায়।

অনেকে এই অসামান্য বা বিরলকে কাব্যেব একমাত্র উপকরণ বলে মনে করেন। তার মধ্যে কয়েকজন তাকে অপ্রতীকী অর্থে বা বিষয়ের রূপে এবং কয়েকজন ভাষা রূপে দেখতে চান। আনন্দের সিদ্ধাবস্থা নিয়ে রয়েছে যেসব কাব্য বা কাব্যের ভোগভূমি সেখানে বিস্ময় মূলত বিনোদের অঙ্গ হয়ে আসে। বিভাব পক্ষে অসামান্য শোভা, দীপ্তি, প্রাচুর্য, প্রফুল্লতা, কোমলতা, লালিতা ইত্যাদির অঙ্কুত বা অলৌকিক ভাবনাকে ধরা হয়। অর্থাৎ মন আর ইক্রিয়ের সৃখদ বিষয়গুলিই কাব্যের এই ভূমিতে গ্রহণ করা হয়। সূত্রাং সেই সব বিষয়ের প্রাচুর্যপ্ত অসাধারণত্ব বা চমৎকারীত্ব অনুযায়ী কবি বাহ্য প্রকৃতিকে চিত্রিত করেন। এই রুচিকে অনেকে শিল্পের রুচি বলে মনে করেন। তাঁদের মতে, অন্যান্য শিল্পের মতো কাব্যের কাজ হলো জগতের সাধারণ ও অসুন্দবেব ভেতর থেকে অসাধারণ ও সুন্দরকে ছাঁটকাট করে সাজানো। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'সাহিত্য ধর্ম' নামক প্রবন্ধে বলেছেন—

'রামাঘরে ভাঁড়ার ঘরে গৃহস্থের নিত্য প্রয়োজন, কিস্কু বিশ্বজনের কাছে গৃহস্থ ঐ দুটো ঘর গোপন করে রাখে। বৈঠকখানা না হলেও চলে, তবু সেই ঘরেই যত সাজসজ্জা, যত মাল-মসলা; গৃহকর্তা সেই ঘরে ছবি টাঙিয়ে কাপেট পেতে তার উপরে নিজের সাধ্যমত সর্বকালের ছাপ মেরে দিতে চায়। সেই ঘরটিকে সে বিশেষভাবে করেছে, তার দ্বারাই সে সকলের কাছে পরিচিত হতে চায় আপন ব্যক্তিগত মহিমায়। সে যে খায় বা খাদ্য সঞ্চয় করে, এটাতে তার ব্যক্তিশ্বরূপের সার্থকতা নেই। তার একটি বিশিষ্টতার গৌরব আছে, এই কথাটি বৈঠকখানার গৌরব দিয়েই জানাতে পারে। তাই বৈঠকখানা অলংকৃত।'

একথা বলার অর্থ হলো যে, সাজানোর রুচিই একরূপে কাব্যের রুচি। এই রুচির প্রেরণা থেকেই কবির কল্পনা কাজ করে এবং এই রুচির তুটির জন্যই কবিতা পড়া বা শোনা হয়। কিন্তু এতক্ষণ যা বলা হলো সেই অনুসারে উপরোদ্ধত উক্তি কাব্যের কেবল একটি বিশেষ দিককে নিরুপণ করে। এটা অবশাই ঠিক যে, এই পক্ষ অবলম্বনকারী লোক আগেও ছিল, এখনো আছে। শৃঙ্গারকেই একমাত্র রস বলে মানেন যিনি সেই ভোজ রাজার কথা উল্লেখ করা হয়েছে। ভোজের মতো রাজাদের দরবারে রত্নের চাকচিকা ও যশের কিরণ ছড়ানো বাণীর অনেক আনন্দদায়ক সংগ্রহ আমাদের সাহিত্যে আছে। পারস্য দেশের কবিতা (শায়েরী)ও অধিকাংশ নির্বাচিত সাজসজ্জা-অলংকরণ ইত্যাদি নিয়েই রচিত হয়ে চলেছে। ফ্রান্স ও ইতালির প্রভাবে ইউরোপেও এমন অনেকে আহেন যাঁরা 'সাজসজ্জা ও সৌন্দর্যের' বাসনাকেই শিল্পের মূল বাসনা বলে মনে করেন।

বলা নিপ্সয়োজন যে, 'সাজসজ্জা ও সৌন্দর্য'-র এই ভাবনা আদর্শ স্বাতন্ত্র্যবাদেরই অন্তর্গত। কাব্যের এই স্বাতন্ত্র্যবাদ ধীরে ধীরে সেই অলৌকিকবাদে পৌঁছে গেছে থা কাব্যকে আধ্যান্থিক ক্ষেত্রে নিয়ে যায়। রবীন্দ্রনাথ বলেছেন—

'যাকে সীমায় বাঁধতে পারি তার সংজ্ঞা নির্ণয় চলে; কিন্তু যা সীমার বাইরে, যাকে ধরে ছুঁয়ে পাওয়া যায় না, তাকে বৃদ্ধি দিয়ে পাই নে, বোধের মধ্যে পাই। উপনিষদ্ ব্রহ্ম সম্বন্ধে বলেছেন, তাঁকে না পাই মনে, না পাই বচনে; তাঁকে যখন পাই আনন্দবোধে তখন আর ভাবনা থাকে না। আমাদের এই বোধের ক্ষুধা আত্মার ক্ষুধা। সে এই বোধের দ্বারা আপনাকে মানে। যে প্রেমে, যে ধাানে, যে দর্শনে কেবলমাত্র এই বোধের ক্ষুধা মেটে তাই স্থান পায় সাহিত্যে, রূপকলায়।'

রবীন্দ্রনাথের উপরোক্ত দৃটি বক্তব্য মিলিয়ে বিচার করলে স্পষ্ট হয়ে যায় যে, তাঁর লক্ষ্য আনন্দের সিদ্ধাবস্থা বা উপভোগপক্ষকে প্রকাশিত করা কাব্যভূমির প্রতি। ইতিপূর্বে বলা হয়েছে যে, এই ক্ষেত্রে শোভা, দীপ্তি, প্রাচুর্য, প্রফুল্লতা, কোমলতা ইত্যাদি দিয়ে বিনোদনের কল্পনা করা হয়। প্রথম উদ্ধৃতিটি এই ক্ষেত্রের দিকেই পরিষ্কার ইঙ্গিত করে। সেখানে অলংকরণ রুচির— শোভন, দীপ্ত ও সৌন্দর্যকে বেছে নেওয়ার যে প্রবৃত্তি তার পূর্ণ আভাস পাওয়া যায়। বিস্ময়ের সঙ্গে মিলনে এই উপভোগ বা বিনোদনের যে বৃদ্ধি ঘটে সেদিকে দ্বিতীয় উদ্ধৃতিটি ইঙ্গিত করে। সেই উদ্ধৃতিটিতে শোভা-সৌন্দর্যের অসীম্ফুতার আনন্দের উল্লেখ রয়েছে যা পরে এভাবে বলা হয়েছে— 'তার বাইরে গ্রহতারার

মেলা যে অখণ্ড আকাশে তার অসীমতার আনন্দ কেবলমাত্র আমার বোধে। জীবলীলার পক্ষে ঐ আকাশটা যে নিতান্তই বাহুলা, মাটির নিচেকাব কীট তারই প্রমাণ দেয়।

বিভাবপক্ষে শোভন আর দীপ্তিকে বেছে তার অসামান্য কল্পনা দ্বারা অস্কুত বিনোদনের সামগ্রী তৈরি করা এবং ভাবপক্ষে অনুভূতি ও ব্যাঞ্জনায় বৈচিত্র্যে প্রদর্শন করা হচ্ছে কাব্যে শিল্পবাদের নব্য ও প্রাচীন অনুগামীদের লক্ষ্য। শোভা ও দীপ্তির এই লোকোত্তর কল্পনাকে আমাদের দেশের ভক্তরা ঈশ্বরের ঐশ্বর্য বলে মনে করে। বিলিতি ঢণ্ডের আধ্যাত্মিক কবিতাতেও তাকে অসীম ও অনন্তেব ক্ষণিক দর্শন বলে ভাবা হয়। আমাদের দেশের ভক্তিমার্গে একে বলা হয় 'অচিত্তৈশ্বর্যযোগ'।

অসাধারণত্ব, দীপ্তি, চমৎকার ইত্যাদিব মধ্যে সকল দিক দিয়েই স্বতন্ত্র আকর্ষণ হলো মাধুর্যের। এই গুণের অধিষ্ঠানের অসাধারণ, অলৌকিক বা দীপ্ত হওয়াটা জরুরি নয়। সাধারণের থেকে আরো সাধারণ, তুল্ছ থেকে আবো তুল্ছ বস্তু এবং দৃশ্যের মধ্যে মাধুর্যের পূর্ণ আকর্ষণ থাকে। মহাকবি কালিদাস বর্ষার সময়ে চতুর্দিকে দেখতে পাওয়া খুমী গাছের চারা, সদ্য লাঙল দেওয়া ক্ষেতেব মাটির সোঁদা সেঁদা গন্ধ, 'জবিলাসানভিজ্ঞ' গ্রামের সহজ-সবল স্ত্রী এবং গপ্পো শোনাতে থাকা বুড়োদের মধ্যেও এই মাধুর্য দেখতে পেয়েছেন। অতান্ত ভাবুক ইংরেজ কবি ওয়ার্ডসওয়ার্থ-এর মন পাকদন্তীর ধাবে ধারে ফুটে থাকা ও ধুলোয় নোংরা হয়ে থাকা তুচ্ছাতিতুক্ছ ফুলকেও আপন কবে নিত। দীপ্তি ও মাধুর্য, সাধারণ ও অসাধারণ— এই দুটো পক্ষকে রসানুভূতি দিয়ে গ্রহণ করার মধ্যেই মনের পূর্ণ ব্যাপ্তি বলে আমরা স্বীকার করি। সাহিত্যগ্রন্থগুলিতে 'সকল অবস্থাব মধ্যে প্রাপ্ত রমণীয়তা'কে মাধুর্য অখ্যা দেওয়া হয়েছে— 'সর্বাবস্থাবিশেষেমু মাধুর্যা রমণীয়তা।'

(সাহিত্যদর্পণ, ৩-৯৭)

সাধারণ থেকে অতি সাধারণ প্রাকৃতিক বস্তুর মধ্যে, নগন্য থেকে আরো নগন্য জীবনের ঘটনাবলীতে এই মাধুর্যের অনুভব ঘটে। অতীতের স্মৃতিতে, বাল্যাবস্থায় পরিচিত পুরনো গাছপালাতে, নির্জন টিলায়, কৃষকদের চালাঘরে, শ্যাওলা ও কাদায় ভরা পুকুরে, ক্ষুরে ধুলো উড়িয়ে মাঠ থেকে ফিরে আসা গরুর দলে, মেষপালকের মধ্যে, পুকুরের ছোট্ট পদ্মফুলটিতে আর অনুর্বর ক্ষেতের পাকদন্তীতে মনকে একাত্ম করার যে গুণ, তাই হলো মাধুর্য। প্রত্যেক দেশের প্রকৃত কবিরা চিরকাল সাদামাটা ও সাধারণের মধ্যেই এই মাধুর্যকে অনুভব করেছেন। এই মাধুর্যের রূপকে দিপ্তি ও সাজসজ্জার মাধুর্যের চেয়ে সবদিক দিয়েই ভিন্ন বলে মনে করা উচিত। যেমন ঘাসে ঢাকা সমতল মাঠকে মখমলের গালিচা বা পান্নার মেঝে বললে মাধুর্যের অনুভৃতির স্বরূপ ঠিক ঠিক অর্থবহ হয় না। এরকম কথায় কেবল দীপ্তি ও সাজসজ্জার ভাবনা উঠে আসে।

সৌন্দর্যের অন্তর্গত দীপ্তি ও মাধুর্য প্রায়শ মিলেমিশে থাকে। দীপ্তি চকিত এবং স্তম্ভিত করে। প্রেমের কাব্যে কোথাও কোথাও নায়িকার রূপকে দেখেই নায়ক যে মূর্ছিত হয়ে পড়ে যায় তাকে দীপ্তির প্রভাষ বলে মনে করতে হবে। যেমন 'পদাবত'-এ শিবমন্দিরে পদ্মিনীকে প্রবেশ করতে দেখামাত্র রাজা রত্নসেন তো মূর্ছিত হলেনই, সেই সঙ্গে শিব এবং অন্যান্য দেবতারাও স্তব্ধ হয়ে গেলেন। রূপের প্রতি লোভ উৎপন্নকারী বা প্রলোভন

সৃষ্টিকারী বস্তু, মনকে কাছে টেনে নিয়ে আসার শক্তিই হলো মাধুর্য! সব দীপ্তির মধ্যে মনকে ধরে রাখার মতো আকর্ষণ থাকে না। মানুষ তো বহু ঝলমলে রূপ দেখে থাকে, চমকে ওঠে কিন্তু সর্বত্র তার মন আটকে থাকে না। প্রেমের রূপ্পে মাধুর্যের স্পর্শ ঘটলে অনুরাগের আবির্ভাব হয়। তবে এই মাধুর্যের অনুভৃতি ব্যক্তিগত। একসঙ্গে বহু লোকই দীপ্তিকে মেনে নেয়। কিন্তু কোনো ব্যক্তি বা বস্ততে মাধুর্যের দেখা পায় দশ-পাঁচজন মানুষের মধ্যে দু-একজন। মজনুর চোখই লায়লার মধ্যে মাধুর্য দেখেছিল। মাধুর্যের ভাবনা সঞ্চারিত হলে তবেই আসক্তি অর্থাৎ সান্নিধ্য ও সম্পর্কের প্রবল প্রবৃত্তি জেগে ওঠে। ভবধারার ভেতরে ভেতরে চলতে থাকা যে ভাবধারা রয়েছে, মনকে কোমল করে সেই ভাবধারার সঙ্গে মেলানোর ভাবনা মাধুর্যের। 'কবিতা কী' নামক প্রবন্ধে কাব্যকে আমি 'ভাবযোগ' বলে অভিহিত করেছি। এই ভাবযোগের চরম সাধনা থেকে মনের যে মুক্তিঘটে তা এই মাধুর্যের অনভৃতির সাহাযো। ভেদের মধ্যে অভেদের যে রসময় উপলব্ধি তা এই মাধুর্যের স্বাদ, যাকে আমাদের এখানকার ভক্তরা ভগবানের প্রসাদ বলেছেন—এমন প্রসাদ যা আত্মাকে পৃষ্ট করে।

ンタイイ

অনুবাদ: সৈকত রক্ষিত

# কাব্য এবং প্রকৃতি

কবির সৃষ্টিশীলতার দুটো পক্ষ থাকে। বিষয়ের পক্ষ এবং অনুভবেব পক্ষ। কবি একদিকে এমন সব বস্তুকে চিত্রিত করেন যা মনের মধ্যে কোনো ভাব জাগাতে অথবা জেগে ওঠা ভাবকে আরো ঘনীভূত করতে সমর্থ হয়। অন্যদিকে ওই বস্তুর পক্ষে উপযুক্ত ভাবকে শব্দের দ্বারা ব্যক্ত করেন। বলা বাহুলা, কাব্যে এই দুটো পক্ষই পরস্পর আশ্রিত—দুটোই থাকে। যেখানে একটি পক্ষেরই বর্ণনা থাকে, সেখানেও অন্য পক্ষটি অব্যক্তরূপে থেকে যায়। যেমন, যদি নায়িকার রূপ বা তার আপাদমন্তক শরীরের বর্ণনার কথা ধরা যায়, তাহলে দেখা যাবে যে, সেখানেও আশ্রয়ের রতিভাব অব্যক্তরূপে বর্তমান থাকছে। তবে কাব্যে বিষয়ই হলো প্রধান। ভাবের প্রকৃত আধার বা বিষয়কে কল্পনায় পূর্ণ এবং তাকে প্রত্যক্ষ করা কবির সবচেয়ে প্রথম এবং জরুরি কাজ। আগে যা বললাম সেই দুটো পক্ষ হলো—

- ১. ভাবের বিষয় বা আলম্বন
- ২. ভাবকে যে অনুভব করে অর্থাৎ আশ্রয়

এর মধ্যে প্রথম পক্ষে মানুষ থেকে শুরু করে কীটপতঙ্গ, বৃক্ষ, নদী, পর্বত ইত্যাদি জগতের যেকোনো পদার্থই হতে পারে। কিন্তু দ্বিতীয়টিতে কেবল হৃদয়সম্পন্ন মানুষই হয়। প্রাচীন কবিরা এই দুটোর স্বরূপ প্রতিষ্ঠিত করতে— তাদের প্রতিবিশ্ব রচনা করতে কল্পনাকে সম্পূর্ণরূপে কাজে লাগাতেন। বাশ্মীকিব রামায়ণকে আমি আর্য কাব্যের আদর্শ বলে মনে করি। তাতে রামের রূপ, গুণ, আচরণ, স্বভাব এবং রাবণের বিরূপতা, নীতিহীনতা, অত্যাচার ইত্যাদির পুরো ছবি তো পাওয়া যায়ই, সেই সঙ্গে অযোধ্যা, চিত্রকূট, দশুকারণা প্রভৃতির ছবিও বর্ণনার সঙ্গে আমাদের সামনে উঠে আসে। এই ভৃষণ্ডের বর্ণনায় হাট-বাট, অরণ্য-পর্বত, নদা-নির্বর, গ্রাম-জনপদ ইত্যাদি কত জিনিস যে আমাদের চোখে দৃশ্যময় হয়ে ওঠে!

সাহিত্যের পশুতদের দৃষ্টিতে অরণ্য, উপবন, ঋতু ইত্যাদি হলো কেবল শৃঙ্গারের 'উদ্দীপন' মাত্র। এগুলি নায়ক-নায়িকাকে হাসানো বা কাঁদানোর জন্য। তাই যদি হয় তাহলে এই প্রকৃতির সংশ্লিষ্ট জগতের ছবি একৈ শ্রোতাব কাছে তার প্রতিবিশ্ব তুলে ধরার কী প্রয়োজন? তাদের নাম বলে অর্থ বোধগম্য কবে দিলেই হয়। কিন্তু চিন্তুনীয় বিষয় হলো যে, প্রাচীন কবিরা কি এর বর্ণনা এইভাবেই করেছিলেন? বিশ্বহদয় বাশ্মীকি ক অরণ্য ও নদী সমূহের বর্ণনা এই উদ্দেশ্যে দিয়েছিলেন? মহাকবি কালিদাস 'কুমারসম্ভবের' শুরুতেই হিমালয়ের যে বিশ্বদ বিবরণ দিয়েছেন তা কি কেবল শৃঙ্গার-উদ্দীপনের দৃষ্টিতে? কখনোই না। সে-বর্ণনা প্রাসঙ্গিক। অর্থাৎ তা বিষয়গত

পরিস্থিতিকে ফুটিয়ে তুলছে। এই বর্ণনা ছাড়া বিষয় এবং অনুভবকে মনে হবে যেন শূন্যে দাঁড়িয়ে রয়েছে। আপনি লক্ষ করুন— ধরুন রাম-লক্ষণের দুটো ছবি আপনার সামনে রয়েছে। তার মধ্যে একটিতে ওই দুটি মূর্তি ছাড়া আর কিছু রেই। কিন্তু দ্বিতীয়টিতে গাছ ও লতাপাতায় ঘেরা নদীতটে পর্ণকুটিরের সামনে দু'ভাই বসে আছে। দ্বিতীয় চিত্রটি পারিপার্শ্বিক অবস্থাকে নিয়ে রয়েছে। তাই এই ছবিতে আমাদের ভাবের পক্ষে আরো বিস্তৃত আলম্বন রয়েছে। ওই পরিস্থিতিতে, ওই জগতে, ওই দৃশ্যের মাঝখানে— যেখানে আমরা থাকি, সেখানে রাম-লক্ষ্মণকে পেয়ে আমরা তাঁদের সঙ্গে আরো নিকট-সম্পর্ক অনুভব করি। আর এতে সম্পূর্ণভাবে 'সাধারণীকরণ' হয়।

তবে প্রাকৃতিক বর্ণনা কেবল অঙ্গরূপের দিক দিয়েই ভাবের আলম্বন হয় না, তা অন্যভাবেও হয়। যে প্রাকৃতিক দৃশ্যাবলীর মধ্যে আমাদের পূর্বপুকষবা থাকতেন এবং এখনো অধিকাংশ মানুষ (যাঁরা শহরে আসেননি) তাঁদের জীবন কাটাচ্ছেন, সেই প্রকৃতির প্রতি প্রেম বা সহাবস্থানের প্রভাবে আকাঙক্ষাব রূপে তা আমাদের হৃদয়ে থেকে যায়। দর্শন, কাব্য ইত্যাদির মধ্য দিয়ে আমাদের মনের মধ্যে তার প্রতি একটা অনুবাগ তৈরি হয়। এটাকে অস্বীকার করা চলে না। এই অনুবাগকে অন্য কোনো ভাবের আশ্রিত বা উত্তেজক বললে তা নিজের অনুভূতিহীনতার পক্ষে ঢাক পেটানো হয়। প্রাকৃতিক দৃশ্যাবলীকে যে কেবল কামোদ্দীপক বলে মনে করে, বুঝতে হবে তার রুচিভ্রষ্ট হয়েছে এবং সে সংস্কারাচ্ছন্নও। আমি পাহাড়ে জঙ্গলে দুবতে দুবতে এমন অনেক সাধু দেখেছি যাঁরা আন্দোলিত হতে থাকা জঙ্গল, ঝকঝকে পাথরের ওপব রূপোর মতো আছড়ে পড়া ঝর্ণা, হরিণদের লাফিয়ে ওঠা এবং জলেব ওপবে ঝুঁকে পড়া গাছের শাখায় কলরবরত পাখিদেব দেখে মুদ্ধ হয়ে গেছেন। কালো বাদলের ছায়া চিত্রকূট পাহাড়ের ওপরে পড়ে कारता महीत ना नारत्न धमन जरमाई नारु थारक। धरकम पृगा तन्रता मता रा আনন্দ হয় এতে কোনো সন্দেহ নেই। আনন্দ হলো সঞ্চারী ভাব। তাই এটা মানতেই হয় তার মূলে রতিভাব রযেছে এবং তা এইসব দৃশকে দেখলে জেগে ওঠে।

আচরণ বিধির গ্রন্থগুলির দৌলতে রস-দৃষ্টি সংহত হওয়ায় তার সংযোজক বিষয়গুলির মধ্যে কিছু বিষয়কে 'উদ্দীপন'-এর মধ্যে ফেলে রাখা হয়েছে আবার কিছু বিষয়কে 'ভাবক্ষেত্র' থেকে মুক্ত করে বের করে এনে 'অলংকার'-এর মধ্যে ফেলা হয়েছে। এই বিন্যাসানুয়য়ী বস্তুসমূহের স্বাভাবিকরূপ এবং ক্রিয়ার বর্ণনা 'স্বভাবোক্তি' অলংকার হয়ে ওঠে। য়েমন, শিশুদের খেলা কবা, আছাড় মেরে চিতার ল্যাজ ঝাপটানো, হাতির গাল রগড়ানো ইত্যাদি। তবে আমি এগুলিকে প্রত্যক্ষ বিষয় বলে মনে কবি, যার ওপরে প্রতীকী বিষয়ে উৎপ্রেক্ষা ইত্যাদি আরোপ করা যেতে পাবে। বাৎসলা রতি-ভাব প্রদর্শনে যদি শিশুক্রিড়ার বর্ণনা প্রকাশ পায় তাহলে কি তা শুধু অলংকার ভিয় আর কিছু না? প্রত্যক্ষ বর্ণনীয় বিষয় অলংকার হতে পারে না। আমি অলংকারকে কেবল বর্ণন-প্রণালী বলে মনে করি। এর অন্তর্ভুক্ত করে কিছু জিনিসের বর্ণনা করা যতে পারে। বস্তুকে নির্দেশ করা অলংকারের কাজ কয়। এই দৃষ্টিভঙ্গিতে কোনো কোনো অলংকারকে অলংকার না বলাই ভালো।

যেমন, স্বভাবোক্তি, অতিশয়োক্তি থেকে ভিন্ন অত্যুক্তি, উদাত্ত ইত্যাদি। সার কথা হলো যে, স্বভাবোক্তি অলংকার নয় এবং এর দ্বারা তার যথার্থ লক্ষণও স্থির হয়নি। কিছু লোক অলংকারের অত্যন্ত বিস্তৃত অর্থ করছেন। এই সব নিয়ে বিস্তারিত আলোচনা পরে কখনো করা হবে।

মানুষ অবশিষ্ট প্রকৃতির সঙ্গে তার প্রেমের সম্বন্ধকে বিচ্ছিন্ন করলে নিজস্ব আনন্দের ব্যাপ্তিকে নষ্ট করে। বৃদ্ধির বিস্তারের জন্য মানুষ যেমন বিস্তৃত তথা বহু রূপধর্মী ক্ষেত্র লাভ করেছে, তেমনি 'ভাব' (মনের আবেগ)-এর জনাও সে তা লাভ করেছে। এখন আলস্য বা প্রমাদের বশে মানুষ যদি এই দ্বিতীয় ক্ষেত্রটিকে সংকৃচিত করে নেয় তাহলে তার আনন্দ পশুর আনন্দের চেয়ে বড় কিছু বলা যেতে পারে না। কাজেই এটা প্রমাণিত যে, অরণা, পর্বত, নদী, নির্বর, পশু, পক্ষী, খেত, জল ইত্যাদির প্রতি আমাদের প্রেম স্বাভাবিক, অথবা তা বাসনার রূপে আমাদের অন্তঃকরণে নিহিত রয়েছে।

তবে প্রেমের প্রতিষ্ঠা দুভাবে হয়— (১) সুন্দরের রূপে অনুভবের দ্বারা এবং (২) সাহচর্যের দ্বারা। সুন্দর রূপের প্রতি যে প্রেমভাব বা লালসা (আমার তো মনে হয় দুটো শব্দের অর্থ প্রায় একই রকম) জেগে ওঠে তার কারণ হলো প্রত্যক্ষ। আর যা কেবল সাহচর্যের প্রভাবের ফলে অংকুরিত ও পল্লবিত হয় তা একধরনের হেতুজ্ঞানশূণ্য। যদি আমরা কোনো চাষীকে তার কুঁড়েঘর থেকে তুলে দূরবর্তী কোনো দেশে নিয়ে যাই এবং সেখানে কোনো রাজপ্রাসাদে আশ্রয় দিই, তাহলে সে তার কুঁড়েঘর, তার চালার ওপরে কুমড়ো লতা, ঘরের সামনে নিমগাছ, দরজায় বাঁধা গবাদির কথা মনে করে চোবের জল ফেলবে। সে এটা কখনো মনে করে না যে, আমার কুঁড়েঘর এই রাজপ্রাসাদ থেকে সুন্দর ছিল। কিম্ব তা সত্ত্বেও কুঁড়েঘরের প্রতি প্রেম তার হৃদয়ে রয়েছে। এই প্রেম রূপ সৌন্দর্যকে নিয়ে নয়,— অকৃত্রিম, স্বাভাবিক তথা হেতুজ্ঞানশূন্য প্রেম। এর কাছে রূপসৌন্দর্যের প্রেম পৌছতে পারে না।

এর থেকে এটা স্পষ্ট যে, যিনি নিজের সুধবিলাসের জন্য অথবা দৃষ্টিতে অথবা শোভা-সৌন্দর্য সম্পর্কিত নিজস্ব রচনার আদর্শকে মাথায় রেখে প্রকৃতিকে অবলোকন করেন এবং নিজের প্রেমোল্লাসকে এই বলে প্রকাশ করেন যে, 'আহা! কি সুন্দর লাল-হলুদ ফুল ফুটেছে। গাছ কি রকম এখান থেকে ওখান পর্যন্ত সারিবদ্ধভাবে চলে গেছে। লতাগুলো কেমন মণ্ডপের মতো তৈরি হয়েছে। কি সুন্দর ঠাণ্ডা মৃদুমন্দ সুগন্ধী বাতাস বইছে।'—
তাঁর প্রেম কোনো প্রেম নয়। তা অসম্পূর্ণ প্রেম। তিনি প্রকৃতির সত্যিকারে উপাসক নন, তিনি দর্শকমাত্র। তিনি সৌন্দর্য, সাজগোজ আর বৈচিত্র দর্শন করতে বেরোন। তাঁর মন মানুষের সৃষ্ট ঘটনাবলীতে পড়ে এতোটাই সংকৃচিত হয়ে গেছে যে এই মুক্ত প্রাকৃতিক পরিবেশে নিজেকে লীন করে দেবার প্রবৃত্তি হারিয়ে ফেলেছে। অথচ এই প্রাকৃতিক পরিবেশে প্রচীন মানবজ্ঞাতি তাদের জীবন কাটিয়েছিলেন এবং তাদের আদিম কাজকর্মের প্রবৃত্তি থেকে বেরিয়ে এসে জীবন নির্বাহ করেছিলেন, নিজেকে রক্ষার কাজে ব্রতী হয়েছিলেন। কয়েক কোটি প্রজন্ম পেরিয়ে আসার সেই অস্তর্তেতনা প্রবাহিণী অব্যক্ত শ্যুতি, যাকে বাসনা বা সংস্কার বলা হয়, তা আর তাঁর মনে নেই। তিনি জাঁকজমক,

সাজসজ্জা, রঙের চমক, শিল্পের সৃক্ষতা নিয়ে মুগ্ধ হতেই পারেন, কিন্তু তাহলেও তাঁকে প্রকৃত হদয়বৃত্তিসম্পন্ন বলা যায় না।

পাথুরে টিলা, অনুর্বর ভূমি, পাহাড়ের উঁচ্-নিচু প্রান্তদেশ কিংবা বাবলা-বৈচির ঝোপঝাড়ের মধ্যে কি আকৃষ্ট হওয়ার মতো কিছুই থাকে না ? পারস্যের ঘাঁচে গোল বা চৌকো করে কাটা বাগান, ভ্রমণের জন্য বৃক্ষশোভিত সারি সারি পথ, মেহেদি দিয়ে বানানো কুৎসিত হাতি-ঘোড়া, কেটে-ছেঁটে সুডৌল করা শর গাছের সারি, ফুল ধরে থাকা পণ্ডক্তিবদ্ধ গোলাপ গাছ ইত্যাদি দেখে যাঁরা বাহবা করেন, তাঁদের সঙ্গ প্রকৃত ভাবুক ও সহদয় মানুষের কাছে দুঃখদায়ক হয়ে উঠবে, যেমন সজ্জন ব্যক্তিদের কাছে দুই মানুষের সঙ্গ দুঃখদায়ক। আমাদের পূর্বসুরীরাও প্রমোদ বাগিচা আর বাগান করতেন। তাঁদের আদর্শ ছিল অন্য। এখন চীন ও ইউরোপে যা গড়ে উঠছে, সেটাই ছিল তাঁদের আদর্শ। এখনকার পার্কগুলোতে আমরা ভারতীয় আদর্শের হায়া দেখতে পাই। আমাদের এখানকার প্রমোদ বাগিচাগুলি বনের মতোই হতো। যাঁর পক্ষে বনে গিয়ে প্রকৃতির বিশুদ্ধ স্বরূপ এবং তার স্বচ্ছন্দ ক্রীড়া দেখা সম্ভব হতো না, তিনি ওই সব প্রমোদ বাগিচাগুলোতে গিয়ে তার অল্পবিস্তর উপভোগ করতেন। তিনি সর্বত্র নিজেকেই দেখতে চাইতেন না। গাছপালাকে মানুষের নিয়ম-রীতি মেনে চলতে দেখে যে মানুষ প্রসন্ন বোধ করেন, তিনি আসলে সর্বত্র নিজেকে দেখতে চান। নিজের অহম্বকে ভেতর থেকে বের করে দিয়ে তিনি প্রকৃতির দিকে চোখ মেলার ইচ্ছা পোষণ করেন না।

কাব্যের চরম লক্ষ্য হলো, জাগতিক সমস্ত কিছুকে আত্মন্থ করিয়ে অনুভব করানো। তার জনাও অহংকারকে ত্যাগ করাটা জরুরি। যতক্ষণ না এই অহংকার থেকে আমাদের মুক্তি ঘটছে ততক্ষণ প্রকৃতির সমস্ত রূপকে মানুষ অনুভব করতে পারে না।

কেবল অন্ধুত, দৃষ্প্রাপ্য, বৈচিত্রা বা অসাধারণ বস্তুর প্রতি মুদ্ধতা থাকলেই স্বভাবিক সহৃদয়তা থাকে না। যাঁরা ভেড়াঘাট, গুলমার্গ ইত্যাদি দর্শন করতে যান, তাঁরা কেউ প্রকৃতির যথার্থ পূজারী নন। তাঁরা অধিকাংশ দর্শকমাত্র। অসাধারণকে ওপর ওপর দেখার যে রুচি তা আসলে স্থুল রুচি। তার সঙ্গে হৃদয়ের গভীরতার কোনো সম্পর্ক থাকে না। যে রুচির তাগিদে মানুষ আতশবাজি, মিছিল ইত্যাদি দেখতে ছুটে যান, তা এই রুচিই। এই রক্মের অসাধারণত্ব তথা চমৎকারিত্বপূর্ণ সংকীর্ণ রুচির কারণে অনেকে অতিশয়োক্তিতে ভরা দুর্বল বাক্যকেই কাব্য বলে মনে করেন।

ভাবের উৎকর্ষ প্রকাশের জন্য কাব্যের কোথাও কোথাও অসাধারণত্বের দরকার হয়ে পড়ে। তবে সেইটুকু মাত্রাতেই, যেটুকু থাকলে কবিতার প্রকৃত ভাব চাপা পড়ে না যায়। এই উৎকর্ষের জন্য কোথাও কোথাও অসাধারণত্ব প্রথমে আলম্বনের স্থান গ্রহণ করে এবং ভাবোৎকর্ষের কারণস্বরূপ হয়ে দাঁড়ায়। তবে এটা বলেছি যে, ভাবের উৎকর্ষের জন্য সর্বত্র আলম্বনের অসাধারণত্বের প্রয়োজন হয় না। অতি সাধারণ বস্তুও আমাদের গ্রহুত্বপূর্ণ ভাবের আলম্বন হতে পারে। সাহচর্যের কারণে প্রেম কতটা শক্তিশালী হয়ে থাকে, সন্তাকে ধরে রাখার কতখানি ক্ষমতা তার থাকে তা সকলেই জানেন। কিন্তু তা অসাধারণক্ত্রক অবলম্বন করে নেই। যা আমাদের শেশবের সঙ্গী, যে গাছের তলে,

যে টিলার ওপরে, যে নদীনালার ধারে আমরা আমাদের বন্ধুদের নিয়ে বসে থাকতাম, তাদের প্রতি আমাদের ভালবাসা যাবজ্জীবন স্থায়ী হয়ে থাকে। কাজেই বৈচিত্র্যপন্থীদের এই ভাবনাটা ঠিক নয় যে, যেখানে অসাধারণত্ব থাকে সেখানেই রসসঞ্চার হয়, অন্যত্র হয় না।

সার কথা হলো, কেবল অসাধারণত্ব দর্শনের যে ইচ্ছা তা কখনো যথার্থ সহন্দয়তার পরিচয় হতে পারে না। শোভা ও সৌন্দর্যে ভাবনার সঙ্গে সঙ্গে যাতে মনুষ্য জাতির সেই প্রাচীন যুগের সহচরদের বংশানুক্রমিক স্মৃতি— যখন তাঁরা প্রকৃতির মুক্ত অঙ্গনে বিচরণ করতেন— যে ভাবনার মধ্যে মনুষ্য জাতির সেই প্রাচীন যুগের প্রকৃতির মুক্ত অঙ্গনে বিচরণকারী সহচরদের বংশানুক্রমিক স্মৃতি থাকে, তাকেই পুরোপুরি অনুভৃতিসম্পন্ন বা সহদন্য বলা যেতে পারে। আগেই বলেছি যে, বন্য এবং গ্রামীণ উভয় প্রকার জীবনই হলো প্রাচীন। উভয় জীবনই গাছপালা, পশুপক্ষী, নদীনালা আর মাঠ-ময়দান-পাহাড়ের জীবন। সুতরাং এই জীবনের সঙ্গে প্রকৃতির অনেক রূপের সম্বন্ধ থাকে। সংযোগ ঘটে। আমরা গাছপালা আর পশুপক্ষীর সঙ্গে সম্পর্ক ছিন্ন করে শহরে এসে বসবাস করি। কিন্তু তাদের হেড়ে আমরা থাকতে পারি না। আমরা তাদের প্রতিটি মুহূর্তে নিজের কাছে না রেখে একটি গণ্ডীর মধ্যে আবদ্ধ করে ফেলি। এবং কখনো কখনো মনোরঞ্জনের জন্য সেখানে চলে যাই। তারাও আমাদের সঙ্গ ছাড়তে পারে না। তাই আমাদের বাড়ির চালার প্রান্তে পায়রা এসে নিশ্চিতন্ত শুয়ে থাকে—

'তাং কস্যাংচিদ্ভবনবলভী সুপ্তপারাবতায়াং নীত্বা রাত্তিং চিরবিলসিনাতিখন্নবিদ্যুৎ কলত্রঃ।'

চড়ুই এসে আমাদের ঘরের ভেতরে বসে থাকে। বেড়াল তার নিজের ভাগেরটা মেঁও মেঁও করে চেয়ে নেয় অথবা চুরি করে নিয়ে পালায়। কুকুর ঘর পাহারা দেয়। আর ভগবান বাসুদেব কখনো কখনো ঘরের দেয়াল ভেঙে বেরিয়ে আসে। বর্ষাকালে যখন চুন-সুরকির কাঠিনাকে তোয়াক্কা না করে পুরনো ছাদের ওপরে সবুজ ঘাস বেরিয়ে আসে তখন আমরা তার প্রেম অনুভব করি। বলা যায়, তারা আমাদের খোঁজ করতে করতে আসে আর বলে যে, তোমরা কেন আমাকে ফেলে দূরে দূরে পালিয়ে বেড়াচ্ছো?

আদিকবির প্রকৃতি নিরীক্ষণ কতখানি সৃক্ষ, বস্তু ও বিষয়ের সঙ্গে তাঁর পরিকল্পনা কতখানি সংশ্লিষ্ট, তিনি কিভাবে এক-একটি জটিল বর্ণনার প্রতি মনোযোগী ছিলেন সেটা দেখানোর জন্য নিচে কিছু কবিতা উদ্ধৃতি করা হলো—

'ব্যামিশ্রিতং সর্জ্বকদম্বপুলৈপর্নবং জলং পর্বতধাতৃতান্রম্। ময়্রকেকাভিরনুপ্রয়াতাং শৈলাপগাঃ শীঘ্রতরং বহন্তি॥ রসাকৃলং ষট্পদসন্নিকাশং প্রভূজ্জতে জম্মুফলং প্রকামম্। অনেকবণং পবনাবধৃতং ভূমী পতত্যান্রফলং বিপক্কম্॥ মুক্তাসকাশং সলিলং পতথ্ধৈ সুনির্মলং পত্রপুটেমু লগ্নম্। হুষ্টা বিবর্ণচ্ছদনা বিহন্ধঃ সুরেন্দ্রদদম্বং ভূমিতাঃ পিবন্তি॥'

(পাহাড়ের নদী শাল আর কদম্ব ফুলে মেশামেশি হয়ে, গিরিমাটিতে লাল হয়ে, সদ্য

এসে পড়া জলের ধারা নিয়ে কেমন দ্রুত বয়ে চলেছে। তার সঙ্গে সঙ্গে নাচ গান গাইছে ময়ুর। রসে ভরা ভোরের মতো কালো কালো জাম লোকেরা খাছে। নানা রঙের পাকা আম বাতাসের ঝাপটানি খেয়ে খসে পড়ছে মাটিতে। তৃষ্ণার্ত পান্নি, জলে ভিজে যার ডানা অচল হয়ে গেছে, সে ইন্দ্রের দেয়া মুক্তোর দানার মতো জল, যা লেগে রয়েছে পাতার কোণায়, আনন্দের সঙ্গে পান করছে।)

উপমা দেবার কাজে কালিদাসকে অদ্বিতীয় বলে মনে করা হয়। তবে বস্তুচিত্রের উপমা ইত্যাদির অধিক বোঝা চাপিয়ে দিয়ে তিনি তা মোটা দাগের করে দেননি। তাঁর মেঘদৃত, বিশেষ করে পূর্বমেঘ তো পাতায় পাতায় মনোহর চিত্রশোভিত হয়ে রয়েছে। পূর্বমেঘ তো আদাপান্ত একটি মনোচিত্রই। এরকম কাব্য শুধু সংস্কৃত ভাষায় কেন, অন্য যেকোনো ভাষাতেও কমই আছে। তাতে ইতিহাসের প্রতি সহদয়তা আছে, দেশের প্রকৃত স্বরূপের সঙ্গে যাঁর মনের সামঞ্জস্য আছে, মেঘদৃত তাঁর জন্য একটি ভাবপূর্ণ অখণ্ড ভাণ্ডার। যাঁর রুচিত্রস্ত হয়েছে, যিনি সব জায়গাতেই কেবল উপমা আর উৎপ্রেক্ষা বুঁজে বেড়ান, যিনি 'বৈচিত্র্যপূর্ণ ভাষা'কেই বাহবা দিয়ে থাকেন, তাঁর কাছে হয়তো এর কোনো মূল্য নাও থাকতে পারে।

কালিদাস অরণ্যের সৌন্দর্য, নগরের শোভা ইত্যাদিই কেবল সবিস্তারে বর্ণনা করে যাননি, সেই সঙ্গে জনশূন্য ধ্বংসাবশেষেরও এমন বর্ণনা দিয়ে গেছেন, তার এমন স্বরূপকে আমাদের সামনে তুলে ধরেছেন যে তাকে অতীতের সঙ্গে মিলিয়ে দেখলে স্বাভাবিকভাবেই আমাদের মনে কারুণ্য ফুটে ওঠে। আমাদের মনে কারুণ্য ফুটে ওঠা স্বাভাবিক। কুশ যখন কুশাবতীতে গিয়ে রাজত্ব করতে শুরু করে তখন অযোধ্যা জনহীন হয়ে যায়। ধ্বংস হয়ে যায়। একদিন অযোধ্যার অধিদেব রাত্রে স্ত্রীবেশে তাঁর কাছে যান এবং অযোধ্যার এই দুর্দশাগ্রস্ত অবস্থার কথা অত্যন্ত মর্মস্পশী ভাষায় বর্ণনা করেন। এই প্রসঙ্গে মাত্র দুটো ক্লোক নিচে দেওয়া হলো। এর খেকেই পাঠক সম্পূর্ণ বর্ণনাটি অনুমান করতে পারবেন—

'কালান্তরশ্যামসুধেষু নক্তং ইতন্ততোর ইতন্ততো রুঢ়তৃণান্ধরেষু। ত এব মুক্তাগুণশুদ্ধযোপি হর্মোষু মুচ্ছন্তি ন চন্দ্রপাদাঃ।। রাত্রাবনাবিষ্কৃতদীপভাসঃ কান্তামুখন্ত্রীবিযুতা দিবাপি। তিরক্তিয়ন্তে কৃমিতস্কুজালৈবিচ্ছিন্নধুমপ্রসরা গবাক্ষাঃ।'

(সময়ের চক্রে কালো হয়ে যাওয়া গুটিকয় মন্দিরে, যাদের গায়ে এদিক-সেদিকে ঘাসের চারা গজিয়ে উঠেছে, রান্তিরে মুক্তোমালার মতো চন্দ্রকিরণে তাদের আর উজ্জ্বল দেখায় না। রাত্রিবেলা প্রদীপের আলো থেকে এবং দিনের বেলা স্ত্রীমুখের সৌন্দর্য থেকে বঞ্চিত জানালাগুলি— তাদের ভেতর দিয়ে ধুঁয়ো বেরিয়া আসা বন্ধ মাকড়সার জালে ঢাকা পড়ে গেছে।)

ভবভূতি যদিও শব্দালংকারের দিকে অধিক মনোযোগী ছিলেন, তবু প্রকৃতির রূপমাধুর্যের প্রতি তাঁর পূর্ণ মনোযোগ ছিল। নাটকে প্রাকৃতিক দৃশ্যাবলীকে চিত্রিত করার সুযোগ না থাকলেও ছিলন মাঝে মাঝে তার যে দ্যুতি প্রকাশ করেছেন তাতে অরণ্য প্রকৃতির দৃশ্যের বন্য প্রাকৃতিক দৃশ্যের প্রতি তাঁর গভীর ভালোবাসা ব্যক্ত হয়ে পড়ে। দুঃখের বিষয় হলো, যে কল্পনাকে মূলত বস্তুর রূপ সংগঠন করার কাজে, রূপনির্মাণে, প্রাকৃতিক বিষয়কে প্রত্যক্ষ করতে এবং এই ধরনের কোনো শশুদৃশ্যের বর্ণনা সম্পূর্ণ করার কাজে লাগানো উচিত ছিল, তাকে পূর্বজ্ব কবিরা উপমা, উৎপ্রেক্ষা, দৃষ্টান্ত ইত্যাদি উদ্ভাবিত করার কাজেই বেশি ব্যবহার করেছেন। মহাকবি মাঘ প্রবন্ধ রচনায় যেমন দক্ষ ছিলেন, তেমনি তাঁর পক্ষপাতিত্বও ছিল। তবে তাঁর আকাজক্ষা আমরা অপ্রতীকী বস্তুবিন্যাসের এবং অলংকার-পরিকল্পনার দিকে বেশি দেখতে পাই। তাঁর দৃশ্যবর্ণনাতে বাশ্মিকী প্রভৃতি প্রাচীন কবিদের মতো রূপবিশ্লেষণ নেই। উপমা, উৎপ্রেক্ষা, দৃষ্টান্ত ইত্যাদির প্রাচুর্য রয়েছে। উদাহরণস্বরূপ তাঁর প্রভাত-বর্ণনা থেকে কয়েকটি শ্লোক উদ্ধৃত করা হলো—

'অরুণজলজরাজীমুদ্ধহস্তাগ্রপাদা বহুলমধুপমালাকজ্জলেনদীবরাক্ষী।
অনুপততি বিরাবৈঃ পত্নিণাং ব্যাহরত্মীন রজনিমচিরজাতা পূর্বসন্ধ্যা সূতেব।।
বিততপৃথুবরত্মাতুল্য রুপৈর্মযুবৈঃ কলশ ইব গরীয়ান্ দিগি দিগ্ভিরাকৃষ্যমারণঃ।
কৃতচপলবিহংগালাপকোলাহলাভির্জলনিধিজলমধ্যাদেষ উত্তার্যতেএকঃ।।
ব্রজতি বিষয়মক্ষ্ণামশুমালী ন যাবত্ তিমিরমবিলমতং তাবদেবাআকণেন।
পরপরিমবিতেজস্তম্বতামাশু কতুং প্রভবতি হি বিপক্ষোচ্ছেদ্যেসরোহিপ।।'

(লাল পদ্মফুলের মতো কোমল হাত-পা যুক্ত, মৌমাছির মালার মতো কত কাজলটানা কমলনয়না, পাবির কলরবের মতো ক্রন্দনমুখরা এই প্রভাতবেলা সদ্যোজাত বালিকার সামনের মতো এই রাত্রি যেন লাফিয়ে আসছে তার মায়ের দিকে। কলসি কাঁখে তোলার সময় মেয়েরা যেমন একটু কোলাহল করে, তেমনি পাখির কোলাহলে পূর্ণ দিশারূপী স্ত্রীগণ, অনেক দূর অব্দি,ছড়িয়ে থাকা কিরণরূপী রজ্জুর দ্বারা সূর্যরূপী কলসিটিকে বেঁধে অতান্ত ভারি কুন্তের মতো সমুদ্রের ভেতর থেকে টেনে বাইরে বের করে আনছে। সূর্য উদিত হওয়ার আগেই সূর্যর সঙ্গী অরুণ সমস্ত অন্ধকাব দূর করে দিয়েছে। শক্রধ্বংসকারী প্রভুদের আগে আগে যাওয়া সেবকও শক্রদের মেরে তাড়িয়ে দিতে সমর্থ হয়।)

এই বর্ণনা থেকে এটা স্পষ্ট দেখা যাচ্ছে যে, দৃশ্যের প্রতিটি সৃদ্ধ জিনিস ও ঘটনাকে প্রত্যক্ষ করে চিত্রকে সম্পূর্ণ করার ততোটা চিন্তা কবির নেই, যতোটা চিন্তা রয়েছে অন্তুত উপমা ইত্যাদি দিয়ে একটা কৌতুক খাড়া করার। কিন্তু কাব্য তো কৌতুক নয়, তার উদ্দেশ্য গুরুত্বপূর্ণ।

পাশ্চাত্যের কাব্যসমালোচকরা কোনো সমালোচনায় বিষয়ীপক্ষ (সাবজেকটিভ) ও বিষয়পক্ষ (অবজেকটিভ)— এই দুটো পক্ষ অবলম্বন করে থাকে। যে সকল বস্তুকে আমরা বাহ্য প্রকৃতিতে দেখে থাকি তার চিত্রণ বিষয়পক্ষের অন্তর্ভুক্ত, আবার সেইসব বস্তুর প্রভাবে আমাদের মনে যে ভাব উৎপন্ন হয় তা বিষয়ীপক্ষের অন্তর্ভুক্ত। সূতরাং উপমা, উৎপ্রেক্ষা ইত্যাদির আধিকা রয়েছে যে কবির মধ্যে তিনি বলতে পারেন যে, অতীতের কবিদের দৃশ্যবর্ণনা বিষয়ীপক্ষপ্রধান। হতে পারে, তবে আসল কাজ হলো বস্তুবিন্যাস। যদি তা ঠিক মতো হয় তাহলে পাঠকের মনে দৃশ্যের সৌন্দর্য, ভয়াবহতা, বিশালতা, ইত্যাদি ভাবের অনুভব আপনা হতেই অল্পবিস্তর হয়ে যাবে। বস্তু সম্পর্কিত

এই ভাবে ঠিক ঠিক অনুভব করার কাজে সাহায্য করতে কবি যদি কোথাও কোথাও তাঁর হৃদয়ের ঔজ্জ্বন্যকেও দেখিয়ে থাকেন তো ততোদুর অব্দিও ঠিক আছে।

এই ঔজ্বল্য কেবল দু'রকমেরই হতে পারে। একটি ভাবগত এবং অন্যটি বস্তুগত। যেমন, কেউ বললো, 'পুকুরের ওই পাড়ে ফুটে থাকা পদ্ম কি সুন্দর লাগছে!' এখানে পদ্মফুল দেখে সৌন্দর্যের যে ভাব মনের মধ্যে উদিত হয়েছে তা কথায় স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে। এই কথাটাই যদি এইভাবে বলা যায় যে, 'পুকুরের ওই পাড়ে ঘাটে ফুটে থাকা পদ্মফুলকে এমন মনে হচ্ছে যেন প্রভাতের আকাশতটের লালিমা।' তাহলে সৌন্দর্যের ভাবটিকে স্পষ্ট করে না বলে দিয়ে অন্য এমন জিনিসকে সামনে আনা হয়েছে, যার মধ্যেও সেরকমই সৌন্দর্য রয়েছে। একটিতে ভাবকে কথায় প্রকাশ করা হয়েছে, অন্যটিতে অলংকার প্রয়োগের দ্বারা। এতে স্পষ্ট বোঝা যায় যে, দৃশ্যকে বর্ণনা করার সময় কবি উপমা, উৎপ্রেক্ষা ইত্যাদির মাধ্যমে বর্ণনীয় বস্তুর সঙ্গে খাপ খেতে পাবে এমন সাদৃশ্য রচনা করতে অন্য যে সকল জিনিসকে সামনে তুলে ধরেন, তা কেবল ভাবকে তীব্র করার জন্য। কাজেই ওই অন্যসব বস্তু এমন হওয়া উচিত যার মাধ্যমে প্রায় সব মানুষের মনে একই ভাবের উদয় হয়, যা বর্ণনীয় বস্তুর মাধ্যমে হয়। অকারণে খেলা করার জন্য বার বার প্রাসঙ্গিক জিনিস থেকে শ্রোতা বা পাঠকের মনোযোগকে সরিয়ে অন্য জিনিসের দিকে নিয়ে যাওয়া, যা কোনো প্রাসন্থিক ভাবকে উদ্দীপ্ত করতে পারে ना, जा कात्वात शुक्रञ्च এবং গৌतवक नष्ठ करत (मग्र। जात प्रर्यमाशानि करत। कथाग्र কথায় 'আহাহা! কি সুন্দর! কি আনন্দদায়ক!' এরকম ভাবোদগারও অসুন্দর এবং তা কাব্যসৌন্দর্যেব বিরোধী। ভাবকে অনুভূতিতে সাহায্য দেওযার জন্য কেবলমাত্র কোপাও কোথাও উপমা, উৎপ্রেক্ষা ইত্যাদির ততোটুকুই প্রয়োগ করা উচিত, যতোটুকু করলে চিত্রকে গ্রহণ করতে, দুশ্যের ছবিটি হৃদয়ঙ্গম করতে শ্রোতা বা পাঠকের প্রতিবন্ধকতা সৃষ্টি ना হয়।

এখানে এটা বলা প্রয়োজন যে, বস্তর গণনাটাই কিন্তু বস্তুবিন্যাস নয়। আশেপাশের অন্যান্য বস্তর মধ্যে তাকে যথাযথরপে স্থাপন করলে দৃশ্যটির একটি পূর্ণ ও সুসংহত রূপ ফুটে ওঠে। 'আমগাছে মুকুল ধরেছে', 'বাতাস বইছে', 'কোকিল ডাকছে' ইত্যাদি এইভাবে বলাটা হলো কেবল বস্তুর এবং ঘটনার গণনা করা। প্রাচীন কাব্য শাস্ত্রের প্রত্যেকটি বর্ণনীয় বিষয়ের সূচি দেখে এটা তো প্রত্যেকেই করতে পারে।

পূর্বজদের দীর্ঘ ঐতিহ্যের মাধ্যমে চলে আসা আকাঞ্চ্না ছাড়াও আমাদের জীবদ্দশাতেও আমরা নানাবিধ জ্ঞান বা অনুভূতি লাভ করে থাকি, যার জন্য কিছু কিছু জিনিসের প্রতি বিশেষ ভাব আমাদের মনে জায়গা করে নেয়। শৈশব থেকে আমরা আমাদের ঘরে অথবা ঘরের বাইরে যেসব দৃশাকে নিয়মিত দেখে এসেছি, ভালো কথাবার্তা শুনে এসেছি, তাদের প্রতি এক ধরনের সহদয়তা মনের মধ্যে তৈরি হয়ে যায়। হিন্দু বালকেরা তাদের ঘরে রাম-কৃষ্ণের গল্প আর ভজন শুনে আসছে। এতে রাম এবং কৃষ্ণের সঙ্গে সম্পর্কিত স্থানগুল্বো দর্শন করার জন্য আমাদের মনে একটা ঔৎসুক্য থেকেই যায়। এই শব্দগুলোর ভেতরে তুলসীদাস সেই ঔৎসুক্যকে এই ভাষায় প্রকাশ করেছেন—

'অব চিত চেত চিত্রকৃটাই চলু, ভূমি বিলোকু রাম-পদ-অংকিত, বন বিলোকু রঘুবর-বিহার-থলু।'

এইসব জায়গার সঙ্গে সম্পর্কের ভাবনা মনের মধ্যে একটা বিশেষ ভাবের উদ্রেক করে। কোনো রামভক্ত যখন চিত্রকৃট পৌঁছায়, তখন সে সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য দেখেই মুগ্ধ হয় না— তাঁর ইষ্টদেবতার মধুর চিন্তার সূত্রে সে একধরনের অনিবর্চনীয় মাধুর্যও অনুভব করে। এবড়ো-খেবড়ো পাহাড়ী পথে ঝোপঝাড়ের কাঁটা যখন তার শরীরে ফুটে যায়, তখন এই কাঁটার সায়িধ্যে তার ভেতরে অনিবার্যত একটা মধুর ভাব জেগে ওঠে যে, এই ঝোপঝাড় সেই প্রাচীন ঝোপঝাড়ের বংশধর যার কাঁটা কখনো রাম, লক্ষ্মণ আর সীতার শরীরে ফুটে ছিল। এই ভাবকল্পনার কারণে ওই ঝোপঝাড়কে সে অন্যরকম দৃষ্টিতেই দেখে। এই দৃষ্টি অন্য কোনো মানুষ পায় না।

যারা আমাদের ঘিরে বয়েছে আমরা যে শুধু তাদের প্রতি রাগ-ছেষ প্রকাশ করি না, তা নয়, এমনকি যারা এখন আর জগৎ-সংসারে নেই কিন্তু আগে কখনো ছিল তাদের প্রতিও আমরা ক্রোধ বা ঘৃণা পোষণ করি না। এটাই পশুত্ব আর মনুষাত্বের মধ্যে মস্ত বড় ফারাক। মানুষ হলো সেই বর্গে পৌঁছে যাওয়া সতা, যে বর্তমান নামক সামান্য কালখণ্ডের মধ্যে নিজেকে বদ্ধ রেখে সন্তুষ্ট থাকতে পারে না। সে অতীতের বিস্তৃত পর্দাকে ভেদ করে তার অম্বেষণ-মেধাকেই শুধু না, তার অনুরাগকেও সে নিয়ে যায়। আমাদের ভাব-ভাবনার পক্ষে এই অতীত অত্যন্ত বিশুদ্ধ একটি ক্ষেত্র। অতীতের ক্ষেত্রটি সেখানে শরীরযাত্রার স্থুল স্বার্থে জড়িয়ে কলুষিত হয় না— নিজস্ব বিশুদ্ধ রূপে দৃষ্ট হয়। উক্ত ক্ষেত্রে যাঁরা ভাবের চর্চার জন্য আনাগোনা করেন, তাঁদের ভাবের বর্তমান বিষয়ের সঙ্গে যথোপযুক্ত সক্ষম্ক তৈরি হয়ে যায়। তাঁদের ঘৃণা, ক্রোধ ইত্যাদি ভাবও শুব কম সময়ই এরকমটা হয়ে থাকে যা অন্য লোকে তাদেরকে খারাপ বলতে পারে।

মানুষ তার রতি, ক্রোধ ইত্যাদি ভাবকে হয় কোনো প্রকারে মেরে ফেলে, আর নয়তো সাধনার জন্য তাকে কখনো কখনো এমন ক্ষেত্রে নিয়ে যায় যেখানে স্বার্থবাধ পৌঁছতে পারে না এবং তখন প্রকৃত আত্মাভিব্যক্তি ঘটে। যাঁরা নতুন তাৎপর্যের কথা বলেন, তাঁরা 'সেকেলে গান'কে ছাড়তে বার বার করে বলতে থাকেন কিন্তু যিনি ব্যাপ্তহুদয় তিনি অতীতকে আত্মাসাৎ না করে থাকতে পারেন না। অতীতের বস্তু এবং ঘটনার প্রতি আমাদের যে অনুরাগ থাকে, তা বর্তমানের বস্তু তথা ব্যক্তিদের প্রতি আমাদের মনোভাবকে তীব্র যেমন করে, তেমনি তাদের স্থানকেও সঠিক করে দেয়। বর্ষার শুক্ততে যখন আমরা বাইরে বেরিয়ে পড়ি, মাঠে লাঙল দেওয়া ক্ষেতের সোঁদা গন্ধ আসে আর কৃষকবউদের কাঁখে ঝুড়ি নিয়ে এদিক-ওদিক দেখা যায়। কালিদাসের কলমে অংকিত সেই সময়কার দুশোর ভাব এই রকম—

'ত্বম্যায়ত্তং কৃষিফলমিতি স্ক্রবিকারানমিজৈঃ প্রীতিস্নিগৈধর্জনপদবধূলোচনৈঃ পীয়মানঃ। সদ্যঃ সীরোৎকষণসুরভিক্ষেত্রমারুহ্য মালং কিঞ্চিৎপশ্চাদ্ ব্রক্ত লঘুগতির্ভূয় এবোতরেণ।' এই ভাব থেকে আমাদের মনের ভাব আরো তীব্র হয়ে যায়— ওই দৃশ্য আমাদের আরো মনোরম লাগতে থাকে।

যে সকল বস্তু এবং ঘটনার প্রতি আমাদের পূর্বজরা তাঁদের 'ভার' অন্ধিত করে গেছেন, তাদের কাছাকাছি পেলে মনে হয় আমরা সেইসব পূর্বপুরুষদের নিকটে গিয়ে হাজির হয়েছি— সেই রকমেরই ভাবকে অনুভব করে তাঁদের হৃদয়ের সঙ্গে আমাদের হৃদয় মিলিয়ে দিয়ে সহোদর হয়ে যাই। বর্তমান সভ্যতা যেখানে তার অধিকার ফলাতে পারেনি, সেইসব জঙ্গল পাহাড় গ্রাম আর খেত-প্রান্তরে আমরা নিজেদেরকে বাশ্মিকী, কালিদাস বা ভবভূতির কালে দাঁড়িয়ে রয়েছি কল্পনা করতে পারি। তাতে কোনো দৃশ্য বাধার সৃষ্টি করতে পারে না। তাতে প্রতিবন্ধকতা সৃষ্টি করার মতো কোনো দৃশ্য সামনে এসে পড়েনা। পর্বতের গুহায়, প্রভাতের প্রফুল্ল পদ্মফুলে, বিচ্ছুরিত চাঁদের আলোয়, ফুটে থাক কুমুদের ওপরে আমাদের চোখ কালিদাস ভবভূতি ইত্যাদির চোখের সঙ্গে গিয়ে মিশে আমাদের দৃষ্টি কালিদাস-ভবভূতি ইত্যাদির দৃষ্টির সঙ্গের মিশে যায়। বনের মধ্যে পলাশ, ইস্কুল ইত্যাদি গাছ এখনো দাঁড়িয়ে রয়েছে, সরোববে এখনো পদ্মফুল ফোটে, চাঁদের আলোর সঙ্গে দিঘীতে এখনো কুমুদের ঝাড় হাসে, বটের ঝুরি এখনো ঝুঁকে ঘাটের জলকে চুন্থন করে। কিন্তু আজ ভুল করেও আমাদের দৃষ্টি তাদের ওপর পড়ে না, আমাদের মনের সঙ্গে, বলা যায়, তাদের আর কোনো সংযোগও নেই।

এখানে বলা যেতে পারে যে, কোনো বিশেষ কালে আবদ্ধ মনুষাত্ব যথার্থ মনুষাত্ব নয়, তবে দেশবদ্ধ মনুষাত্ব অবশ্যই যথার্থ। য়াঁ, অবশাই। এরকম দেশবদ্ধ মনুষাত্বর অনুভব দ্বারা প্রকৃত দেশভক্তি তথা দেশপ্রেম গড়ে ওঠে। যে মন জগতের বিভিন্ন জাতির মধ্যে নিজের জাতির স্বতন্ত্ব সভাকে অনুভব করতে পারে না, সে দেশপ্রেমের দাবি করতে পারে না। এই স্বতন্ত্ব সভাকে অনুভব করার মধ্যেই আছে নিজস্ব অভিপ্রায়ের স্বাতন্ত্রা। শুধু অন্নধন সঞ্চিত করা এবং অধিকার ভোগ করার মধ্যে সে-স্বাতন্ত্রা নেই। নিজের স্বরূপকে ভূলে গিয়ে ভারতবাসী যদি জগতে সুখ আর সমৃদ্ধি লাভ করে থাকে তো তাতে কী এসে যায়?

দেশপ্রেম কী? দেশপ্রেম তো প্রেমই। এই প্রেমের আলম্বন কী? সমগ্র দেশ। অর্থাৎ মনুষ্য, পশু, পক্ষী, নদী, নালা, বন, অরণা, পর্বত এই সব নিয়ে সমগ্র ভৃষণ্ড। প্রেম কী ধরনের? এটা সাহচর্বময় প্রেম। যাদের মাঝখানে আমরা থাকি, যাদের সর্বদা দেখছি, যাদের কথা সব সময় শুনছি, আমার প্রতিটি মুহূর্তে যে আমার সঙ্গে থাকে— সার কথা হলো যে, যার সান্নিধ্যে আমরা অভ্যন্ত হয়ে পড়ি, তার প্রতি লোভ বা অনুরাগ জেগে ওঠে। দেশপ্রেম বাস্তবে মনের কোনো ভাব হলে তা এটাই হতে পারে। যদি এটা না হয়, তাহলে এটা এক্বেবারে অর্থহীন কথা অথবা অন্য কোনো ভাবের সংকেতের জন্য বানানো শব্দ। যদি কারো নিজের দেশের প্রতি সত্যিকারের প্রেম থাকে তাহলে তার দেশের মানুষ পশু পক্ষী লতা গুল্ম গাছ পাতা অরণ্য পর্বত নদী নির্বর ইত্যাদি সবকিছুর প্রতি প্রেম থাকবে। সে সবকিছুকে আকাঞ্চন্মার দৃষ্টিতে দেখবে, সবকিছুকে স্মরণ করে বিদেশে চোখের জল ফেলবে। যে এটুকুও জানে না যে কোকিল কোন

পাখির নাম, যে শোনেনি যে চাতক কোথায় ডাকে, যে দৃষ্টি ভরে দেখেনি যে আমগাছে কীভাবে প্রণয়গন্ধে ভরপুর মুকুল ধরে থাকে, কৃষকদের ঝুপড়িতে উঁকি মেরে যে দেখেনি যে তার ভেতরে কী হচ্ছে, সে যদি তার গুচ্ছেক ফিটফাট বন্ধুদের মাঝে বসে প্রত্যেক ভারতবাসীর গড় রোজগারের মূল্য নির্ধারণ করে জানিয়ে দিয়ে দেশপ্রেমের দাবি করে তাহলে তাকে জিগ্যেস করা উচিত, 'ভাই, কোনো পরিচয় না জেনেই এটা কী ধরনের প্রেম ?' যার সুখ-দৃঃখের তুমি কখনো সঙ্গী হলে না, তাকে যে তুমি সুখী দেখতে চাইছো তা কী করে বোঝা যাবে ? তাদের থেকে ক্রোশ ক্রোশ মাইল দূরে বসে বসে, শুয়ে শুয়ে অথবা দাঁড়িয়ে দাঁড়িয়ে তুমি বিলিতি ভাষায় 'অর্থশান্ত্র'-র দোহাই দাও, দিয়ে যাও, তবে তার সঙ্গে হিজিবিজি অক্ষরে প্রেমের নাম লেখো না। প্রেম হিসাব-কিতাবের জিনিস নয়। হিসাব-কিতাব করার লোক ভাড়াতে পাওয়া যেতে পারে, কিন্তু প্রেম করার লোক ভাড়ার পাওয়া যায় না।

পশু এবং বালক যাব সঙ্গে বেশি থাকে তার প্রতি আকৃষ্ট হযে যায়। এই আকৃষ্ট হওয়াই পরিচিত হওয়া নয়। পরিচয় হলো প্রেমের প্রবর্তক। পরিচয় ছাড়া প্রেম হতে পারে না। যদি দেশপ্রেমের জন্য হলয়ে স্থান করার থাকে তাহলে দেশেব স্থনপের সঙ্গে পরিচিত এবং অভ্যন্ত হয়ে যান। বেরিয়ে এসে দেশুন খেত কেমন লকলক করছে, ঝোপঝাড়ের ভেতর দিয়ে কেমন বয়ে চলেছে জলের স্রোত, নালা, পলাশ ফুলে কেমন লাল হয়ে উঠছে বনস্থলী, নদীর ধারে এদিক-ওদিক দলে দলে চরে বেড়াচ্ছে গবাদি, রাখাল গান গাইছে, আমবাগানের ফাঁকে উকি দিচ্ছে গ্রাম। সেই গ্রামের ভেতরে ঢুকুন, দেশুন গ্রামের ভেতরে কী ঘটছে। যাদের সঙ্গে দেখা হবে তাদের সঙ্গে দু-চারটে কথা বলুন, তাদেরকে নিয়ে কোনো গাছের তলায় কিছুটা সময় বসুন আর মনে করুন যে এরাই হচ্ছে আমাদের দেশ। এইভাবে দেশের স্বরূপ যখন আমাদের চোখে ফুটে উঠবে, আপনি তার অঙ্গপ্রত্যঙ্গের সঙ্গে পরিচিত হবেন, তখন আপনাব মনে এই সদিচ্ছা জেগে উঠবে যে, এই দেশ যেন আমার থেকে চলে না যায়। সে যেন সর্বদা শস্যাশ্যামলা হয়ে থাকে তার ধনধান্যের বৃদ্ধি ঘটুক, সমস্ত প্রাণীকুল সুধে থাকুক।

তবে আজকাল এই ধরনের পরিচয় বাবুদের লজ্জার বিষয় হয়ে পড়ছে। তারা দেশেব স্বরূপের ব্যাপারে অপরিচিত থাকা বা অজ্ঞ সাজাটাই গৌরব বলে মনে করে। আমি আমার এক লক্ষ্ণৌয়ের বন্ধুর সঙ্গে সাঁচীর স্থূপ দেখতে গিয়েছিলাম। এই স্থূপ অত্যন্ত সুন্দর একটি ছোট্ট টিলার ওপরে অবস্থিত। নিচে ছোটখাটো একটা জঙ্গল, তাতে মহুয়া গাছও অনেক আছে। ঘটনাচক্রে সে সময় সেবানে পুরাতত্ত্ব বিভাগের ক্যাম্প করা হয়েছিল। রাত হয়ে যাওয়ায় আমরা সেদিন স্থূপ দেখতে পাইনি। আগামীকাল সকালে দেখবো চিম্তা করে ওপর থেকে নেমে আসছিলাম। সময়টা ছিল বসম্ভকাল। চারদিকে গাছ থেকে মহুয়া ঝরে পড়ছে। আমার মুখ থেকে বেরিয়ে এলো, 'মহুয়ার কি দারুণ গন্ধ আসছে।' তাতে লক্ষ্ণৌবাসী মহাশয় বলে উঠলো, 'এখানে মহুয়া-টহয়ার কথা নাম করবেন না, লোকে দেহাতী ভাববে।' আমি চুপ করে গেলাম। বুঝলাম, মহুয়ার নাম জানলে বাবুয়ানিতে তের মাপ্তল দিতে হয়। পরে মনে পড়ে গেল যে, এটা সেই লক্ষ্ণৌ যেখানে কখনো

এমন কথা জিগ্যেস করার মতো লোকও ছিল যে গমের গাছ আম গাছের চেয়ে ছোট হয় না বড় হয়।

এখন পর্যন্ত যা কিছু বলা হয়েছে তাতে এই কথাটা হয়তো স্পষ্ট হয়ে গেছে যে, কাব্যে আলম্বনই হলো প্রধান। কবি যদি এমন বস্তু এবং ঘটনাকে নিজম্ব শব্দচিত্রের মাধ্যমে পাঠকের সামনে তুলে ধরতে পারে, যাতে শ্রোতা বা পাঠকের ভাব তুলে ধরতে পারে, যা শ্রোতা বা পাঠকের ভাব জাগাতে সমর্থ হয়, তাহলে বলা যায় যে সে একপ্রকার নিজের কাজ করে ফেলেছে।

2255

অনুবাদ : শুক্তারা মিত্র

### কলাকৈবল্যবাদ

পাশ্চাতা 'বাদবৃক্ষে' এখন অনেক পাতা। তার মধ্যে সবুজ কিছু পাতাকে ছিঁড়ে নেওয়া হয়েছে, আবার কিছু শুকিয়ে ঝরে পড়েছে। বাদবৃক্ষের এই পাতাকে পারিজাতপত্রের মতো করে দেখানো হচ্ছে। তার ফলে সাহিত্যের উপবনে নানান বিশৃঙ্খলা দেখা দিতে শুরু করেছে। এই পাতাগুলোকে পরখ করার জন্য চোখ খোলা রাখা দরকার। সেই সঙ্গে যেসব গাছে এই পাতা থাকে, সেই গাছগুলোকে পরীক্ষা করা প্রয়োজন। কিষ্ক তা হচ্ছে না। ইউরোপে সমালোচনার জগতে নতুনত্ব এবং বৈচিত্রের প্রবণতা কাব্যের সম্পর্কে কত যে অতিশয়্যোক্তি প্রচার করছে। এই যেমন— 'শুধু শিল্পের জন্যই শিল্প', 'বাঞ্জনাই সবকিছু, বাঙ্গ বলে কোনো বস্তু নেই', 'কাব্যের অর্থ জানার প্রয়োজন নেই', 'কাব্যে বৃদ্ধিই হলো তার হত্যাকরি'। ইত্যাদি ইত্যাদি। 'শিল্পের জন্যই শিল্প'— এই চিৎকার এখন ইউরোপে থেমে গেছে কিষ্কু এখানে তার গুঞ্জন এখনো শোনা যায়।

কাব্যের সঙ্গে অর্থাৎ বুদ্ধির সংযোগ কতটা এবং তা কোথায় কোথায়, তা নিয়ে আমাদের এখানকার চিম্বাভাবনা ও বিশ্লেষণকেই বোঝা উচিত। কাব্য ও কলার বিষয়ে সময়ে সময়ে ফ্যাশনের মতো নানান বাদ, প্রতিবাদ এবং অপবাদের চর্চা করা হয়েছে। তার অনেক বাক্যাংশ আমাদের বর্তমান সাহিত্যক্ষেত্রেও এখন মন্ত্রের মতো জপ করা হচ্ছে। এই প্রসঙ্গে একটি বিষয়ের প্রতি আমাদের সর্বাগ্রে মনোযোগ দেওয়া জরুরি। ইউরোপে শিল্প এবং কাব্য সমালোচকদের বড় বড় দল ইটালি ফ্রান্সের মতবাদ মেনে চলেন। ইটালি দীর্ঘদিন ধরে চিত্রকলা, ভাস্কর্য, খোদাইকর্ম, অট্টালিকার কারুকার্য ইত্যাদি কান্ডের জন্য প্রসিদ্ধ। এই সব শিল্পের মধ্যে কাব্যকেও ধরা হয়েছে। তার ফল হয়েছে এই যে, কাব্যের স্বরূপের ব্যাপারেও খোদইকর্ম এবং অট্টালিকার কারুকার্যের ভাবনা তার মূল আঁকড়ে রয়েছে। মনে করা হয়েছে যে, কাব্যের প্রভাবও সেইবকমই পড়বে যেমন খোদাইকর্ম তথা অলংকরণের প্রভাব পড়ে। এর চেয়েও গুরুত্বপূর্ণ প্রভাব অনুসন্ধান করার প্রয়োজন ধীরে ধীরে প্রায় চলে যেতে বসলো। কারুকার্য এবং খোদাইকর্মে যে-ধরনের সৌন্দর্য আমাদের বিনোদন দেয়, সেই ধরনের বিনোদন দিতে সমর্থ সৌন্দর্যের কথা কাব্যে প্রত্যাশা করা হলো। কারুকার্য এবং খোদাইকর্ম যেমন জগৎ জীবনের কোনো বাস্তবিক অবস্থা, স্থিতি কিংবা তথ্যের সঙ্গে সম্পর্কিত নয়, তেমনি কাব্যেরও সে সম্পর্ক নেই। শিল্পীর মনে সৌন্দর্যের ভাবনা যে রূপরেখার বা আকারের মাধ্যমে প্রস্ফুটিত হয়, সেই সে রূপ এবং আকারকে সে কারুকার্য এবং খোদাইকর্মে ফুটিয়ে তোলে। সাজসজ্জা কল্পনার একটি স্বতন্ত্র সৃষ্টি। তা সৃষ্টির কোনো অংশের যথার্থ অনুকরণ নয়। জীবনের কোনো বাস্তব সতা, ভাব (মনোবিকার) অথবা চিন্তার মধ্যে তার অর্থ খোঁজা নিরর্থক।

যে নিজেই নিজের অর্থ। এই কথা কাব্যের ক্ষেত্রেও রূপ পেল।

আমার দৃষ্টিতে 'শিল্প শিল্পেরই জনা', 'কল্পনার নতুন সৃষ্টির মধ্যেই শিল্প রয়েছে, প্রকৃতির যা খুশি চিত্রণের মধ্যে কোনো শিল্প নেই', 'কল্পনালোকই হলো কাব্য'— এইসব কথা উক্ত কারুকার্যওলাদের লঘু ধারণারই যত শিশুসন্তান।

এই ধারণাকে অনেক দূর অব্দি ঘষটে টেনে নিয়ে গিয়ে তাকে শাস্ত্রীয় রূপ দিতে সর্বাধিক প্রয়াস চালিয়েছেন ইটালির ক্রোচে। তাঁর 'সৌন্দর্যশাস্ত্র' গ্রন্থে। তার প্রভাব কেবল কাব্যচর্চার ক্ষেত্রেই নয়, কাব্য রচনাতেও দেখা যাছেছ। তিনি অভিব্যক্তিবাদ (এক্সপ্রেশনইজম)-এর প্রবর্তন করেন। এই অভিব্যক্তিবাদ অনুসারে শিল্পে অভিব্যক্তিই হলো সবকিছু। এ ছাড়া অন্য কোনো অর্থ বা ব্যঙ্গবস্তু হয় না। কাব্য শিল্পেরই অন্তর্ভুক্ত। কাজেই কাব্যে ভাষা ভিন্ন অন্য কোনো অর্থ— কোনো বস্তু, সত্য কিংবা অস্তিত্ব হয় না। কাব্যেব ভাষা অন্য কোনো ভাষার প্রতিনিধি নয়। যে অর্থ কোনো ভাষার শব্দ থেকে বেরিয়ে আসে তার অন্য কোনো অর্থেব সঙ্গের সম্বন্ধ থাকে না।

'সৌন্দর্যশাস্ত্র'তে যেভাবে চিত্রকলা, ভাস্কর্য ইত্যাদি শিল্পের বিচার কবা হযেছে, সেভাবেই বিচার করা হয়েছে কাব্যেব। এটা মোটেই ঠিক না। অতএব এই বাদকে বর্জন কবাব আগে আমি বলতে চাই যে, 'সৌন্দর্যশাস্ত্র' কাব্য বিষয়ক মীমাংসাব সঠিক স্থান নয়। প্রথমত, 'সৌন্দর্যশাস্ত্র' জিনিসটাই এখন নির্দিষ্ট কোনো শাস্ত্র নয়। কখনো যে তা হবে তেমনটাও বলা যায় না। যদি হয়ও তো তার সঙ্গে কাব্যের কোনো সম্বন্ধ নেই।

সত্যি কথা বলতে কি, কাব্যের স্বরূপ বোঝাতে 'সুন্দর' শব্দটি ততোটা কাজেব নয় যতোটা তাকে ভাবা হচ্ছে, তাই মহাপণ্ডিত তাঁর কাব্যলক্ষণে 'সুন্দব' শব্দের প্রয়োগ ना करत 'त्रभीय' गर्यन প্রয়োগ কবেছেন। 'त्रभनीय' त অর্থ হলো, যাতে মন সুন্দর হয়, অর্থাৎ যাকে মন তার সামনে কিছুক্ষণ রাখতে বা বারংবার আনতে চায়। সম্পূর্ণ নতুন গল্পের ভিন্ন ভিন্ন ঘটনায় মন সুন্দর হয়ে ওঠে না, তার কোনো অংশে মন কিছুটা সময় পর্যন্ত স্থির হয়ে থাকতে চায় না। গল্পেব শ্রোতা বলে, 'তখন কী হলো ?' কবিতার শ্রোতা বলে, 'আরেকবার একটু বলুন না' ভালোর জায়গাতে 'সুন্দর' শব্দটির ব্যাপ্তি ততোটা নয়, যতোটা ব্যাপ্তি আছে 'রমণীয়' শব্দটির। দ্বিতীয়ত, 'সুন্দর' শব্দটি ব্যবহার্থের প্রতি সংকেত দেয়। কিম্ব 'রমণীয়' শব্দ সংকেত কবে হৃদয়ের প্রতি। সেজন্য কাব্য সমালোচনায় 'সুন্দর' শব্দের প্রয়োগ করেও কখনো কখনো এটাও বলার প্রয়োজন হয় যে, 'সৌন্দর্য তে। মনের ভাবনা, বাহ্যিক কোনো বস্তুতে স্থিত গুণ নয়।' এই 'সুন্দর' শব্দ কাব্যানুভূতির স্বরূপকে সংকুচিত করে। সৌন্দর্যানুভূতির রূপ দিয়েই প্রতিটি কবিতা গ্রহণীয় হয় না। ক্রোচে বা আমাদের এখানকার বৈচিত্র্যবিদী এবং বক্তোক্তিবাদীদের মতে যদি আমরা অভিব্যক্তি বা কল্পনাকেই সবকিছু বলে মেনে নিই, তাহলেও 'সুন্দর' শব্দটিকে বাদ দিয়ে সর্বত্র কাজ হতে পারে না। অনেক ভাষা কেবল একধরনের বৈচিত্র্যপূর্ণ প্রসাধনের কাজ করে।

পুথিবীতে মনুষ্যজাতির হৃদয়ের ভাব থেকেই জন্ম হয়েছে কবিতার। প্রেম, উৎসাহ, বিসায়, করুণা ইত্যাদির অভিব্যক্তি নিয়ে প্রাচীন কবিরা তাঁদের লেখা লিখে গেছেন।

সেই তখন থেকে আজ অব্দি পৃথিবীর প্রতিটি যথার্থ কবিতার অন্তরে আন্থার মতোই রয়েছে ভাবানুভৃতি। কাব্যে ভাবের আশ্রয় (কখনো কখনো উদ্দীপন)-এর রূপেই জগতের কোনো বস্তু গ্রহণীয় হতে পারে, অন্য কোনো রূপে নয়। 'সুন্দর' বা 'প্রিয়' হয়েই কবিতা দেবীর অন্তঃপুরে প্রবেশ করে। যে 'সুন্দর' প্রেমের আশ্রয়, যার প্রতি আমাদের অনুরাগ জন্মায়, যাকে মনে পড়লে হুদয় কোমল হতে পারে— তা সে ব্যক্তি কারুকার্য কিংবা খোদাইকর্মের সৌন্দর্যভাবনা ভাবানুভৃতির রূপে আসে না। সুতবাং শিল্পবাদীদের ভাবানুভৃতি থেকে সৌন্দর্যভাবনাকে আলাদা করতে হয়েছে। তখন থেকে ভিন্ন রকমের 'সৌন্দর্যশাস্ত্র' তেরি হতে থাকে, যাতে একে অন্যের থেকে ভিন্ন 'সৌন্দর্যর' নানাবিধ দক্ষণ এবং তংসম্বন্ধীয় নানাবিধ মত প্রকাশিত হয়ে আসছে। সেগুলো কলার ব্যপারে কিছুটা কাজে লাগে কিস্তু কাব্যের সঙ্গে তার কোনো সংযোগ নেই।

এই মতবাদের প্রভাব ইউরোপের অনেক কবিদের ওপর অল্পসল্প পড়েই, কিন্তু তা প্রকৃত কবিদের ওপরে নয়। অধিকাংশ কবির রচনা মানুষের হৃদয়ের কোমল হৃদয়ানুভৃতিকে নিয়েই। অধিকাংশ কবির রচনা হৃদয়ের কোমল হৃদয়ানুভৃতিকে নিয়েই। অধিকাংশ কবির রচনা হৃদয়ের কোমল হৃদয়ানুভৃতিকে নিয়েই কারো কারো এই শিল্পবাদ' এবং 'সৌন্দর্যবাদ'-এর চিৎকার কানেও লাগে। সম্প্রতি ইংলণ্ডে রূপার্ট বুক নামে জনৈক কবি যিনি কবিতার প্রকৃত মর্ম-ভাবনা নিয়ে এই জগতে এসেছিলেন কিন্তু অল্পদিনের ভেতরেই ১৯১৪-র ইউরোপীয় মহাযুদ্ধে তিনি নিহত হন। তিনি সৌন্দর্যবাদিদের নানান মতের আপন ভালোমন্দ অনুরাগের উল্লেখটুকু করেছিলেন। বিশেষত, ক্রোচের বিতগুবাদ সম্পর্কে। তিনিও ছিলেন ওখানকার প্রকৃত কবিদের মতো। ভাব তথা হৃদয়ানুভৃতি দিয়েই কবিতার আত্মাব দর্শন পেতেন, যেমনটা ভারতীয় সহৃদয় ব্যক্তি এবং কবিরা হয়ে থাকেন। কারো সৌন্দর্যভাবনাকে যাঁরা একটি স্বতন্ত্র অনুভৃতি বলে মনে করেন, তাঁরা তর্ক করে যখন বলতেন 'এই বস্তুটি 'সুন্দর', তখন তার অর্থ এই নয় যে, সেটা প্রিয় (অর্থাৎ ভালোবাসার) জিনিস। সূতরাং এটাই সিদ্ধ যে, সৌন্দয়ের ভাবনার প্রিয়-র ভাবনার থেকে ভিন্ন একটি অক্তিত্ব রয়েছে।' তখন তাদের তিনি বোকা বলেছিলেন।

বিভিন্ন শিল্পের মধ্যে কাব্যকে অন্তর্ভুক্ত করার জন্যই যত উৎপাত সৃষ্টি হয়েছে। এই কারণে কাব্যের স্বরূপের ভাবনাও ক্রমশ সাজসজ্জা আর খোদাইকর্মের ভাবনার রূপ নিম্নে এসেছে। আমাদের এখানে কাব্যকে চৌষট্টি কলার মধ্যে ধরা হয়নি। এর ফলে এখানে বাক-বৈচিত্রের অনুগামীদের দ্বারা বৈচিত্র্যবাদ, বক্রোক্তিবাদ ইত্যাদি প্রচলিত হওয়া সত্ত্বেও এই ধরনের বিতপ্তাবাদকে খাড়া করা হয়নি। এদিকে আমাদের হিন্দিতেও কাব্য সমালোচনার প্রসঙ্গে শিল্প শব্দিটি অত্যাদিক উল্লেখ লক্ষ করা যাচ্ছে। আমার মতে, আমাদের সমালোচনার জ্বগৎ থেকে যত তাড়াতাড়ি এই শব্দটি বহিষ্কৃত হয় ততোই মঙ্গল। এর মূল ধারাটা ঠিক নয়।

'নিল্লের জন্যই নিল্ল' এই প্রাচীন মতবাদটি কিছুদিন যাবৎ এই প্রশ্লটি উত্থাপন করে রেখেছে যে, কাব্যে 'সদাচার'-এর কোনো স্থান আছে কি নেই? ১৮৯১ সালে ইংলণ্ডের অসকার ওয়াইন্ড বেশ ধূমধাম করে বললেন যে, 'সমালোচনার সবচেয়ে প্রথম কথা হলো— সমালোচক যেন নির্ভুলভাবেই বুঝে থাকেন যে 'নিল্ল' এবং 'আচার'-এর ক্ষেত্র সর্বদা পৃথক পৃথক। তখন থেকে অনেকে এটাকে অনুবাদ করে আসছেন। যেমন, 'শিল্প সর্বদা না সদাচারাশ্রয়ী হতে পারে, না কদাচারাশ্রয়ী হতে পারে', 'শিল্পের মধ্যে নৈতিক সত্যমিথ্যার ভেদ আসতে পারে না।' 'আপনারা আবার লক্ষ করুন যে, এই দুটো উক্তিও সাজসজ্জা আর খোদাইকর্মের ভাবনাকেই পুরোপুরি প্রকাশ করে। তাঁর ধারণা এখানেও কাজ করে যাচ্ছে। এটা তো পরিষ্কার যে, 'শিল্প ও সদাচার'-এর সম্বন্ধে এই মত 'শিল্পের জনা শিল্প' জাতীয় মতের একটি লেজুড়। ওই মতবাদের নিশ্চিক হওয়া অনেক দিন হয়েছে। তার যেটুকু অবশেষ ছিল তাকে ইংল্যাণ্ডেব অত্যন্ত স্বচ্ছ দৃষ্টিসম্পন্ন সমালোচক বিচার্ডস ইউরোপের সমালোচনা জগতের বহু অর্থহীন শব্দজাল এবং আবর্জনার সঙ্গে সরিয়ে দিয়েছেন আর পরিষ্কার বলে দিয়েছেন যে, সদাচারের সঙ্গে শিল্পের ঘনিষ্ঠ সম্পর্ক বয়েছে।

'শিল্পবাদ' এবং 'অভিব্যক্তিবাদ'- এর একজন অতান্ত উৎসাহী প্রচারক মি. ম্পিগর্ন। তিনি 'সমালোচনার নতুন পদ্ধতি' (দা নিউ ক্রিটিসিজ়ম) নামের একটি পুস্তিকা (শ্লোকে একটি প্যামফ্রেট বলা উচিত)-তে এইসব মতবাদের কিছু বিষয় কিছুটা অসম্পূর্ণ, অজীর্ণ এবং অসংবদ্ধ রূপে একত্রিত করেছেন। 'কাব্যে নৈতিক সত্যমিথ্যা বিচাবের অপেক্ষা রাখে না'— এই মতকে বেশ জোরের সঙ্গে তিনি ওই পুস্তিকাতে উল্লেখ করেছেন, এইভাবে, 'শুদ্ধ কাব্যের ভেতবে সদাচাব-কদাচার খোঁজাটা হলো সেইরকমই ব্যাপার যেমন জ্যামিতি সমবান্থ ত্রিভুজকে সদাচার এবং সমন্বিবান্থ ত্রিভুজকে কদাচাবপূর্ণ বলা।' তবে যে গাছের মূলই কেটে গেছে তার ডালপালাকে কেউ কি সবুজ বলতে পারে?

১৮৮৫ সালে ফ্রান্স থেকে যে রহ্সাপূর্ণ ধর্মীয় প্রতীকবাদেব জন্ম হয়, যার মধ্যে কিছু কিছু বস্তুতে, শব্দে এবং ধ্বনিতে তান্ত্রিকদের তত্তে বিশেষ অর্থ আরোপ করা হয়েছিল, তা ব্রাহ্ম সমাজের সাম্প্রদায়িক কবিতায় গৃহীত হয়। তাবপর রবীন্দ্রনাথ ঠাকুরেব প্রভাবের মাধ্যমে তা আরো ব্যাপক রূপে তা হিন্দিতে আসে। তবে এখানে প্রসঙ্গটা সমালোচনার নামে কল্পনাপূর্ণ এবং ভাবপূর্ণ বাগাড়ম্বরের। এই সম্পর্কে প্রথমে এটাই বুঝতে হবে যে, 'সমালোচনা'কে ভালোভাবে দেখতে হবে এবং তাকে বিচাব করতে হবে। সেটা যখন করা হবে তখন বিচারবিশ্লেষণ করেই করা হবে। কল্পনাপূর্ণ বা ভাবপূর্ণ বচনার পরীক্ষা কেবল বিচার বা বিবেচনার দ্বারাই হতে পারে, তাতে কল্পনা আরোপ করে নয়।

জ্ঞানই ভাবসঞ্চারের পথ মুক্ত করে দেয়। জ্ঞানের প্রসারের মধ্যেই ভাবের প্রসার হয়। আদিতে মনুষাজাতির চেতন-সতা ইন্দ্রিয়জাত জ্ঞানের সমষ্ট্রিরপেই মূলত ছিল। পরে গেমন যেমন সভ্যতা এগিয়ে গেছে, তেমনি তেমনি মানুষের জ্ঞানসতা বুদ্ধিবৃত্তি- সম্পন্ন হয়ে উঠেছে। এখন মানুষের জ্ঞানক্ষেত্রটি বুদ্ধিবৃত্তিসম্পন্ন তথা বিচারসম্পন্ন হয়ে আরো অনেক বিস্তৃত হয়ে গেছে। কাজেই তার বিস্তারের সঙ্গে সঞ্গে আমাদের হৃদয়েরও বিস্তার ঘটাতে হবে।

ববীদ্রবাবু যদি অনন্তের দিকে চেয়ে থাকেন তাহলে সকলের অপলক দৃষ্টি যে সেদিকেই রাখতে হবে তার কোনো প্রয়োজন নেই। তাঁকে আমি একজন মস্ত অলংকার শাস্ত্রজ্ঞ বলে স্ক্রিকার করি। কোনো কথাকে তিনি যতটা সুন্দর এবং ব্যঞ্জনাধর্মী শব্দ দিয়ে ভালোভাবে

প্রকাশ করতে পারেন, তা অন্য কেউ পারেন না। তাঁর লেখার মধ্যে (আনা প্রতীকও) অন্তুত দীপ্তি নিয়ে অর্থ এবং ভাবকে প্রকাশ করে। এতো-এর পরেও তাঁর যেসব রচনায় 'আধ্যাত্মিক' হাবভাব বিশেষভাবে থাকে, তার মধ্যে অনুভূতির কোনো নতুন জায়গা পাওয়া যায় না। সেই রূপের ক্ষণভঙ্গুরতা, অসীমের সঙ্গে সীমার মিলন ইত্যাদি দেখা যায়। কিন্তু যেসব কবিতা জগৎ বা জীবনের কোনো হার্দিক বন্তু কিংবা তথাকে নিয়ে, অথবা লোককথার সঙ্গে সমন্বিত হয়ে চলছে, তা অত্যন্ত হদয়গ্রাহী। উদাহরণের জন্য ধরুন 'তাজমহল'কে লক্ষ করে লেখা কবিতা, যেখানে কবি শাহজাহানকে 'হে সম্রাট কবি, এই তব হদয়ের ছবি,/এই তব নব মেঘদৃত, অপূর্ব অন্তুত।' বলে সম্বোধন করে বলছেন যে, হীরা, মোতি আর মানিকোর ঘটা, শূন্য দিগন্তের ইন্দ্রজাল ইন্দ্রধনুর ছটার উজ্জ্বল্য যদি লুপ্ত হয়ে যায় তো যাক, কেবল এক ফোটা চোখের জল, যা শুভ সমুজ্জ্বল তাজমহল, কালের কপোলপ্রান্তে বেঁচে থাক।

বলার তাৎপর্য এই যে, বর্তমান কাব্য এবং সমালোচনা দুটো ক্ষেত্রেই আধ্যান্মিক শব্দ ও অনেক অর্থহীন বাক্যজালের কারণ হয়ে উঠেছে। ফলে অনুভূতির সত্যতা নিয়েও কম চিন্তা করা হচ্ছে।

ইউরোপের বর্তমান সাহিত্যক্ষেত্রে সব থেকে নতুন ঘটনা হলো 'বুদ্ধির সঙ্গে লড়াই।' এই লড়াইয়ের নায়ক ফ্রান্সের আনাতোলে ফ্রান্স, যিনি বলেছেন, 'বুদ্ধির দ্বারা সত্য বাদ দিয়ে আর সমস্ত কিছু সিদ্ধ হতে পারে। মানুষ বুদ্ধি বা তর্কের আদর্শ দিয়ে কোনো কাজ করে না। সে তার প্রেম, ঘৃণা, শক্রতা, ভয় ইত্যাদি মনোবিকারের আদেশেই সব কিছু করে। বুদ্ধির প্রতি তার বিশ্বাস হয় না। মানুষ তার খারাপ-ভালো কাজের প্রবৃত্তিগুলোকে যথার্থ প্রমাণ করার জন্য বুদ্ধি বা তর্কের সাহায্য নিয়ে থাকে।' উনবিংশ শতান্দিতে যে আদিভৌতিকবাদ প্রচণ্ড মাথা চাড়া দিয়ে উঠেছিল ইউরোপে, তাতে ক্ষুদ্ধ হয়ে তার প্রতিবাদস্বরূপ সেখানে নানান ধরনের আন্দোলন চলতে থাকে। আধ্যাদ্মিকতা জেগে ওঠে, যন্ত্রের বিরোধিতা শুরু হয়, মানুষের মধ্যে ভ্রাভূভাব গড়ে ওঠে। অন্যান্য ক্ষেত্রে কী হয়েছিল এখানে তার উল্লেখ প্রয়োজন নেই। সাহিত্যক্ষেত্রে যা হয়েছিল বা হছেছ তার দিকে একটু মনোযোগ দেওয়া দরকার।

আবার কিছু লোকের সহসা মনে হলো যে, এখন যে ভালো কবিতা লেখা হচ্ছে না তার একমাত্র কারণ হলো বৃদ্ধি। মানুষের বৃদ্ধি এতো বেড়ে গেছে যে তা প্রতিভা ও ভাবনার সমস্ত পথ রুদ্ধ করে দিয়েছে। এই পথ দিয়েই কাব্যম্রোত প্রবাহিত হতো। এই অবস্থা দেখে কিছু লোক তো হাতের ওপর হাত রেখে নিরাশ হয়ে বসে থাকে এবং এটাই বুঝে নেয় যে, কাব্যদেবীর সরলতা এবার চিরকালের জন্য চলে গেল। এখন এই যুগে মনুষাজাতির অন্তর্গতিকে বৃদ্ধি এতোটাই বেঁধে ফেলেছে যে কবিতার পুনরুদ্ধার অসম্ভব। এই নৈরাশ্যবদিদেরই একজন আনাতোলে ফ্রান্স। সাম্প্রতিক ইংরাজি সাহিত্যজ্গতে তাঁর নৈরাশ্যে যোগ দিতে চলেছেন মি. হাজমন এবং টি.এস. এলিয়ট। এঁরা মাঝে মাঝে তাঁদের অসন্তোষ এবং পাগলামিকেই শুধু প্রকাশ করে থাকেন।

কিন্তু কিছু লোক এখনও আছেন যাঁরা নিরাশ নন। তাঁরা বৃদ্ধির পিছনে লাঠি নিয়ে

দাঁড়িয়ে পড়লেন। তাঁরা চিন্তার হারিয়ে যাওয়া সারলাকে ফিরিয়ে আনার ব্যাপারে কিছুটা আশা পোষণ করেন। তাঁরা মনে করেন যে, বৃদ্ধির দ্বারা ছড়ানো জালকে ছিন্নভিন্ন করে ভাবনার স্বতন্ত্র বিচরণভূমি পুনরুদ্ধার করবেন। এর মধ্যে কিছু লোক তো নানা রকমের প্রাচীন চিত্র এবং জংলী জাতির চিত্রকলাকে একত্রিত করে চলেছেন যদি শিল্পের রহস্য কিছু পাওয়া যায়। এইসব ছবির রঙ আর রেখা যদি কুৎসিতও হয়ে থাকে তাহলেও বিচিত্র সিদ্ধান্ত আবিষ্কার করে বৃক্বিয়ে দেওয়া হয় যে, তাঁরা এই আর্দশে বিশ্বাসী কিংবা ওই আর্দশে বিশ্বাসী। আমরা বৃদ্ধিগ্রন্ত হয়ে পড়ায় তাদের সৌন্দর্যানুভূতির স্তর পর্যন্ত পৌছতে পারছি না। ইংল্যান্ডের প্রসিদ্ধ লেখক ও নাট্যকার বার্নার্ড শ-ও সংশোধনের আশা পোষণ করেন। এবং বৃদ্ধিবিরোধীদের একজন। তাঁর বক্তব্য, বৃদ্ধি সৃষ্টিশীল নয়, ক্রিয়াশীলও নয়। সে কেবল নিশ্চয়াত্মক। তার দ্বারা আমাদের মুক্তি সম্ভব না। আমাদের উচিত ক্রিয়াশীল বৃত্তির সাহা্য্য নেওয়া, তা না হলে আমরা গেলাম— চিরকালের জন্যই গেলাম।

কাব্যের ক্ষেত্রে বুদ্ধিকে পুরোপুরি বহিষ্কার করার ব্যাপার সব থেকে তৎপর দেখা যাছে ই.ই. কামিংস সাহেব। তিনি আমেরিকার একজন কবি। বুদ্ধির প্রতি অখণ্ড বিরোধ প্রকাশ করার জন্য তিনি তাঁব একটি বইয়ের নাম রেখেছেন, 'পাঁচ হচ্ছে'— অর্থাৎ দুই আর দুইয়ে চার নয়, পাঁচ হচ্ছে। এই বিষয়ে একটি অত্যন্ত মজার নিবন্ধ 'কবিতার হারিয়ে যাওয়া সারল্য' (দি লস্ট ইনোসেন্স অফ পোয়েট্রি) কালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিভাগের অধ্যাপকদের লেখা নিবন্ধের ১৯২৯ সালের সংগ্রহে রয়েছে।

ইউরোপে সাহিত্য আন্দোলনের আয়ুও খুব অল্পদিনের। কোনো আন্দোলন দশ-বারো বছরের বেশি চলে না। এইসব আন্দোলনের কারণগুলো সেখানে এই বিশশতকে কারাক্ষেত্রে এসে বেশ গগুণোল এবং বিশৃদ্ধালতা বিস্তার করে। কারোর স্বাভাবিক আনন্দের জায়গায় অভিনবত্বের জন্য আকুলতাটুকুই থেকে যায়। কবিতা হোক বা না হোক, কোনো অভিনব রূপ বা রঙ-টঙ অবশাই যেন থাকে। কিন্তু এই সম্পূর্ণ নতুনত্ব কেবলমাত্র মৃত আন্দোলনগুলোর ইতিহাসকে রেখে গেলেও তা কোনো কবিতার জন্ম দিতে পারে না। শুধুই নতুনত্ব ও মৌলিকতার ছোঁয়া প্রকৃত কবিতার দিকে কি মনোযোগ দেয়? কিছু লোক তো নতুন নতুন টঙের উৎশৃদ্ধালতা, বক্রতা, অসংবদ্ধতা, অপদার্থতাই শুধু প্রকাশ করতে বাস্ত হয়ে পড়েন। কিছু প্রকৃত চিন্তাশীল কবিকে ঠিক রান্তায় চলতে দেখা যায়। সমালোচনাও অধিকতর বায়বীয় টঙে হতে থাকে।

রহস্যবাদী প্রতীকবাদ, মুক্ত-ছন্দবাদ, 'শিল্পের উদ্দেশ্য শিল্প'বাদ ইত্যাদি তো সেখানে আন্ধ দীর্ঘদিন হলো মৃত আন্দোলন বলে মনে করা হয়। এই বিশশতকের আন্দোলনগুলোর মধ্যে অভিব্যক্তিবাদ (এক্সপ্রেশনইজম), জর্জিয়ানিজম, ইমেজিজম, ইম্প্রেশনইজম এবং নিউ ক্লাসিসিক্তম ইত্যাদি প্রধান।

জর্জিয়ানিজমের সার কথা হলো, আবার প্রকৃতির আশ্রয় নেওয়া। গত ইউরোপীয় মহাযুদ্ধের দু-তিন বছর আগে রূপার্ট বুক বেশ উৎসাহের সঙ্গে প্রকৃতির দিকে এগিয়ে যান এবংক্সান্তরিকভাবেই তাকে ব্যবহার করেন। প্রকৃতির চিরপরিচিত সরলতা এবং

সামান্য কিছু দৃশ্যের মাধ্র্য তাঁর মনে বাসা বেঁধেছিল। দৃশ্যাবলীর চমক, জাঁকজমক, ভবাতা, বিশালতার দিকে যেমন তাঁর মন আকৃষ্ট হতো না, তেমনি বক্রোক্তি, ভাষার জটিলতা এবং লক্ষমশপ তথা কল্পনার উড়ানের দিকেও তাঁর আগ্রহ ছিল না। তাঁর মধ্যে ছিল প্রকৃতির চিরকালীন রূপের প্রতি শিশুর মতো আকাজ্জা এবং আবেগ। তিনি প্রকৃতির গুরুত্বের দিকে তেমন মনোযোগ দেননি, তাঁর ভাষার মধ্যেও ততোটা গুরুত্ব ছিল না, কিন্তু তাঁর ভাবটি ছিল খাঁটি। অবশাই তিনি সামান্য ঘরোয়া জীবন এবং সেই জীবনে কাজে লাগতে পারে এমন বস্তুকে অতান্ত ভালোবাসার দৃষ্টিতে দেখতেন। ১৯১৫ সালে তাঁর মৃত্যু হয়। ঠিক তাঁরই পথের পথিক হেরান্ড মনরো, যাঁর একটি কবিতা হলো, 'বেড়ালের খাওয়ার জন্য দুধ।' প্রকৃতির দিকে যাঁবা ফিবে আসছেন তাদের মধ্যে ওয়াল্টার ডে লা মেয়ারও রয়েছেন, তবে তাঁর দৃষ্টির বিস্তার, ভবাতার ইঙ্গিত এবং ভাষার প্রগলভতা বেশি।

ইমেজইজমের প্রবর্তক ছিলেন এফ.এস. ফ্রিন্ট। তাঁর 'তারক জাল মে' নামে বইটি প্রকাশিত হয় ১৯০৯ সালে। এই সম্প্রদায়ের ভেতরে ডুলিটল (হিলদা ডুলিট্ল এইচ.ডি) আর অলডিংটনও ছিলেন। যদিও অলডিংটন ধীরে ধীরে এর বাইরে বেরিয়ে এসেছিলেন। এঁদের আদর্শ ছিল, বাস্তব রূপের মধ্যেই বিষয়কে রাখা। সেইজন্য এরা ছোট ছোট কবিতাকেই ঠিক বলে মনে করতেন, যাতে তার ছবি একবার পড়লেই পাঠকের মনের মধ্যে ভেসে ওঠে। দীর্ঘ কবিতার এঁরা বিরোধী ছিলেন। এঁদের আদর্শানুযায়ী বাস্তব ভাবনা জাগিয়ে তুলতে সক্ষম এমন সব শব্দই কবিতার পক্ষে এঁরা উপযুক্ত বলে মনে করতেন। ভাববাচক শব্দকে দ্রে রাখার পরামার্শ দিতেন। এঁদের বক্তব্য ছিল যে, বাস্তব ভাবনা উদ্রেককারী শব্দ কল্পনায় স্পষ্ট ও স্থায়ী হয়। বর্ণনামূলক এবং দার্শনিক কবিতারও এরা বিরোধিতা করতেন। এঁদের আদর্শে সত্যের অনেক আধার ছিল কিস্তু এঁরা তা অনেক দৃর অব্দিজার করে টেনে নিয়ে গিয়েছিলেন।

চিন্তা করলে এটা আমাদের সামনে পরিষ্কার হয়ে যায় যে, কাব্যে চিত্রকলা এবং সংগীত দুটোরই পদ্ধতির কিছু কিছু অনুসরণ করে চলে।

মৃর্ড ভাবনার প্রয়োজনীয়তা প্রত্যেককে স্বীকার করতে হবে। ইংরেজি কবিতায় ইমেজইজমের একটি স্বতন্ত্র আন্দোলন গড়ে ওঠার আগেই ফ্রান্সে এর কিছুটা আভাস দেওয়া হয়েছিল। ১৮৮৪ সালে বাটস্ ভানটন ইংরেজির প্রসিদ্ধ বিশ্বকোষ (এনসাইক্রোপেডিয়া ব্রিটানিকা)-এ 'কবিতা' নিয়ে যে গদাটি লিখেছিলেন, ভাতে তিনি বলেছিলেন— 'আবেগময় ও ছন্দোময় ভাষায় মানুষের মনের মৃর্ড তথা শৈক্পিক প্রকাশই হলো খাঁটি কবিতা।'

আমরা ওপরে বলে এসেছি যে, চিত্রকলার মতো সংগীতকলার পদ্ধতিকেও কবিতা অবলম্বন করে থাকে। এই নিয়েও ফ্রান্সে আন্দোলন গড়ে উঠেছে। সেখানে অনেকে কাব্যকে সংগীতের আরো কাছে আনার জন্য সচেষ্ট হয়েছেন। তাঁরা ব্যবহৃত শব্দের অর্থের ওপরে ততোটা জাের দেওয়াটা দরকার বলে মনে করছেন না, যতোটা জাের দেওয়া দরকার তার ধবনি-শক্তির ওপর। যেমন, যদি মাছি যুক্ত বায়ের বর্ণনা দিতে হয় তাহলে 'ভন-ভন' জাতীয় ধ্বনিযুক্ত শব্দ, হাওয়ার প্রবাহ বা পাতার ভেতর দিয়ে চলার বর্ণনা দিতে হলে 'সর-সর', 'মর্মর' ইত্যাদি ধ্বনিযুক্ত শব্দকে জড়ো করা হবে। ভাবভূতির বর্ণনায় এই ব্যাপারটা অনেকক্ষেত্রে মিলে যায়। ইংরেজ কবিদেরও অনেক পংক্তি এই নিয়ে প্রসিদ্ধ। তুলসীদাসের— 'কংকন কিংকিনি নুপুর ধ্বনি শুনি।'

এই পংক্তিতেও ঝংকারের ছবি আছে। কিন্তু সন্তিকারের কবিরা এই শব্দের সমাবেশ রীতিমতো কৌশল এবং কৃতিত্বের সঙ্গে খুব কম জায়গাতেই ঘটিয়েছেন। এর জন্য তাঁরা অর্থশক্তিহীন শব্দ নিয়ে আসেননি। কিন্তু ইউরোপে সাহিত্য আন্দোলনের চক্রে পড়ে অনেকে চোখে ফেট্রি বেঁধে কিছুদিন একই লাইনে দৌড়তে থাকেন। এই অবস্থা হয়েছে ফ্রান্সে। অক্ষরের ধ্বনিকে বিরাট কিছু মনে করে তাঁরা অক্ষরের প্রতি গুরুত্ব দিয়ে শব্দবিন্যাস করে চলেছেন।

একাপ্রেশনইজমকে নিয়ে সবচেয়ে বেশি খেলা করেছেন ই.ই. কামিংস। তিনি উপরোক্ত ফরাসি প্রবণতার সঙ্গে ইমেজইজমের আদর্শকে মিলিয়েছেন। এবং মিলিয়ে পদলোপ, বাক্যলোপ, অক্ষরবিন্যাস, চারণবিন্যাস ইত্যাদি নতুন নতুন কেরামতি দেখিয়েছেন। যেমন—

Stinging gold swarms upon the spires Silver

Chants the litanies the great bells are ringing with rose the lewd fat bells

and a tall

wind

is dragging

the

sea

with

dream

**\_S**.

সমুদ্রতীরে সূর্যান্তের বর্ণনা এর বিষয়। সমুদ্রের খর বাতাস যেন গায়ে পিন ফোটায়। উথলে ওঠা তেউয়ের সাদা ফেনিল চূড়ার ওপরে অস্ত যাওয়া সূর্যের আলো পড়ছে। দেখে দেখে মনে হচ্ছে যেন হলুদ মৌমাছির ঝাঁক ছড়িয়ে ছড়িয়ে গেছে। সেই উঁচু তরঙ্গকে দেব মন্দিরের মগুপের মতো মনে হচ্ছে, যার ভেতরে পাঠ হচ্ছে, ঢাউস ঘন্টা বাজছে, দরজায় গেরুয়া রঙ দেওয়া হচ্ছে, নাকাড়া বাজছে, মস্ত ভুঁড়িওয়ালা মোটা নিষ্কর্মা পুরোহিত বসে আছে। সমুদ্রের জলকে হাওয়া টেনে তুলছে, ঠিক যেমনটি মাছে টানে জাল।

সূর্যান্ত হয়ে যায়। কুয়াশাচ্ছন্ন। পরে নেমে আসে অন্ধকার। মানুষজন বুমিয়ে পড়ে।

বাস্তবে কামিংসের এই প্রবণতার মূলে কী আছে? আছে কাব্যদৃষ্টির পরিমিত এবং প্রতিভার অবকাশহীনতার মধ্যে 'নতুন'-এর জন্য নৈরাশ্যপূর্ণ আকুলতা। 'সূর্যোদয়', 'সূর্যাস্ত' ইত্যাদি অত্যস্ত পুরনো বিষয়। এই সব বিষয়ের ওপরে কত কবি ভালো ভালো কবিতা লিখে গেছেন। এখন এই নিয়ে যিনি নতুনত্ব দেখাতে চাইবেন তিনি হার্দিক অনুভূতিকে বাদ দিয়ে কেবল নতুন মত্রনাদের অনুসরণ করবেন, শন্দের খেলা দেখাবেন, প্রহেলিকা সৃষ্টি করবেন, এছাড়া আর করবেনই বা কী? এই ধরনের বুজরুকির দিকে সহৃদয় পাঠক সমাজ কেন মনোযোগ দেবেন? সাম্প্রতিক কবিদের মধ্যে খুব কম লোকই কামিংসের নাম করে।

এই সব নানান 'বাদ' থেকে পাশ্চাতা কবিরা এখন বেরিয়ে আসতে চাইছেন। এখন কোনো কবিতার বিষয়ে কোনো 'বাদ'-এর কথা বলা হলে সেটাকে ফ্যাশান বিরুদ্ধ বলা হচ্ছে। কবিতাব প্রকৃত শিল্পে কিভাবে বাদের পাল্লায় পড়ে ক্রমশ বিলীন হয়ে যায় সেটা না দেখিয়ে কি থাকা যায়? এখন কোনো কবিকে কোনো বিশেষ মতবাদেব বলা হলে সেই কবি অসন্মান বোধ করেন। তাঁদের এখন এটা বলার দরকার হয় না যে, আমরা 'ব্যক্তিবাদী' (যেমন ইমেজিস্টারা বলতেন), 'আমরা রহস্যবাদী' বা 'ছায়াবাদী' (যেমন ইংলিস্তান-আয়ার্ল্যান্ডের সেই মৃত আন্দোলনেব কবিরা বলতেন) অথবা 'আমরা প্রকৃতিবাদী' (যেমন জর্জিয়ানিজমের বিগত আন্দোলনকারীরা বলতেন।

এরকম অনেক 'বাদব্যাধি'র প্রবর্তক হলো 'ব্যক্তিবাদ'। এটা অনেক পূবনো রোগ। পূরনো বোগ দ্রুত রেহাই দেয় না। কোনো না কোনো রূপে তা থেকেই যায়। এই দশা ব্যক্তিবাদেব, যার ভিত্তি 'ভেদবাদ' থেকে। এখন পর্যন্ত এতোদিন কবির ব্যক্তিত্বের নামে পার্থক্য করা হতো, এখন তাঁর রচনার ব্যক্তিত্বের বিচারে পার্থক্য প্রদর্শনের লক্ষণ প্রকাশ হতে থাকে। এতোদিন কবিতায় সেই কবির ব্যক্তিত্বকে প্রধান বস্ত বলার রেওয়াজ ছিল, কিন্তু এখন রচনাকেই প্রধান বস্তু বলা হতে থাকে এবং তার সতা কবি ও প্রোতা (অথবা পাঠক)— এই দু'জনের থেকে স্বতন্ত্র বলে মনে করা ধরা হতে থাকে। পুত্রের ব্যক্তিত্বকে যেমন পিতার ব্যক্তিব্যান্ত্রি থেকে আলাদাভাবে বিকশিত হওয়ার জন্য হেড়ে দেওয়া হয়, তেমনি কাব্য রচনার ব্যক্তিত্বও সেই কবির ব্যক্তিত্ব থেকে স্বতন্ত্র হওয়া উচিত। এই বলেই কবির ব্যক্তিত্বকে পরিহার করা হতে থাকে। এই নিয়ে বিচার-বিশ্লেষণ করতে গেলে দেখা যাচ্ছে, যে, 'ব্যক্তিবাদ' রয়েছেই, কেবল তার জায়গার বদল হয়েছে। মানুষের মধ্যে বিশিষ্টতা এবং বৈচিত্র্য তো জিইয়ে রাখতে হয়েছে, তফাৎ শুধু এইটুকুই ঘটেছে যে, এতোদিন পর্যন্ত সেই বিশিষ্টতা বা বৈচিত্র্যকে কবির বলা হতো, এখন তা তাঁর রচনার বলা হবে।

ব্যাপারটিব গ্রন্থি মোচন করতে করতে আবার ঝঞ্চাটে পড়া গেল, কারণ ভেদবাদের ফাঁস না খুলে যায়। কবি ও শ্রোতা দুপক্ষের থেকে 'ব্যক্তিত্ব'কে আলাদা করে সরিয়ে রচনার মধ্যে তার প্রতিষ্ঠা দেওয়া হয়েছে। বিলিডি সাহিত্য-প্রভুর এই নতুন কাজটির উদ্দেশ্য এটাই হলো যে, কোনো কবিতার সঙ্গে যাতে না কবির মনের মিল ঘটে আর

না পাঠকের মনের মিল ঘটে। তার ভাব-বাঞ্জনাকে তারা উভর যেন আপন করে নিতে না পারে— তাঁর হয়ে যেন তামাশা দেখে। এই মনোবৃত্তিকে 'কল্পনা' এবং 'শিল্প' এই দুটো শব্দ দিয়ে আরো দৃঢ় করে রেখেছে। কবিতাকে যদি কল্পনার খেলা মাত্র মনে করা হয় এবং ভাবুকতা বলে উপেক্ষা করা হয়, তাহলে আর কাব্যের প্রকৃত স্বরূপ দৃষ্টির সম্মুখে আসার সাহস কি করে করবে? যখন 'শিল্প' শব্দটির এতোটা শোরগোল, তখন কবিতা পড়ে বা শুনে যে অনুভৃতি জেগে ওঠে তা তার থেকে গভীর, তার থেকে অধিক মর্মস্পাণী কি করে বলা যেতে পারে? তা কোনো ছবি, ইমারতের কার্রুকার্য, খোদাইকর্ম ইত্যাদির সামনে এলে হয়। আমার বিশ্বাস, কবিতা এবং কাব্য সমালোচনা যতদিন না ভেদভাবের বিষয় সরিয়ে দিয়ে অভেদের ভিত্তির ওপরে প্রতিষ্ঠিত হবে, ততদিন তার স্বরূপ এইরকম ঝঞ্জাট এবং টানাটানির মধ্যে পড়ে থাকবে। বৈষম্যহীন ভূমি তৈরি করার নামই 'সাধারণীকরণ'।

2006

অনুবাদ : সৈকত রক্ষিত

## সাধারণীকরণ ও ব্যক্তিবৈচিত্র্যবাদ

কোনো কাব্যের শ্রোতা বা পাঠক যে-সব বিষয় মনে গ্রহণ করে রতি, করুণা, ক্রোধ, উৎসাহ ইত্যাদি ভাব এবং সৌন্দর্য, রহস্যের ঐকান্তিক ইত্যাদি ভাবনা অনুভব করেন, তা কেবল তাঁর মনের সঙ্গেই সম্পর্কিত নয়। এই ভাব-ভাবনাগুলো যেকোনো মানুষের ভাবোদ্রেককারী সভার ওপর প্রভাব ফেলে। তাই উক্ত কাব্য একসঙ্গে শুনেছেন বা পড়েছেন এমন সহস্র মানুষ কম-বেশি পরিমাণে তা অনুভব করতে পারেন। যতক্ষণ পর্যন্ত না কোনো বিষয়ের অন্তর্নিহিত ভাব সাধারণ সমস্ত মানুষের কাছে গ্রহণযোগ্য হচ্ছে, ততক্ষণ পর্যন্ত তার মধ্যে রস-জাগরণের পূর্ণ শক্তি আসে না। কোনো ভাবপূর্ণ বিষয়কে এই রূপে নিয়ে আসাকে আমাদের এখানে 'সাধারণীকরণ' বলা হয়। এই সিদ্ধান্তের দ্বারা এটাই ঘোষিত হয় যে, প্রকৃত কবি হলেন তিনিই যিনি সাধারণ মানুষের মনের সঙ্গে পরিচিত, যিনি অনেক বৈশিষ্ট্য ও বৈচিত্রোর মধ্যেও মনুষ্যজাতির সাধারণ মনটিকে দেখতে পান। এই সাধারণ মনের মধ্যে ব্যক্তি মনের লীন হয়ে যাওয়া দশার নাম রস-দশা।

কোনো কাব্যে বর্ণিত একটি পাত্রের কোনো কুরূপা ও দুঃশীলা নারীর প্রতি প্রেম হতে পারে, কিন্তু সেই নারীর বর্ণনা দিয়ে শৃঙ্গার রস সৃষ্টি করা যায় না। ফলত, এই ধরনের কাব্য কেবলমাত্র ভাবপ্রদর্শকই হয়, কখনো বিভাবজ্ঞাপক হতে পারে না। একইভাবে, ভয়ংকর রসের বর্ণনায় বিষয়কে যতক্ষণ পর্যন্ত না মানুষমাত্রেরই ক্রোধের আধার করে তোলা হচ্ছে, ততক্ষণ পর্যন্ত ওই বর্ণনা নিছক ভাবপ্রদর্শক হয়ে থাকবে, তার বিভাবের দিকটা হয় দুর্বল অথবা শূন্য হবে। তবে ভাব এবং বিভাব এই দুটো পক্ষের সামঞ্জস্য ছাড়া সম্পূর্ণ ও প্রকৃত রসানুভৃতি হতে পারে না। কেবলমাত্র ভাবপ্রদর্শক কাব্যে এটাও হয় যে পাঠক বা শ্রোতা নিজের দিক থেকে তার ভাবনা অনুসারে আলম্বন আরোপ করে থাকেন।

কাব্যের বিষয় সর্বদা 'বিশেষ' হয়, 'সাধারণ' হয় না। কাব্য ব্যক্তিকে সামনে নিয়ে আসে, 'জাতি'কে নয়। এই ব্যাপারটা আধুনিক শিল্প-সমীক্ষার ক্ষেত্রে পুরোপুরিভাবে স্থির হয়ে গেছে। বহু মানুষের রূপ-গুণ ইত্যাদি পুঝানুপুঝ পর্যবেক্ষণ তাদের কোনো শ্রেণী বা জাতি স্থির করা, বহু রকমের বক্তব্য থেকে কোনো সাধারণ সিদ্ধান্ত প্রতিপাদন করা— এই সমস্ত হচ্ছে তর্ক ও বিজ্ঞানের কাজ। নির্দিষ্টকরণ হচ্ছে বৃদ্ধির কাজ। কাব্যের কাজ হলো কল্পনায় 'প্রতিবিশ্ব' (Images) অথবা মূর্তভাবনাকে উপস্থিত করা, বৃদ্ধির কাছে কোনো ধারণা (Conecpt) আনা নন্ন। 'প্রতিবিশ্ব' যখন হবে, তখন তা বিশেষ অথবা ব্যক্তিরই হবে, সাধারণের বা জাতির হবে না।

এই মতবাদের অর্থ হলো, শুদ্ধ কাব্যের বক্তব্য সাধারণ তথ্য-কথন বা সিদ্ধান্তের মতো হয় না। কবিতা বস্তু এবং বিষয়ের 'প্রতিবিশ্ব'কে তুলে ধরার চেষ্টা করে। কেবল অর্থ গ্রহণ করেই তার কাজ চলে না। প্রতিবিশ্বিত হয় বিশেষ বা ব্যক্তি, সাধারণ বা জাতি নয়। যেমন, যদি বলা হয় যে, 'ক্রোধে মানুষ উন্মাদ হয়ে যায়', তাহলে এটা কাব্যের ভাষা হয় না। কাব্যের ভাষা তো কোনো কুদ্ধ মানুষের উগ্র বচন আর উন্মন্ত আকাঞ্জন্মকে কল্পনায় হাজির করে দেবে। কল্পনায় যা কিছু হাজির হবে তা ব্যক্তি বা বস্তু বিশেষই হবে।

এখন এটা দেখতে হবে যে, আমাদের, এখানে অবিভাবন এবং বিভাবনের ক্ষেত্রে যাকে 'সাধারণীকরণ' বলা হয়েছে, এই সিদ্ধান্ত তার বিরুদ্ধে যাচ্ছে না তো? বিচার করলে দেখা যাবে যে, দুটোর মধ্যে কোনো বিরোধ নেই।

রসানুভূতির সময়ে শ্রোতা বা পাঠকের মনে আলম্বন ইত্যাদি বিশেষ ব্যক্তি বা বস্তুর মূর্ত ভাবনার রূপে আসে, সাধারণ ব্যক্তি বা বস্তু (জাতি) –র অর্থ-সংকেতের রূপে আসে না। 'সাধারণীকরণ'-এর অর্থ হলো, কাব্যে বর্ণিত যে ব্যক্তি বিশেষ বা বস্তু তার কাব্যে বর্ণিত ভাবের আলম্বন হয়ে থাকে, তা-ই যেকোনো সহাদয় সমস্ত পাঠক তথা শ্রোতার ভাবের আলম্বন হয়ে যাওয়া। যে ব্যক্তিবিশেষকে কেন্দ্র করে কোনো ভাবের ব্যঞ্জনা কবি সৃষ্টি করেন, পাঠক-শ্রোতার মনে কল্পনাতে সেই ব্যক্তিবিশেষ উপস্থিত থাকে। তবে ইয়া, কখনো কখনো এমনও হয় যে, পাঠক-শ্রোতার মনোবৃত্তি কিংবা সংস্কারের জন্ম বর্ণিত ব্যক্তিবিশেষের জায়গায় তারই সমান গুণসম্পন্ন কোনো কাল্পনিক মূর্তি এসে যায়। উদাহরণত, যদি কোনো পাঠক বা শ্রোতার কোনো সুন্দরীর সঙ্গে প্রেম হয়ে থাকে, তাহলে শৃঙ্গার রসের হোট হোট উক্তি শোনার মূর্ত্ত বাববারই আলম্বন রূপে তার প্রেয়সীর ছবিই তার কল্পনায় আসবে। যদি কারো সঙ্গে প্রেম না হয়ে থাকে তাহলে কোনো কাল্পনিক সুন্দরীর মূর্তি তার মানসপটে আসবে। বলা বাহুলা, এই কল্পিত মূর্তিও হবে বিশেষ, হবে কোনো ব্যক্তিরই।

সাধারণীকরণ-এর প্রতিপাদনে প্রাচীন আচার্যগণ শ্রোতা (অথবা পাঠক) এবং আশ্রয় (ভাব-বাঞ্জনা করছে যে পাত্র)- এর সাদৃশ নিয়েই বিচার-বিবেচনা করেছেন, সেখানে আশ্রয় কোনো কার্য বা নাটকের পাত্রের রূপে আলম্বন-রূপ কোনো অন্য পাত্রের প্রতি কোনো ভাব-ব্যাঞ্জনা সৃষ্টি করে আর শ্রোতা সেই ভাবেরই রস-রূপ অনুভব কবে। তবে রসের আরো একটি হীন অবস্থা রয়েছে, যা আমাদের এখানকার সত সাহিত্যগ্রন্থে বিবেচিত হয়নি। তারও আলোচনা করা দরকার। যিনি কোনো ভাবের ব্যঞ্জনা সৃষ্টি করছেন, কোনো কান্ধ করছেন বা ঘটনা ঘটাছেন— এমন পাত্রও আচরণের দৃষ্টিতে শ্রোতা (অথবা দর্শক)- এর কোনো ভাব— শ্রদ্ধা, ভক্তি, ঘৃণা, রোম, বিশ্ময়, কৌতৃহল বা অনুরাগের আলম্বন হয়। এই অবস্থায় শ্রোতা বা দর্শক-এর হৃদয় সেই পাত্রের হৃদয় থেকে পৃথক থাকে। অর্থাৎ শ্রোতা-দর্শক সেই ভাব অনুভব করে না যার ব্যঞ্জনা পাত্র সৃষ্টি করে নিজের আলম্বনকে কেন্দ্র করে। বরঞ্চ ব্যঞ্জনাসৃষ্টিকারী সেই পাত্রের কোনো ভিন্ন ভাবই সে অনুভব করে। এই অবস্থাও হচ্ছে একধরনের রস-দশা। যদিও এখানে আশ্রয়-এর সঙ্গে তার সাদৃশ্য থাকে না এবং আলম্বনের সাধারণীকরণ ঘটে না। যেমন কোনো কুদ্ধ বা কুর প্রকৃতির পাত্র যদি কোনো নিরপরাধ বা দীনের প্রতি প্রবল ক্রোথের ব্যঞ্জনা সৃষ্টি করে, তাহলে তখন শ্রোতাদর্শকের মনে ক্রোধ-রমের সঞ্চার হবে না, বরং ক্রোধ

প্রদর্শন করছে যে পাত্র তার প্রতি অশ্রদ্ধা, ঘৃণা ইত্যাদির ভাব জেগে উঠবে। এরকম অবস্থায় আশ্রয়ের সঙ্গে সাদৃশ্য বা তার প্রতি সহানুভূতি জাগবে না, বরঞ্চ শ্রোতা-পাঠক উক্ত পাত্রের আচরণ বা প্রকৃতির দ্রষ্টা রূপে প্রভাবিত হবে আর সেই প্রভাবও হবে রসাত্মক। তবে এই রসাত্মকতাকে আমরা মাঝারি স্তব্রের বলেই মনে করবো।

যেখানে পাঠক অথবা দর্শক কোনো কাব্য বা নাটকে সমিবিষ্ট পাত্র বা আশ্রয়ের আচরণের দ্রন্টা হিসেবে থাকেন, সেখানেও, পাঠক বা দর্শকের মনে কোনো না কোনো ভাব অল্পবিস্তর জেগে থাকে। তফাত শুধু এইটুকুই যে, সেইপাত্রের আলম্বন পাঠক বা দর্শকের আলম্বন হয় না। উপরস্ত সেই পাত্রই পাঠক-দর্শকের কোনো ভাবের আলম্বন হয়ে যায়। এই দশাতেও এক ধরনের সাদৃশ্য ও সাধারণীকরণ হয়। সাদৃশ্য হয় কবির সেই অব্যক্ত ভাবের সঙ্গে যা দিয়ে তিনি সেই পাত্রের স্বরূপকে সংঘটিত করেছেন। সে স্বরূপ কবি তাঁর নিজের কল্পনায় আনেন তার প্রতি তাঁর কোনো না কোনো ভাব অবশাই থাকে। সূত্রাং পাত্রের স্বরূপ কবির যে-ভাবের আলম্বন হয়, পাঠক বা দর্শকেবও প্রায়ই সেই ভাবের আলম্বন হয়ে যায়। যেখানে কবি কোনো বস্ত, যেমন হিমালয় ও বিদ্ধাাঅরণ্য অথবা ব্যক্তিরই শুধু চিত্র একৈ ছেড়ে দেন, সেখানে কবিই আশ্রয়ের রূপে থাকেন। সেই বস্তু বা ব্যক্তিরই চিত্রণ তিনি তাদের প্রতি কোনো ভাব রেখেই করেন। তাঁর ভাবের সঙ্গে পাঠক বা দর্শকের সাদৃশ্য থাকে। তাঁর আলম্বনই পাঠক বা দর্শকের আলম্বন হয়ে যায়।

আশ্রমের যে ভাববাঞ্জনাকে শ্রোতা বা পাঠকের হৃদয় সামান্য আত্মন্থ করতে পারে না, তা গৃহীত হয় কেবল আচরণ বৈচিত্রা রূপে, এবং তার দ্বারা দৃণা, বিরক্তি, অশ্রদ্ধা, ক্রোম, কৌতৃহল ইত্যাদির মধ্যে কোনো ভাব উৎপন্ন হয়ে অপরিতৃপ্ত অবস্থায় থেকে যায়। সেই ভাব তৃপ্ত হবে তখনই, যখন অন্য কোনো পাত্র এসে তার বাণী আর ইচ্ছাব দ্বারা কাজের সেই বিসদৃশ বা অনুপযুক্ত বাঞ্জনাসৃষ্টিকারী প্রথম পাত্রের প্রতি বাঞ্জনা সৃষ্টি করবে। এই দ্বিতীয় পাত্রের ভাববাঞ্জনার প্রতি শ্রোতা-দর্শকের পূর্ণ সহানুভূতি থাকবে। অপরিতৃপ্ত ভাবের আকুলতার অনুভব প্রবন্ধ, কাবা, নাটক, উপন্যাসের প্রত্যেক পাঠকেরই কমবেশি হবে। যখন কোনো অতিশয় দৃষ্ট লোক নিজের মনোবৃত্তির বাঞ্জনা কোনো স্থানে সৃষ্টি করে, তখন পাঠকের বার বার এটাই মনে হয় যে সেই দৃষ্টের প্রতি তার মনে যে দৃণা বা ক্রোধ রয়েছে তার সম্পূর্ণ বাঞ্জনা কথা বা কাজ দিয়ে কোনো পাত্র এসে সৃষ্টি করুক। কুদ্ধ পরশুরাম আর অতঈ অত্যাচারী রাবনের বচনের যে উত্তর লক্ষ্মণ বা অক্ষদ দেয়, তা থেকে শ্রোতাদের অপূর্ব তৃপ্তি হয়।

এ ব্যাপারে সর্বাধিক গুরুত্বপূর্ণ কথা হচ্ছে যে, আচরণ বিশেষের পরিজ্ঞান থেকে উৎপন্ন ভাবের অনুভৃতি আর আশ্রয়ের সঙ্গে সাদৃশা-দশার অনুভৃতি (আচার্যরা যাকে রস বলেছেন) দুটো ভিন্ন শ্রেণীর রসানুভৃতি। প্রথমটিতে শ্রোতা বা পাঠক নিজেদের স্বতম্ব সত্তাকে আলাদা করে রাখতে পারে। দ্বিতীয় ক্ষেত্রে নিজের পৃথক সত্তাকে স্বল্প সময়ের জন্য বিসর্জন দিয়ে আশ্রয়ের ভাবাত্ম সত্তার সঙ্গে একাকার হয়ে যায়। মহৎ ভাবসম্পন্ন আশ্রয়ের ভাবব্যঞ্জনায়ও এরকম হয় যে, যে সময় পর্যন্ত পাঠক বা শ্রোতা সাদৃশ্য দশায় পূর্ণ রসমন্ন থাকবে, সেই সময় ভাবব্যঞ্জনা সৃষ্টিকারী আশ্রয়কে নিজের

থেকে পৃথক রেখে তার আচরণাদির প্রতি নিবিষ্ট থাকবে না। সেই দশার আগে-পরেই সে তার আর অভাবাত্মক সতা থেকে নিজের ভাবাত্মক সতাকে পৃথক করে তার আচরণ-সৌন্দর্যের ভাবনা করতে পারবে। ভাববাঞ্জনা সৃষ্টিকারী কোঁনো পাত্র অথবা আশ্রয়ের আচরণ-সৌন্দর্যের ভাবনা যখন থাকবে, তখন সেই হবে শ্রোতা বা পাঠকের আলম্বন এবং তার প্রতি শ্রদ্ধা, ভক্তি বা প্রীতি অক্ষুণ্ণ থাকবে।

আমাদের এখানে আচার্যরা শ্রুতিকাব্য এবং দৃশ্যকাব্য দুটোতেই রসের প্রাধান্য রেখেছেন, তার ফলে দৃশ্যকাব্যতেও তাঁদের লক্ষ্য সাদৃশ্য আর সাধারণীকরণের দিকে থাকে। কিন্তু ইউরোপে দৃশ্যকাব্যে আচরণ-বৈচিত্র্য বা অস্তঃপ্রকৃতি-বৈচিত্র্যের দিকেই প্রধান লক্ষ্য থাকে। যা দেখে দর্শকদের শুধু বিশ্বয় বা কৌতুকের অনুভৃতি হয়। সূতরাং সেই বৈচিত্র্য নিয়ে একটু চিস্তা-ভাবনা করা প্রয়োজন। বৈচিত্র্য দর্শনে কেবলমাত্র তিনটি ব্যাপার হতে পারে।—১। বিশ্বয়পূর্ণ প্রসাদন, ২। বিশ্বয়পূর্ণ অবসাদন বা ৩। কৌতৃহলমাত্র। বিশ্বয়পূর্ণ প্রসাদন হয় আচরণের চরম উৎকর্ষ অর্থাৎ সাত্ত্বিক আলোকের সাক্ষাতে। রামের পাদুকা নিয়ে ভরতের অসম্বন্ত হয়ে বসে থাকা, রাজা হরিশ্চন্দ্রের নিজের রানীর কাছে অর্ধেক শবাচ্ছাদন-বস্ত্র ভিক্ষা করা, নাগানন্দ নাটকে ক্ষুধার্ত গরুড়কে নিজের মাংস খাওয়ার জন্য জীমৃতবাহনের অনুরোধ করা ইত্যাদি আচরণ-বৈচিত্র্যের এমন দৃশ্য যা থেকে শ্রোতা বা দর্শকের মনে বিশ্বয় মিপ্রিত শ্রদ্ধা বা ভক্তির সঞ্চার হয়। এই ধরনের উৎকৃষ্ট আচরণের পাত্রদের আচরণকার আচরণকারী পাত্রদের ভাবব্যঞ্জনাকে আত্মসাৎ করে সে তাতে লীন হয়ে যেতে পারে।

বিশ্ময়পূর্ণ অবসাদন ঘটে প্রকৃতির চবম পতন অর্থাৎ তামসিক বীভৎসতা দর্শনে। যদি কোনা কাব্য বা নাটকে হুন মিহিরগুল পাহাড়ের চূড়া থেকে নিক্ষেপিত মানুষের কাতরানি চিৎকার ইত্যাদির প্রতি ভিন্ন ভিন্ন ঢঙে নিজের আনন্দ-ব্যঞ্জনা সৃষ্টি করে, তাহলে তার সেই আনন্দে কোনো শ্রোতা বা দর্শকের হৃদয় সাড়া দেবে না। বরং তার মনোবৃত্তির অসাধারণতা আর বীভৎসতায় স্তম্ভিত হয়ে ক্ষুদ্ধ বা কুপিত হবে। এইভাবে আরো নানারকম দুঃশীলতার প্রতি শ্রোতার বিশ্ময়মিশ্রত বিরক্তি, ঘূণা ইত্যাদি জেগে উঠবে।

যে চরম সাত্মিক আর তামসিক প্রকৃতির উল্লেখ ওপরে করা হলো, সাধারণ প্রকৃতি থেকে বিশ্ময়কর স্বাতন্ত্রা থাকে কেবলমাত্র তাদের মাত্রাতে। তাদের কোনো শ্রেণী বিশেষের সাধারণ প্রকৃতির মধ্যে না গণ্য করা যেতে পারে। যেমন ভরত ইত্যাদির প্রকৃতি শীলবানদের মধ্যে আর মিহিরগুলদের প্রকৃতি কুরদের মধ্যে ফেলা যায়। কিন্তু কিছু লোকের মতানুসারে এই ধরনের অদ্বিতীয় প্রকৃতিও হয়, যা কোনো শ্রেণী বিশেষের প্রকৃতির মধ্যে পড়ে না। এই ধরনের প্রকৃতি দর্শনে স্পষ্ট প্রসাদন বা অবসাদন কোনোটাই হয় না— এক ধরনের মনোরঞ্জন বা কৌতৃহলই হয়ে থাকে। এই অদ্বিতীয় প্রকৃতি চিত্রণকে ডান্টন (Theodore Walts Dunton) কবির নাটকীয় বা নিরপেক্ষ দৃষ্টির (Dramatic or Absolute vision) উদাহরণ এবং কাব্যকলার চরম উৎকর্ষ বলেছেন। তাঁর বক্তব্য হলো, সাধারণ কবি বা নাট্যকার ভিন্ন ভিন্ন পাত্রদের সংলাপ কল্পনা করেন নিজেকেই তাদের পরিস্থিতিতে বসিয়ে। তাঁরা যা বস্তুত এরকম অনুভব করেন যে, যদি আমরা ওই অবস্থায় থাকতীম তাহলে কি ধরনের কথা মুখ দিয়ে বেরিয়ে আসতো। এর তাৎপর্য হলো এই

যে, তাঁদের দৃষ্টি হলো সাপেক্ষ, তাঁরা নিজেদের প্রকৃতি অনুযায়ীই চরিত্রচিত্রণ করেন। কিম্ব নিরপেক্ষ দৃষ্টিসম্পন্ন নাট্যকার এক নতুন মানব-প্রকৃতি সৃষ্টি করেন, নতুন নির্মাণের কল্পনা তাঁদের মধ্যেই থাকে।

ডান্টন নিরপেক্ষ দৃষ্টিকে সর্বোচ্চ শক্তি ধরেছেন কিন্তু সারা বিশ্বে এরকম দৃষ্টিসম্পন্ন কবি দুটি কি তিনটি তিনি পেয়েছেন, যার মধ্যে প্রধান শেক্স্পিয়র। কিন্তু শেক্স্পিয়রের নাটকে বিচিত্র অন্তঃপ্রকৃতির কিছু পাত্র থেকে থাকলেও অধিকাংশ পাত্র এই ধরনের— যাদের ভাবব্যঞ্জনাব সঙ্গে পাঠক বা দর্শকের পূর্ণ সাদৃশ্য থাকে। 'জুলিয়াস সিজার' নাটকে এন্টোনিও-র দীর্ঘ ভাষণে যে ক্ষোভ উপচে পড়ে তাতে কার হৃদয় না যোগ দেয় ? ডার্টনেব কথা অনুসারে, শেক্সপিয়রের দৃষ্টির নিরপেক্ষতার দৃষ্টান্তের মধ্যে রয়েছে হ্যামলেটের চরিত্র চিত্রণ। কিন্তু বিচারপূর্বক দেখলে দেখা যাবে যে, হ্যামলেটের মনোবৃত্তিও হচ্ছে এমনমানুষের মনোবৃত্তি যে নিজের মায়ের চরম বিশ্বাসঘাতকতা এবং জ্বদনা চারিত্রাচ্যুতি দেখে অর্ধোন্মাদের মতো হয়ে গেছে। পরিস্থিতির সঙ্গে তার সংলাপের সামঞ্জস্যও হচ্ছে তার বৃদ্ধির অসংলগ্নতাব দ্যোতক। ফলত তার চরিত্রও একটি শ্রেণী বিশেষেব মধ্যে এসে যায়। তার সহৃদয় ভাষণেব প্রতি প্রত্যেক সহৃদয় ব্যক্তি একাস্থা বোধ করে। দৃষ্টান্ত হিসেবে সেই সংলাপকে নেওয়া যায়, যা দৃষ্টান্ত হিসেবে আত্মগ্রানি আর ক্ষোভে ভরা সেই সংলাপকে গ্রহণ কবা যায়, যার দ্বারা তিনি স্ত্রীজাতিকে ভর্ৎসনা কবেছেন। কাজেই আমাদের দৃষ্টিতে এরকম মনোবৃত্তির প্রদর্শন, যা কোনো অবস্থাতেই কারো হত পারে না। তা কেবল ওপর ওপর মন ভোলানোব জন্য খাড়া করা নকল তামাশাই হবে। কিন্তু ডান্টন সাহেবের কথা অনুসারে এরকম মনোবৃত্তির চিত্রণ হচ্ছে নতুন সৃষ্টিকারী কল্পনার সবচেয়ে উজ্জ্বল উদাহরণ।

'নতুন সৃষ্টি-নির্মাণকারী কল্পনা'র চর্চা যেভাবে ইউবোপে চলে আসছে, তেমনিভাবে আসছে ভারতেও। তবে আমাদের এখানে এই বক্তব্য অর্থবাদ হিসেবে— কবি এবং কবিকৃতির স্তুতিরূপে গৃহীত হয়েছে, শাস্ত্রীয়সিদ্ধান্ত বা বিবেচনা হিসেবে নয়। ইউবোপে অবশাই এটা একটা সূত্ররূপে কাব্যসমীক্ষার ক্ষেত্রেও গিয়ে চুকেছে। এব প্রচারের পরিণাম হলো, ওখানে কিছু রচনা এই ঢঙেও লেখা হতে লাগল যার মধ্যে কবি এই রকম অনুভূতির ব্যঞ্জনা নকল করেছেন, যা বাস্তব না তাব নিজেব, না অনা কারো হতে পারে। এই নতুন সৃষ্টি-নির্মাণের অভিনয়ের মাঝে 'অন্য জগতের পাখিদের' ওড়াউডি শুক হয়েছে। শেলির পিছনে পাগলামি নকল করিয়েদের অনেকে দাঁভিয়ে রয়েছে বা পড়েছিল। তারা নিজেদের কথাকে এমন রূপ-রঙ্গ কবে তুলতো, তা যেন তারা অন্য দুনিয়ার লোক অথবা তারা সঠিক কোথাকার বোঝা যায় না।

এটা সেই প্রবৃত্তির সীমার বাইরে পৌঁছে যাওয়া রূপ, যা এক রকম রেঁনেশাসের পুনরুত্থানের (Renaissance) সময়ের সঙ্গে সঙ্গেই শুরু হয়েছিল। ইউরোপে একথা বলা হয়ে থাকে যে, তার আগে পর্যন্ত কাব্য রচিত হতো কাল-কে অখণ্ড অনন্ত ও ভেদাতীত এবং জনসাধারণকে এক সামান্য সত্তা হিসেবে মেনে নিয়ে। রচনাকার এটা খেয়াল রেখে লিখতেন না যে, এই সময়ের পরে আগত একটু অন্য রকম হবে কিংবা এই বর্তমানকালের স্বরূপ সর্বত্র একই প্রকার নয়— কোনো জনসমূহের মাঝে পূর্ণ সভ্যকাল রয়েছে, কোনো জনসমূহের মাঝে অপেক্ষাকৃত কম সভ্যকাল রয়েছে, কোনো জনসমূহের

মাঝে কিছুটা অসভাকাল রয়েছে, কারোর মধ্যে তার চেয়েও অনেক বেশি অসভাকাল রয়েছে। তাদের এই ব্যাপারের দিকে মনোযোগ দেওয়ার প্রয়োজনই হতো না যে, জগৎ ভিন্ন ভিন্ন মানুষ দিয়ে তৈরি, যাদের রুচি ও প্রবৃত্তি ভিন্ন ভিন্ন ধরনের। পুনরুত্থান-কাল থেকে ধীবে ধীরে এই সত্যের দিকে মনোযোগ বাড়তে লাগল। প্রাচীনদের ভ্রম প্রকাশ হতে লাগল অবশেষে শুধু আ ইশারাতেই চোষ বন্ধ করে দৌড়োয় এমন তাবড় তাবড় পশুতরা পুনরুত্থানের কালধারা মন্থন করে 'ব্যক্তিবাদ'রূপ নতুন রত্ন বের করলেন। তারপর ? শিক্ষিত সমাজে ব্যক্তিগত বিশেষত্বগুলোকে দেখা এবং দেখানোর প্রবণতা বাড়তে লাগল।

কাব্যের ক্ষেত্রে কোনো 'বাদ'-এর প্রচার তার সারস্তাকেই গ্রাস করে নেয়। ধীরে ধীরে কিছু দিন পরে লােকে কবিতা না লিখে বাদ লিখতে শুরু করে। কলা বা কাব্যের ক্ষেত্রে 'বিশ্ব' আর 'ব্যক্তি'র উপযুক্ত ধারণা কতদূর সঙ্গত এ ব্যাপারে একটু আলােচনা করে নেওয়া দরকার। জগতের মাঝে মাঝে যেখানে অগণিত ভিন্নতা দেখতে পাওয়া যায়, সেখানে কিছু অভিন্নতাও চােখে পড়ে। একজন মানুষের আকৃতির সঙ্গে অনা মানুষের আকৃতি মেলে না, কিন্তু সব মানুষেব আকৃতি যদি এক সঙ্গে নেওয়া যায়, তাহলে এমন একটি সাধারণ আকৃতির চিন্তাও গড়ে ওঠে যার জন্য আমরা সকলেই মনুষ্য বলি। এইভাবে সকলের রুচি এবং প্রকৃতিব ভিন্নতা সত্ত্বেও কিছু এমন রয়েছে, যেখানে পৌঁছলে অভিন্নতা দেখতে পাওয়া যায়। এই অন্তর্ভূমি রয়েছে নর সমন্তির আবেগধমী প্রকৃতির ভেতরে। বিশ্ব হৃদয়ের এই সাধারণ অন্তর্ভূমি পরশ্ব করে আমাদের এখানে 'সাধারণীকরণ' সিদ্ধান্ত প্রতিষ্ঠিত করা হয়েছে। এই সাধারণ অন্তর্ভূমি কাল্পনিক বা কৃত্রিম নয়। কাব্য রচনার গোড়ামি বা পরম্পরা, সভ্যতার ন্যুনতম বিকাশ, জীবন-কর্মে পরিবর্তনকামী বাহ্যিক রূপ-রঙ ইত্যাদি বিষয়ের ওপর তা স্থিত নয়। এর ভিত্তিভূমি গভীর। এর সম্বন্ধ রয়েছে হৃদয়ের অন্তর্গত মূলদেশের সঙ্গে, আর তার সাধারণ বাসনাত্মক সত্তার সঙ্গে।

যে 'ব্যক্তিবাদ'-এব উল্লেখ ওপরে করা হয়েছে, তা রোমান্টিক আন্দোলন (Romantic movement)- এর উত্তরকাল থেকে খুবই বিকৃত রূপ ধারণ করেছিল। এই ব্যক্তিবাদকে যদি পুরোপুরি স্বীকার করতে হয়, তাহলে, কবিতা রচনা ব্যর্থ ধরা যেতে পারে। কবিতা এই জন্যেই রচিত হয়, যাতে একই ভাবনা একশো বা হাজার জনই না লক্ষ মানুষ গ্রহণ করে। যেমন একজনের হৃদয়ের সঙ্গে অন্যোর হৃদয়ের কোনো মিলই নেই, তখন একজনের ভাব অন্য কেন এবং কিভাবে গ্রহণ করবে? এরকম অবস্থায় তো হৃদয় দিয়ে গ্রহণের কথা ছেড়েই দিতে হবে। ব্যক্তিগত বৈশিষ্টোর বৈচিত্র্য দিয়ে বাহ্যিক কৌত্হল সৃষ্টি করাটাই যথেষ্ট মনে করতে হবে। হয়েছিলও তাই। অন্যান্য হৃদয়ের থেকে নিজের হৃদয়ের ভিয়তা আর বৈচিত্র্য দেখানোর জন্য অনেক লোক একটি কাল্পনিক হৃদয় তৈরি করতে গুরু করে। বাব্যক্ষত্র হয়ে যায় সেই 'নকল হৃদয়'-এর একটি কারখানা।

ওপরে যা কিছু বলা হলো, তা থেকে বোঝা যায় যে, ভারতীয় কাব্যদৃষ্টি ভিন্ন ভিন্ন বিশেষের মধ্যে থেকে সাধারণকে উদ্বাটিত করার দিকেই বরাবর ছিল। কোনো না কোনো 'সাধারণ'-এর প্রতিনিধি হয়েই 'বিশেষ' আমাদের এখানকার কাব্যে চলে আসছে। কিম্ব ইউরোপীয় ওখানে অনেক দিন থেকেই বিরল বা বিশেষের দিকে রয়েছে। আমাদের

এখানকার কবি সেই প্রকৃত তারের ঝন্ধার শুনিয়েই সম্বন্ত থাকে, যা মানুষমাত্রের হৃদয়ের অভ্যন্তর থেকে উঠে আসে। কিন্তু উনবিংশ শতাব্দীর অনেক বিলেতি কবি এমন হৃদয় প্রদর্শন করতে শুরু করেছিলেন যা কোথাও নেই। এবং থাকা সম্ভবও নয়। সারকথা হলো, আমাদের বাণী ভাবজগতে ভেদের মধ্যে অভেদকে ওপরে তুলতে থাকে আর ওদের বাণী সত্যিমিথ্যা অসাধারণতাকে জনমানুষকে চমকে চমকৃত করতে থাকে।

পাশ্চাতা সমীক্ষায় কল্পনা আর 'ব্যক্তিত্ব' নিয়ে এতবেশি হইচই করা হলো যে কাবোব আর সব কিছুকে বাদ দিয়ে এই দুটির ওপবই দৃষ্টি এসে পড়ল। কল্পনা হচ্ছে কাব্যকে বোঝার একটি দিক। কল্পনায় আসা রূপ-কর্ম যোজনার বোধ বা অন্তঃসাক্ষাৎকার হয় কবি বা শ্রোতার। এই বোধের দিকটি ছাড়াও কাবো ভাবেব দিকও আছে। রূপ-জাত যোজনার জন্য যে বস্তুগুলো কল্পনাকে প্রেরিত করে এবং যারা কল্পনার মধ্যে দেখা দেয়, তাদের মধ্যে যেসব জিনিস শ্রোতা বা পাঠককে মশগুল-বিভার কবে, তাবা হলো রতি, করুণা, ক্রোধ, উৎসাহ, বিশ্ময় ইত্যাদি ভাব বা মনোবিকার। এই থেকে ভাবতীয় দৃষ্টি ভাবপক্ষকে প্রাধান্য দিয়েছে এবং রসের সিদ্ধান্ত প্রতিষ্ঠা করেছে। কিন্তু পাশ্চাত্যে 'কল্পনা', 'কল্পনা' বলে আহ্বানের ফলে সমীক্ষকদের মনোযোগ ধীবে ধীবে ভাবপক্ষ থেকে সরে গিয়ে বোধপক্ষের কাছে গিয়ে জমা হলো। কাব্যের রমণীয়তা সেই হালকা আনন্দের রূপেই স্বীকৃতি পেতে লাগল, যে আনন্দের জন্য আমবা নতুন নতুন, সুন্দর, চমকপ্রদ তথা অসাধারণ বস্তুকে দেখতে যাই, এর ফলে কবি তামাশা-প্রদর্শক রূপে এবং আর শ্রোতা বা পাঠক তার তটম্ব দর্শকরূপে গণ্য হতে লাগল। কেবল দেখার আনন্দ হলো কিছু অসাধারণকে দেখার কৌতৃহলমাত্র।

শুধু 'ব্যক্তিত্ব'কে নিয়ে ওড়ার যা পরিণাম হয়েছে, তার কিঞ্চিত আভাস ওপরে দেওয়া হলো। 'কল্পনা' আর 'ব্যক্তিত্ব'-এর ওপরে একপেশে দৃষ্টি রেখে পশ্চিমে অনেক প্রসিদ্ধ 'বাদ'-এর ইমারত খাড়া হয়েছে। ইতালি-নিবাসী ক্রোচে তাঁর অভিব্যক্তিবাদ নিরুপণে রীতিমতো কঠোর আগ্রহের সঙ্গে শিল্পের অনুভূতিকে জ্ঞান বা বোধ-স্বরূপ দেখেছেন। তিনি তাকে স্বয়ংপ্রকাশ জ্ঞান (Intution) প্রত্যক্ষ জ্ঞান এবং বৃদ্ধি-কর্ম-সিদ্ধ বা বিচারপ্রসৃত জ্ঞান থেকে শুধু ভিন্ন, শুধু কল্পনায় আসা বস্তু-কর্ম-যোজনার জ্ঞান হিসেবে মেনেছেন। তিনি এই জ্ঞানকে প্রত্যক্ষ জ্ঞান এবং বিচারবৃদ্ধিপ্রসৃত জ্ঞান দুটো থেকেই সম্পূর্ণভাবে নিরপেক্ষ, স্বতন্ত্র আর স্বতঃপূর্ণ মেনে চলেছেন। তিনি এই নিরপেক্ষতাকে অনেক দৃর পর্যন্ত টেনে নিয়ে গেছেন। ভাব এমনকি মনোবিকারকে পর্যন্ত তিনি মোটেই কাব্যের ভাষার নিয়ন্তা বলে স্বীকার করেননি। কিন্তু না চাইলেও ব্যঞ্জনা বা ভাষার অনভিব্যক্তিপূর্ব রূপে ভাবের সন্তাকে তিনি স্বীকার করেছেন। তার থেকে তিনি নিজেকে মুক্ত করতে পারেননি।

কাব্য-সমীক্ষার ক্ষেত্রে ব্যক্তির এমন প্রাচীর দাঁড়িয়ে গেল, 'বিশেষ'-এর স্থানে সাধারণ বা বিচার-সিদ্ধ জ্ঞান এসে পড়ার এমন ভয় ঢুকল যে, কখনো কখনো আলাচনাও কাব্য-রচনার দেঙেই হতে লাগল। শিল্পকৃতি পরীক্ষার জন্য বিবেচনা-পদ্ধতি প্রায় ত্যাগই করা হতে লাগল। হিন্দি মাসিক পত্রিকায় আজকাল সমালোচনার নামে যে সব অদ্ভুত এবং মজার মজার শব্দ কখনো কখনো চোখে পড়ে, তা আসলে এই পাশ্চাতা প্রকৃতির অনুকরণ। কিন্তু এটা জেনে রাখতে হবে যে, ইউরোপে সাহিত্য সংক্রান্ত আন্দোলনের আয়ু খুবই কম হয়ে থাকে। আন্দোলন কখনোই দশ-বারো বছরের বেশি টিকে থাকেনা। এরকম আন্দোলনের জন্যই এই বিশ শতকে এসে কার্যক্ষেত্রে চ্ছান্তান্ত বিশৃদ্ধালা এবং অব্যবস্থা তৈরি হয়েছে। কাব্যের স্বাভাবিক আনন্দের জায়গায় নতুনত্বের জন্য কেবল আকুলতা থেকে গেছে। কবিতা হোক বা নাই হোক, কোনো নবীন রূপ বা রঙ ডঙ অবশ্য তৈরি হোক। কিন্তু আনকোরা নবীনতা শুধু মরে যাওয়া আন্দোলনের ইতিহাস রেখে যায়। কবিতাকে দাঁড় করাতে পারে না। যাদি পারে তো কেবল নতুনত্ব আর মৌলিকতার প্রবল পাগলামিতে পড়ে কি প্রকৃত কবিতার দিকে মনোযোগ দেওয়া সন্তব ? কিছু লোক তো নতুন নতুন ঢঙের উচ্ছুঙ্গলতা, বক্রতা, অসংবদ্ধতা, লাগামহীনতা ইত্যাদিই শুধু প্রদর্শন করে যাচ্ছে। প্রকৃত মার্গ ধরে বিচরণ করছেন এমন সত্যিকারের চিন্তাশীল কবি খুব কমই দেখা যাচ্ছে। সমালোচনাও অধিকাংশ হচ্ছে ফাঁপা।

ইউরোপে এই পঞ্চাশ বছরে যেসব বছরের মধ্যে 'রহস্যবাদ', শিল্পবাদ', ব্যক্তিবাদ', ইত্যাদি যে সমস্ত 'বাদ'-চলেছিল, এখন সেগুলোকে ওখানে মৃত-আন্দোলন বলে ধরা হয়। এই নানা 'বাদ'-এর মধ্যে মানুষ হাঁপিয়ে উঠে এখন আবার বাতাস মুক্ত চাইছে। কখনো কোনো কবিতার সম্বন্ধে কোনো 'বাদ'-এর নাম করা এখন ফ্যাশন বিরোধী বলে মনে করা হচ্ছে। এখন কোনো 'বাদী' হয়ে ওঠাকে কবি নিজের পক্ষে সম্মানজনক মনে করছেন না।

#### हीका :

- ১. অভিব্যক্তিবাদের প্রবর্তক ক্রোচে (Benedettto Croce) কলা এবং তর্ক বলতে কি বোঝা যাবে, তা তিনি আলাদা করে এই ভাবে বলেছেন:
  - (\*) Intutive Knowledge, Knowledge obtained through the imagination, knowledge of the individual or individual things.
  - (\*) Local Knowledge, Knowledge obtained through the intellect, knowledge of the universal Knowledge of the relations between individual thing.

'Aesthetic' by Bendetto Croce

২. সাহিত্য-শাস্ত্রে নৈয়ায়িকদের কথা হবহু গ্রহণ করলে, কাব্যের স্বরূপ নির্ণয়ে যে বাধা পড়বে, তার একটি দৃষ্টান্ত 'শক্তিগ্রহ'-এর প্রসঙ্গ। তাকে নিয়ে বলা হয়েছে যে, সংকেতগ্রহ 'ব্যক্তি'র হয় না, 'জাতি'র হয়। তর্ক-তে ভাষার সংকেত পক্ষ (Symbolicaspect) দিয়েই কাজ চলে যায়, যার মধ্যে যাতে অর্থগ্রহণটুকুই যথেষ্ট। কাজেই নাায়-তে তো জাতিকে সংকেতগ্রহ বলাটা যথার্থ। কিন্তু কাব্যে ভাষার প্রত্যক্ষীকরণ-পক্ষ (Presentative-aspect)-কে কাজে লাগানো হয়। যাতে শব্দ দ্বারা চিহ্নিত বস্তুকে প্রতিবিশ্ব করা হয়। অর্থাৎ তার মূর্তি কল্পনায় এসে দাঁড়ায়। কাব্য-মীমাংসার ক্ষেত্রে ন্যায়-এর এই হস্তক্ষেপ ডঃ সতীশচন্দ্রে বিদ্যাভূষণেরও অপছন্দ। তিনি বলেছেন—

'It is however, to be rigretted that during the last 500 years the Nyaya has been mixed up with Law, Rhetoric, etc, and thereby has hampered the growth of these branches of knowledge upon which it has grown up as a sort of parasite.'

Introduction- The Nyaya Suttras)

9. After Shelley's Music began to captive the world certain poets set work upon the theory that between themselves and the other portion of the human race there is a wide gulf fixed. Their theory was that they were to sing as far as possible, like birds of another world.... It might also be said that the poetic atmosphere become that of the supreme palace of wonder. Bedlam

Bailey, Dobell and Smith were not Bedlamites, but men of common sense. They only affected madness. The Country from which the followers of Shelley sing to our lower world was named 'No where' -'Poetry and the Renaissance of Wander' by Theodore Watts

- Dunton.
- 8. Matter is emotivity not aesthetically elaborated i.e., impression. Form is elaboration and expression... Sentiments of impressions pass by means of words from the obscure region of the soul into the clarity of the contemplative spirit. - Aesthetic
- a. Whenever attempts at sheer newness in poetry were made, they merely ended indeed movements...

Criticism became more dogmatic and unreal, poetry more eccentric and chastic.

— A Survey of Modernist Poetry by Loura Riding and Robert Graves (1927).

The modernist poet does not have to issue a programme declaring his intentions toward the reader or to call himself an individualist (as the imagist poet did) or a mystic (as the poet of the Anglo-Irish dead movement did) or a naturalist (as the poet of the Georgian dead movement did)

-'A Survey of Modernist Poet' by Laura Riding and Robert Graves (1927)

>>>

অনুবাদ: সৈকত রক্ষিত

#### সমালোচনার ভাষা

সঠিক লক্ষ্যে এগিয়ে যাওয়া আলোচনা বা সমীক্ষাগুলো দেখে মন যত আহ্লাদিত হয়। সমালোচনার নামে কবির রচনা নিয়ে অনবরত অসংবদ্ধ চিত্রময়ী কল্পনা এবং ভাবুকতার পরিপাট্য দেখে মন ততটাই গ্লানিতে ভরে ওঠে। এ ধরনের পরিপাট্য তাঁরা ইংরাজি অথবা বাংলা সমালোচনা ক্ষেত্র থেকে কিছু বিচিত্র, কিছু বিদগধ, কিছু অভিরঞ্জিত চালু শব্দ এবং বাক্য সংগ্রহ করে নিয়ে এসে উপস্থিত করেন। কখনো কখনো এও দেখা গেছে তাঁরা কোনো বিখ্যাত ইংরাজি কবি সম্পর্কে কৃত সমালোচনার বেশ খনিকটা হ্বহু তুলে নিয়ে কোনো হিন্দি কবির পেছনে জুড়ে দিয়েছেন। উপর থেকে দেখে মনে হয় সমালোচক যেন সিঁধ কেটে সমালোচিত কবির হৃদয়ের একেবারে গভীরে ঢুকে পড়েছেন। গুধু ঢুকেই পড়েননি, সেখানে গিয়ে তিনি কবির গুঢ় দিকগুলোকে অবলোকন করে ফেলেছেন। কিম্ব কার্যত কবিব উদ্ধৃত কবিতার সঙ্গে তা মিলিয়ে দেখলে দেখা যাবে কবির বিবক্ষিত ভাবের সঙ্গে তাঁর বাহ্য বিলাসের কার্যত কোনো সম্পর্কই নেই। কবিতার মূল ভাব বা আকার এক রকম আর সমালোচক মহো্দয় তাকে উদ্ধৃত করে তার উপর রাগালাপ করেছেন ভিন্ন বকম। একটু লক্ষ্য করলেই দেখা যাবে কবির মানসিক বিকাশের একটা আরোপিত ইতিহাস পর্যন্ত— কোনো বিদেশি কবিব মানসিক বিকাশের ইতিহাস কোথাও থেকে যোগাড় করে জুড়ে দেবেন কিম্ব তার থেকে এ তথ্যের প্রমাণ কোথাও এতটুকু মিলবে না যে আলোচ্য কবির অন্তত পঁচিশ-ত্রিশটি কবিতার তাৎপর্যও তিনি সঠিক ভাবে অনুধাবন করতে পেরেছেন। ইদানিং এধরনের সমীক্ষকদের বা আলোচকদের হাতে সবচেয়ে বেশি শিকার হচ্ছেন রোমাণ্টিক কবি বলে পরিচিত এমন কিছু কবি।

এই নতুন ধারার একজন কবি সম্প্রতি আমার সঙ্গে দেখা কবতে এসেছিলেন, যিনি এ ধরনের অনুকম্পা প্রদর্শক বা খ্যাতি প্রচারকদের থেকে রেহাই পেতে চাইছেন। ইদানিং আরও শোনা যাচ্ছে এই বিশেষ ধরনেব অত্যুৎসাহী দু'এক জন আলোক তুলসী এবং সুরদাসের চারদিকেও নাকি এমনতর চটকদার বাগ্জাল বিহাবার জন্য সচেষ্ট হচ্ছেন।

হিন্দি কাব্যে 'ছায়াবাদ' বা রোমাণ্টিসিজম শুরু হয়েছে আজ বেশ কিছু কাল হয়ে গেল। কিন্তু এ যাবৎ এমন কোনো সমালোচনা চোখে পড়েনি যাতে উক্ত ধারার রচনা প্রক্রিয়া (technique), প্রসারের ভিন্ন ভিন্ন ক্ষেত্র খুব ভেবেচিন্তে সামিবিষ্ট করা হয়েছে। আসল কথা এদিকে যখন অভিবাঞ্জনার বৈচিত্রা নিয়ে রোমাণ্টিসিজম শুরু হয়েছে ওদিকে তখন তার প্রায় সঙ্গে সঙ্গেই প্রভাববাদী সমীক্ষার ফ্যাশন পশ্চিম বাংলা হয়ে এদিকটাতে আছড়ে পড়েছে। এধরনের সমালোচনা বা সমীক্ষায় কবি কি বলতে চেয়েছেন, কবির বক্তবেক্স সঠিক ভাব বা আশয় কি তা বোঝারও প্রয়োজন নেই বোঝাবারও প্রয়োজন

নেই, প্রয়োজন শুধু তার কবিতার যার উপর যেমন প্রভাব পড়ল তাকে সেই মতো সুন্দর করে সাজিয়ে গুছিয়ে বেশ একটু অভিনবত্বের সঙ্গে বর্ণনা করা সে সব ক্ষেত্রে তাকে কারও জিজ্ঞাসা করার উপায় নেই যে কবির উদ্ধৃত কবিতার ভাব তো এমন নয়, সুতরাং তার প্রভাব বা বাঞ্জনা এমনতর হবে কেন? বস্তুত এ ধরনের কাব্য সমালোচনার রেওয়াজ, অধ্যয়ন, চিন্তন এবং যথার্থ সমীক্ষার পথই বন্ধ করে দিয়েছে।

আসলে প্রভাববদী সমীক্ষা কোনো সুনির্দিষ্ট লক্ষ্য বস্তুই নয়। না, জ্ঞানের ক্ষেত্রে তার কোনো মূল্য আছে না ভাবের ক্ষেত্রে। তাকে সমীক্ষা বা আলোচনা বলাই আমার মতে অর্থহীন। কোনো কবির কাব্যালোচনা লোকে এজনা পড়ে যাতে সেই সেই সমালোচনার ভাবভঙ্গি এবং সুন্দর সুন্দর পদ বিন্যাস দিয়ে নিজের মনোরঞ্জন নয়, সেই কবির মূল লক্ষ্যকে তার কবিতার ভাবকে যথাযথ হাদয়পূর্ণ করতে সুবিধা হয়। যদি কোনো রমণীয় অর্থ-গর্ভিত পদ্যের আলোচনা এমন ভাবে উপস্থাপিত করা হয় যে, একবার এই কবিতার স্রোতের টানে ভেসে যেতেই হয়। স্বয়ং কবিকেও বাধ্য হয়ে ভেসে যেতে হয়েছে। তিনি একাধিকবার ময়ুরের মতো নিজের সৌন্দর্যে নিজেই নৃত্য করে উঠেছেন।... তাহলে পাঠক তা নিয়ে কি করবে ?

সারা ইউরোপের কথা না হয় ছেড়েই দিলাম, ইংরাজির বর্তমান সমীক্ষা ক্ষেত্রেই কথা না হয় ছেড়েই দিলাম, ইংরাজির বর্তমান সমীক্ষা ক্ষেত্রেই প্রভাববাদী সমীক্ষার অসারতাকে প্রকট করে এমন বই ইদানিং আকছার পাওয়া যাচ্ছে। (দেখন, Psychological Approach to Literary Criticism, যাতে এটা ভাল ভাবে দেখানো হয়েছে যে. প্রভাববাদী সমীক্ষা আদতে কোনো সমীক্ষাই নয়।) এই ধরনের সমীক্ষা বা সমালোচনাতে প্রায়শ ভাষা বিচার-বিল্লেষণের বাধক হয়ে সামনে এসে উপস্থিত হয়। শব্দের কসরৎ তার আকর্ষণীয় পরিকল্পনা, উক্তির চমৎকারিত্ব ইত্যাদিতে লেখকের দৃষ্টি এমন ভাবে আবিষ্ট হয়ে থাকে যে, তার মধ্যে স্বচ্ছ বিচার ধারার জন্য একফোটা জায়গা মেলাও ভার হয়ে ওঠে। বিশুদ্ধ আলোচনার ক্ষেত্রে ভাষার কেরামতি কতদূর বাধক হতে পারে, কিছু বাধা-ধরা শব্দ ও বাকা কোমল করে বিচার ধারার পথকে অবরুদ্ধ করে রাখে, এমন কিছু কথা যার কোনো অস্তিত্বই নেই তা কেমন করে ভূতের মতো উঁকি দেয়— এসব দেখাতে গিয়ে এই বিংশ শতাব্দীর এক প্রসিদ্ধ সমালোচনা-তত্ত্বস্ত অত্যন্ত বিরক্তি প্রকাশ করে বলেছেন- 'A deligent search will still find many Mystic Beings.... sheltering in verbal thickets.... While current attitudes to language persist this difficulty of the linguistic phantom must still continue'— Principles of Literary Criticism by I.A. Richards.

আমাদের এদিকের কিছু পুরনো ব্যাখ্যাকর এবং টীকাকারের অর্থ-ক্রীড়াও এই রকম প্রসিদ্ধ হয়ে আছে। কোনো কবিতার ভিন্ন অর্থ করে বসা তো তাদের বাঁ-হাতের খেলা। তুলসী-দাসজীর চতুম্পদীর অর্থ বিশক্ষন বিশ রকম ভাবে করেছেন, তা সত্ত্বেও তাঁরা বহাল তবিয়তে আছেন। কিছুদিন আগেও আমাদের এক বন্ধু সমস্ত 'বিহারী সত সঙ্গ'-এর শাস্তরসাত্মক অর্থ করার হংকার ছেড়ে ছিলেন। ফার্সির হাফিজ ইত্যাদির মতো শায়েরদের (কবি) শৃঙ্গারী উক্তি সমূহের আধ্যাত্মিক অর্থ আজও প্রসিদ্ধ হয়ে আছে। যদিও আরবি-ফার্সির বেশ শীর্ষ স্থানীয় পণ্ডিত এই আধ্যাত্মিকতার ব্যাপারটাকে স্বীকার করেননা। আজকাল এই পুরনো প্রবৃত্তির নতুন সংস্করণও কোথাও কোথাও দেখা যাছেছ।

রবীন্দ্রবাবুও তাঁর নিজস্ব প্রতিভার জোরে কিছ সংস্কৃত কাব্যের সমীক্ষা করতে গিয়ে কোধাও কোধাও আধ্যাত্মিক অর্থের পরিকল্পনা করেছেন। 'প্রাচীন সাহিত্য' গ্রন্থে 'মেদদৃত' আদির ওপর যে সমস্ত প্রবন্ধ তাঁর আছে তাতে এই তথ্যের সমর্থন মেলে। কাশীর এক ব্যাখ্যান প্রসঙ্গে তিনি 'অভিজ্ঞান শকুন্তলা'-এর সমস্ত আখ্যান ভাগের আধ্যাত্মিক পক্ষ নিরূপিত করেছেন। এ প্রসঙ্গে আমাদের বক্তব্য এ ধরনের প্রতিভাপূর্ণ কৃতিরও নিজস্ব একটা মূল্য আছে। এগুলো কল্পনাত্মক সাহিত্যের অন্তর্গত অবশাই, কিন্তু তা বিশুদ্ধ সমালোচনার স্তরে আসে না।

ইউরোপবাসীরা আমাদের এই আধ্যাত্মিকতা ভীষণ পছন্দ করেন। ভারতীয়দের আধ্যাত্মিকতা রহস্যবাদীতার চর্চা পশ্চিমে বিস্তর হয়ে আসছে। এই চর্চার মূলে আছে অকর্মণাতা এবং বৃদ্ধি শৈথিলাের ওপর একটা পর্দা ফেলে দেয়। সূতরাং চর্চা বা প্রশংসাকারীদের মধ্যে এমন কিছু লােক তাে থাকেনই যাঁরা মনে প্রাণে চান এই পর্দা পড়েই থাকুক। দ্বিতীয় কথা হল এই সব শব্দগুলাে পূর্ব এবং পশ্চিমের জাতিসমূহের মধ্যে এমন একটা সীমা নির্দ্ধারিত করে দেয় যাতে পশ্চিমে আমাদের সম্পর্কে এক ধরনের কৌতৃহল বা আগ্রহ জাগ্রত থাকে এবং আমাদের প্রসন্ধ সেখানে খানিকটা নান্দনিক ভাবে রাখা যায়। তৃতীয় কথা, আধ্যাত্মিক সমৃদ্ধি হেতু কয়েক'শ বছর ধরে ইউরোপে যে ভীষণ সংঘর্ষ চলেছিল তাতে ক্লান্ত এবং শিথিল হয়ে বছ মানুষ জীবনের লক্ষ্যে কিঞ্চিৎ পরিবর্তনের অভিলাষী হয়ে ওঠে— শান্তি ও বিশ্রামের জন্য আতুর হয়ে ওঠে। সেই সঙ্গে ধর্ম ও বিজ্ঞানের বিবাদেরও নিষ্পত্তি হয়। স্বভাবতই ইউরোপে সম্প্রতি যে আধ্যাত্মিকতার চর্চা বৃদ্ধি পেয়েছে তা বিশেষত বিরূপ প্রতিক্রিয়া (Reaction) হিসাবে। স্বর্গীয় সাহিত্যাচার্য পণ্ডিত চন্দ্রধর্মী গুলেরী এই ধরনের আধ্যাত্মিকতার আলােচনা থেকে পারত পক্ষে বিরত থাকার চেষ্টা করতেন এবং এ ব্যাপারে খানিকটা ভীতিও ছিল।

অতি সম্প্রতি দৃ'একজন লেখকের মধ্যে অন্য আর একটি প্রবৃত্তি লক্ষ্য করা যাচ্ছে। এরা ইউরোপের কিছু শিল্প-সম্বন্ধীয় একদেশীয় এবং অত্যক্ত মতবাদকে সামনে এনে হিন্দিওয়ালাদের চোবে চমক তৈরি করতে চাইছেন। আর সেই চমকটা হল সেই রকমের যেমন করে কিছু মানুষ, ওখানকার ফ্যাশনের ঠমক-ঠামক দেখিয়ে জার্মান ফ্রান্স ইটালি রুশ এবং সুইডিশ ইত্যাদি অনেক দেশের নবীন প্রবীন কবি-লেখক ও সমীক্ষকদের নাম অন্তর্ভুক্ত করে এক ধরনের আতঙ্ক তৈরি করতে চাইছেন। তারা শিক্ষা বিষয়ক বিলিতি পুস্তকের প্রসঙ্গ তুলে এবং কোথাও মেটার লিঙ্ক, কোথাও গোটে, কোথাও টলস্টয়ের উদ্ধৃতি দিয়ে নিজেদের নিবন্ধাদির ভড়ং বৃদ্ধি করতে সচেষ্ট হচ্ছেন। সেই সব লেখার আদ্যান্ত পড়ে দেখুন, লেখকদের নিজস্ব কোনো চিস্তা ভাবনা বা সিদ্ধান্তের টিকিটিও সেখানে দেখা যাবে না। উদ্ধৃত মন্তব্যের ব্যাপ্তি কতখানি, ভারতীয় মতবাদের সঙ্গে তার সামঞ্জুস্য কোথায় অথবা বিরোধ কোথায়--- এসব বিষয়ের উপর আলোকপাত প্রায়শ অম্পষ্টই থেকে যায়। সাহিত্যিক বিচারের সঙ্গে সম্পর্কযুক্ত যে সমস্ত ভাব ও ভাবনার দ্যোতনার জন্য আমাদের এখানকার সাহিত্য গ্রন্থে বরাবর যে শব্দগুলো প্রচলিত হয়ে আসছে, তার জায়গাতেও বিকট এবং আরোপ করা শব্দ দেখে দেখকদের অনভিজ্ঞতার দিকে আমাদের দৃষ্টি না গিয়ে সমালোচনার ক্ষেত্রে এরকম বিচার রহিত প্রবন্ধাদি দিয়ে বিশেষ ল্লাভ হয় না। বরং বলা যেতে পারে সাহিত্যে তার বিশেষ কোনো উপযোগিতাই নাই।

পশ্চিমের কাব্য-কলা সম্বন্ধীয় প্রচলিত বাদগুলিতে সাধারণত একাঙ্গ দৃষ্টির জোয়ারই বিলক্ষণ দৃষ্ট হয়ে থাকে। সেখানকার কিছু লেখক কোনো কাব্যের কোনো একটা দিককে তার পূর্ণ স্থরূপ জ্ঞান করে এত দৃর টেনে নিয়ে যান যে তাদের কথনে অস্কুত সুক্তির মতো চমৎকারিত্ব এসে যায় এবং খুব স্বাভাবিক কারণে বহু মানুষ তাকে সিদ্ধান্ত বা সার মনে করে অজান্তেই গ্রহণ করে ফেলে। এখানে আমাদের কাজ কাব্যের স্বরূপের উপর আলোচনা করা বা প্রবন্ধ লেখা নয়, আমাদের লক্ষ্য শুধুমাত্র প্রচলিত প্রবৃত্তিগুলো এবং তাদের উদ্গম তথা কারণগুলোর দিগ্দর্শন করানো। সূত্রাং এখানে কাব্য বা কলা সম্বন্ধে সেইসব প্রবাদের সংক্ষেপে উল্লেখ করে আমি এই প্রসঙ্গের ইতি টানব যেগুলোর একসময়ে ইউরোপে সবচেয়ে বেশি ফ্যাশন ছিল। এটার এখানে এজন্য প্রয়োজন আছে বলে আমি মনে করছি যে, যে একদিক ইউরোপে যেমন ব্যাপক ও সৃক্ষ্ম দৃষ্টিসম্পন্ম সমর্থকদের দ্বারা এই সব প্রবাদ সমূহের নিরাকরণ হচ্ছে অন্যদিকে আমাদের হিন্দি সাহিত্যে সেগুলোর কুৎসিত ভাবে নকল শুরু হয়েছে।

ইউরোপে যে প্রবাদটার ফ্যাশন সবচেয়ে বেশি তা হল— 'কাব্যের উদ্দোশ্য কাবাই'। বা 'কলার উদ্দোশ্য কলাই'। এই প্রবাদের জন্য জীবন ও জগতের বহু কথা যেগুলোকে কোনো কাব্যের মূল্য নিরূপণে অনেক দিন থেকেই অপরিহার্য বলে মনে করা হচ্ছিল সেগুলোকে এই বলে এড়িয়ে যাওয়া হতে লাগল যে ওগুলো তো আলাদা বস্তু, বিশুদ্ধ কলা ক্ষেত্রের সঙ্গে তার কোনো সম্পর্কই নেই। পাশ্চাত্য দেশগুলোতে এই প্রবাদের পরিকল্পনার সহায়ক হিসাবে বেশ কয়েকটি বিষয় উপস্থিত হয়েছিল। তার মধ্যে কিছু কিছু জার্মান সৌন্দর্য শাস্ত্রীদের উদ্ভাবনা সহায়ক হয়ে উঠেছিল যে সৌন্দর্য সম্পর্কিত অনুভব (Aesthetic Experience) একটা ভিন্ন প্রকারের অনুভব যার সঙ্গে জীবনানুভবের কোনো সম্পর্কই নেই। এর থেকে বহু সাহিতাবিদ এমন মনে করতে শুরু করলেন যে, শিল্পের বা কলার মূল্য নির্দ্ধারণও তার মূল্যাকে অন্য সব মূল্য থেকে একেবারে বিচ্ছিন্ন করেই হওয়া উচিং। স্বৃষ্টীয় উনবিংশ শতাব্দীর মধ্য ভাগে হুইসলর (Whistler) এই মত প্রবর্তন করেন যার প্রচলন আজও কোনো না কোনো ভাবে রয়ে গেছে। ইংরাজিতে এই মতের সবচেয়ে প্রভাবশালী ব্যাখ্যাকারদের মধ্যে ড. ব্রাডলে (Dr. Bradly) উল্লেখযোগ্য।

এই বিষয়ে উনি বলেছেন, এই (কাব্য-সৌন্দর্য সম্বন্ধীয়) অনুভব তার লক্ষ্য যে নিজেই, এর একটা স্বতন্ত্র মূল্য আছে। নিজের বিশুদ্ধ ক্ষেত্রের বাইরেও এর অন্য প্রকারের মূল্য থাকতে পারে। কোনো কবিতা থেকে যদি ধর্ম এবং শিষ্টাচারের ভাব প্রাপ্ত হয়, কোনো শিক্ষণীয় ব্যাপারও যদি তার থেকে পাওয়া যায়, প্রবল মনোবিকারের কিঞ্চিৎ অবরোধও এতে সম্ভব হয়, লোকোপযোগী বিধানে সামানা কিছু সাহাযাও হয় অথবা কবির কীর্তি বা অর্থলাভের আশাও থাকে তো তাহলে ভাল কথা। এসব কারণেও তার কদর হতে পারে। কিন্তু এই সব বাহ্যিক ব্যাপারের মূল্য ধরে সেই কবিতার উৎকর্ষতার সঠিক পরীক্ষা হওয়া সম্ভব নয়। কারণ তার উৎকর্ষতা তো একটা তৃপ্তিদায়ক ও কল্পনাত্মক অনুভব-বিশেষের সঙ্গে সম্পর্কযুক্ত। সূতরাং তার পরীক্ষা হলে ভেতর থেকেই হতে পারে। কোনো কবিতা লেখার সময় বা সমালোচনা লেখার সময় যদি সেই বাহ্যিক মূল্যের দিকেও তার দৃষ্টি নিবদ্ধ থাকে তাহলে বহুলাংশে তার মূল্য হ্রাস পেয়ে যাবে বা আড়াল হয়ে যাবে। আসল কথা আমি যেটা বলতে চাইছি, কবিতাকে যদি তার বিশুদ্ধ ক্ষেত্র থেকে

বাইরে বের করে নিয়ে আসি তাহলে তার স্বরূপ অনেকাংশে বিকৃত হয়ে যাবে, কারণ তার প্রকৃতি বা সত্তা প্রত্যক্ষ জগতের কোনো অঙ্গও নয়, অনুকৃতিও নয়। তার জগণটাই একেবারে ভিন্নতর— একান্ত স্বতঃপূর্ণ এবং স্বতন্ত্র।

কাব্য এবং কলা বিষয়ে এখনও পর্যন্ত প্রচলিত এ ধরনের নানা অর্থবাদের পূর্ণ নিরাকরণ রিচার্ডস (I.A. Richards) তাঁর 'সাহিত্য সমীক্ষা সিদ্ধান্ত' গ্রন্থে ভারি সৃক্ষ্ম এবং গভীর মনোবৈজ্ঞানিক পদ্ধতিতে করেছেন। উপযুক্ত কথনে চারটি মুখ্য বিষয়ের আলাদা আলাদা পরীক্ষা করে তিনি সেগুলোর অপূর্ণতা অযৌক্তিকতা এবং অর্থহীনতা প্রতিপাদিত করেছেন। এখানে তার দিগ্দর্শনের কোনো স্থান নেই। প্রচলিত সিদ্ধান্তের যে প্রধান দিক অর্থাৎ কবিতার জগৎটাই একটা আলাদা জ্ঞগৎ, তার প্রকৃতি বা সত্তা যেমন প্রত্যক্ষ জগতের কোনো অঙ্গ নয়, তেমনি অনুকৃতিও নয়'— তার উপর রিচার্ডসের বক্তব্যের সারাংশ নিচে দেওয়া হল—

এই সিদ্ধান্ত কবিতাকে জীবন থেকে বিচ্ছিন্ন করার ভাবনাকে প্রশ্রয় দেয়। তার ও ব্রাডলে নিজেও এটুকু স্বীকার করেন যে, জীবনের সঙ্গে তার যোগ ভেতরে ভেতরে অবশ্যই আছে। আমাদের বক্তব্য এই আভ্যন্তরীণ যোগই হল আসল বস্তু। যা কিছু ক্যাব্যানুভব আমাদের হয় তা জীবন নিঃসৃত হয়েই আসে। কাব্য-জগতের অবশেষ জগৎ থেকে ভিন্ন কোনো সত্তা নয়, আর তার কোনো অলৌকিক বিশেষ নিয়মও নেই। তাই পরিকাঠামো ঠিক তেমনই অভিজ্ঞতা থেকে উঠে আসে যেমন করে অন্য সব অভিজ্ঞতা হয়ে থাকে। প্রত্যেক কাব্য একটি পরিমিত অনুভব খণ্ড মাত্র, যা বিরুদ্ধ উপাদান সমূহের সংসর্গে কখনও দ্রুত কখনও বিলম্বে ছিন্ন-ভিন্ন হয়ে যায়। সাধারণ অভিজ্ঞতার সঙ্গে তার এখানেই পার্থকা, এখানেই তার বৈশিষ্ট; তার অভিযোজনা হয় ভীষণ গৃঢ় এবং কোমল। সামান্য একটু আঘাতে তা ভেঙে চুরমার হয়ে যেতে পারে। তার একটা বড় বৈশিষ্ট হল তাকে এক হৃদয় থেকে অন্য হৃদয়ে পৌঁছে দেওয়া যায়। এবং বহু হৃদয় তার অনুভবকে খুবই সামান্য রদ-বদল করে গ্রহণ করতে পারে। কাব্যানুভবের সঙ্গে সামঞ্জস্য আছে এমন আরও কিছু অভিজ্ঞতা থাকে, কিম্ব সেই অভিজ্ঞতার সবচেয়ে বড় বৈশিষ্ট্য হল এই সর্বগ্রাহ্যতা (Communicability)। সে কারণেই তার প্রতীতি কালে তাকে আমাদের ব্যক্তিগত বিশেষ বিষয়গুলোর স্পর্শ থেকে বাঁচিয়ে রাখতে হয়। এটা সকলের অনুভবের জন্য, কোনো একজন ব্যক্তি-বিশেষের জন্য নয়। সে কারণেই কোনো কাব্য বা কবিতা লেখা বা পড়ার সময় আমাদের নিজেদের অনুভবের ভেতর সেই কাব্য এবং সেই কাব্যের ইতর বস্তু-সমূহের মধ্যে খানিকটা শৈথিল্য আসার দরকার হয়। কিন্তু এই শৈথিল্যদৃটি সর্বদা ভিন্ন বা অসমান বস্তুর মধ্যে কখনও হয় না, বরং একই শ্রেণীর বৃত্তির ভিন্নভিন্ন বিধানের মধ্যে হয়ে থাকে।

এতা হল রিচার্ডসের মীমাংসা। এখন আমাদের এখানকার সম্পূর্ণ কাব্য ক্ষেত্রের অন্তঃপ্রকৃতিটাকে পরীক্ষা করে দেখুন তার ভেতর জীবনের অনেক দিক এবং জগতের নানা রূপের সঙ্গে মানব-হৃদয়ের গৃঢ় সামঞ্জস্য নিহিত দৃষ্ট হবে। সাহিত্যিকের মতামত নিত দেখবেন যেমন সম্পূর্ণ জীবন অর্থ, ধর্ম, কাম, মোক্ষের সাধন রূপে আছে, তেমনিই তার একটা অঙ্গ কাব্যও। অর্থ-র স্থুল এবং সন্ধুচিত অর্থ দ্রব্যপ্রাপ্তিই শুধু করা উচিত নয়, ত্রার ব্যাপক অর্থ করা উচিত ব্যক্তির সুখ সমৃদ্ধি। জীবনমুখী সহায়কের চেয়ে কাব্যানুভবের বৈশিষ্ট্য হল, তা এমন এক রমণীয় রূপে হয় যাতে ব্যক্তিত্বের লয় হয়ে

যায়। বাহ্য জীবন এবং অন্তজীবনের কত উচ্চাসনে এই রমণীয়তার উদ্যাটন হয়েছে কোনো কাব্যের উচ্চতা এবং উত্তমতার নির্ণয়ে তার বিচার নিশ্চয় হয়ে এসেছে এবং পরেও হবে। আমাদের এখানকার সংস্কৃত লক্ষণ গ্রন্থে রসানুভবকে যে লোকোত্তর এবং 'ব্রহ্মানন্দ-সহোদর' ইত্যাদি বলা হয়েছে, তা জাগতিক রূপেই, কোনো অলৌকিক সিদ্ধান্ত রূপে নয়। তার তাৎপর্য শুধু এটুকুই যে রসের মধ্যে ব্যক্তিত্ব লয় হয়ে যায়।

ইউরোপে সমালোচনা শাস্ত্রের ক্রমাগত বিকাশ হয়েছে শুধু ফ্রান্সেই। সূতরাং ফ্রান্সের প্রভাব ইউরোপীয় দেশ সমূহে যথেপ্টই রয়েছে। বিবরণাত্মক সমালোচনার অন্তর্গত ঐতিহাসিক মনোবৈজ্ঞানিক আলোচনার উল্লেখ ইতিমধ্যে হয়েছে। পরবর্তী সময়ে প্রভাববাদীদের (impressionists) যে দল সামনে এসেছে তারা বলতে শুরু করেছে কোন কবির প্রকৃতি, স্বভাব, সামাজিক পরিস্থিতি ইত্যাদির সঙ্গে আমাদের কি দরকার? আমাদের উচিৎ কোন কাব্য পাঠের পর যে আনন্দপূর্ণ প্রভাব আমাদের চিত্তের উপর পড়ে তাকেই শুধু প্রকট করা এবং তাকেই মনে করা উচিত সমালোচনা। প্রভাববিদিরে যুক্তি হল, কোনো কাব্য পড়ে আমাদের চিত্তে যে আনন্দ উৎপন্ন হল, সেটাই হল আলোচনা। এর চেয়ে বেশি আলোচনার দরকার আছে কি? আমাদের মনে যে প্রভাব পড়ে তার যথাযথ বর্ণনা যদি আমরা করতে পারি সেটাই হয়ে যাবে সমালোচনা। বলা বাহুলা এই মতানুসার, সমালোচনা একটা ব্যক্তিগত বিষয়। তার উচিত্য-অনৌচিত্যের ওপরে কারও কোনো বিচার বিবেচনা করা প্রয়োজন নেই। যার উপর যেমন প্রভাব পড়বে সে তেমনই। ভিন্ন ভাবে বলা যেতে পারে যার উপর যেমন প্রভাব পড়ল বিষয়টা যেন তেমনই।

উক্ত প্রভাববাদীদের কথা যদি ধরা হয় তাহলে সমালোচনা আর কোনো ব্যবস্থিত শাস্ত্রী হয়ে থাকবে না, সেটা হয়ে যাবে একটা কলা, একটা কাব্য থেকে বেরিয়ে আসা ভিন্ন একটা কাব্য।

কাব্যের স্বরূপ মীমাংসার ব্যাপারে ইউরোপে ইদানিং সবচেয়ে বড় জোর হল অভিব্যঞ্জনাবাদ (Expressionism) -এর, যার প্রবর্তক হলেন ইটালির ক্রোচে (Benedetto Croce)। এতে অভিব্যজ্ঞনা অর্থাৎ কোনো কথা বলায় ঢঙ বা রীতিটাই হল সব কিছু বিষয় যাইহোক বা যেমনই হোক অথবা যদি তা তেমন সুনিৰ্দিষ্ট কিছু নাও হয় তাও. কাব্যে যে বস্তুটার বা যে ভাবটার বর্ণন হয় তা বাদ অনুসারে উপাদানমাত্র, সমীক্ষাতে তার কোনো বিচারই উপেক্ষিত নয়। কাব্যে মুখা বস্তু হল সেই আকার বা ছাঁচ যাতে সেই বস্তু বা ভাবকে ঢালা হয়। যেমন কুম্বলের সুন্দরতার চর্চা তার আকার এবং সৌন্দর্য নিয়ে হয়. তাতে ব্যবহৃত সোনা নিয়ে নয়। ঠিক তেমনই কাব্য সম্পর্কেও মনে করা উচিত। তাৎপর্যটা দাঁড়াল, অভিব্যঞ্জনার ঢণ্ডের অভিনবত্বই সব কিছু যে বস্তু বা ভাবের অভিব্যঞ্জনা ব্যক্ত করা হয় তা কি ও কেমন যে সব কাব্য ক্ষেত্রের বাইরের ব্যাপার। ক্রোচের বক্তব্য এধরনের অভিনব উক্তির একটা স্বতন্ত্র সত্তা হয়, তাকে কোনো ভিন্ন কথনের পর্যায় বলে মনে করা উচিত নয়। যেমন কোনো কবি যদি বলেন, 'নিদ্রিত আশা কচলায় চোৰ' (সোই হুই আশা আঁখ মালনে লগী), তাহলে এমন মনে করা উচিত নয় যে তিনি এই উক্তি করেছেন, আবার জাগে আশা কিছু কিছু, এই রকম একটা কথার পরিবর্তে (বান্মীকি যে বলেছেন, ন স সদ্ধুচিতঃ পদ্মাঃ যেন বালী হতো গতঃ — তা একথার জায়গায় নিশ্চয় নয় যে 'তুমিও বালীর মতো মারা পড়তে পারো।' উপরিউক্ত বক্তব্য তথ্য শুধু এইটুকুই যে উক্তিই কবিতা, তার ভেতরে যা শুকায়িত

অর্থ থাকে তা স্বতঃ কবিতা নয়। তবে বক্তব্যটাকে এতটাও টেনে নিয়ে যাওয়া ঠিক নয় যে ঐ উক্তির সার্থকতার অনুভব তার গভীরে লুকিয়ে থাকা বস্তু বা ভাবের উপর দৃষ্টি নিবদ্ধ না রেখেই হতে পারে। কথা হল অভিব্যঞ্জনাবাদ ও কলাবাদের মতো কাব্যের লক্ষ্য সৃচিশিল্পের নকশাদার সৌন্দর্য মনে করে চলেছে, যার মার্মিকতা বা ভাবুকতার সঙ্গে কোনো সম্পর্ক নেই। আর বলা ছেড়ে যদি আমরা কাব্যকেই ধরি তাহলে এই অভিব্যঞ্জনাবাদকে বাগ্রৈচিক্রাবাদ বলতে হয় এবং একে আমাদের এখানকার বক্তোক্তিবাদের বিলিতি প্রকাশও মনে করা যেতে পারে।

সুতরাং এই দুই বাদ-এর দৃষ্টিতে বলা হতে থাকল যে, সমালোচনার ক্ষেত্র থেকে লক্ষণ নিয়ম রীতি কাব্য ভেদ গুণ দোষ ছন্দ ব্যবস্থা ইত্যাদির বিচার এখন উঠে গেছে। কিন্তু এই মতের ব্যাপ্তি কতদূর সেটাই বিচার্য। সাহিত্যের গ্রন্থে যে লক্ষণ ও নিয়মাদি নির্দিষ্ট করা হয়েছিল তা বিচার ব্যবস্থার জন্য কাব্য সম্বন্ধীয় চর্চার সুবিধাদির জন্য। কিন্তু এই লক্ষণ ও নিয়মগুলোর উপযোগ গভীর কঠোর বন্ধনের মতো হতে লাগল। এবং সেই গুলোকেই অধিকাংশ লোকে সব কিছু বলে ধরে নিতে লাগল। পাশাপাশি আমরা একথাও জানি যে যখন কোনো বিষয় তার নির্দিষ্ট সীমা থেকে বেড়িয়ে যেতে শুরু করে তখনই সময় আসে প্রতিবর্তনের (Reaction)। ইউরোপে অনেক রকমের বাদ, এর উৎপত্তি এই প্রতিবর্তনের রূপেই হয়ে থাকে। সূতরাং স্বাভাবিক কারণেই আমাদেরকে সমতা বৃদ্ধি বা সামঞ্জস্যের কথা মাথায় রেখে স্বতন্ত্র পথ বের করে নিতে হবে। এমব্রয়ডারি বা সূচীশিল্পের কারুকার্যের লক্ষ্যের মতো কাব্যেরও লক্ষ্য সৌন্দর্য বিধান এটা ক্রমাগত বলতে বলতে কাব্য রচনার উপর যে প্রভাব পড়েছে তা ইতিমধ্যে উল্লিখিত হয়েছে, এবং একথাও বলা হয়েছে যে এগুলো কাব্যের সঙ্গে কলা, শব্দ যুক্ত হওয়ার করণে হয়েছে। আমাদের এখানে কাব্যের গণনা চৌষট্টি কলার মধ্যে করা হয়নি। প্রসঙ্গত এখানে আর একটি বিষয়ের উল্লেখও করা প্রয়োজন মনে করছি, যে সৌন্দর্যের ভাবনার রূপদানে মনোবিজ্ঞানের ক্ষেত্র থেকে আসা সেই সিদ্ধান্তেরও প্রভাব পড়েছে এখানে, যার দ্বারা মনের গভীরে নিহিত অতৃপ্ত কাম-বাসনাই কলা নির্মাণের প্রেরক অনুবৃত্তি হয়েছে। ইউরোপে চিত্রকলা, ভাস্কর্য, কারুকার্য, এমব্রয়াডারি ইত্যাদির মতো কবিতাও ললিতকলার মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। ফলত ধীরে ধীরে তার লক্ষ্যকেও মনে করে নেওয়া হয়েছে সৌন্দর্য বিধান। যেহেতু এই সৌন্দর্য ভাবনা কাম বা সার দ্বারা প্ররিত বলে ধরে নেওয়া হয়েছে সেহেতু পুরুষ কবিদের জন্য স্বাভাবিকই মনে হয়েছে যে, সমস্ত সৌন্দর্য ভাবনা স্ত্রী-ময় অর্থাৎ প্রকৃতির অপার ক্ষেত্রে যা কিছু সুন্দর দৃষ্ট হচ্ছে তার ভাবনা স্ত্রীর রূপ সৌন্দর্যের ভিন্ন ভিন্ন অঙ্গ নিয়ে করা যেতে পারে। অরুণোদয়ের দীপ্ত অনুভব কামিনীর কপোলপরি धानिज नड्यात नानिमा निरम कता शर्त, भूगिमा ताजित সুষमात जन्डन সুन्नती तमनीत উজ্জ্বল বস্ত্র বা শুভ্রহাস দিয়ে করতে হবে, আকাশে ব্যাপ্ত কাদম্বিনী তখনও পর্যন্ত সুন্দর বলে প্রতীয়মান হবে না যতক্ষণ না তার উপর স্ত্রীর মুক্ত কুন্তলের বর্ণনা আরোপিত **२(७६। आक्कान एका परिमा क**रितेष अकार नारे। कार्पत थरात शूरूष करिएत मीन অনুকরণ না করে নিজেদের রচনাতে ক্ষিতিজের উপর উথিত মেঘমালাকে বোধ হয় দাড়ি, মোছ রূপে দেখা উচিত।

ক্সাব্যরচনা এবং কাব্যচর্চা দুটোর মধ্যে ইদানিং 'স্বন্ধ' ও 'মদ' এর মুখ্য স্থান থাকতে দেখা যাচ্ছে শব্দ দুটি কাব্যের মধ্যে আসতে শুরু করেছে প্রাচীন কালে ধর্ম সম্প্রদায়গুলো থেকে। মানুষের ধারণা ছিল সম্ভ বা সিদ্ধ পুরুষেরা অনেক কথার আভাস পান তাদের স্বশ্নে অথবা তাঁদের তন্ময় অবস্থার। কবিদের আপন ভাবের মধ্যে ময় থাকতে দেখে লোকে তাদেরও এই প্রত্যক্ষ জগৎ ও জীবন থেকে আলাদা বলে কল্পনা করে তাদের স্বপ্ন লোক বিচরণশীল জীব বলে মনে করেছে এবং তা তারা ব্যক্ত করেছে বেশ প্রদ্ধা ও ভালবাসার সঙ্গে এই ব্যাপারটা কবিদের প্রশংসা প্রসঙ্গে জাগতিক অর্থে ব্যবহৃত হয়ে এসেছে। কিন্তু সৃষ্টীয় বিংশ শতাব্দীতে এসে ফ্রম্মেড দ্বারা তা এক মনোবৈজ্ঞানিক তথ্য রূপে প্রদর্শিত হল। তিনি বললেন, স্বপ্ন যেমন মনের গভীরে নিহিত অতৃপ্র বাসনা সমূহের পরিতৃপ্তির এক অন্তর্বিধান, শিল্প কলার নির্মাণকারী কল্পনাও ঠিক তেমনি। এতে কবি কল্পনা এবং স্বপ্নের অভেদ ভাব আরও দৃঢ় হয়ে গেল। কিন্তু বন্তুত পক্ষে কল্পনায় দেখা বস্তু সমূহের অনুভৃতি এবং স্বপ্নে দেখা বস্তুর অনুভৃতির মধ্যে স্বন্ধপগত বিস্তর ফারাক আছে। তাই কাব্য রচনা বা কাব্য চর্চাতে স্বপ্নের স্বুব বেশি বাহল্য বাঞ্ছিত নয়। এমনিই কোথাও কোথাও সামঞ্জস্য রাখতে এ শব্দ যদি চলে আসে তো তাতে কোনো অসুবিধা নাই।

এবার 'মদ' ও 'মাদকতা' প্রসঙ্গে আসা যাক। কাব্য ক্ষেত্রে এর চলন ফারসিতে অনেক আগে থেকেই অনুমোদিত হয়ে এসেছে। যদিও সেখানকার ইসলাম-পূর্ব সমস্ত সাহিত্য নষ্ট করে দেওয়া হয়েছিল তার একটা চিট-কাগজও কোথাও পাওয়া যায় না, কিন্তু শায়রীতে (উর্দ ভাষায় লেখা ছন্দবদ্ধ কবিতা) 'মদ' এবং 'পেয়ালা' যথারীতি রেওয়াজ হয়ে থেকে গছে এবং সুফী শায়ররা একে আরও ব্যাপকতা দান করেছে। সুফী শায়র বা কবিদের জগৎ-সংসার থেকে স্বতম্ব প্রমদে মাতোয়ারা এক স্বাধীন জীব বলে মনেকরা হত। ধীরে ধীরে কবিদের সম্বন্ধেও এই উন্মন্ততা এবং পরোয়াহীনতা'র ভাবনা সেখানে শিকড় বিস্তার করতে থাকে এবং সেখান থেকে আমাদের এই হিন্দুস্তানে এসে পড়ে।

ইউরোপ গোটে এবং ওয়ার্ডসওয়ার্থের সময় পর্যন্ত 'মাতোয়ারাপনা' ও 'পরোয়াহীনতা'র এই ভাবনার কবি ও কাব্যের সঙ্গে তেমন কোনো নিত্য সম্পর্ক আছে বলে মনে করা হত না। জার্মান কবি গোটে ছিলেন খুবই ব্যবহার কুশল-রাজনীতিজ্ঞ। ঠিক তেমনি ওয়ার্ডসওয়ার্থকেও লোকাচার থেকে বিচ্যুত এক ব্যত্তিক্রমী মানুষ বলে মনে করা হত না। পরে এক বিশেষ ধরনের বেপরোয়া ভাব এবং আবেশময়তা কবি বায়রন ও শেলীর মধ্যে লক্ষ্য করা গেল, যার চর্চা শুধু মাত্র ইউরোপের মধ্যে সীমাবদ্ধ না থেকে ইংরেজি সাহিত্যের সঙ্গে সঙ্গে হিন্দুস্থান পর্যন্ত এসে পৌঁছাল। ফলে আবেশময়তা এবং পরোয়াহীনতার যে ভাবনা ইতিমধ্যেই ফারসি সাহিত্যের প্রভাবে নাড়া বাঁধতে শুরু করেছিল তা এতে আরও মজবুত হয়ে গেল।

ভারতে এই আবেশময়তা ও পরোয়াহীনতার ভাবনা 'অধারপস্থ' ইত্যাদির মতো কিছু সম্প্রদায়ের মধ্যে এবং সিদ্ধাকান্ধী কিছু সাধুদের মধ্যেই প্রচলিত হয়ে আসছিল। কবিদের প্রসঙ্গে এর কোনো আলোচনা হত না। এখানে তো বরং কবিদের ক্ষেত্রে লোকাচার বা লোক ব্যবহারে কুশল হওয়াটা বেলি জরুরি বলে মনে করা হত। রাজশেশর কাব্য মীমাংসাতে কবির যে লক্ষণের কথা লিপিবদ্ধ করেছেন তার থেকে এই তথ্যের সমর্থন মেলে এটা হয়ত সত্যি বে, রাজশেশর প্রধানত রাজসভাতে বসত এমন দরবারী কবিদেরই স্বরূপ বর্ণনা করেছেন। আর সে স্বরূপ এক বিলাস-দরবারীর, মুক্ত হৃদয় স্বচ্ছন্দ কবির কদাপি নয়। কিস্কু বাশ্মীকি থেকে শুরু করে ভবভূতি ও পশ্তিতরাজ পর্যন্ত এবং মধ্যযুগীয়

চন্দর চরদাঈ থেকে শৃঙ্গারিক কবি ঠাকুর ও পদমাকং পর্যন্ত কেউই মদে মাতোয়ালা ও লোক-ব্যবহারে অনভিজ্ঞ বা বেপরোয়া ফক্কড় বলে চিহ্নিত হননি।

প্রভাবশালী কবিদের প্রবৃত্তি অর্থ চিস্তায় রত সাধারণ মানুষ থৈকে ভিন্ন ও মনাস্বিতার জন্য হয় এবং লোকেদের দেখতে কখনও কখনও খানিকটা খেয়ালি বলে মনে হয়। যেমন অন্যান্য মানুষ অর্থের চিন্তায় লীন হয়। ঠিক তেমনিই এঁদের নিজের কোনো উদ্ভাবিত প্রসঙ্গে লীন হয়ে থাকতে দেখা যায়। ভালোবাসা এবং শ্রদ্ধাবশত লোকে এই প্রবৃত্তিগুলোকে অতিশয়োক্তির মাধ্যমে ব্যক্ত করতে গিয়ে তাদের উদ্দেশা 'নেশা বিভার' 'স্বপ্নে লীন' 'আলাদা জগতে বিচরণশীল' ইত্যাদি শব্দের প্রয়োগ করে। কিন্তু তার পরিণাম কখনই এমন হওয়া উচিত নয় যে, কবিরা তাঁদের স্তুতির এই অতিশয়োক্তির যথাযথ বা আক্ষরিক ব্যবহার করতে শুরু করবেন।

লোকে বলে সমালোচকরা তাঁদের কথা তাদের মতো করে বলতেই থাকেন, কিম্ব কবিরা তাঁদের মন ও মেজাজ মতোই লিখে যান। বস্তুত: তা কিস্তু নয়। কবিদের উপর সাহিত্য সমালোচক বা সমীক্ষকদের অনেকখানি প্রভাব পড়ে। অনেক অনেক কবি, বিশেষ করে উঠতি কবিরা তাদের আদর্শে নিজেদের চালিত করতে যতুবান হন। উপরোক্ত 'বাদ'-এর অনুকৃল ইদানিং ইউরোপে অনেক কাব্য রচিত হয়েছে বাংলাতে। আজকাল যে সমস্ত হিন্দি কবিতা ছায়াবাদ বা রোমান্টিক বলে অভিহিত হচ্ছে তাতে এই সব বাদা এর মিলিত মিশ্রিত আভাস পাওয়া যাবে। এর তাৎপর্য তাই বলে এই নয় যে সেসব হিন্দে কবিরা তাঁদের সিদ্ধান্তগুলোকে সামলে রেখে কাব্য রচনা করেছেন। তাঁদের আদর্শের অনুকৃল কিছু কবিতা যেমন ইউরোপে লেখা হয়েছে।

এ প্রসঙ্গে এতখানি লেখার প্রয়োজন হল একটাই কাবণে যে, ইউরোপের সাহিত্য ক্ষেত্রে ফ্যাশন রূপে প্রচলিত কথাগুলোকে কোথাও গভীরভাবে, কোথাও হালকাভাবে সামনে এসে কৌতৃহল উৎপন্ন করার চেষ্টা করা, নিজের মস্তিক শূন্যতার সঙ্গে সঙ্গে সমস্ত হিন্দি পাঠিকের উপর মস্তিকশূন্যতার আরোপ লাগানো। কাব্য ও কলার উপর প্রকাশিত গুরু গন্তীর লেখাগুলো প্রয়োজনীয় অভিজ্ঞতা ও স্বতন্ত্র বিচারের অভাব দেখে বড় দৃঃখ হয়। এদিকে কিছুদিন থেকে সত্যম শিবম সুন্দরম-এর খুব ধুম শুরু হয়েছে। সেগুলোকে কিছু লোকে সম্ভবত উপনিষদের বাক্য মনে করে আমাদের এখানেও বলা হয়েছে, একথা লিখে উদ্ধৃতি দিয়ে থাকে না। এই কোমল শদাবলীটি ব্রাহ্ম সমাজের মহর্ষি দেবেন্দ্র নাথ ঠাকুরের।

যাক আমি শুধু এটুকু বলেই এই প্রসঙ্গের ইতি টানব যে কোনো সাহিত্যেই শুধুমাত্র বাইরের স্থুল নকল তার নিজের উন্নতি বা প্রগতি হতে পারে না। বাইরে থেকে বিষয় আসুক, যত ইচ্ছে আসুক কিন্তু তা যেন আবর্জনার মতো এক জায়গায় স্থাপীকৃত করা না হয়। সেগুলোর যেন উপযুক্ত পরীক্ষা-নিরীক্ষা হয়, ব্যাপক দৃষ্টিতে তার বিচার বিশ্লেষণ করা হয় যাতে তা আমাদের সাহিত্যের স্বতন্ত্র ও ব্যাপক বিকাশের সহায়ক হয়ে উঠতে পারে।

7980

অনুবাদ: কালিপদ দাস

# হিন্দি সাহিত্যের ইতিহাস: কিছু অংশ

প্রত্যৈক দেশের সাহিত্য উক্তদেশের সমকালীন জনগণের চিত্তবৃত্তির প্রতিফলন। কালপ্রবাহে ঐ জনগণের চিত্তবৃত্তির পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে সাহিত্যেরও রং রূপের পরিবর্তন ঘটতে থাকে। শুরু থেকে শেষ পর্যন্ত জনগণের চিত্তবৃত্তি পরিবর্তনের ধারার আলোকে সাহিত্যের রূপ পরিবর্তনের ধারাবাহিকতাই সাহিত্যের ইতিহাস।

জনগণের সমাজগত রাজনৈতিক, সামাজিক, সাম্প্রদায়িক এবং ধর্মীয় পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে গঠিত হতে থাকে। সূতরাং সাহিত্যের কালানুগ গতিপ্রকৃতির বিচার করতে হলে পূর্বোক্ত বিষয়গুলির উপর বিশেষভাবে নজর রাখতে হয়। এই দৃষ্টিকোণ থেকে হিন্দী সাহিত্য বিচারকালে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে কোন বিশেষ সময়কালে জনসাধারণের মনোজগতে ধ্যান-ধারণার গতিপ্রকৃতি ও পৃষ্টি কোন পথ ধরে পরিণতিলাভ করেছিল। উপরোক্ত মানদণ্ডের হিসাবে আমরা হিন্দী সাহিত্যের বিগত ৯০০ বছরের ইতিহাসকে চারটি যুগে বিভক্ত করতে পারি:

আদি যুগ [ সম্বৎ ১০৫০-১৩৭৫ ] বীরগাথা যুগ। প্রাক্ মধ্যযুগ [ সম্বৎ ১৩৭৫-১৭০০ ] ভক্তিযুগ। উত্তর মধ্যযুগ [ সম্বৎ ১৭০০-১৯০০ ] রীতিযুগ। আধুনিক যুগ [ সম্বৎ ১৯০০-১৯৮৬ ] গদ্য যুগ। (সম্বৎ-কে সন করতে গেলে, ৫৭ বছর বিয়োগ করতে হয়।)

এই যুগ বিভাগ করা হয়েছে সাহিত্যের প্রেরণার ভাবগত বৈশিষ্ট্যের প্রতি নব্ধর রেখে। তবে একথাও সভা যে কোনো এক যুগে অন্য যুগধর্মী লেখা যে লিখিত হয়নি তা নয়। আর সার্বিক বিচারে তা সম্ভবও নয়। প্রাক মধাযুগেও যে আদি যুগধর্মী লেখা প্রকাশিত হয়নি তা নয় তবে ঐ যুগে সাহিত্যের মূল ঝোঁক এবং রচনা আধিকারে দ্বারাই এই যুগ বিভাগ করা হয়েছে। যুগকালের অন্তর্গত বিশেষধর্মী রচনার আধিকাকেই যুগলক্ষণ মেনে নেওয়া হয়েছে এবং নামকরণও সেভাবেই করা হয়েছে। ব্যাপারটা স্পষ্ট করার জন্য উদাহরণ স্বরূপ বলা যায় যে কোনো এক সময়কালে পাঁচটি ধারার রচনাসংখ্যা যদি যথাক্রমে ১০,৫,৬,৭, ও ২ হয় তবে যে ধারায় ১০টি রচনা লেখা হয়েছে, বাকী চারটি ধারার মিলিত রচনাসংখ্যা ২০ হওয়া সত্ত্বেও যুগ নিরূপিত হয় যে ধারায় ১০টি রচনা লেখা হয়েছে তারই পক্ষে। কারণ একক সংখ্যাধিক্য তারই। এটা তো গেল প্রথম শর্ত। দ্বিতীয় শর্ত, রচিত গ্রন্থাবলীর প্রসিদ্ধি। যে যুগকালের ভিতর রচিত একই ধারার বেশ অধিক সংখ্যক গ্রন্থ হায়ী প্রসিদ্ধি। যে যুগকালের ভিতর রচিত একই ধারার বেশ অধিক সংখ্যক গ্রন্থ হায়ী প্রসিদ্ধি লাভ করেছে সেই যুগকে উক্ত ধারার যুগ বলে মেনে নেওয়া হয়। ইতন্ত্বত বিক্ষিপ্রভাবে অনুক্রেখ্য সাধারণ স্তরের অজন্ম রচনা ঐ যুগে থাকলেও তা মাহাত্মহীনের পর্যায়েই পড়ে। প্রসিদ্ধিও কোন যুগকালের জনমনের প্রতিধ্বনিই সূচিত করে। মূলকথা হলো পূর্বোক্ত দুটি বিশেষ গুণকে মনে রেখেই কালবিভাগ ও

হিন্দি সাহিত্যের ইতিহাস : কিছু অংশ/১৯১

তার নামকরণ করা হয়।

প্রাকৃত ভাষার অন্তিম অপত্রংশ অবস্থার সময় থেকেই হিন্দী সাহিত্যের আবির্ভাবকাল গণনা করা হয়। ঐ সময়ে 'গাথা' (গীতি কবিতা) বলতে যেমন প্রাকৃতই বোঝাত ঠিক তেমনই 'দোহা' বা দুহা বলতে অপত্রংশ অর্থাৎ প্রচলিত কাব্যভাষার পদ্য বোঝাত। অপত্রংশ বা হিন্দী প্রাকৃত ভাষার সর্বাপেক্ষা প্রাচীন নিদর্শন পাওয়া যায় তান্ত্রিক এবং যোগমাগী বৌদ্ধদের ধর্মসম্বন্ধীয় রচনাবলীর মধ্যে যা সপ্তম বিক্রমান্দের শেষপাদে রচিত হয়েছিল। মৃত্র এবং ভোজ রাজাদের রাজত্বকালের (সংবত ১০৫০) প্রায় সমসাময়িককালে এ ধরনের অপত্রংশ বা প্রাচীন হিন্দীভাষায় রচিত বিশুদ্ধ সাহিত্য বা কাব্য রচনাবলীরও বহুল প্রচার দেখতে পাওয়া যায়। সুতরাং হিন্দী সাহিত্যের আদিকাল সংবত ১০৫০ থেকে ১৩৭৫ পর্যন্ত অর্থাৎ মহারাজ ভোজের সময় থেকে শুরু করে হান্মীরদেবের রাজত্বকালের কিছু পর পর্যন্ত ধরে নেওয়া যেতে পারে।

প্রথম যুগের এই দীর্ঘ অনুক্রমের মধ্যে প্রথম দেড়শ' বছরের ভিতর যে সব রচনা তার মধ্যে বিশেষ কোনো ধারার আধিপত্য পরিলক্ষিত হয় না। দোঁহায় ধর্ম, নীতি, শৃঙ্গার, বীর প্রভৃতি সব রসের রচনায় সাক্ষাৎ পাওয়া যায়। এই অব্যবস্থিত লোক প্রবৃত্তির শেষে যখন মুসলমান আক্রমণ সমূহ সংঘটিত হতে থাকল তখনই আমরা দেবি হিন্দী সাহিত্য এক নির্দিষ্ট ভাবধারায় সুসংবদ্ধ রূপ পেতে থাকল। রাজ্ঞাদের আপ্রিত কবি এবং চারণ কবিরা যেমন নীতি, শৃঙ্গার প্রভৃতি আপ্রিত খুচরা পাঁচমিশালী দোঁহা শোনাত তেমনই আপ্রয়দাতা রাজ্ঞাদের পরাক্রম প্রভৃতির বর্ণনাও করত। এই সব রচনাই আমরা পাই 'রাসো' নামে। এই সব কবিতাবলীর লক্ষণ বিচার করে এই সব কবিতার রচনাকালকে 'বীরগাথাকাল' নামে অভিহিত করা হয়েছে।

দ্বিতীয়ত, এই আদিকালের দিকে মনোযোগ আকৃষ্ট করার কারণ এই যে এই সময়কার যে সব সাহিত্যকৃতী পাওয়া যায় তার মধ্যে কিছু অসন্দিগ্ধ আর কিছু সন্দিগ্ধ। অসন্দিগ্ধ কৃতীর যেগুলি পাওয়া গেছে সেগুলির ভাষা অপভ্রংশ অর্থাৎ প্রাকৃতাভাষ হিন্দী। এই অপভ্রংশ বা প্রাকৃতাভাষ হিন্দীর যে সময়কার রচনাগুলি আমরা পেয়েছি তা থেকে এই সিদ্ধান্তে আসা যায় যে সেগুলি সে সময়ের কথাভাষা নয়। সেটি সমসাময়িক কবিদের ভারপ্রকাশের ভাষা। কারা পরম্পরানুসারে কবিরা সাহিত্যপ্রাকৃত গোষ্ঠির শব্দ তো নিয়েছিলেনই (যেমন পরবর্তিকালে হিন্দী সাহিত্যে তৎসম সংস্কৃত শব্দ নেওয়া হতে থাকে) এমন কি বিভক্তি, কারক চিহ্ন এবং ক্রিয়াগুলি সমসময় থেকে কয়েকশ' বৎসর পুরানো রূপেই বাবহৃত হয়েছিল। কথাভাষা দীর্ঘদিন, বহুল বাবহারের ফলে যে রূপ পেয়েছিল, হবহু সেই রূপে তাকে ব্যবহার না করে কবি এবং চারণরা, তাঁদের পূর্বজরা কয়েকশ' বৎসর পূর্বে যে রূপে তাদের ব্যবহার করতেন সেই রূপেই বাবহার করেন।

অপভ্রংশের যে নমুনা আমরা পাই তা সেই কাব্যভাষা যা নিজস্ব প্রাচীনত্বের কারণ, আদিকালের শেষ বা তারও কিছু পরে পর্যন্ত কথাভাষা থেকে বিচ্ছিত্র হয়ে পৃথিপত্রের ভাষারূপে চলতে তাকে। চতুর্দশ বিক্রম শতাব্দীর মধ্যভাগে একদিকে পুরাতন পরম্পরার বেশ কয়েকজন কবি— সম্ভবত শার্কধর হামীরের বীরত্বের বর্ণনা করতে গিয়ে নিম্লে উদ্ধৃত্ব ভাষার ব্যবহার করেন।—

'চলিঅ বীর হন্মীর পাঅভর মেইনি কঁপই।.

দিগমগ নহ অঁধার ধৃলি সুরহর আচ্ছাহাই।।' ওদিকে দিল্লীতে বসে খুসরো মিঞা কথ্যভাষার ধাঁধা ইত্যাদি রচনা করছিলেন: এক নার অবরক্ত কিয়া। সাঁপ মার পিঁজরেমে দিয়া।

এখানে স্মরণ রাখা প্রয়োজন বোধ হতে পারে যে বহুদিন থেকে কাব্যভাষায় অধিকতর শৌরসেনী অর্থাৎ পুরাতন ব্রজভাষাই ব্যবহৃত হয়ে এসেছে। যে সব পশ্চিমী প্রদেশ সমূহের কথ্যভাষা ছিল 'খড়ীবোলী' সে সব সন্ধানে জনতার মধ্যে প্রচলিত পদা, তুকবন্দি (যে সব গান বা কবিতায় শেষ অক্ষরের মিল থাকে) প্রভৃতির ভাষার টান ছিল ব্রজভাষার দিকেই। বর্তমান কালেও অনেকাংশে এই অবস্থাই পবিলক্ষিত হয়। এই কারণেই শুসরোর হিন্দী রচনাগুলিতেও আমরা এই দুই প্রকারের ভাষা পেয়ে থাকি। (সাধারণ লোকের ব্যবহৃত ঠেট খড়ী কথ্যভাষা, ধাঁধা ইত্যাদি দুই রীতিতেই পাওয়া যায় যদিও সেগুলির মধ্যে কোথাও ব্রজভাষার ঝলকও দৃষ্টিগোচর হয়। কিন্তু গীত আর দোঁহাব ভাষা ব্রজ অর্থাৎ মুখপ্রচলিত কাব্যভাষাই হয়ে থাকে।

বুসরোর সময়ে স্বাভাবিক কথ্যভাষা বহুল ব্যবহাবে; বুসবোর বচনায় যে ভাষা পাওয়া যায় সেই ভাষায় রূপান্তরিত হয়েছিল। কবীর অপেক্ষা বুসরোব লক্ষ্য ছিল অধিকতব কথ্য ভাষার দিকে, ঠিক যেমন ইংরাজদের অধিকতর মনোযোগ থাকে তাদের কথ্যভাষার দিকে। বুসরোর লক্ষ্য ছিল লোকরঞ্জন। কিন্তু যেহেতু কবীব ছিলেন একজন ধর্মোপদেশক সেজন্য তিনি পুঁথিপত্রের ভাষার সাহায্য বুসরো অপেক্ষা অধিক মাত্রায় গ্রহণ করেন। নীচে বুসরোর দৃটি ধাঁধা (পহেলী) উদাহরণস্বরূপ দেখা যাক:

- এক থাল মোতী সে ভরা। সবকে শিব পর ঔঁধা ধরা॥
   চারোঁ ওর ওয়য়হ্ থালা ফিরে। মোতী উসসে এক ন গিবে॥
   (একটা থালায মুক্তা ভরা। সবার মাথার উপব ধরা॥)
   (উত্তর— আকাশ)।
- এক নার মে অচরজ কিয়া। সাঁপ মার পিঁজড়েমে দিয়া।
  জোঁ জোঁ সাঁপ তাল কো খায়ে। সুখে তাল সাঁপ মব জাএ॥
  (একটি নারী তাজ্জব করে। সাপটি মেরে পিঁজরায় ভবে
  পুকুরটাকে সাপে খায়। শুকালো পুকুর, সাপ মরে য়য়।)
  (উত্তর— প্রদীপ)।

সিদ্ধদের সংখ্যা যেমন বলা হয় চুবাশি তেমনই নাথদের সংখ্যা ধরা হয় নয়। আজও বলতে শোনা যায় চুবাশি সিদ্ধ আর নবনাথ। 'গোরক্ষসিদ্ধান্ত সংগ্রহ'-তে মার্গ প্রবর্তকদের নামের উল্লেখ করা হয়েছে, নাগার্জুন, জড়ভরত, হরিশ্চন্দ্র, সত্যনাথ, ভীমনাথ, গোরক্ষনাথ, চর্পট, জমন্ধর আর মলয়ার্জুন। এই নামগুলির মধ্যে নাগার্জুন, চর্পট আর জমন্ধরকে সিদ্ধদের শ্রেণীভূক্তও করা হয়। নার্গাজুন (সং ৭০২) প্রসিদ্ধ রসায়নবিদ ছিলেন। নাথপন্থীরা রসায়নবিদ্যায় পারদশী ছিলেন। কোন সন্দেহ নেই যে নাথপন্থ সিদ্ধমার্গ থেকেই বিচ্ছিন্ন হয়ে আসে।

গোরখনাথের হটযোগ সাধনা ঈশ্বরবাদের পথে চলার ফলে এই পন্থায় মুসলমানদেরও আকর্ষণ ছিল। গোরখনাথই বুঝতে পারেন যে ঈশ্বরমিলনে সহায়তাকারী যোগ হিন্দু আর

হিন্দি সাহিত্যের ইতিহাস : কিছু অংশ/১৯৩

মুসলমান উভয়ের জন্যই এক সাধারণ সাধনার রূপে উপস্থাপিত করা যায়। এতে মুসলমানদের অপ্রিয় মৃর্তিপূজা আর বসুদেবোপাসনার প্রয়োজন ছিল না। শেষপর্যন্ত তিনি উভয় সম্প্রদায়ের পারস্পরিক বিদ্বেষভাব দূর করে এবং সাধারণ সাধনার পথ নির্ণয় করার সম্ভাবনা বৃথতে পেরেছিলেন এবং তিনি তাঁর শিষ্য পরম্পরায় এই সংস্কারই প্রচার করে গিয়েছিলেন। নাথ সম্প্রদায়ের সিদ্ধান্ত গ্রন্থে ঈশ্বরোপাসনার ব্রাহ্মবিধানের প্রতি উপেক্ষা প্রদর্শন করা হয়েছে, ঘটের মধ্যেই ঈশ্বর প্রাপ্তির উপর জোর দেওয়া হয়েছে, বেদশাস্ত্রাদি পাঠ নিরর্থক বিবেচনায় বিদ্বানদের প্রতি অপ্রদ্ধা প্রদর্শন করা হয়েছে, তীর্থপ্রমণ ইত্যাদি নিশ্বন্দ বলা হয়েছে।

তীর্থভ্রমণ সম্বন্ধে যে ধারণা সিদ্ধদের ছিল হটযোগীদেরও ছিল ঠিক একই বিশ্বাস। 'চিত্তশোধনপ্রকরণ'এ বন্ধ্রযানী সিদ্ধ আর্যদেব বলেছেন:

"প্রতরমপি গঙ্গায়াং নৈবশ্বা শুদ্ধিমইতি। তম্মাদ্ধর্মার্থিয়া পুংসা তীর্থম্পানং তু নিশ্বলম।। ধর্মো যদি ভবেৎ স্পানাৎ কৈবর্তানাং কৃতার্থতা। নক্তং দিবং প্রবিষ্টানাং মৎসদিানাংতুকা কথা॥"

[গঙ্গায় সাঁতরে পারাপার করলেও কুকুর কখনো শুদ্ধ হয় না। তেমনি পুণ্যার্থীদের তীর্থস্পানও নিশ্চল। স্নানেই যদি ধর্ম হয় তবে জেলেরাই তো সফল। (ধর্মার্থী), তাহলে কুমীর মৎস্য প্রভৃতিদের স্বর্গলাভে তো সংশয়ই থাকতে পারে না।]

এই ধরনের চিন্তাধারা নির্গুণপত্মী সম্ভরা গানের দ্বারা জনসাধারণের মধ্যে প্রচার করে থাকেন: গঙ্গাকে নহায়ে কহো কো নর তরিগে। মছরী ন তরী জাকো পানী মে হি দর হ্যায়।। (গঙ্গায় স্নান করলেই মানুষ যদি স্বর্গে যায় তবে জলেই বাস করে মাছ, তারা তো কই স্বর্গে যায় না।)

এখানে মনে রাখা প্রয়োজন যে ৮৪ সিদ্ধের মধ্যে অনেক কছুয়া, মৃচি, ধোপা, ডোম, কাহার, কার্চুরিয়া, দরজি এবং আরো অনেক শৃদ্র শ্রেণীর লোক ছিলেন। জাতপাতের খণ্ডন তো নিজে থেকেই হয়ে গিয়েছিল। নাথ সম্প্রদায় যখন বিস্তারলাভ করে তখন তাদের মধ্যে সাধারণ জনতা থেকে অনেক নিমুবগী এবং অশিক্ষিত শ্রেণীও সামিল হয়। এদের মধ্যে অনেকেই শাস্ত্রজ্ঞানসম্পন্ন ছিলেন না এবং তাঁদের বৃদ্ধিবৃত্তির বিকাশও ঘটেছিল খুব নিমুস্তর পর্যন্ত। কিন্তু নিজেদের গৃঢ়তথাজ্ঞানী প্রমাণিত করার জন্য শাস্ত্রজ্ঞ পণ্ডিত আর বিদ্বানদের নিন্দা ও হেয় প্রচার করা তাঁদের আবশ্যক হয়ে পড়ে। সদগুরু মাহাত্ম্য তাঁদের মধ্যে এবং সিদ্ধিদের মধ্যে বেশ অধিক মাত্রায় বর্তমান ছিল।

নাথপন্থীরা কানের পাতায় বড় বড় ফুটো করে কানফটে নামে স্ফটিকের ভারী ভারী কর্ণাভরণ ধারণ করে। এই পত্নের প্রচার রাজপুতানা আর পাঞ্জাবের দিকেই অধিক ছিল। মত প্রচারের জন্য যখন পুস্তক লেখা হতে থাকল তখন ঐ অঞ্চলের প্রচলিত ভাষাই সেই সব পুস্তকে ব্যবহার করা হয়। তাঁরা মুসলমানদেরকে নিজ মতবাদ শোনাবার জন্য দিল্লীর আশপাশে প্রচলিত খড়িবোলী ব্যবহার করতেন। এইভাবে নাথপন্থী এইসব যোগীরা 'নাগর অপশ্রংশ' বা ব্রজভাষার কাঠামোয় প্রচলিত কাব্যভাষা থেকে ভিন্ন এক 'সধুক্ষড়ী' ভাষার সাহায্য নেন যা ছিল কিছুটা 'বড়িবোলী' আর রাজস্থানীর সংমিশ্রণ। আঞ্চলিক ভাষায় এই সব পুস্তকে পূজা, তীর্থ, ভ্রমণ আদির সঙ্গে সঙ্গে, নমাজ ইত্যাদির উল্লেখও

#### পাওয়া যায়।

নাথপন্থিদের উপদেশাবলীর প্রভাব হিন্দু ছাড়াও শুরুতে মুসলমানদের উপরও পড়ে।
নিম্নশ্রেণীর বহু মুসলমান নাথপন্থী হয়ে যান। এখনও ঐ অঞ্চলের বহু মুসলমান গেরুয়া
বসন পরিধান করেন, কাঁথা দিয়ে তৈরী লম্বা ঝোলা ঝোলায়, সারঙগী বাজিয়ে 'কলি
মে অমর রাজা ভরপরি'র গান গেয়ে ফেবে। জিজ্ঞেস করলে বলে যে গোরখনাথ তাদের
আদিগুরু। তারা গোপীনাথের গান গায়। গোপীনাথ বাংলার চট্টগ্রামের রাজা ছিলেন
এবং তাঁর মা ময়নাবতীকে কোথাও গোরখনাথের আবার কোথাও বলন্ধারের শিষ্যা বলে
উল্লেখ করা হয়।

সিদ্ধি 'সরহ' সর্বাপেক্ষা প্রাচীন অর্থাৎ বি-সং ৬৯০০ এব। অতএব হিন্দী কাব্যভাষার পুরাতন রূপ আমরা সপ্তম বিক্রম শতাব্দীর শেষপাদেই দেখতে পাই।

বিক্রম পঞ্চম শতাব্দীতে একদিকে বিদ্যাপতি মৈথিলী কথ্যভাষা ছাড়াও প্রাকৃতমিপ্রিত পুরাতন কার্য ভাষাও ব্যবহার করতে লাগলেন। যেমন— বালচন্দ বিজ্ঞাবহভাষা, কুহু নাই লাগই দুজ্জন হাসা।

মূল কথা এই যে অপভ্রংশের এই ধাবাবাহিকতা পঞ্চদশ বিক্রম শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত চলতে থাকে। একই কবি বিদ্যাপতি দুধরনেব ভাষায় ব্যবহার কবেছেন— প্রাচীন অপভ্রংশ ভাষা আর দেশজ কথ্যভাষা। এই উভয় ভাষার তাৎপর্য বিদ্যাপতি সুস্পস্টভাবে বলে গেছেন:

'ল বঅনা সবজন মিঠঠা। তেঁমন জ্যাওঁ অবঠঠা।'

অর্থাৎ দেশীভাষা (কথ্যভাষা) সকলেরই মিষ্ট লাগে। সেজন্যই ঐ ধবনেব অপভ্রংশই (কথ্যভাষার মিশ্রণ সহ) আমি বলে থাকি। বিদ্যাপতি অপভ্রংশ থেকে ভিন্ন প্রচলিত কথ্যভাষাকেই 'দেশীভাষা' বলেছেন। অতএব আমরাও সেই অর্থেই কোথাও কোথাও আবশ্যকানুসারে প্রয়োগ করব। এই আদিকালের প্রসঙ্গে অপভ্রংশ রচনাবলীর সংক্ষিপ্ত উল্লেখান্তে কথ্যভাষায় (দেশভাষা) রচনা সমূহেব বর্ণনা কবব।

যে রচনার জন্য বিদ্যাপতিকে 'মৈথিলী কোকিল' বলা হয় তা তাঁর পদাবলী সমূহ। তিনি তাঁর সমসাময়িক মৈথিলী ভাষার ব্যবহার করেছিলেন। বিদ্যাপতিকে বাংলা ভাষীরা নিজের দলে টানেন। সার জর্জ গ্রিয়ারসনও বিহারী এবং মৈথিলীকে 'মাগধী' থেকে উৎপন্ন হওয়ার জনাই কেবল হিন্দী ভাষা থেকে পৃথক বলে গণ্য করেছেন। কিন্তু কেবলমাত্র ভাষাশাস্ত্রের দৃষ্টিতে নিঃসংশয়তার কারণই কেবল সাহিত্যবস্তুর বিভাগ করা যায় না। কোন ভাষা কোন পর্যন্ত বোঝা যায় তা নিরূপণও প্রয়োজন হয়। কোনো ভাষাকে বুঝতে হলে অধিকাংশটাই তার শব্দাবলী (vocabulary) অবলম্বনেই তা বুঝতে হয়। তা না হলে উর্দু আর হিন্দীকে একই সাহিত্য বলে মেনে নিতে হতো।

খড়িবোলী, বাঁগড়, ব্রজ, রাজস্থানী, কনৌজী, বৈসওয়ারী, আওথি ইত্যাদি উপভাষার রূপ এবং প্রত্যয়ে পরস্পরে এত পার্থক্য থাকা সত্ত্বেও এই সব উপভাষাকে হিন্দীভাষারই অন্তর্ভুক্ত বলে মানা হয়। ঐসব উপভাষা যাদের মাতৃভাষা তারা পরস্পরের কথা বৃথতে অসুবিধা বোধ করে না। বেনারস, গাজীপুর, গোরখপুর, বালিয়া প্রভৃতি জেলায় 'আয়ল-আইল', 'গয়ল-গইল', 'হুমরা-তোহরা' প্রভৃতি শব্দ বলা হলেও তাকে হিন্দী

হিন্দি সাহিত্যের ইতিহাস : কিছু অংশ/১৯৫

ব্যতীত অন্য কিছু বলা যায় না। কারণ আর কিছুই নয়, শব্দাবলীর সংঘবদ্ধতা। এ জনাই হিন্দী সাহিত্য 'বিসলদেও রাসো'র রচনাকে যেমন হিন্দী সাহিত্য মনে করে তেমনই বিদ্যাপতির রচনাকেও।

বিদ্যাপতির পদাবলীর অধিকাংশই শৃংগার রসাত্মক, সেখানে নায়ক ও নায়িকা যথাক্রমে কৃষ্ণ ও রাধা। সম্ভবত এই সব পদ জয়দেবের গীতগোবিন্দ গীতিকাব্যের অনুকরণে লিখিত হয়। এই সব পদের মাধুর্য অদ্ভুত। বিদ্যাপতি শৈব ছিলেন। বিদ্যাপতি আদৌ কৃষ্ণভক্ত পরম্পরার মধ্যে গণা হতে পারেন না।

দেশে মুসলমানদের আধিপত্য প্রতিষ্ঠার পর হিন্দুদের মনে গৌরব, গর্ব আর উৎসাহেব কোনো স্থান অবশিষ্ট ছিল না। তাদের চোখের উপরই তাদের দেবমন্দির ধ্বংস করা হচ্ছিল, দেবমৃতি ভেঙে দেওয়া হচ্ছিল, আর পূজনীয় পূকষদের অপমানিত কবা হচ্ছিল। এসবের সাক্ষী থাকা ছাড়া তাঁরা আর কিছুই করতে পারছিলেন না। এই পবিস্থিতিতে বীরত্বের গান তাঁরা গাইতে পাবতেন না, লজ্জিত না হয়ে শুনতেও পারতেন না। এইভাবে ক্রমে ক্রমে যখন মুসলমান সাম্রাজ্য দেশের দূর দূরান্ত পর্যন্ত বিস্তৃত হল তখন পবস্পব সংঘর্ষে লিপ্ত থাকার মতো কোনো স্বাধীন রাজ্যেব অস্তিত্বও আর থাকল না। এই সব রাজনৈতিক উলটপালট দেশের হিন্দু জনসমুদায়কে একধরনের হতাশার মধ্যে নিক্ষেপ করল। আপন পৌরুষে আস্থাহীন জাতির পক্ষে ভগবানের শক্তি আর করুণাকে অবলম্বন করা ব্যতীত আর অন্য কোন পথই বা খোলা থাকে?

এ তো গেল রাজনৈতিক পরিস্থিতি। এবার দেখা যাক ধর্মীয় অবস্থা! আদিকালের অন্তর্গত অবস্থায় আমরা দেখেছি যে কিভাবে দেশের পূর্বাঞ্চলে বক্ত্রযানী, সিদ্ধা, কাপালিক প্রভৃতিরা এবং পশ্চিমাঞ্চলে নাথপন্থী যোগীরা ঘুবে বেড়াত। এই উদাহরণ থেকেই বোঝা যায় যে সাধারণ মানুষের ধর্মচিন্তা কতখানি চাপের মুখে পড়েছিল, তাদের মন ধর্মচিন্তা থেকে ক্রমশ দুরে সরে যাচ্ছিল।

ধর্মের প্রবাহ কর্ম, জ্ঞান আর ভক্তি এই তিন ধারায় এগিয়ে চলে। এই তিন ধারার পারম্পরিক সামঞ্জস্যের ফলেই ধর্ম পূর্ণত সজীব অবস্থায় থাকে। কোনো একটির অভাব ধর্মকেই বিকলাঙ্গ করে দেয়। কর্ম না থাকলে ধর্ম লুলো-খোঁড়া, জ্ঞান না থাকলে অন্ধ, আর ভক্তির অভাবে হয়ে পড়ে হদয়হীন নিস্পাণ। সাধারণ মানুষ অপেক্ষা অনেক অধিক বিকশিত ও উন্নত বৃদ্ধির মানুষদের মধ্যেও কিছু বিশিষ্ট ব্যক্তিই সাধারণত জ্ঞানের অধিকারী হয়ে থাকেন। কর্ম আর ভক্তি সমগ্র জনসমুদ্যের সম্পত্তি। হিন্দী সাহিত্যের প্রথমাবস্থায় কর্ম কেবল অর্থহীন বিধিবিধান, তীর্থ-পর্যটন ও পর্বস্থান ইত্যাদির সংকীর্ণ গণ্ডির মধ্যে বন্ধ অবস্থায়ই চলে আসছিল। ধর্মের ভাবাত্মক অনুভৃতি অর্থাৎ ভক্তি, যার সূত্রপাত হয় মহাভারতের যুগে এবং ব্যাপকতালাভ করে পৌরাণিক যুগে, কখনো অবদমিত, কখনো উদ্বাসিত হয়ে কোনো প্রকারে চলে আসছিল।

অর্থশূন্য দেখানই বিধিবিধান, তীর্থ-পর্যটন, পর্বপ্নান প্রভৃতির অসারতার শুদ্ধিকল্পে যে প্রয়াস বন্ধ্রযানী সিদ্ধ আর নাথপন্থী যোগীরা করেছিল তার উল্লেখ আমরা ইতিপূর্বেই কর্ম্প্রেট। 'কর্ম'কে সেই সংকীর্ণ গহুর থেকে উদ্ধার করে প্রকৃত ধর্মের মুক্তক্ষেত্রে নিয়ে আসবার উদ্দেশ্য আদৌ তাদের ছিল না। তারা চেয়েছিল তাকে একধাক্কায় এক প্রান্তে সরিয়ে দিতে। জনতার দৃষ্টি আত্মকল্যাণ এবং জনকল্যাণকারী সঠিক কর্মের দিকে আকর্ষিত করার পরিবর্তে তাদের কর্মক্ষেত্র থেকেই সরিয়ে দিতে চেয়েছিল। তাদের বাণী তো 'গুহা, রহস্য এবং সিদ্ধি'র উপরই আধারিত ছিল। নিজেদের রহস্যাদর্শিতার প্রভাব সৃষ্টির জন্য এরা বাহ্যজগতের কথা দৃবে থাক, 'ঘটের মধ্যে প্রাসাদের' গল্প শোনাত লোককে। তাদের সাধনায় ভক্তি, প্রেম আদি হৃদয়ের প্রকৃত ভাবসমূহ স্থান পেত না। কারণ এসবের দ্বারা ইশ্বরপ্রাপ্তি তা তো সকলের পক্ষে খুবই সহজ বলা যায়। সাধারণ অশিক্ষিত ও অর্ধশিক্ষিত জনমগুলীর মধ্যে তাদের উপদেশাবলির প্রভাব এর অধিক আর কী হতে পারত যে মানুষ ভগবন্তুক্তির স্বাভাবিক হৃদয়গ্রাহ্য পদ্ধতি এবং মঙ্গল কর্মেব পথ থেকে দ্বে সেরে গিয়ে মন্ত্র তন্ত্র আয়োজনের জটিলতায় জড়িয়ে পড়ত এবং তাদের বিশ্বাস জন্মাত অলৌকিক সিদ্ধির স্বপ্ন দেখে। এই অবস্থা লক্ষ্ক করে গোস্বামী তুলসিদাস বলেছিলেন:

'গোরখ জগায়ো জোগ, ভগতি ভগায়ো লোগ' (গোবখনাথ যোগ জাগাও, ভাগতে ভাগতে লোক ভাগাও।)

মূল ঘটনা এই, যে সময়ে মুসলমানরা ভারতে এসেছিল সে সময়ে বিশুদ্ধ ধর্মভাব অনেকখানিই হ্রাসপ্রাপ্ত হয়েছিল। পরিবর্তনের জন্য কঠোর প্রয়াসেব প্রয়োজন ছিল।

উপরে যে অবস্থাব দিগদর্শন কবা হলো তা ছিল সাধারণ মানুষদেব। শাস্ত্রজ্ঞ বিদ্বানদের মধ্যে সিদ্ধ এবং যোগীদের উপদেশাবলীর কোনো প্রভাব পড়েনি। তাঁরা ইতস্তৃত বিক্ষিপ্ত অবস্থায় নিজেদের কাজ করে চলেছিলেন! পণ্ডিতদের শাস্ত্রার্থ বিশ্লেষণ, দার্শনিক বিচার বিশ্লেষণের পুস্তকাদিও লেখা চলছিল। চর্চা হতো বিশেষভাবে বেদান্তের। ব্রহ্মসূত্র, উপনিষদাবলী, ও গীতাভাষা রচনার পরম্পরা বিশ্বজ্জনমণ্ডলিতে চলে আসছিল। এর ফলে ভক্তিমার্গী চিন্তাধারার উল্লেখযোগ্য বিকাশলাভ ঘটে।

কালদশী ভক্ত কবি জনতার মনকে আয়ত্বাধীন এবং অভিনিবিষ্ট রাখার জন্য সুপ্তভক্তিযোগকে জাগ্রত কবার কাজে ব্যাপৃত থাকেন। ক্রমশ ভক্তির প্রবাহ এমনই বেগবান হয়ে ওঠে যে কেবল হিন্দু জনসমুদয়ই নয়, আজ বলা সম্ভব নয় কি পরিমাণ সহৃদয় মুসলমানও সেই স্রোতে ভাসতে থাকেন। ঈশ্বরের প্রেমময় স্বরূপ ভক্ত কবিরা হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষের সুমুখে তুলে ধরে সাম্প্রদায়িক ভেদভাবের চিম্ভাকে দুবে সবিয়ে দিতে সমর্থ হন।

একদিকে সগুনোপাসনার এই ক্ষেত্র তৈরী হলো অন্যদিকে, দেশে মুসলমানরা স্থায়ী বসবাস শুরু করায় যে নতুন পরিস্থিতির সৃষ্টি হলো তার ফলে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের উপযোগী ভক্তিমার্গের বিকাশও হতে লাগল। ভক্তিমার্গের বিকাশ প্রক্রিয়ায় বীরগাথাকালেই সিদ্ধ আর নাথপন্থী যোগীরা যে পথ বুঁজে বার করেছিলেন তা আমরা ইতিপূর্বেই দেখেছি। বৌদ্ধ বজ্রখানপন্থীরা অধিকাংশই ছিলেন নিম্নবর্ণের মানুষ ফলে জাতিবিচারের ব্যাপারে তাঁদের স্বাভাবিক অসন্তোষ ছিল। নাথ সম্প্রদায়েও শাস্ত্রজ্ঞ বিদ্বান ব্যক্তিরা যোগ দিতেন না। এই সম্প্রদায়ের শ্রামান যোগীরা ঘটমধাস্থ চক্র, সহশ্রদল কমল, ইড়া গিঙ্গলা নাড়ী ইত্যাদির উপর গুরুত্বদানকারী বাণী শুনিয়ে এবং নানা কেরামতি দেখিয়ে নিজেদের সিদ্ধি প্রাপ্তির প্রভাব সাধারণ মানুষের মধ্যে প্রতিষ্ঠিত করতে পেরেছিলেন। তাঁরা সাধারণ মানুষকে বোঝাতেন যে বেদশাস্ত্র পড়ে লাভ কী? দেখনাই পূজার্চনা বিধি সব অর্থহীন। ইশ্বর তো রয়েছেন প্রত্যেকেরই দেহভাশ্তে, অন্তর্মুখী সাধনাই

ঈশ্বর প্রাপ্তির একমাত্র পথ। হিন্দু মুসলমানে কোনো ভেদাভেদ নাই; উভয় সম্প্রদায়ের জন্যই শুদ্ধ সাধারণ পথও এক, জাতপাতের ভেদাভেদ তৈরী করা হয়েছে ইত্যাদি। এই যোগীদের সঙ্গে যে বেশ কিছু মুসলমানও যোগ দেন তা ইতিপুর্বেই বলা হয়েছে।

ভক্তি আন্দোলনের যে তেওঁ দক্ষিণ থেকে এসেছিল তা উত্তর ভারতের পরিস্থিতি অনুযায়ী হিন্দু-মুসলমান উভয়ের উপযোগী এক ভক্তিমার্গের চিম্তা কিছু লোকের মনে জাগ্রত করে। কিন্তু প্রেম-প্রীতিময় তত্ত্ব রহিত সাধনায় মানুষের অস্তর তৃপ্ত হতে পারে না। মহারাষ্ট্রের প্রসিদ্ধ ভক্ত নামদেব (সং ১৩২৮-১৪০৮) হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের জন্য সাধারণ ভক্তিমার্গেরও সংকেত দিয়েছিলেন। তাঁর পর কবীরদাস বিশেষ সক্রিয়তার সঙ্গে এই ভক্তিমার্গকেই এক সুব্যবসন্থিত রূপ দান করেন এব 'নিপ্রণপত্ত' নামে চালান। আমরা আগেই দেখেছি যে নাথপন্থী যোগীরা কবীরের অনুকূলে অনেক পথ ইতিপূর্বেই উন্মুক্ত করে রেখেছিলেন।

কবীর একদিকে নিরাকাব ঈশ্বরতত্ত্বের জন্য বেদান্তের আঁচল ধবে চলেছিলেন তেমনিই ঐ নিরাকার ঈশ্বরভক্তির জন্য সৃফিদের প্রেমতত্ত্বকে গ্রহণ করে নিজের 'নির্প্রণপত্ব'-এর রথ খুব ধৃমধামের সঙ্গে পরিচালনা করেন। আসলে ব্যাপারটা ছিল এই যে ভারতীয় ভক্তিমার্গ সাকার এবং সগুণ রূপ নিয়ে চলেছিল, নিরাকার ব্রহ্মকে ভক্তি অথবা প্রেম-এর বিষয়রূপে মানা যায় না। সন্দেহের কোনো অবকাশ নেই যে কবীর খুব উপযুক্ত সময়ে, নাথপত্থীদের প্রভাবে প্রেম ও ভক্তিভাবের অভাবে জনসাধারণ যখন হতাশ হয়ে পড়ছিল ঠিক তখনই তাদের মধ্যে একটা বৃহৎ অংশকে নিজমতের আয়ত্ত্বাধীনে আনেন। সমাজের পক্ষে এই-ই ছিল তখনকার আবশ্যিক কাজ। এই সঙ্গে মনুষাত্ত্বে সাধারণ ভাবনাকে সুমুখে রেখে তিনি নিম্নশ্রেণীর মানুষের মধ্যে আত্বাধীরবের ভাব জাগ্রত করেন এবং ভক্তির উন্নত সোপানশ্রেণী আরোহণে অনুপ্রাণিত কবেন। তাঁর 'নির্গ্রণপত্ব'-এর ফলক্রতিই নানক, দাদু, মলুকদাস এবং আরো অনেক ধর্মগুরুর আবির্ভাব।

অশিক্ষিত এবং নিমুশ্রেণীর মানুষদের অত্যন্ত উপকার করেছিলেন এই সব সন্ত মহাত্মারা। উচ্চকোটির দার্শনিক তত্ত্বের কিছু ইঙ্গিত দিয়ে, আড়ম্বরকে নিন্দা করে, আত্মানীরবের ভাব উৎপন্ন করে এঁরা তাদের সমাজের উন্নতন্তবের উঠিয়ে আনবার প্রশংসনীয় উদাম দেখান। পাশ্চাত্যের পাশুতরা যে এঁদের ধর্মসংস্কারক উপাধি পূর্বোক্ত গুণাবলি বিচার করেই দিয়েছিলেন।

নির্প্তণদের দ্বিতীয় শাখা শুদ্ধ প্রেমমার্গী সুফীদের। এঁদের প্রেমগাথা প্রকৃত প্রস্তাবে সাহিত্য প্রেণীরই অন্তর্গত। এই শাখার সব কবিই কল্পিত কাহিনী দ্বারা প্রেমমার্গের মহত্ত্ব দেখিয়েছেন। এই সব সাধক কবিরা লৌকিক প্রেমের মোড়কে সেই 'প্রেমতত্ত্বের'ই ইঙ্গিত দিয়েছেন যা প্রিয়তম ঈশ্বরের সঙ্গে মিলিত হওয়ারই বার্তা বহন করে।

এইসব প্রেমকাহিনী, সেই মামুলি কাহিনীই— কোনো এক রাজকুমারের কোনো এক রাজকুমারীর অলৌকিক সৌন্দর্যের গল্প শুনে তার প্রেমে পাগল হওয়া এবং ঘরবাড়ী ছেড়ে বেরিয়ে পড়ে অনেক দুঃখ কষ্টের পর সেই রাজকুমারীকে লাভ করা। কিম্ব 'প্রেমের দেবতা'র (প্রেম কী পীর) যে স্বরূপ তার প্রকৃতি এমনই বিশ্বব্যাপক যে সেই প্রেম লোকন্ত্রিরের বিষয় বলে প্রতিভাত হয়। অনুমান করা হয় যে সুফী কবিরা যে কাহিনীগুলি ব্যবহার করেছেন সে সবই হিন্দুদের মধ্যে বহুদিন থেকে প্রচলিত কাহিনী। সেগুলিকেই নিজেদের প্রয়োজন অনুসারে কিছু পরিবর্তন করে নিয়েছিলেন এইসব কবিরা। কাহিনীগুলির মর্মবস্তুও হিন্দু। মানুষের সঙ্গে পশুপক্ষী এবং গাছপালাকেও সহানুভূতিসূত্রে বদ্ধ দেখিয়ে বিশ্বে এক অখণ্ড প্রাণসমষ্টির আভাস দেওয়াই এইসব প্রেম কাহিনীর বিশেষত্ব। মানুষের ঘার দুংখে বনের বৃক্ষ তরুলতাও কাঁদে, পাবিও খবর বয়ে নিয়ে যায়। এই সব কথা এই কাহিনীগুলোতে পাওয়া যায়।

সৃষ্টীদের প্রেম প্রচারে যুক্তি তর্কের বুদ্ধিকে একপাশে সরিয়ে রেখে মানুষের হৃদয়কে স্পর্শ করার প্রচেষ্টা চালিয়ে যাওয়া হয়েছে। ফলে এর প্রভাব সমানভাবে হিন্দু এবং মুসলমান উভয়ের উপরই পড়েছে। মাঝে মাঝে রহস্যময় পরোক্ষের দিকে যে মধুর সংকেত পাওয়া যায় তা বড়ই হৃদয়গ্রাহী। কবীরের রচনায় যে রহসাবাদ পাওয়া যায় তার অনেকটাই বেদাস্ত আর হট্যোগে নির্দিষ্ট পারিভামিক সংজ্ঞায় আধারিত। তবে এইসব প্রেম কাহিনী রচনাকারীর মাঝে মাঝে রহস্যবাদের যে সব আভাস দিয়েছেন তার ইঙ্গিত স্বাভাবিক আর মর্মস্পশী। শুদ্ধ প্রেমমার্গী সৃষ্টী কবিদের শাখায় সর্বাপেক্ষা প্রসিদ্ধ জায়সী। যাঁর 'পদমাওয়ত' হিন্দী কাবাক্ষেত্রে এক অপূর্ব রত্ম। এই সম্প্রদায়ের সব কবিই পূরবী হিন্দী অর্থাৎ 'অবধি'কে তাঁদের রচনার মাধ্যম করেছিলেন। ঐ একই মাধ্যমে গোস্বামী তুলসিদাস তাঁর রামচরিতমানস রচনা করেন।

জায়সী মুসলমান ছিলেন। এজন্য তাঁর উপাসনাকে নিরাকার উপাসনাই বলা হয়ে থাকে। তবে সৃষ্টা মতের দিকেই তাঁর বিচার বিশ্লেষণ নির্ভরশীল থাকায় তাঁর উপাসনায় সাকার উপাসনার প্রতিও সহানুভূতি ছিল। উপাসনায় ব্যবহার উদ্দেশে সুষ্টারা পরমাত্মাকে অনন্ত সৌন্দর্য, অনন্ত শক্তি এবং অনন্ত গুণের সমুদ্র বলে মনে করেন। সুষ্টাদের অদ্বৈতবাদ একবার মুসলমান দেশসমূহে খুব হৈ হল্লার সৃষ্টি করেছিল। ইরান, তুরান প্রভৃতি দেশে আর্য সংস্কার অধিক দিন চেপে রাখা যায়নি। নিরক্ত গোঁড়ামীর প্রবাহ মধ্যেও তা মাথা জাগিয়েছিল। মনসূর হল্লাজ খলিফার আদেশে শূলে চড়াবার পরও 'অনহলক' (আমিই ব্রহ্ম) আওয়াজ বন্ধ হয়নি। পারস্যে পোঁছে এইসব শায়রের মর্মবাণীই ছিল অদ্বৈত পক্ষপাতী। 'অখরাওয়টে' উপনিষদের কিছু কথার কোথাও কোথাও শ্ববহু মিল দেখতে পাওয়া যায়।

কিছু কিছু পরস্পর বিরোধী সিদ্ধান্তের চমক থেকে বোঝা যায় যে তাঁর বক্তবা তাঁর ব্রহ্মজিজ্ঞাসার ফল নয়, তাঁর সার গ্রহণকারী শক্তি এবং উদার চিন্তাধারার ফল, তাঁর অননা প্রেমের পরিণতি। এই প্রেমাভিলাসের প্রেরণায় প্রেমিকভক্ত সেই অখণ্ড জ্যোতির কোনো না কোনো এক কলার দর্শন পাওয়ার প্রত্যাশায় সৃষ্টির সর্বত্রই খুঁজে বেড়ায়, প্রত্যেক মত এবং সিদ্ধান্তকে নিরীক্ষণ করে, ফলে যেদিকেই চোখ ফেরায় সেদিকই কোনো না কোনো আভাস দৃষ্টিগোচর হয়। প্রত্যেক খাঁটি ভক্তেরই এই উদার প্রবৃত্তি থাকে। জায়সীর উপাসনা 'মাধুর্য ভাব'-এ প্রিয় ভাবে। তাঁর প্রিয়তম এই সংসারের পর্দার পিছনেই লুক্কায়িত। কেউ কোথাও সেই রূপের আভাস যে রূপে দেখায় তা দেখেই তিনিপ্রেম গদগদ হন।

গৌস্বামী তুলসীদাসের আবির্ভাব হিন্দী কাব্যের ক্ষেত্রে এক আশ্চর্য ঘটনা বলেই মনে করা উচিত। হিন্দী কাব্যের শক্তি পূর্ণরূপে প্রকাশ পায় সর্বপ্রথম তাঁরই রচনায়। বীরগাথার কবি নিজেদের সংকীর্ণ ক্ষেত্রে কাব্যভাষার প্রাচীন রূপ্যনিয়েই বিভিন্ন শৈলীর ধারাবাহিকতা বজায় রেখে আসছিলেন। চলিত ভাষার সংস্কার আর উন্নতি তাঁরা করতে পারেননি। ভক্তিকালে এসে ভাষার চলিত রূপের কিছু উন্নতি লক্ষ্য করা গেল।

সাহিত্যের ভাষায়, যা বীরগাথা কালের কবিদের কব্জায় অনেকখানি পুরানো রূপেই থেকে গিয়েছিল। 'সগুণ উপাসক' কবিদের দ্বারা সেই ভাষায় প্রচলিত ভাষার সংযোগ ঘটায় ভাষা যেন নতুন জীবন পেয়ে গেল। ভক্তবর সুরদাসজী ব্রজের চলিত ভাষাকে ধারাবাহিকভাবে প্রচলিত কাব্যভাষার মধ্যে প্রতিষ্ঠিত করে সাহিত্যিক ভাষাকে লোকব্যবহারের ভাষার স্তরে পোঁছে দেন। তিনি পরম্পরাগতভাবে প্রচলিত কাব্যভাষাব নিন্দা না করে তাকে এক নতুন রূপ দিলেন। পরম্পরাগত কাব্যভাষাকে সম্পূর্ণ বিচ্ছিন্ন কবে হঠাৎই নতুন প্রচলিত কথ্য ভাষাকেই ব্যবহার করেননি। ভাষার এক পরিচ্ছন্ন সাধারণ রূপ তিনি তৈরি করে দিয়েছিলেন যা পরবর্তিকালে কবিতার ভাষা হয়ে যায়। এ তো গেল ব্রজভাষাব কথা। এই সঙ্গে পুরবী বোলি অর্থাৎ 'অওয়ধি'ও সাহিত্য নির্মাণ কাজে লেগে পডেছিল।

এখন আমরা গোস্বামী তুলসীদাসের বর্ণিত বিষয়ের ব্যাপকতার আলোচনা করব। আমরা আলোচনা করব মানবজীবনের কত রকমের অবস্থার সন্মিবেশ তাঁর কাব্যে হয়েছে। একথা আমাদের প্রথমেই জেনে রাখা ভাল যে দৃষ্টির ব্যাপকতার কারণেই তুলসীদাস উত্তব প্রদেশের সমগ্র জনমানসে অত্যম্ভ প্রদ্ধার আসনে আজও সমাসীন। ভারতীয় জনতার প্রতিনিধিস্থানীয় কবি যদি কাকেও বলতে হয় তবে তিনি অবশাই তুলসীদাস। অন্যানা কবিরা জীবনের কোনো একটা পক্ষ নিয়েই কাটিয়ে দিয়েছেন, যথা, বীরকালের কবি উৎসাহকে, ভক্তিকালের কবি প্রেম ও জ্ঞান, অলংকার কালের কবি দাম্পতা প্রণয় বা শৃঙ্গারকে। কিন্তু গোস্বামীজীর বাণীর সীমানা মানুষের সমগ্র ভাবনা ও ব্যবহার পর্যন্ত পৌঁছে গিয়েছে। একদিকে তিনি ব্যক্তিগত সাধনার ক্ষেত্রে নিম্পৃহ গুদ্ধ ভগবদ্ধক্তির উপদেশ দিয়েছেন, অন্য দিকে লোকপক্ষে পৌঁছে তিনি পারিবারিক এবং সামাজিক কর্তব্যের সৌন্দর্য দেখিয়ে মুদ্ধ করেন। ব্যক্তিগত সাধনার সঙ্গে লোকধর্মের খুবই সমুজ্জ্বল দ্যুতি তাঁর রচনায় উপস্থিত।

ইতিপূর্বেই ব্যক্ত হয়েছে যে নির্গুণধারার সন্তদের উপদেশে কী ধরনের লোকধর্মের প্রতি অবহেলা লুকিয়ে থেকেছে। সগুণধারা ভারতীয় পদ্ধতি ভক্তদের মধ্যে করীর, দাদু প্রভৃতির লোকধর্মবিরোধী স্বরূপ যদি কেউ চিনে থাকেন, তবে তিনি তুলসীদাস। তিনি লক্ষ্য করেছিলেন যে ওঁদের উপদেশাদি দ্বারা জনগণের মনোরাজ্যে এক ঘোর বিকারের আশংকা থেকে যায় যার প্রভাবে সমাজ বিশৃঙ্খল হয়ে যাবে, তার মর্যাদা নম্ব হয়ে যাবে। যে সমাজ থেকে জ্ঞানী শাস্ত্রজ্ঞ বিদ্বানেরা, অন্যায় ও অত্যাচার দমনকারী বীরগণ, পারিবারিক কর্তব্য পালনকারী উচ্চমনা ব্যক্তিরা, পতিপ্রেমপরায়ণা সতীরা, পিতৃভক্তির জন্য নিজের সুখসর্বস্থ ত্যাগকারী সং পূরুষেরা, মনিবের সেবা করতে করতে নিজের জীবন উৎসর্গকারী ভৃত্য, প্রজ্ঞাদের পুত্রবং পালনকারী শাসকদের প্রতি শ্রদ্ধা আর প্রেমভাব সমাপ্ত হয়ে গেলে তা কখনো কল্যাণকারী হয় না।

নির্গুলপন্থীদের বাণীতে লোকধর্মের প্রতি উপেক্ষার ভাব গোস্বামী তুলসীদাস স্পষ্টরূপে

দেখতে পান। তিনি আরো লক্ষ্য করেন যে বেশ কিছু অনাধিকারী এবং অশিক্ষিত মানুষ বেদান্তে কিছু লোকচলতি শব্দ নিয়ে তার তাৎপর্য না বুঝেই 'জ্ঞানী' হয়ে মূর্খ জনতাকে লৌকিক কর্তব্যাদি থেকে বিচলিত করতে চাইছে এবং মূর্খতা মিশ্রিত অহংকার বৃদ্ধি করে চলেছে।

গোস্বামীজীর ভক্তিপদ্ধতির সবচেয়ে বড় বিশেষত্ব এই যে তার সর্বাঙ্গপূর্ণতা। জীবনের কোনো দিককে সম্পূর্ণ ত্যাগ করে তিনি চলেননি। সবদিকের সামঞ্জস্য বিধানই তাঁর পদ্ধতি। তাঁর কর্ম বা কোনোটার সঙ্গে বিরোধী নেই, জ্ঞানের সঙ্গেও নয়। তাঁর নিতালক্ষণই তো ধর্ম। তুলসীর ভক্তিকে ধর্ম আর জ্ঞান দুয়ের রসানুভৃতিই বলা চলে। তার ভক্তির সমন্বয় হয় যোগের সঙ্গেও কিন্তু ঠিক ততটাই যতটা ধ্যানের জন্য মনকে একাগ্র করার জনা প্রয়োজন।

প্রাচীন ভারতীয় ভক্তিমার্গের অন্তর্গত অনেক ক্রমবর্ধমান ক্ষতিকর দিক তিনি লক্ষ্য করেন এবং তা বোধ করার চেষ্টা করেন। শৈব এবং বৈষ্ণবদের মধ্যে বর্ধমান বিদ্বেষ তিনি তাঁব সামঞ্জস্যা বিধান ব্যবস্থা দ্বারা প্রশমিত করতে সমর্থ হন ফলে দক্ষিণ ভারতের মতো উত্তর ভারতে তা এক ভয়ংকর আকার ধারণ করতে পারেনি। শুধু তাই নয়, তিনি যেভাবে লোকধর্ম আর ভক্তিসাধনাকে একই রূপে মিলিত কবে দেখান ঠিক তেমনই কর্ম, জ্ঞান আর উপাসনার মধ্যেও সামঞ্জস্য বিধান করেন। রামচরিত মানসের বালকাণ্ডে সন্তসমাজের যে সুদীর্ঘ রূপক রয়েছে তা থেকেই এই সিদ্ধান্তকে সুস্পষ্ট রূপে প্রমাণিত করে। ভক্তির চরমসীমায় পৌঁছাবার পরও লোকপক্ষ তাঁকে ছাড়েনি। লোকসংগ্রহের ভাবনা তাঁর ভক্তিরই অংশ ছিল। কৃষ্ণের উপাসক ভক্তদের মধ্যে এই অঙ্গটির ঘাটতি ছিল। তাঁদের মধ্যে উপাস্য আর উপাসকের সম্বন্ধেরই গ্রুটাতিগৃত ব্যঞ্জনার প্রকাশ ঘটেছিল কিম্ব লোকব্যাপক নানা সম্বন্ধের কল্যাণকরী সৌন্দর্যের প্রতিষ্ঠা হয়নি। এই কারণেই তুলসীদাসের ভক্তিরসময় বাণীকে যেমন কল্যাণকর বলে মানাতা পেয়েছিল তেমন আর কোনোটিই পায়নি। আজ রাজা থেকে হতদরিদ্রের ঘরেও গোস্বামীজীর রামচরিতমানস পাওয়া যায় এবং প্রত্যেক প্রসঙ্গেই এর চতুম্পদী উদ্ধৃত করা হয়ে থাকে।

পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে বৈষ্ণব ধর্মের যে আন্দোলন দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত বিস্তৃত ছিল বল্লভাচার্য সেই আন্দোলনের প্রধান প্রবক্তাদের অন্যতম ছিলেন। তাঁর জন্ম হয় সং ১৫৩৫-এর কৃষ্ণ একাদশীতে আর সং ১৫৮৭-র শুব্দ ত্রয়োদশীতে তাঁর পরলোকপ্রাপ্তি হয়। তিনি বেদশাস্ত্রে মহাপশুত ছিলেন।

রামানুজ থেকে শুরু করে বল্লভাচার্য পর্যন্ত যত ভক্ত দার্শনিক বা আচার্য ছিলেন সকলের লক্ষ্য ছিল শংকরাচার্যের মায়াবাদ এবং বিবর্তবাদের হাত থেকে নিরুতি পাওয়া। কারণ মায়াবাদ ভক্তিকে অবিদ্যা বা দ্রান্তি বলেই মনে করত। শংকর কেবল নিরূপাধি নির্প্তণ ব্রহ্মকেই পরমার্থিক সদ্রা বলে মানতেন। বল্লভ ব্রহ্মকে সর্বধর্মের সার বলে মানতেন। সমগ্র সৃষ্টিকে তিনি দীলার জন্য ব্রহ্মের আত্মকৃতি মনে করতেন। নিজের অংশরূপে নিজেকে জীবের মধ্যে ছড়িয়ে দেওয়া ব্রহ্মের দীলা মাত্র। অক্ষর ব্রহ্ম আপন আবির্ভাব তিরোভাবের অচিস্তনীয় শক্তিশ্বারা জগৎরূপে পরিণতি প্রাপ্তও হতে থাকে এবং তার বাহিরেও তিনি থাকেন। তিনি নিজের সং, চিং আর আনন্দ এই তিন স্বরূপে আবির্ভাব

এবং তিরোভাব করতে থাকেন। জীবে সং এবং চিং-এর আবির্ভাব হতে থাকে আর আনন্দের হয় তিরোভাব। জড় বস্তুতে কেবল সং-এর আবির্ভাব আর চিং ও আনন্দের তিরোভাব হয়। মায়া বলে কোনো কিছু নেই।

শ্রীবন্ধভাচার্যজীর পর তাঁর পুত্র বিট্রলনাথজী গদীতে বসেন। যে সময় পর্যন্ত পুষ্টিমার্গী কিছু কবি অনেক সুন্দর সুন্দর পদ রচনা করেছিলেন। গোঁসাই বিট্রলনাথজী এঁদের মধ্যে থেকে আটজনকে বেছে নিয়ে 'অষ্টছাপ'-এর প্রতিষ্ঠা করেন। অষ্টছাপের আটজন কবি ছিলেন, সুরদাস, কৃস্তনদাস, পরমানন্দদাস, কৃষ্ণদাস, চীতস্বামী, গোবিন্দস্বামী, চতুর্ভূজ দাস এবং নদদাস।

বল্লভাচার্যের কৃষ্ণভক্তি পরম্পরায় শ্রীকৃষ্ণের প্রেমময় মৃর্তিকে অবলম্বন করে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। তাঁর লোকপক্ষ সেখানে অনুপস্থিত। এই কৃষ্ণভক্তের কৃষ্ণ প্রেমোন্মত, গোপিকাদের দ্বারা বেষ্টিত গোকুলের কৃষ্ণ, বড় বড় নৃপতি বেষ্টিত লোকবাবস্থা রক্ষাকারী দ্বারকার শ্রীকৃষ্ণ নয়। কৃষ্ণের যে মধুর রূপ অবলম্বন করে এই সব ভক্তকবির কাব্যভাবনা তা হাস্যকৌতুকের তরঙ্গে পরিপূর্ণ অনন্ত সৌন্দর্যের সাগর। সেই সার্বভৌম প্রেমাবলম্বনের সুমুখে মনুষা হৃদয় একান্ত প্রেমলোকে বিচরণ করে। তবে এইসব কৃষ্ণভক্ত কবিদের বিষয়ে বলতে গেলে বলতে হয় যে এরা আপন চিন্তায় বিভোর থাকার জীব ছিলেন তুলসীদাসজীর মতো লোকসংগ্রহের চিন্তা তাঁদের মধ্যে ছিল না। সমাজ কোন দিকে চলেছে তার কোনো ধার এরা ধারতেন না, আপনাপন ভগবত প্রেমের পূর্ণতার জন্য যে শৃঙ্গার প্রধান লোকোন্ডর আলোকছটা এবং আন্থোৎসর্গের মোহিনী ছন্দে জনসাধারণকে রসোন্মত্ত করেছিলেন তাতে লৌকিক স্থূল দৃষ্টি এবং বিষয়বাসনাপূর্ণ সাধারণ মানুষের উপর কেমন প্রভাব বিভোর করবে সেদিকে নজরই দেয়নি। যে রাধা এবং কৃষ্ণের প্রেমকে এই ভক্তরা আপনাপন গৃঢ়াতিগৃঢ় চরম ভক্তির প্রকাশ মাধ্যম কবেছিল তাকেই অবলম্বন করে পরবর্তীকালের কবিরা শৃঙ্গারের উন্মাদনা সৃষ্টিকারী রচনায় হিন্দী কাব্যকে ভরিয়ে দিয়েছিলেন।

কৃষ্ণচরিতের যে গানের ধারা কবি জয়দেব আর বিদ্যাপতি প্রবাহিত করেছিলেন তাকেই অবলম্বন করেছিলেন ব্রজের ভক্ত কবিরা। আরো পরে অলংকারকালের কবিরা নিজেদের শৃঙ্গারময়ী মুক্ত কবিতার জন্য রাধাকৃষ্ণের প্রেমকেই অবলম্বন করেছিলেন।

বল্পভাচার্যের আদেশে সুরদাস শ্রীমদ্ভাগবতের কথার পদাবলী রচনা করেন। তাঁর সুরসাগর বাস্তবে শ্রীমদ্ভাগবতের দশম স্কন্দের বিষয়বস্তু নিয়েই রচিত। সেই বিষয়বস্তুই তিনি বিস্তারপূর্বক গীতিবদ্ধ করেন। এই পদাবলির সম্বন্ধে সবচেয়ে শ্লাঘার বিষয় এই যে প্রচলিত ব্রজ্ঞভাষায় রচিত প্রথম সাহিত্য হওয়া সত্ত্বেও তার ভাষা প্রায় নিশুত আর মার্জিত। সুরসাগর এক প্রচলিত কাব্যধারার পূর্ণ বিকাশ বলেই মনে হয়। হতে পারে তা মুখে মুখে প্রচলিত।

যেমন রামচরিত্র বর্ণনার গান যেসব ভক্তকবি গেয়েছেন তাঁদের মধ্যে গোস্বামী তুলসীদাসের স্থান সর্বশ্রেষ্ঠ ঠিক তেমনই কৃষ্ণচরিত গায়ক ভক্তকবিদের মধ্যে সুরদাসের স্থান। বাস্তবে এঁরা দুজন হিন্দীকাব্য গগনের সূর্য আর চন্দ্র। এই দুই ভক্ত শিরোমণি কবিশ্বয়ের রচনায় যে তন্ময়তা আমরা লক্ষ্য করি তা অন্য কবিদের ক্ষেত্রে দেখি না। এঁদের প্রভাবেই হিন্দী কাব্য অমর হয়েছে, এঁদেরই কাব্যের সরসতায় হিন্দী কাব্যশ্রোভ শুকির যায়নি।

যদিও তুলসীদাসের মতো সুরদাসের কাব্য এত ব্যাপক নয় যে তাতে জীবনের ভিন্ন ভিন্ন অবস্থার সমাবেশ হবে তবে সুরদাস তাঁর সীমাবদ্ধ ক্ষেত্রে যে কাজ করে গেছেন তা তুলনারহিত। শৃঙ্গার আর বাৎসল্য ক্ষেত্রের এমন কোনো অংশ তাঁর স্পর্শবিরহিত ছিল না। তিনি এ ক্ষেত্রে পরবর্তী কবিদের জন্য কিছুই ছেড়ে দেননি। এমন কী তুলসীদাস সুরদাসের অনুকরণে তাঁর গীতাবলির বাল্যলীলায় বিস্তারিত ক্ষেত্রে ভ্রমণ করলেও তাতে বালসুলভ ভাব ছিল অনুপস্থিত। যা ছিল তা কেবলই রূপবর্ণনার প্রাচুর্য। শৈশবের এমন স্বাভাবিক ও মনোহর চিত্র আর কোথাও ফুটে ওঠেনি।

সুরদাসের সর্বাপেক্ষা বড় বিশেষত্ব নতুন নতুন প্রসঙ্গ উদ্ভাবন। প্রসঙ্গান্তাবনের এ প্রতিভা তুলসীদাসে অনুপস্থিত। প্রেমলীলা আর বালালীলার বর্ণনা ও বিন্যাসে সুরদাস কত যে ছোট ছোট মনোরঞ্জনকারী চরিত্র ও বিবরণের কল্পনা করেছেন ভাবলে আশ্চর্য হতে হয়।

সুরসাগরের সবচেয়ে মর্মস্পশী ও বাক্বৈদগ্ধপূর্ণ অংশ 'ভ্রমরগীতি'। সেখানে গোপিনীদের বচনবক্রতা অত্যন্ত মনোমুগ্ধকর। এই কাব্যের মতো সুন্দর তিরঙ্কার (উপালম্ভ) কাব্য আর কোথাও উপলব্ধ নয়। উদ্ধব তাঁর ব্রহ্মজ্ঞান আর যোগের গল্প ফেঁদে গোপিনীদের প্রেমবিমুখ করতে চাইছেন অর গোপিনীরা তাঁকে বেশ পাঁচ কথা শুনিয়ে দিচ্ছে আর কখনো বা নিজেদের দীনতা ও অসহায়তা নিবেদন করছে।

এই ভ্রমরগীতির মহত্ত্ব আরো এক দিক থেকে বিশেষ গুরুত্বপূর্ণ। ভক্ত শিরোমণি সুরদাস এখানে 'সগুণ উপাসনার' পক্ষে তর্কপদ্ধতিব সাহায্যে নয়, হৃদয়ের অনুভৃতির আধারে হৃদয়গ্রাহী বাচন প্রণালী দ্বারা অবধারণ করেন। সগুণ নির্প্তণের এই প্রসঙ্গ ভাগবতে নেই তবুও সুরদাস তা স্বতঃপ্রণোদিত হয়ে এখানে বড় সুন্দরভাবে উপস্থাপিত করেন। সুরদাসের যুগে নির্প্তণ সস্ত সম্প্রদায়ের আলোচনা খুবই গুরুত্ব সহকারে প্রচলিত ছিল। এবং এটাই উপযুক্ত স্থল বিবেচনায় সুরদাস এই প্রবন্ধের উত্থাপন বড় সুন্দর ঢং-এ করেন। উদ্ধব যখন বাদ্বিস্তার করে নির্প্তণ ব্রহ্মে উপাসনার পক্ষে ওকালতি করে চলেছেন তখন গোপিনীরা তাঁকে কথার মাঝখানে থামিয়ে দিয়ে জিগোস করে: তোমার এই নির্প্তণ কোন দেশের লোক গো? '(নির্গণ কৌন দেশ কো বাসী?)'

হিন্দি রীতিগ্রন্থগুলির অখণ্ড পরম্পরা চিন্তামণি ত্রিপাঠি থেকে চলে আসছে তাই রীতিকালের আরম্ভ তাঁর সময়কেই ধরে নেওয়া হয়। তিনি সং ১৭০০ সালের সমসাময়িককালে 'কাব্যবিবেক', 'কবিকুলকল্পতরুক' আর 'কাব্যপ্রকাল' এই তিন গ্রন্থ লিখে কাব্যের সমগ্র অক্ষের অবধারণ করেন। এছাড়া ছন্দশাস্ত্রের উপরও এক গ্রন্থ লেখেন। তার পরে তো লক্ষণগ্রন্থের ভূরি ভূরি রচনা হতে থাকে। কবিরা কবিতা লেখার এ এক প্রণালীরূপে ব্যবহার করতে থাকেন। প্রথমে অলংকার বা রসের লক্ষণ লিখে তার উদাহরণ স্বরূপ কবিতা রচনা করা। হিন্দী সাহিত্যে এ এক অননা দৃশ্যের অবতারণা হলো। সংস্কৃত সাহিত্যে কবি এবং আচার্য দৃটি ভিন্ন ভিন্ন শ্রেণীর ব্যক্তি। হিন্দী কাব্যক্ষেত্রে এ পার্থকা প্রায় লুপ্তই হয়ে গেল। এই একীকরণের প্রভাব আদৌ ভাল হয়নি। আচার্য পদের জন্য যে পর্যালোচনা ও বিবেচনা শক্তির প্রয়োজন তার ঘাটতি দেখা দিল, তার ঠিকানা নজরে এল না। কবিরা একটা দোঁহাই অপর্যাপ্ত লক্ষণ ব্যবহার করে নিজেদের কাব্যকৃতিতে

প্রবৃত্ত হয়ে যেতেন। কাব্যাঙ্গণ্ডলির সর্বাঙ্গীণ বিবেচনা, তর্কদ্বারা তা খণ্ডন বা প্রমাণাদিদ্বারা সিদ্ধান্তকরণ, নব নব সিদ্ধান্তের মীমাংসা কিছুই হতো না। এর আরও একটা কারণ এই যে এ সময়ে গদ্য সাহিত্যের বিকাশ ঘটেনি। লিখিত যা কিছু তার মাধ্যম ছিল পদ্য। পদ্যে কোনো কিছুর সম্যক মীমাংসা বা তার উপর তর্কবিতর্ক হতে পারে না। এই অবস্থায় এই পদ্ধতিই সর্বাপেক্ষা সহজ মনে হয়েছিল যে একটা শ্লোক বা একটা চরণ লিখে তাকেই লক্ষণ বলে বসে থাকা।

এই রীতিগ্রন্থগুলির উপর নির্ভরশীল ব্যক্তিদের সাহিত্যজ্ঞান অপরিহার্য বলে ধরে নিতে হবে।

রীতিগ্রন্থসমূহেব এই ধারাবাহিকতার ফলে সাহিত্যের বিস্তৃতি ও বিকাশে কিছু বাধারও সৃষ্টি হয়েছিল। প্রকৃতিব বহুরূপ, জীবনের বিভিন্ন পরিস্থিতিতে মানুষের মনোভাব এবং জগতের নানা রহস্যের দিকে কবিদের দৃষ্টি পৌঁছতে পারেনি। সাহিত্য এক প্রকার বদ্ধ ও পরিমিতির দেরাটোপে আবদ্ধ হয়ে পড়েছিল। তার ক্ষেত্র গিয়েছিল সংকৃচিত ও সংকীর্ণ হয়ে। বাক্ধারা বদ্ধ নালীতে বন্দী হয়ে প্রবাহিত হতে থাকায় অভিজ্ঞতালব্ধ বহু গোচর ও অগোচর বিষয় বয়সিক্ত হয়ে এসে সাধারণাে দাঁড়াতে পারেনি। দ্বিতীয়ত কবিদের ব্যক্তিগত বৈশিষ্ট্যের অভিব্যক্তির সুযোগ অনেক কম হয়ে গিয়েছিল। কিছু কিছু কবিদের মধ্যে ভাষাশৈলী, পদবিন্যাস, অলংকার বিধান প্রভৃতি বহিরক্ষের অনেক প্রভেদ আমরা দেখাতে পারি কিম্ব তাঁদের অভ্যন্তর প্রকৃতির পর্যালোচনার উপযোগী উচ্চস্তরের আলোচনার বিষয়বস্তু তাতে অনেক কমই পাওয়া যায়।

বাস্তবত শৃঙ্গার ও বীর এই দুই রসের কবিতাই এই যুগে রচিত হয়। তবে প্রাধান্য ছিল শৃঙ্গার-এরই। রস বিচারে কেউ যদি এই যুগকে শৃঙ্গারকাল বলে তো বলুক। শৃঙ্গার বর্ণনায় বহু কবি তো অল্লীলতার সীমায় পৌঁছে গিয়েছিলেন। এর কারণ সাধারণ মানুষের রুচি নয়। আশ্রয়দাতা রাজা মহারাজাদের জীবনে কর্মচাঞ্চলা ও বীরত্বের অবকাশ না থাকায় তাঁদের রুচি অনুযায়ী রচিত হয়েছিল এইসব ফরমায়েশী কবিতা।

দেশের বিভিন্নভাগে মুসলমানরা ছড়িয়ে পড়ায় এবং দিল্লীর দরবারী ভদ্রাচার প্রচারের সঙ্গে সঙ্গে দিল্লীর খড়িবোলী ভদ্র সমুদায়ের পারম্পরিক ভাবের আদান-প্রদানের ভাষা হয়ে ওঠে। বুসরো তো চতুর্দেশ শতাব্দীতেই ব্রজভাষার সঙ্গে সঙ্গে নির্ভেজন খাড়িবোলীতে কিছু পদা আর ধাঁধা রচনা কবেন। ঔরঙ্গজেবের সময় থেকে ফাসী মিপ্রিত খড়িবোলী বা রেখতায় শায়রীও শুরু হয়ে গিয়েছিল এবং তার প্রচার শিক্ষিত ফাসী জনসমূহের মধ্যে ক্রমশ বেড়েই চলেছিল। এভাবেই খড়িবোলীকে নিয়েই উর্দু সাহিত্যের উদ্ভব হয়। উর্দু ভাষায় নতুন নতুন বিদেশী ভাষার শব্দের আত্মীকরণও বেড়ে যেতে থাকে এবং তার আদর্শও ক্রমশ বিদেশী হয়ে যেতে থাকে।

মোগল সাম্রাজ্য ধ্বংসও খড়িবোলী প্রসারে খুবই সহায়ক হয়েছিল। দিল্লী আগ্রা প্রভৃতি পুরাতন শহরের সমৃদ্ধি নষ্ট হতে থাকে এবং লক্ষ্ণৌ, পাটনা, মুর্শিদাবাদ প্রভৃতি নতুন নতুন রাজধানীর ঔজ্জ্বল্য বাড়তে থাকে। এদিকে ক্রম শ্রিয়মান দিল্লী শহর ছেড়ে মীর, ঈশা প্রভৃতি অনেক উর্দু শায়র দেশের পূর্বভাগের দিকে চলে যেতে থাকেন অন্যাদিকে দিল্লীর্নী আশপাশের অঞ্চলের হিন্দু ব্যবসাদার শ্রেণী (যেমন আগরওয়াল, ক্ষত্রী প্রভৃতি)

জীবিকার জন্য লক্ষ্ণৌ, ফৈজাবাদ, প্রয়াগ, কাশী, পাটনা পূর্বাঞ্চলের শহরসমূহে ছড়িয়ে পড়তে থাকেন। তাঁদের সঙ্গে তাঁদের কথ্যভাষা খড়িবোলীও আপন বিচরণ ক্ষেত্র বিস্তৃত করতে লাগল। এটা একটা স্বতঃসিদ্ধ ব্যাপার যে উর্বর ও সম্পদশালী প্রদেশের লোকরা. ব্যবসায়ক্ষেত্রে উদ্যোগী হয় না। আর সেজনাই পূর্বাঞ্চলের প্রদেশসমূহে পশ্চিমাঞ্চলের এই সব ব্যবসায়ীদের প্রধান্য বাড়তে থাকে। এভাবেই বড় বড় শহরের ব্যবহারিক ভাষাও ক্রমশ হয়ে উঠে খড়িবোলী। এই খড়িবোলী ছিল অবিমিত্র। মুঙ্গী আর মৌলবিদের উর্দু বা মিত্রভাষা নয়। এ-ভাষা আপন অবিকৃত রূপে সরাসরি পশ্চিম থেকে আগত জাতিদের ঘরে ব্যবহৃত ভাষা। মুসলমানদের দ্বারাই খড়িবোলীর সৃষ্টি এবং তার মূল রূপ উর্দু যা থেকে আরবী, ফারসী শব্দে হেঁটে বাদ দিয়ে আধুনিক হিন্দী গদাভাষা গঠন করা হয়েছে— এ কথা যাঁরা বলেন বা মনে করেন তাঁরা নির্ভেজাল ভ্রম বা অজ্ঞানতারই শিকার। অবশ্য এই ভ্রমের কারণ এই যে দেশের পরম্পরাগত সাহিত্যের সংবত ১৯০০ সাল পর্যন্ত ভাষা ছিল ব্রজভাষা আর তার প্রকাশ ছিল কাব্যময়। খড়িবোলী সাহিত্যে অদ্যবিধি অব্যবহৃতে অন্য ভাষার মতো দেশেব একপ্রান্তের কথ্যভাষাই ছিল।

কোন ভাষার সাহিত্যে অব্যবহার প্রমাণ করে না যে ঐ ভাষার অস্তিত্বই ছিল না। উর্দুর রূপ পরিগ্রহের পূর্বে খড়িবোলী দেশীয় ভাষা কপে বর্তমান ছিল এবং আজও আছে। কেউ কেউ কখনো সখনো এই ভাষাকে সাহিত্যে যে ব্যবহার করে দিতেন তা আগেই দেখানো হয়েছে।

ভোজের সময় থেকে শুরু করে হন্মীরদেবের সময় পর্যন্ত অপস্রংশ কাব্যের ধারা চলতে থাকে এবং তার ভিতর খড়িবোলীর প্রাচীন রূপের দর্শন কখনো কখনো পাওয়া যায়।

উত্তরমধ্য কাল— (রীতিকাল) সমাপ্ত হতে হতে এদিকে দেশে ইংরাজদের শাসন ব্যবস্থা পুরোপুরি প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল। তাই দেশীয় ভাষা শিখবার আগ্রহ ছিল খুবই স্বাভাবিক ব্যাপার। ভদ্রসমাজেই তাঁরা দুধরনের ভাষা প্রচলিত দেখলেন। এক খড়িবোলীর সাধারণ দেশীয় রূপ আর দ্বিতীয় মুসলমানদের দেওয়া দরবারী রূপ। উর্দু নামেই যার প্রচার ছিল।

যখন সংবত ১৮৬০-এ ফোর্ট উইলিয়ম কলেজের (কলকাতা) হিন্দী উর্দু অধ্যাপক জন গিলক্রাইষ্ট দেশীয় ভাষায় গদ্য পুস্তকাবলি রচনার ব্যবস্থা করেন তখন তিনি হিন্দী এবং উর্দুর জন্য ভিন্ন ভিন্ন ব্যবস্থা করেন। অর্থাৎ তিনি উর্দু থেকে সতন্ত্র খড়িবোলীর অন্তিত্ব সাধারণ ভদ্রভাষার রূপে প্রাপ্ত হন। ফোর্ট ইউলিয়াম কলেজের আশ্রয়ে লল্লুলালজী গুজরাতী খড়িবোলীর গদ্যে 'প্রেমসাগর' এবং সফল মিশ্র 'নাসিকেতোপাখ্যান' লেখেন। অতঃপর খড়িবোলীকে একসঙ্গে এগিয়ে গিয়ে যান চার মহানুভব— মুঙ্গী সদাসুখলাল, সৈয়দ ইনসাঅল্লা খাঁ, লল্লুলাল আর সফল মিশ্র। এই চার লেখকই ১৮৬০-এর সমসাময়িক কালে রচনাকার্যে লিপ্ত ছিলেন।

ভারতেন্দু হরিশ্চন্দ্রের (১৮৫০-১৮৮৫) ভাষা ও সাহিত্যের উপর প্রভাব খুব গভীরভাবে পড়ে। তিনি যেভাবে গদোর ভাষাকে উভমরূপে সংস্কারসাধন করে এক প্রচলিত সুমিষ্ট

হিন্দি সাহিত্যের ইতিহাস: কিছু অংশ 🗘 ০৫

ও স্পষ্ট রূপ দিয়েছিলেন তেমনই হিন্দী সাহিত্যকেও নতুন এক রাস্তায় এনে দাঁড় করিয়েছিলেন। তাঁর ভাষা সংস্কারের মহত্তকে সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করেছেন এবং তাঁকে বর্তমান হিন্দী গদোর প্রবর্তক বলে মেনে নেওয়া হয়েছে'। তিনি সাহিত্যকে নতুন পথ দেখান এবং শিক্ষিত জনতার সাহচর্যে নিয়ে আসেন। নতুন শিক্ষার প্রভাবে লোকের বিচারধারায় পরিবর্তন আসছিল। তাঁর মনে দেশকল্যাণ, সমাজকল্যাণ প্রভৃতির নতুন নতুন উৎসাহের সঞ্চার হচ্ছিল। কালের গতির সঙ্গে তাল রেখে তাঁর ভাব ও ভাবনা তো অনেক বেশী অগ্রসর হয়ে গিয়েছিল কিন্তু সাহিত্য ছিল পিছনে পড়ে। ভক্তি, শৃঙ্গার প্রভৃতি পুরানো ধাঁচের কবিতাই লেখা হচ্ছিল। মাঝে মাঝে কিছু শিক্ষাবিষয়ক পুস্তকাদি অবশাই প্রকাশিত হচ্ছিল কিন্তু দেশ কালের অনুকূলে কোনো সাহিত্য রচনার কোনো ব্যাপক প্রচেষ্টা তখনো নজরে আসেনি। বঙ্গদেশে নতুন রীতির নাটক, উপন্যাসের সূত্রপাত হয়ে গিয়েছিল। এইসব নাটক ও উপন্যাসে দেশ আর সমাজের নতুন চিন্তাভাবনা এবং রুচির প্রতিফলন হতে থাকছিল। কিন্তু হিন্দী সাহিত্য তার সনাতন পথ ধরেই চলছিল। ভারতেন্দু হিন্দী সাহিত্যকে তার চলার পথ থেকে ঘূরিয়ে জনজীবনের সহগামী করে দিলেন। এভাবে আমাদের জীবন আর সাহিত্যের মধ্যে যে বিচ্ছেদ গড়ে উঠেছিল তা তিনি দুরীভূত করেন। আমাদের সাহিত্যকে নব নব বিষয়ের দিকে হ্রিশ্চন্দ্রই আকৃষ্ট করিয়েছিলেন।

ভারতেন্দুর যুগের লেখকদের ভারতীয় জীবনধাবাব বিভিন্ন রূপের সঙ্গে হার্দিক সম্পর্ক সম্পূর্ণত প্রতিষ্ঠিত হয়। ভিন্ন ভিন্ন ঋতুতে ভারতীয় উৎসব তাঁদের মনে নতুন নতুন উৎসাহের সঞ্চার করত। যুগ যুগ ধরে চলে আসা আমোদ প্রমোদ তাঁদের মনে উৎসুকা ও প্রফুল্লতা এনে দিত। আজকালের মতো তাঁদের জীবন দেশের সাধাবণ মানুষের জীবন থেকে বিচ্ছিন্ন ছিল না। বিদেশী আঁধি তাঁদের চোখে দেশের আসল রূপ ও রঙ দেখতে না পাওয়ার মতো ধূলা দিতে পারেনি। এঁরা কালের গতির দিকে লক্ষ্য রেখেছিলেন, সংস্কারের পথও তাঁরা দেখচ্ছিলেন পরস্ক পশ্চিমের সবকিছুকেই উন্নতিব পর্যায় বলে মনে করতেন না। প্রাচীন আর নবীনের সন্ধিন্থলে দাঁড়িয়ে তাঁরা উভ্যের মিলন সুব্যবস্থিত করতে চেয়েছিলেন।

ভারতেন্দু, প্রতাপনারায়ণ মিশ্র, বদ্রীনারায়ণ চৌধুরী উদ্যোগ নিয়ে নাট্যাভিনয়ের ব্যবস্থা করতেন। কখনো কখনো তাঁরা নিজেরাও অভিনয় করতেন। পগুত শীতলাপ্রসাদ ত্রিপাঠির রচিত 'জানকীমঙ্গল' নাটক-এর মহাসমারোহে যে অভিনয় হয়েছিল ভারতেন্দুও তাতে অভিনয় করেছিলেন। এই অভিনয় দেখবার জন্য কাশীনবেশ মহারাজ ঈশ্বরী প্রসাদ নারায়ণ সিংহও উপস্থিত ছিলেন। এ খবর ৮ মে ১৮৬৮-র ইণ্ডিয়ান মেল পত্রিকায় প্রকাশিত হয়েছিল। প্রতাপনারায়ণ মিশ্রের অভিনয়ের জন্য গোঁফ কামাবার অনুমতি তাঁর পিতার কাছ থেকে নেওয়ার কাহিনীও এই উপলক্ষ্যে এক প্রসিদ্ধ ঘটনা।

মহবিরপ্রসাদ দ্বিবেদী ১৯৩০ সালে 'সরস্বতী' পত্রিকা সম্পাদনার ভার নিয়েছিলেন। তারপর থেকে তাঁর সমস্ত সময়টা ব্যয়িত হয়েছে লেখারই কাজে। তিনি মনে করতেন যে লেখার সাফল্য তখনই সম্ভব যখন গুরত্বপূর্ণ বিষয় আলোচনা এমন সরলভাবে করা যায় যে সাধারণবৃদ্ধি পাঠকও তার অনেকখানি রস উপভোগ করতে পারে। কয়েকটি প্রয়েক্তনীয় পুস্তক লেখা ছাড়াও তিনি অনেক ছুটকা রচনাও লেখেন। আর এই সব লেখার অধিকাংশই 'বাতোঁ কে সংগ্রহ' পুস্তকে লিপিবদ্ধ হয়।

একথা বলাই বাহুলা যে দ্বিবেদীজীর রচনা বা প্রবন্ধ বিচারাত্মক শ্রেণীরই অন্তর্ভুক্ত। কিন্তু তাঁর বিচার ধারায় এমন কোনো গোঁড়ামী ছিল না যার ফলে উত্তেজিত পাঠক অন্য কোনো বিচার ধারার দিকে ধাবমান হয়।

বর্তমান জগতে উপন্যাসের শক্তি অনেক। সমাজ যে রূপ পরিগ্রহ করছে, সমাজের ভিন্ন ভিন্ন শ্রেণীর মধ্যে যে মনোভাব উৎপন্ন হচ্ছে, উপন্যাস কেবল সেটা পর্যবেক্ষণই করে না, সংস্কার ও নিরসনের মনোভাবও উৎপন্ন করে। সমাজের মধ্যে পানভোজন-এর রীতি রেওয়াজও নকল হয়ে চলেছে— গরমকালে সূট্রুট পরে টেবিলে প্রীতিভোজ চলছে— এসব রীতি রেওয়াজকে হেসে নস্যাৎ করার সামর্থ উপন্যাসের আছে। লোক সমাজ বা কোনো জনসমাজের মধ্যে কালের গতি অনুসারে যে রহস্যময় ও দুর্ভাবনায়য় পরিস্থিতি এসে হাজির হয় তাকে সাধারণের গোচরীভূত করা এবং কখনো কখনো তা থেকে নিস্তার পাওয়ার পথনির্দেশ উপন্যাসেরই কাজ।

মানুষের সাময়িক পরিস্থিতির মধ্যে সীমাবদ্ধ না থেকে জীবনের নিতা বৈষম্য ও সমস্যা লোকের সুমুখে তুলে ধরার মতো উপন্যাসও ইয়োরোপে লেখা হয়েছে এবং এখনও রচিত হচ্ছে। জীবনের যা কিছু চিরকালীন মূলবোধ নির্ধারিত হয়ে গেছে— যেমন পাপ আর পুণ্য— তার মীমাংসায়ও উপন্যাস আজ প্রবৃত্ত। এইভাবেই সেখানে উপন্যাসের লক্ষ্য ক্রমশ সুউচ্চ হয়ে চলেছে যদ্বারা জীবনের নিতা স্বরূপ চিস্তা এবং অনুভবকারী প্রখ্যাত কবিরাও উপন্যাসের ক্ষেত্রে কাজ করতে উদ্বৃদ্ধ হচ্ছেন। খুবই খুশীর কথা যে আমাদের হিন্দী সাহিত্যেও ভগবতীরচণ বর্মা 'চিত্রলেখা' শীর্ষক এই ধরনের একটি সুন্দর উপন্যাস রচনা করেছেন।

দ্বিতীয় পর্যায়ে বাংলা ভাষা থেকে অনুদিত অথবা তারই আদর্শে রচিত উপন্যাসাবলিতে দেশের সাধারণ মানুষের গার্হস্তা এবং পারিবারিক জীবনের বড় মর্মস্পর্শী এবং বাস্তবিদ্র রচিত হতে থাকে। প্রেমচন্দের উপন্যাসেও নিম্ন এবং মধ্যম শ্রেণীর গৃহস্থের জীবনের অনেক প্রকৃত চিত্র পাওয়া যায়। কিন্তু এমন উপন্যাসও আজকাল পাওয়া যাচ্ছে যা একপ্রেণীর নগণ্যসংখ্যক মানুষের ইয়োরোপীয় ধাঁচে জীবনযাপনের চিত্র। তাতে মিস্টার, মিসেস, মিস, প্রফেসর, হোষ্টেল, ক্লাব, ডুয়িং রুম, টেনিস, মাচ, মিনেমা, মোটর চড়ে হাওয়া খাওয়া, কলেজে ছাত্রাবস্থায় প্রণয়ব্যবহার ইত্যাদিই প্রাধান্য পাছে। এটা ঠিক যে ইংরাজী শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে দেশের আধুনিক জীবনে এও এক ধারা হয়ে গেছে তবে এটাই সব নয়। ভারতীয় জীবন যাপন, পান ভোজন, রীতিব্যবস্থার প্রায় সমগ্র জনসমষ্টির মধ্যে একটু রয়ে গেছে। দেশের বাস্তব সামাজিক এবং গার্হস্তা জীবনকে আড়াল করা আমরা ভাল মনে করি না।

বর্তমান সময়ে ঐতিহাসিক উপন্যাসের ক্ষেত্রে কেবল বাবু বৃন্দাবনলাল বর্মাই নজরে আসেন। তিনি ভারতীয় ইতিহাসের মধ্যযুগের প্রারম্ভকালে, বুন্দেলখণ্ডের পটভূমিতে 'গড়কুগুর' এবং 'বিরাটা কী পদ্মিনী' নামক দুখানি বৃহৎ এবং সুন্দর উপন্যাস লিখেছেন। 'বিরাটা কী পদ্মিনী'র কল্পনা তো অত্যম্ভ মনোমুগ্ধকর।

উপন্যাসের ভিতর দীর্ঘ দৃশ্য বর্ণনা এবং ধারাবাহিক ভাবব্যঞ্জনাময় ভাষণ ব্যবহার করার যে প্রথা প্রচলিত ছিল ইয়োরোপে তা বহুল পরিমাণে সংক্ষিপ্ত করা শুরু হয়েছে অর্থাৎ

হিন্দি সাহিত্যের ইতিহাস: কিছু অংশ /২০৭

সেখানে উপন্যাস থেকে কাব্যের রঙ প্রায় মুছে দেওয়া হয়েছে। আমাদের দেশেও ঠিক একই ব্যাপার ঘটেছে নাটক আর উপন্যাসের ক্ষেত্রে যথার্থবাদ নামে। এদ্বারা উপন্যাসের নিজস্ব বৈশিষ্ট্য যে মালিন্যমুক্ত হয়ে আরো উজ্জ্বল হয়েছে এ ব্যাপারে কোনো সন্দেহই নেই। এ বৈশিষ্ট্য এই যে ঘটনাবলী আর পাত্র পাত্রীদের ক্রিয়াকলাপই ভাবের অনেক কিছু বাক্ত করে, ভাষণ নয়। উপন্যাসের পাত্র পাত্রীদের সামান্য ছোট ছোট কথাবার্তাই মনের উপর প্রভাব বিস্তার করে। এই তৃতীয় পর্যায় আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গেই আমাদের হিন্দী উপন্যাসকে পূর্ণ বিকশিত এবং পরিমার্জিত স্বাভাবিক অবস্থায় নিয়ে হাজির হন প্রেমচন্দ। দ্বিতীয় পর্যায়ের উপন্যাসকারদের মধ্যে শীলবৈকল্যের উদ্ভাবনা উল্লেখ করবার মতো কিছু নয়। প্রেমচন্দের পাত্রপাত্রীদের মধ্যে এমন কিছু স্বাভাবিক ধরনের ব্যক্তিগত বিশেষতা দেখা গেল যা দেখে মনে হওয়া স্বাভাবিক যে এমন মানুষ আমিও কোথায় যেন দেখেছি। এই ব্যক্তিগত বিশেষতাই খাঁটি বিশেষতা। আব এই বিশেষতাকে মিথ্যা বৈশিষ্ট্য আর শ্রেণীগত বৈশিষ্ট্য থেকে যে পৃথক একথা মনে রাখা প্রয়োজন। প্রেমচন্দের মতো প্রচলিত এবং পাত্রানুরূপ আকৃতি বদলকারী ভাষা ইতিপূর্বে আর দেখা যায়নি।

অন্তঃপ্রকৃতি বা আচার আচরণের ধাপে ধাপে প্রকাশ করার কৌশলও প্রেমচন্দেব দু-একটা উপন্যাস, বিশেষত জবন-এ দেখতে পাওয়া যায়। সৎ ও অসৎ, ভাল এবং মন্দ এ দু'ধরনের সম্পূর্ণ পৃথক চরিত্রসৃষ্টির প্রথাও এই তৃতীয় পর্যায়ে অনেক কম হয়ে যায়। পরস্থ মনোবৃত্তির অন্থিরতার সেই চিত্র আজ খুব কমই দেখা যায় যেখানে মানুষ বিশেষ পরিস্থিতিতে তার আচার আচরণ ও স্বভাবের বিরুদ্ধাচরণ করে চলে।

তৃতীয় পর্যায়ে এসে 'খড়িবোলী'তে কাব্যেব বহুল স্মুরণ ঘটে। যে দেশপ্রেম অবলম্বন করে কাব্যের নতুন ধারা ভারতেন্দুকালে প্রবাহিত হয়েছিল তা পরবর্তীতে প্রবল এবং ব্যাপক রূপ ধারণ করে। দেশ শাসনে অব্যবস্থা এবং অশান্তির পর ইংরাজদের শান্তিময় এবং প্রজ্ঞারক্ষায় মনোযোগী শাসনের প্রতি কৃতজ্ঞতার ভাব ভারতেনুকালে গড়ে ওঠে। আর সেজন্যই সে সময় দেশভক্তির কবিতায় প্রায়শই রাজভক্তির সুর শুনতে পাওয়া যেত। দেশের দুঃখ দুর্দশার মূল কারণ যে রাজনৈতিক তা বুঝে সমঝেও সেই দুঃখ দুর্দশা থেকে রক্ষা পাবার জন্য কবিরা দয়াময় ভগবানকেই দুর্দশা নিরসনে ডাকাডাকি করা থেকে বিরত হননি। কোথাও এও পাওয়া যায় যে ব্যবসাপত্র বৃদ্ধি না করার জনা, পড়ে পড়ে কুড়েমী করার জন্য এবং দেশে প্রস্তুত দ্রব্যাদি ব্যবহার না করার জন্য দেশবাসীকে তিরস্কাব করা হয়েছে। সরকারের প্রতি রোষ বা অসন্তোষের ছিটেফোঁটাও সেখানে খুঁজে পাওয়া ষেত না। জ্বাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা হওয়ার পরও বহুদিন পর্যন্ত দেশভক্তির ব্যাপারে তদানীস্তন সাহিত্যকর্মে বিশেষ কোনো গুরুত্ব দেখতে পাওয়া যায় না। আসল কথা এই যে সারা বছরে একবারই কিছু শিক্ষিত এবং ধনী ও সমাজে প্রতিষ্ঠাসম্পন্ন মানুষ একত্র হয়ে রাজনীতির লম্বাচওড়া কথাবার্তা শোনা যেত যার কোনো প্রভাবই সমাজজীবনে পড়ত না। দ্বিবেদীকালে দেশভক্তিমূলক রচনা শাসনপদ্ধতির প্রতি অসম্ভোষ তো শোনা যেত কিন্তু কর্মে উদ্বুদ্ধকারী উৎ্কুসাহ তাতে ছিল না। আন্দোলনও কখনো কৃপাভিক্ষা স্তর ছেড়ে উপরে ওঠেনি।

তৃতীয় পর্যায়ে এসে পরিস্থিতি অনেক বদলে গিয়েছিল। আন্দোলন সক্রিয় রূপ ধারণ

করল, আর গ্রামে গ্রামে আর্থিক পরাধীনতার বিরুদ্ধে চিস্তাভাবনার সঞ্চার করা সম্ভব হয়েছিল। সরকারের কাছে কিছু প্রার্থনা করার পরিবর্তে এখন কবিদেব কাব্যে দেশবাসীকে 'স্বাধীনতার অধিষ্ঠাত্রী দেবীর বেদীমূলে বলিদান' হওয়ার জন্য প্রোৎসাহিত করা হতে नाशन। এসময়ে যে সব আন্দোলন চলে সেগুলো সাধারণ মানুষদের সঙ্গে নিয়েই চলে। ফলে জনসাধারণের মধ্যে মনোবল বেড়ে যেতে থাকে। সবচেযে বড় কথা, এই আন্দোলন সমূহকে বিশ্বের অন্যান্য অঞ্চলের আন্দোলনের সঙ্গে যুক্ত করার ফলে তা এক সার্বভৌম আন্দোলনের এক শাখার মতই মনে হতে লাগল। বর্তমান সভ্যতা আর লোকের দুঃসহ আর্থিক বৈষম্য থেকে যে অসম্ভোষ উচ্চস্থর পশ্চিমে উঠেছিল তার স্বর এখানেও পৌঁছে যায়। অন্য দেশের সম্পদ টেনে নেওয়ার জন্য ইয়োরোপে যে বড় বড় যন্ত্রপাতির উদ্ভাবন (ভারি যন্ত্র উদ্ভাবন) হচ্ছিল তাতে মূলধন নিবেশকারী সামান্য কয়েকজনের হাতে অপার ধন জড় হতে থাকে অন্যদিকে অগণিত মেহনতী মানুষের পক্ষে বেঁচে থাকার জন্য অবশ্য প্রয়োজনীয় আহার পরিধেয় জোটাও অসম্ভব হয়ে পড়তে লাগল। ওদিকে ইযোবোপে মেশিন দ্বারা সৃষ্ট সভ্যতার বিরুদ্ধে টলস্টয়ের ধর্মযুদ্ধে উদ্বুদ্ধ করাব বাণী শোনা যেতে লাগল। এই সব বাণীব অনুবাদ গান্ধিজী করেছিলেন। অন্যদিকে এই ভয়ংকর আর্থিক বৈষম্যের বিরুদ্ধে প্রতিক্রিয়ারূপে সাম্যবাদ আর সমাজবাদের মত প্রচার হাতে থাকে এবং রাশিয়ায় এই মত প্রচন্ত রূপ ধারণ করে সমস্ত রাষ্ট্রব্যবস্থাকেই পালটে ফেলেছিল।

এ সময়ে সারা সভ্যজ্জগতের এক দেশের কাছে অন্য দেশের দ্বার খুলে গিয়েছিল। এর ফলে এক দেশে যে ঝড় ওঠে তার খবর তো অন্য দেশের শিক্ষিত শ্রেণীর কাছে অবশ্যই পৌঁছে যায়। যদি দেশের পরিস্থিতির সঙ্গে অন্য দেশের পরিস্থিতির সামঞ্জস্য সাধন হয় তবে সেই পরিস্থিতির অনুরূপ আন্দোলন চলতে থাকে। এই নিয়ম অনুসারে শোষক সাম্রাজ্যবাদের বিরুদ্ধে রাজনৈতিক আন্দোলন হাড়াও এখানেও কিসান আন্দোলন, मकनूत जात्मानन, जड़ार जात्मानन दैजानि वर जात्मानन এक वितार পतिवर्जनविन আন্দোলনের রূপে নানা ধারায় চলতে থাকে। গ্রীরামধারী সিংহ 'দিনকর', বালকৃষ্ণ শর্মা 'নবীন', মাখনলাল চতুর্বেদী প্রভৃতি বেশ কিছু কবির বাণী দ্বারা ভিন্ন ভিন্ন এসব আন্দোলন প্রতিধ্বনিত হয়েছিল। এই সময়ে অন্য দেশের দেখাদেখি কিছু কিছু এমন আন্দোলনও গড়ে উঠেছিল বাস্তবে সেসব আন্দোলনের উপযুক্ত সময় তখনো হয়নি। ইয়োরোপে যখন দেশের পর দেশ বড় বড় কলকারখানায় ভরে গিয়েছিল এবং দেশের বহু মানুষ সেখানে কাব্জে কর্মে লেগে পড়েছিল তখন সেখানে এসেছিল মজদূর আন্দোলনের মাহেন্দ্রহ্মণ। এখানে এখন কেবল কলকারখানা গড়ে উঠছে এবং সেখানে কর্মরত মৃষ্টিমেয় শ্রমিকের অবস্থা দেশের কৃষিক্ষেত্রে কর্মরত কোটি কোটি কৃষকের থেকে অনেক ক্ষেত্রে ভালই বলা চলে। তবুও মজদুররা আন্দোলনে সামিল হয়ে গেছে। সে যা-ই হোক এদের আন্দোলনের তীব্র স্বর আমাদের কাব্যবাণীতে এসে মিলিত হয়েছে।

যখন জীবনের কোনো কোনো ক্ষেত্রে একসঙ্গে সব কিছু পরিবর্তনের আওয়াজ শোনা যায় তখন পরিবর্তন এক 'মতবাদ'-এর ব্যাপক রূপ ধারণ করে এবং অগণ্য লোকের ক্ষেত্রে স্বতঃই তা হয়ে ওঠে চরম লক্ষা। বিপ্লবের নামে পরিবর্তনের প্রবল কামনা আমাদের হিন্দী কাবাক্ষেত্রে ব্যাপক ধ্বংসের পদাবলীতে ব্যক্ত করা হয়েছে। এই কামনার সঙ্গে সঙ্গে প্রচীন এর পরিবর্তে নতুন দর্শনের তীব্র অভিলাষ সুস্পষ্ট হয়ে উঠেছে। সব কিছুতেই

হিন্দি সাহিত্যের ইতিহাস : কিছু অংশ 🗘 ০৯

পরিবর্তনের কামনা ঠিক কতটা বর্তমান পরিস্থিতি পর্যালোচনায় উদ্ভূত সিদ্ধান্ত আর কতটা নিছকই অনুকরণ বলা মুস্কিল। এটা স্পষ্ট যে এই পরিবর্তনবাদ প্রদর্শনের প্রচেষ্টা অধিক হযে গেলে জগৎ আর জীবনের নিত্যস্বরূপের অনুভূতি কম হঁয়ে যাবে। এই অনুভূতিই তো কাবাকে দীর্দায়ু প্রদান করে।

এই তৃতীয় পর্যায়ে যে পরিবর্তন হয়েছে, পরে যাকে 'স্বচ্ছন্দতাবাদ' (Romanticism) বলা হয়, তা সেই দ্বিতীয় পর্যায়ের 'ইতিবৃত্তাত্মক' এবং 'বাহ্যার্থ নিরূপক' (Matter of fact) কবিতাব বিরোধী বলা চলে। তার প্রাচীন লক্ষ্য ছিল কাব্যশৈলী, বস্তুবাদ নয়।

'স্বচ্ছন্দতাবাদ' (Romanticism) যখন পর্যন্ত আধ্যাত্মিক প্রেমকে বিষয়বস্ত করেছিল তখন পর্যন্ত সেটা তো রহস্যবাদেরই অন্তর্ভুক্ত ছিল। তারপর প্রতীকবাদ বা চিত্রভাষাবাদ (Symbolism) নামক কাব্যশৈলীর রূপে গৃহিত হয়েও তা অধিকাংশ ক্ষেত্রে প্রেমগানই গেযে চলেছিল। খুশীর কথা এই যে আজকাল অনেক কবি ঐ সংকীর্ণ ক্ষেত্র থেকে বাহির হয়ে এসে জগৎ আব জীবন এবং নিগৃঢ় ভারতত্ত্বের দিকে এগিয়ে যাচ্ছেন।

স্বর্গীয় জয়শংকর প্রসাদ বিরহবেদনাব নানা সুসজ্জিত শব্দ সম্ভার ব্যবহার ও লৌকিক এবং অলৌকিক প্রণয়ের সুমিষ্ট করে চলেছিলেন এদিকে 'লহব'-এ কিছু ঐতিহাসিক বৃত্ত নিয়ে 'স্বচ্ছন্দবাদ' (Romanticism) -এর চিত্রময় শৈলীকে বিস্তৃত অর্থবাহী রূপ দেওয়ার চেষ্টাও করেছিলেন। জগতের বর্তমান দুঃখদ্বেষপূর্ণ মানবজীবনের অনুভূতি তাঁকে 'চলে জগত কে বৃন্দাবন বন জানে'র আশা প্রকাশ করেছিলেন এবং 'জীবন কে প্রভাত কে'ও জাগিয়েছিলেন। সুমিত্রানন্দন পশ্ব 'গুঞ্জন'-এ সৌন্দর্য চয়ন থেকে আরো অগ্রসর হয়ে জীবনের নিত্য স্বরূপের প্রতি দৃষ্টি দিয়েছিলেন। তাঁব 'যুগবাণী'তে অনেক কিছু বর্তমান আন্দোলনের প্রতিধ্বনিতে পরিণত হতে দেখা যাচ্ছে।

'নিরালা'র রচনার ক্ষেত্র প্রথম থেকেই বেশ বিস্তৃত ছিল। তিনি যেভাবে 'তুম' ও 'মে' এ 'নাদ বেদ আকার সার' এর গান গেয়েছেন, 'জুহী কী কলী' আর 'শেফালিকা' য় উন্মন্ত প্রণয় প্রচেষ্টার সুন্দর চিত্র ফুটিয়ে তুলেছেন ঠিক তেমনটিই পাই 'জাগরণ বীণায়'। এই জ্বগন্থায়ে 'বিধবা'র করুণ মূর্তি তিনি তুলে ধরেছেন আবার এলাহাবাদের পথে পাথর ভাঙা শ্রমিক মহিলার মাথার শ্রমস্বেদ দেখিয়েছেন। এখন ও শেলীর বৈলক্ষণ্য দ্বারা প্রতিক্রিয়া দর্শনের বেগ কমে গেলে অর্থভূমির রমণীয়ে প্রসারচিহ্নও তথাকথিত রোমান্টিক কবিদের লেখা নজরে আসছে।

এদিকে আমাদের সাহিত্যক্ষেত্রের গতি ও প্রবাহ পরিচালনা হচ্ছে পশ্চিম থেকে।
শিল্পকর্মে 'ব্যক্তিত্বের' আলোচনা খুব প্রসারলাভ করায় কিছু কবি সাধারণ মানুষের সঙ্গে
তার নিজের মিল না হওয়ায় অনুভূতির খুব লম্বা চওড়া বিবরণ দান করে চলেছেন।
ভাবনার ক্ষেত্রে এই অসামঞ্জস্যের স্থান অবশাই রয়েছে কিন্তু এ কোনো স্থায়ী বা ব্যাপক
অনুভূতি নয়। আমাদের ভারতীয় কাব্য যেখানে পৌঁছে সকল হৃদয়েরই মিলন হবে সেই
ক্ষেত্রভূমিতেই বরাবর বিচরণ করে এসেছে। এই সামঞ্জস্যকে নিয়ে, এই 'বিবিধের মাঝে
মহান মিল'কে নিয়ে চলে এসেছে, অসামঞ্জস্যকে সাধী করে নয়।

প্রথম সংস্করণ ১৯২৯ দ্বিতীয় সংস্করণ ১৯৪০

अनुवाप : সুদीन ठ८द्वाभाषााय

# রামচন্দ্র শুক্ল সংক্ষিপ্ত জীবনপঞ্জী

#### **३**४४४८

☐ ৪ঠা অক্টোবর ১৮৮৪-এর মধ্যাহে, বস্তি জেলার অসৌনা গ্রামের একটি মাটির বাড়ির পশ্চিমমুখী দরে, রামচন্দ্র শুক্ল-র জন্ম হয়েছিল। জ্যোতিষশাস্ত্রে বিশ্বাস না থাকায় তাঁর কোষ্ঠি ঠিকুজী বানানো যায়নি। পিতার নাম চন্দ্রবলী শুক্ল। সাতমাসে জন্ম হওয়ার ফলে শারীরিকভাবে দুর্বল রামচন্দ্র শুক্ল পিতামহীর অসীম ভালবাসা পেয়েছিলেন। শুক্রজী পিতামহীকে 'দুধু' বলতেন, মাকে বলতেন 'অন্মা'।

জঙ্গল, টিলা আর ঝোপঝাড়ের মাঝে গড়ে ওঠা অগৌনা গ্রামে সে সময় উর্বর ভূমি কম ছিল, সেখানে সাধারণ শ্রেণীর লোকরাই থাকত। তাদের বাচ্চাদের সঙ্গে টিলায় ঝোপঝাড়ে খেলে বেড়িয়ে শুক্রজীর ছ`বছর কেটে গিয়েছিল। এ ব্যাপারে পিতামহী তার ওপর কোনো চাপ সৃষ্টি কবেননি।

## ンケかり

কানুনগো সুপারভাইজার পদে নিযুক্ত হওয়ার পব পিতা চন্দ্রবলী শুক্ল তাঁর পরিবারকে নিয়ে গেলেন হমীরপুর জেলার রাঠ শহরে। ঐ বছরই পণ্ডিত গঙ্গাপ্রসাদের বাড়িতে রামচন্দ্র শুক্লর বিদ্যারস্ত হল। ১৮৯২-এ উর্দু স্কুলে ভর্তি হওয়ার পব উর্দু, ফাসী এবং ইংরেজি শিক্ষা শুরু হয়।

অন্টোনার বিপরীত রাঠ শহরে তখন পত্না আল্হা-উদ্দলের বীরগাথা, শিবা ও ছত্রশালকে সম্বোধন করে হিন্দি কবি ভূষণের লেখা কারা, সীরী ফরহাদ তথা লায়লা মজনুব প্রেমগাথা প্রচলিত ছিল। ফার্সী সভাতা, ভাষা আর বেশভূষার অনুরাগী চন্দ্রবলী গুক্লর বন্ধু ছিলেন মুসলমান আর কায়স্থরাই। সান্ধা আড্ডায় তাঁর বাড়িতে ঋখেদ ইত্যাদি ভাষা, সত্যার্থ প্রকাশ, কোরান, বাইবেল প্রভৃতি নিয়ে আলোচনা হত। চন্দ্রবলী গুক্ল মৃতিপূজার বিরোধী ও সামাজিক সাম্যের অনুরাগী ছিলেন কিন্তু মুসলিম সংস্কৃতির পক্ষপাতী হওয়ায় তিনি আর্য সমাজের কট্টরতার বিরোধিতা করতেন। সনাতন ধর্মের গোঁড়ামি তিনি কখনোও পছন্দ করতেন না। বালক রামচন্দ্র শুক্ল এই সভাগুলিতে বসে থাকতেন। রাঠ থেকে মহোবা পর্যন্ত বিস্তৃত ছোট ছোট পাহাড়গুলিতে এবং তার ওপর তৈরি হওয়া দীঘিগুলির ধারে ভ্রমণ করা ছিল রামচন্দ্রের শুখ। এই শুখই ছিল পিতার সঙ্গে তাঁর দ্বন্দের মূল কারণ। কৃষকদের কাছ থেকে বেশি দাম নেওয়ার জনা, প্রায়ই দোকানদারদের সঙ্গে আমেলা করতেন এবং বাবার কাছে নালিশ এলে ঘরে পিতামহীর কাছে চুপ করে বসে পড়তেন। ক্লাসে প্রথম হওয়ার জনা উর্দু এবং হিন্দি শিক্ষক গঙ্গাপ্রসাদজী তাঁর ওপর শুব প্রসন্ন ছিলেন।

35ao
🛘 রামচন্দ্র শুক্রের মায়ের মৃত্যু। রাঠের 'দিয়ারা' দীঘির তীরে পিতা শেষকৃত্য করলেন
এবং সেখানে ইঁটের সমাধি বানিয়ে দিলেন। শুক্রজী সারারাত পুঁকুরের ধারে চুপ করে
বসে রইলেন। সকালে বাড়ি ফিরলেন।
🗌 পিতা চন্দ্রবলী শুক্ল-র মদর কানুনগো পদে মির্জাপুরে বদলী।
🔲 কিছুদিন ভাড়াবাড়িতে থাকার পর চন্দ্রবলীজী রমইপট্টিতে বাড়ি করলেন, তার সামনে
বাগানও করলেন। সেখানে সব রকমের গাছ আর ফুল ছিল। কুকুর, বিড়াল, খরগোশ,
টিয়া, ইত্যাদি পশুপাখি, ঘোড়সওয়ারী করার জন্য তিনটি ঘোড়াও পুষেছিলেন। মির্জাপুরে
সান্ধাকালীন সভায় মৌলবীদের সঙ্গে খ্রিস্টান, বাঙ্গালী এবং পণ্ডিতদের সংখ্যাও বৃদ্ধি
পেয়েছিল। কোবান-বাইবেলের সঙ্গে তখন গীতা, রামচরিতমানস, প্রেমসাগর, ভারতেন্দু
সাহিত্যকবি বসখান, সন্ত কবীর, মীরাব সংগ্রহও গ্রন্থাগাবে আনা হয়েছিল। কিন্তু ছেলেব
মনে উর্দু-ফাসী রুচি গড়ে তোলার জন্য পিতা হিন্দি পুস্তকের আলমারী শুক্রজীর কাছে
বন্ধ করে রাখতেন। তিনি সংস্থীতানুরাগী ছিলেন। তাই রামচরিতমানসের চাব লাইনের
ছন্দযুক্ত কবিতা এবং অন্য পদগুলি সুব করে পড়ে শোনাতেন। আর ছেলেকে অর্থও
বুঝিয়ে দিতেন।
🔲 রামচন্দ্র শুক্ল বাবার মতো পাজামার ওপর চাপকান অথবা পারসী কোট পরতে শুরু
করলেন। তাঁর ভাষা আর বেশভূষার মধ্যে মিল ছিল।
🔲 'অ্যাংলো-সংস্কৃত জুবিলি স্কুল'-এ প্রবেশ। তাঁর বুদ্ধি দেখে আকৃষ্ট হযে হেডমাস্টার
রামস্বরূপ বায় ইংরেজি বই দিয়ে তাঁব পড়াশোনা আরো গভীর করে তুললেন।
🔲 রামপ্রসন্ন ঘোষ আব কেদারনাথ পাঠক মেয়ো মেমোরিয়াল লাইব্রেবি স্থাপিত
করেছিলেন। পড়াশোনার অভ্যেস থাকায় শুক্লজী ১৮৯৩ থেকে নিয়মিত লাইব্রেরিতে
যেতেন। বইয়ের পাশে পাশে মন্তব্য লিখে রাখতেন। কেদারনাথ পাঠকের সঙ্গে এখানেই
তাঁর আলাপ হয়। তাঁর সঙ্গে রামচন্দ্র শুক্ল রামপ্রসম ঘোষের কাছে যেতে শুরু করেন।
সেখানে তাঁর মেয়ে রাজেন্দ্রবালা (বঙ্গমহিলা)-র সঙ্গে পবিচয় হয়। রাজেন্দ্রবালা তাঁকে
বাংলা বই দিতেন আর শুক্লজী তাঁকে হিন্দি এবং সংস্কৃত শেখাতেন। নিজের মতো এই
বাঙালী মহিলাকেও তিনি লেখার কাজে প্রবৃত্ত করান। দুজনে প্রায় সমবয়স্ক ছি <b>লে</b> ন।
রাজেন্দ্রবালা দু বছরের বড় ছিলেন। দু-জনের বন্ধুত্ব ক্রমশ ঘনিষ্ঠ হযে ওঠে। উল্লেখযোগ্য
যে, এই 'বন্ধমহিলা'ই ১৯০৭ সালে প্রথম আধুনিক হিন্দি গল্প 'দুলাইওয়ালী' রচনা
করেন। তিনি একটি গোঁড়া পরিবারের মেয়ে ছিলেন বলে নিজের নামে লেখা প্রকাশ
করতে পারতেন না, তাই হিন্দি পত্রিকাগুলিতে 'বঙ্গমহিলা' নামে তাঁর লেখা প্রকাশিত
হত।
🛘 বদ্রী নারায়ণ চৌধুরী 'প্রেমঘন' শুক্লজীর সাহিত্য শিক্ষা দৃঢ় করে তুলে ছিলেন।
এই ক্ষীণকায় মেধাবী বালকটির প্রতি তাঁর অপার স্লেহ ছিল।
🛘 মির্জাপুরে, প্রতিটি গ্রামে পাঁচ থেকে আট ক্লাস পর্যন্ত পড়েছে এমন দু-এক জনকে
र्रेल (तत करत, यूपि वा गाष्ट्र निर्ह पार्वमाना रूपन ছেলেদের पर्णामाना मियातात
পরামর্শ দিতেন আর পরে গিয়ে কতটা উন্নতি হল দেখতেন।

☐ ব্রাহ্মণদের তাঁদের গোঁড়ামির জন্য কটুক্তি করতেন। দার্শনিকবাদ নিয়ে আলোচনায় জড়িয়ে পড়তেন; অন্যায় দেখলে পথ চলতে চলতে ঝগড়া শুরু করে দিতেন। এই সব ভবদূরে, অধম, অকর্মণা নালিশ শুনে শুনে বাবা হয়রান হয়ে গিয়েছিলেন। বাবার
মুখ থেকে শুনেও তিনি তাঁর পথ ছাড়েননি। পিতামহী স্নেহবশত কিছু বলতেন না।
□ রামচন্দ্র শুক্রের বিমাতা, 'বড়িক অম্মা'র গৃহে আগমন।
১৮৯৬  □ কাশীর পণ্ডিত রামফলের মেয়ে সাবিত্রী দেবীর সঙ্গে শুক্রজীর বিবাহ, গৌনার (বিয়ের পর প্রথম বধু সহ বরের স্বগৃহে আগমন) পর ১৮৯৮ সালে বৌ বাড়িতে এলেন, বয়সে সামানাই পার্থক্য থাকায় বিমাতা আর স্ত্রীর মধ্যে প্রাযই পরেব কাজ নিয়ে ঝগড়াঝাঁটি হত। পিতামহী সম্নেহে তা থামাতেন। □ নীচু জাতির ছেলেদের সঙ্গে পুরে এসে শুক্রজী যখন সোজা রামাঘরে এসে বসতেন তখন পিতামহী বাধা দিতেন। রামচন্দ্র শুক্র ইতিহাস থেকে এমন সব তথ্য তুলে ধরতেন যা ঠাকুমাকে চুপ করে যেতে হত। □ মির্জাপুরের রাজনৈতিক পরিবেশ সে সময় লোকমান্য তিলকের উগ্রবাদ দ্বারা প্রভাবিত ছিল। রামচন্দ্র শুক্র তাঁর বন্ধুদের নিয়ে 'তিলক পার্টি' গড়েছিলেন। এই পার্টির প্রধান কাজ ছিল ইংরেজ প্রভু আর তাদের সহযোগীদের বাড়িতে পাথর ছোঁড়া, কুকুরকে রুটি-গুড় দিয়ে তাদের পিছনে ছোটানো, আর ব্যাঙ্গাত্মক ছোট ছোট কবিতা নিক্ষেপ করা। টিকিধারী পশুতদেরও ক্য্যাপানো হত।
১৮৯৬-৯৭  ☐ রামচন্দ্র শুক্র তিনটি নাটক লিখেছিলেন— 'হাস্য-বিনোদ', 'পৃথীরাজ', আর 'সংযোগিতা স্বয়ম্বব'। ইতিহাস নিয়ে সংশয় থাকায় 'সংযোগিতা স্বয়ম্বব' নিজেই ছিঁড়ে ফেলে দিলেন আর বাকি দুটি নাটকও তাঁর বন্ধুরা হাসি তামাশা করে ছিঁড়ে ফেলেছিল।
১৮৯৮  □ রামচন্দ্র শুক্র মিডল স্কুল পাশ করে মিশন স্কুলে ভর্তি হলেন। এখানে হেড়মাস্টার কাশীনাথ বড়ুয়া ছিলেন স্থিনটান আর প্রিন্সিপ্যাল এফ এফ লংম্যান ছিলেন ইংরেজ। এঁরা দুজনেই ছিলেন দর্শন, মনোবিজ্ঞান আর ইংরেজি সাহিত্যের জ্ঞানী এবং প্রকৃতি প্রেমিক। প্রায় প্রতিটি ছুটিতেই তাঁরা ছাত্রদের সঙ্গে পাহাড়ে পিকনিক করতে যেতেন। ততদিনে শুক্রজী নিজেকে লেখক ভাবতে শুক্র করে দিয়েছেন এবং দুই যোগ্য অধ্যাপকের সঙ্গে পঠিত বিষয়গুলি নিয়ে তর্ক-আলোচনা করে বুঝতে এবং বোঝাতে পারতেন। এই সময়েই তিনি এড়িসনের 'এসে অন ইমাজিনেশন' অনুবাদ করেছিলেন।
১৮৯৯  া পিতামহর মৃত্যু। কিছুদিন পর স্ত্রী বাপের বাড়ি চলে গেলেন। নিজের স্বাধীন ঘোরা- ফেরায় পিতার হস্তক্ষেপ এবং কড়াকড়ি রামচন্দ্র শুক্ল সহ্য করতে পারলেন না, ফলে

🔲 রামচন্দ্র শুক্লর পাহাড় আর গ্রামে ভ্রমণের শর্খ ছিল।

# গৃহত্যাগ করলেন।

2000

নবম শ্রেণীর ছাত্র শুক্লজী পনের টাকার টিউশানি করতে লাগলেন। তিন টাকা বাড়ি ভাড়া দিয়ে বাকি থাকল খাওয়া আর ফি-এর জন্য। এই রকমজ্রবে তিনমাস কাটল। শেষে পিতা হার মানলেন। একদিন সকালে কাঠের ধোঁয়ায় হিমশিম খেয়ে রুটি সেঁকছিলেন শুক্লজী, এমন সময় পিতা চন্দ্রবলী শুক্ল সেখানে এসে ঢুকলেন আর পুত্রকে বুকে জড়িয়ে কাঁদতে লাগলেন। তিনি বাড়ি ফিরে আসার পর বিমাতাও তাঁকে সম্মেহে অনেক কিছু বোঝালেন। তাঁর স্ত্রীকেও কাশী থেকে নিয়ে আসা হল। ঠাকুমার সঙ্গে তর্ক করার অভ্যাস অনুযায়ী শুক্লজী বিমাতার সঙ্গে তর্ক করে ফেলতেন। একদিন তাঁর সামনেই, বিমাতা পুত্রবধ্র সঙ্গে বিশ্ধ্যাচল দেবীকে দর্শন করতে যাওয়ার জন্য প্রস্তুত হয়েছিলেন এমন সময় গুরুজী বলে উঠলেন, বড় মা, ঐ পাথরের মূর্তিতে আছেটা কী? দেখতে যেতে চাইলে ঝরণা আছে— সেই দীঘি কিংবা দিগন্তবিস্তৃত পাহাড় দেখতে যাও। টিকিধারী ধর্মওলা পাষওদের কাছে যাওয়ার দরকার নেই। শুক্লজীর স্ত্রী বলল, 'পাষও কেন? মৃতির মধ্যে তো প্রাণ আছে। তা কত সুন্দর আর আছাড়া তাঁরা হলেন দেবী। পাহাড় তো শুধু পাহাড়। শুক্লজী তাঁকে রাগিয়ে দেয়ার জনা বললেন, 'সৌন্দর্য দেখতে চাও তো দাদুর বাগান দেখ, বঙ্গনারীদের দেখ আর তোমরাই বা কি কম সুন্দর ? বড়মায়ের চোখ, কাকীমার নাক দেখ। বিমাতা মাঝখানে বলে উঠলেন, 'কেন এমন বলছ? পাপ श्रव। मानुष आत रानररानीरक এक कारता ना। नानू यथन उरकार कथा रानन उथन তো খুব চুপ করে শোনো। শুক্রজী বলতে গেলেন, 'এই জল-হাওয়া, সূর্য, পাহাড় হল ব্রহ্ম। ভাগ্যক্রমে ঠিক তখনই বাবা এসে পড়লেন। বললেন, 'এদের যেতে দাও। মানুষের ভাল লাগার ব্যাপারে হস্তক্ষেপ করার এই অভ্যেস ছাড়ো। এখন বড় হচ্ছ তুমি। তর্ক করার ঝোঁককে তিনি ১৯০৩ সালের পরই সংযত করতে শুরু করেন।

হাইস্কুল পাশ। এরপর এলাহাবাদে কায়স্থ পাঠশালায় ইন্টারমিডিয়েট পড়তে গেলেন,
এটাই তাঁর চূড়াস্ত ডিগ্রি।
 তাঁর লেখা 'ভাষা কা বিস্তার', 'আনন্দ কাদম্বিনী' পত্রিকায় ছাপা হল।
 প্রথম পুত্র কেশবচন্দ্রের জন্ম।
 ১৯০১
 তাঁর কবিতা 'মনোহর ছটা' সে সময়কার বিশিষ্ট সাহিতা পত্রিকা 'সরস্বতী'তে প্রকাশিত হল।
 ১৯০২
 ইন্টারমিডিয়েটের পর শুক্রজী প্রিডারশিপের পরীক্ষা দিলেন কিন্তু উত্তীর্ণ হতে পারলেন না।
 তাংক্রজীর বড় কন্যা দুর্গাবতীর জন্ম। বড় হওয়ার পর শুক্রজীর মুখ থেকে বুদ্ধের নিরীশ্বরবাদ, বর্ণাশ্রেমবিরেখি বাণীগুলি শুনে তিনি বুদ্ধধর্মের প্রতি আকৃষ্ট হয়েছিলেন। সারনাঞ্কের ডিক্ষুরা তাঁর ভাষণ শুনে মুদ্ধ হয়ে যেতেন। স্বাধীনতা আন্দোলনেও তিনি তার স্বামী চন্দ্রবলী ব্রিপাশিশ্র সঙ্গে সক্রিয় অংশগ্রহণ করেছিলেন।

🔲 'প্রাচীন ভারতবাসিয়োঁ কা পহিরাবা' প্রবন্ধ সরস্বতীতে ছাপা হয়েছিল।
>৯০৩
🔲 মির্জাপুরের কালেক্টর মিঃ উইন্ডম রামচন্দ্র শুক্লকে নাযেব তহ্সিলদার হিসেবে মনোনীত
করলেন। তিনমাস তিনি প্রশিক্ষণ নিলেন। ঘোড়সওয়ারীতে প্রথম হলেন। কয়েকদিন
কাছারী গেলেন। একদিন কালেক্টর প্রসাশনিক কার্যবশত তাঁকে বাড়িতে ডেকে পাঠালেন।
কাছারির পরিবেশে অসম্ভষ্ট শুক্রজীর কাছে এই আমন্ত্রণ আত্মসম্মান হানিকর বলে মনে
হয়েছিল। তিনি তৎক্ষণাৎ পদত্যাগপত্র লিখে চাপরাশির হাতে পাঠিয়ে দেন। কালেক্টর
তাঁর পিতার ঘনিষ্ঠ বন্ধু এবং গুণমুগ্ধ ছিলেন। তিনি ঘোড়ায় করে তাঁর বাড়িতে এসে
চন্দ্রবলী শুক্রর সঙ্গে দেখা করলেন। রামচন্দ্র শুক্রকে ডাকা হল। মিঃ উইনতম তাঁকে
অনেক বোঝালেন, নিজস্ব ধরনেই কাজ করতে বললেন। কিন্তু তিনি সরকারী চাকরিব
পরাধীনতা মেনে নিতে রাজি হলেন না। মিঃ উইন্টম বলে গেলেন— আপনার ছেলে
বিপ্লবী হয়ে যাচ্ছে। ওকে সামলান।
🔲 বিজয়গড় আর বড়হর-এর রাজারা পিতা চন্দ্রবলী গুক্রর সঙ্গে দেখা করতে আসতেন।
তাঁরা দুজনেই সেক্রেটারি অথবা গার্জিয়ান টিউটর পদ গ্রহণ কবতে শুক্রজীকে অনুরোধ
কর <b>লেন। কিন্তু রামচন্দ্র শুক্ল এস্টেটে</b> র চাকরি গ্রহণ করতে সম্মত হলেন না।
🔲 রামচন্দ্র শুক্ল তাঁর পিতার মতোই ভূতপ্রেত, জাদু-টোনা, পূজাপাঠ, দেব-দেবী ইত্যাদি
অন্ধবিশ্বাসের বিরোধিতা করতেন। বাল্যবিবাহ, অস্পৃশ্যতা, জাতপাত মানতেন না। শিক্ষা,
সামা, বিধবা-বিবাহের সমর্থনে দুজনেরই একই বকম যুক্তি ছিল। আর্থ-অনার্থের ভেদ
বা হিন্দু-মুসলমানের ভেদাভেদকে দুজনেই বলতেন কৃটনীতি প্রণোদিত ঘটনা। চুনাবে
হিন্দু-মুসলমানের দাঙ্গা হল। সে সময় চন্দ্রবলী গুক্ল চুনার পরিদর্শনে গিয়েছিলেন। তাঁব
কুর্তা পাজামা আর লম্বা দাড়ি দেখে হিন্দুরা মুসলমান মনে করে তাঁকে ঘরে বন্দী করে
রেখেছিল। পণ্ডিত রাজারাম তাঁকে চিনতে পেরে ছাড়ালেন। রামচন্দ্র শুক্রের তীব্র প্রতিক্রিয়া
হল। পরের দিন কয়েকজন বন্ধুকে নিয়ে শুক্রজী সন্ধ্যাবেলায় চুনার গেলেন এবং অন্ধকারে
সেখানকার বিদ্যালয়ের দেয়ালে লাল কালি দিয়ে মৈত্রী এবং প্রেম সম্বন্ধীয় কোরানেব
'আয়ত' এবং নিজের অস্ত্র্যমিলযুক্ত কিছু কবিতা লিখে রাত্রিবেলায় ফিরে এলেন। সেখানকার
কিছু ছাত্র শুক্লজীকে চিনে ফেলেছিল। পরের দিন বাবার কাছে এই নিয়ে নালিশ এল
কিন্তু পুত্রের এই কাজ পিতা অনুচিত বলে মনে করেননি।
🔲 রামচন্দ্র শুক্লর গল্প 'গ্যারহ বর্ষ কা সময়' 'সবস্বতী'তে প্রকাশিত। কোনো কোনো
সমালোচক এই গল্পটিকেও হিন্দির প্রথম আধুনিক গল্প বলে চিহ্নিত করেছেন।
🔲 কবিতা 'রানী দুর্গাবতী' 'সরস্বতী'তে প্রকাশিত।
🔲 চাকরি না করার জন্য পিতার অসম্ভোষ দেখে শুক্লজী সরে যাওয়া উচিত মনে করলেন।
১৯০৩ সালে, তিনি তাঁর স্ত্রী এবং পুত্রের সঙ্গে সং ঠাকুমার কাছে অগৌনা গ্রামে চলে
গেলেন। ছেলেবেলার ধন্ধুদের সঙ্গে সেখানে তিনি জমিতে লাঙল চালালেন। ফসল
তুললেন আবার নতুন ফসল বুনলেন। তিনি ফিরে আসায় তাঁর কৃষক বন্ধুরা খুশি হয়েছিলেন।
কিন্তু মির্জাপুরের বন্ধুরা ব্যাকৃল হয়ে পড়েছিলেন।
🔲 কয়েক মাসের মধ্যেই প্রেমধনজী তাঁকে চিঠি লিখে 'আনন্দ কাদম্বিনী'-র সম্পাদক

করে ডেকে নিলেন।  া নভেম্বরে দ্বিতীয় পুত্র গোকুলচন্দ্রর জন্ম।  া রামচন্দ্র শুক্র বৈপ্লবিক আন্দোলনে চন্দ্রশেখর আজাদ-এর সঙ্গী ছিলেন।
১৯০৪  □ লশুন মিশন স্কুলে কুড়ি টাকা বেতনে ড্রায়িং মাস্টার রূপে নিযুক্ত। □ নিউম্যান-এর প্রবন্ধ 'লিটারেচার'কে অবলম্বন করে লেখা 'সাহিত্য' সরস্বতী পত্রিকায় প্রকাশিত। □ কবিতা 'বসন্ত' এবং প্রবন্ধ 'হিউ এন সাঙ' সরস্বতীতে প্রকাশিত।
১৯০৫  এডিসনের লেখার অনুবাদ 'কল্পনা কা আনন্দ' নাগরী প্রচারিণী পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত। কাব্যনাটিকা 'ভারত অউর বসন্ত' রচনা।
>৯০৬  'মেগাস্থিনিস কা ভাবতবর্ষীয় বিবরণ' (পুস্তকাকারে প্রকাশিত হল। এটি 'টা ইণ্ডিকা'র অনুবাদ।  কিদারনাথ পাঠক ডঃ শ্যামসুন্দর দাসের সঙ্গে রামচন্দ্র শুক্রের পরিচয় করিয়ে দিলেন।  তাঁর উৎসাহে রামচন্দ্র শুক্র 'চন্দ্রাবতী ইয়া নাসিকেতোপাখ্যান' সম্পাদনা করলেন।  'বাবু কাশীনাথ ক্ষেত্রী' লেখাটি সরস্বতীতে প্রকাশিত হল।
১৯০৭  □ 'আপনী ভাষা পর বিচার' এবং 'শব্দ বিস্তার' এই দৃটি লেখা 'আনন্দ কাদস্বিনী'তে, আর 'পারসীকো কা ইতিহাস' সরস্বতীতে ছাপা হল।  □ দ্য হিন্দুছান রিভিউ-এ 'ভারত কো ক্যায়া করনা হ্যায়' (What has India to do) ইংরাজীতে প্রকাশিত হল। পরে ইংরেজ সরকার এর প্রচার বন্ধ করে দেয়।  □ 'দেশদ্রোহী কো দৃৎকার' এবং 'ফুট' এই দৃটি কবিতা আনন্দ কাদস্বিনীতে ছাপা হল। প্রথম কবিতা হচ্ছে, অয়হীন ভারতবাসীদের আগ করে ইংরেজদের সেলাম করে যে সব নরমপন্থী রাজনৈতিক দল তাদের প্রতি ব্যঙ্গ আর অন্যটি সুরাট কংগ্রেসের বিবাদের প্রতিক্রিয়া।
১৯০৮  'বাবু রাধাকৃষ্ণ দাস কা জীবন চরিত' লেখা হল, যা ১৯৩০-এ পুস্তকাকারে ছাপা হয়।  'ফেডরিক পিন্ধাট' লেখাটি সরস্বতীতে প্রকাশিত।  'ইন্দি শব্দসাগর-এর সহসম্পাদক হয়ে রামচন্দ্র শুক্ল সপরিবারে বারানসী চলে এলেন।  'দ্বিতীয় কন্যা বিদ্যাবতীর জ্ব্ম।
১৯০৯ □ 'ক্রবিতা ক্যায়া হ্যায়' গদাটি সরস্বতীতে প্রকাশিত।

২১৬ /নির্বাচিত প্রবন্ধ সংকলন

১৯১০  □ 'উপন্যাস' প্রবন্ধটি 'নাগরী প্রচারিণী' পত্রিকায় ছাপা হল। সেই বছরই 'ভারতেন্দু হরিশ্চন্দ্র ঔর হিন্দি' প্রবন্ধটি মুদ্রিত হল। 'ভারতীয় শিল্প কলা' আর 'জাপানী খোঁজ' প্রবন্ধও 'নাগরী প্রচারিণী' পত্রিকায় ছাপা হল। প্রথম গ্রন্থ 'কুসুম সংগ্রহ'-এর সম্পাদনা। □ বেনারসে ছোট ভাই হরিশ্চন্দ্রের কাছে পরিবারকে রেখে শব্দকোষের কাজে ন'মাসের জন্য শুক্রজীকে জন্মু যেতে হল। পর্বত শিখর থেকে গড়িয়ে পড়া বরফ, দেবদারু ইত্যাদি উচুঁ ঘন বৃক্ষ, পাথরের বাড়ি, হিন্দু-মুসলিম মিশ্র-সংস্কৃতির মাঝে দুরে দুরে শব্দচয়ন আর অর্থ সংগ্রহের কাজ শুক্রজীর ভাল লাগে।
১৯১২ □ রামচন্দ্র শুক্ল 'নাগরী প্রচারিণী' পত্রিকার সম্পাদক হলেন।
১৯১৩
১৯১৪
১৯১৫  ☐ রামচন্দ্র শুক্রের ঘরে রবি বর্মার আঁকা বিশ্বামিত্রের ছবি আজীবন টাঙানো ছিল। 'আদর্শ জীবন' পুস্তকে রবি বর্মার কথা উল্লেখ করেছেন। এই বইয়ে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রমেশচন্দ্র দত্ত, রাজেন্দ্রশাল মিত্র প্রভৃতি পশুতদের সঙ্গে সঙ্গে গুরু নানক, গুরু গোবিন্দ সিংহ, আকবর, রানা প্রতাপ, শিবাজী, রঞ্জিত সিংহ, নানা ফড়নবিস প্রভৃতি ব্যক্তিদের আদর্শ তুলে ধরেছেন। ☐ 'বাল হিতৈমী' পত্রিকার সম্পাদকের অনুরোধে ছোটদের জন্য 'বন্দনা' কবিতাটি লিখলেন।
১৯১৮  □ 'নাগরী প্রচারিণী' পত্রিকায় সেই দশটি মনোবৈজ্ঞানিক প্রবন্ধের ক্রমিক প্রকাশনা শেষ হল। এই প্রবন্ধগুলি 'চিন্তামণি ১ম ভাগে' সংকলিত হয়েছে। 'নাগরী প্রচারিণী সভা কা ইতিহাস' এবং 'ভারত মে হন' পুস্তিকাগুলিও প্রকাশিত হয়। □ এই সময়েই শুক্লজী একটি বিয়ে উপলক্ষে সুলতানপুর যাচ্ছিলেন। ট্রেনে একজন ফকিরের মতো লোক সুফী কবি জায়সীর দোহা টোপাই গেয়ে ভিক্ষা করছিল। সে যখন

'যাতন জারো' সুর ধরল শুক্লজী মুগ্ধ হয়ে গেলেন। শুক্লজী তাকে কাছে ডেকে বসালেন
এবং তার কাছে যখন জানতে পারলেন যে জায়স গ্রামের এক মুসলমান ভদ্রলোকের
কাছে জায়সীর লেখা 'পদ্মাবতর' একটি কপি আছে তখন তান্ন সঙ্গে সোজা জায়সী
চলে গেলেন। সেই ভদ্রলোকের কাছে আট-দশ দিন থাকলেন। কিছু নোটও তৈরি করলেন।
শুক্লজী ফাসী আরবী ভাল জানতেন। তাঁর শিক্ষা শুরুই হয়েছিল ফাসীতে।
🔲 রামচন্দ্র প্রক্লের সাহিত্যভাবনার সঙ্গে গৃহধর্মের সংঘাত বহুবার ঘটেছে। বন্ধুরা বিরোধিতা
করা সত্ত্বেও গৃহধর্মের কারণে বাধ্য হয়ে তিনি বহুবার তাঁর নিজস্ব কোনো সাহিত্যকর্ম
দু–চারশ টাকার জন্য কোনো বিশিষ্ট ব্যক্তির নামে ছাপতে দিতে বাধ্য হয়েছেন। ১৯২৮
পর্যস্ত, নিরস্তর এই অপমান আর আত্মগ্রানি তাঁকে সহ্য করতে হয়েছে। এর কারণ
ছিল তাঁর একান্নবর্তী পরিবারকে বাঁচানোর সংকল্প। এই সংকল্পর মূলে ছিল তাঁর ভালবাসা।
১৯১৮-তে তাঁর বাবা মাত্র তিনশ টাকা রেখে মারা যান। বিমাতার পক্ষে শ্যামা, বিমলা
আর জ্বাদীশচন্দ্র এই তিনটি ভাইবোন ছিল। তার মধ্যে ১৯১৬-তে চন্দ্রবলীজী শ্যামার
বিয়ে মথুরার রায়বাহাদুর রাজা কেশবদেব পাণ্ডের সঙ্গে দিয়ে গিয়েছিলেন।
🗌 শুক্লজী অনেকাংশে রবীন্দ্রনাথের বিরোধী ছিলেন, তাসত্ত্বেও রবীন্দ্রনাথের কাশী আগমন
উপলক্ষ্যে তিনি তাঁর সম্মানে 'যাচনা' নামে একটি কবিতা লেখেন। এই কবিতাটি নাগরী
প্রচারিণী পত্রিকায় ছাপা হয়। গুক্লজী কবীন্দ্র ঠাকুরের মহত্ব বর্ণনার সঙ্গে তার আশীর্বাদও
কামনা করেছিলেন, 'ধন্য ধন্য হে ধ্বনি কে ধনী কবীন্দ্র / ভাবলোক কে ঠাকুর উদিত
রবীন্দ্র / সারে ভেদো কে অভেদ কো খোল / লিয়া জগৎ কা তুমনে মর্ম টটোল
নিত্য বিশ্ব-সংগীত তুমহারে কান / গুনতে হ্যায় ইয়ে বাত গায়ে সব জান/ হঁসনে
মে হো হোম কুসুমা কে সঙ্গ / চাহকৈ হম ভী পিক চাতক কে সঙ্গ / রোনে মে
দে দীন দুरी का সাথ / মন কো অপনে রখে সব কে হাত / য়হী বর দিজিয়ে /
লোক যশ লিজিয়ে।'
🗌 পণ্ডিত মদনমোহন মালব্য শুক্লজীর বাড়িতে এলেন। সে সময় শুক্লজী বাড়িতে ছিলেন
না। স্ত্রীর সঙ্গে কথা হল। স্ত্রীকে তিনি বললেন— শুক্লানিজী আমি লক্ষ্মী আর সরস্বতী
দুজনের কাছেই ভিক্ষা চাইছি। সভায় শুক্লজীকে একাগ্রচিত্তে কাজ করতে দেখে ১৯১৬-তেই
আমি এ কথা মনস্থ করেছি। শুক্লজী কাশী হ্নিদু বিশ্ববিদ্যালয়কে যদি সময় দেন তাহলে
হিন্দি ভাষার উন্নতি করার আমার ইচ্ছেটি পূরণ হয়। আমি আবার আসব। দেশের জন্য
ভিক্ষা চাইতে আমার কোনো লজ্জা নেই। জুলাই, ১৯১৯ থেকে শুক্লজী ষাট টাকা
বেতনে কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হয়ে গেলেন। লালা ভগবানদীনও নিযুক্ত
হলেন। প্রথমে শুধু প্রবন্ধের ক্লাস শুরু হল। ১৯২১-এ আলাদা করে হিন্দি বিভাগ
স্থাপিত হল। রামচন্দ্র শুক্র পাঠ্যক্রম তৈরি করলেন। লালা ভগবানদীন আর শুক্রজীর
সঙ্গে পরামর্শ করে মালব্যজী ডঃ শ্যামসুন্দর দাসকে বিভাগীয় প্রধান করলেন।
🔲 জোষ্ঠপুত্র কেশবচন্দ্রর বিয়ে হল রীওয়ার শ্রী মুকডুরাম তিওয়ারীর পৌত্রী মুন্নু বাই-এর
সঙ্গে। এর আগে জ্যেষ্ঠ কন্যা দুর্গাবতীর বিয়ে হয়েছে শ্রী চন্দ্রবলী ত্রিপাঠীর সঙ্গে।

১৯২০ □ হেকেলের বই 'রিড্ল অফ দ্য ইউনিভার'-এর অনুবাদ 'বিশ্ব প্রপঞ্চ' নামে প্রকাশিত হল।
১৯২১  □ হাঁপানির ভীষণ প্রকোপে শুক্লজী ক্ষীণ হয়ে পড়লেন। মাঝে মাঝে অর্শের জন্যও ভূগতেন। একায়বর্তী পরিবারের আর্থিক দায়িত্ব নেওয়ার ফলে নিজের চিকিৎসা তিনি ঠিকমতো করাতে পারতেন না □ সত্যাগ্রহ আন্দোলন প্রত্যাহার করা হল। এর প্রতিক্রিয়া স্বরূপ শুক্লজী 'নন কো-অপারেশান এশু দা নন মার্কেন্টাইল ক্লাসেস' লেখাটি 'হিন্দুস্তান এক্সপ্রেস' পত্রিকায় ছাপালেন ১৯২২ সালে। এই লেখাটির ওপর গান্ধিজীর দৃষ্টি পড়ল। কাশীতে এলে তিনি মালবাজীর বাড়িতে শুক্লজীকে ডাকলেন। পুঁজিবাদ, হিন্দু-মুসলিম একতা এবং সংগঠন আর সমাজবাদী আন্দোলন নিয়ে মূলত কথাবার্তা হল।
১৯২২  □ 'বৃদ্ধচরিত' প্রকাশিত হয়ে গেল। □ রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'শশাংক' অনুবাদ করলেন এবং তা প্রকাশিত হল। □ 'কাব্য মে প্রাকৃতিক দৃশ্য', 'কাব্য মে লোকমঙ্গল কী সাধনাবস্থা' 'সাধারণীকরণ ঔর ব্যক্তি বৈচিত্রাবাদ' এবং 'রসাত্মক বোধকে বিবিধ স্বরূপ' (আংশিক) প্রকাশিত হল। □ গোস্বামী তুলসীদাস প্রকাশিত হল। □ ১৯২২ পর্যন্ত রামচন্দ্র শুক্র 'হিন্দি শব্দ সাগর'-এর জন্য ৯৩১৫৫ টি শব্দের সঠিক অর্থ নির্দিষ্ট করে দিলেন। □ নাগরী প্রচারিণী সভা 'হিন্দী শব্দসাগর'-এর প্রস্তাবনা স্বরূপ 'হিন্দি ভাষা কা বিকাশ ঔর হিন্দি সাহিত্য কা ইতিহাস' লেখার দায়িত্ব দেয়া হল শুক্রজীকে। □ শুক্রজীর কনিষ্ঠ পুত্র গোকুলচন্দ্রের বিবাহ সম্পন্ন হল জব্বলপুরের বিজয়রাঘবগড়ের জমিদার রায় বাহাদুর হনুমান প্রসাদ পাশ্তের পৌত্রী চন্দ্রাবতীর সঙ্গে। কয়েক মাসের মধ্যে গৌনা হয়ে যাবার পরে বউ কাশী চলে এলো। তার বড় দু'ভাই স্বাধীনতা সংগ্রামের
সৈনিক ছিলেন।
১৯২৩  'জায়সী গ্রন্থাবলী'-র সম্পাদনা সম্পন্ন হল। তাতে 'পদ্মাবত', 'অখরাবট' এবং 'আখরি কলাম' এই তিনটি রচনা ছিল, এর দীর্ঘ ভূমিকাতে হিন্দু-মুসলিম ঐক্যের অনেক বিষয়ে নিভীক মন্তব্য করা হয়েছে। এই বইটি প্রকাশিত হল এক বছর পরে।  'তুলসী গ্রন্থাবলী'র ২য় ভাগ, তুলসীদাস কৃত 'কবিতাবলী' আর 'দোহাবলী'-র সম্পাদনা সম্পূর্ণ, এই তিনটি সম্পাদিত গ্রন্থে লালা ভগবানদীন এবং ব্রজ্বত্ম দাস সহযোগী হিসেবে

স্ত্রীও কিছু বলতে পারলেন না। কিছু দিন পর রাজা জয় সিংহ বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে যোগদান করার জন্য কাশী এলেন। শুক্লজী কিছু না বলে চলে আসায় তাঁর ক্ষোভের সঙ্গে সঙ্গে সামাজিক অসম্মান বোধ হয়েছিল। তিনি এসেই তার নিজস্ব সচিবকে নির্দেশ দিলেন শুক্লজীব কাছে নম্রতার সঙ্গে বেতন বাড়ানোর প্রস্তাব দেয়ার জন্য। শুক্লজী সচিবকে স্পষ্ট বলে দিলেন যে রাজকীয় কার্যকলাপ তাঁর ভাল লাগে না। রাজা সচিবকে দ্বিতীয় বার পাঠালেন। শুক্লজী এবার তাঁর সঙ্গে দেখা করলেন না। তাঁর স্ত্রী গিয়ে সচিবকে বোঝালেন। সচিব এক হাজার টাকা বেতনের কথা বললেন। স্ত্রী এ কথা বলাতে শুক্লজীবলনে— লোকটা অহংকারী। শুক্লজীকে চাপ দেয়ার জন্য রাজা জয়সিংহ এবার মালব্যজীর সঙ্গে কথা বললেন। তিনি নিজের অক্ষমতার কথা জানালেন। তৃতীয়বার রাজা সাহেব তিন হাজার টাকার টোপ ফেলার সংকল্প নিয়ে শুক্লজীর সঙ্গে নিজে দেখা করবেন বলে সময় স্থির করতে সচিবকে পাঠালেন। এবারও শুক্লজীর স্ত্রীই এলেন। স্ত্রী সাগ্রহে যা বললেন তার উত্তরে তিনি একটি কাগজ নিয়ে তাতে লিখলেন—

চীথড়ে লপেটে চনে চা বেগেঁ চৌখট চড়ি চাকরী করেক্সে নহী চৌপট চণ্ডাল কী।

ালাখত পঙাক্ত দ্বয়ের সারমম হল ছেড়া কাপড় পরে থাকব, ছোলা খাব, তবু
এই ভ্রম্ভ চণ্ডালের দরজায় চাকরি করতে যাব না। শুক্লজী স্ত্রীকে চিরকুটটি দিয়ে আদেশ
দিলেন সেক্রেটারীকে দিয়ে আসতে। সেক্রেটারি চিরকুট নিয়ে চুপচাপ চলে গেলেন।
🔲 গোকুলচন্দ্র ও চন্দ্রশেখর আজাদের সঙ্গে রামচন্দ্র গুক্লর আলাপ হল। আজাদের
সঙ্গে কথা বলে বুঝলেন যে পুঁজি বিরোধী সমাজবদী আন্দোলন গড়ার ক্ষমতা আজ্ঞাদ
আর ভগত সিংয়ের মতো তরুণদের মধ্যে রয়েছে। আজাদ দুদিন শুক্লজীর সঙ্গে রইলেন।
পরের দিন সন্ধোতে দুর্গাকুগু পুলিশ চৌকির মুসলমান দারোগাকে বাড়িতে দেখে সেদিনই
মাঝরাতে গোকুলচন্দ্রের সঙ্গে বেরিয়ে একটি মঠে চলে গেলেন। পুলিশ তাঁকে খুঁজছিল
আর তিনি ছম্মবেশে মঠ, মন্দির, বা বিশেষ সুরক্ষিত ঘরগুলিতে আশ্রয় নিয়ে শেষ
অবধি ফেরার ছিলেন।
<b>&gt;&gt;&gt;</b>
🛘 'হিন্দি শব্দ সাগর' প্রস্তাবনাসহ সমগ্ররূপে প্রকাশিত হয়ে হিন্দি জগতে প্রচারিত
<b>रन</b> ।
🔲 ভারতেন্দু সাহিত্যের সম্পাদনা সম্পূর্ণ হল, রামচন্দ্র শুক্ল এর দীর্ঘ ভূমিকা, 'ভারতেন্দু
হরিশ্চন্দ্র' লিখলেন। এই বছরই 'নাগরী প্রচারিণী পত্রিকা'তে 'হিন্দি ঔর হিন্দুস্থানী' প্রকাশিত
হল। কেশবদাসের ঐতিহাসিক কাব্য 'বীরসিংহ দেব চরিত' সম্পাদনার কাজ এই বছরেই
শুরু করলেন। কোনো বিশেষ কারণে এটি অর্ধেক সম্পাদনা করে আর করেননি।
🗌 শেষ সন্তান কমলার বিবাহ হল গোরখপুরের শন্তুনাথ তিওয়ারীর সঙ্গে। নিজের সৎ
বোন এবং ভাইঝির বিয়েও শুক্লজী এই বছরেই দিয়েছিলেন।
\$\$4\$
□ 'কাব্য মে রহ্স্যবাদ' পুস্তিকা প্রকাশিত হল যা পরে চিন্তামণি (২য় ভাগ) তে সংকলিত
हाराहिन । रिवर्शनेक धाताव अपर्यंक ल्युकारी प्राप्त कराउन वक्सावाप काळ ११९-खारमानन

ত্বিকে বিশুবকারা অকাট বারা।  ত্রারতেন্দু সাহিত্য সম্পাদনা করলেন যা 'পুস্তক ভাগুার', লহরিয়া সরায় থেকে প্রকাশিত হল।  হিন্দি শব্দসাগর-এর প্রস্তাবনার দ্বিতীয় খণ্ড 'হিন্দি সাহিত্যের বিকাশ' প্রকাশিত হল 'হিন্দি সাহিত্যের ইতিহাস' নামে গ্রন্থাকারে।
১৯৩০ এবন্ধ সংকলন 'বিচার বীথি' প্রকাশিত হল।
১৯৩২ □ 'কাব্য মে লোকমঙ্গল কী সাধনাবস্থা' প্রবন্ধ প্রকাশিত হল।
১৯৩৩  □ জওহরলাল নেহেরুর সমাজবাদী প্রবণতার প্রতি আস্থা প্রদর্শন করার জন্য প্রসাদ পরিষদ তাঁকে আমন্ত্রণ জানাল, এই পরিষদের অধ্যক্ষ রামচন্দ্র শুক্র। সদস্য ছিলেন কথাসাহিত্যিক প্রেমচন্দ এবং কবি প্রসাদ। পরিষদের মাসিক আলোচনা সভায় এঁরা সকলে মিলে সাহিত্যের প্রগতি নিয়ে আলাপ-আলোচনা করতেন। নেহেরু এই অনুষ্ঠানে হিন্দি লেখকদের দোষারোপ করলেন যে তাঁরা দরবারী সাহিত্য রচনা কবছেন। কুদ্ধ হলেও অতিথি সংকারের কারণে সকলে মৌন থাকলেন। পরে শুক্রজী বললেন— আমাদের এখানে আজকে এটা স্পষ্ট হয়ে গেল যে, কথা সাহিত্যের যারা প্রকৃত বোদ্ধা তাঁদের এব্যাপারে কথা বলা উচিত। এলাহাবাদে নিরালাজী নেহেরুর সঙ্গে দেখা করে তাঁকে ভর্ৎসনা করলেন। নেহেরুজীব কাছ থেকে শুক্রজী যে সমাজবাদী দৃষ্টিভঙ্গি আশা করেছিলেন তা ১৯৩৬ সালেই ব্যর্থ হয়ে গেল যখন কংগ্রেস অধিবেশনে সুভাষচন্দ্র বসুকে উপেক্ষা করা হল।
🔲 'সাধারণীকরণ ঔর ব্যক্তি বৈচিত্র্যবাদ' প্রকাশিত হল।
১৯৩৫  ☐ ইন্দোরের অবিল ভারতীয় সাহিত্য সম্মেলন উপলক্ষে সভাপতির ভাষণে 'কাব্য মে অভিব্যঞ্জনাবাদ' (কলাকৈবলাবাদ) প্রবন্ধটি পড়া হল। প্রীপুরুষোত্তম দাস ট্যাগুনের অনুরোধে তিনি এই সম্মান গ্রহণ করেছিলেন। কিন্তু এক সপ্তাহ আগে হাঁপানি খুব বেড়ে গেল। তিনি তার করে ট্যাগুনজীকে নিজের অক্ষমতার কথা জানালেন। ট্যাগুনজী স্বয়ং কাশী এলেন। তাঁর সম্মান রক্ষার্থে শুক্লজী তাঁর সঙ্গে ইন্দোর চলে গেলেন। কিন্তু একটু পড়ার পরেই হাঁফাতে লাগলেন। বালকৃষ্ণ শর্মা 'নবীন' বাকি ভাষণটি পড়লেন।
১৯৩৭  বাবু শ্যামসুন্দর দাস অবসর গ্রহণ করায় হিন্দি বিভাগের অধ্যক্ষ পদ শূনা হল। এই পদের জন্য শুক্রজী ছাড়া তাঁর ছাত্র ডঃ দীতাম্বর দত্ত বড়ধ্যালও আবেদনপত্র দিলেন। শুক্রজী তাঁর কন্তু রামকৃষ্ণ দাসজীর কাছে ব্যক্ত করলেন। নির্বাচন সমিতির বৈঠকে এক সদস্ক্রডাঃ ভগবানদাস একটি বিধিসম্মত প্রশ্ন উত্থাপন করলেন— 'বড়ধ্যালজী ডক্টরেট আর শুক্রজী শুধু ইন্টার পাশ'। শ্রীমদনমোহন মালবা উত্তর দিলেন— 'বড়ধ্যাল ইজ
২২২ /নির্বাচিত প্রবন্ধ সংকলন

আ ডক্টর বাট শুক্র ইজ আ ডক্টর মেকার। মনোনীত হওয়ার পর শুক্রজী বিভাগীয় প্রধান হয়ে গেলেন। তাঁর বেতন বাড়ল। এতদিন তিনি দুর্গাকুণ্ড থেকে বিশ্ববিদ্যালয় যেতেন হাঁপাতে হাঁপাতে পায়ে হেঁটেই। ফেরার সময় কারও সঙ্গে টাঙায় আসতেন। এবার থেকে তিনি দল্ল নামে একজন টাঙাওয়ালকে ঠিকা করলেন।

#### 7904

□ প্রাদেশিক হিন্দি সাহিত্য সম্মেলনের সাহিত্য পরিষদের সভাপতি হিসেবে শুক্লজী 'হিন্দি ঔর হিন্দুস্থানী' ভাষণটি পড়লেন, পরে যা নাগরী প্রচারিণী পত্রিকায় প্রকাশিত হয়েছিল। তিনি মুঘল শাসন ব্যবস্থার সামঞ্জস্য নীতি আর ইংরেজ শাসনব্যবস্থায় ভেদাভেদনীতির পার্থক্যটি উর্দু ভাষা আর সাহিত্যের প্রসঙ্গে স্পষ্ট করলেন, উর্দুর বিকাশকে স্বাগত জানালেন এবং ফারসী আরবী আর সংস্কৃতের প্রচলিত শন্দের মিশ্রণে যে হিন্দি বা হিন্দুস্থানী গড়ে উঠেছে তাকে সমর্থন করলেন। এই সময়েও শুক্রজী রোগগ্রস্ত ছিলেন। কিন্তু হিন্দুস্থানী ভাষা সম্পর্কে গান্ধীজীর যে ধারণা গড়ে উঠছিল তার উত্তর দেয়ার জন্য ট্যাগুনজীর সঙ্গে তাঁকে যেতে হল। তাঁদের ট্রেন দেরীতে পৌঁছেছিল। কোনো ভদ্রলোক, একজন রাজনীতিজ্ঞকে সেই আসনে বসানোর পরামর্শ দিলে নিরালাজী তার তীব্র বিরোধীতা করেন। অনুষ্ঠান শেষ হওয়ার পরেও আলোচনা সভা শুক্র হল। সব লোক সেই সভায় চলে গেল। নিরালাজী মাইকের সামনে দাঁড়িয়ে কবিতা শোনাছিলেন। শুক্রজী একা বসেছিলেন। এক বন্ধু এসে শুক্রজীকে যাওয়ার জন্য অনুরোধ করলেন আর নিরালাজীকে বললেন— নিরালাজী, সব শ্রোতা আলোচনা সভায় চলে গেছে, এবার শেষ করুন। নিরালাজী বললেন— শুক্রজী যতক্ষণ বসে আছেন ততক্ষণ আমার কবিতা সারা পৃথিবী শুনছে। অনেক পরে দুজনে গেলেন।

### ১৯৩৯

□ চিন্তামণি (প্রথম ভাগ) প্রকাশিত হল। এই প্রবন্ধ সংকলনে মানুষের বিভিন্ন মনোবৃতিকে নিয়ে লেখা ছাড়াও আরো অনেক গুরুত্বপূর্ণ বিষয়ের ওপবে প্রবন্ধ ছিল।
□ বারানসীতে আয়োজিত হিন্দি সাহিত্য সন্মেলনের সাহিত্য পরিষদের সভাপতি ছিলেন নিরালাজী আর অভার্থনা সমিতির সভাপতি ছিলেন শুরুজী। এই পদটি শুরুজী ভাবনা-চিন্তা করেই গ্রহণ করেছিলেন। তাঁর বন্ধু কেশবপ্রসাদ মিশ্র যখন বললেন— এখন আপনাকে ছোট হয়ে ওদের স্বাগত জানাতে হবে, শুরুজী তখন উত্তর দিলেন— কথা বলার চেয়ে নিজের আচরণ দিয়ে নিজের বক্তব্য বৃঝিয়ে দেয়া যায়। এখন তারা আর রোমান্টিক কোথায়? ওদের কাব্যের নতুন বিষয়বস্তু দেখুন। ওদের যোগ্যতা দেখে এখন দায়িত্ব ওদের ওপরে দেওয়া যায়। স্বাগত ভাষণে শুরুজী রোমান্টিসিজম আবির্ভাবের ঐতিহাসিক প্রয়োজনীয়তার উল্লেখ করে পাশ্চাত্য মতবাদ থেকে কী গ্রহণ করব এবং কী বর্জন করব তা স্থির করার চিন্তা-স্বাধীনতার ওপরে জোর দিলেন। তিনি নাৎসীবাদ ও ফ্রয়েডবাদের বিরেধীতা করেছিলেন। সেই সঙ্গে বলশেভিজমের সঙ্গে যুক্ত 'প্রলেতকুল' (প্রলেতারিয়ান কালচার)-এর সিদ্ধান্তেরও বিরেধীতা করলেন যাতে উচ্চপ্রেণীর দ্বারা রচিত সমস্ত্র সাহিত্যের বহিষ্কার এবং নিমুক্রেণীর দ্বারা রচিত সমস্ত্র সাহিত্যের বহিষ্কার এবং নিমুক্রেণীর দ্বারা রচিত সমস্ত্র সাহিত্যের বহিষ্কার এবং নিমুক্রেণীর দ্বারা রচিত সমস্ত্র সাহিত্যের বিরেধি করে

টেলস্টয়ের গুরুত্বকে তুলে ধরেছিলেন।

चिनि সাহিত্য কা ইতিহাস'-এর সংশোধিত এবং পরিবর্ধিত সংস্করণ প্রকাশিত। যে সব উল্লেখযোগ্য কবি ও লেখকরা বাদ পড়ে গিয়েছিলেন তাঁদেরও এবার অন্তর্ভুক্ত করা হল। একবার লেখা প্রেসে দেওয়ার সময় হারিয়ে যায়। দ্বিতীয়বার শুক্রজী লিখলেন। কিন্তু তিনি মির্জাপুর চলে যাওয়ায় বাড়ির ভূত্য টেবিলে রাখা কাগজকে বাজে কাগজ ভেবে খবরের কাগজের সঙ্গে বিক্রি করে দেয়। এই বইয়ের পাঞ্জাব সংস্করণ-এর পরে শুক্রজী কবিদের ওপর দেড়শ পৃষ্ঠা লিখে ফেলেছিলেন যা মৃত্যুর দিন তাঁর পুত্রদের অনুপস্থিতির সুযোগ নিয়ে ভিড়ের মধ্যে কোনো মহানুভব ব্যক্তি বাক্স থেকে বের করে নিয়ে চলে যান। এতে নিরালাজীর উত্তরোভর বিকাশের বিষয়ে সবচেয়ে বেশি আলোচনা ছিল। গোকুলচন্দ্র ডিসেয়রের ছুটিতে সেটি পড়েছিলেন। সেই বহুমূল্য লেখার জন্য ব্যাপক অনুসন্ধান প্রয়োজন ছিল। সৌভাগ্য এই যে 'সুরদাস' আর 'রসমীমাংসা'র কাজ স্থগিত থাকায় সেগুলি ব্রীর আলমারিতে বন্ধ ছিল। 'রসমীমাংসা' ১৯৪০-এ চিন্তামণি (২য়ভাগ) ১৯৪৫-এ এবং চিন্তামণি (৩য় ভাগ) ১৯৮৩-তে প্রকাশিত হয়েছে।